.....(গোলমাল).....

মিঃ স্পীকার : বলুন।

.....(গোলমাল).....

শ্রী সুভাষ নস্কর : এত গায়ে লাগছে কেন ভাই ? অনেক তো আছেন সংখ্যায়। আপনারা সবাই চিৎকার করলে বলুন না, আমরা তাহলে বেরিয়ে যাই। কথাগুলো আপনারা শুনবেন না ? কিসের জন্য কানে জ্বালা ধরছে। কথাগুলো শুনুন না। কেন বললাম তার স্বপক্ষে যুক্তি শুনুন না।

.....(গোলমাল).....

মিঃ স্পীকার : আমি কি বলব ? আপনারা মাননীয়া মুখ্যমন্ত্রীর নির্দেশ মানছেন না। তিনি যে আমাদের সুযোগ দেওয়ার কথা বলেছেন। নেত্রীর একটি কথাও শুনছেন না।

.....(গোলমাল).....

মিঃ স্পীকার : দয়া করে বসুন। শ্রী সুভাষ নস্কর মহাশয় বলুন Please take your seat, Mr. Naskar, please continue.

.....(গোলমাল).....

[1.30—1.40 p.m.]

.....(তুমুল হৈ-চৈ).....

মিঃ স্পীকার : বসুন আপনারা, মাননীয় সদস্যকে বলতে দিন। বলতে দিন ওনাকে। ডিস্টার্ব করবেন না, বলতে দিন। কি ভাবেন আপনারা !

.....(তুমুল হৈ-চৈ).....

শ্রী সুভাষ নস্কর : কেউ শোনেনি, কেউ শোনেনি। স্পীকারের নির্দেশ মেনে আপনারা বসুন, বসুন। কন্ট্রোল ইয়োরসেল্ফ। কেউ শোনেনি।

মিঃ স্পীকার : বসুন আপনারা, আপনারা বলতে দিন।

শ্রী সুভাষ নস্কর : বসুন, বলতে দিন, কি ভেবেছেন, থাকবো না সভায়। কি ভাবেন আপনারা। স্পীকারের নির্দেশ মেনে বলতে দিন।

মিঃ স্পীকার : বসুন, দয়া করে বসুন। মাননীয় সদস্যদের অনুরোধ করব আপনারা বসুন, ওনাকে বলতে তিন। প্লিজ বলতে দিন।

শ্রী সুভাষ নস্কর : আপনার নির্দেশে ওঠা-নামা করা মুশকিল। হয় একবারে আমাকে উঠতে বলেন না হলে ওদের বসে থাকতে বলেন, এইভাবে বলা যায় না। আমি এইটুকু বলি স্যার, আমি যে কথাটা বলতে চেয়েছিলাম আমার সময় নষ্ট করে দিচ্ছেন, দশ মিনিটের অর্ধেক সময় নষ্ট করে দিলেন। .....(গোলমাল)..... আপনাদের গাত্রদাহ কিসের, বসুন না। তদানীন্তন সময়ের মুখ্যমন্ত্রী, এখনকার মুখ্যমন্ত্রী, এখনকার শিল্পমন্ত্রী মহোদয়—সবাইকে নিয়ে বসেননি রাজ্যপালের সামনে ? .....(গোলমাল)..... সেখানে সরকারের পক্ষ থেকে যতটা সম্ভব এই জমি ফেরত দেওয়ার কথা বুদ্ধদেব ভট্টাচার্য ঘোষণা করেছিলেন। অনিচ্ছুক চাষিদের জমি কতটা পরিমাণ, এটাই ছিল বিতর্ক। ঠিক এই কারণে ঘোষণা করার নীতিগতভাবে আমরা এই জমি ফেরতের পক্ষে। আবার আমার বক্তব্য এই কারণে, ধরে নিন আজকে ৪০০ একর জমি .....(গোলমাল).....

.....(এই সময়ে মাননীয় সদস্য শ্রী তাপস বন্দ্যোপাধ্যায় কিছু বলতে উঠে দাঁড়ান).....

.....(গোলমাল).....

শ্রী সুভাষ নস্কর : তাপসবাবু আপনি বসুন না। নতুনরা হৈ-চৈ করছেন, কিন্তু আপনি তো পুরানো। পুরানোরা কেন হৈ-চৈ করছেন। আজকে ৪০০ একর জমির প্রসঙ্গ এসেছে—অনিচ্ছুক, অনিচ্ছুক, অনিচ্ছুক। শুরুতে আপনারা বলে এসেছেন আপনারা শিল্পের বিরুদ্ধে নন, আজও বলছেন বাকি জমিটায় শিল্প হবে—আমরাও চাই। শুরুতে বলেছেন, অনিচ্ছুক শব্দটি ক্লারিফাই করুন। ৪০০ একর জমির মালিক তারা অনিচ্ছুক, ৯৯৭ একর জমি—টোটাল। যদি ধরা যেত ৮০০ একর জমির মালিকরা অনিচ্ছুক হতেন, শিল্পটার জন্য জায়গা কি আকাশে নিয়ে যাওয়া হত। এই জন্য আমরা তবু বলছি ৪০০ একর জমি! ধন্যবাদ, সেই চাষিদের যারা সবাই মিলে, বা এক জোটে, অনেক সংখ্যক চাষিরা অনিচ্ছা

প্রকাশ করেননি। এই জন্য তাদেরও ধন্যবাদ। বিশাল সংখ্যক, বড় সংখ্যক জমির মলিকেরা শিল্পের জন্য ইচ্ছা প্রকাশ করেছিলেন। এই জন্যই শিল্পমন্ত্রী মহাশয় পরবর্তীকালে সেই জমিতে শিল্প করার সুযোগ পাবেন। আমরা চাই শিল্প হোক। কিন্তু বাকি যে অবস্থার পরিচয়টা পূর্ববর্তী বক্তা, রেজ্জাক সাহেব বললেন—তড়িঘড়ি করে সব আইনের দিশাটা একত্রিত না করে, কটু সময় না দিয়ে, পাবলিকের কাছে একটা ম্যাসেজ দিতে পারলাম না নতুন একটা বিল আসছে, সবাইয়ের কাছে জানাতে পারলাম না। হঠাৎ করে একদিনে দু-ঘণ্টায় এতবড় একটা প্রক্রিয়া রাজ্যের এই প্রথম। এতবড় প্রক্রিয়ার এই রাজ্যে সূচনা হচ্ছে। সারা ভারতবর্ষের দিকে তাকিয়েছিলাম। আমরা সবাই ভারতবর্ষ সরকার তারা কি নীতি গ্রহণ করেন, সেটার কিন্তু এখন কোনো দিশা নেই। সুতরাং, আমরা মনে করছি আপনাদের ইচ্ছে, আমাদের ইচ্ছের মধ্যে কোনো ব্যবধান নেই। এই জমিতে চাষিরা ফিরে আসুন, চাষ করুন। কিন্তু জমিটাতো পুরো ভেস্ট করছেন, সরকারে ভেস্ট করছেন। বলছেন সরকারে ভেস্ট করছেন। তাহলে পুরো জমিটা ভেস্ট করছেন। চাষিদের সমহারে বণ্টন করবেন। সমহারে বণ্টন করতে গেলে দেখা যাবে কোথাও উঁচু, কোথাও নিচু, কোথাও জলা। সুতরাং সবটা সমহারে সবাইকে তাও পছন্দমতো জমি দিতে পারবেন না। বিতর্ক সেই জায়গায় আসবে। এই কারণে আমরা বলছিলাম একটু সময় নিয়ে এটা করলে বিস্তারিত, খোলামেলা আলোচনা করা যেত। তাই আপনাদের বলছি আরেকটু ভেবে দেখুন। আমাদেরও ইচ্ছা রইল এই জমি চাষিরা পাক। আমরা স্বতঃস্ফূর্তভাবে সহযোগিতা করব। ধন্যবাদ।

ডঃ তরুণ নস্কর : মাননীয় স্পীকার স্যার, সিঙ্গুরের অনিচ্ছুক কৃষকদের, যাঁরা কোনো ক্ষতিপূরণ গ্রহণ করেননি তাঁদের জমি ফিরিয়ে দেওয়ার জন্য এই যে বিলটি আজ পেশ করা হয়েছে তাকে আমার দল এস.ইউ.সি.আই. (কমিউনিস্ট)-র তরফ থেকে আমি পূর্ণ সমর্থন জানাই। ক্ষমতায় আসীন হওয়ার এক মাসের মধ্যেই এই প্রচেষ্টা গ্রহণ করার জন্য বর্তমান সরকার ও তাঁর মাননীয়া মুখ্যমন্ত্রীকে আমি অভিনন্দন জানাই। সিঙ্গুরের বহুফসলি জমি শিল্পায়নের নামে জবরদখল করতে গিয়ে যেভাবে কৃষকদের উপর বর্বর আক্রমণ করা হয়েছিল তা এদেশের গণতান্ত্রিক আন্দোলনের ইতিহাসে এক কলঙ্কময় অধ্যায়। কর্পোরেট জায়েন্ট টাটাকে কেবল খুশি করতে গিয়ে যুবক রাজকুমার ভুলকে পুলিশ পিটিয়ে মেরেছিল। অভিযোগ কিশোরী তাপসী মালিককে তৎকালীন শাসক দলের নেতারা ধর্ষণ করে পুড়িয়ে মারে। দুঃখজনক হলেও সত্য অভিযুক্তদের একজনকে তাপসী দাদু বলে ডাকত। আরো অনেককে পুলিশের নৃশংস আক্রমণের শিকার হতে হয়। জমি টাটার ঘেরাটোপে চলে যাওয়ার পর তীব্র মানসিক যন্ত্রণা ও অনিশ্চয়তায় ৬/৭ জন কৃষক যখন আত্মহত্যা করছেন তখন তৎকালীন মুখ্যমন্ত্রী বলেছিলেন 'টাটার কেশাগ্রও স্পর্শ করতে দেব না।' বামপন্থার স্লোগান দিতে দিতে কর্পোরেট পুঁজির কাছে এবং নির্লজ্জ আত্মসমর্পণ এদেশে নজিরবিহীন। আমরা চাই (১) যাঁরা জমি ফেরত পাচ্ছেন তাঁদের এতোদিন চাষ না করতে পারার জন্য ক্ষতিপূরণ দেওয়া হোক এবং (২) যে ক্ষেতমজুররা এতোদিন জমিতে কাজ না পেরে নিদারুণ কষ্টে জীবন অতিবাহিত করেছেন তাঁরাও যেন ক্ষতিপূরণ থেকে বঞ্চিত না হন। টাটা মোটরসকে ক্ষতিপূরণ দেওয়ার থেকেও এই ক্ষতিপূরণ অনেক বেশি

জরুরি বলে আমি মনে করি। এই সমস্ত দিকই রাজ্য সরকারকে বিবেচনা করতে অনুরোধ জানাই। ধন্যবাদ।

শ্রী আনন্দময় মণ্ডল : মাননীয় স্পীকার স্যার আমি দুঃখিত, শোক প্রস্তাবের পর আজকের দিনটা ছুটি ঘোষণা করার প্রয়োজন ছিল। আমরা বলেছিলাম কিন্তু শেষ পর্যন্ত স্পীকার মহাশয়ের নির্দেশ আমরা মানতে বাধ্য হয়েছি।

প্রথমতঃ বলি, কৃষকদের জমি ফেরতের ব্যাপারে আমার কোনো আপত্তি নেই। কিন্তু যেভাবে তাড়াহুড়ো করে পদক্ষেপ নেওয়া হচ্ছে তাতে করে আইনগত জটিলতার সৃষ্টি হতে পারে। প্রথমত আমার একটা আশঙ্কা কেন্দ্রীয় যে আইন বলে এই জমি অধিগৃহীত হয়েছিল সেই আইনের সেই ধারার সংশোধন না করে এই ভাবে জমি নিলে কেন্দ্রীয় আইনের সঙ্গে সংঘাত দেখা দিতে পারে।

দ্বিতীয় বিষয় যেটা বলতে চাই, এই বিলে ইচ্ছুক অনিচ্ছুকের কথা উল্লেখিত। অনিচ্ছুক কৃষকদের জমি সরকার ফেরত দিতে চান, খুবই ভালো কথা। কিন্তু যারা ইচ্ছুক, তৎকালীন বিশেষ পরিস্থিতিতে, বিশেষ প্রকল্পের জন্য জমি দিয়েছিলেন। আজকে যদি সেই প্রকল্প না হয়, হয়তো অন্য কোনো জনহিতকর এতে হবে। কিন্তু তারা তো টাটা মোটরসের জন্য জমি দিয়েছিলেন। কিছু সুযোগ সুবিধার ব্যাপারও ছিল। তাহলে সেই কৃষকদের জমি সরকার কি করবেন ? ফলে এখানে ইচ্ছুক এবং অনিচ্ছুক এদের মধ্যে একটা বিভেদ, সরকার এই বিভেদ তৈরি করেছেন। সরকার যখন শপথ গ্রহণ করেছেন তার পরেই তারা অনিচ্ছুক কৃষকদের চারশো একর জমি ফেরতের কথা বলেছিলেন। কিন্তু এই রিপোর্টে চারশো একরের কথা উল্লেখ নেই। অনিচ্ছুক কৃষকদের জমির কথা বলা আছে। ঠিকই আছে। এই রিপোর্টে বলা হয়েছে, অনিচ্ছুকদের আন্দোলনের ফলে আইন শৃঙ্খলার অবনতি দেখা দিতে পারে। সে কারণে এই জমি অধিগ্রহণ করে তাদের ফিরিয়ে দেওয়া হবে। ফলে টাটা যে জমি ফেলে রেখেছিল একথা বলা হয়নি, বিলে বলা হয়েছে টাটা গোষ্ঠী প্রকল্পের জমি হাতে পেয়ে প্রকল্প করেনি, বিশেষ আন্দোলনের ফলে তারা চলে গিয়েছে, এটা ঘটনা। আমার কথা হচ্ছে, অনিচ্ছুকরা জমি ফেরত পাক। জমি ফেরত দিতে আমাদের আপত্তি নেই। কিন্তু বিষয়টা হচ্ছে সরকার আইনগত দিক খতিয়ে দেখুন। আমি একথা বলে আমার বক্তব্য শেষ করছি।

[1.40—1.50 p.m.]

মিঃ স্পীকার : বলুন, বলুন। আপনি বসবেন না প্লিজ। শ্রী মণ্ডল আপনি বলতে থাকুন। আপনারা ডিস্টার্ব করবেন না। আপনারা দয়া করে বলতে দিন।

শ্রী আনন্দময় মণ্ডল : জমি ফেরতের প্রশ্নে সরকার চিন্তাভাবনা করুন। যাতে কোনো আইনগত জটিলতা সৃষ্টি না হয়। ফেরতের ব্যাপারে আমাদের আপত্তি নেই।

শ্রী বেচারাম মান্না : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আন্তরিকভাবে সিঙ্গুরের কৃষক, খেতমজুর, বর্গাদার, আন্দোলনকারীদের পক্ষ থেকে আপনাকে অভিনন্দন জানাই। তৎসহ

মাননীয়া মুখ্যমন্ত্রী যিনি আমাদের এই আন্দোলনের প্রথম সারিতে ছিলেন, যিনি ২৫শে সেপ্টেম্বর পুলিশের হাতে নিগৃহীত হয়েছিলেন। তাঁকে মেরে ফেলার চেষ্টা হয়েছিল, দ্বিতীয় হুগলি সেতু থেকে ছুঁড়ে ফেলে দিয়ে। মেরে ফেলার হুমকি দেওয়া হয়েছিল। তিনি ২৬ দিন অনশন করে সারা ভারতবর্ষের ইতিহাসে নজির সৃষ্টি করেছেন। ১৫ দিন তিনি না খেয়ে দুর্গাপুর এক্সপ্রেসওয়ের গায়ে অবস্থান করেছিলেন, এ জন্য সিঙ্গুরের মানুষের পক্ষ থেকে মাননীয়া মুখ্যমন্ত্রীকে আমরা অভিনন্দন জানাই। তার সঙ্গে সঙ্গে পূর্বতন সরকার যে রাষ্ট্র শক্তি প্রয়োগ করে, মিথ্যাচার অবলম্বন করে যেভাবে জমিকে অধিগ্রহণ করা হয়েছে, শুধু আমি নয়, সারা ভারতবর্ষের মানুষ এর বিরুদ্ধে প্রতিবাদ করেছে। শুধু সিঙ্গুর নয়, সারা বাংলার বুদ্ধিজীবী থেকে আরম্ভ করে পৃথিবীর বিভিন্ন গণসংগঠন, মানবাধিকার সংগঠন, এই আন্দোলনকে সমর্থন করেছে। আজকে এই দিনটির জন্য আমরা অপেক্ষা করছিলাম। এই বিলকে আমরা সমর্থন করছি এবং নিশ্চিতভাবে আমরা মনে করি যে এই আন্দোলনের ফলে আমরা তাপসী মালিককে হারিয়েছি, ধর্ষণ করে জীবন্ত পুড়িয়ে মেরেছে। আজকে রাজকুমার ভুলকে পিটিয়ে মারা হয়েছে। প্রশান্ত দাস, হারাধন দাস, শ্রীকান্ত শী, বিমলা খামারু, শঙ্কর পাত্র, শঙ্কর দাস, কালিপদ মাঝি, ভোলানাথ পাত্র, বীরেন্দ্রনাথ দাস, পূর্ণচন্দ্র দাস, নরেন্দ্রনাথ দাস, কৃষক দরদী সরকারের রাজত্বে আজকে আত্মহত্যা করতে হয়েছে না খেতে পেয়ে। আজকে তাই আমরা মনে করি, তারা মনে করছে এই আন্দোলন করতে গিয়ে মিথ্যাচার করা হয়েছে। বলেছে, 'কিলেয়ে কাঁঠাল পাকানো যায় না।' আজকে চাষির ব্যাটা, গামছা গায়ে দিয়ে চাষির ব্যাটা হওয়া যায় না। চাষের জমি কেড়ে তাদের জমি ফিরিয়ে দিলে তাবেই চাষির ব্যাটা হওয়া যায়। আজকে ২৩৫ আর ৩০-এর অহংকারে, ৭১ দিন ১৪৪ ধারা জারি ছিল সেই জায়গায়। সাড়ে ৩ হাজার পুলিশ প্রতিদিন ছিল বামফ্রন্টের রাজত্বে। তারা জনগণ থেকে বিচ্ছিন্ন হয়ে গিয়ে পুলিশের উপর নির্ভর হয়ে গিয়েছিল। আজকে যারা বলছেন জমি দেওয়ার পক্ষে সমর্থন করছে, তারা বাধ্য জনগণ যে শক্তি দিয়ে আমাদের বিধানসভায় পাঠিয়েছে তাতে ওদের বলতে হবে না, আজকে জনগণই, মানুষই ওদের ফিরিয়ে দেবেন। জেনে রাখা উচিত এই আন্দোলনে আমরা দুটো শক্তিকে পেয়েছিলাম। একদিকে মমতা আর একদিকে জনতা। এই দুটো শক্তিকে রোখার ক্ষমতা কারোর নেই, কারোর নেই। তাই উচিত অবিলম্বে জমিকে ফিরিয়ে দেওয়া। তার কারণ আমরা জানি যে কৃষকরা অনাহারে রয়েছে। যে সব কৃষক যাদের মরাই ছিল, ধানের গোলা ছিল আজকে সেই কৃষক নিঃস্ব হয়ে রয়েছে। আমরা মনে করে যে কৃষক ১২-১৩ জন করে ক্ষেত-মজুরের কাজ করাতেন আজকে তাকে ক্ষেত-মজুরের কাজ করতে পাঠাচ্ছে বামফ্রন্ট সরকারের ভুলের পরিণতিতে। তাই আমরা মনে করছি, যে এই জমি অবশ্যই আমরা ফেরত পাবো। সিঙ্গুরের মানুষ অধীর অপেক্ষায় রয়েছে। আজকে এই হাউসে দর্শকাসনে সিঙ্গুরের অনিচ্ছুক কৃষক এবং তাপসী মালিকের বাবা—তারাও উপস্থিত হয়েছেন শুধু এই জমি ফেরতের সময়ের দিনটুকু দেখার জন্য। তাই আমরা মনে করি, এই জমি ফেরত দেওয়া উচিত। যারা মিথ্যাচার করেছিলেন যে এক ফসলি জমি যে জমিতে লক্ষ্মী পুজোর ধান হয় না এবং প্রতি বছর বন্যা হয় বলে মিথ্যা কথা বলা হয়েছিল আজকে সেই মিথ্যার

জবাব বাংলার জনগণ দিয়ে দিয়েছে। তাই আমার অনুরোধ হাউসের কাছে যে এই বিলটি সর্বসম্মতিক্রমে সবাই মিলে পাস করে নজির সৃষ্টি করুন। আমার মনে হয়েছে এই বিল মমতা মডেলের বিল। এই বিল দেখে ভারতবর্ষের অন্য রাজ্য এই সমস্যার সমাধান করতে পারবে, নমস্কার ধন্যবাদ।

শ্রী অক্ষয় ঠাকুর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় শিল্পমন্ত্রী যে "দি সিঙ্গুর ল্যান্ড রিহ্যাবিলেটশান অ্যান্ড ডেভলপমেন্ট বিল, ২০১১" যেটা নিয়ে এসেছেন সিঙ্গুরে যে কৃষকের জমি সেই জমি ফেরতের ক্ষেত্রে যে উদ্যোগটা গ্রহণ করেছেন সেই উদ্যোগকে আমি এবং আমার পার্টি ফরওয়ার্ড ব্লকের পক্ষ থেকে আমরা ধন্যবাদ জানাই এবং এটাকে আমরা সমর্থন করি। এই সিঙ্গুর নিয়ে মাননীয়া মুখ্যমন্ত্রী অনেক লড়াই করেছেন, সংগ্রাম করেছেন। সিঙ্গুরকে গোটা বাংলা, ভারতবর্ষের মানুষকে চিনিয়েছেন এবং গোটা পৃথিবী সিঙ্গুর নামটা আজকে জানেন। সেই সিঙ্গুরকে কেন্দ্র করে কৃষকের যে চাপা কান্না হয়তো আমাদের মনকে আন্দোলিত করেনি। তাইতো আজকে আমরা এই পাশে আপনারা ঐদিকে। এটা অস্বীকার করবার কোনো উপায় নেই। তা সত্ত্বেও দীর্ঘদিন পরে হলেও এই বিলটা এনে প্রকৃত কৃষকের হাতে জমিটাকে ফেরত দিতে চাইছেন। কিন্তু এই প্রসঙ্গে আমার কয়েকটা প্রশ্ন জাগে এই বিলকে কেন্দ্র করে। মাননীয় শিল্পমন্ত্রী যে বিলটি এনেছেন যারা কৃষক তাদের হাতে জমিটা ফেরত দিতে চাইছেন। কিন্তু যে আইনে জমিটা অধিগ্রহণ করা হয়েছিল সেই আইনে সরকারের জমি সরকারের হাতে এসেছে। আবার সেই জমি শিল্প নিগমকে দিয়েছেন। শিল্প নিগম আবার টাটা কোম্পানিকে কারখানা করবার জন্য লিজ দিয়েছেন। এখন জমি ফেরত পাবার প্রশ্নে সেই লিজের জমি আবার ফেরত নিতে হয়েছে। এই জমি আপনারা কৃষককে ফেরত দেবেন। আমার প্রশ্ন—এই ফেরত দেওয়ার ক্ষেত্রে যাদের অনিচ্ছুক কৃষক বলা হচ্ছে, সেই জমিটা ফেরত দেওয়ার সময়ে সেই জমির সে কি প্রকৃত মালিকানা পাবে ? নাকি আবার সেই কৃষককে সেই জমিটা লিজ দেওয়া হবে ? আপনাদের এই বিলে পরিষ্কার করে কোথাও সেটা বলা নেই যে তারা প্রকৃত মালিক হবেন নাকি কৃষক ওই জমিটা লিজ নিয়ে তা ভোগ দখল করতে পারবেন ? এই বিলে পরিষ্কারভাবে সেটা বলা নেই। আমি আশা করব যে মাননীয় শিল্পমন্ত্রী আপনার ভাষণে সেটা আমাদের কাছে পরিষ্কার করবেন। পাশাপাশি এই শিল্প করবার ক্ষেত্রে যাদের ইচ্ছুক কৃষক বলা হচ্ছে, প্রশ্ন জাগছে আমার মধ্যে, যাদের ইচ্ছুক কৃষক বলা হচ্ছে, যারা স্বেচ্ছায় জমি দিয়েছে অথচ আমরা যা শুনেছি, আপনারাও বলেছেন যে সেখানে রাষ্ট্রীয় সন্ত্রাস করে, জোর করে, জুলুম করে, কৃষককে লাঠিপেটা করে জমি অধিগ্রহণ করা হয়েছিল। তাহলে তো স্বেচ্ছায় জমি দেয়নি। মনের মধ্যে অনিচ্ছা থাকা সত্ত্বেও জমি দিতে বাধ্য হয়েছে। আজকে সেই ইচ্ছুক চাষি যদি জমিটা ফেরত চায়, যে উদ্দেশ্যে জমিটা দিয়েছিলাম কারখানা করবার জন্য, কারখানাটাই যখন হচ্ছে না তাহলে আমি আমার জমিটা আবার ফেরত চায়, তাহলে কি সেই জমিটা তাকে ফেরত দেওয়া যাবে ? যে টাকা নিয়েছিল, সেই টাকা যদি সে ফেরত দিয়ে দেয় যে আমি জমিটাই চাই, এই ক্ষেত্রে আমাদের পরিষ্কার আপনি বলবেন, এই রকম

ঘটনা ঘটতে পারে। এই বিলটি আনা হয়েছে ঠিকই, আমরা গতকাল এই বিলটিকে হাতে পেয়েছি। আমরা এই বিলটি ভালো করে খুঁটিয়ে দেখিনি। কিন্তু এই বিধানসভার একজন পুরানো সদস্য হিসাবে কিছু অভিজ্ঞতা আমার আছে। অতীতে এই রকম ঘটনা ঘটেছে যে এই রকম গুরুত্বপূর্ণ বিল এই পবিত্র বিধানসভায় আগে সিলেক্ট কমিটিতে পাঠানো হত। সেখানে সদস্যরা নির্দিষ্টভাবে মতামত দিতে পারতেন এবং এর উপরে যারা এক্সপার্ট আছেন, তাঁদেরও মতামত আমরা গ্রহণ করতে পারতাম। যাই হোক, সেই জিনিসটা এখন হয়নি। এখন তাড়াহুড়ো করে এই বিলটা আপনারা এনেছেন। কিন্তু বিষয়টা হচ্ছে, এই তাড়াহুড়ো করতে গিয়ে একবার তো আমরা মুখ পুড়িয়েছি। একবার তো অসম্মানিত হয়েছি। যখন আমরা অর্ডিন্যান্স নিয়ে আসলাম যে বিধানসভা চলাকালীন অর্ডিন্যান্স এনে একবার তো আমরা পিছিয়ে এসেছি। এমন যেন ঘটনা না ঘটে। এই জমি ফেরত দেওয়াকে কেন্দ্র করে, বিলকে কেন্দ্র করে এমন যেন ঘটনা না ঘটে যে আবার পিছিয়ে আসতে হল। সুতরাং যেটাই করি না কেন যেটা এই পবিত্র বিধানসভা করবেন, প্রকৃত কৃষকের উদ্দেশ্যে যে শুভ উদ্যোগ আপনারা গ্রহণ করেছেন, সেটা যেন সঠিকভাবে রূপায়িত হয়। এই বিষয়টা আপনারা দেখবেন। আজকের এই বিলের যে মূল বিষয়, সেই বিষয় নিয়েই আমি কথা বললাম। এই বলে সবাইকে ধন্যবাদ জানিয়ে আমার কথা শেষ করছি। ধন্যবাদ।

[1.50—2.00 p.m.]

শ্রী অসিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় মন্ত্রী শ্রী পার্থ চ্যাটার্জী দি সিঙ্গুর ল্যান্ড রিহ্যাবিলিটেশান অ্যান্ড ডেভেলপমেন্ট অ্যাক্ট ২০১১ যে বিল এনেছেন, যে বিল আজকে সভায় পেশ করা হয়েছে, এই বিলকে সম্পূর্ণ সমর্থন করে এবং ভারতীয় জাতীয় কংগ্রেসের পক্ষ থেকে এই বিলের প্রতি সমর্থন দিয়ে আমি আমার বক্তব্য শুরু করছি। স্যার, আজকে দিনটা একটা ঐতিহাসিক দিন। অনেকে বলছেন এই বিলে আইন নিয়ে ত্রুটি আছে, এই বিল ত্রুটিমুক্ত নয়। রেজ্জাক সাহেব বলেছেন যে এই বিলে কোথাও কোথাও প্রেসিডেন্ট অফ ইন্ডিয়ার কনসেন্ট নেওয়া উচিত ছিল বা অ্যাসেন্ট নেওয়া উচিত ছিল। কিন্তু আমি মনে করি এই বিল দ্রুত আনা উচিত ছিল।

তার কারণ আমি একটা পুরানো দিনের সংবাদপত্রের কয়েকটা লাইন আপনাদের সামনে উদ্ধৃত করতে চাইছি। মাননীয় অধ্যক্ষ মহাশয় সাল ১০ই মার্চ ২০০৭। এই ১০ই মার্চ ২০০৭ কলকাতা থেকে প্রকাশিত আনন্দবাজার পত্রিকায় একটা সংবাদ বেরিয়েছিল, তাতে একটা জায়গায় লেখা ছিল ২০০৬ সালে শ্রী বুদ্ধদেব ভট্টাচর্য শপথ গ্রহণের দিনেই রতন টাটাকে পাশে বসিয়ে গাড়ি তৈরির জোড়া প্রকল্প ঘোষণা করেন। সেদিন মৌ সই হয়। শ্রী বুদ্ধবাবুর প্রতি তার আস্থার কথা জনিয়েই, রতন টাটা সেদিন বলেছিলেন রাজ্যে উন্নয়নের শরিক হতে চাই। স্যার, সেদিনই আর একটা খবর ছিল। নন্দীগ্রামে দফায় দফায় বোমা-গুলিতে জখম ছাত্রী, গৃহবধূ। মাননীয় অধ্যক্ষ মহাশয় আজকের এই ঐতিহাসিক দিনে আমি এই মুহূর্তে এই কথা বলতে চাই এই পবিত্র কক্ষে দাঁড়িয়ে কারো সঙ্গে কারো রাজনৈতিক মতভেদ থাকতে পারে। আজকে যে দিন শ্রী বুদ্ধদেব ভট্টাচার্য শপথ নিয়ে

বলেছিলেন যে আমরা এই কাজটা করব টাটা আমাদের পাশে থাকবে আর টাটা বলেছিলেন আমরা রাজ্যের উন্নয়নের শরিক হতে চাই। আমি অত্যন্ত গর্বের সঙ্গে বলছি আমাদের মুখ্যমন্ত্রী যেদিন শপথ নিলেন সেদিন শপথ নিয়ে বললেন না টাটাকে শরিক করে উন্নয়ন করতে চাই, সেদিন বললেন সিঙ্গুরের কৃষকদের শরিক করে আমি উন্নয়ন করতে চাই এবং তার জন্য আমি তাদের জমি ফিরিয়ে দেব। আমি দুটি সংবাদের কথা আপনাদের কাছে উল্লেখ করলাম এই কারণেই আমার মনে হয়েছে যে আমার বোধহয় সঠিকভাবে মানুষের আবেগ যে আবেগটি কৃষকের, যে আবেগটা ক্ষেতমজুরের, যে আবেগটা মেহনতি মানুষের বোধহয় তাদের কথা প্রতিফলিত করতে সাহায্য করছে না। হতে পারে বামফ্রন্টের যারা মাননীয় সদস্য আছেন বলেছেন আমরা ওপারে ছিলাম, আপনারা এজন্য এই পারে এসেছেন। আমি আপনাদের আবার ভাবতে বলব। এখনো যদি বাধা দেন তাহলে এখানে নয়, ঘরের বাইরে চলে যেতে হবে। স্যার আমি আমাদের এই কক্ষে দাঁড়িয়ে বলতে চাই কারা বলেছিল, কি কারণে এখানে আমি আপনাদের কাছে বলছি আর একটা কথা মাননীয় সদস্য শ্রী বেচারাম মান্না, শ্রী রবীন চট্টোপাধ্যায় মাননীয় সদস্য সবার আগে বলেছেন এবং অত্যন্ত সুস্পষ্টভাবে তিনি বলেছেন। কারা তাদের বিরোধিতা করেছিল আন্তর্জাতিক ক্ষেত্রে বিরোধিতার সুর পাওয়া যায়নি। স্যার, India : Police violently assaulted peaceful peasants in West Bengal এই প্রসঙ্গে এশিয়ান হিউম্যান রাইটস কমিশান তারা কি বলেছিলেন তাদের কথা আমি উল্লেখ করছি। অনেকখানি বড়, পড়া যাবে না, সময় নেই, যেটুকু সময় আছে যেটুকু সময়ে আমি সেটুকু সময়ের মধ্যে বলছি। The Asian Human Rights Commission has received information from its local partner (HASUM) regarding the brutal assault on peaceful peasants by the police while they were protesting against the forced acquisition of their land for an automobile project at Singur in the Hooghly District, West Bengal on 2nd December, 2006. কারা বলছেন স্যার, এশিয়া হিউম্যান রাইটস কমিশান বলছে আজকে এই বিল আনা অন্যায় হয়েছে। যারা বলছেন আপনারাতো অনেক আন্তর্জাতিক কথাবার্তা বলেন। আমি তাদের কাছে আর একটা লাইন পড়ে শোনাচ্ছি। From the behaviour of the police and that of the State Government, it is not at all evident that a democratically elected system is at work ; এরপরেও লজ্জা করে না আপনাদের কথা বলতে। এরপরেও মনে হয় না যে আমাদের সরকার গণতান্ত্রিক পদ্ধতি লঙ্ঘন করেছেন। The state Police and the Civil administration acted like the henchmen of the TATA group.

আমি বলিনি 'লাইক দি হেঞ্চমেন অফ দি টাটা গ্রুপ'। এশিয়ান হিউম্যান রাইটস কমিশন আপনাকে বলেছে ইউ আর দি হেঞ্চমেন অফ টাটা গ্রুপ। এরপরেও আপনারা এ কথা বলছেন। The citizens of a free country like India have the right to assemble, protest and express their views and opinions on any

subject peacefully. স্যার, আমি আপনাদের কাছে তাই বলছি, এই বিলকে এই জন্য সমর্থন করতে হল যে, যেখানে অন্যায় আর অত্যাচারের বিরুদ্ধে মানুষ প্রতিবাদ করেছে, আর সেই কণ্ঠস্বর আমার আগেকার বক্তাও বলেছেন, আমিও বলছি, সেই কণ্ঠস্বর যদি আজকের মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায়ের কণ্ঠে নতুন করে ধ্বনি তোলে, আওয়াজ তোলে, তাহলে আমার ধারণা এই বিল পাস হলে এর থেকে শুধু বাংলার কৃষকরা উপকৃত হবে শুধু তাই না, এর থেকে অত্যাচারিত মানুষ অত্যাচারের বিরুদ্ধে প্রতিবাদ করতে শিখবেন শুধু তাই না, যারা প্রশাসক আছেন ভারতবর্ষের বিভিন্ন প্রান্তে, তাঁরাও নজর রাখবেন যে এই বিল করা যায়, জোর করে অত্যাচার করে কৃষকদের জমি নিলে অন্য সরকার এসে সেই জমি তাদের কাছে ফেরত দিতে পারে, তার জন্য আমি তাদের কাছে আমার আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। স্যার, আমি একটা কথা আপনাদের বলি, আমাদের যেসব বক্তা এই কথা বলেছেন এই বিলের সমর্থনে সেগুলি নতুন করে আমি আপনাদের কাছে বলতে চাইছি না, আমি রিপিট করতে চাইছি না, আমি আপনার কাছে বলছি, গভর্নর—মাননীয় রাজ্যপাল তখন গোপালকৃষ্ণ গান্ধী ছিলেন, গোপালকৃষ্ণ গান্ধী, মাননীয় রাজ্যপাল যখন ডেকেছিলেন ওই রাজভবনে, মাননীয় বুদ্ধবাবু যিনি আজকে এখানে নেই, জনগণের প্রত্যাখ্যানে তিনি অনেক দূরে সরে আছেন। আমি দুঃখিত।

(নয়েজ)

মাননীয় রাজ্যপাল সেদিন বলেছিলেন, একটা মেমোরেন্ডাম তৈরি করেছিলেন, বলেছিলেন আসুন আপনারা দুজনে বসুন।

[2.00—2.10 p.m.]

মিঃ স্পীকার : যিনি এখানে নেই তাঁর সম্বন্ধে আপনি বলবেন না। হু ইজ নট এ মেম্বার অফ দি হাউস, তাঁর সম্বন্ধে না বলাটা ঠিক।

শ্রী অসিত মিত্র : আই অ্যাম সরি স্যার। আমি আপনাদের কাছে যে কথা বলছি, যে মেমোরেন্ডাম তৈরি হয়েছিল, আজকে কি আমি জানতে পারি—যারা বিরোধিতা করছেন what was the fate of the memorandum? কেন সেই মেমোরেন্ডাম দেখিয়ে বুদ্ধদেব বাবুরা পালিয়ে গিয়েছিলেন ? কেন বলেননি যে মানুষের মেমোরেন্ডামকে স্বীকার করে নেওয়া উচিত ?

(নয়েজ)

স্যার, আমি আপনার কাছে লাস্ট যেটা বলছি সেটা হল যে, একটা জায়গায় আমাদের এই বিলকে প্রেস করতে গিয়ে বলেছেন মাননীয় মন্ত্রী—হোয়্যার অ্যাজ it is expedient to provide for taking over of the land covered by the lease granted to Tata Motors Limited. অনেক আপনাদের প্রতি দয়া করেছেন মমতা বন্দ্যোপাধ্যায় অথবা তাঁর মন্ত্রিসভা। তাই ফোর্সসিভলি রিকোভার্ড করে করেননি।

আমি স্যার আর একটা কথা বলি, আমাকে এক মিনিট সময় দেবেন। আমি শুধু বলতে চাই সেটা হল এই যে, মাননীয় মন্ত্রী পার্থবাবু বলেছেন, যে জায়গায়—দি টাটা Motors Limited and all vendors shall forthwith.

আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে, একটা অনুরোধ করব যে এখানে একটা টইম লিমিট আপনি করুন। উইথ ইন এ ফোর্থনাইট অর উইথ ইন এ মান্থ। কারণ ফোর্থউইথ শব্দটা অন্য ব্যাখ্যা অন্যভাবে হতে পারে। আমি রিকোয়েস্ট করব মাননীয় মন্ত্রিমহাশয়কে এই ব্যাপারটা দেখতে। আর একটা জায়গায় ওরা বলেছেন, যেটা রবীনবাবু উল্লেখ করেছিলেন যে, গর্ভনমেন্ট ফর Socio-economic development, employment generation, industry and for other public purpose of the State.

এটাকে আর একটু ক্লিয়ার করে যখন আমরা নোটিফিকেশানের পরে কাজে যাব তখন যদি দেন, তাহলে আমার মনে হয় সব থেকে ভালো হবে। পরিশেষে আমি আজকে এই বিলকে পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী রবীন্দ্রনাথ ভট্টাচার্য : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আজকে সিঙ্গুরবাসী হিসেবে আমার আনন্দের পরিসীমা নাই। কারণ এই দিনটির জন্য শুধু সিঙ্গুরের কৃষক সমাজ নন, সমগ্র পশ্চিমবাংলার কৃষক সমাজ এই দিনটির প্রতীক্ষা করছিলেন। আর এই আন্দোলনের সঙ্গে মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় মহাশয়ার জীবন ওতপ্রোতভাবে জড়িত হয়েছিল। তিনি এই আন্দোলনের অন্যতম প্রেরণার উৎস। তাই আমার পক্ষ থেকে বটেই সিঙ্গুরবাসীর পক্ষ থেকে এবং সমগ্র কৃষককুলের পক্ষ থেকে তাঁর সেই অনন্য কীর্তি জীবনকে যেখানে মৃত্যুর মুখে দাঁড় করিয়েও তিনি এই আন্দোলনের প্রেরণার উৎস হয়েছিলেন। আজ যে প্রেক্ষাপটের বিপুল পরিবর্তন ঘটল, সেই পরিবর্তনের আমরা আজকে তাঁকে অভিনন্দন কৃতজ্ঞতা শ্রদ্ধা জানাই। তিনি প্রতিশ্রুতি দিয়েছিলেন যে আমার সরকারের প্রথম কাজই হবে সিঙ্গুরের অনিচ্ছুক কৃষক নির্যাতিত কৃষকদের দাবিকে আমি মান্যতা দেব। আজকের এই প্রথম সরকারি বিধিতে তিনি সিঙ্গুরের অনিচ্ছুক কৃষকদের জমি ফেরত দেওয়ার যে প্রতিশ্রুতি রক্ষা করছেন বা করলেন তার জন্য তাঁর সেই দৃঢ় চেতনাকে, তাঁর সেই অনমনীয় উর্দ্দমকে আমি অভ্যর্থনা জানাই এবং ঈশ্বরের কাছে কামনা করি তিনি এই রকম শক্তি মঙ্গলময়ের উদ্দেশ্যে মঙ্গলকার্যের জন্য তিনি এগিয়ে চলুন, আমরা তাঁর সাথে আছি। এখানে প্রশ্ন উঠেছে যে এই বিল তাড়াহুড়ো না করে ধীরে-সুস্থে আনার প্রয়োজন ছিল। আমি এই সভাকে স্মরণ করিয়ে দিতে চাই বিগত সরকার যেদিন শপথ গ্রহণ করেছিলেন সেদিন তাদের তরসয়নি। সেই শপথ গ্রহণ অনুষ্ঠানেই উচ্চারিত হয়েছিল টাটা মোটর্সকে তারা সেখানেই জমি দেবেন এক হাজার একর। কি সেখানে এত তাড়াতাড়ি প্রয়োজন হল, এমনকি সেখানকার বিধায়ক ছিলাম আমি, আমার কথা ছেড়ে দিলেও কৃষকরা যাদের জমি দেবেন, তাদের সম্মতি বা তাদের জ্ঞাতার্থে কোনো নোটিশ না দিয়ে, এমনকি আমি যেটা জানি সেখানকার যারা সি.পি.এম. দলের নেতৃত্ব দিতেন, অধিকাংশ কৃষকেরাও যারা সেখানে সি.পি.এম. দলের সমর্থন করতেন তারাও বিন্দুমাত্র এই ঘোষণার কথা, ইচ্ছার কথা বিগত সরকারের জানতে পারেনি।

[2.10—2.20 p.m.]

তাহলে এটা কি তাড়াতাড়ি নয় ? আজকে আপনারা অভিযোগ করছেন যে, এত তাড়াতাড়ির কি দরকার ছিল ? টাটাকে জমি দেওয়ার জন্য আপনাদের এত তাড়াতাড়ির কি দরকার ছিল ? শুধু সেই নয়, আমাদের কথাতেই আছে, 'শুভস্য শীঘ্রম'। অর্থাৎ যা শুভ, তার জন্য বিন্দুমাত্র প্রতীক্ষা করার কোনো প্রয়োজন নেই। তাই সেই শুভ কার্যে আমার সরকার, তিনি সেই প্রথম কার্যে হস্তক্ষেপ করেছেন। তার জন্য আমি তাঁকে সাধুবাদ এবং কৃতজ্ঞতা জানাচ্ছি। আর এই সিঙ্গুরের ইতিহাস—চার বছর ধরে, আমি এই বিধানসভার মধ্যেও প্রত্যক্ষ করেছি, অবার সেই কৃষকদের মাঠে নেমেও কৃষকদের প্রতিরোধ এবং পুলিশের নির্যাতন—তাও প্রত্যক্ষ করেছি। একদিকে দেখেছি যে, বিগত সরকার অসত্যের আশ্রয় গ্রহণ করে তারা কিভাবে কৃষককুলকে বঞ্চনা করবার চেষ্টা করেছেন। প্রাক্তন মুখ্যমন্ত্রী, তিনি এই সভাতে দাঁড়িয়ে বলেছিলেন যে, আমরা ২৩৫, ওরা ৩০। তিরিশের কথা আমরা শুনবো না, টাটা মোটর কারখানা ওখানে হবেই। সেখানে আরও অসত্যের আশ্রয় নেওয়া হয়েছিল। যার জন্য মাননীয় প্রাক্তন মুখ্যমন্ত্রী, তিনি এই সভাতেই উল্লেখ করেছিলেন, ৯৫৪ একর জমি স্বেচ্ছায় কৃষকরা দিয়েছেন, অথচ, তাঁরই সরকারের মাননীয় ভূমি-রাজস্ব মন্ত্রী প্রাক্তন মন্ত্রী মাননীয় শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা সাহেব এখানে উপস্থিত আছেন। তিনি বলেন যে, অনিচ্ছুক কৃষকদের জমির পরিমাণ ৩২৬ একর। আমাদের তখনকার বিরোধী দলনেতা মাননীয় শ্রী পার্থ চট্টোপাধ্যায় মহাশয় এই সভাতেই স্বাধিকার ভঙ্গের প্রশ্ন এনেছিলেন। কিন্তু প্রাক্তন মাননীয় স্পীকার মহোদয় একটা কৌশল অবলম্বন করে তিনি সেই স্বাধিকার ভঙ্গের নোটিশকে খারিজ করে দিয়েছিলেন। কিন্তু আমরা জানি, সত্যকে খারিজ করা যায় না। এই পবিত্র বিধানসভায় যেভাবে এই সিঙ্গুরের বিল নিয়ে কলঙ্কিত করা হয়েছে, সেই কলঙ্কের পরিসীমা নেই। আর আজকে এই সরকার সেই কলঙ্কের অপসারণ করছেন। আপনারা প্রত্যেক বিরোধী দলের যাঁরা মাননীয় সদস্য রয়েছেন এবং যারা বক্তব্য রাখলেন, আপনারা সেদিন প্রত্যেককে এই যে নৈতিকভাবে সমর্থন জানালেন কৃষকদের জমি ফেরত দেওয়ার কথা, কতকগুলি ত্রুটি বা আইনের ফাঁক উল্লেখ করেছেন।

কিন্তু আপনারা প্রত্যেকেই যারা এখানে বক্তব্য রেখেছেন তারা এই বিলকে নীতিগতভাবে সমর্থন জানিয়েছেন। আজকে যেভাবে আপনারা এই বিলকে, এই মতকে সমর্থন করছেন, সেদিন কিন্তু আপনাদের কোনো কণ্ঠ থেকেই শুনতে পাইনি যে আপনারা এই মত প্রকাশ করছেন। এখন প্রকাশ করতে বাধ্য হচ্ছেন। মানুষ, জনগণ আপনাদের সেই চাপের মধ্যে রেখে যে অবস্থায় এনে দিয়েছে তাতেই আপনারা প্রকাশ করতে বাধ্য হচ্ছেন। আপনাদের পতাকায় যে কাস্তে, কৃষকের প্রতীক আছে, সেই কৃষককে শুধু বঞ্চনাই নয়, যেভাবে নির্যাতন করে, ভয় দেখিয়ে মনে করেছিলেন আপনাদের সেই অসাধু উদ্দেশ্যকে সার্থক করবেন, টাটার ইচ্ছাকে পূরণ করবেন, কৃষকদের পিতৃ, পিতামহের জমি কেড়ে নিয়ে টাটাকে উৎসর্গ করবেন সেই কাজে আপনারা বিফল হয়েছেন এবং বিফল হয়ে আজকে এই অবস্থানে এসেছেন বলেই বলছেন 'আমরা নীতিগতভাবে এই বিলকে সমর্থন

করছি।' আপনারা আপনাদের সেই ভুলের মাসুল দিচ্ছেন, সেটা আপনাদের কৃত কার্যের ফল। স্বকর্মফলভোক্তুমান। আপনাদের কর্মফল আপনারা আজকে ভোগ করছেন। আশা করব এর পরবর্তীকালে এ রকম ভুল আপনারা আর করবেন না বা করে নিঃশেষ হয়ে যাবেন না। পৃথিবীর ইতিহাসে কমিউনিজম আন্দোলন, কমিউনিজমের আদর্শ, কমিউনিস্ট যারা হয়েছেন তারা সেটাকে বাস্তবায়িত করতে গিয়ে..... (এই সময় মাইক বন্ধ হয়ে যায়)।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : মাননীয় স্পীকার স্যার, 'দি সিঙ্গুর ল্যান্ড রিহ্যাবিলিটেশন অ্যান্ড ডেভলপমেন্ট বিল, ২০১১', আজকে যে বিলটা এখানে আলোচনা হচ্ছে, আমি আনন্দিত যে, আমার বলার পরে আমি দেখতে পাচ্ছি, এটা আমাদের মুখ্য সচেতক দিয়েছেন সরকার পক্ষের, যে মুখ্যমন্ত্রী বলবেন। তিনি বলবেন এটা ঠিক ছিল না, কিন্তু তিনি বলবেন এই জন্য আমরা আনন্দিত। আমি তাঁর কাছে এবং যিনি বিলটা এনেছেন মাননীয় মন্ত্রী শ্রী পার্থ চট্টোপাধ্যায়, তাঁর কাছেও বিনীতভাবে কয়েকটা স্পষ্টিকরণ, ক্লারিফিকেশন চাইছি। আমি আগেও বলেছি, আবারও বলছি, আমাদের সদস্যরাও বলেছেন যে, সিঙ্গুরের চাষিরা জমি পাক নীতিগতভাবে আমরা এর বিরোধী নই। আমরা এটাও জানি যে, এই প্রশ্নে আপনারা মানুষের রায় পেয়েছেন। মানুষ আমাদের বিরুদ্ধে রায় দিয়েছেন, আপনাদের পক্ষে রায় দিয়েছেন। তার থেকে আমরা প্রয়োজনীয় শিক্ষা গ্রহণ করতে মানুষের রায় মাথা পেতে নিতে প্রস্তুত আছি, সেই কথাই আমরা আমাদের প্রাথমিক প্রতিক্রিয়ায় বলেছি। আমি আপনাদের বারবার বলেছি, এখনও বলছি, আন্তরিকভাবেই বলছি সদিচ্ছার উপরে যদি বিশ্বাস রাখেন, এই বিল যেটা এনেছেন, এটা কি উদ্দেশ্যে আপনারা এনেছেন, সেই উদ্দেশ্য সাধন করতে সক্ষম হবেন কিনা সেই বিষয়ে আমাদের সন্দেহ।

[2.20—2.30 p.m.]

সেগুলো সুনির্দিষ্টভাবে, আর কিভাবে সেটা করা যায়, কোনোরকম সমস্যা ছাড়া যেটা করা যেত, দুটোই আমি আপনাদের কাছে রাখতে চাই এবং আপনাদের বক্তব্য আমরা শুনতে চাই, আমাদের পরবর্তী কর্মপন্থা ইত্যাদি নির্ধারণের আগে। আমার প্রথম কথা হচ্ছে আমি শুনেছিলাম, কাগজে দেখেছিলাম, সাংবাদিকদের কাছ থেকেও শুনেছিলাম যে, যেটা আমাদের গভর্নমেন্টের আইন আছে, আমাদের ল্যান্ড অ্যাকুইজিশন অ্যাক্ট যেটা আছে জমি অধিগ্রহণ আইন ১৮৯৪ সালের, সময়ে সময়ে সংশোধিত এই আইনটার একটা সংশোধনী আনা হবে। আমি ভুল হতে পারি, আমি ভেবেছিলাম তাই হবে এবং আমার মনে হয়েছিল যে সেটাই কেবলমাত্র করা সম্ভব যাতে খুব সহজভাবে এই উদ্দেশ্য সাধিত হয়। আমি আপনাকে পড়ে দিচ্ছি যে কত সহজে এটা করা যেতে পারত। এটা তামিলনাড়ু যেটা করেছে, এটা হচ্ছে এই যে ১৮৯৪ অ্যাক্টের স্টেট অ্যামেন্ডমেন্ট করে, করে প্রেসিডেনসিয়াল অ্যাসেন্ট নিয়ে করেছেন, এই তামিলনাড়ু অ্যামেন্ডমেন্টটা হচ্ছে The Land Acquisition (Tamil Nadu Amendment) Act, 1996 (Tamil Nadu Act 16 of 1997) এরা কি করেছেন ? ওই আইনে সরকার ল্যান্ড অ্যাকুইজেশন অ্যাক্টে সেকশন ৪৮ (এ)-র পরে After section 48-A of the principal Act, the following section

shall be inserted, namely : ৪৮ (বি) বলে একটা সেকশন করেছেন।

"Transfer of land to original owner in certain cases :

Where the Government are satisfied that the land vest in the Government under this Act is not required for the purpose for which it was acquired, or for any other public purpose, the Government may transfer such land to the original owner who is willing to repay the amount paid to him under this Act for the acquisition of such land inclusive of the amount referred to in Sub-section (1-A) and (2) of section 23, if any, paid under this Act."

এইটুকু একটা স্টেট অ্যামেন্ডমেন্ট, একটা প্যারা, এটা আপনাদের যে উদ্দেশ্য আপনাদের যা আপনাদের ঘোষিত উদ্দেশ্য তা অতি সহজে তা বাস্তবায়নে কার্যকরী হতো। আপনরা যেটা এনেছেন তার সমস্যা কি, স্পষ্টিকরণ। মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী এবং মাননীয় শিল্পমন্ত্রী তাদের কাছে স্পষ্টীকরণ চাইছি যে কি অসুবিধা আপনার, আপনি এখানে বলেছেন, বিভিন্ন ধারা উল্লেখ করা হয়েছে, ল্যান্ড ভেস্ট করা হবে, ল্যান্ড টেকন ওভার হবে, অ্যাকুইজিশন কথাটা বলেননি। বলুন বা না বলুন যেটা সবাই জানে যে সিঙ্গুরের ওই জমি, যেটা ল্যান্ড অ্যাকুইজিশন অ্যাক্টে তা অধিগৃহীত হয়েছে। কাজে এটা আপনি যে আইন করবেন এই ১৮৯৪-এর অ্যাক্ট উইথ অ্যামেন্ডমেন্টস এবং টাইম টু টাইম যে সেন্ট্রাল অ্যাক্ট তার সঙ্গে ইনকনসিস্টেন্ট হবে এবং যে বলছেন আমরাও যে দিতে পারিনি, কেন আমরা দিতে পারিনি এই জন্য যে ওই আইনে ওটা দেওয়া যায় না। দেওয়া যায়, ওই আইনটা অ্যামেন্ডমেন্ট করে তবে দেওয়া যায়। আইনটা অ্যামেন্ডমেন্ট না কের দেওয়া যায় না। এই আইন যদি অ্যামেন্ডমেন্ট করা যায় তবে দেওয়া যায়। আপনার আইনে অসুবিধা কি ? এক, আপনি আটকে যাবেন। স্টেট অ্যাকুইজিশন অ্যাক্ট যেটা পার্লামেন্টের অ্যাক্ট আপনি তার বিরোধিতা করছেন। এই আইনটা স্টেট অ্যাকুইজিশন অ্যাক্ট যেটা পার্লামেন্টের অ্যাক্ট আপনি তার বিরোধিতা করছেন। এই আইনটা তার সঙ্গে ইনকনসিস্টেন্ট হচ্ছে। রিপাগনেন্ট হচ্ছে। আপনার দ্বিতীয় সমস্যা হচ্ছে এটা আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আপনি অনিচ্ছুকদের জমি ফেরত দেবেন। এই আনউইলিংদের সংজ্ঞা আপনি লেখেননি, অনিচ্ছুকদের ডেফিনিশন কি হবে ?

কিন্তু আপনি দিচ্ছেন অনিচ্ছুকদের, আর যারা ইচ্ছায় জমি দিয়েছিল, ভেবেছিল ওখানে কারখান হবে, এই ইচ্ছায় জমি দিয়েছিল, কিন্তু এখন কারখানা হচ্ছে না। জমি ডেভলপ করেছে। আপনি যার কাছ থেকে যে জমি নিয়েছিলেন, তাকে ফেরত দিতে পারবেন, আপনি বলেছেন ওই কোয়ান্টাম অফ ল্যান্ডের। সোনা জমি আপনি দেবেন। সোনা জমি নিয়েছিলেন একজনের কাছ থেকে আপনি দেবেন যার শালি জমি ছিল। যার শালি জমি ছিল তাকে দেবেন সোনা জমির কাছে। এতে সমস্যা কি—এই যে আপনি ইচ্ছুক

অনিচ্ছুকদের ভাগ করছেন, সবাইকে দিচ্ছেন না, এতে প্রিন্সিপ্‌ল ...ইং... করেছে। এটা বিরোধিতা হচ্ছে। স্যার, আপনি আইনজ্ঞ। আপনি নিশ্চয় আমার সঙ্গে সহমত পোষণ করবেন। (৩) লিজ দেওয়া হয়েছিল টাটা মোটরস এবং তার ভেন্ডারসদের। লিজ দেওয়া হয়েছিল কিসের—ট্রান্সফার অফ প্রপার্টি অ্যাক্টে। ট্রান্সফার অফ প্রপার্টি অ্যাক্টে আপনি এখন যেটা করতে পারেন সেটা হচ্ছে ক্যানসেলেশন অফ দ্য লিজ। লিজটা আপনি ক্যানসেল করে দিতে পারেন ইন রেস্টোরেশন। আপনি এখনকার আইন যেটা আছে ট্রান্সফার অফ প্রপার্টি অ্যাক্টে আপনি করতে পারেন, এবং তাতে আপনি টাটার কাছ থেকে কমপেনসেশন চাইতে পারেন। আমি মাননীয় শ্রী পার্থ চট্টোপাধ্যায়ের উদ্দেশ্যে স্যার আপনার মাধ্যমে বলছি।—আপনি দেখবেন সব কাগজপত্র আছে আমার যা মনে আছে তার থেকে বলছি—যে যখন ওখানে কিছু হচ্ছে না আটকে গেল, টাটা চলে গেল, গুজরাটে সানন্দর ওখানে চলে গেলে। ওখানে কি ১১০০ একর জমি দিয়ে দিল, ওখানে চলে গেল। তখন আমরা বুঝলাম যে কি করবেন, কি হবে, এই জমিটা কি এখানে পড়ে থাকবে ? কি হবে এখানে ? আমাদের থেকে লেখা হয়েছে। সব কাগজপত্র এখন আপনার কাছে থাকবে, আপনার দপ্তরে থাকবে। আপনি দেখে নেবেন। তারপরে যখন ওরা বললেন সেটাও হয়তো আপনার কাছে থাকবে, আপনি দেখবেন। ওরা বললেন যে 'আমরা তো চেয়েছিলাম, কিন্তু এটা হল না। ঠিক আছে যদি আমাদের কাছ থেকে ফেরত চান এসব, তাহলে আমার কমপেনসেশন দিলে আমি চলে যাব। আমার আর আমার যারা ভেন্ডার আছে, তাদের কমপেনসেশন দিলে—টাকার অংক টংক বলেছিলেন।' আমার খেয়াল পড়ছে প্রায় ৫০০-৬০০ কোটি টাকা হবে। তখন শিল্প দপ্তর মুখ্যমন্ত্রীর সম্মতি নিয়ে সিদ্ধান্ত হয়েছিল যে কমপেনসেশন দেওয়ার প্রশ্ন ওঠে না এবং কেন, সেসব লেখা আছে। সব আপনার দপ্তরের ফাইলে আছে। অনুগ্রহ করে আপনি দেখবেন। এবং আপনি পরে দেখলেও হবে। এখন নয়। আমি বলছি যে এটা তার মানে দাঁড়াচ্ছে যে আপনি ট্রান্সফার অফ প্রপারটি অ্যাক্ট যদি আপনি এটা করতেন তাহলে আপনাকেও কমপেনসেশন দেবে। আপনি এখন বিলে বলছেন টাটাকে কমপেনসেশন দেবেন। কেন দেবেন ? যেখানে আপনার কমপেনসেশন পাওয়ার কথা, এবং সেটা সরকারের সিদ্ধান্ত ছিল, আমরা ওদের কোনো কমপেনসেশন দেব না, ফলে ট্রান্সফার অফ প্রপারটি অ্যাক্ট, কনট্রাক্ট অ্যাক্ট, অ্যাকুজিশন অ্যাক্ট...ইং... ইত্যাদি ইত্যাদি এতগুলি জটিলতা তৈরি হচ্ছে। একটা সহজ সমাধান মেটার ছিল, সেই সজহ সমাধান না করে (গোলমাল)... এই রকম যদি হয় স্যার, আপনার কাছে বারবার প্রোটেকশান চাইছি। সেজন্য এখানে স্যার এতগুলি অ্যাক্ট অ্যাটাচড আমি আপনাকে খালি বিনীতভাবে সতর্ক করে দিচ্ছি। এই আইনটা যে ফর্মে আছে, সেই ফর্মে যদি যায়, ...ইট, ইং... এই ঝুঁকি নেবেন না। তারচেয়ে খুব সহজ রাস্তা আছে, আমি যেটা বললাম তার ভিত্তিতে দাঁড়িয়ে এই বিষয়টার সমাধান করা যায়। সমাধান করা সম্ভব। আমরা বিশ্বাস করি। আপনারা যদি আলোচনা করতেন বিরোধীপক্ষকে গুরুত্ব দিতেন (গোলমাল).....

মিঃ স্পীকার : প্লিজ বসুন আপনারা, আপনারা ওঁকে বলতে দিন।

ডঃ সূর্য্যকান্ত মিশ্র : আপনারা যদি আলোচনা করতেন এই বিল, যদি আরও আগে দিতেন তাহলে কি সুবিধা হত, আমরা আলোচনা করতে পারতাম। যার একটা খসড়া

করেছি। আমাদের এই বক্তব্য আছে, শুনতেন। তিনদিন কি চারদিন।.... (গোলমাল) এই যে স্যার অনেক কথা বলা হচ্ছে এবং বলা হয়েছে, আমি আপনাকে আবার বলব, আপনি অনুগ্রহ করে স্পিচগুলো দেখবেন এবং কোন কোন ওয়ার্ড এক্সপাঞ্জ করতে হবে, কোন কোন পোর্শন এক্সপাঞ্জ করতে হবে, আমার আপনাকে সেসব বলার ধৃষ্টতা নেই....

মিঃ। স্পীকার : আপনি বলুন শিচয়ই দেখে নেব।

[2.30—2.40 p.m.]

ডঃ সূর্য্যকান্ত মিশ্র : আপনি নিশ্চয়ই পুরো প্রসেডিংটা দেখে নেবেন। অনেক বিষয় আছে, যা এক্সপাঞ্জ করতে হবে। আমরা এই রকম আচরণ করছি না, করিনি, ওখানে যখন ছিলাম, তখনও করিনি এই আচরণ।... (গোলমাল) এই জন্যই বলছি, বলবার সময়... (গোলমাল) আমি আপনাদের লিস্ট-২, সেভেন সিডিউলের লিস্ট-২, যেখানে ১৮ নম্বর ধারায় ল্যান্ড স্টেটস্ আছে। মানে রাজ্য সরকারের রাজ্য তালিকাভুক্ত বিষয়। কিন্তু লিস্ট-৩, কনকারেন্স লিষ্ট, যেটা হচ্ছে যুগ্ম তালিকাভুক্ত বিষয়, ল্যান্ড অ্যাকুইজিশন, রিকুইজিশন—এইসব হচ্ছে লিস্ট-৩ এই কনকারেন্স লিস্টের মধ্যে পড়ে। কনকারেন্স লিস্টের মধ্যে যে যে বিষয় পড়ে, আপনি যদি সেই সেই বিষয়ে এখানে এই হাউসে আইন প্রণয়ন করেন, তাহলে আপনার রাষ্ট্রপতির অনুমোদন লাগবে। আপনি এ.আই. যে ফর্মে করেছেন, এটা যদি রাষ্ট্রপতির অনুমোদনের জন্য যায়, আমি চিন্তিত এটা অনুমোদন পাবে না। আর আপনারা পাঠাবেন কি না, তাও আমরা বলতে পারছি না। এখানে কিছু লেখা নেই। আপনারা তার অ্যাপ্রুভাল নিয়েছেন কি না পরে যাবে কি না, আমি সেসব বিষয় জানি না। নিশ্চয়ই বলবেন, যারা পরামর্শ দিয়েছেন। আমি আপনাদের খালি বলতে চাইছি, যারা আপনাদের পরামর্শ দিচ্ছেন, যার পরামর্শে বিল তৈরি হয়েছে, যাদের পরামর্শে এই খসড়া তৈরি হয়েছে, তারা আপনাদের ভুল পথে পরিচালিত করছেন, বিপথে পরিচালিত করছেন এবং আপনার উদ্দেশ্য সাধনে তা বাধা হবে, বিলম্ব হবে, দেরি হবে, অযথা সমস্যা হবে। তার চাইতে সহজ রাস্তা যেটা ছিল, সেটাই হচ্ছে একমাত্র রাস্তা এবং আমরা মনে করি... (নয়েজ : আপনাকে অ্যাডভাইজার করে নেব) আমি আপনাদের অ্যাডভাইজার কোনোদিন হতে যাবো না, কিন্তু আমাকে যদি কখনো গভর্নমেন্ট ডাকেন... (ভয়েজ : মিঃ স্পীকার : ডাঃ মিশ্র আপনি বলুন, বলুন) যাইহোক, আমি যেটা বলতে চাইছি যে, আবারও বলছি আমি যে, তখনও আমরা একজিসটিং আইনের মধ্যে যা করা সম্ভব, আমরা করতে চেয়েছিলাম। আমরা যেহেতু পার্লামেন্টের একটা অ্যাক্ট ল্যান্ড অ্যাকুজিশন অ্যাক্ট যেহেতু পুরো বাতিল করে নতুন তার সঙ্গে দুটো অ্যাক্ট আসছে, ল্যান্ড অ্যাকুজিশনের জন্য বা জমি অধিগ্রহণের জন্য, রিহ্যাবিলিটেশন, সেটেলমেন্ট তার জন্য আলাদা আইন হচ্ছে, আমরা আশা করেছিলাম যে, সেই আইনটা পাশ হবে এবং সেই আইনের মধ্যে এইসব অনেক অনেক বিষয় যাতে অন্তর্ভুক্ত করা যায় এবং করা সম্ভব ছিল, এখনও সম্ভব এবং তা আমাদের অনেক সমস্যার—শুধু আমাদের রাজ্যের নয়, সারা দেশে এই জমি নিয়ে অনেক জায়গায় যে গোলমাল হচ্ছে, সেইসব সমস্যার সমাধান করা সম্ভব ছিল বা এখনও সম্ভব। সেই জন্য

আমরা তারও চেষ্টা করেছিলাম। দু'বছর অতিক্রান্ত হয়েছে, নতুন সরকারও করেননি কেন্দ্রে, আর বিগত সরকার—এখনও হয়নি। কিছু কিছু ক্ষেত্রে মতৈক্য হয়নি। কিন্তু আপনারা সরকারে রয়েছেন এখন, কেন্দ্রেও রয়েছেন। আপনাদের মতৈক্য হলে, এই রকম একটা আইন হলে তাতে সারা দেশের সমস্যার সমাধান হতে পারে। কিন্তু যতক্ষণ না তা হচ্ছে, আপনাদের আমি চুপ করে বসে থাকতে বলছি না, আমি বলছি, আপনি একটা স্টেট অ্যামেন্ডমেন্ট আনুন, এই রকম একটা প্যারা, আমি যে রকম বললাম। যদি চান আমারা আরও বিশদ তথ্য দিতে পারি। আর কেন এগুলো দাঁড়াবে না, তার জন্য সুপ্রীম কোর্টের এতগুলো জাজমেন্ট আমি আপনাকে এক্ষুনি দিতে পারি। এত জাজমেন্ট আমি এখন দিতে পারি যে, কেন আল্ট্রা ভাইরাস ডিক্লেয়ার হতে পারে, তার রিস্ক রয়েছে। হোয়াই সুড ইউ টেক দিস রিস্ক ? আপনি কেন সহজভাবে সমস্যাটার সমাধান করবেন না ? আমি কয়েকটা প্রশ্নের কেবলমাত্র ক্ল্যারিফিকেশন চাইছি। আমি আশা করি এর সদুত্তর পাব। আর যদি সদুত্তর না পাই, তাহলে স্বাভাবিকভাবে যে ফর্মে এটা আছে, আর যা অ্যামেন্ডমেন্ট দেওয়া হয়েছে, আমি আশা করেছিলাম যে, কিছু অ্যামেন্ডমেন্ট আরও এর সঙ্গে আসবে। এগুলো নেই এখানে। কি হবে সেটা বড় কথা না, যা দেওয়া হয়েছে তাতে এই উদ্দেশ্য পূরণ হবে না। আপনি আশ্বস্ত করবেন যে, কিভাবে এই উদ্দেশ্য পূরণ করবেন আপনার লক্ষ্য অর্জনের জন্য, যাতে আমরা আপনাকে সমর্থন করতে পারি বা যদি না পারেন, তাহলে আমাদের কোনো অন্য রাস্তা থাকবে না, এই বিল তখন হয়তো আমরা মেনে নিতে পারব না, আমাদের অংশগ্রহণ তখন বিচার করতে হবে।

শ্রীমতী মমতা ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়কে আমার কৃতজ্ঞতা জানাচ্ছি এই রকম একটা ঐতিহাসিক এবং গুরুত্বপূর্ণ দিনে গুরুত্বপূর্ণ বিলে দু-চারটি কথা বলবার জন্য আমাকে অনুমোদন দিয়েছেন বলে। আমি সমস্ত বক্তার বক্তব্য শুনেছি সরকারি দল এবং বিরোধী দল, আমার ভালো লেগেছে। যে যাঁর নিজের পয়েন্ট অফ্ ভিউ থেকে বলতেই পারেন এটা গণতান্ত্রিক অধিকার। বলেছেন, শুনেছি, বিতর্কটা ভালোই হচ্ছে, ইন্টারেস্টিং হচ্ছে। মাঝে মাঝে একটু চিৎকার-চেঁচামেচি হলেও লাইফটা অ্যালাইভ থাকে, ভালোই লাগে। কারণ কখনও কখনও কেউ কেউ আবার ঘুমিয়ে পড়েন অনেকক্ষণ বসে থাকতে থাকতে। সেই জন্য একটু অ্যালাইভ থাকলে ভালো হয়, কারণ এটা আমাদের সবাইকে জাগিয়ে দেয়। ..... (ভয়েস : চাষির ব্যাটা ঘুমোচ্ছে)..... চাষির ব্যাটাতো ঘুমোবে নিশ্চয়ই, চাষির ব্যাটা কি ঘুমোবে না, খাবে না। নিশ্চয়ই ঘুমোবে। সুতরাং হাউসটা অ্যালাইভ থাক। আমার পরে শিল্পমন্ত্রী, যিনি বিলটা এনেছেন তিনি ডিটেলস্ বলবেন। আমি আজকের দিনে বিশেষ করে সিঙ্গুরের সমস্ত কৃষক পরিবার, ক্ষেত-মজদুর থেকে শুরু করে, বর্গাদার, নন-বর্গাদার থেকে শুরু করে, ওখানকার সাধারণ মানুষ থেকে শুরু করে, তাপসী মালিকের বাবা-মা থেকে শুরু করে, তাঁদের পরিবার পরিজন থেকে শুরু করে, রাজকুমার ভুলুর বৃদ্ধা বাবা-মা থেকে শুরু করে, সিঙ্গুর আন্দোলনে যে সমস্ত মা-ভাই-বোনেরা দিনের পর দিন জীবনপাত করে লড়াই করেছেন, মার খেয়েছেন, কিন্তু কোনোদিন আন্দোলন থেকে সরে যায় নি—তাঁদের সবাইকে

আমাদের অভিনন্দন, কৃতজ্ঞতা, ধন্যবাদ, নমস্কার, এবং আস্ সালামো ওয়ালাইকুম জানাচ্ছি। আমি আজ শিল্পী, সাহিত্যিক, বুদ্ধিজীবী থেকে শুরু করে, অনেক সংবাদ মাধ্যম, অনেক সাধারণ মানুষ, অনেক গ্রামের যেমন স্বজন আছেন, গ্রামসহ এই আন্দোলন কলকাতা থেকে শুরু করে, সারা ভারতবর্ষ থেকে শুরু করে, সারা পৃথিবীর প্রান্তর ছড়িয়ে এক জায়গা থেকে আর এক জায়গায় ছড়িয়ে গিয়েছিল এবং অনেকেই আমাদের এই আন্দেলনকে সমর্থন করেছিলেন, তাঁদের সকলকেও আমরা আজকে স্মরণ করছি, অভিনন্দন জানাচ্ছি।

আজকে প্রথমেই এই বিল আনার কারণ হচ্ছে পরিবর্তন এসেছে মা-মাটি-মানুষের আশীর্বাদে, শুভেচ্ছায়, দোয়ায়। যে কোনো সরকার ক্ষমতায় আসলে তার কতগুলি কমিটমেন্ট থাকে। আপনাদের কমিটমেন্ট ছিল আপনাদের ক্যাডারদের ভাতা দেবেন, আপনারা দিয়েছেন, আমরা তো আপত্তি করিনি তখন। ১৯৭৭ সালে যাঁরা আপনাদের গণতান্ত্রিক আন্দোলনের ভাতা পেয়েছেন, তাদের ভাতা, স্বাধীনতা সংগ্রামী বলে আপনারা দিয়েছেন। সে লিস্টও আমার কাছে এসেছে। আপনারা দিয়েছেন আপনাদের কর্মসূচী ছিল। আমি এই ব্যাপারে এখনই কোনো মন্তব্যে যাচ্ছি না। কিন্তু আমরা সেটাই চাই, আমারও অনেক কর্মী খুন হয়ে গেছে, অনেক রাজনৈতিক কর্মী, অন্যান্য রাজনৈতিক দলেরও খুন হয়েছে। তাদের ভাতা দেওয়ার জন্য আজকের বিলটা নয়, এটা বুঝতে হবে। এই বিলটা অন্যায়ের বিরুদ্ধে মানুষকে সুবিচার দেবার। আমি রবীন্দ্রনাথ ঠাকুরের কোটেশান অনুযায়ী বলি "মানুষের অধিকারে বঞ্চিত করেছ যারে, সম্মুখে দাঁড়ায়ে রেখে তবু কোলে দাও নাই স্থান, অপমানে হতে হবে তাঁহাদের সবার সমান।" এই বিলটা করবার আগে বাংলার মাটির কথা নিশ্চয়ই আমাদের মনে পড়েছে। "বাংলার মাটি বাংলার জল, বাংলার বায়ু বাংলার ফল, পুণ্য হোক হে ভগবান।" অনিচ্ছুক বা ইচ্ছুকের মধ্যে ভাগাভাগি বা ক্ষেত-মজদুরদের মধ্যে ভাগাভাগি আমরা কোনোদিনও করিনি, বা করতে চাইনি। সিচুয়েশন বাধ্য করেছিল করতে—জোর করে কিছু মানুষকে দিতে বলা হয়েছিল, তারা দেয়নি। সেই কথাটা সাংবিধানিক কথা, অসাংবিধানিক কথা নয়। যাকে বলা হয় অনিচ্ছুক কৃষক। এটা ইচ্ছুক কৃষক যদি বলতেন—আমি অনিচ্ছুক, আমি দিতে পারছি না, তাদেরটা রেকর্ডেড হয়নি। আমার কৃষকে কৃষকে ভেদাভেদ করার কোনো ব্যাপার নেই। আর করব কেন ? সবাই সমান। আমাদের মধ্যে কোনো পার্থক্য আছে বলে আমি মনে করি না। আমি আজকে যেমন সিঙ্গুরের আন্দোলনকে স্মরণ করছি, আমি এইসব ঘটনা নিশ্চয়ই এখন বলব না, সময় কম।

[2.40—2.50 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়েরও কিছু টাইমের লিমিটেশন আছে যেটা আমাদের বলে দেন। অন্যান্যরাও বলেন বিল পাশ করার টাইম থাকে, তা নাহলে আমি সিঙ্গুরে আন্দোলন করতে গিয়ে কি কি অত্যাচার হয়েছে আমি কিছুটা বলতে পারতাম। কিছু না বললেও একটা তো বলি, ২৫শে সেপ্টেম্বর, ২০০৬ আমরা বসেছিলাম, একজনের চেক আর একজনকে দিয়ে দেওয়া হচ্ছিল। প্রতিবাদ করছিলাম। লাইট নিভিয়ে দিয়ে রাত্রি ১টার সময় যে অত্যাচার আমাদের উপর হয়েছিল, যে অত্যাচারের বলি সিঙ্গুরের প্রথম শহিদ রাজকুমার ভুলু। এমনকি তার বাবা-মাকে পরের দিন ডাইরি পর্যন্ত করতে দেওয়া হয়নি।

তার ডেডবডি নিয়ে গিয়ে পুড়িয়ে দেওয়া হয়েছিল। অনেক অত্যাচার। আমি এসব নিয়ে যখন সময় পাব, সুযোগ পাব বিস্তারিত বলব। আজকে আমি সেদিকে যাচ্ছি না। বিলটা আমার কাছে খুব গুরুত্বপূর্ণ। হ্যাঁ, টেকনিক্যাল কারণ আপনি তুলতেই পারেন। নিশ্চয়ই, it is your absolute democratic right যে বিলটাকে ল্যান্ড আনবে, কি ইন্ডাস্ট্রি আনবে, কি লিগ্যাল ডিপার্টমেন্ট আনবে, কি চিফ্ মিনিস্টার আনবে, কি পার্লামেন্টারি অ্যাফেয়ার্স আনবে। বলুন তো কোনটা আমাদের কাছে প্রায়োরিটি ? 'এ' প্রায়োরিটি, 'বি' প্রায়োরিটি, 'সি' প্রায়োরিটি, 'ডি' প্রায়োরিটি না প্রায়োরিটি নাম্বার ওয়ান। যদি আপনার সদিচ্ছা থাকে জমিটা ফিরিয়ে দেওয়ার প্রায়োরিটি, কোনটার সাথে আপনারা একমত ? একমত কোনটার সাথে ? যদি আপনার ইনটেনশান বলে ইয়েস, আমি জমিটা প্রথমে—কতকগুলো আইনেরও প্রসেস আছে। আমি হয়তো ভালো আইন বুঝি না, সূর্য্যকুমার বাবুর মতো বা রাজ্জাকবাবুর মতো। একটু একটু বুঝি, আমি প্র্যাকটিকাল আইনটা বুঝি।

(মাননীয় বিরোধী দলনেতা সূর্য্যকান্ত মিশ্র এই সময় আপত্তি জানিয়ে বলেন আমি সূর্য্যকান্ত, সূর্য্যকুমার নই)

সূর্য্যকুমার বাবু বলেছি, আমি আপনাকে বাবু বলেছি। বাবুতে আপত্তি আছে ? এটা আমরা ভদ্রভাবে অনেক সময় সম্বোধন করি। ঠিক আছে আমি বাবু বলেছি আপনার নামের সাথে, সূর্য্যকান্তবাবু। Is it ok ? Is it ok ? সূর্য্যকান্তবাবু, সূর্য্যকান্তবাবু বললাম অসুবিধা আছে ?

(মাননীয় বিরোধী দলনেতা সূর্য্যকান্ত মিশ্র এই সময় আপত্তি জানিয়ে আবার বলেন, যে সূর্য্যকুমার বলে তাকে অপমান করা হয়েছে)

(গোলমাল এবং তুমুল হট্টগোল)

প্লিস্ আমারটা আমাকে বলতে দিন কেউ ইন্টারফেয়ার করবেন না। ঠিক আছে আমি এবার থেকে আপনার নাম বলব না। আমি আপনাকে মাননীয় বিরোধী দলনেতা বলব, যাতে আপনার আপত্তি না থাকে। Sorry, if you are hurt, I apolozise to you. It is the courtesy of the democracy. Though I did not hurt you but your word touches me. আমি আপনাদের আবার বলি, এত তাড়াতাড়ি ধৈর্য হারাবেন না। সবে তো একমাসও হয়নি নির্বাচনের রেজাল্ট বেরিয়েছে, গভর্নমেন্ট শপথ নিয়েছে। তার মধ্যে এত তাড়াতাড়ি ভুল ধরতে শুরু করেছেন। আগে তো কিছু করে দেখান, তারপরে তো ভুল ধরবেন। কখনও কখনও বলছেন, দ্রুততর বিল করতে গিয়ে ভুল করছেন। ভুল করে ফেলব, আমলারা সবাই আমাদের মিসলিড করবেন। ভাই, আমলারা তো আকাশ থেকে পড়ে না। এই সেটআপ নিয়ে আপনিও কাজ করেছেন, আমিও করব। আপনি আমলাদের উপর ভরসা রাখতে পারেননি, it is your discredit. আমরা আমলাদের উপর ভরসা করছি, it is our credit, কাকে কিভাবে ব্যবহার করবেন এটা তো নিজেদের ব্যাপার। আমলা তো আমি আকাশ থেকে নিয়ে আসব না। আর আমি আমেরিকা, রাশিয়া থেকেও নিয়ে আসব না। Within my limitation whatever

the bureaucrats are available, they are working with the Government. আমি অ্যাপ্রিসিয়েট করি, তারা আমাদের মিসলিড করে বলে আমি বিশ্বাস করি না। এখনও পর্যন্ত করেনি, আগামী দিনেও করবে না। এ বিশ্বাস আমাদের আছে। ওদের যদি আজকে বলেন হেরে গিয়ে, যে ওরা মিসলিড করছে। এনারাইতো আপনাদের জমিটা দখল করতে সাহায্য করেছিল। তাকে দিয়ে করানো হয়েছিল। গভর্নমেন্ট যা বলেছে করেছে। কই তখনতো এ কথা আপনারা বলেননি। যাই হোক, কথা হচ্ছে টেকনিক্যাল আর প্র্যাকটিক্যাল দুটোর মধ্যে একটু তফাৎ আছে। টেকনিক্যালি আপনি বলতে পারেন ইন্ডাস্ট্রি কেন এনেছে ? এটা ইন্ডাস্ট্রি এনেছে তার কারণ W.B.I.D.C. জমিটাকে নিয়েছিল। তাদের এনট্রাস্ট করেছিল ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্ট। এগ্রিমেন্ট করেছিল টাটাদের সাথে। তাই প্রথমে আমাকে জমিটা নিয়ে নিতে হবে। জমিটা যখন আপনার পজেশনে এসে গেল তখন পলিশিটা কি করে চাষিদের দেবে সেটা ল্যান্ড ডিপার্টমেন্ট ঠিক করবে। কিন্তু আগে তো আপনাকে জমিটা পজেশনে নিতে হবে। জমিটা পজেশনে না পেলে চাষিদের দেওয়া হবে কি করে ? কাজেই আমার কাছে First priority is not technical, my first priority is practically যেটা মনে হওয়া উচিত সেটা। আইন মেনেই জমিটা W.B.I.D.C. ইন্ডাস্ট্রি মিনিস্ট্রি থেকে নেবে তার জন্যে তারা আইন করেছে। এরপর যখন আইনটা পাশ হয়ে যাবে, আপনারা সবাই মিলে করবেন, আপনারাও করবেন, আপনাদের সবাইকেই আমি অনুরোধ করছি, আর.এস.পি., ফরোয়ার্ড ব্লক, সি.পি.আই. থেকে শুরু করে এস.ইউ.সি. বন্ধুরা তো সাপোর্ট করেছেন। আমাদের অন্যান্য বন্ধুরা কংগ্রেস, তৃণমূল কংগ্রেস, আমাদের গোর্খা সবাই সাপোর্ট করেছে। আমি আপনাদেরও বলব আপনারাও সাপোর্ট করবেন, যদি করেন অবশ্য সেটা Absolutely your prerogative and your choice, যদি করেন। আর যদি নাও করেন গভর্নমেন্টের নিয়ম অনুযায়ী মেজরিটিতে হবে। টু-থার্ড, মোর দ্যান দু-থার্ড মেজরিটি আছে হাউসে, সুতরাং তারা সাপোর্ট করছে সুতরাং নো প্রবলেম।

তারপরে যখন এটা আইনে পাশ হয়ে যাবে, ন্যাচারেলি, মেজোরিটি দিলেই গণতন্ত্রে নিয়ম আছে পাশ হয়। (নয়েজ) নিয়ম তাই, তাতে পাশ। এত অধৈর্য ? এখনতো, এখনও একমাস হয়নি, ধৈর্যের বাঁধ ভেঙে গেল ? ৫ বছর পরে, ৫ বছর, ১০ বছর, ১৫ বছর, ৩৫ বছর আপনাকে অপেক্ষা করাবে জনগণ, তখন কি করবেন ? ধৈর্যটা তৈরি করুন। আমি আপনাদের এখনও বলি বন্ধু, দ্রুত কেন জানেন ? পোড়া গরু সিঁদুরে মেঘ দেখলে অনেক সময় ভয় পায়। ৩৫ বছর দেখেছি, একটাও সিদ্ধান্ত হচ্ছে না, টোটালটাই ব্যর্থতার সিদ্ধান্ত এবং প্রত্যেকটাই অনাচারের সিদ্ধান্ত। তাই বন্ধু দ্রুততর বেগে কাজটা আমাদের করতে হবে। তা না হলে বাংলায় জাগরণ হবে না, বাংলার উন্নয়ন হবে না। আমি এখনও মনে করি, প্রত্যেকটা মিনিট আমাদের কাছে খুব গুরুত্বপূর্ণ, প্রত্যেকটা দিন খুব গুরুত্বপূর্ণ। হেলায় অবহেলায় ৩৫ বছর নষ্ট করেছি বলে, ৫ বছর ঘুমিয়ে কাটাব এ মানসিকতা আমাদের নেই। আমাদের মানসিকতা প্রত্যেকটা ইঞ্চি আমরা ঠিকমতো ইউটিলাইজ করবো। বাংলা অনেক পিছিয়ে গেছে। কৃষি বলুন, শিল্প বলুন, শিক্ষা বলুন, স্বাস্থ্য বলুন, সংস্কৃতি বলুন, আমাদের

ছাত্র-যৌবনদের কিচ্ছু নেই। মেধারা বাইরে চলে গেছে। এই অবস্থায় কাজ না করলে কোনো উপায় নেই। সেই জন্যই আমাদের নিশ্চয় দ্রুততর বেগে করতে হচ্ছে। কিন্তু আপনারা বলছেন না বারবার, দ্রুততর করতে গিয়ে ভুল করবেন, আমাদের পরামর্শ মানুন। আপনিও তো ভুল পরামর্শ দিতে পারেন। যদি আমি মনে করি বলব। আমি বলছি না আপনি আমাকে ভুল পরামর্শ দেবেন। আমি মনে করি অপজিশনে কনস্ট্রাকটিভ ক্রিটিসিজম আমি অলয়েজ ওয়েলকাম করছি। এবং আপনাদের ভালো পয়েন্ট যদি আমার কাছে আসে জেনে রাখবেন, আমায় যদি অন্য কেউ বিরোধিতা করে আমি শুনব না, আমি আপনার পয়েন্টটা গ্রহণ করব। যদি আপনি ভালো পয়েন্ট দেন, কনস্ট্রাকটিভ ক্রিটিসিজম দেন, অলয়েজ ওয়েলকাম করবো। এইতো রজ্জাকবাবু কতবার বলেছেন যে, আমি জমিটা ফেরত দিতে চেয়েছিলাম আমার সরকার চায়নি। আপনি পারতেন দিতে, আপনারা পারেননি বলে আমরা দেবনা এটা ঠিক নয়। ওটা আপনাদের কর্মসূচী ছিল, এটা আমাদের কর্মসূচী। আমরা জমিটা ফেরত দেব, চাষিদের। তামিলনাড়ুর ল'টা মাননীয় বিরোধী দলনেতাও উল্লেখ করেছেন, তামিলনাড়ুর ল'টা আমরা জানি। তামিলনাড়ুর ল'টা হচ্ছে ল্যান্ডের বদলে ল্যান্ড দেওয়া এবং সেটা হচ্ছে কৃষকদের লিজ দেওয়ার ব্যাপার আছে। আমরা লিজ দেব না। আমরা কৃষকদের স্বত্ব দিয়ে পুরোপুরি তার অধিকার ফিরিয়ে দেব। যে কথা রবীন ভট্টাচার্য, বেচারাম মান্নারা বলেছে, আমরা সেটাই করব। সব এই ল'গুলো টুকটাক দেখে নিয়েছি, আর এই জমিটা যখন পজেশনে চলে আসবে, মানে ইন্ডাস্ট্রি ডিপার্টমেন্ট থেকে মুভ করে আইনটা পাশ হয়ে যাবে, তারপরই ল্যান্ড থেকে পলিশি করে। ল্যান্ডও ওই বিলে আমরা যখন এটাকে সবাই মিলে এনডোর্স করেছি, তারাও পাঠিয়েছিল, আমি নিজেও ছিলাম। এইগুলো ভেবেই করা হয়েছে, কাজেই সেদিকটা কোনো অসুবিধা হবে বলে আমার মনে হয় না। আর বাদ বাকি আমি এখনও বলি আপনাদের যে, আমরা একটা জমি নীতি করছি। কেন্দ্রীয় সরকারের যে জমি নীতি ১৮৯৪ এটাকে আমি ড্র্যাকোনিয়ন ল' বলি। এই ল'টাকে আমরা কেউ সাপোর্ট করি না। এবং শুধু আজকে বাংলায় নয় সারা ভারতবর্ষে এর জন্য প্রত্যেকেই সাফার করছে। এটা আমরা আমাদের দলের পক্ষ থেকে অলরেডি আমরা ওটা রেকটিফাই করতে বলেছি এবং ইউ.পি.এ. সরকার করছে এটা। আমরা একটাই কথা বলি, আমাদের বেঙ্গলে জমি নীতি আমরা তৈরি করছি। এবং এত সর্ট টাইমের মধ্যেও আমরা দেবব্রত বন্দ্যোপাধ্যায় এবং সৌমেন্দ্রনাথ বোসকে নিয়ে একটা জমি কমিটি, এক্সপার্ট কমিটি তৈরি করেছি। তাঁরা আমাদের কাছে খুব তাড়াতাড়ি জমি নীতি নিয়ে তাঁদের ওপিনিয়ন দেবেন। আমি একটা কথাই হাউসে গর্বের সাথে বলি, আমাদের সরকার, মা-মাটি-মানুষের সরকার জোর করে জমি দখল করবে না, বন্দুক দিয়ে জমি দখল করবে না। কাটোয়া নিয়ে রবিবাবু বলছিলেন, আমি তাঁর সাথে একমত, কয়েকদিন আগে আমার সাথে কথা হচ্ছিল এই নিয়ে। তাঁরা আমায় বলছিলেন যে, যাঁরা করছেন, বিদ্যুৎ কেন্দ্র নিশ্চয় হওয়া প্রয়োজন আছে, কিন্তু আমি তাদের একটা কথাই বলেছি, যে জমিটা অলরেডি, যে জমিটা অলরেডি আছে পজেশনে সেটা ঠিক আছে, কিন্তু নতুন করে আর জমি দখল করে আমি আর অশান্তি করতে দেব না। এটা আমাদের হচ্ছে একটা—ওর মধ্যেই করে নিন। আমরা নতুন করে, দেখুন কোনো কোনো, আয়লা বাঁধের ব্যাপারে এটা খুব প্রায়োরিটি, নাম্বার ওয়ান, বাঁধ ভেঙে গেলে লোক মরে যাবে। সেটাও আমরা বলেছি গ্রামসভা, পঞ্চায়েত সমিতি, জেলা

পরিষদ, এম.এল.এ., এম.পি. সকলকে নিয়ে ইনভল্‌ব করে কথা বলবে, সেখানে দরকার হলে গভর্নমেন্ট একটা সরকারি চাকরি দেবে, সেটা অল্প একটু জায়গা বাঁধের জন্য খুব ইম্পরট্যান্ট। আবার অনেক সময় হয় কি, অপশান না থাকার জন্য বেশি দখল করে নেওয়া যায়। যেখানে কনজেস্টেড নয়, মানুষের অসুবিধা হবে না, মানুষকে সাথে নিয়ে কনফিডেন্স-এ নিয়ে তাদের টোটাল প্যাকেজ দিয়ে তবে আয়লার বাঁধের ওটা হবে।

[2.40—3.00 p.m.]

এটা আমরা অলরেডি বলেছি। জোর করে জমি দখল করলে—দেখুন, মানুষকে ভাত দেওয়ার ক্ষমতা নেই, কিল মারার গোঁসাই, আমাদের সরকার হবে না। আমরা মনে করি, মানুষকে মর্যাদা দিয়ে, অধিকার দিয়ে, তারপরেই আমরা কাজটা করব। এবং আজকের এইদিনে এই বিলটা আপনারা সবাই মিলে পাশ করুন। এটা শুধু বাংলার নয়, এই বিলটা সারা পৃথিবীর মানুষকে পথ দেখাবে। অনেক অনেক জায়গায় করব বলে নিয়ে রেখে দেয়, সেগুলিতে কারখানাও হয় না, কৃষিও হয় না, শিল্পও হয় না, জমিগুলি পড়ে থাকে আর মানুষের দীর্ঘ নিঃশ্বাস পড়ে। এটা, আমরা যে জিনিসটা করছি—এটার ফলে, আর এটা হচ্ছে, গভর্নমেন্টের পলিসি ডিসিসান। আইন আছে, আদালত আছে, নিশ্চয় আইন আদালত অনেক ক্ষেত্রে কাজ করে ; আইন আদালত মেনেই আমরা চলব। কোনো কোনো ক্ষেত্রে মনে রাখবেন, গভর্নমেন্টের পলিসি ডিসিসান আছে। পলিসি ডিসিসানকে রেসপেক্ট দিয়ে করুন। ইচ্ছা থাকলে উপায় হয় বলে আমি মনে করি। যে ইচ্ছা যখন আছে, আমরা কৃষকদের অনিচ্ছুক কৃষকদের জমি ফিরিয়ে দেব। এটা আমাদের সিদ্ধান্ত। আর একটা যেটা বলছিলেন যে আমলারা আপনাদের ভুল করতে সিদ্ধান্ত দেবে এবং আপনাদের ছুটিতে পাঠিয়ে দেবে। আমি আপনাদের একটা কথা বলি, মানুষ ছুটিতে তাদের পাঠায়, যারা মানুষকে বিচার দেয় না। মানুষ ছুটিতে তাদের পাঠায় না যারা বিচার দেয়। কাজেই মনে রাখবেন, মানুষ আপনাদের ছুটিতে পাঠিয়েছেন। You enjoy that chhuti, অনেকদিন হয়ে গেল। যাঁরা এসেছেন তাঁদের কাজ করতে দিন। একমাসের মধ্যে ভুল ধরবার চেষ্টা করবেন না। ওয়েট ; একটু অপেক্ষা করুন। ধৈর্য ধরুন, সহযোগিতা করুন। চিন্তা নেই, আমরা সবাইকে নিয়ে কাজ করব, এটা আমাদের ইনটেনশন এবং বাংলার মানুষকে নিয়ে কাজ করব এই বিশ্বাস আমার আছে। আজকে এই বিলটা আমি হাউসের এপক্ষ ওপক্ষ সবার কাছে, সব মেম্বারদের কাছে অনুরোধ করব, আপনারা পাশ করান। ভালো জিনিস এইভাবেই করবেন। ভালো জিনিসের কখনও এপক্ষ ওপক্ষ হয় না। ভালো জিনিসের সব পক্ষই একসাথে থাকা উচিত। সবাই মিলে আসুন, আমরা মনে করি এটা আমাদের বিধানসভা, আমরা সবাই রাজা, আমাদেরই এই রাজার রাজত্বে। রবীন্দ্রনাথ ঠাকুরের ভাষায়, ইচ্ছুক অনিচ্ছুক নয়, আমরা সবাইকে কেয়ার করি, ইচ্ছুকদেরও ভালোবাসি, অনিচ্ছুকদেরও ভালোবাসি, ক্ষেত-মজুরদেরও ভালোবাসি। ক্ষেত-মজুরদের সংখ্যা অনেক বেড়ে গেছে, তাদের জন্য কোনো কাজ হয়নি। আগামীদিনে তাদের জন্য আমরা ভালো করে প্যাকেজ করব। এটা সবাই মেনে নিয়ে করুন, আমার মনে হয় কোনো অসুবিধা হবে না। অনেক অনেক ধন্যবাদ। আমি মাননীয় অধ্যক্ষ

মহাশয়কে আমার কৃতজ্ঞতা জানাই যে তিনি হয়তো ২/৪ মিনিট—আমি একটু বেশি নিয়ে ফেলেছি—আমায় সময় দিয়েছেন, সেই জন্য এবং মাননীয় সদস্যরা ও সদস্যারা শুনেছেন, আপনাদের অনেক অনেক ধন্যবাদ, অনেক অনেক নমস্কার।

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে একটা অন্তত ঐতিহাসিক দিন বলে আমি ভাবছিলাম ওই চেয়ারগুলির দিকে তাকিয়ে যে, আপনারা যে ধরনের কথার মধ্যে দিয়ে আজকে শুরু করেছেন, প্রত্যেকের কথাটা আমি এখানে টুকে রেখেছি যেমনভাবে বিধানসভার প্রসিডিংসেও আপনাদের কথা টোকা আছে। আমি মাননীয়া মুখ্যমন্ত্রী এবং অন্যান্য সদস্য, বিরোধী দলনেতা, প্রাক্তন মন্ত্রী রেজ্জাক মোল্লা সাহেব সহ এবং আমাদের সরকারি পক্ষের যে বক্তারা বক্তব্য রেখেছেন, সব কয়টাকে মাথায় রেখেই আপনারা কিছু কিছু আইনগত প্রশ্ন তুলেছেন। যা আমি এখানেই বই নিয়ে বসেছিলাম, আমি জানি বিরোধী দলনেতা এই ধরনের প্রশ্ন করবেন, কেননা বেশ কয়েকদিন ধরে তারা বিভিন্ন কাগজে এই ধরনের প্রশ্ন করছেন। তো কাগজের বিষয়গুলি তো আর বিধানসভার বিষয় হতে পারে না। আপনি যেটা বললেন, হয়তো সেটা বিষয় হতে পারে। কাগজের পড়াটা ওটা বিষয় হতে পারে না এখানে। আমাদের এই সরকার সমস্ত দিক ভেবে-চিন্তে, আইনানুগ বিষয়গুলিকে সম্মিলিত আকারে দেখার পর—এবং সেদিকে শুধু সময় নয়, বেশ কিছু অ্যামেন্ডমেন্ট আমি আপনাকে বলেছি, আমি নোটিশ পেয়েছি শোভনবাবুর কাছ থেকে।

সেগুলিকে নিয়ে আমাদের যে লক্ষ্য, সিঙ্গুরের কৃষককুলের যে চোখের জল, ২৬দিন ধরে ওই ঠান্ডায়, ডিসেম্বরের ঠান্ডায়, জমি রক্ষার জন্য যিনি আন্দোলন করলেন মমতা বন্দ্যোপাধ্যায়, সিঙ্গুরে যে কৃষক রমণীরা নির্যাতিত হল, অত্যাচারিত হল এবং পুলিশের অত্যাচার শুধু নয় প্রধান রাজনৈতিক দলের ঠ্যাঙাড়ে বাহিনীর হাতে তাদের যে নির্মম প্রহার করা হল, আজকে আমরা তা ভুলে যেতে চাই। 'ধূলির প্রাপ্য ধূলিকে না দিলে জঞ্জাল বাড়ে শেষটা।' আমরা তাই এগিয়ে যেতে চাই। আমাদের মুখ্যমন্ত্রী সময় নষ্ট করতে চাইছেন না কেন ? কারণ ৩৫ বছর আমাদের রাজ্যটা শুধু পিছিয়ে গেছে, অর্থনৈতিকভাবে পিছিয়েছে। আইন-শৃঙ্খলায় উচ্ছৃঙ্খল, নিয়ন্ত্রণহীন একটি সরকার তার বিরুদ্ধে মা-মাটি-মানুষের সরকারের আস্থা জাগিয়ে, মমতা বন্দ্যোপাধ্যায়ের ওপর আস্থা জাগিয়ে তারা আমাদের সমর্থন করেছেন। আমি আবার আপনাদের কাছে অনুরোধ করব, যে ভুল আপনারা নিজেরাই নিজেদের অন্তর থেকে এখানে বলার চেষ্টা করেছেন বলে মনে হচ্ছে, তাহলে আসুন যে বিলটা আমরা মুভ করেছি এবং যে অ্যামেন্ডমেন্টগুলো পরবর্তীকালে এখানে প্লেসড হবে তাকে সবাই মিলে, অন্তত একটা ঐতিহাসিক সিদ্ধান্তে, ঐতিহাসিক সহমতের ভিত্তিতে তা গ্রহণ করি।

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : স্যার পয়েন্ট অফ অর্ডার এই জন্য যে আমি কয়েকটা কন্সটিটিউশনাল প্রভিশানের কথা তুলেছি। আমি প্রত্যেকটা খুব স্পষ্টভাবে বলেছি। একটারও জবাব সুনির্দিষ্টভাবে দেওয়া হয়নি। মাননীয়া মুখ্যমন্ত্রী বললেন তামিলনাড়ুর আইন দেখেছেন। আমি এটা পড়ে দিলাম। আমার কাছে কপি আছে। এটা লিজের কথা নেই,

ট্রান্সফারড, জমি কাউকে ফেরত দেওয়া হবে। এটাই সুনির্দিষ্টভাবে লেখা আছে। আই হ্যাভ টু কপিজ উইথ মি। হি ইজ মিস লিডিং দ্যা হাউস।

.....(গোলমাল).....

Mr. Speaker : This is not related to the procedure of the house. This is not related. This point of order cannot be allowed. I do not allow this. It is disallowed.

(এই সময় বিরোধী দলের মাননীয় সদস্যরা স্লোগান দিতে দিতে সভাকক্ষ ত্যাগ করেন।)

..... গোলমাল).....

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে যারা কৃষকের জন্য জল ফেলবার চেষ্টা করেছেন আসলে এটা নাটক, এটা ড্রামা। এটা তাঁরা করবেন বলেই ঠিক করেছেন। কিন্তু ভেতরে এসে কৃষক বিরোধী ভূমিকা, আমরা সবাই লক্ষ্য করলাম যে এরা কৃষক বিরোধী ভূমিকা নিয়ে সভায় অংশ নিয়ে নাটক তৈরি করে তারা চলে গেলেন। এদের মানুষ কোনোদিন ক্ষমা করবেন না, সিঙ্গুরের মানুষ ক্ষমা করবেন না, কৃষক মানুষ কোনোদিন ক্ষমা করবেন না।

[3.00—3.14 p.m.]

ডাঃ মানসরঞ্জন ভূঁঞ্যা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, দীর্ঘদিন ধরে আমরা এই হাউসে আছি, আমরা ছিলাম ঐদিকে, এখন এদিকে। মাননীয়া মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা ব্যানার্জী এবং মুভার অফ দি মোশান অনারেবল ইন্ডাস্ট্রি মিনিস্টার পার্থ চট্টোপাধ্যায় এবং সমস্ত বক্তারা তাদের বক্তব্য রাখলেন। সম্মানীয় বিরোধী দলনেতা প্রথা ভেঙে রিপ্লাইয়ের পরে, মাননীয় মুখ্যমন্ত্রীর ভাষণের পরে, পয়েন্ট অফ অর্ডারের অজুহাত তুলে এই বিলকে সমর্থন না করে হাউসের বাইরে চলে গেলেন। এটা শুধু টেকনিক্যালি একটা ভুল পদক্ষেপ নয়, ইট ইজ এ আন কনস্টিটিউশনাল স্ট্যান্ড বাই দি অপোজিশান। আই অ্যাম সে ডেলিবারেট স্ট্যান্ড— নাম্বার ওয়ান এবং নাম্বার টু, মার্কসবাদী কমিউনিস্ট পার্টি এবং বামফ্রন্ট আরও একবার প্রমাণ করলেন, তারা বিগত সরকারের অত্যাচারী মানসিকতা বিরোধী দলে বসেও এখনও ত্যাগ করতে পারছেন না। সরকারের এই যে সদিচ্ছা এবং মাননীয়া মুখ্যমন্ত্রীর ঐতিহাসিক মুহূর্তে এই যে পদক্ষেপ তাকে মেনে নিতে পারলেন না। এটা লজ্জার, এটা কলঙ্কের। এটা আজকে হাউসে নথিভুক্ত হয়ে থাকল।

It is unconstitutional stand by the opposition and it's a deliberate stand....

Mr. Speaker : With the permission of the House time is extended by 10 minutes.

The motion of Shri Partha Chatterjee that the Singur Land Rehabilitation and Development Bill, 2011 be taken into consideration was then put and agreed to.

CLAUSE–2

Mr. Speaker : There are amendments no. 1 &2 in clause 2. The amendments are in order. Now I call upon Shri Sobhandeb Chattopadhyay to move his amendment.

Shri Sobhandeb Chattopadhyay : Mr. Speaker, Sir, I beg to move that in Clause 2, in sub-clause (b), for the words "as more fully described in the Schedule", the words "and the land held by WBIDC" be substituted. (Amendment No. 1)

Shri Partha Chatterjee. Mr. Speaker, Sir, I accept the amendments.

The motions of Shri Sobhandeb Chattopadhyay (Amendment Nos. 1 & 2) were then put and agreed to.

The question that clause 2, as amended, do stand part of the Bill was then put and agreed to.

Shri Sobhandeb Chattopadhyay : Sir, I beg to move that in Clause 3, the words "mentioned in the Schedule" be omitted.

Mr. Speaker : Hon'ble Minister, are you accepting the amendment ?

শ্রী পার্থ চ্যাটার্জী : আমি এটা গ্রহণ করছি।

The motion of Shri Sobhandeb Chattopadhyay (Amendment No. 3) was then put and agreed to.

The question that the Clause 3 as amended do stand part of the Bill was then put and agreed to.

CLAUSE–4

There are amendments (Amendment Nos. 4 & 5) to Clause 4 by Shri Sobhandeb Chattopadhyay. Mr. Chattopadhyay may now move his motion.

Shri Sobhandeb Chattopadhyay : Sir, I beg to move that in clause 4, in sub-clause (1), for the word and figure "section 4", the word and the figure "section 3" be substituted.

Shri Sobhandeb Chattopadhyay : Sir, I beg to move that in Clause 4, in sub-clause (2), for the word and figure "section 4", the word and the figure "section 3" be substituted.

Mr. Speaker : Do you accept the amendments ?

শ্রী পার্থ চ্যাটার্জী : শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় সংশোধনের জন্য যে প্রস্তাব রেখেছেন তা গ্রহণ করছি।

The motions of Shri Sobhandeb Chattopadhyay (amendment Nos. 4 & 5 were then put and agreed to.

The question that Clause 4 as amended do stand part of the Bill was then put and agreed to.

CLAUSE–5

Mr. Speaker : There are amendment to Clause 5 by Shri Sobhandeb Chattopadhyay. Mr. Chattopadhyay may now move his motions.

Shri Sobhandeb Chattopadhyay : Sir, I beg to move that in clause 5, in sub-clause (1), the words "mentioned in Part II of the Schedule" be omitted.

Shri Sobhandeb Chattopadhyay : Sir, I beg to move that in clause 5, in sub-clause (2), for the words "mentioned in Part I of the Schedule hereto", the words "leased to Tata Motors Limited" be substituted.

Mr. Speaker : Are you accepting the amendments ?

শ্রী পার্থ চ্যাটার্জী : আমি শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় আনীত এই প্রস্তাবটিও গ্রহণ করছি।

The motions of Shri Sobandeb Chattopadhyay (Amendment Nos. 6 & 7) were then put and agreed to.

The question that Clause 5 do stand part of the Bill was then put and agreed to.

CLAUSE–6

Mr. Speaker : There is amendment to Clause 6 by Shri Sobhandeb Chattopadhyay. Shri Chattopadhyay may now move his amendment.

Shri Sobhandeb Chattopadhyay : Sir, I beg to move that in Clause 6, after the words "described and" be inserted.

Mr. Speaker : I would request the mover whether he accepts it or not.

Shri Partha Chatterjee : Sir, I accept the amendment.

The motion of Shri Sobhandeb Chattopadhyay that in Clause 6, after the words 'described in the', the words 'Part-I and' be inserted, was then put and agreed to.

The question that Clause 6, as amended, do stand part of the Bill, was then put and agreed to.

CLAUSE–7 & 8

There is no amendment to Clauses 7 and 8.

The question that Clauses 7 and 8 do stand part of the Bill, was then put and agreed to.

CLAUSE–9

Mr. Speaker : There is amendment to Clause 9 by Shri Moloy Ghatak. I now request Shri Ghatak to move his amendment.

Shri Moloy Ghatak : Sir, I beg to move that after Clause 8, the following new clause be added :—

"9(1) The State Government may make rules for carrying out the Purposes of this Act, 9(2) Every rule made under sub-section (1) shall, as soon as may be after it is made, be laid before the State Legislature."

The Motion of Shri Moloy Ghatak that after clause 8, the following new clause be added :—

'9(1) The State Government may make rules for carrying out the Purposes of this Act. 9(2) Every rule made under sub-section (1) shall, as soon as may be after it is made, be laid before the State Legislature', was then put and agreed to.

The question that Clause 9, as amended, do stand part of the Bill, was then put and agreed to.

SCHEDULE

The question that the Schedule do stand part of the Bill, was then put and agreed to.

Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill.

The question that Clause 1, the Enacting Formula, the Preamble and the Title of the Bill do stand part of the Bill was then put and agreed to.

Mr. Speaker : Now, I call upon the Minister-in-Charge, Commerce & Industries Department, to move his Motion.

Shri Partha Chatterjee : Sir, I beg to move that the Singur Land Rehabilitation and Development Bill, 2011, as settled in the Assembly, be passed.

The Motion was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 3-14 p.m. till 11-00 a.m. on Wednesday, the 15th June, 2011 at the Assembly House, Kolkata-700 001.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Wednesday, 15th June, 2011 at 11.00 a.m.

PRESENT

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 31 Ministers, 08 Ministers of State and 210 Members.

[11.00—11.10 a.m.]

CALLING ATTENTION

Mr. Speaker : Toady,, I have received one notice of Calling Attention from Shri Upen Kisku on the subject of reported killing of Ajit Lohar, a CPI(M) worker at Taldangra, Bankura on 15.5.2011.

I admit it.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

Shri Manoj Chakraborty : Sir, the statement will be made on the 25th June, 2011.

MENTION CASES

Mr. Speaker : Some of the Hon'ble Members have given notices under rule 351 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly of their intention to bring to the notice of the House the following matters today in today's meeting. I will allow one minute time to the learned member to mention.

শ্রী তজমুল হোসেন : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রী এবং আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ৩৪নং জাতীয় সড়কটির সঙ্গে বিহারের কাটিয়া জেলার সরাসরি সংযোগ স্থাপনকারী ৮১ নম্বর জাতীয় সড়কটি মালদা জেলার গাজল থেকে শুরু হয়ে সামসী, চাঁচল, তুলসীহাটা হয়ে হরিশ্চন্দ্রপুর বাজার

ঢোকার ২ কিমিঃ উত্তরে এসে দীর্ঘদিন ধরে কাজ বন্ধ হয়ে গেছে। অবশিষ্ট অংশ যাহা হরিশ্চন্দ্রপুরের ২ কিমিঃ উত্তরে বিহারের লাভা নামক স্থান পর্যন্ত পিলার পুঁতে বা খুঁটি পুঁতে রাখা আছে। তাই এলাকায় ক্ষোভের সৃষ্টি হয়েছে। অবিলম্বে সড়ক পথে মালদা ও কাটিয়ারের যোগাযোগ ব্যবস্থা গ্রহণ করার জন্য আমি দাবি রাখছি। পাশাপাশি হরিশ্চন্দ্রপুর বিধানসভার ভালুকা বাঁধের রাস্তা থেকে জগন্নাথপুর পর্যন্ত বেহাল রাস্তাটি দীর্ঘদিন ধরে পড়ে আছে। সেখানে একটি গ্রামে ১০ হাজার লোকের বাস। লোক যেতে পারে না। তাই সেই কাঁচা রাস্তাটিকে পাকা করার জন্য মাননীয়া মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী নেপাল মাহাতো : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমার এলাকায় যে পানীয় জলের কষ্ট সে বিষয়ে আমি দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় পি.এইচ.ই. মন্ত্রী মহোদয়, স্যার, আপনি জানেন এবার অনাবৃষ্টির জন্য পুরুলিয়ায় চরম খরা চলছে এবং যে পুকুরগুলো আছে সেই পুকুরগুলোর জল শুকিয়ে গেছে, টিউবওয়েলেও জল বেরোচ্ছে না। এই পরিস্থিতিতে পানীয় জলের সমস্যা একটা ভয়ানক আকার ধারণ করেছে। স্যার, আমার এলাকায় বাগমাণ্ডি, অযোধ্যা পাহাড়ের উপর যে হাসপাতাল আছে সেই হাসপাতালে জলের অভাবে রুগি ভর্তি হওয়া পর্যন্ত বন্ধ হয়ে গেছে। আজকে তাই স্যার আপনার মাধ্যমে বলতে চাই, দীর্ঘদিন যে সরকার ছিল তারা পুরুলিয়াতে পানীয় জলের সমস্যা মেটানোর ব্যাপারে ভালো করে দৃষ্টি দেয়নি। তার ফলে আজকে ভয়াবহ পরিণতি তৈরি হয়েছে। আপনার মাধ্যমে স্যার অবিলম্বে মাননীয় মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। পুরুলিয়ায় জরুরি ভিত্তিতে পানীয় জল যেন সবাই পায়। অনেককে বাধ্য হয়ে দুই-তিন কিলোমিটার দূরের গ্রাম থেকে জল আনতে হচ্ছে। স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহোদয়ের এ বিষয়ে জেলার যিনি ডি.এম সাহেব আছেন, জেলার অন্যান্য অফিসার আছেন তাঁদের সাথে বসে, স্থানীয় বিধায়কদের সাথে বসে, অবিলম্বে পানীয় জলের সংকট দূরীকরণের জন্য জরুরি ভিত্তিতে একটি কোনো ব্যবস্থা করুন। ধন্যবাদ স্যার।

শ্রী চাঁদ মহম্মদ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এ রাজ্যের মাধ্যমে কেন্দ্রীয় রেলমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে আমি কয়েকটি কথা বলতে চাই। আমাদের মুর্শিদাবাদ জেলার ভগবানগোলার একদিকে গঙ্গা অর একদিকে পদ্মা তার মধ্যে বিধানসভা। ওই এলাকার চর থেকে দূর-দূরান্ত মানুষদের অসুবিধা হয় ট্রেন ধরতে। আমি ২০০৯ সালে বারবার মেনসান দিয়েছিলাম যে, ভাগীরথী এক্সপ্রেসকে ভগবানগোলা স্টপেজ করার জন্য। ওই এলাকার বিধায়ক আমি। আমি ভগবানগোলায় এমারজেন্সি কোনো মিটিংয়ে আসতে হলে আমাকে জিয়াগঞ্জ আসতে হয় এবং মাননীয়া মমতা বন্দ্যোপাধ্যায় যখন রেলমন্ত্রী ছিলেন, এবং সেই সময় বিরোধী দলনেতা পার্থ চ্যাটার্জীকে একটা চিঠি দিয়েছিলাম। তিনি আমাকে আশ্বাস দিয়েছিলেন কিন্তু সেটা এখন পর্যন্ত হয়নি। স্যার, ভগবানগোলায় যাতে ভাগীরথী এক্সপ্রেসের স্টপেজ করা যায় তার জন্য আপনার কাছে অনুরোধ করছি। ধন্যবাদ স্যার।

শ্রী ধীরেন্দ্রনাথ মাহাতো : মাননীয় অধ্যক্ষ মহোদয় আপনার মাধ্যমে পানীয় জলের বিষয়ে মাননীয় জনস্বাস্থ্য কারিগরি দপ্তরের মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। পানীয়

জলের সমস্যা পুরুলিয়া জেলায় আছে। গত বছরে বৃষ্টি না হওয়ার ফলে জল-স্তর নীচে চলে গেছে। আমার জয়পুর-ঝালদা ২নং আড়ষা এলাকার গ্রামগুলিতে যাতে পানীয় জলের ব্যবস্থা হয় সে বিষয়ে আমি আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি। ধন্যবাদ।

[11.10—11.20 a.m.]

শ্রী শেখ আমজাদ হোসেন : মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র তথা মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, বিধানসভা নির্বাচেনের আগে থেকেই সন্ত্রাস হুগলি জেলাব্যাপী শুরু হয়েছে, বদলার নামে, 'বদলা নয়, বদল চাই' বলে যে বদল এল, পরিবর্তন এল তার পর আমরা দেখতে পাচ্ছি বদলাই নেওয়া হচ্ছে।.... (হৈ-চৈ).... গতকাল তারকেশ্বর থানার ভজিবপুর গ্রামের ভারতের সি পি আই (এম) হুগলি জেলা কমিটির সদস্য কমরেড কিঙ্কর আদক তাঁর ক্যান্সারে আক্রান্ত মেয়েকে নিয়ে কলকাতায় চিকিৎসা করাতে আসছিলেন। তাঁকে হরিপাল স্টেশনে ট্রেন থেকে নামিয়ে ... (হৈ-চৈ) (এই সময় বক্তার মাইকের বিদ্যুৎ সংযোগ ছিন্ন হয়ে যায়।)

শ্রী উমাপদ বাউরি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর কাছে প্রশ্ন রাখতে চাইছি যে, আপনারা জানেন পারা বিধানসভা সেচের ক্ষেত্রে অনেক পিছিয়ে আছে। সেচের কোনো ব্যবস্থা না থাকার জন্য পারা বিধানসভার মানুষ বাইরে কাজ করতে চলে যান। তাই মাননীয় অক্ষ্যক্ষ মহাশয় আপনার কাছে আমার বিনীত অনুরোধ অবিলম্বে পারা বিধানসভায় সেচ ব্যবস্থার উন্নয়ন করা হোক। ধন্যবাদ।

(এই সময় মাননীয় পরিষদীয় প্রতিমন্ত্রী মনোজ চক্রবর্তী মহাশয় কিছু বলতে উঠে দাঁড়ান।)

মিঃ স্পীকার : I think the Hon'ble Minister wants to say something.

শ্রী মনোজ চক্রবর্তী : One rectification Sir. আমার অফিসাররা খেয়াল করেনি, ২৫ তারিখ শনিবার। তাই ওটা ২৭ তারিখ হবে।

শ্রী উপেন কিস্কু : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্লোগান ছিল 'বদলা নয় বদল চাই'। কিন্তু নির্বাচনের ফল ঘোষণার পর গোটা বাঁকুড়া জেলায় যে সন্ত্রাস শুরু হয়েছে, ইতিমধ্যে দুজন খুন হয়েছেন এবং ১৩০০ মানুষ ঘরছাড়া হয়েছেন। .... (হৈ-চৈ) .... আমরা মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে তালিকা জমা দিয়েছি। এস.পি.-কেও আমরা তালিকা জমা দিয়েছি। এই গুণ্ডাবাহিনীর দল গ্রামে গ্রামে সন্ত্রাস সৃষ্টি করছে। আজকে আমরা অবিলম্বে দাবি করছি ওই ১৩০০ ঘরছাড়াদের ঘরে ফেরানোর ব্যবস্থা করা হোক। .... (তুমুল হৈ-চৈ) ... শান্তি রক্ষার যে কথা মাননীয়া মুখ্যমন্ত্রী বলেছেন সেটা করা হোক। বিধানসভার এই পবিত্র কক্ষে,

পশ্চিমবাংলায় গণতান্ত্রিক রীতিনীতি থাকবে কি না, বামপন্থীরা শান্তিতে থাকতে পারবে কি না ? অবিলম্বে সেই ব্যবস্থা নেওয়ার জন্য আমরা দাবি জানাচ্ছি।

(গোলমাল)

(At this stage Hon'ble Leader of the Opposition, Dr. Surya Kanta Mishra, tried to say something)

Mr. Speaker : Sir, I have allowed one minute time to each member to mention. I have allowed one minute time, if the learned member exceeds his time, I am helpless. At the very outset, I told that there will be a one minute time for mention. I think some of the members are exceeding their time limit. So I am helpless.

Dr. Surya Kanta Mishra : From the beginning Sir.

Mr. Speaker : No, no, not from the beginning. Any way, please take your seat.

শ্রী অসিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় সেচমন্ত্রী ডাঃ মানস ভুঁঞ্যার দৃষ্টি আকর্ষণ করছি। স্যার যে সময় এসেছে, যদিও কিছুদিন আগে নির্বাচন শেষ হয়েছে কিন্তু পশ্চিমবাংলার সর্বত্র বন্যার আশংকা দেখা দিচ্ছে কারণ গত ৩৪ বছরে সরকারের দায়িত্ব নিয়ে যাঁরা কাজ করেছিলেন এবং আজকে যাঁরা ওদিকে বসে আছেন তাঁরা কিছুই করেননি। স্যার হাওড়া জেলার আমতা-উদয়নারায়পুর ব্লকে কোনো কাজ না হওয়ার জন্য বাজে-দামোদর এবং মুণ্ডেশ্বরীর জলে চরম সর্বনাশ হবে গোটা হাওড়া জেলার নিম্ন অঞ্চলের। আমি আপনার মাধ্যমে ডাঃ মানস ভুঁঞ্যার কাছে অনুরোধ রাখছি যে অবিলম্বে এই ভাঙা বাঁধগুলোকে মেরামত করে হাওড়া জেলাকে যাতে করে বন্যার হাত থেকে নিরাপদ করা যায় তার জন্য ব্যবস্থা নেওয়া হোক। ধন্যবাদ।

শ্রী আবদুর রেজ্জাক : মাননীয় স্পীকার মহাশয় মুর্শিদাবাদ জেলার রাণীনগর টু ব্লক এবং জলঙ্গী ব্লক দুটো পদ্মার ভাঙনে আমাদের এলাকার অগ্নিগর্ভ সমস্যা। প্রতি বছর হাজার হাজার বিঘা জমি এবং বাড়িঘর ভেঙে এলাকার মানুষ সমস্যায় পড়ছে এবং ঘরছাড়া হয়ে তারা রাস্তার ধারে মাথা গুঁজে কোনোভাবে থাকছে। এবং যারা জমি চাষ করে খেতেন বর্তমানে তারা ভিখারি হয়ে যাচ্ছেন। তাদের পুনর্বাসন দেওয়ার ক্ষেত্রেও বহু সমস্যা এবং পুনর্বাসন দেওয়ার পর প্রতি বছর প্রায় এক কিলোমিটার করে ভাঙার ফলে তারা আবার ভাঙন কবলিত হয়ে সেই জায়গা ছাড়ছে। আমি আপনার মাধ্যমে সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এই ভয়াবহ সমস্যা যে পদ্মার ভাঙন, সেটা প্রতিরোধ করে ওই এলাকায় অসহায় মানুষদের সাহায্য করবেন। এই কথা বলে বলা শেষ করছি। ধন্যবাদ।

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমরা বিগত হাউসে লক্ষ করেছিলাম যে মেনশান এমন বিষয়ে দেওয়া যায় যা তা কনসারনিং তার নিজের বিধানসভা কেন্দ্রের

ওপরে। কিন্তু আমরা দেখছি যে মাননীয় অধ্যক্ষ মহোদয়, অনেকেই মেনশানের যে মূল ভিত্তি সেই ভিত্তির উপরে নির্ভর না করে তারে বাইরে গিয়েও কথা বলছেন। আপনি হাউসের রক্ষাকর্তা, আপনার কাছে আমি সেই অনুরোধ রাখছি।

মিঃ স্পীকার : Hon'ble Minister, I have got your point.

শ্রী আনিসুর রহমান : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে আমাদের রাজ্যের স্বরাষ্ট্রমন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। নির্বাচনের আগে দলের পক্ষ থেকে একটি ভালো স্লোগান দেওয়া হয়েছিল। সেই স্লোগানটা আমার খুব ভালো লেগেছিল। No revenge only change আমরা বদলা চাই না, আমরা পরিবর্তন চাই। ... হৈ-চৈ... বলতে না দিলে বলুন, বলতে দেব না আমরা। অন্যায় বললাম কি, কি অন্যায় বললাম। .... হৈ-চৈ .... বলে দিন না, বলতে দেব না। মাননীয় স্পীকার মহোদয় আমরা কি চলে যাব। সরকার হওয়ার পরে মাননীয়া মুখ্যমন্ত্রী একই স্লোগান দিয়েছিলেন যে বদলা নয়, বদল চাই। গত ৩ তারিখে আমরা বামপন্থীরা গিয়েছিলাম মাননীয়া মুখ্যমন্ত্রীর ঘরে। তাঁকে আমরা রাজ্যের সমস্ত ঘটনা বলেছিলাম। এবং তাঁকে এ কথা বলেছিলাম যে, আপনার এই স্লোগানের সঙ্গে আমরা একমত। এটা কার্যকরী করতে পারলে আমরা খুশি হব। কিন্তু দুর্ভাগ্যের সঙ্গে লক্ষ করছি যে, এক মাস হয়ে গেল এখনও পশ্চিমবাংলার বিভিন্ন প্রান্তে এই ঘটনা ঘটছে। বিশেষ করে আমাদের মুর্শিদাবাদে (এই সময়ে মাইক অফ হয়ে যায়) ... হৈ-চৈ ...

শ্রী দিবাকর হাঁসদা : মাননীয় স্পীকার মহাশয়ের কাছে আবেদন রাখছি পশ্চিম মেদিনীপুর জেলার বিনপুর বিধানসভার এলাকাভিত্তিক পানীয় জলের যে সংকটময় অবস্থার মাধ্যমে নলবাহিত পানীয় জলের সুব্যবস্থার জন্য আবেদন রাখছি। এবং এলাকায় দুই বছর যাবৎ চাষাবাদ হয়নি, যার ফলে খরাপ্রবণ এলাকার খাদ্যাভাবের জন্য যে সংকট তৈরি হয়েছে, সেটা যেন সাধিত হয় এই আবেদনও রাখছি, ধন্যবাদ।

মিঃ স্পীকার : Rest of questions of Shri Narmada Chandra Roy and Shri Gauranga Chatterjee are not related to the subject. Therefore, I disallowed them.

[11.20—11.30 a.m.]

শ্রী নর্মদা রায় : স্যার, আমি যে বিষয়টির উপর আশংকা করছি তার উপর মেনশান করতে পারব না ?

মিঃ স্পীকার : আপনার মেনশন ম্যাটারটা আপনার নির্বাচনী এলাকা সংক্রান্ত নয় তাই এটা ডিসঅ্যালাউ করা হয়েছে। It is not related to your constituency.

শ্রী আনিসুর রহমান : স্যার, একটা পয়েন্ট অফ অর্ডার। পার্থবাবু যেটা বললেন আমি কোথাও লিখিত দেখিনি যে একজন বিধায়ক তার নির্বাচনী কেন্দ্রের বাইরে কিছু বলতে বা উল্লেখ করতে পারবেন না। রাজ্যের যে কোনো সমস্যা নিয়ে কথা বলা যায়।

মিঃ স্পীকার : Once I have told you that the questions that have been raised are not related to this.

ZERO HOUR

শ্রী চাঁদ মহম্মদ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে পূর্ত দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মুর্শিদাবাদ জেলার ভগবানগোলার ২নং ব্লকের খড়িবোনা অঞ্চলের অন্তর্গত জামরমাটি থেকে তবিডাঙ্গা পর্যন্ত যে রাস্তাটি আছে সেটি অত্যন্ত খারাপ। এই রাস্তাটি মেরামত করার জন্য অনুরোধ করছি। যদি এই মুহূর্তে মেরামত না করা হয় তাহলে যানবাহন, মানুষ চলাচল খুবই অসুবিধা হবে। সেই জন্য পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী তজমুল হোসেন : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা এলাকার অন্তর্গত হরিশ্চন্দ্রপুর গ্রামীণ হাসপাতালের পরিকাঠামো বেহাল রয়েছে। স্যার, এখনও পর্যন্ত সেখানে পাকা ছাদ নেই। যার ফলে বর্ষার সময় জল ভেতরে প্রবেশ করে। চতুর্থ শ্রেণির কর্মীর অভাবে হাসপাতালটি অপরিচ্ছন্ন অবস্থায় থাকে। ডাক্তার বা নার্সের আবাসন ভগ্নপ্রায়। যার ফলে বহিরাগত স্টাফরা বেশিদিন থাকতে চায় না। এই প্রত্যন্ত এলাকার ৯০ শতাংশ লোক এই হাসপাতালটির উপর নির্ভরশীল। হাসপাতালটির বেহাল অবস্থার ফলে রোগীদের অনেক বেশি কষ্ট ভোগ করতে হয়। আজকে স্যার, রাজ্যের স্বাস্থ্য পরিষেবা যখন চরম শিখরে পৌঁছেছে অথচ হাসপাতালটি জরাজীর্ণ অবস্থায় রয়ে গেছে। অবিলম্বে হাসপাতালটি পূর্ণ সংস্কারের ব্যবস্থা গ্রহণ করার জন্য আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পাশাপাশি মশান্দবাজার হাসপাতালটিকেও উন্নত করার জন্য আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী উপেন কিস্কু : মাননীয় স্পীকার মহাশয়, নির্বাচনের পর থেকে বাঁকুড়া জেলার বিভিন্ন বিধানসভা এলাকার ১৩০০ কর্মী ঘর ছাড়া হয়েছে। আমরা মাননীয়া মুখ্যমন্ত্রীকে তালিকা দিয়েছি, এস.পি.-কও তালিকা দিয়েছি কিন্তু এক মাস হয়ে গলে এখনও পর্যন্ত একজন মানুষকেও ঘরে ফেরানোর কোনো উদ্যোগ নেওয়া হয়নি। অবিলম্বে সেই মানুষদের চাষের আগে ঘরে ফেরানোর উদোগ নেওয়ার জন্য অনুরোধ করছি এবং আপনি প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য স্বরাষ্ট্রমন্ত্রীকে নির্দেশ দেবেন এই আশা করছি।

শ্রী অসিত মিত্র : স্যার, পশ্চিমবঙ্গ সরকারকে ধন্যবাদ জানাচ্ছি এই কারণে তারা আবার সাঁইবাড়ি হত্যাকাণ্ডের বিষয়ে নতুন করে বিচার বিভাগীয় তদন্ত কমিশন বসাতে চাইছেন। এই সাঁইবাড়ি হত্যাকাণ্ড এমন একটা সময়ে ঘটেছিল যখন পশ্চিমবঙ্গের মার্কসবাদী কমিউনিস্ট পার্টি নতুন করে তার নখদন্ত প্রকাশ করতে শুরু করেছিল। সাঁইবাড়ি হত্যাকাণ্ডে কে দায়ী—সেন দায়ী না বোস দায়ী, না কে দায়ী তার বিচার করবে মমতা ব্যানার্জী এবং তাঁর এই মন্ত্রীসভা। মমতা ব্যানার্জী এবং তাঁর মন্ত্রীসভার সিদ্ধান্ত অনুযায়ী আবার নতুন করে বিচার বিভাগীয় তদন্ত কমিশন হবে। আমার ধারণা যারা এর জন্য দায়ী তারা শাস্তি

পাবে এবং বিশ্বাস আমি রাখি। এবং এর ফলে মলয়, প্রণব, জিতেনের আত্মা শান্তি পাবে। স্যার, আমার দাবি যে, তারা যে সিদ্ধান্ত নিয়েছেন তা অবিলম্বে কার্যকরী করা হোক এই অনুরোধ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী আবু তাহের খান : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয়া স্বরাষ্ট্রমন্ত্রী তথা মাননীয়া মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মুর্শিদাবাদ জেলায় নির্বাচনের পরে আবার সি পি আই এম দলের সন্ত্রাস শুরু হয়েছে। গতকাল তাজেম শেখ নামে একজন কংগ্রেস কর্মীকে প্রকাশ্য দিবালোকে সি পি আই এমের এল সি এস, জোনাল কমিটির সেক্রেটারি এবং প্রধান প্রকাশ্য দিবালোকে খুন করেছে। তার ছেলে বাধা দিতে আসায় তাকেও গুলি করেছে। সে এখন মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছে। তাদের কাছ থেকে হাত কামান, বোমা উদ্ধার হয়েছে, কার্তুজ উদ্ধার হয়েছে। মুর্শিদাবাদ জেলায় সি পি আই এম দলের যে অস্ত্রভাণ্ডার, সেই অস্ত্রভাণ্ডার যাতে অবিলম্বে উদ্ধার হয় এবং দোষী ব্যক্তিরা যেন গ্রেপ্তার হয়। এল সি এস, জেড সি এস এবং প্রধান যারা এই ঘটনার সঙ্গে যুক্ত তাদের যেন শাস্তি হয় এবং মুর্শিদাবাদ জেলায় যারা সন্ত্রাস করবার জন্য নতুন পরিকল্পনা করছেন তাদের শাস্তির দাবি জানাচ্ছি।

শ্রী প্রবোধচন্দ্র সিনহা : মাননীয় স্পীকার স্যার, সাম্প্রতিক বিধানসভা নির্বাচনের পরবর্তীকালে পিংলা বিধানসভা কেন্দ্রের বিভিন্ন জায়গায় বিক্ষিপ্তভাবে আইন-শৃঙ্খলার দ্রুত অবনতি ঘটছে। প্রায় প্রতিদিনই বিরোধী দলের লোকজনকে ভীতি প্রদর্শন, মারধোর, জরিমানা আদায়ের মতো কোনো না কোনো ঘটনা ঘটেই চলেছে। এর ফলে জনসাধারণের নাগরিক অধিকার ক্ষুণ্ণ হচ্ছে এবং মানুষ ভীত ও সন্ত্রস্ত হয়ে পড়ছে। এই অবস্থার দ্রুত অবসান হওয়া দরকার যাতে এলাকায় শান্তি-শৃঙ্খলা বজায় থাকে। আমি তাই মাননীয়া মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীর এবং সরকারের দৃষ্টি আকর্ষণ করে উপযুক্ত প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের দাবি জানাচ্ছি।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই ঐতিহাসিক ভবনে প্রতিটি সদস্যকে জানাতে চাই যে, গতকাল এই বিধানসভা ভবনে যে ঐতিহাসিক বিল পাশ হয়ে গেল তার প্রতিফলন শুধু বাংলার মানুষের মধ্যে সীমাবদ্ধ নয়, সারা ভারতবর্ষের মানুষ অভিনন্দন জানাচ্ছে। গত ৩৪ বছর ধরে দিনের পর দিন যে সরকার চালিয়েছে তারা একদিকে প্রোমোটরদের পক্ষে, অন্যদিকে পুঁজিবাদীদের পদলেহন করার জন্য যে কায়দায় জমি অধিগ্রহণ করেছেন এবং নিরীহ চাষিদের উপর অত্যাচার করেছেন আজকে এই বিল আনার ফলে গোটা বাংলার মানুষ এই পশ্চিমবঙ্গ সরকারকে অভিনন্দন জানাচ্ছে। একই সঙ্গে এই 'মা মাটির' সরকারের এই প্রথম পদক্ষেপকে সারা ভারতবর্ষের কৃষককুল একদিকে যখন দক্ষিণ ভারতের সরকার ঠিক ওইভাবে জমি অধিগ্রহণ করেছিল তখন তারা বলেছিল যে আমাদের তো আর মমতা ব্যানার্জীর মতো একজন কেউ নেই, তাই জমি আমাদের কেড়ে নিচ্ছে। আজকে ভারতবর্ষে যে নতুন ইতিহাস তৈরি হতে চলেছে আমাদের মা মাটির সরকার এবং মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে যে বিল এল এবং যে বিল পাশ হয়ে গেল.....

[11.30—11.40 a.m.]

কিন্তু দুর্ভাগ্যের সঙ্গে লক্ষ করলাম কালকে মাথা নিচু করে বিরোধী দল প্রথমে সমর্থন করার নাম করে কৌশলে বিধানসভা পরিত্যাগ করে চলে গেলেন। এটা লজ্জার, এটা ঘৃণার, এটা দুর্ভাগ্যের। তাই আমি বলব এই হাউস থেকে আরও একবার এই মা মাটি মানুষের সরকারের প্রতি ধন্যবাদ জানিয়ে .....

(এই সময়ে মাইক অফ হয় যায়)

ডঃ আশীষ ব্যানার্জী : স্যার, আপনার মাধ্যমে আমি আমাদের বিরোধী দলের সদস্যদের উদ্দেশ্যে সুকান্তের একটি কবিতার লাইন স্মরণ করিয়ে দিচ্ছি যে "মৃত মানুষের হাড়, জবাব কি দিবি তার"। স্যার, এখনও ওরা ভুলতে পারছেন না যে যাঁরা রক্ত নিয়ে হোলিখেলা খেলেছেন, যাঁরা বাংলার মাটিকে শ্মশান করে দিয়েছেন, প্রতিদিন আমাদের কর্মীদের একের পর এক হত্যা করেছেন। এই নির্বাচনের পরে প্রতিদিন তারা আমাদের কর্মীদের হত্যা করেছেন। বিভিন্ন জায়গায় গ্রাম জ্বালিয়ে দিচ্ছেন। তারা পরাজয়টাকে, হারাটাকে, জনসাধারণের যে অভিমত, জনসাধারণের যে মতামত, তাকে গ্রহণ করতে পারছেন না। পারছেন না বলেই তারা প্রতিদিন আমাদের কর্মীদের হত্যা করছেন এবং এখনও ওরা চিৎকার করে সেই অফেন্স ইজ দি বেস্ট ডিফেন্স—এই লাইন নিয়েছেন এবং তারা সেইভাবে .....

(এই সময় মাইক অফ হয়ে যায়)

DISCUSSION OF GOVERNOR'S ADDRESS

শ্রী আবদুর রেজ্জাক মোল্লা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মহামান্য রাজ্যপাল এই সভাতে যে ভাষণ দিয়েছেন, তার উপরে ধন্যবাদসূচক যে প্রস্তাব, তার উপরে আমার বলার কথা। কিন্তু আমি বিরোধী দলের সদস্য, বিরোধী কথা বলব। আমি আপনাদের পথের কথা বলব না। আপনারা যদি না শোনেন তাহলে আমি এখনই বসে যাব, আর বলব না। মহামান্য রাজ্যপালের ভাষণটা পড়ে আমার মনে হল এটা কোনো একটা পার্টির ইস্তাহার। মা, মাটি, মানুষ, নেত্রী প্রিয় স্লোগান। সেটা নিয়ে আমার কোনো কথা নেই। কিন্তু সরকারটা তো টি এম সি, কংগ্রেস জোটের সরকার, মা, মাটি, মানুষের সরকার না কিন্তু। এখানে গুলিয়ে যাচ্ছে, কিছু করার নেই, সেটা আপনারা ভেবে দেখবেন। গণতন্ত্রে সাংবিধানিক প্রধানের অনেক বিড়ম্বনা আছে। ২০১১-এর বাজেট অধিবেশনে এই কক্ষে মহামান্য রাজ্যপালকে বামফ্রন্ট সরকারের বাজেটে ভূরি ভূরি প্রশংসা করতে শুনেছিলাম। আবার সেই তিনি এখনকার যে বক্তব্য রাখলেন, তাতে যা বললেন আগের সরকারের সব কাজ বাজে, একটাও ভালো কাজ নেই এবং এখনকার সরকারের গুণের কোনো শেষ নেই। স্যার, পরেশবাবুর সঙ্গে আমার আলাদা খাতির আছে, দয়া করে এখানে ঝামেলা করবেন না, অন্য জায়গায় হবে। এই সরকার গণতন্ত্র ফেরাতে বদ্ধপরিকর, ভালো প্রশাসন দিতে দায়বদ্ধ।

অথচ নির্বাচনের পরে আজ পর্যন্ত ১৬ জন বামপন্থী কর্মী খুন হয়েছে এবং ৪০ হাজার লোক বাড়ি ছাড়া। এই বাড়ি ছাড়াদের ঘরে ফেরানোর কোনো উদ্যোগ এই সরকারের আছে বলে আমার নজরে পড়ছে না। যাদের ঘর ছাড়তে হয়েছে একবার ভাবুন তাদের ছেলে-মেয়েদের লেখাপড়া বন্ধ। তারা পরীক্ষা দিতে পারছেন না। আত্মীয়-স্বজনদের বাড়িতে বেশিদিন থাকতে দিচ্ছে না। এটা চাষের মরসুম। চাষিরা এখন ধানের বীজতলা করে। যদি এই ধানের বীজতলা করতে না পারে তাহলে সামনের মরসুমে চাষ পাবে না। তারা খাবে কি ? সেইজন্য আমি মাননীয়া মুখ্যমন্ত্রী মহোদয়ার কাছে নিবেদন করি যে আপনার সুষ্ঠু প্রশাসন, নিরপেক্ষ প্রশাসন, বলিষ্ঠ প্রশাসন, সক্রিয় প্রশাসন ধীরে ধীরে এদের ঘরে ফেরাবার উদ্যোগ নিন। আর যতদিন না পারছেন ততদিন জেলায় জেলায় ত্রাণ শিবির খুলুন। এরা এখানে থাক, এদের খাওয়া-দাওয়ার ব্যবস্থা করুন। এদেরকে বাঁচান। পশ্চিমবাংলায় এই ৪০ হাজার ঘরছাড়াদের বাঁচাবার জন্য আমি আপনাদের কাছে আবেদন করছি। জমির পাট্টা বিলি বর্গারেকর্ড-এর ক্ষেত্রে পশ্চিমবাংলা সারা দেশের মধ্যে প্রথম। এটা আমরা সবাই জানি। ৩০-৩৫ বছর আগে আমাদের গাঁয়ে-গঞ্জে আশ্বিন-কার্তিক মাস হলে ক্ষেতমজুর বাড়ির বউরা থালা-বাসন নিয়ে মহাজনের কাছে যেত ফেন চাইতে, আমানি চাইতে, একমুঠো ভাত চাইতে। পশ্চিমবাংলায় তখন জমি ছিল ২ কোটি ৩০ লক্ষ একর। আর লোক ছিল মাত্র ৪ কোটি। তখন ছিল ভাতের কান্না। আর আজ চাষের জমি কমে হয়েছে ১ কোটি ৩০ লক্ষ একর। লোক বেড়ে হয়েছে ৯ কোটির উপর। তবু ভাতের কান্না নেই। এই সাফল্যটাকে ছোট করে, খাটো করে দেখলে ঠিক হবে না। গ্রামে এখন যা ঘটছে আপনাদের দোষ না, আমাদের দোষ। কারণ পুরনো জোতদাররা তাদের জমিগুলিকে ভেস্ট করে পাট্টা করা হয়েছে। তাদের জমিতে বর্গা রেকর্ড করা হয়েছে। তাঁরা বেঁচে নেই। কিন্তু তাঁদের নাতি-নাতনীরা বেঁচে আছে। সেই নাতি-নাতনীরা এই সুযোগে আপনাদের দলে ঢুকে সেই বর্গাদার, পাট্টাদারদের উচ্ছেদ করছে। কোনো কোনো ক্ষেত্রে ভয় দেখিয়ে আপস মীমাংসা করাচ্ছে। এতে আমার কোনো ক্ষতি হবে না। ভবিষ্যতে ক্ষতি হবে মা-মাটি-মানুষের। সেটা আপনারা মনে রাখবেন। আমাদের যা ক্ষতি হবার হয়ে গেছে। আর নতুন করে কিছু হওয়ার আমাদের নেই। এবার যা দায়-দায়িত্ব, যা ক্ষতি হওয়ার সেটা আপনাদের হবে। সেটা আপনারা একটু স্মরণে রাখবেন। এবং এটা সমাধানের জন্য আগে ব্লক স্তরে B.D.O.-র নেতৃত্বে B.L.R.O., B.D.O., O.C. পঞ্চায়েত সমিতির সভাপতি. কর্মাধ্যক্ষদের নিয়ে একটা ফাইভ ম্যান কমিটি ছিল। যদি এরকম কোনো ডিসপুট হয় তাদের ক্ষেত্রে বর্গাদার, পাট্টাদারদের ক্ষেত্রে সেখানে আবেদন করে আইনসংগতভাবে তারা পুলিশ প্রোটেকশন পেত। আমি আপনাদের কাছে অনুরোধ করব। আপনাদের সরকারের কাছে অনুরোধ করব যে আপনারা আপনাদের নিজেদের পছন্দমতো এই ফাইভ ম্যান কমিটি. সিক্স ম্যান whatever it may be একটি কমিটি করুন ব্লক স্তরে করুন এবং সেখানে চাষিরা বর্গাদাররা গিয়ে যাতে লিগাল প্রোটেকশন পায় সেই ব্যবস্থাটা অন্তত করুন। এটা করলে আপনাদের ভালো হবে। অনেকদিন আপনারা থাকতে পারবেন। মাননীয়া মুখ্যমন্ত্রী মহোদয়া বলেছেন চাষির অমতে কোনো জমি অধিগ্রহণ করবেন না।

[11.40—11.50 a.m.]

আমি এটাতে খুশি, আমি তাকে অভিবাদন জানাই যে, চাষির ভাতের থালাটা কেড়ে নেব আর তাকে কোনো বিকল্প ব্যবস্থা করব না এটা কোনোদিন হতে পারে না এবং এ ব্যাপারে মাননীয়া মুখ্যমন্ত্রীর সঙ্গে আমি একশোভাগ একমত যে, চাষির অমতে তাকে পুষিয়ে না দিয়ে তার ভাতের থালাটা কেড়ে নেব—যে কোনো কাজই হোক, সে যত বড় পাবলিক পারপাস হোক আমার নিজের পারপাস সার্ভ না করে পাবলিক পারপাস—আই অ্যাম অলসো এ মেম্বার অফ দি পাবলিক। আমারটা বাদ দিয়ে বাকিটা সব পাবলিক পারপাস—এই ধারণা ত্যাগ করে এই যে নীতি আপনারা গ্রহণ করেছেন—চাষির অমতে জমি নেবেন না—এটা ভালো, আমি আপনাদের সাধুবাদ জানাই। 'বন্ধ কলকারখানা'—এখন আপনাদের কারখানা করার জমির সমস্যা হচ্ছে। এই বন্ধ কারখানার জমির ব্যাপারে অনেক আইনি জটিলতা ছিল। স্টেট অ্যাকুইজিশান অ্যাক্ট ১৯৫৩-তে বলা ছিল যে, ওই সময় যারা যতটুকু জমি চা বাগান বা কারখানার জন্য রেখেছিলেন, তারা সেটা রিটেন করতে পারবেন। তারা ছিলেন রিটেনার। কিন্তু তারা মালিক ছিলেন না। পরবর্তীকালে সেইসব কারখানা যখন বন্ধ হয়ে যায়, তখন সেই জমি ফেরাবার যখন চেষ্টা শুরু হয়, তখন দেখা গেল বেশিরভাগ জমি বন্ধক দেওয়া আছে ব্যাংকে এবং ব্যাংক বলছে—'আগে আমার দেনাটা মেটাতে হবে।' তার জন্য ব্যাংক ওপেন অকশান করে টাকাটা নিয়ে নিচ্ছেন, তারপর যদি কিছু থাকে সেটা মালিককে দিচ্ছেন। এই নিয়ে হাইকোর্টে, সুপ্রিম কোর্টে অজস্র কেস আছে। আপনাদের সুবিধার জন্য বলি, গত বিধানসভায় এই আইনটাকে সংশোধন করে এই বিধানসভাতে একটা বিল আনা হয়েছে, রাষ্ট্রপতি তার অনুমোদন দিয়েছেন। এখনও এই অস্ত্র আপনাদের হাতে রইল, এই অস্ত্র প্রয়োগ করে বন্ধ কারখানার মালিককে—বিশেষ করে যারা ইচ্ছাকৃতভাবে বন্ধ করে রেখেছে, তাদের জমি রিজিউম করুন—অধিগ্রহণ করুন এবং সেখানে দরকার হলে সবারই সমর্থন করা উচিত। যে সমর্থন না করবে বুঝব সে মালিক পক্ষের লোক। এটা শক্ত হাতে আপনারা করুন। এর আগে ২৭বার ভোট হয়েছে ছোটো, বড়, মাঝারি। সব ভোটের পরে নির্বাচন কমিশন বলেছেন, সার্টিফিকেট দিয়েছেন ভোট সুষ্ঠুভাবে হয়েছে। কিন্তু মহামান্য রাজ্যপালের ভাষণে বলা আছে এবারে একমাত্র সুষ্ঠুভাবে হয়েছে। আগে যে ভোটগুলি হয়েছে তখনও নির্বাচন কমিশন সার্টিফিকেট দিয়েছিলেন যে ভোট সুন্দরভাবে হয়েছে, ভালোভাবে হয়েছে। মহামান্য রাজ্যপাল বলেছেন যে, আমার সরকারকে নির্দেশ দেওয়া আছে পুলিশকে যে, পুলিশ নিরপেক্ষভাবে কাজ করবেন। বলছেন আপনারা কিন্তু থানায় থানায় খবর নিয়ে দেখুন সি পি এম-এর আমলে যে ডাকবাবুরা ছিলেন, তারা জার্সি পাল্টে আপনাদের ডাকবাবু হয়েছে এবং সেখান থেকে যা টাকা তোলার সেই টাকা তুলছেন। এক্ষুণি নজর দিন। এই নজরটা না দিতে পারলে আপনাদেরও সর্বনাশ হবে সেটা আপনারা একটু ভালো করে চিন্তা করে দেখবেন। বন্দীমুক্তি সম্পর্কে ১৯৭৭ সালে বামফ্রন্ট প্রথম মন্ত্রীসভায় সিদ্ধান্ত করে অ্যামেনেস্টি ডিক্লেয়ার করে ছিলেন এবং সব ধরনের রাজনৈতিক বন্দীরা মুক্তি পেয়েছিলেন। কিন্তু আপনারা এবারে একটা কমিটি করছেন, সেই কমিটিই কেস টু কেস বিচার করবে। তার মানে হচ্ছে, আপনারা যাদের

ছাড়তে চাইবেন তারা ছাড়া পাবেন আর যাদের ছাড়তে চাইবেন না, তারা ছাড়া পাবেন না। এ খুব সমস্যা হবে। কি করা যাবে আপনারা যখন—সেটা আপনারা খতিয়ে দেখবেন, কি করা যায় সেটা ভাববেন। যুবকদের কাজ দেওয়ার ব্যাপারে মুখ্যমন্ত্রী মহোদয়া বলেছেন যে আমি এমপ্লয়মেন্ট ব্যাংক করব। এমপ্লয়মেন্ট ব্যাংকের সঙ্গে আমাদের আগে যে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ ছিল এবং তার কি তফাত তা কিন্তু উনি বলেননি। তবু আমি ধরে নিচ্ছি একটা এমপ্লয়মেন্ট ব্যাংক হবে এবং এর ভেতর দিয়ে যুবক-যুবতীরা চাকরি পাবে। আর তারা যত বেশি চাকরি পাবে আমি তত বেশি খুশি হব এবং তাদের আশীর্বাদ আপনাদের মাথায় ঝুরঝুর করে ঝরে পড়বে। এই কাজটা আপনারা একটু ভালো করে করুন। চাষি যাতে ফসলের লাভজনক দাম পায় তার জন্য আপনারা চিন্তা-ভাবনা করছেন। কিন্তু এই চিন্তা-ভাবনার ভেতরে একটু গণ্ডগোল আছে। কারণ আমি চাষি, আমি ভুক্তভোগী। চাষি যখন মাল তোলে তখন দাম যায় পড়ে। চাষির মাল যখন ফোড়েরা কিনে নেয়, তারপর কোল্ড স্টোরেজে গিয়ে কিছুদিন ঘুমায়। তারপর সেই আলু ক্রেতার হাতে ফিরে আসে। তখন আড়াই টাকার আলু হয়ে যায় ২২ টাকা। তাহলে মাঝখানে এই যে ফোড়েরা খাচ্ছে, এই যে মার্কেটিং চেন, আমাদের সরকারের সবচেয়ে দুর্বলতা ছিল এগ্রি মার্কেটিং চেন। এটাকে ভালো করে করা হয়নি। আমি এখানে জোরের সঙ্গে বলি যদি আপনারা ভালো করতে চান তাহলে এই রকম টুকিটাকি কসমেটিক চেঞ্জ করে হবে না, র‍্যাডিক্যাল চেঞ্জ করতে হবে এবং সে ক্ষেত্রে এগ্রিকালচারকে অ্যাগ্রো বিজনেসে নিয়ে যেতে হবে। এই এগ্রিকালচারকে যদি অ্যাগ্রো বিজনেসে নিয়ে যেতে হয় তাহলে বড় মালিকের থাবাকে আটকাতে হবে। তেমনি যারা প্রোডিউসার, যারা গ্রোয়ার, যারা তৈরি করে তাদের দিয়ে একটা কো-অপারেটিভ হবে। সেই কো-অপারেটিভ হবে সারভিস কো-অপারেটিভ। সেই সারভিস কো-অপারেটিভ যার যতটা জমি, এক বিঘে থাকলে ২০০ টাকা, দুই বিঘে থাকলে ৪০০ টাকা, তারা এটা শেয়ার মানি দিক। আর আপনারা সরকার থেকে, তার ১০ গুণ কো-অপারেটিভ ব্যাংক থেকে টাকা দিন। ওইটে দিয়ে যে টাকাটা হবে সেই টাকা থেকে তারা এগ্রিকালচার ইমপ্লিমেন্ট যেমন ট্রাক্টর, পাওয়ারটিলার সেচের ব্যবস্থা, পেস্টিসাইডস, সার ইত্যাদি এই সমস্ত যদি আগে থেকে স্টক করা থাকে তাহলে কস্ট অফ প্রোডাকশন কমে যাবে এই সারভিস কো-অপারেটিভের ভেতর দিয়ে। আর সেই স্টক অফ প্রোডাকশন যখন কমে যাবে, এদের ফসলটা যখন বিক্রি হবে তখন ফোড়েদের হাতে না দিয়ে, এই চাষি বাড়ির যুবক ছেলে যারা আছে, তাদের দিয়ে আর একটা কো-অপারেটিভ করুন, তাদের হাতে মালটা দিয়ে যাদের কোল্ড চেন আছে, যারা ফাইনাল ব্যবসাটা করবে, এক্সপোর্ট করবে, কোল্ড চেন মানে শুধু কোল্ড স্টোরেজ না, রেফ্রিজেটার ভান থেকে শুরু করে সবটাই টোটাল কোল্ড চেন, এখানে অনেক ইনভেস্টমেন্ট লাগে। আপনারা বলেছেন পি পি পি মডেলে করবেন। আমার কোনো আপত্তি নেই। চাষি বাঁচুক, চাষি ফসলের দাম পাক। চাষি ফসলের দাম পাবে না, ক্রেতারা অনেক বেশি দামে কিনবে আর মাঝখানে ফোড়েরা বড়লোক হবে, এ যে সরকারই হোক এ করা উচিত না। সেই জন্য চাষি যাতে দাম পায় তার জন্য পি পি পি মডেলে বাকি যেটা কেনবার ব্যবস্থা সেটা রেগুলেট করতে হবে।

বলতে হবে চাষি এই, প্রোডাকশন কস্ট এই, তোমাকে উপুর দিয়েছি, তোমাকে ইনপ্লিমেন্ট দিয়েছি, সেটা ডিডাক্ট করে দিলাম, বাকিটা যেটা রইল তোমাকে এই প্রাইসটা দিলাম—অন্তত কেজিতে তিন টাকা চার টাকা যদি লাভ দেন। আর এই মাঝখানে রেগুলেট করে যুবক ছেলেদের দিয়ে যদি ওটা মার্কেটিং চেনে পৌঁছে দিতে পারেন, যাদের কোল্ড স্টোর ইত্যাদি আছে তারা কিছু পাবে। তাহলে চাষি এবং চাষির বেটারা যারা বেকার আছে তারা উপকৃত হবে এবং ক্রেতারা কম দামে পাবেন। এই কোল্ড চেনের ভিতর দিয়ে এগ্রিকালচারকে এগ্রি মার্কেটিং-এর ভেতর দিয়ে এগ্রি বিজনেস নিয়ে যেতে পারলে সারা পৃথিবীতে আমরা টক্কর দিতে পারি একমাত্র এগ্রিকালচারে। আমাদের কি আছে ? আমাদের কি নেই ? এই যে বায়ো ডাইভারসিটির কথা বলছেন, আমাদের নিল। আমাদের নিম, হলদি কি নেই ? সবটাই বিদেশে চলে যাচ্ছে এবং সেখান থেকে ফিরে এসে ওই ফেয়ার আন্ড লাভলি, সাবান হয়ে আমাদের মাথায় ঘসে দিচ্ছে। ওটা আমরা কেন পারব না ? আমরা যদি সেটা চিন্তা করি যে আমাদের যে বায়ো ডায়ভারসিটি আছে, সেটাকে যদি আমরা ঠিকমতো কাজে লাগাই তাহলে আমাদের চাষিদের ভালো হবে।

[11.50—12 Noon]

এবং চাষিদের ভালো হোক, তাদের মঙ্গল হোক, তাদের ভালো হোক—এটা সবাই চায়, আমি চাই, বিশেষ করে আমি বেশি করে চাই। আর কৃষি-বাণিজ্যের কথা যেটা বলছিলাম—বি. পি. এল. তালিকা, এই বি. পি. এল. তালিকা করার ক্ষেত্রে, আগে সরকারি অফিসারদের দিয়ে করতে গিয়ে উদোর পিণ্ডি বুধোর ঘাড়ে উঠে গেছে। একতলা বাড়ির লোকের নামে বি.পি.এল. হয়েছে, আর যে গরু চরায় তার নামে এ.পি.এল. হয়েছে। আপনারা এটা রিভাইস করতে চাইছেন। আমি চাই, এটা একটা পেশাদারি সংস্থা, যাদের অ্যাকাউনটেবিলিটি আছে, তাদের দিয়ে এটা করান এবং এটা যাতে নিরপেক্ষ হয় এবং সত্যি সত্যি গরিবেরা যাতে পায় সেটা দেখুন, তাতে আপনাদের ভালো হবে। গরিবদের ভালো হবে। আপনাদের আশীর্বাদ করবে, আপনাদের সরকারের আয়ু আরও ১০ বছর বেড়ে যাবে যদি এটা করতে পারেন। আমি আরেকটা জিনিস বলতে চাই যে, আপনারা এই যে জমি-নীতি ঠিক করবেন বলছেন, কিভাবে ঠিক করছেন আমি জানি না, আমার জানারও কথা নয়, কিন্তু আমার বক্তব্য হচ্ছে, এই জমি নীতি যদি ঠিক করতে চান তাহলে একটা আইন পাশ করুন। সেই আইনটা হবে কৃষি জমি অকৃষি কাজে কিনতে পারবে না, একমাত্র সরকারের পারমিশন ছাড়া। যদি ইন্ডাস্ট্রির জন্য হয়, অন্য কোনো পার্পাসে হয়, তখন কৃষি-জমিকে বিক্রি করা যাবে না। এছাড়া অকৃষক কৃষি-জমি কিনতে পারবে না। এটা রেগুলেট করলে—এই যে গ্রামে গ্রামে প্রোমোটর ছড়িয়ে পড়েছে, হাটে- বাজারে যেখানে-সেখানে জমি কিনছে, আর পাঁচতলা করে তুলছে, অনেক নীচু জমি, যেখানে জল জমে যাচ্ছে, আর হুড়হুড় করে বাড়িটা সব পড়ে যাচ্ছে। এই যে প্রোমোটারদের দৌরাত্ম্য—এরা হচ্ছে নতুন প্রজাতি, এদের ধ্বংস করা খুব কঠিন। কারণ অ্যাসিড দিয়ে মারলে এরা মরে না, এরা ঠিক সার্ভাইভ করে। আর এই যে করতে চাইছেন, ল্যান্ড ব্যাংকের কথা আপনারা বলছেন। আমি

বলছি, পশ্চিমবাংলায় ল্যান্ড ব্যাংক হবে না। হবে না, তার কারণ হল, আপনারা যে ভেস্ট জমি, তার সবটাই পাট্টা দেওয়া হয়েছে, বর্গা রেকর্ড হয়েছে। আমাদের ছোট ছোট প্লট, বড় প্লট নেই। এখানে একমাত্র হতে পারে ল্যান্ড ইউজ ম্যাপ। এক এক জেলায় এক এক রকমের প্রাকৃতিক পরিস্থিতি আছে, সেখানে যদি আপনারা ল্যান্ড ইউজ ম্যাপ তৈরি করেন এবং সেই ডিরেকশনে ইন্ডাস্ট্রিয়ালিস্টদের যদি বলেন যে, আমার ইনফ্রাস্ট্রাকচার আমরা করে নিচ্ছি, ফেসিলিটি করে নিচ্ছি, আপনারা যদি চান সেটা কার্যকরী হবে। আমি আপনাদের কাছে এই সাজেশনটা রাখছি যে, ল্যান্ড ব্যাংকটা না ভেবে, ল্যান্ড ইউজ ম্যাপটা ভাবুন, তাতে আপনাদের ভালো হবে। ধর্মীয় সংখ্যালঘুদের সম্পর্কে তো অনেক কথা বলেছেন। সেটা বলতে হয়, ভোটের সময় বলতে হয়। কিন্তু পরে যদি কাজ না করা হয়, তাহলে তো আবার উল্টো হয়। এখন তাদের চাকরি-বাকরি, এটা-সেটা তো দেবেন বলেছিলেন। এই বললেন ১০ হাজার মাদ্রাসা দিয়ে দেওয়া হবে। আচ্ছা খারিজ-ই মাদ্রাসা চলে কিভাবে— এখানে মাননীয় ববি হাকিম সাহেব আছেন, উনি জানেন এটা সুসলমানদের ফেতরা থেকে জাকার থেকে তাদের মতো চলেন, তাঁদের নিজস্ব কনস্টিটিউশন আছে, তাঁর নিজেদের মতো মাসে মাসে নিয়ে করেন এবং সেখানে তাঁরা কোরান, হাদিস সহ ইংরেজি, বাংলা সব পড়ান। আপনি যদি রেকগনিশন দেন, তাহলে তাদের গ্র্যান্ট দিতে হবে, আর গ্র্যান্ট যদি দিতে হয়, তাহলে সরকারি সিলেবাস তাদের ফলো করতে হবে। ওরা করবে কিনা সেটা আগে জিজ্ঞাসা করে নিন। যদি রাজি থাকে, তাহলে করে দিন। আমি ওয়েলকাম করব, নিশ্চিতভাবে ওয়েলকাম করব। আর উত্তরবঙ্গের জন্য একটা পৃথক সচিবালয় করতে চেয়েছেন। এটা খুব ভালো কাজ। উত্তরবঙ্গের মানুষদের ছোট-বড় কাজে ট্রেনে-বাস করে কলকাতায় আসতে হয়। সেই জন্য সেখানে যদি একটি ছোট সচিবালয় হয়, প্রাথমিক কাজগুলো যদি ওখান থেকে মেটে, তারপরে বড় কাজে এখানে আসুক—এই কাজটা আরও ভালো হবে। এতগুলো ভালো ভালো কাজ করার কথা আমি বললাম, আপনারা করছেন, প্রশংসা করছি, কিন্তু বলছি, দয়া করে মারামারিটা কমান, গণতন্ত্রকে ফেরান, গণতান্ত্রিক পরিবেশকে ফেরান, আপনাদের ভালো হবে, সবারই ভালো হবে, কারোর কোনো অসুবিধা হবে না। ধন্যবাদ।

শ্রী নির্মল ঘোষ : মাননীয় স্পীকার স্যার, মাননীয় রাজ্যপাল মহাশয়ের ভাষণের উপরে সরকারি চিফ হুইপ মাননীয় শোভনদেব চট্টোপাধ্যায় কর্তৃক আনিত ধন্যবাদসূচক প্রস্তাবকে সমর্থন করে আমি এই পবিত্র বিধানসভায় কয়েকটি কথার অবতারণা করতে চাই।

মাননীয় স্পীকার স্যার, ৩৪ বছর একটা সরকার রাজ্যের প্রায় ৯ কোটি মানুষের দায়িত্বভার গ্রহণ করে রাজ্যের মানুষের অধিকার, মর্যাদা, বেঁচে থাকার অধিকার, গণতন্ত্রের অধিকার, রাজনীতি করার অধিকার, সমস্ত গণতান্ত্রিক যে ইনস্টিটিউশনগুলো আছে সমস্ত ইনস্টিটিউশনগুলোকে, ৩৪ বছর দল বড় দেশকে-ছোট করা, বিরোধীদের শেষ করে দেওয়া এই এক ধ্বংসাত্মক নীতির ফলে পশ্চিমবাংলায় মানুষ বুভুক্ষু থেকেছে, কল-কারখানা স্তব্ধ হয়ে গেছে, হাসপাতালে চিকিৎসা স্তব্ধ হয়ে গেছে, শিক্ষার অ-ব্যবস্থা সারা ভারতবর্ষের কাছে

পশ্চিমবাংলাকে পিছিয়ে দিয়েছে, রাজনীতির শেষ কথা গণতন্ত্র, সেই গণতন্ত্রকে যে কুঠার আঘাত, মেজরিটি ২৩৫ এবং ৩০-এর কথা বলে যেভাবে বিরোধীদের এবং বাংলার সংগ্রামকে, সংগ্রামী মানুষের গণতান্ত্রিক অধিকারকে পদপিষ্ট করেছে, সেই অবস্থা থেকে পশ্চিমবাংলাকে মুক্ত করে, পশ্চিমবাংলার মানুষকে স্বাধীন করে পশ্চিমবাংলার মাননীয় জননেত্রী, বর্তমান বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় দ্বিতীয়বার গণতন্ত্রের যে পুনঃপ্রতিষ্ঠা করেছেন, বাংলার মানুষকে স্বাধীন করেছেন, সেইজন্য এই বিধানসভায় মাননীয় রাজ্যপালের ভাষণের উপরে ধন্যবাদ দিতে গিয়ে বর্তমান মুখ্যমন্ত্রী এবং এই হাউসের নেত্রীকে আমি সাধুবাদ জানাই, ঈশ্বরের কাছে প্রার্থনা করি তাঁর মঙ্গল হোক। কেননা, ওরা তো শুধু বিরোধীদের কণ্ঠরোধ করেছে তাই নয়, বারবার আঘাত হেনেছে যাতে বিরোদীরা কথা বলতে না পারে। এই বিরোদীদের কণ্ঠরোধ করতে গিয়ে বিরোধী দলের বাংলার যে জননেত্রী—যাঁকে নিয়ে বাংলার মানুষের আশা-ভরসা, তাঁকে বারবার সরকার এবং সরকারি দলের প্রশাসন এবং একটা রাজনৈতিক দলের অঙ্গুলি হেলনে শেষ করে দেওয়ার চেষ্টা হয়েছে—কখনও কলকাতায়, কখনও সিঙ্গুরে, কখনও নন্দীগ্রামে এবং আন্দোলনকারী মানুষ যেখানেই প্রতিবাদ করেছে সেখানেই প্রতিবাদকারী বিরোধী দলের নেত্রীকে শেষ করে দেওয়ার চেষ্টা হয়েছে। পশ্চিমবাংলা পৃথিবীতে একটা ইতিহাস সৃষ্টি করেছে। পৃথিবীর কোথাও কোনো কম্যুনিস্ট সরকার—কদাচিৎ কোথাও ইউরোপীয়ান কান্ট্রিতে হয়ে থাকতে পারে—তাকে গণতন্ত্রের মধ্যে দিয়ে গদিচ্যুত করা যায়নি। এখানে সেই বিগত সরকারকে গদিচ্যুত করতে, তার অত্যাচার, নিপীড়ন, বঞ্চনা, সন্ত্রাস, বুভুক্ষুতার হাত থেকে মুক্তি হতে মানুষ যে সংগ্রাম করেছে, সেই সংগ্রামের ফলে ওই বাংলার মানুষের জন্য মা-মাটি-মানুষের সরকার স্থাপিত হয়েছে।

[12.00—12.10 p.m.]

আমি মা মাটি মানুষের এই সরকারের অগ্রগতি, তার এগিয়ে যাওয়ার পথে কতগুলো বাস্তব যে নীতি তিনি নির্ধারণ করেছেন এবং যে কর্মপদ্ধতি তিনি গ্রহণ করেছেন আমি সেই কথা সকলের উদ্দেশ্যে বলতে চাই। বিশেষ করে বিরোধী দলের বন্ধুদের আমি বলতে চাই। এই সরকার কতদিন হয়েছে ? গত মাসের ২০ তারিখ। আজকে ১৫ তারিখ। মানুষ পশ্চিমবাংলায় ঘরবাড়ি থেকে বেরোতে পারত না। আমার জেলা উত্তর ২৪ পরগনা। মানুষ ৩০ বছরের অধিক ধরে শাসন, হাড়োয়াতে, হিঙ্গলগঞ্জে, সন্দেশাখালিতে প্রত্যন্ত এলাকার মানুষ বাড়িতে থাকতে পারতেন না। হাজার হাজার মানুষ গৃহহীন হয়েছে। মানুষের জমি জায়গা, বাড়িঘর কেড়ে নিয়েছে। আমরা বারবার এই পবিত্র হাউসে বলেছি তৎকালীন মুখ্যমন্ত্রীকে আপনি ব্যবস্থা গ্রহণ করুন। আমি আশা করব সেই প্রাক্তন মন্ত্রিসভার যাঁরা ক্যাবিনেটে ছিলেন, যাঁরা গতকালও মানুষের পাশে দাঁড়াতে পারলেন না। টাটার পাশে গিয়ে দাঁড়ালেন। যখন মমতা ব্যানার্জী, বাংলার মুখ্যমন্ত্রী বললেন আমি সেই জমিহারা কৃষকদের জমি ফিরিয়ে দেব, আপনারা টাটার পাশে দাঁড়ালেন, কৃষকের পাশে, সিঙ্গুরের কৃষকের পাশে দাঁড়াতে পারলেন না। অফ কোর্স আমি রেজ্জাক ভাইকে বলি আপনি দাঁড়াবার চেষ্টা

করেছেন কিন্তু আপনার দল তো আপনাকে দাঁড়াতে দেয়নি। আপনি দাঁড়াবার চেষ্টা করেছিলেন। সূর্যবাবু মাননীয় বিরোধী দলের নেতা অনেক কথা বলেছেন, কিন্তু জমি কিভাবে কেড়ে নিয়েছেন জরুরি অবস্থা জারি করে কনটিনিউয়াসলি সেভেনটি টু ডেজ এবং অঘোষিতভাবে ১০৫ দিন ১৪৪ ধারা জারি করে বাংলার জননেত্রীকে আহত শুধু নয় তাঁকে হত্যা করার চেষ্টা করা হয়েছে। এই পবিত্র হাউসে আমি বলব ওখানকার রাজকুমার ভুল, তাপসী মালিকের নাম সংগ্রামের ইতিহাসে, কৃষকের সংগ্রামের ইতিহাসে তাদের কথা লেখা থাকবে। তাই আমি বলি এখন বন্ধু বিরোধী দলকে বলি যে আপনারা যেটা করে গিয়েছেন একবার যদি দেখেন নির্বাচনোত্তর বাংলার মুখ্যমন্ত্রী ঘোষণা করেছেন কোনো আনন্দ নয়, কোনো প্রসেশন নয়। যাঁরা জিতেছেন প্রসেশন করবেন না। তারা আনন্দোৎসব করবেন না। পশ্চিমবাংলায় প্রথম কাজ হচ্ছে শান্তি এবং শৃঙ্খলা ফিরিয়ে আনা। আমরা ধন্যবাদ দিই এই সরকারের মুখ্যমন্ত্রীকে। তিনি পশ্চিমবাংলায় শান্তি ফিরিয়ে আপনার আপ্রাণ চেষ্টা করছেন এবং এই কথা ঠিক যে পশ্চিম মেদিনীপুর, বীরভূম, বাঁকুড়া, পুরুলিয়া থেকে শুরু করে পশ্চিমবাংলার সর্বত্র আজকে একটা ধীরে ধীরে শান্তি ফিরে আসছে। সন্ত্রাস মুক্ত হচ্ছে। সি পি এম তথা বামফ্রন্ট যে অত্যাচার সৃষ্টি করেছিল তার থেকে মানুষ বেরিয়ে এসে গণতন্ত্রের পথে, শান্তির পথে এগিয়ে চলছে। এই এগিয়ে যাওয়ার পথে একটি সরকার যখন গঠিত হয় তখন দেখতে হবে সেই সরকারের কি করার আছে। আমরা বলতে চাই একটি সরকার ৩৪ বছর একটি রাজ্যকে শেষ করে দিয়ে চলে গেল, রেজ্জাক ভাই তিনি কৃষকের কথা বলছেন, কৃষি বিপণনের কথা বলছেন। রাজ্যকেই তো শেষ করে দিয়েছেন। যে শিশু কালকে জন্ম নেবে কমবেশি ২২ হাজার টাকা মাথায় দেনা নিয়ে সে জন্মাবে। আমরা বলছি যে আপনারা বারবার এই হাউসে উন্নয়নের কথা বলতেন, নতুন শিল্প স্থাপনের কথা বলতেন, গরিব মানুষের দারিদ্র্য দূর করার কথা, কিন্তু শূন্য ভাঁড়ার আপনারা রেখে গেলেন, শুধু শূন্য ভাঁড়ার নয়। এটা এই গত মার্চ মাস পর্যন্ত, ১১ই মার্চ পর্যন্ত এক লক্ষ ছিয়াশি হাজার কোটি টাকার বেশি দেনা এসে দাঁড়িয়েছে। আপনারা পশ্চিমবাংলাকে দেনার দায়ে ডেথ ট্র্যাপে ফেলে দিয়েছেন। এখন এই কঠিন অবস্থা থেকে মানুষ তো বাঁচবে।

আজকে বাংলার মুখ্যমন্ত্রী ঘোষণা করেছেন যে একটি মানুষও যাতে না খেয়ে মরে সেই ব্যবস্থা করতে হবে। তিনি জঙ্গলমহলের কথা বলেছেন। যে জায়গার কথা প্রাক্তন সরকার বা সেই সরকারের মুখ্যমন্ত্রী কোনোদিন ভেবে দেখেননি। তারা কোনোদিনই ভাবেননি যে গরিব মানুষগুলি পশ্চিম মেদিনীপুরের সেই গরিব মানুষগুলির বাঁচার দরকার, খাওয়ার দরকার আছে। তাদের কাছে চাল, ডাল পৌঁছে দেওয়ার দরকার আছে, সেই কথা প্রাক্তন সরকারের কেউ ভেবে দেখেননি। এই বর্তমান সরকার বলছে যে, একটি মানুষও মরবে না। এবং জানেন ২৪,০০০ থেকে সেই মানুষের যে ইনকাম স্তর সেটাকে বাড়িয়ে দিয়ে শুধু জঙ্গলমহল নয়, বীরভূম, বাঁকুড়া, পুরুলিয়া, পশ্চিম মেদিনীপুরের মানুষ বিশেষ করে পিছিয়ে পড়া আদিবাসী মানুষ তারা যাতে দুবেলা খেয়ে পরে প্রথমে বাঁচতে পারে সেই

কথাই বলা হচ্ছে। তারা যাতে না খেয়ে মরে না যায়, খেয়ে বাঁচুক তারা, তার জন্য বর্তমান সরকার এই কাজ হাতে নিয়েছে।

স্যার, আপনার মাধ্যমে এই কথা বলতে চাই, এই সরকার গত ১৮-২০ দিনের ভিতরে উত্তরবঙ্গ বাঙালির প্রিয় জায়গা, বাংলার মানুষের প্রিয় জায়গা, মানুষ এই শৈল শহরে গরমের ছুটিতে, স্কুলের ছুটিতে যান, সেখানে কি অব্যবস্থা তৈরি হয়েছে ? সেখানকার যে অব্যবস্থা প্রায় ২৮ মাসের বেশি সময় ধরে চলেছিল, সেই অব্যবস্থা থেকে মুক্ত করার জন্য আজকের এই সরকার পশ্চিমবঙ্গের বর্তমান নতুন সরকার, মা মাটি মানুষের সরকারকে ধন্যবাদ জানাই এই কারণে যে, এই সরকার অল্প দিনের মধ্যে পাহাড়ে একটা সব দলের পক্ষ থেকে একটা শান্তির বার্তা নিয়ে এসেছেন এবং একটা শান্তির বার্তাতে মানুষকে সঙ্গে পেয়েছেন, পশ্চিমবঙ্গের অগ্রগতিতে, পশ্চিমবঙ্গের শান্তিতে, পশ্চিমবঙ্গের কৃষ্টিতে, সংস্কৃতিতে পাহাড়ের মানুষগুলিকে তিনি পেয়েছেন। পাহাড়ের মানুষের তিনি মন জয় করেছেন। এটা ঈর্ষা হতে পারে বিরোধী দলের কাছে বিশেষ করে সি পি এমের মাননীয় সদস্যদের কাছে ঈর্ষার কারণ হতে পারে। কিন্তু এটা ঈর্ষা নয়, পশ্চিমবঙ্গে শান্তি ফিরিয়ে আনতে হবে। সমস্ত জনজাতির মানুষগুলিকে তাকে একটা জায়গায় উন্নয়নের পথে নিয়ে আসতে হবে। এই নিয়ে আসার কাজ মাননীয়া মুখ্যমন্ত্রী এটা তিনি করেছেন। তার জন্য তাঁকে ধন্যবাদ জানিয়ে পারা যায় না। এই সরকারকে ধন্যবাদ না জানিয়ে আর কী রাস্তা আছে আমি জানি না। উর্দু ভাষার কথা অনেকেই বলে থাকেন। দীর্ঘদিন ধরে সিক্স্থ সিডিউলে উর্দু ভাষাকে আনার কথা বলা হয়েছে। এখানে জায়গা দেওয়া হোক। এই কদিনের সরকার তিনি ঘোষণা করলেন যত মাদ্রাসা আছে, রেজ্জাক সাহেব আপনারা তো ছিলেন, মাদ্রাসাগুলিকে স্বীকৃতি দিতে পারতেন। কিন্তু পারেননি। কাজেই সেখানে আপনাদের ১০,০০০-এর বেশি মাদ্রাসাকে বর্তমান সরকার বলছেন যে, 'আমি সেই পিছিয়ে-পড়া মানুষ, অনুন্নত মানুষ, সব মানুষকে আমি শিক্ষার আলোতে আনতে চাই। তাদেরকে আমি স্বীকৃতি দিতে চাই।' এবং এই কাজ বর্তমান সরকার করেছেন। তাকে ধন্যবাদ না জানিয়ে কোনো পথ আছে কি ? কী পথ আছে ? তাই এই সরকারকে আবার আমি ধন্যবাদ জানাই। এই সরকার যখন এসেছে দেখুন রাজ্যে একদিকে কৃষি একদিকে শিল্প—শিল্পটিকে প্রায় শেষ করেই দিয়ে গেছেন। কারণ এখানে রাজ্যে অনেকে বলে ৫৫,০০০ এবং ৫৬,০০০। কিন্তু যদি ছোট-বড়-মাঝারি এবং এই ৩৬ বছরে রেজিস্ট্রিকৃত ছোট-বড়-মাঝারি কুটিরশিল্প ধরি এটা কাছাকাছি এক লক্ষ ত্রিশ হাজারে যাবে। আপনারা একটা বাস্তব ব্যবস্থা গ্রহণ করতে পারলেন না। বাস্তব ব্যবস্থা গ্রহণ করে এই শিল্পগুলিকে পুনর্গঠন করে বাংলার যে বেকারি, ভারতবর্ষের মধ্যে সবথেকে বেশি বেকারি পশ্চিমবাংলায় কেন ? এই বেকারত্বের জ্বালা থেকে বাঁচানোর জন্য শিল্পগুলিকে পুনর্গঠন করে আপনারা যারা চাকরি হারিয়েছেন কম বেশি ২৫ লক্ষ মানুষ, এর থেকে চাকরি হারিয়েছিল—সেই চাকরিহারা মানুষগুলির পরিবারগুলি যারা অনাহারে রয়েছে আপনারা বলবেন আমরা তাদেরকে সাপোর্ট দিচ্ছি। শ্রমিক-কর্মচারীরা ভিক্ষা চায় না। তাদের ন্যায্য চাকরি তারা ফিরে পেতে চায়। তাদের শিল্প তারা পুনর্গঠন করতে চায়। তারা উৎপাদনে অংশগ্রহণ করতে চায়।

আমি ধন্যবাদ দিই এই সরকারকে তাঁরা বলেছেন যে ৩৪ বছর ধরে শিল্পের যে অব্যবস্থা হয়েছে, তাতে বহু মানুষ চাকরি হারিয়েছে। লক্ষ লক্ষ বেকার আজকে পশ্চিমবাংলায়। প্রায় এক কোটি মানুষ বেকার, রেজিস্ট্রিকৃত বেকারের সংখ্যা ৭৭, প্রায় ৮০ লক্ষ। আর যারা চাকরি হারিয়েছে সেটা যোগ করলে প্রায় এক কোটি মানুষ পশ্চিমবাংলায় বেকার হয়েছে।

[12.10—12.20 p.m.]

তার জন্য এই সরকারকে ধন্যবাদ দেবেন না ? যে এই সরকার এসেই বলছে আমি পুনর্গঠন করব, আমি শিল্পে নতুন ধারণা, নতুন সংস্কৃতি আনব। সরকারি মহলগুলোকে আজকে মাননীয়া মুখ্যমন্ত্রী, তিনি নিজে প্রত্যেকটি সরকারি দপ্তরে যেখানে কর্মসংস্কৃতি ভেঙে পড়েছে, কর্মসংস্কৃতিকে একটি রাজনৈতিক দলদাসের মধ্যে, দলের মধ্যে আবদ্ধ করেছে, তার থেকে এই সংস্কৃতিকে, কৃষ্টিকে ফিরিয়ে আনার যে চেষ্টা এই সরকার এবং সরকারের মুখ্যমন্ত্রী নিয়েছেন, তাঁকে ধন্যবাদ না জানিয়ে কোনো পথ আছে কিনা, আমি বিরোধীদেরকে বলব আমরা সবাই মিলে এই মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানাই। আমি আপনাদের বলি যে, শিল্প, যে আই.টি. সার্ভিস সেক্টর যেটা, আজকে এই সার্ভিস সেক্টরকে আপনারা কি একবার দেখলেন না ১৯৯৯ অনওয়ার্ডস ৯১ থেকেও যদি শুরু করি তাহলে আমরা এই আই.টি. সেক্টরে, বি.পি.ও. সেক্টরে, ইঞ্জিনিয়ারিং-এ আমরা কেন মহারাষ্ট্র থেকে পিছিয়ে চলে এলাম ? কেন সারা ভারতবর্ষে আমরা কর্ণাটক থেকে পিছিয়ে এলাম ? কেন আমরা চেন্নাই থেকে পিছিয়ে এলাম ? কেন সারা গুজরাট থেকে পিছিয়ে এলাম ? এই চর্চা আপনারা করেননি। আপনারা রাজনীতির আবদ্ধে থেকে এই আই.টি.টাকে আধুনিক যে শিল্প, আধুনিক যে তথ্য এবং প্রযুক্তি, এর থেকে বাংলার যারা এক্সেলেন্স, বাংলার যারা মেধা, শক্তি, সেই মেধা-শক্তির পাশে আপনারা দাঁড়াননি। তার জন্য পশ্চিমবাংলার মেধা-শক্তি কোথায় চলে যাচ্ছে ? হরিয়ানাতে চলে যাচ্ছে, দিল্লিতে চলে যাচ্ছে, কর্ণাটকে চলে যাচ্ছে, ব্যাঙ্গালোরে চলে যাচ্ছে, মহারাষ্ট্রে চলে যাচ্ছে। তাই এই সরকার এই প্রথম বলছেন যে না, আমরা এই আই.টি. শিল্পকে, এই আধুনিক সার্ভিস সেক্টরকে নতুন করে সাজাবো। সেই নবোদয় স্কুলের কথা আমার মনে আছে। যখন রাজীব গান্ধী ঘোষণা করেছিলেন, আপনারা রাজনৈতিক কারণে সেই নবোদয় স্কুলকে গ্রহণ করেননি, তার জন্য ভারতবর্ষের অন্য সবক-টি রাজ্য থেকে আমাদের যে শিক্ষা ব্যবস্থা, আমাদের যে ভিত্তিপ্রস্তর—যেটা পঞ্চম শ্রেণি থেকে এগারো, বারো ক্লাস পর্যন্ত যে আমাদের ভিত্তিটা, এই ভিত্তিটাকে আপনারা শেষ করে দিয়েছেন। আজকে আমাদের এই সরকার উচ্চ শিক্ষার ক্ষেত্রে যে ব্যবস্থা গ্রহণ করেছে, আমরা মনে করি, যে আপনাদের এই হাউস তাকে পূর্ণরূপে সহযোগিতা করবে, এই আশা রাখি এবং আমি বলি, যে আজকে পশ্চিমবাংলায় যে অবস্থাটি ছিল, আরেকবার আমি ভেবে দেখতে বলব, একটি রাজ্য, সেই রাজ্যের মানুষ এমন একটি অবস্থার মধ্যে চলে গিয়েছিল যে সেই মানুষ কোথায় যাবে ? প্রশাসনের কাছে। প্রশাসনের কাছে গেলে বলবেন, আমি আহত, আমি নির্যাতিত, আমি নিপীড়িত। বলছে, আমার কাছে অর্ডার নেই। আপনার কেস

আমি রেজিস্ট্রি করতে পারব না, চলে যান। এই কি সরকারের প্রশাসনকে তারা করেছিলেন ? তারা সবাই মিলে একটি রাজনৈতিক দলের অফিসে পাঠিয়ে দিতেন। আমরা এই সরকারকে ধন্যবাদ দিই এবং এই সরকারের প্রধান বাংলার জননেত্রী মমতা ব্যানার্জীকে আমাদের ধন্যবাদ দিতে হবে, তিনি প্রথমে এসেই বলেনে, "প্রশাসন প্রশাসনের পথ ধরে চলবে, নিরপেক্ষ পথ ধরে চলবে।" এই নিরপেক্ষতাই হচ্ছে বর্তমান সরকারের এবং প্রশাসনকে বহুমুখী করে মানুষের মধ্যে নিয়ে যাওয়া। মানুষের মধ্যে নিয়ে গিয়ে মানুষের দুঃখ, দরিদ্র্যতা, কষ্ট, মানুষের উন্নয়নে প্রশাসন নিরপেক্ষভাবে রাজনৈতিক বাধা মুক্ত হয়ে এই প্রশাসন কাজ করবে। আজকে তার জন্য আপনারা দেখতে পাচ্ছেন, যে অদ্ভুত অবস্থায় গত বামফ্রন্ট সরকার কী করেছিলেন। প্রাক্তন মুখ্যমন্ত্রী, তিনি চোখ বন্ধ করে থাকতেন। আজকে জঙ্গলমহলে, পশ্চিম মেদিনীপুরে, পুরুলিয়াতে, বাঁকুড়াতে যেভাবে অস্ত্রের সম্ভার, যে অস্ত্র দিয়ে পশ্চিমবাংলার মানুষকে, গণতন্ত্রকে অস্ত্র দিয়ে মানুষের গণতান্ত্রিক অধিকারকে যেভাবে আবদ্ধ করে ফেলেছিল, সেই আবদ্ধতা থেকে মানুষ স্বতঃস্ফূর্তভাবে—সেই তো প্রশাসন। সেই পুলিশ, সেই ডি.এম.—তারাই তো আজকে নিরপেক্ষতা যদি পায়, সরকার যদি তাকে ফ্রিহ্যান্ড দেয়, যান নিরপেক্ষভাবে এই রাষ্ট্রের জন্য কাজ করুন, রাজ্যের জন্য কাজ করুন, তাহলে তারা প্রমাণ করে দেয় যে, একটি যুদ্ধের ক্ষেত্রে যে অস্ত্র ব্যবহার করা হয়, কিভাবে একটি প্রাক্তন সরকার বা রাজনৈতিক দল মানুষের গণতান্ত্রিক অধিকারকে হরণ করে, এইভাবে অস্ত্র সম্ভার করে মানুষের গণতান্ত্রিক অধিকারকে কেড়ে নিয়েছিল ? আমি ধন্যবাদ জানাই এই সরকারকে যে, তারা বলছে, যেখানেই অস্ত্র থাকবে, সেই অস্ত্র উদ্ধার করে বাংলার মানুষকে শান্তির পথে নিয়ে যাবে। আপনারা গত ৩৪ বছরের অধিক সময় ধরে ৬০ হাজার মানুষ মরেছে। আপনারা ১১ হাজার মানুষের কথা বলতেন, ভুলে গেছেন। ৬০ হাজারের মতো মানুষ, আমি বলিনি তৃণমূলের লোক মরেছে, কংগ্রেসের লোক মারা গেছে..... (এই সময় মাইক অফ হয়ে যায়।)

শ্রী দেবপ্রসাদ রায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মহামান্য রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব, সেই প্রস্তাবের স্বপক্ষে আমি আমার প্রতিবেদন পেশ করছি। আজ থেকে ২১ বছর আগে কলকাতার এসপ্ল্যানেড ইস্টে ১৯৯০ সালের ৫ ডিসেম্বর আজকের মাননীয়া মুখ্যমন্ত্রীর একটি সমাবেশে লক্ষাধিক মানুষের সমাবেশে মাথায় গভীর ক্ষত নিয়ে দাঁড়িয়েছিলেন, আমি বক্তা হিসাবে বলেছিলাম হাত দিয়ে বলো সূর্যের আলো রুখতে পারে কি কেউ, আমায় মেরে ঠেকানো যাবে কি বিপ্লবের ঢেউ। সেই ঢেউকে ঠেকানো যায়নি, সেই বিপ্লব সংগঠিত হয়েছে, সময় নিয়েছে। সময়ের সাথে সাথে শাসককুলের হাতে তিনি যত নিগৃহীতা হয়েছেন ততই মানুষের কাছে গৃহীতা হয়েছেন। এবং আজকে তার ফলশ্রুতিতে গণতন্ত্রের সূর্যোদয় আমরা দেখতে পাচ্ছি। এ বিপ্লব সময় নেয়, রক্তপাতহীন বিপ্লব। এই বিপ্লবে মেজাজ মরে, মানুষ মরে না। এই বিপ্লবে ঔদ্ধত্য হারে, উদ্ধত মানুষটাকে কেউ খোঁজে না। এই বিপ্লবে সকাল হয়, রৌদ্রের প্রখর তাপে কেউ তাপিত হয় না, পীড়িত হয় না। এই বিপ্লবের পূজারী ছিলেন মার্টিন লুথার কিং, এই বিপ্লবের পথেই হেঁটেছিলেন নেলসন ম্যান্ডেলা, পশ্চিমবাংলায় আজকে সেই বিপ্লবের শঙ্খ বানিয়ে যিনি

বিপ্লব ঘটিয়েছেন সেই মাননীয়া মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানাই, নমস্কার জানাই। এখানে বসে আছে বেচারাম মান্না, প্রতিদিন রাতে একটি কিশোরী এসে প্রশ্ন করতেন, দাদা আমার মৃত্যু কি বৃথা যাবে, আমার মৃত্যুর কি বিচার হবে না ? আজকে বেচারাম বলছে, তাপসী বোন তাকিয়ে দেখ তোর মৃত্যু-আত্মা সফল হয়েছে সিঙ্গুরের জমিহারা তাদের জমি ফিরে পেয়েছে। ওখানে বসে আছে ফিরোজা বিবি, প্রতিদিন রাতে একদল ছেলে বলত, মা মা সকাল কবে হবে ? আজকে তিনি বলছেন বাছারা দেখ, সূর্য উঠেছে, সন্ত্রাসের সূর্যোদয় নয়, গণতন্ত্রের সূর্যোদয়, শান্তির সুর্যোদয়। মাননীয়া মুখ্যমন্ত্রী ঘরের রং পালটে দিয়েছেন, যদি না পালটাতেন, যদি সেই দেওয়ালে কান পাততেন দূর থেকে কিছু আর্তনাদ ভেসে আসত। মরিচঝাঁপির ২০০০ মানুষের আর্তনাদ, সাববিয়াং-এর চা-বাগানের শ্রমিকের আর্তনাদ, বিজন সেতুর সন্ন্যাসীদের আর্তনাদ, নান্নুর-সূচপুরের কৃষকের আর্তনাদ। তাই রং পালটে দিয়ে সেই হাহাকারের দিনগুলির অবসান ঘটিয়েছেন, আমি ধন্যবাদ জানাই। আমাদের এই সভাতে কারোর বিরুদ্ধে কটূক্তি, কারোর বিরুদ্ধে অপশব্দ, কারোর বিরুদ্ধে বিষোদ্‌গারের জন্য আমরা এখানে আসিনি। নির্বাচনে বলেছিলাম বদলা নয়, বদল চাই। সন্ত্রাস নয়, শান্তি চাই। কিন্তু দুঃস্বপ্নের দিনগুলিকে ভাবলে ৩৪ বছরের সন্ত্রাসকে ভাবলে, ৩৪ বছরের যন্ত্রণাকে ভাবলে বুকের ভিতরে একটা আলোড়ন হয়।

[12.20—12.30 p.m.]

বলতে ইচ্ছা হয়, 'বন্ধু গো, আর বলিতে পারি না বড় বিষ জ্বালা এ বুকে, / দেখিয়া, শুনিয়া, খেপিয়া গিয়াছি, যাহা আসে তাহা কই মুখে'। তবুও ভাষা সন্ত্রাসে এই সভাকে কলংকিত করব না। নম্রতার সাথে, বিনয়ের সাথে শুধু বলব, 'একদিন যারা মরেছিল তারে গিয়ে, রাজার দোহাই দিয়ে, এ যুগে তাহারা জন্ম নিয়েছে আজই, মন্দিরে সব এসেছে ভক্ত সাজি।' আজকে ওই আসন থেকে, ওই আসন থেকে মাঝে মাঝে হুংকার হত আমরা ২৩৫, আপনারা ৩০। ফুৎকারে উড়ে যাবেন। আজকে সেই হুংকার শুনে সংসদীয় গণতন্ত্র আঁতকে উঠত। ওই আসন থেকে মাঝে মাঝে হুংকার হত, ওরা প্রথম মেরেছে তারপরে আমরা মেরেছি। ওরা-আমরা শুনে সংসদীয় গণতন্ত্র আঁতকে উঠত। এই সভায় দাঁড়িয়ে মাননীয়া মুখ্যমন্ত্রী বলে গেছেন, ওরা-আমরা নয়—'আমরা সবাই রাজা আমাদের এই রাজার রাজত্বে, নইলে মোদের রাজার সনে মিলবো কি শর্তে।' তাঁকে ধন্যবাদ জানাই, তাঁকে নমস্কার জানাই। ২০০ কোটি টাকা বরাদ্দ দিয়েছেন উত্তরবঙ্গকে। ২০০ কোটি টাকা আর্থিক বরাদ্দের পাশপাশি একটি মন্ত্রক দিয়েছেন উত্তরবঙ্গকে। প্রতিশ্রুতি দিয়েছেন একটি মিনি সচিবালয় সেখানে খোলা হবে। বিশ্বাস করতে ভালো লাগছে বঞ্চনার দিন, বৈষম্যের দিন, অভিযোগের দিন, অনুযোগের দিন বোধহয় তার অবসান ঘটল। ভাবলে ভালো লাগছে হয়তো এবার আমাদের শেকড়ের সন্ধান আমরা খুঁজে পাব। হয়তো আমরা এবার ইতিহাস খুঁজে বার করতে সক্ষম হব। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমরা ইতিহাস পড়েছি। ইতিহাস বলছে, খ্রিস্টপূর্ব তিন শতাব্দীতে 'বিম্বিসার' শাসন করেছেন মগধে। খ্রিস্টপূর্ব তিন শতাব্দীতে শাসন করেছেন সম্রাট 'অশোক' আর তিন শতাব্দীতে শাসন করেছেন 'সমুদ্রগুপ্ত'। হর্ষবর্ধনের সপ্তম শতাব্দীতে 'হিউ-এন-সানের' পরিক্রমায় উল্লেখ আছে উত্তরবঙ্গে 'ভাস্কর বর্মণ' শাসন

করতেন। সপ্তম শতাব্দীর 'ভাস্কর বর্মণের' পরে, ষোলোশো শতাব্দীতে আসে কোচবিহারের রাজা 'বিশ্বসিংহের' ইতিহাস। মাঝখানে ৮০০ বছরের কোনো ইতিহাস কেউ লিখল না। মাঝখানে ৮০০ বছরের ইতিহাস কেউ রাখল না। কিছু ছেঁড়া ছেঁড়া নাম উড়ে-এল রক্তময়, গৈপদে, ভরজর, তান্তেশ্বর, নীলধ্বজ। কেউ বলতে পারল না, কে কবে ছিল, কে কবে এল, কে কবে গেল। আমার শিকড়টা খোঁজা হল না। আমার মনে তাই মাঝে মাঝে প্রশ্ন ওঠে, আমার মনে তাই মাঝে মাঝে জিজ্ঞাসা ওঠে, এই সমাজ আর আমি—কি আমার সম্পর্ক ? এই সমাজ, মুলস্রোত আর আমি—কোথায় আমার আত্মীয়তা ? আমি এই আইডেনটিটির ক্রাইসিসকে রাজ্য সরকারের নতুন উদ্যোগের পাশাপাশি একটি উদ্যোগ হিসাবে গ্রহণ করে নিয়ে, শিকড়ের সন্ধানে উত্তরবঙ্গের আদিবাসী এবং জনজাতির মানুষগুলোকে, তার উৎসকে, তার সৃষ্টিকে, তার ইতিহাসকে, তার চোখের সামনে তুলে ধরে সমাজের মূলস্রোতে যুক্ত করার উদ্যোগী হবেন আমি প্রত্যাশা করি। আজকে 'বোরো' ভাষার স্বীকৃতি হয়, 'ডোগরি' ভাষার স্বীকৃতি হয়, 'অলচিকি' ভাষার স্বীকৃতি হয়—Sorry, I stand corrected—'সাঁওতালি' ভাষার স্বীকৃতি হয়। I stand corrected.

কিন্তু যে ১ কোটি ২০ লক্ষ মানুষ রাজবংশী ভাষায় কথা বলে, ১ কোটি ২০ লক্ষ মানুষের যে মাতৃভাষা রাজবংশী, সেই ভাষার যখন স্বীকৃতি নেই প্রাথমিক স্তরে শিক্ষার মাধ্যম হিসাবে যেমনভাবে ত্রিপুরার বিষ্ণুপ্রিয়া, মণিপুরি ভাষাকে স্বীকৃতি দেওয়া হয়েছে। যখন সেই দাবি করা হয়, তখন আমাদের পিঠে বিচ্ছিন্নতাবাদের তকমা লাগিয়ে সেই ভাষাকে যখন অস্বীকার, সেই দাবিকে যখন অস্বীকার করা হয়, আমাদের পরান জাগে আমরা মূলস্রোতের সাথে যুক্ত আছি কিনা ? ১৫০ বছর আগে ছোটনাগপুর, সাঁওতাল পরগনা, রাঁচি, দুমকা বিভিন্ন জায়গা থেকে আদিবাসী মানুষদেরকে নিয়ে আসা হয়েছিল চা বাগানের পত্তন করতে। তারা শুধু অমানুষিক পরিশ্রম করে চা শিল্পকে গড়ে তোলেনি, জাতীয় কংগ্রেসের প্রবেশের আগে জলপাইগুড়ি জেলায় ১৯২১ সালে জাতীয় কংগ্রেসের কমিটি হয়েছে। ১৯১৬ সালে, ১৯১৬ সালে ব্রিটিশ সরকারের বিরুদ্ধে আন্দোলন করে মাদারিহাটে ৩৬ জন আদিবাসী কারাবরণ করেছে ইতিহাস বলে। আর সাম্প্রতিক ইতিহাস বলে, স্বাধীনতা আন্দোলনের অন্তিম লগ্নে তেভাগা আন্দোলনে যুক্ত হয়ে ১৪ জন আদিবাসী মেটেলির মঙ্গলবাড়ি এলাকায় বড়দিঘিতে বাজারে ১৪ জন আত্মদান করে জেলার ইতিহাসে শহিদের ইতিহাস লিখে গেছেন। তাদের সন্তানরা মাধ্যমিক, উচ্চমাধ্যমিক হিন্দি ভাষায় পড়ে, তাদের স্নাতকস্তরে পড়বার জন্য এই বিধানসভায় বারবার হিন্দি মাধ্যমে কলেজের দাবি জানিয়ে শুধু ব্যর্থ স্লোগান তুলে গেছি, ব্যর্থ আওয়াজ তুলে গেছি, এবার প্রত্যাশা করি হয়তো সেই দাবি বাস্তবায়িত হবে। আজকে এই সভায় ঢুকে দাঁড়িয়ে বলি, সেই মানুষরা যাদের ১৫০ বছর অতিবাহিত হয়ে গেছে চা শিল্পের সাথে যুক্ত থেকে, আদিবাসী চা শ্রমিক ৩ লক্ষ সংখ্যায় যারা উত্তরবঙ্গে ডুয়ার্স এলাকাতে—তাদের এখনও পর্যন্ত ভূমিপুত্রের স্বীকৃতি দেওয়া হল না। এখনও পর্যন্ত তাদের ভূমিপুত্রের স্বীকৃতি দেওয়া হল না। তাদের জমির অধিকারকে স্বীকার করা হল না। চা বাগানে কর্মরত শ্রমিকরা যখন অবসর নেয়, অবসরের টাকা বুঝিয়ে দিয়ে বলে এবার যাও, কোথায় যাবে ? রাঁচিতে ? দুমকায় ? সাঁওতাল

পরগনায় ? ছোটনাগপুরে ? সেখানকার পাঠ তো অনেকদিন চুকিয়ে চলে এসেছে। কোথায় যাবে ? কোথায় যাবে তারা ? তারা তখন ভাবে এই মূলস্রোতে বোধহয় আমার কোনো স্থান নেই। তাই আমাকে যাবার কথা বলা হচ্ছে। নতুন সরকার, মাননীয়া মুখ্যমন্ত্রী নিশ্চয়ই এই দাবিকে স্বীকার করে নিয়ে, এই যন্ত্রণাকে উপলব্ধি করে চা বাগানের আদিবাসী শ্রমিকদের জমির অধিকার স্বীকার করে নিয়ে, চা বাগানের আদিবাসীদের জমির দাবিকে স্বীকার করে নিয়ে তাদেরকে মূলস্রোতের সাথে যুক্ত করতে সাহায্য করবেন, আমি বিশ্বাস করি। আমি প্রত্যাশা করি। আপনারা রাজ্যপালের ভাষণ পড়েছেন, উত্তরবঙ্গের পর্যটনের বিপুল সম্ভাবনাকে সেখানে গুরুত্ব দিয়ে পর্যটন শিল্প গড়বার কথা বলা হয়েছে। আমার জনবৈচিত্র্য আমার সম্পদ, আমার জৈববৈচিত্র্য আমার সম্পদ। কিন্তু, কিন্তু আমার জেলার উপর দিয়ে ৬২টি নদী প্রবাহিত হচ্ছে, যে ৬২টি নদীর তাণ্ডবে জনজীবন, জীবিকা, বন, বন্যপ্রাণ কখন কোথায় বিলীন হয়ে যাবে কেউ জানে না। এই নদী সন্ত্রাসের হাত থেকে, এই নদী সন্ত্রাসের হাত থেকে যদি ডুয়ার্সকে রক্ষা না করা যায়, পর্যটনের সম্ভাবনা স্বপ্ন থেকে যাবে, আমার উত্তরবঙ্গের বৈচিত্র্যময়, বর্ণময়, ডুয়ার্স কখন নদীগর্ভে বিলীন হয়ে যাবে আমরা জানি না।

আমরা বারবার দাবি তুলেছি, সমস্ত পাহাড়ি নদী, ভুটান থেকে যারা প্রবাহিত হচ্ছে, সমস্ত পাহাড়ি নদী যার ভুটান থেকে প্রবাহিত হয়ে ডুয়ার্সের উপর দিয়ে অববাহিত হয়ে কোচবিহারের উপর দিয়ে বাংলাদেশে পড়ছে, সেই নদীগুলিকে শাসন করতে, সেই নদীগুলিকে নিয়ন্ত্রণে আনতে ইন্দো-ভুটান জয়েন্ট রিভার কমিশন গঠন করা হোক। ভুটানকে সঙ্গে নিয়ে, দুটি দেশের মধ্যে একটি সুসংহত পরিকল্পনা তৈরি করা হোক এবং এই নদী সন্ত্রাস-নদী নিয়ন্ত্রণে পর্যবসিত হোক, আমরা এই দাবি বারবার করেছি। আমি এই সরকারের কাছে মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে আমি আজকে সেই দাবি আর একবার উচ্চারণ করতে চাই। আমরা সংবাদপত্র পড়েছি, টি ভি চ্যানেলে দেখছি, বেহাল স্বাস্থ্য পরিষেবার এই মুহূর্তে তার পুরোনো, তার সুস্থ চেহারা ফিরিয়ে দিতে মাননীয়া মুখ্যমন্ত্রী উদ্যোগী হয়েছেন। আমি তাঁকে সাধুবাদ জানাই। ঘোষণা করেছেন রাজ্যে ৭টি হাসপাতালকে অতিরিক্ত জেলা হাসপাতালের স্বীকৃতি দেওয়া হবে। অতিরিক্ত জেলা হাসাপাতালের স্বীকৃতির তালিকায় উত্তরবঙ্গের প্রত্যন্ত এলাকা আলিপুরদুয়ার সংযোজিত হোক। আমি সরকারের কাছে এই অবকাশে সেই প্রার্থনা জানাই। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আমার বক্তব্যকে দীর্ঘায়িত করব না, আমি আপনার মাধ্যমে, এই সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রীকে আমার আত্মবিশ্বাসের প্রত্যাশার বার্তা পৌঁছে দিতে চাই যিনি পাহাড়কে শান্ত করেছেন, তিনি নিশ্চয় পাহাড়ি নদীগুলিকে শান্ত করতে সক্ষম হবেন। আমি আপনার মাধ্যমে মাননীয়া মুখ্যমন্ত্রীর প্রতি আমার কৃতজ্ঞতা জানিয়ে বলতে চাই, সিঙ্গুরের জমিহারাদের জমি ফিরিয়ে দিয়ে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় নয়, তিনি মমতাময়ী মুখ্যমন্ত্রীত্বে পরিণত হয়েছেন। সেই মমতাময়ী মুখ্যমন্ত্রীর মমতার আলোতে উত্তরবঙ্গ ঘুরে দাঁড়াবে এই বিশ্বাস করি। এই বিশ্বাস নিয়ে আমি তাঁর প্রতি, আমার শ্রদ্ধাজ্ঞাপন করে, সমর্থনজ্ঞাপন করে, প্রত্যাশা পূর্ণ হওয়ার আশায় রবীন্দ্র সার্ধশতবার্ষিকীর শেষ প্রান্তে দাঁড়িয়ে বলি, 'ভেঙেছ দুয়ার, এসেছ জ্যোতির্ময়, তোমারি হউক জয়'। নমস্কার, ধন্যবাদ।

[12.30—12.40 a.m.]

সুভাষ নস্কর : স্যার। প্রথমে একটা অনুরোধ করি স্যার, সরকার পক্ষের মাননীয় দুজন বিধায়ক বললেন, আমরা প্রত্যেকটা শব্দ শুনেছি, একটা শব্দও ব্যয় করিনি। দয়া করে আপনি একটু অনুমতি দিন আমাকে, আমি যেন বক্তব্যটা রাখতে পারি, এরা যেন একটু গোলমালটা না করেন। আমার দ্বিতীয় কথাটা স্যার, স্যার, আমি এখনও শুরু করিনি। খুব সুন্দর লাগছে, হাউসটার চারিদিকে তাকিয়ে দেখছি সুন্দর ফুলে ভরা। এখানে এই সভায় আছেন, আই এ এস অফিসার প্রাক্তন আছেন, আই পি এস আছেন, সাহিত্যিক আছেন, শিল্পী আছেন, অভিনেতা আছেন, অভিনেত্রী আছেন, শিল্পপতি আছেন, কোটিপতি আছেন, সবাই আছেন। কোনো অসুবিধা নেই। সবাইকে সুন্দর একটা সাজানো—সুন্দর একটা সাজানো—এই জায়গায় দাঁড়িয়ে আমরা কী করব। আর যাই করি, দুটো বক্তব্য বলব, কথাবার্তা বলব, চেয়ার-টেবিল ভাঙবো না, সেই সিদ্ধান্তটা নিয়েছি। চেয়ার-টেবিল ভাঙবো না, শুধু কথা বলব, বক্তব্য বলব। আমরা এইটুকু বলতে পারি স্যার, মহামান্য রাজ্যপালের ভাষণটা খুব ভালো করে পড়লাম, অল্প পাতাতো, বেশি সময় লাগল না। মনে পড়ে গেল, নামটা দেখে, মহামান্য রাজ্যপাল এম কে নারায়ণন মহাশয়ের, আরো একটা একই রকমের প্রচ্ছদের বই খুঁজে পেলাম ১০ মার্চ, ২০১১। দুটো বই। একই মানুষ। মাননীয় রাজ্যপাল এম কে নারায়ণন ১০ মার্চ, ২০১১-তে তিনি তাঁর বক্তব্য এই হাউসে পেশ করেছেন।

অনেক পুরনো বন্ধুরা আছেন, তাঁরা সবাই পড়েছেন। আর যদি না পড়ে থাকেন নতুনরা, এখান থেকে সংগ্রহ করে পড়তে পারবেন। মহামান্য রাজ্যপাল এম কে নারায়ণন ১৩ জুন ২০১১ এই সভায় আর একটা বক্তব্য পেশ করলেন। আমরা মহামান্য রাজ্যপালকে সম্মান দিয়ে শুধু বলতে চাই দুটো বক্তব্যের মধ্যে তফাৎ কী ?

ভয়েস—আগেরটা খারিজ, এবারেরটা থাকবে।

আমি জানি আগেরটা খারিজ। আপনারা এইদিকে ছিলেন, খারিজ করেছিলেন। আমরা ওইদিকে ছিলাম, গ্রহণ করেছিলাম। আপনারা আপনাদের কথা মহামান্য রাজ্যপালের মুখ দিয়ে যা যা বলালেন সেগুলোই তো হয়েছে। ২৯টা বছর আমি এই বিধানসভায় আছি, এ জ্ঞান আমার আছে।

..... (গোলমাল) .....

আশিসবাবু কালকে আপনি গোলমাল করলেন, আবারও আজকে ? আপনি তো অনেকদিন আছেন, একটু বসুন না।

..... (গোলমাল) .....

আমি শুধু কয়েকটা কথা বলতে চাই, আমি বইয়ের বাইরে যাচ্ছি না, আলোচনা বা প্রসঙ্গের বাইরে যাচ্ছি না।

..... (গোলমাল) .....

শুধু একটা কথা বলছি, আপনারা মহামান্য রাজ্যপালের মুখ দিয়ে যে কথাগুলো বলালেন, লেখালেন, তার মধ্যে কি এই কথাটা না লিখলে পারতেন না—রাজ্জাকদাও বলেছেন—যে এই প্রথম এই রাজ্যে ভোট গ্রহণে কোনো কারচুপি হয়নি।

(ভয়েস—তাই তো।)

আপনি এর আগে নির্বাচিত হননি—তাই তো বললেন। এর আগে নির্বাচিত হননি কাশীনাথদা ? আমাদের শ্রদ্ধেয় চাচাজী বিশাল বিধানসভার—এই রাজ্যের গর্ব। যদি কারচুপি হয়ে থাকে—আপনিল ছিলেন, অকেকেই ছিলেন, যাঁরা ওদিকে বসেছেন—তাহলে কারচুপির মধ্যে আপনারা জিতে এসেছেন ? তাহলে 'এই প্রথম' শব্দটা দয়া করে কি প্রত্যাহার করবেন ?

..... (গোলমাল) .....

করবেন না, করবেন না তো। সংখ্যায় অনেক বেশি। সুতরাং প্রত্যাহারের মতো সৎ সাহস আপনাদের নেই।

..... (গোলমাল) .....

দেখুন স্যার, বললাম শান্ত হয়ে থাকতে, শান্তই হবে না, অশান্ত ছেলের দল। আমি আর একটা শব্দ বলি। শুনে নেওয়ার পরে তো উত্তর দেবেন। এ তো বিতর্কের আসর, তর্ক, লড়াইয়ের আসর তো। আর একটা শব্দ বলি আমি। কেন্দ্রে একটা সরকার আছে, রাজ্যে একটা সরকার আছে। সত্যি কথাই বলছি।

..... (গোলমাল) .....

এবারে একটু ভালো, আপনাদের পক্ষে বলছি, এবারে শুনুন। কেন্দ্রে একটা সরকার আছে, রাজ্যে একটা সরকার আছে। কেন্দ্রের এখন সরকারের নাম ইউ.পি.এ.। শুধুমাত্র কংগ্রেস সরকার আমরা বলি না কেউ। দ্বিতীয় ইউ.পি.এ.। আপনাদের সরকারের নামটা কি বলবেন ? কংগ্রেস আছেন, টি এম সি আছেন, গোর্খা জনমুক্তি আছেন, এস ইউ সি আই-এর আমার এক বন্ধু আছেন। আমাদের রাজ্যে কংগ্রেস সরকার ছিল, যুক্তফ্রন্ট সরকার ছিল। এখন আপনাদের নামটা কী ? স্যার আপনাদের মাধ্যমে বলছি, কী বলে ডাকব, কোন সরকার ? এইজন্য বলি মহামান্য রাজ্যপালের মুখ দিয়ে একটা নামকরণ করুন না। খারাপ বলছি না তো, ভালো কথা বলছি—নামকরণ করুন। মা-মাটি-মানুষ যদি হয় এইদিকটা পছন্দ হবে না, ওইদিকে হবে। সবাই মিলে করুন না। বামফ্রন্টকে কেউ সি পি আই এমের সরকার বলত না—বামফ্রন্টের সরকার। তা আপনাদের কি তৃণমূলের সরকার বলব, ওদের বাদ দেব ? তা নয়, যুক্তভাবে করুন। আমাদের, আপনাদের—এটা তো ইতিহাস। ইতিহাস, ইতিহাস, ৩৪ বছর পরে আপনারা এসেছেন। ইতিহাস তো। মহামান্য রাজ্যপালের মুখ দিয়ে কি এই কথাটা না বলালে হত না—পরিবর্তনের পক্ষে মা-মাটি-মানুষের সরকার গড়া হল। আরে এই হাউসে বলুন না। রাজ্যপাল তো একটা অন্য পদ, স্বনামধন্য, আমরা সবাই সম্মান দিই।

[12.40—12.50 p.m.]

তাহলে আপনারা আগে নামকরণটা করুন। আর চৌত্রিশ বছরের ব্যাখ্যাটা শুনুন। অনেকে আবার চৌত্রিশ না বলে পঁয়ত্রিশ বছর বলছেন। এই হাউসেও অনেকে গতকাল পঁয়ত্রিশ বছর বলেছেন—পঁয়ত্রিশ বছর বামফ্রন্ট সরকার ক্ষমতায় ছিল না, চৌত্রিশ বছরটাই ঠিক। চৌত্রিশ বছর ধরে একটা সরকার এখানে ছিল। আরও বেশি থাকলে আপনাদের ভালো হত না কি ? আপনারা তো অনেকদিন আগেই বামফ্রন্ট সরকারকে উচ্ছেদ করার চেষ্টা করেছেন। আপনারা কখনো বলেছেন গঙ্গায় ছুঁড়ে ফেলে দেব, কখনো বলেছেন পাহাড়ে আছড়ে ফেলে দেব, আবার কখনো বলেছেন হয় এভার, নয় নেভার। আর সব শেষে চৌত্রিশ বছর পরে এবার আপনারা ক্ষমতায় এসেছেন। ক্ষতি কি ? কিন্তু চৌত্রিশের ব্যাখ্যাটা কি ? আর সরকারে এসেই আপনারা বলছেন ভাড়ার শূন্য, ভাড়ার শূন্য, ভাড়ার শূন্য।

(নয়েজ)

আমার বক্তব্যটা শুনে আপনারা কাউন্টার করুন না। তা না হলে আমি শুনতে পারব না, আপনারা কি বলছেন। চৌত্রিশ বছর ধরে আপনারা যে সরকারটাকে ফেলতে চেয়েছিলেন, চৌত্রিশ বছর পরে সেই সরকারটাকে আপনারা ক্ষমতা থেকে ফেলেছেন ধন্যবাদ।

(নয়েজ)

আপনি আবার কথা বলছেন কেন, কদিন পর তো আপনাকে এখানে বসাব। তখন কিন্তু আপনার মুখ বন্ধ হয়ে যাবে। আপনারা সরকারে এসেই প্রথমে বলতে শুরু করেছেন ভাড়ার শূন্য, ভাড়ার শূন্য। পাঁচ বছর কি করে সরকার চালাবেন জানি না। বামফ্রন্ট সরকার এই রাজ্যের যতই ক্ষতি করুক না কেন, চৌত্রিশ বছর ধরে একটা শক্ত ভিতের উপরে রাজ্যটাকে দাঁড় করিয়ে গেছেন এবং পরিকাঠামো তৈরি করে গেছেন। সেই ভিতটা শক্তপোক্ত। সেই শক্ত ভিতের উপরে দাঁড়িয়ে আপনারা যত খুশি তলা করুন না, তাতে মানুষের ক্ষতি হবে না, উপকারই হবে। শিক্ষকরা বেতন পাচ্ছিলেন,, আপনারা ক্ষমতায় এসে বলেছেন এক তারিখের মধ্যে শিক্ষকদের বেতন দেবেন। আপনারা একবারের জন্যও বলেননি শিক্ষকদের বেতন বাড়িয়ে দেব। আপনারা একথা বলেননি যে তাঁরা বেতন পাচ্ছিলেন না। আপনারা ছেচল্লিশ হাজার শিক্ষকের চাকরি দেবেন বলেছেন। এখন আপনারা অনেক প্রতিশ্রুতি দিচ্ছেন। তার জন্য আপনাদের আমি সমালোচনা করছি না, ধন্যবাদ জানাচ্ছি। আমরাও চাই, আমাদের রাজ্যে আরও শিক্ষকের পদ তৈরি হোক। কিন্তু সেই ছেচল্লিশ হাজারটাকে ভাগ করবেন না ? কতজন প্রাথমিক শিক্ষক, কতজন মাধ্যমিক শিক্ষক, কতজন কলেজ শিক্ষক, কতজন মেডিকেল টীচার এর ব্যাখ্যাটা কিন্তু এর মধ্যে নেই। তাহলে আমরা কি করে বুঝব ? ছেচল্লিশ হাজার সংখ্যাটা কিন্তু অনেক, কিন্তু পিঠের ভাগের গল্পটা জানেন তো, ভাগ করলে আর কিছুই থাকবে না। মহামান্য রাজ্যপালের

ভাষণের মধ্যে দিয়ে আপনারা বলেছেন রাজনৈতিক প্রতিশোধ আপনারা নেবেন না। ভালো কথা। আপনারাই নির্বাচনের আগে বলেছিলেন 'বদলা নয়, বদল চাই'। কিন্তু এখন কেন আপনারা বদলা নিচ্ছেন ? তালিকাটা কিন্তু এখন অনেক লম্বা হয়ে যাচ্ছে। কিছুদিন আগে মাননীয়া মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করে আমরা বারোজনের তালিকা দিয়েছিলাম, এখন সেটা চৌদ্দ হয়ে গেছে। দুদিন আগে ঘরছাড়াদের সংখ্যা ছিল পাঁচ হাজার, এখন সেটা সাত হাজার হয়ে গেছে। কিন্তু আপনারা আপনাদের কথা রাখেননি। বদলটা উল্টে আপনারা এখন বদলা করে দিয়েছেন। আমরা তো আপনাদের সরকারকে অভিনন্দন জানাই। সুতরাং এটা দয়া করে করবেন না। আপনারা রাজনৈতিক প্রতিশোধ নিচ্ছেন, এদিকে বলছেন রাজনৈতিক প্রতিশোধ নিচ্ছি না। মাননীয়া মুখ্যমন্ত্রী এই সভায় ঘোষণা করেছিলেন ২১শে জুলাইয়ের আগে কোনো আবির ছড়ানো সভা হবে না, বিজয় উৎসব হবে না। তার জন্য মাননীয়া মুখ্যমন্ত্রীকে অভিনন্দন জানিয়েছিলাম। তাহলে খবরের কাগজে এবং টি.ভি-তে যা দেখানো হচ্ছে সেগুলো কি তারা মিথ্যা প্রচার করছে ? কেন হচ্ছে এগুলো ? তাহলে কার নির্দেশে আপনারা চলেন আমি বুঝি না।

সভার নেতার নির্দেশে সভা চলে। রাজনৈতিক দল, রাজনৈতিক নেতা, রাজনৈতিক নেত্রীর নির্দেশে চলে তলার দিকে, ... (নয়েজ) .....আপনারা শান্তি চেয়েছেন। আমরা যখন ওই দিকটায় ছিলাম সহযোগিতা চেয়েছিলাম। ধারে বাড়ে আসেননি। নিমন্ত্রণ কার্ড দিয়ে টেলিফোন করে, নিমন্ত্রণ করেছিলাম মুখে বলেছিলেন হ্যাঁ, হ্যাঁ যাব। তার পরের দিন যখন জিজ্ঞেস করলাম, না না দাদা জানেন তো আমাদের নির্দিষ্ট জায়গা থেকে মতামত না পেলে আপনাদের আসরে যেতে পারছি না। আমরা কিন্তু ওটা বলিনি। শুরু থেকে বলছি সহযোগিতা করব। আর আমরা এটা খুব ভালো করে জানি, এক মাস আপনাদের বয়স হয়নি, আপনাদের সমালোচনা করার জন্য বলছি না। বলছি কিছু সাজেশান, বলছি কিছু অভিজ্ঞতা। আরে আমরা ভুল করেছি আমরা মেনে নিয়েছি। সরকারের জয় আছে, নির্বাচনে জয় আছে, পরাজয় আছে। যতবার পরাজয় হয়েছে ততবার বলেছেন রিগিং, রিগিংয়ের পরে বলেছেন মাস্টার রিগিং। তারপরে কত শব্দ ব্যবহার করেছেন। আরে আমরা তো লোকসভা নির্বাচনের পরে একবারও বলিনি আপনারাই মাসল ম্যানদের দিয়ে রিগিং করিয়েছেন। পঞ্চায়েত নির্বাচনে আমাদের যখন রাজ্যে বেশ কিছু জায়গা চলে গেল আমরা তো বলিনি যে আপনারা জুলুম করে আমাদের থেকে পঞ্চায়েত, জেলা পরিষদ কেড়ে নিয়েছেন। আমরা বলেছি আমাদের মূল্যায়ন হওয়া দরকার। আমাদের আত্মসমীক্ষা দরকার। আমরা সেই কাজে ব্রতী ছিলাম। আমরা চেষ্টা করেছি আমাদের আত্মসমীক্ষা করে দু বছরের মধ্যে পারিনি, পরাজয় বরণ করেছি। মেনে নিয়েছি জনগণের রায়।

.....(নয়েজ)....

কিন্তু আপনাদের তো পাঁচটা বছর থাকতে হবে। শুরুতে যদি এই দেখা যায় চিত্রটা ছবিটা, শেষটা কোথায় যাবে ? এইটুকু বলে রাখলাম। স্যার, মাননীয় রাজ্যপাল মহাশয়ের ভাষণের মধ্যে বলা আছে এমপ্লয়মেন্ট ব্যাংক, ধন্যবাদ জানাচ্ছি, ধন্যবাদ জানাচ্ছি। এমপ্লয়মেন্ট ব্যাংক, আপনাদের রাজনৈতিক ইস্তাহারে বলা ছিল দু বছরে দশ লক্ষ চাকরি

দেবেন। এমপ্লয়মেন্ট ব্যাংক কাকে বলে বুঝতে পারছি না। একটা ছিল এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ। সেটাকে বলছেন আপনারা এমপ্লয়মেন্ট ব্যাংক। তার মানে কি দাঁড়ায় ? এমপ্লয়মেন্ট ? না, ...(নয়েজ).... বাংলায় বলে দিন না, এমপ্লয়মেন্টের বাংলা কি হবে। তাহলে ওই অফিসগুলো কি তুলে দেবেন ? এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে যেখানে নাম নথিভুক্ত করা হতো বেকার লোকেদের, বেকার যুবক-যুবতীদের। তাহলে সেখানে ব্যাংক করে দিলেন মানে কি ? ওখানে রিনিউ করতে গেলেই চাকরিটা নিয়ে আসবে হাতে করে ? ....(নয়েজ) .... কি সিস্টেম করছেন ? অফিসের নামটা একটু পরিবর্তন করছেন। ...(নয়েজ)... পরিবর্তন হয়েছে বলে নামকরণের পরিবর্তন তার ব্যাখ্যা নেই ...(নয়েজ)...একটা কথা স্যার, আপনাকে আবার বলছি, ধন্যবাদ জানাচ্ছি তিন বছরে বিদ্যুৎ দেবেন .... (নয়েজ) ... স্যার এঁদের বয়স হয়েছে একটু বুঝিয়ে-শুনিয়ে বলুন না। বয়স হয়েছে স্যার। স্যার, আজকে আমাদের মাননীয় দুজন সদস্য মেনশানে বলেছিলেন, মূল্য বৃদ্ধির ওপর বলেছিলেন। আপনি এখানে সিদ্ধান্ত নেওয়ার মালিক। আপনার সিদ্ধান্ত আমরা মেনে নিচ্ছি যে মেনশানে মূল্য বৃদ্ধির বিষয়টা তাঁরা উত্থাপন করতে পারলেন না। এত বড় সারা দেশ বিপন্ন মূল্য বৃদ্ধির জায়গায়, সেটা শুধু রাজ্যের সমস্যা না। আমাদের সুবিধে, বলার সুবিধে, আর আপনাদের সুবিধে কেন্দ্র আর রাজ্য একই সরকারের, একই দলের। সুতরাং এখনই বোধহয় সময় এসেছে এক্ষেত্রে একটা জরুরি ব্যবস্থা আপনারা গ্রহণ করতে পারবেন। আমরা যখন ওইদিকে ছিলাম রাজ্য থেকে প্রস্তাব পাঠাতাম কেন্দ্রের কাছে আপনাদের পছন্দ হতো না। লেখা আছে এতটুকু, সেই লেখাটা বের করেই বলছি—মূল্যবৃদ্ধির মতো এত বড় সমস্যা দু কলমে লিখে ছেড়ে দিলেন। একেবারে সুনির্দিষ্টভাবে বলতে পরেলেন না যে কীভাবে এটাকে রক্ষা করবেন। আর একটু বেশি পাতা নেওয়া যেত না। এইটুকু লিখেছেন। সুতরাং এই রকম একটি বিষয় নিয়ে নিঃসন্দেহে আপনার অভিজ্ঞতা বেশি আছে। আন্দোলন আমরা করেছি, আপনারাও হয়তো পাশে থাকেননি, আপনারা নিজেদের মতো সুর মিলিয়েছেন, হ্যাঁ, দ্রব্যমূল্য বৃদ্ধির বিরুদ্ধে আন্দোলন হওয়া উচিত। আমরা কথা দিয়েছিলাম আপনারা আন্দোলন করুন, আমরা আছি আপনাদের সঙ্গে। দ্রব্যমূল্য বৃদ্ধির ব্যাপারে আমরাও আপনাদের পাশে বরাবরই। আমরা এই কথাটা আপনাকে বলি আমরা চলে যাইনি, চলে যাওয়ার জন্য আসিনি, শেষ পর্যন্ত দেখে যাব। আপনারা একটা কথা বলেছেন, নদী ভাঙ্গন, সামুদ্রিক বিপর্যয়, আয়লার মতো ঘটনা আপনারা বলেছেন বেশি গুরুত্ব দেবেন, এর জন্য ২৫০ কোটি টাকা বাড়িয়েছেন, ধন্যবাদ। কিন্তু একবারও এই বক্তব্যের মধ্যে এল না দীর্ঘকাল ধরে এই সভা সর্বদলীয় থেকে সব কমিটির কাছে আমাদের বক্তব্য নিয়ে গেছি। যে নদী ভাঙন, সমুদ্র ভাঙন, আয়লা, সুনামির মতো বড় বিপর্যয়ে.....(গোলমাল).....

[12.50—1.00 p.m.]

মিঃ স্পীকার : প্লিস্ সবাই একটু চুপ করুন, আপনারা নিজেদের জায়গায় বসুন।

শ্রী সুভাষ নস্কর : একটু ভালো কথা বলেছেন, মানসবাবুকে জিজ্ঞাসা করবেন, সর্বদলীয় কমিটি .... (গোলমাল) .... চাচাকে জিজ্ঞাসা করবেন ? কতবার গেছি ঐক্যমতে। এই রাজ্যে নদী ভাঙন, সমুদ্র ভাঙন, আয়লা, সুনামির মতো বিপর্যয় রাজ্যবাসীকে বিপন্ন

করে। ....(গোলমাল).... জাতীয় বিপর্যয় হিসাবে চিহ্নিত করেন এই রকম একটা প্রস্তাব এখানে আনলেন না, এত বড় বিপর্যয়। শ্যামলবাবু আপনাকে বলছি, আপনি সুন্দরবনের মন্ত্রী আপনার দায়িত্বটা বেশি। প্রতি বছর কিভাবে হাবুডুবু খায় সুন্দরবনের মানুষ, যদিও বাড়িটা আপনার সুন্দরবনে নয়। তবে বলছি আপনি মন্ত্রী, আপনার দায়িত্ব নিয়ে সব জায়গায় ছোটাছুটি করছেন। আমাদের দাবি হওয়া উচিত এটা জাতীয় সমস্যা। আজকে সারা দেশের মধ্যে কোথায় কোন নদী ভেঙে কোথায় চলে যাচ্ছে, মানুষের বসবাসের ঠিকানা ঠিক থাকছে না। এটা সমস্যা হিসাবে চিহ্নিত হোক এটা খুব ভালো কথা। এস.সি., এস.টি., ও.বি.সি.-দের সংশয়পত্র দ্রুত করার জন্য অভিনন্দন। আমি বিলো এস.সি. হয়েও আমি জানি কিভাবে সরকারি দপ্তরের বাবার সার্টিফিকেট ছেলেকে দেয় না, বলে ৪০, ৫০ বছরের দলিল আনো। সরকার যত পাল্টায় সেই লোকগুলো ওখানে থেকে যায়, ওরাও একই রোগে রুগী। কিন্তু একটা বারও এস.সি., এস.টি., ও.বি.সি. যাঁরা আর্থিকভাবে বিপন্ন উন্নয়নের কথা আছে কিন্তু তার কোনো উল্লেখ নেই। সুতরাং শেষ কথা হল মাত্র একটি বিষয় উল্লেখ করেছেন বর্ষার আগে আয়লার ক্ষতিগ্রস্ত বাঁধের নির্মাণ, আপনাদের প্রতিশ্রুতি ছিল বা খবরের কাগজে দেখেছি যাদের জমি জায়গা গেছে, সুন্দরবনের সেই ক্ষতিগ্রস্ত পরিবারকে একটা চাকরি রাজ্যপালের ভাষণের মধ্যে সেই কথাটা শুনলাম না। আজকে আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে দাবি করব, এই সুন্দরবনে ক্ষতিগ্রস্ত পরিবারকে আর কি ধরনের চাকরির ব্যবস্থা করেছেন দয়া করে একটু উত্তর দেবেন ? এই কথা বলে সবাইকে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য : মাননীয় অধ্যক্ষ মহাশয়, গণতন্ত্রের পীঠস্থানে গত ১৩ই জুন মহামান্য রাজ্যপাল এই বিধানসভার কক্ষে যখন প্রবেশ করছিলেন, মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি তাকে এই কক্ষে নিয়ে এসেছিলেন তখন যন্ত্র সংগীতে আমরা আনন্দলোকে মঙ্গলা লোকে বিরাজ, সত্য সুন্দর... এই বিধানসভায় গত ৩৪ বছর ধরে যা যা বলা হয়েছে তা সত্যের অপলাপ হয়েছে রাজ্য সরকারের পক্ষ থেকে। আজকে এই রাজ্যে যে সরকার প্রতিষ্ঠিত, মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে আমাদের সরকার সত্য সত্যই 'সত্য' বিরাজ করাবে। বিধানসভায় যা বলা হবে সরকার পক্ষের থেকে তা সত্য সত্যই পালন করা হবে। সার্ধশতবর্ষে কবিগুরুকে এই শ্রদ্ধার্ঘ অর্পণ করে যে যন্ত্র সংগীতের সুর আমরা শুনেছিলাম তা সত্যই প্রতিষ্ঠিত হবে। মা-মাটি-মানুষের সরকার বিরোধীদের বড্ড অসুবিধা। আসলে মায়ের কথা ভুলে গেছেন, মায়ের স্নেহ মনে নেই, মাটির আশ্রয় ভুলে গেছেন, নিরাশ্রয় করে দিয়েছেন বাংলার মা-মাটি-মানুষকে। আর মানুষের কথা—সারা ভারত নয়, সারা বিশ্ব দেখছে একটি একটি করে মানুষকে খুন করেছেন ৩৪ বছর ধরে এই রাজ্যে। আজকে সেই কঙ্কাল, নরকঙ্কাল, হাড়গোড়, বন্দুক মাটির তলা থেকে উঠছে। এই রাজ্য তা প্রত্যক্ষ করছে, বিশ্ব তা প্রত্যক্ষ করছে। মানায় না এই কথা বিরোধীদের মুখে। মা-মাটি-মানুষের সরকার জাতীয় কংগ্রেস, তৃণমূল কংগ্রেসের জোটের এই সরকার। ওনাদের বড্ড অসুবিধা। কংগ্রেসের সাথে সরকারের—আমাদের জোটের কি নাম হবে ? আমাদের জোটের নাম "মা-মাটি-মানুষ"। তাই রাজ্যপাল মহোদয়ের ভাষণে সেই কথা উল্লেখিত

আছে। গণতন্ত্র প্রতিষ্ঠিত—মাননীয় সদস্য শ্রী রেজ্জাক মোল্লা মহাশয় যে কথা বললেন তাঁর ভাষণে, তার থেকেই বোঝা যায় এই কক্ষে আজ প্রতিষ্ঠিত হয়েছে সত্য। আপনার অনেক গঠনমূলক চিন্তা ছিল এবং আছে। কিন্তু যে চিন্তাগুলো ছিল, সেগুলো বাস্তবে রূপ দিতে পারেননি। আপনার সরকার আপনাকে করতে দেননি। এটা আপনি বলছেন, আমরা শুনছি। আজকে কিন্তু আপনি বলার কণ্ঠ পেয়েছেন। কারণ প্রতিবাদের কণ্ঠটা কেমন হতে পারে তা মাননীয়া মুখ্যমন্ত্রী শিখিয়ে দিয়েছেন তাঁর আন্দোলনের মধ্যে দিয়ে। আপনি তাই আজকে বলতে পারছেন এই সভাকক্ষে। আপনার গঠনমূলক চিন্তাকে নিশ্চিতভাবে সরকার মনে রাখবে। আমাদের সরকার ওরা আমরার ভেদ করবে না। আজ আমরা ২২৭। কিন্তু আমরা কলার উঁচিয়ে বলব না যে আমরা ২২৭। আমরা এই রাজ্যের প্রতিনিধিত্ব করতে এসেছি। সরকারের থেকে এবং বিপক্ষে, আপনারা এক সাথে মিলে, আমরা সবাই মিলে এই রাজ্যের উন্নতি সাধনে ব্রতী হব। এটাই কিন্তু আজকে প্রয়োজন। সেটা বিগত ৩৪ বছর ধরে হয়নি। তাই আজকে আমরা এইদিকে আপনারা ওইদিকে। কারচুপির কথা, রিগিংয়ের কারচুপি, রিগিংয়ের দ্বারা কারচুপি। মাননীয় সদস্য শ্রী সুভাষ নস্কর মহাশয় বলেছিলেন, এতকাল পঞ্চায়েতের নির্বাচন হয়েছে, আমরা বিজয়ী হয়েছি কিছু কিছু জায়গায়। বিধানসভার নির্বাচন হয়েছে। বিগত সময় আমরা বিজয়ী হয়েছি কোনো কোনো জায়গায়। পুরসভার নির্বাচনে আমরা বিজয়ী হয়েছি কয়েকটি জায়গায়। তাই কারচুপির আমরা অভিযোগ করতে পারব না। কিন্তু এই কথাটি আমি বলতে চাই পরিষ্কার করে কারচুপির সঙ্গে লড়াই করে বিজয়ী হতে পেরেছিলেন যাঁরা তাঁরাই বিজয়ী হয়েছিলেন। তার মানে এই নয় যে কারচুপি হয়নি। এটা কখনোই এমন প্রমাণ রাখে না যে কিছু জন বিজয়ী হয়েছেন বলেই রিগিং হয়নি। বিগত ৩৪ বছর ধরে রিগিং হয়েছে এই রাজ্যে। সেটা ইলেকশান কমিশনের অধিকর্তাদের বিগত রিপোর্টে পরিষ্কার ছিল।

[1.00—2.00 p.m.] (including recess)

বিরোধী সদস্য যাঁরা তাঁরা ১০ মার্চের রাজ্যপাল মহোদয়ের ভাষণ উল্লেখ করে বলেছিলেন। সেই ভাষণে এক কথা বলা হয়েছে আর আজকে যে ভাষণ দিয়েছেন, ১৩ই জুন, তাতে অন্য কথা বলা হয়েছে। অর্থাৎ একজনের মুখ দিয়ে দু'রকম ভাষণ বেরোচ্ছে। আমি নতুন সদস্যা। আপনাদের কাছে শিখতে এসেছি। আপনারা-ই তো জানেন যে মাননীয় রাজ্যপালের ভাষণ সরকার তৈরি করে দেয়। আপনারা মিথ্যা ভাষণ পড়বার জন্য তৈরি করে দিয়েছিলেন। আমাদের সরকারের তৈরি ভাষণ সেটা সত্যের প্রতিষ্ঠা। তাই এই ভাষণ আসল ভাষণ, এই ভাষণ সুপারসিড করে অন্য ভাষণকে। তাই এই ভাষণটি থাকবে। আমরা এই রাজ্যে যখন এসেছি তখন আমাদের এই রাজ্যের সরকার ঋণ, ডেবট ট্র্যাপে পড়ে এসেছে। ঋণ ১ কোটি ৮৫ লক্ষের উপর। এই আর্থিক বছর, ২০১১-২০১২ সেটি ২ কোটি ৩ লক্ষের উপরে গিয়ে দাঁড়াবে। আমাদের ক্যাশ-ডেফিসিট ৯ হাজার কোটি। আমরা এই আর্থিক বছরে এই ক্যাশ-ডেফিসিটের মুখোমুখি হতে চলেছি। সেখানে যেগুলি ইনফ্রাস্ট্রাকচার এবং হিউম্যান ডেভেলপমেন্টের ক্ষেত্রে যে ডেফিসিট সেটা ৩ হাজার কোটি টাকা ছাড়াবে।

এই হিউম্যান ডেভেলপমেন্ট এবং ইনফ্রাস্ট্রাকচারের ডেফিসিট এগুলির অঙ্গ হিসাবে কতগুলি ক্রিটিক্যাল সেক্টর আছে। যেমন food & supplies, health & family welfare, minority affairs, public health engineering, school education, transport, urban development and women & child development and women & child development. আমি যখন উইম্যান অ্যান্ড চাইল্ড ডেভেলপমেন্টের ক্ষেত্রে আসি, বিশেষভাবে একজন মহিলা সদস্যা হয়ে আমার বিস্ময়ে ৩৪ বছর ধরে একটি করে অর্থনৈতিক বছর গেছে এবং এসেছে, একটি করে বাজেট পেশ হয়েছে এই অধিবেশন কক্ষে অথচ মহিলাদের জন্য উল্লেখিত কোনো একটি বাজেট বরাদ্দ হয়নি। তাদের উন্নয়নের প্রকল্পে, তাদের সামাজিক মান বৃদ্ধির জন্য, তাদের অর্থনৈতিক স্বাবলম্বি করার জন্য বাজেটে কোনো উল্লেখযোগ্য বরাদ্দ আমরা দেখিনি। যা করা হচ্ছে, এখন যে প্রকল্পগুলি রাজ্যে চালু আছে তার ৯০ ভাগ প্রকল্প হচ্ছে কেন্দ্রীয় প্রকল্প, ৯০ শতাংশ গ্রান্ট আসে কেন্দ্র থেকে। আপনারা যেটা করেছিলেন, ইন্টিগ্রেটেড চাইল্ড ডেভেলপমেন্ট স্কিম, তার সাহায্য নিয়ে সেই ফান্ডকে সঠিকভাবে সঠিক কাজে লাগাননি। আমরা যখন আই.সি.ডি.এস-র স্কুলগুলিতে পরিদর্শন করতে যাই সেখানে দেখি তার ইনফ্রাস্ট্রাকচার নেই, তার এমন কিচ্ছু নেই যাতে ডেভেলপমেন্টগুলো সাধিত হয়েছে বলে প্রকাশ পায়। আমি তাই এই অল্প কয়েকদিনের মধ্যে এই সরকার যে কাজগুলি করেছে তার পূর্ণ সমর্থন জানাই। মাননীয় রাজ্যপাল মহোদয়ের ভাষণের মধ্যে উল্লেখিত আছে কি কি কাজ ইতিমধ্যে এই সরকার করেছে। আমি মাননীয়া মুখ্যমন্ত্রীকে অভিনন্দন জানাই এই কারণে যে তাঁর মতো নেতৃত্ব ছাড়া অল্প কয়েকদিনের মধ্যে এই রাজ্যের সরকারের এই ধরনের পদক্ষেপ নেওয়া সম্ভব হত না। আপনারা চাষীদের কথা বলেন। গতকাল লজ্জাজনকভাবে অনুরোধ করে গেলেন। আমরা অবাক বিস্ময়ে দেখলাম একটা নাটক হল। এই দিনটা আপনারাও আনতে পারতেন। আপনারাই বলেছেন অনেক কিছু করা যেত। কিন্তু বাস্তবে দেখা গেছে করা যায়নি, করা হয়নি। তাপসীর মা কেঁদেছেন। ইস্রাদুলের মা ফিরোজা বিবি কাঁদছেন। এমন কত মা কেঁদেছেন এই রাজ্যের বুকে। আপনারা কিন্তু তাঁদের কান্না মোছাবার জন্য কোনো পদক্ষেপ নেননি। আজকে তাই মা-মাটি-মানুষ এই তিনটি শব্দের অর্থ বুঝুন। অর্থ বুঝলে বুঝবেন এই রাজ্যের সরকারের নাম মা-মাটি-মানুষ কেন। ধন্যবাদ অধ্যক্ষ মহাশয়।

মিঃ স্পীকার : The House will reassemble at 2 pm. প্রথম বক্তা হবেন শ্রী উদয়ন গুহ।

[2.00—2.10 p.m.]

শ্রী উদয়ন গুহ : মাননীয় স্পীকার স্যার, স্যার আমি এই হাউসে নবনির্বাচিত সদস্য। গত তিনদিন ধরে প্রতিটা মিনিট এই সভায় থাকবার চেষ্টা করছি। শুনছি বক্তব্য, দেখছি সদস্যদের সভার ভেতরের আচরণ। আমি শুনেছি মাননীয় রাজ্যপাল মহাশয়ের সংবিধান অনুযায়ী মন্ত্রী পরিষদের তৈরি করে দেওয়া ভাষণ। আমি শুনেছি মাননীয়া মুখ্যমন্ত্রী তাঁর

আবেগপূর্ণ ভাষণ। শুনেছি বিরোধী দলের নেতার যুক্তিপূর্ণ ভাষণ। আজকে শুনেছি মাননীয় ডি.পি. রায়ের কাব্যিক ভাষণ। দেখেছি একদিন বাদে যিনি ডেপুটি স্পীকার হবেন তিনি কিভাবে বারবার অন্যের ভাষণে বাধা সৃষ্টি করছেন, সেটাও লক্ষ্য করেছি। তার মধ্য দিয়েই ভালোটা শিখবার চেষ্টা করব। তার মধ্য দিয়েই আপনাদের যেটা ভালো সেটা শিখবার চেষ্টা করবো। আমি একথা স্বীকার করে নিই ৩৪ বছর এ রাজ্যে একটি সরকার ছিল, সেই সরকারের পরিবর্তন ঘটেছে এবার। ৩৪ বছর টানা একটি সরকার ছিল, সেই সরকার নিশ্চয়ই কিছু ভালো কাজ করেছিল। তার ফলে টানা ৩৪ বছর তারা ক্ষমতায় ছিল। পাশাপাশি একথা বলতে আমার কোনো দ্বিধা নেই যে ৩৪ বছর বাদে এই যে বিপর্যয়, এই বিপর্যয়ের পেছনেও কিছু খারাপ কাজ আছে। তার ফলে আজকের এই বিপর্যয় ঘটেছে। অনেকে আলোচনা করেছেন সিঙ্গুরের জমি অধিগ্রহরের কথা। অনেকে বলেছেন নন্দীগ্রামের কথা। মাননীয় রাজ্যপাল মহাশয় তিনিও বলেছেন সিঙ্গুরের কথা, নন্দীগ্রামের কথা, নেতাইয়ের কথা। বামফ্রন্টের পরাজয়ের সূচনা হয়েছে ২০০৮ সালের পঞ্চায়েত নির্বাচন থেকে।

২০০৮ সালের ৫ই ফেব্রুয়ারি দিনহাটায় গুলি চালিয়ে ৫ জন গণতান্ত্রিক আন্দোলনের কর্মীকে হত্যা করা, গভীর ক্ষতের সৃষ্টি করেছে পশ্চিমবাংলার মানুষের মনে। সেই ক্ষতকে কাজে লাগিয়ে আপনারা ক্ষমতায় এসেছেন। আপনারা ক্ষমতায় এসেছেন সেই ক্ষতকে কাজে লাগিয়ে কোনো অভ্যুত্থানের মধ্যে দিয়ে নয়। আপনারা ক্ষমতায় এসেছেন কোনো সশস্ত্র বিপ্লবের মধ্যে দিয়ে নয়—আপনারা ক্ষমতায় এসেছেন জনগণের বিপুল সমর্থন নিয়ে, জনগণের শুভেচ্ছা নিয়ে, জনগণের আশীর্বাদ নিয়ে। আপনাদের উপর পশ্চিমবাংলার মানুষ আস্থা রেখেছে, ভরসা রেখেছে কিন্তু দুঃখের সঙ্গে বলতে হচ্ছে এত আস্থা, এত ভরসা সত্ত্বেও আপনারা কিন্তু জনগণের উপর ভরসা রাখতে পারছেন না, বিশ্বাস রাখতে পারছেন না। তাই যখন মাননীয়া মুখ্যমন্ত্রী বলছেন যে, "বদলা নয় বদল চাই।" যখন মহামান্য মাননীয় রাজ্যপাল বলেছেন যে আমরা সন্ত্রাস নয় শান্তি চাই তখন সারা রাজ্য সহ আমার জেলা কোচবিহারের একটি বড় অংশে যে ঘটনাগুলো ঘটেছে তাতে বদলা এবং বদল এই দুটোর সংজ্ঞার পরিবর্তন ঘটে যাচ্ছে। আমরা দেখেছি, আমাদের বন্ধু মাননীয় অক্ষয় ঠাকুরকে নিয়ে আমি তাঁর বিধানসভা এলাকা পরিদর্শন করেছিলাম গত ৯ তারিখে। তিনি আমাদের নেতা, আমি সেখানকার জেলা সম্পাদক। আমরা গিয়ে আমাদের ফরওয়ার্ড ব্লকের পার্টি অফিসটাকে খুঁজে পাইনি। একটি গ্রামে গিয়ে আমাদের দলের পার্টি অফিসটাকে খুঁজে পাচ্ছিলাম না। জিজ্ঞাসা করেছিলাম, সাধারণ মানুষ এসে দেখালেন যে পার্টি অফিসটাকে শুধু ভাঙা হয়নি, পার্টি অফিসে একেবারে খুঁটি সুদ্ধ তুলে নিয় যাওয়া হয়েছে। পার্টি অফিসের ভেতরে যা ছিল এবং তার টিন, খুঁটি শুদ্ধ তুলে নিয়ে যাওয়া হয়েছিল। এই বদলকে কি আপনাদের নেত্রী চেয়েছেন। যখন আপনাদের পক্ষে কথা বলছি, যখন সিঙ্গুরের কথা বলছি, যখন নন্দীগ্রামের কথা বলছি, যখন দিনহাটার গুলি চালানোর কথা বলছি তখন আপনারা চুপ করে শুনছেন। আর যখনই আপনাদের সমালোচনা করে বলছি তখনই চিৎকার করছেন। এই যে অবস্থাটা এই অবস্থাটা কিন্তু কয়েক মাস আগে

হয়তো এখানে ঘটেছে, আবার ভবিষ্যতে ঘটবে সেটা আপনারা দেখিয়ে দিচ্ছেন। স্যার, আপনি দেখুন যাঁরা বলছেন বিরোধীদের সম্মান দেওয়া হবে, বিরোধীদের বলতে দেওয়া হবে তারা আর একটু ধৈর্য ধরুন, থাকুন। আপনাদের তো মানুষ সময় দিয়েছে। আপনারা বলবার সুযোগ পাবেন, কাজ করবার সুযোগ পাবেন। আমাদের বলবার জায়গা শুধুমাত্র হাউস। এই জায়গায় আমাদের বলতে দিন, গণতন্ত্রকে রক্ষা করুন। একটার পর একটা ঘটনা সারা রাজ্যে যেভাবে ঘটছে সেটাকে স্বীকার করে নিন এবং সেটাকে তাড়াতাড়ি যাতে দূর করা যায় তার ব্যবস্থা করুন। আমরা এই কথা বলি, সরকার গণতান্ত্রিক অবস্থাকে ফিরিয়ে আনুন, সন্ত্রাস দূর করুন। আপনাদের নেত্রী, এই সভার নেত্রী তিনি যে কথা বলেছেন মাননীয়া মুখ্যমন্ত্রী "বদলা নয় বদল চাই" সেটাকে কার্যে পরিণত করুন। আমি আপনাদের বলি শুনুন, আপনারা বলেছেন গতকাল এখানে আলোচনা হয়েছে, ওই বিলের উপর আলোচনা হয়েছে। বিলের উপর আলোচনা করতে গিয়ে আমাদের সদস্যরাও বলেছেন, সরকার একটু তাড়াহুড়ো করছেন।

[2.10—2.20 p.m.]

এই তাড়াহুড়ো আপনারা করছেন। সেই তাড়াহুড়ো করতে গিয়ে এমন কিছু ভুল করছেন যেটা মাননীয়া সদস্যা চন্দ্রিমা ভট্টাচার্য তাঁর বক্তব্যের মধ্যে বলেছেন। তিনি বলেছেন রাজ্যপাল এর আগে মিথ্যা কথা বলেছেন কারণ সরকার সেই সময়ে মিথ্যা কথা লিখে দিয়েছেন আর এখন আপনারা সত্যি কথা লিখে দিচ্ছেন তাই রাজ্যপাল মহাশয় সত্যি কথা বলছেন। আমি আপনাদের কাছে বলব মাননীয় রাজ্যপালকে দিয়ে মিথ্যা বলা ঠিক হবে না, অসত্য কথা বলিয়েছেন, তারই একটা উদাহরণ আমি তুলে ধরতে চাই। তিনি বলছেন ৩৭৯ টাক দিয়ে বিদ্যুতের কাজ করা হবে। এখানে মাননীয় মন্ত্রীরা আছেন জেনে নেবেন—অর্ডার নং ৩৯৭ ডেটেড ১৪.০১.১১। অর্ডার ইস্যুড বাই ডেপুটি ডাইরেক্টর এইচ আর ডিপার্টমেন্ট। সেখানে পরিষ্কারভাবে বলা আছে ২০০ ওয়াট পর্যন্ত বিদ্যুৎ যাঁরা ব্যবহার করবেন তাঁরা ৩৭৯ টাকা জমা দিলেই তাঁদের প্রত্যেকের বাড়িতে বিদ্যুতের ব্যবস্থা করে দেওয়া হবে। ১৪ই জানুয়ারি যে অর্ডার বেরিয়েছে এবং সেই অর্ডার মোতাবেক আমার বিধানসভা কেন্দ্রে কয়েক হাজার মানুষ তারা নির্বাচনের পূর্বেই সেই টাকা জমা দিয়েছে। তাহলে এটা কোনো নতুন প্রকল্প নয়, এই প্রকল্পের কাজ ইতিমধ্যেই শুরু হয়েছে। যেটা আপনারা এই রাজ্যপালের ভাষণের মধ্যে দিয়ে দাবি করেছেন যে এটা একটা নতুন প্রকল্প। এইভাবে মাননীয় রাজ্যপাল মহাশয়কে দিয়ে একটা অসত্য কথা এই সভার ভেতরে বলিয়েছেন। আমি আপনাদেরকে ধন্যবাদ দিই আপনারা শিক্ষক মহাশয়দের বেতন করেছেন ১ তারিখে। ৬ তারিখে বেতন ছিল সেটা ১ তারিখে করে দিয়েছেন। এতে শিক্ষক মহাশয়দের দুঃখ দূর হয়েছে, শিক্ষক মহাশয়দের যে সম্মান ক্ষুণ্ণ হয়েছিল সেই সম্মানটা আপনারা রক্ষা করেছেন। এর জন্য আপনারা নিশ্চয় ধন্যবাদ পাবেন। কিন্তু মা মাটি মানুষের সরকার শুধু শিক্ষকদের মাইনে ১ তারিখে করবেন, আর সেই মাইনে করবার সময়ে একবারও চিন্তা করবেন না এই রাজ্যের হাজার হাজার বৃদ্ধ কৃষক যাদের জমিতে

লাঙ্গল দেবার ক্ষমতা নেই, কেবলমাত্র সরকারের দেও ৭৫০ টাকার কৃষি পেনশন দিয়ে তাদের সংসার চলে সেখানে কেন শিক্ষকদের ১ তারিখে পেনশন দেওয়া হবে আর কৃষকদের পেনশনটা দেওয়া হবে না। কেন এক্ষেত্রে আইনটা করবেন না। কেন এক্ষেত্রে চিৎকার করে বলবেন না যে ওদেরও ১ তারিখে কৃষি পেনশন দিতে হবে। আমরা যেমন বিচ্ছিন্ন হয়ে গেছি, আপনারাও কৃষকদের কাছ থেকে বিচ্ছিন্ন হয়ে যাবেন যদি কৃষকদের দাবির কথা আপনারা অস্বীকার করেন। যতই চিৎকার করুন কেন কেন, যতই ৩৪ বছরের কথা তুলে চিৎকার করুন না কেন, এইভাবে চললে আপনারাও কৃষকদের কাছ থেকে বিচ্ছিন্ন হয়ে যাবেন। ৩৪ বছরের কথা বললে আপনাদেরও আয়নার সামনে দাঁড়াতে হবে। ৩৪ বছরের কথা বললে নিজের ঘরের দিকেও দেখতে হবে। আপনাদের যে ভূমিকার দরকার ছিল, সেই ভূমিকাটাও দেখতে হবে। আমি আপনার মাধ্যমে আরেকটি কথা মাননীয়া মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয়া মুখ্যমন্ত্রী বলেছেন যে, এখানে 'আমরা ওরা' হবে না। 'আমরা ওরা' নিয়ে সারা রাজ্য কেন, সারা দেশে আলোড়ন হয়েছে। এখনও 'আমরা ওরা' হচ্ছে, কিন্তু মুখে হচ্ছে না। কিন্তু ওই সায়িন্টিফিক রিগিংয়ের মতো সায়িন্টিফিক আমরা ওরা হচ্ছে। সায়িন্টিফিক রিগিংয়ের মতো আমরা ওরা হচ্ছে। সায়েন্টিফিক আমরা ওরা হচ্ছে। কেমন করে হচ্ছে ? উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ ২০০০ সালে উত্তরবঙ্গের মানুষ, পিছিয়ে পড়া উত্তরবঙ্গের মানুষ, পশ্চিমবাংলার মোট জনসংখ্যার ২২ শতাংশ উত্তরবঙ্গের মানুষ। কিন্তু ৩৪ বছরই তো আর ভারতবর্ষের ইতিহাস না, ৩৪ বছরই তো আর পশ্চিমবাংলার ইতিহাস না। এর আগেও ৩০ বছর ছিল। আমি ৬৪ বছরের পশ্চিমবাংলাই বলতে চাই। এই ৬৪ বছর পশ্চিবাংলায় উত্তরবঙ্গ পিছিয়ে আছে, উত্তরবঙ্গ পিছিয়ে ছিল, এখনও উত্তরবঙ্গ পিছিয়ে আছে।

(গোলমাল)

একজন উত্তরবঙ্গের মন্ত্রী করেছেন। একজন উত্তরবঙ্গের মন্ত্রী করেছেন। সেই মন্ত্রীর মাধ্যমে উত্তরবঙ্গে—উত্তরবঙ্গের উন্নয়নের জন্য মন্ত্রী করেছেন। এই দাবি আমরা আগে করেছিলাম। কিন্তু আমরা সেই দাবির সাথে একটি কথা বলেছিলাম। উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদও থাকবে, সাথে সাথে উত্তরবঙ্গের জন্য একজন আলাদা মন্ত্রী থাকবে। আগের সরকার উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ করেছিল, মন্ত্রী করেননি। এই বারের সরকার মন্ত্রী করেছেন কিন্তু উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদটা কোথায় যাবে সেই কথা বলেননি। গত বিধানসভা নির্বাচনে উত্তরবঙ্গের ৪৯ জন সদস্য ছিলেন। তৃণমূলের একজন সদস্য ছিলেন। সেই একজন সদস্য উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদের এক্সিকিউটিভ কমিটির সদস্য ছিলেন। তিনি তাঁর নিজের এলাকার কথা বলেছেন। তিনি উত্তরবঙ্গের সব এলাকার মানুষের কথা বলেছেন। তিনি তৃণমূলের প্রতিনিধি হয়ে সেখানে তাঁর বক্তব্য রাখার সুযোগ পেয়েছেন। আর আজকে ১৬ জন আমরা বিরোধী পক্ষ থেকে জয়ী হয়েছি উত্তরবঙ্গে সেই ১৬ জনের মধ্যে আমরা দল সারা ভারত ফরোয়ার্ড ব্লক তার নির্বাচিত সদস্য সংখ্যা সাত। উত্তবরঙ্গের বিরোধীদের মধ্যে সব চাইতে বেশি আসন আমাদের। তা সত্ত্বেও আমরা কোথায় আমাদের বক্তব্য তুলে ধরব, কার কাছে

গিয়ে আমরা উত্তরবঙ্গের উন্নয়নের কথা বলব, আজ পর্যন্ত সরকার বা মাননীয় রাজ্যপাল মহোদয় তাঁর বক্তব্যের মধ্যে দিয়ে একটি কথাও তুলে ধরেননি। আমি এখানে আপনাদের কাছে আবেদন করব এই উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদকে জীবিত করুন, তার পরিকাঠামো উন্নয়ন করুন। উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ টু টায়ার সিস্টেম, যেখানে এক্সিকিউটিভ কমিটি থাকবে, নির্বাচিত সদস্য যে দলের আছেন, একজন করে সদস্য সেই এক্সিকিউটিভ কমিটিতে থেকে উত্তরবঙ্গের উন্নয়নের কাজ করবেন। আর উত্তরবঙ্গের ৫৪ জন এম এল এ এবং এম পি—তাঁরা উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ জেনারেল বডিতে থেকে তাদের এলাকার উন্নয়নের কথা তুলে ধরবেন। উত্তবরঙ্গ পিছিয়ে আছে, উত্তরবঙ্গ শিক্ষা, স্বাস্থ্য পরিষেবা, চিকিৎসা—সব দিক থেকে পিছিয়ে আছে। মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে সরকারে কাছে আবেদন করব এই উত্তরবঙ্গকে বাঁচাতে হলে শুধুমাত্র পাহাড়ের তিনটে মহকুমা নিয়ে চিন্তা করলে হবে না। সারা উত্তরবঙ্গের ৬টি জেলার এই যে ২২ শতাংশ মানুষ, সারা পশ্চিমবাংলার ২২ শতাংশ মানুষ এই ৬টি জেলায় আছে। তাদের উন্নয়নের মধ্য দিয়ে আগামীদিনে পশ্চিমবাংলার উন্নয়নকে আরও বড় করতে হবে, আরও শক্তিশালী করতে হবে। আমরা আমাদের সহযোগিতার হাত বাড়িয়ে দেব। আমি জানি আপনারা চিৎকার করে বলবেন যে আপনাদের সহযোগিতার হাত দরকার নেই। কারণ ওই ভুলবশত বা ছোঁয়াচে রোগের মতো মাননীয়া মুখ্যমন্ত্রী গতকাল বলে বসেছেন টু থার্ড মেজরিটি আমাদের আছে। আমরা এই বিল পাশ করিয়ে নিতে পারি। আমি তা সত্ত্বেও বলব ওই রামায়ণের কাঠবেড়ালির মতো সেতুবন্ধন, সেই সেতুবন্ধনে সীমিত ক্ষমতা দিয়ে সেই কাঠবেড়ালি বানর বাহিনীর সাহায্যে হাত বাড়িয়ে দিয়েছিল। আমরা এই উন্নয়নের ক্ষেত্রে *** সাথে কাঠবেড়ালির মতো ওই সেতুবন্ধনে এগিয়ে যাব। আমরা সহযোগিতার হাত বাড়িয়ে দেব। আসনু নতুন বাংলা গড়ার ক্ষেত্রে একসাথে লড়াই করি। আমরা ওরা ভুলে যান। টু-থার্ড মেজরিটির কথা ভুলে যান। এই হাউসকে কাজে লাগিয়ে আমরা পশ্চিমবাংলার উন্নয়ন, উত্তরবঙ্গের উন্নয়ন একসাথে করি। একথা বলে আমি আমার বক্তব্য শেষ করলাম। ধন্যবাদ।

[2.20—2.30 p.m.]

শ্রী পার্থ চ্যাটার্জী : স্যার, মাননীয় সদস্য তাঁর বক্তব্য রেখেছেন। সে ব্যাপারে আমার কোনো মন্তব্য সাজে না সেটা আপনি দেখবেন। কিন্তু ([redacted] কথাটা বলা যায় কিনা সংসদে এটা একটু দেখে নিতে বলছি।

মিঃ স্পীকার : The words ([redacted]) will be expunged.

শ্রী নরেশচন্দ্র চাকী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই হাউসে মহামান্য রাজ্যপাল যে বক্তব্য রেখেছেন এবং সেই বক্তব্য রাখবার জন্য তাঁকে ধন্যবাদ দিয়ে যে প্রস্তাব উত্থাপিত হয়েছে সেই ধন্যবাদসূচক প্রস্তাবের সমর্থন করছি। এবং সেই ধন্যবাদসূচক প্রস্তাবের বিরুদ্ধে বিরোধীপক্ষের বন্ধুরা যে সংশোধনী এনেছেন তার আমি তীব্র বিরোধিতা করছি। আজকে

*** অধ্যক্ষের আদেশক্রমে বাতিল

আমরা দেখতে পাচ্ছি হারিয়ে মারিয়ে কাশ্যপ গোত্র হয়ে এখানে অনেক প্রাক্তন মন্ত্রী বামফ্রন্টের কাঁদুনি গাইছেন। কিন্তু তাঁদের কাছে বিনীতভাবে আমার এটা প্রশ্ন আপনাদের যদি এই বক্তব্যই থেকে থাকত তাহলে আপনাদের বক্তব্য বামফ্রন্টের রক্ষিত হয়নি বলে আপনারা সেদিন মানুষের স্বার্থে পদত্যাগ করেননি কেন ? একজন পদত্যাগ করেছিলেন। তিনি বলেছিলেন চোরেদের সরকারে থাকব না, তিনি পদত্যাগ করেছিলেন। কিন্তু ডাকাতদের সরকার যেদিন হল সেই ডাকাতদের সরকারে তিনি নেতৃত্ব দেওয়ার জন্য পুনরায় আবার ফিরে এসেছিলেন। কিন্তু সেদিন আপনাদের কথা রাখা হয়নি বলে আপনারা কিন্তু পদত্যাগ করেননি। আজকে শ্রী সুভাষবাবু বলছেন সুন্দরবনের কথা, তিনি তো সেচমন্ত্রী ছিলেন এবং সুন্দরবনের লোক ছিলেন। সুন্দরবনের জন্য কি কি কাজ করেছেন দয়া করে তিনি এই হাউসে বলবেন। আজকে শ্রী রেজ্জাক মোল্লা সাহেব, তিনি বলছেন জমির অনেক কথা। কিন্তু তিনি তখন ভূমিরাজস্ব মন্ত্রী ছিলেন। শ্রমিক, কৃষক মেহনতী মানুষের কথা বলে যাঁরা ক্ষমতায় গিয়েছিলেন সেই সরকারের শ্রী রেজ্জাক মোল্লা সাহেবের কাছে কি এটা জানতে পারি যে তিনি সেই ক্ষেতমজুর, সেই বর্গাদার, সেই ভূমিহীন কৃষকদের জন্য কটা আইন পাস করেছিলেন। যেসব আইন এখানে আছে, তারা বর্গাদার, ভুমিহীন কৃষক, ক্ষেতমজুরদের যেসব আইনের কাজ করেছেন, সেটা শুনে রেখে যান সেইসব আইনগুলো সবই আমাদের সময়ে করা। ওরা নতুন করে সেই আইনগুলো তৈরি করেননি। সেটা পরিষ্কার শুনে রেখে যান। ইতিহাস অনেকে জানেন না। এই হল আজকের ইতিহাস। আজকে মা-মাটি-মানুষকে নিয়ে ব্যঙ্গ করছেন, মা-মাটি-মানুষ বুঝতে পারছেন না। শুনে রেখে যান মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর মা-মাটি-মানুষের স্লোগান সারা ভারতবর্ষ নয় সারা পৃথিবীকে কাঁপিয়ে দিয়েছে। মা-মাটি-মানুষ, শুনে যান—জননী জন্মভূমিশ্চ স্বর্গাদপী গরিয়সী—জননী হল মা, জন্মভূমি হল ভূমি-মাটি। আজকে তাই মা-মাটি-মানুষ মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর আমরা-ওরা ভাগ করে না। টু-থার্ড-ওয়ান থার্ড বলেন না। ভুল ব্যাখ্যা করবেন না। আপনারা আমরা ওরা ভাগ করে অনেক অপকর্ম করেছেন। ওরা বলতে যাঁদের বোঝাতেন তাঁদের ঘরের মায়েদের আপনারা মা বলতে শেখেননি।

আজকে ওরা বলতে যাঁদের বোঝাতেন তাঁদের বোনের ইজ্জত নিতে আপনাদের একটুও বাঁধেনি। আজকে তাই আমরা ওরা ভাগ করে অনেক অত্যাচার, অনেক নিপীড়ন, অনেক মায়ের কোল খালি, অনেক বোনের ইজ্জত নিয়েছেন। কিন্তু আমরা তা করি না। আমরা আমাদের মাকেও সম্মান করি, আপনাদের মাকেও সম্মান করি। মমতা ব্যানার্জী আপনাদের মাকেও মা বলেন, আমাদের মাকেও মা বলেন, তাঁর নিজের মাকেও মা বলেন। এইটাই হল মমতা ব্যানোর্জীর সঙ্গে আপনাদের মুখ্যমন্ত্রীর পার্থক্য। সেদিন ৩০ জনকে নিয়ে আমাদের মাননীয় শিল্পমন্ত্রী নেতৃত্ব দিচ্ছিলেন। সেই ৩০ জন থেকে যে কথা বলা হত—আপনাদের মুখ্যমন্ত্রী বলতেন, আমরা ২৩৫ ওরা ৩০, ওদের কথা শুনব না। কিন্তু মমতা ব্যানার্জী যখন অর্ডিন্যান্স করে সিঙ্গুর আইন পাশ করাতে গেলেন, আপনারা বললেন এটা ঠিক হচ্ছে না। মমতা ব্যানার্জী আপনারা ৬২ বলে আপনাদের ঘৃণা না করে আপনাদের বক্তব্য শুনে আইন করে এখানে বিল এনে আজকে সেই সিঙ্গুরে তাদের জমি ফিরিয়ে

দিলেন। এইখানেই মমতা ব্যানার্জীর মাহাত্ম্য। এইখানে মমতা ব্যানার্জীর সঙ্গে আপনাদের মুখ্যমন্ত্রীর চরিত্রগত পার্থক্য, গুণগত পার্থক্য। এটা আপনাদের বোঝা দরকার, এটা আপনারা বুঝবেন। আমাদের মুখ্যমন্ত্রী পরিষ্কার বলেছেন 'বদলা নয়, বদল চাই'। আমরা বদলা নিচ্ছি না, বদলা আপনারা এখনও নিচ্ছেন এবং আজকে সন্ত্রাস না, শান্তি চাই। আমরা বুঝি শান্তি না থাকলে কোনো সৃষ্টি গড়ে ওঠে না। আপনারা বোঝেননি, আপনারা বোঝেন না তার কারণ আপনারা সৃষ্টি করতে জানেন না। আপনাদের সেই ধ্বংসাত্মক আন্দোলনের সাক্ষী হিসাবে দু-চারজন যাঁরা বাংলায় বেঁচে আছেন তার মধ্যে আমি একজন। আপনারা ৬৫ সালে ওই মুখ্যমন্ত্রী প্রফুল্ল সেনের আমলে মন্ত্রী ফজলুর রহমানের বাড়ি পুড়িয়ে দিয়েছিলেন, আমাদের রাস্তায় বেরতে দেননি। সেদিন বহু অফিস আপনারা পুড়িয়ে দিয়েছিলেন। এককথায় ট্রাম আন্দোলনকে কেন্দ্র করে কলকাতার ট্রাম সব পুড়িয়ে দিয়েছিলেন, বাস পুড়িয়ে ছিলেন। এক খাদ্য আন্দোলনের নামে আপনারা অরাজকতা সৃষ্টি করেছিলেন, শয়ে শয়ে ট্রাম পুড়িয়ে ছিলেন, বাস পুড়িয়ে ছিলেন। তার সাক্ষী আমি নরেশ চাকী আজও বেঁচে আছি। আমি নিজে চোখে আপনাদের সেই নারকীয় কাণ্ড-কারখানা দেখেছি। আর দুখানা চেয়ার বেঞ্চ ভাঙার জন্য আপনারা আজও বলেছেন। আমরা চেয়ার বেঞ্চ ভাঙতে আসিনি। আপনারা শুনুন, আমার কথা শুনুন মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি বিরোধী বন্ধুদের বলতে চাই, আমি আমার এই জোটের বন্ধুদের বলতে চাই, মাননীয়া মুখ্যমন্ত্রীকে আপনার মাধ্যমে বলতে চাই—'অঙ্গারও শত ধৌতেন মলিনত্ব নং জায়তে ইতি সমাবশ্যমা পরিবর্তনশীলতা'। আজকে কয়লাকে শত ধোন না কেন, শতবার সাবান দিয়ে ধুলেও আজকে কয়লার সেই কালো রং যাবার নয়। মার্কসবাদী কমিউনিস্ট পার্টি আজকে যত ভালো কথা বলুক এদের হিংস্রতা এদের লজ্জাগত এবং যদি সুযোগ পায় তবে আবার হিংস্র হয়ে উঠবে। আজকে পরিষ্কার করে একথা বলা দরকার। পুলিশকে নিরপেক্ষভাবে থাকতে বলছেন, কিন্তু একটা কথা শুনুন আলিমুদ্দিনের নির্দেশে অনেক পুলিশ এখনও কাজ করছেন। আজকে অনেক পুলিশ কাজ কাছেন। সুতরাং এর সম্বন্ধে আরও সাবধান হওয়া উচিত। আমাদের মাননীয় রাজ্যপাল নয় নম্বর অনুচ্ছেদে বলেছেন, রাজনৈতিক হত্যার বিচার হবে। কিন্তু আজকে খুব আনন্দিত হলাম সাঁইবাড়িকে নিয়ে তদন্ত কমিশন বসিয়েছেন। কিন্তু মরিচঝাঁপি, সিঙ্গুর, নেতাই, আমাদের কৃষ্ণনগর বাদখুল্লা—আজকে এইসব জায়গায় যেসব—নেতাই এবং নন্দীগ্রাম থেকে শুরু করে আজকে ২২-২৩ জায়গায় যে গণহত্যা হয়েছে, আজকে সেই প্রত্যেকটা গণহত্যার বিচার চাই আমরা মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে মাননীয় অধ্যক্ষ মহোদয় আপনার মাধ্যমে আমি আবেদন করছি, প্রত্যেকটা গণহত্যার আজকে তদন্ত কমিশন বসুক এবং যারা আজকে অপরাধী তাদের শাস্তি হোক। মাননীয় অধ্যক্ষ মহোদয় আপনি একজন আইনজীবী, আমিও আইনজীবী। আইন কি বলে ? আজকে ১০ বছর আগে যে অপরাধী আজও সে অপরাধী, তার ১০ আগে অপরাধ করে আজকে সেই অপরাধ থেকে সে বাঁচতে পারে না। ১০ বছর আগে সে অপরাধী, আজও সে অপরাধী। সুতরাং এই গণতান্ত্রিক হত্যাকাণ্ড যারা চালিয়েছিল তারা যেন রেহাই না পায়। এটা আমার কাছে একটা প্রশ্ন এবং তাই আপনার মাধ্যমে আমি মাননীয়া মুখ্যমন্ত্রীকে এই আবেদন করছি।

বড় বড় কথা বলছেন ? নরকঙ্কাল উঠছে। হাজার হাজার মানুষ নিখোঁজ, শয়ে শয়ে মহিলা নিখোঁজ। পুলিশ খুঁজে বের করতে পারেনি, আপনাদের প্রশাসন খুঁজে বের করতে পারেনি। আজকে নরকঙ্কাল বের করছে মমতা ব্যানার্জীর পুলিশ। কত বেদনার, কত দুঃখের, আজকে মায়ের সেই চোখের জলের জবাব আপনাদের দিতে হবে। সুকান্তের ভাষায় বলি—

প্রিয়াকে আমার কেড়েছিস তোরা,
ভেঙেছিস ঘর বাড়ি,
জীবনে মরণে আমি কি তাহা,
কখনো ভুলিতে পারি,
তোদের প্রাসাদে জমা হল কত,
মৃত মানুষের হাড়,
জবাব কি দিবি তার।

জবাব তোদের দিতে হবে। জবাব দেওয়ার সময় চলে যায়নি। জবাব তোমাদের দিতে হবে পরিষ্কার শুনে রেখে দাও। কোটি কোটি টাকার অস্ত্র উদ্ধার হচ্ছে। মমতা ব্যানার্জী বলেছিলেন বেআইনি অস্ত্র আছে। আজকে অস্ত্র উদ্ধার হচ্ছে। সফিসটিকেটেড আর্মস— মাওবাদী, শিলদা ক্যাম্পের অস্ত্র মার্কসবাদী কমিউনিস্ট পার্টির নেতার বাড়ির কাছ থেকে পাওয়াযায় কি করে ? আজকে ওরা অস্ত্র এনেছিল। কাদের জন্য অস্ত্র এনেছিল বামফ্রন্ট, মার্কসবাদী কমিউনিস্ট পার্টি ? বাংলাদেশের বিরুদ্ধে যুদ্ধ করবার জন্য, পাকিস্তানের বিরুদ্ধে যুদ্ধ করবার জন্য ? না, বাংলার মানুষের বিরুদ্ধে যুদ্ধ করবার জন্য। যদি অষ্টম বামফ্রন্ট আসত, আমরা এখানে যারা এম এল এ হয়ে এসেছি তারা অনেকেই থাকত না। তোমাদের ওই অস্ত্র দিয়ে আমাদের খুন করে ফেলতে। আরো অনেক মায়ের ইজ্জত নিতে, আরো অনেক বোনের ইজ্জত নিতে। অষ্টম বামফ্রন্ট এলে তোমরা বাংলাকে বিরোধী শূন্য করে দিতে। এই জন্যই ওই অস্ত্রগুলো আপনারা আমদানি করেছিলেন এটা পরিষ্কার। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে আমি আপনার মাধ্যমে আবেদন করব আর্মস অ্যাক্ট এবং এক্সপ্লোসিভ অ্যাক্ট অনুপাতে প্রত্যেকের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হোক। একজনের পুকুর থেকে আর্মস পাওয়া গিয়েছে, যার পুকুর তার পজেশনে ধরতে হবে ওটা। আজকে আমার পুকুর থেকে যদি অস্ত্র ওঠে তাহলে আর্মস অ্যাক্ট বলে আমার বিরুদ্ধে চার্জ গঠন হবে। কারণ আমার পুকুর থেকে পাওয়া গেলে আমার পজেশনে ধরা হবে সেই অস্ত্র। এটা দেশের আইন বলে, ভারতবর্ষের আইন বলে, বাংলার আইন বলে। সুতরাং যার বাড়িতে অস্ত্র ছিল, আজকে মমতা ব্যানার্জী মুখ্যমন্ত্রী হওয়ার ফলে তাড়াতাড়ি করে কোথায় ফেলবে, কোথায় কুঁয়োয় ফেলছে, কোথায় পুকুরে ফেলছে, কোথায় মাটির তলায় দিচ্ছে। যার যার বাড়ির কাছে অস্ত্র পাওয়া গিয়েছে এবং যার যার কুঁয়োয়, যার যার পুকুরে অস্ত্র পাওয়া গিয়েছে এদের প্রত্যেকের বিরুদ্ধে আর্মস অ্যাক্ট এবং এক্সপ্লোসিভ অ্যাক্ট হিসাবে আজকে মামলা রুজু করবার জন্য আপনার মাধ্যমে মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে আজকে আমি এই বার্তা দিয়ে এবং রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদসূচক যে প্রস্তাব এসেছে সেটাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[2.30—2.40 p.m.]

শ্রী বিজয় বাগদি : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মহামান্য রাজ্যপাল ১৩ জুন, ২০১১ তারিখে এই হাউসে যে ভাষণ প্রদান করেছেন এবং তার উপরে সরকার পক্ষের মুখ্যসচেতক মাননীয় শোভনদেব চট্টোপাধ্যায় মহাশয় যে ধন্যবাদসূচক প্রস্তাব এখানে এনেছেন তার বিরোধিতা করে আমি আমার বক্তব্য পেশ করছি। স্যার, আমি মনোযোগ সহকারে শাসক দলের বক্তব্য শুনছিলাম। আমার মনে হচ্ছিল যে, কথাটা ওনারা বলার চেষ্টা করলেন ৩৪ বছর আমরা পশ্চিমবাংলাকে শ্মশানে পরিণত করেছি। আপনারা যখন বলছিলেন আমরা কেউ এতটুকু কটূক্তি করিনি। আমরা মনোযোগ সহকারে আপনাদের বক্তব্য শুনছি এবং আমরা সংশোধন হবার চেষ্টা করছি। আমরা ভুল করেছি তার জন্য আমরা এদিকে এসেছি, আপনারাও ভুল করছেন। কাজেই আমি আপনাদের একটু পিছনের দিকে যেতে বলছি। এখনই মাননীয় সদস্য বলছিলেন যে আমরা আইনটা করেছিলাম। বর্গাদার, পাট্টার জমি। কিন্তু আপনারা কি কার্যকরী করেছিলেন ? আমরা মানুষের, আমরা গরিব মানুষের হাতে জমি দিয়েছি, আমরা তাদের অধিকার দিয়েছি—বর্গার অধিকার, পাট্টার অধিকার দিয়েছি। আমরা তো চাই উন্নয়ন হোক, সামগ্রিকভাবে উন্নয়নের সুফল পশ্চিমবাংলার মানুষ পাক। আমরা তাদের উন্নয়ন করতে পারিনি। আমরা দেখতে চাই যে, পশ্চিমবাংলার গরিব মানুষ, ক্ষেতমজুর, খেটেখাওয়া মানুষ, শ্রমজীবী মানুষ তারা সুখ-স্বাচ্ছন্দে বিচরণ করুক এই পশ্চিমবাংলার ভূমিতে। আমরা খুশি হব, আমরা নিশ্চয় আপনাদের সেই সময় সমর্থন করব। যদি পশ্চিমবাংলার বেকার সমস্যার সমাধান হয়। আমরা ইস্তাহার দেখেছি আপনাদের—যে ১০ লক্ষ বেকার ছেলেদের কর্মসংস্থান। আজকে আমরা কি দেখছি ? মহামান্য রাজ্যপালের ভাষণে বলেছেন ৪৬ হাজার শিক্ষক নিয়োগ করা হবে। আমাদের মাননীয় সদস্য বলছিলেন, এর মধ্যে প্রাইমারি কত ? হাইস্কুল কত ? কলেজ কত ? এই সব ব্যাপারে সুনির্দিষ্ট কোনো বক্তব্য এর মধ্যে নেই। আজকে ভারতবর্ষের সারা রাজ্যগুলো যখন জ্বলছে—যখন নিত্যপ্রয়োজনীয় জিনিসের দাম বাড়ছে, কেন্দ্র পেট্রল-ডিজেলের দাম বাড়িয়েছে, তখন আপনাদের কোনো ভূমিকা নেই। সরকার পক্ষের কোনো বক্তব্য নেই। আর সরকারি পক্ষের সদস্যরা গরিব মানুষের জন্য তাঁদের প্রাণগুলো হন্‌হন্‌ করছে, প্রাণগুলো তাঁদের কেঁদে উঠছে। আজকে আমি বলতে চাই যে, আজকে আপনারা ভাবুন, যেভাবে জিনিসপত্রের দাম বাড়ছে, মানুষের ক্রয় ক্ষমতার বাইরে চলে যাচ্ছে, আমরা সেদিকে কেউ দৃষ্টি দিচ্ছি না। আমরা আশা করেছিলাম যে, আইন-শৃঙ্খলার ক্ষেত্রে আপনারা যেটা বলতে চাইছেন যে, আমরা পশ্চিমবাংলায় ৩৪ বছরে আমাদের আইন-শৃঙ্খলার অবনতি ঘটেছিল এবং মানুষ, গণতান্ত্রিক মানুষ এই পশ্চিমবাংলায় বাস করতে পারেনি। আমরা কি দেখলাম ? আপনারা কি বলেছিলেন নির্বাচনের প্রাক্কালে ? আপনারা বলেছিলেন, স্লোগান দিয়েছিলেন 'বদলা নয়, বদল চাই।' বদল তো হয়েছে, মানুষ আমাদের প্রত্যাখ্যান করেছেন, আপনাদের আশীর্বাদ করেছেন। গণতান্ত্রিক পরিকাঠামোর মধ্যে দিয়ে আপনারা বলুন তো, ১৩ তারিখে ফল ঘোষণা হল। ২১৬ জন বামপন্থী কর্মীকে—আপনাদের কর্মীরা বিজয় মিছিলের নাম করে বিভিন্ন জায়গাতে তারা হত্যালীলা

চালিয়ে স্লোগান দিয়ে তারা হত্যা করল। এর মধ্যে বীরভূমের আমাদের দুজন আছেন। আমাদের মাননীয় সদস্য বসে আছেন। আপনার সাংসদ কি বলেছেন ? মনে আছে ? আজকের কাগজে বেরিয়েছে। দেখেছেন তো ? কত পাতার চিঠি পাঠিয়েছেন মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে ? এর পর আপনার আর বলার কোনো সুযোগ নেই। অতএব আপনি আমাদেরকে সমর্থন করবেন। আজকে এই যে বিভিন্ন জায়গাতে পার্টি অফিস, বামপন্থীদের পার্টি অফিস ভেঙে দেওয়া বা দখল করে নেওয়া, আজকে বামপন্থী কর্মীদের দোকান লুঠ করে নেওয়া—এগুলো কি গণতন্ত্র ? আমরা কি এটা আশা করেছিলাম ? আপনারা বলছেন, আমরা ওরা নয়। তাহলে এখানেই তো বিভাজনটা তৈরি হচ্ছে। আজকে আপনারা সরকারের পক্ষে আছেন, আমরা বিরোধী পক্ষে আছি। আপনাদের উচিত যে, নিয়ম-নীতির মধ্যে দিয়ে পশ্চিমবাংলার মানুষকে আপনাদের যে ব্যবহার, আচার-আচরণ, তার মধ্যে দিয়ে পশ্চিমবাংলার মানুষকে শিক্ষা দেবেন এবং সেই শিক্ষা নিয়ে আমরা যারা এই তাণ্ডবলীলা করার জন্য এধার-ওধার করে তাদের চেতনা বোধটা জেগে উঠবে।

[2.40—2.50 p.m.]

এবং অদূর ভবিষ্যতে সুস্থ সমাজব্যবস্থার মধ্যে একটা সুস্থ পরিবেশ গড়ে উঠবে। কিন্তু সেদিকে না গিয়ে, উন্নয়নের কথা না বলে, রাজনৈতিক স্বার্থ পূরণের জন্য, রাজনৈতিক গদি ধরে রাখার স্বার্থে যে পথ দরকার সেই পথ আপনারা বেছে নিয়েছেন। সত্তরের দশকের ইতিহাস আমরা জানি। আমরা জানি তখন নির্বাচনের নামে প্রহসন হত। কিন্তু ১৯৭৭ সালের পর থেকে আমরা সময় মতো নির্বাচন করে এসেছি। আজকে বিরোধীরাও নির্বাচিত হয়ে এসেছে, তারাও পঞ্চায়েত বোর্ড গড়েছে, মিউনিসিপ্যালিটি গড়েছে। কিন্তু আজকে দেখতে পাচ্ছি বিভিন্ন জায়গাতে গণতন্ত্রের নাম করে বামপন্থী নির্বাচিত প্রতিনিধিদের উপর জোর জুলুম করা হচ্ছে, বাধ্য করা হচ্ছে, দল ত্যাগ করার জন্য তাদের শাসানি দেওয়া হচ্ছে। আজকে এর জবাব আপনারা দেবেন না ? আজকে আমরা বলতে চাই যে, রাজ্যপালের ভাষণের মধ্যে খেটে খাওয়া শ্রমজীবী মানুষদের কথা, ক্ষেতমজুরদের কথা নেই। বামফ্রন্ট সরকার তাদের জন্য বার্ধক্য ভাতা বা তাদের কাজের গ্যারান্টি সুনিশ্চিত করা, বন্ধ কল-কারখানার শ্রমিকদের মাসোহারা, পেনশনের ব্যবস্থা করেছে, সেসবের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণের মধ্যে দেখতে পেলাম না। আমরা আতঙ্কিত। কল-কারখানা কি আমরা বন্ধ করেছিলাম ? না, সেইসব কল-কারখানার মালিকদের দিয়ে আপনারাই বন্ধ করিয়েছিলেন, এ কথা অস্বীকার করার উপায় নেই। নির্মলদা বললেন গত ৩৪ বছরে কিছুই হয়নি। কিন্তু তিনি তো আগেও নির্বাচিত হয়ে এসেছিলেন এবং তখন বলতেন—আমার এই রাস্তাটা এক্সটেনশন চাই, ওই রাস্তাটার এক্সটেনশন চাই। তার মানে কি ? রাস্তা তো হয়েছিল, তবেই তো এক্সটেনশন চেয়েছেন। আমরা আশা করব পশ্চিমবাংলার সামগ্রিক উন্নয়নের ক্ষেত্রে স্বাস্থ্য পরিষেবা থেকে শুরু করে সবরকম পরিষেবা আপনারা মানুষের কাছে পৌঁছে দেবেন, তবেই বুঝব আপনাদের সদিচ্ছা আছে। আপনারা বলছেন প্রতিটি মেডিক্যাল কলেজে শয্যা সংখ্যা বাড়াবেন। সরকারে বসার আগে প্রতিশ্রুতি দিয়েছিলেন। মাননীয়া মুখ্যমন্ত্রী বিভিন্ন জায়গায় বলছেন কোনো হাসপাতাল থেকে যদি

কোনো রোগী ফিরে যায় তাহলে সেই হাসপাতালের বিরুদ্ধে কড়া ব্যবস্থা গ্রহণ করা হবে। কিন্তু খবরের কাগজ খুললেই দেখা যায় যে, গ্রামের দরিদ্রতম রোগীরা হাসপাতালের বেড পাচ্ছে না, বাইরে পড়ে থাকছে, বাড়ি ফিরে যাচ্ছে। আমি এই কথা বলতে চাই যে, গণতান্ত্রিক পরিবেশে সরকার পরিচালনার লক্ষ্যে আপনারা যদি কাজ করেন তাহলে পশ্চিমবাংলার মানুষ নিশ্চয় চিন্তা-ভাবনা করবেন, আর যদি প্রতিহিংসা পরায়ণ হয়ে বিভাজন করার চেষ্টা করেন তাহলে সেটা শুভ লক্ষণ নয়।

আজকে মহামান্য রাজ্যপালের ভাষণে আমরা যেটা বলতে চাই, আগামীদিনে আপনারা বলেছেন যে, কৃষিক্ষেত্রে পি.পি.পি. মডেলে সেচ বা রাস্তাঘাট করবেন কিন্তু আমরা আতংকিত যে এই যে প্রান্তিক ক্ষুদ্র মাঝারি চাষী যাঁরা সেচের জন্য জল ব্যবহার করবেন তাঁদের সেচের জলটা তাঁরা যেমন খুশি একর প্রতি তাঁরা কর বসিয়ে এই গরিব কৃষকের কাছ থেকে তাঁরা আদায় করার চেষ্টা করবেন। তাই আমি বলতে চাই যে সরকারি ব্যবস্থাপনার মাধ্যমে যদি সেচ ব্যবস্থাকে না রাখা যায় তাহলে আগামীদিনে এই যে ক্ষুদ্র প্রান্তিক চাষী এবং কৃষক ভাইদের জমি বন্ধ্যা হয়ে যাবে এবং তারা চাষ করতে পারবে না। ইতিমধ্যেই আমরা দেখেছি আজকে সারের উপর ভরতুকি তুলে দেওয়ার জন্য আজকে কৃষক পরিবারের কি অবস্থা। আজকে বিদ্যুতের মাশুল বৃদ্ধি করার জন্য সেচের জন্য কৃষকদের কি হাহাকার করতে হচ্ছে। আমরা বলছি, দু-ফসলিকে তিন ফসলি করব কিন্তু কিভাবে ? আজকে এই যে বীজ সার জল চাষের এই সমস্ত উপকরণ যদি চাষী না পায় তাহলে তারা যে ফসল উৎপন্ন করবে তার মূল্য পাবে না। এই কথা অস্বীকার করা যায় না যে আমরাই পশ্চিমবাংলায় কৃষিতে বিপ্লব আনতে পেরেছিলাম, ধানে আমরা প্রথম, শাক-সবজিতে প্রথম, সেই কথাটা আপনাদের ভুলে গেলে চলবে না। তাই আজকে এই কথাটা বলতে চাই যে, হিংসার পথ নয়। আপনারা যে হত্যালীলা শুরু করেছেন মানুষ আপনাদের কখনো ক্ষমা করবে না। তাই আগামীদিনে আমরা আপনাদের কাছে আশা করব আপনারা উন্নয়নের সংজ্ঞা দিন কিন্তু প্রতিহিংসাপরায়ণ হবেন না। যে সমস্ত মানুষ ঘরের বাইরে আছেন তাদের ফিরিয়ে আনার জন্য আপনারা সহযোগিতা করুন। ইতিমধ্যেই আমরা দেখেছি যে পুলিশ তারা নীরব দর্শক হয়ে কাজ করছে। পার্টির আজ্ঞাবহ হয়ে তারা কাজ করছে। আপনারা বলেছিলেন যে, পুলিশ নিরপেক্ষ দৃষ্টি নিয়ে কাজ করবেন। তাই আজকে আমি রাজ্যপালের ভাষণের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি। নমস্কার।

[2.50—3.00 p.m.]

শ্রী কৃষ্ণেন্দুনারায়ণ চৌধুরী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপাল শ্রী এম কে নারায়ণন ১৩ই জুন যে ভাষণ রেখেছেন তার প্রতি সমর্থন জানিয়ে আর বিরোধীদের আনা কাট মোশনের বিরোধিতা করে আজকে আমি এখানে আমার কিছু বক্তব্য রাখছি। স্যার, ২০০৬ সাল জুন মাস। এই সদনে আমি বক্তৃতা দিচ্ছিলাম। সেদিন এই চেহারাটা ঠিক উল্টো ছিল। যাঁরা বিরোধী হয়ে আজকে এখানে বসেছেন তাঁরা ওখানে রুলিং-এ বসেছিল। আমরা বিরোধী আসনে বসেছিলাম। তৎকালীন মুখ্যমন্ত্রী বসেছিলেন। তাঁর যে আচরণ ! তিনি বলতেন কাদের কথা শুনব। ২৩৫-এর কথা শুনব না ৩০-এর কথা শুনব ? স্যার,

একটা কথা আমরা ওইদিন বলেছিলাম। 'ঘুঁটে পোড়ে গোবর হাসে, এমন দিন সবার আসে' অহংকার করবেন না। ঘুঁটে পুড়ছে আমরা মার খাচ্ছি, জেল খাটছি, গুলি খাচ্ছি। আপনি অহংকার করবেন না। এদিন ঘুরে আসবে। স্যার, আমি আজকে গর্ববোধ করি। মা মাটি মানুষের নেত্রী মমতা ব্যানার্জীর নেতৃত্বে একটা পরিবর্তন এসেছে। ঘুঁটে পুড়েছে, গোবর হাসছে। এমন দিন সবার এসেছে। তাই আজকে ওই চেয়ার থেকে এই চেয়ারে এসেছে। আরও ছোট হয়ে যাবে। ছোট হবে কেন স্যার, যে কৃষকদের কালকে বিল আনা হল সেই কৃষকের বিলের বিরোধিতা করল। কিছু কৃষক এঁদের জিতিয়েছে। তারা যখন কালকে টি.ভি-তে দেখছে। টিভিতে দেখল যে তাদের অস্তিত্ব বিপন্ন করে এরা আবার লড়াই করছে। এরা আরও স্মলার হয়ে যাবে।

আমার মনে আছে, আমরা স্বাধীনতা দেখিনি। আমার জন্ম স্বাধীনতার আগে হয়নি। আমি স্বাধীনতার পরে জন্মগ্রহণ করেছি। কিন্তু টিভি-তে দেখেছি, খবরের কাগজে দেখেছি, স্বাধীনতার প্রাক্কালে কি হয়েছে এবং স্বাধীনতার পরে কি হয়েছে। কিন্তু আমরা মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর নেতৃত্বে নতুন স্বাধীনতার স্বাদ পেয়েছি। আমরা নতুন সামাজিক স্বাধীনতা পেয়েছি। আমরা নতুন রাজনৈতিক স্বাধীনতা পেয়েছি। দীর্ঘ ৩৪ বছর ধরে যে স্বাধীনতা হরণ করে রেখেছিল, সেখান থেকে বেরিয়ে এসে আমরা নতুন স্বাধীনতা পেয়েছি। স্যার, আমার জীবনের ঘটনা বলছি। আমি বিধায়ক হওয়ার আগে চেয়ারম্যান ছিলাম। একটা ঘটনার কথা বলি। এখানে অনেক আইনজীবী আছেন। ১৯৯৫ সাল তৎকালীন যুব কংগ্রেস সভানত্রী মমতা ব্যানার্জী ছিলেন। তাঁকে নিয়ে ডালখোলাতে প্রোগ্রাম ছিল। তিনজন সাংসদ একসঙ্গে বসেছিলাম। মমতাদি, বরকতদা, আর প্রিয়দা। ডালখোলাতে মিটিং করে মমতাদি চলে গেলেন। প্রত্যেকটি মিটিং-এর একটি করে আই বি কার্ড থাকে। তারপরে আমার নামে কেস হল। আমি নাকি একটা অ্যাম্বাসাডার গাড়ি চুরি করে তার ড্রাইভার আর খালাসিকে মেরেছি। এই রকম ৩৬টি কেস আমাদের নামে রেজিস্ট্রেশন করেছিল। এখানে অনেক বিধায়ক আছেন, আমাদের রাজ্যে অনেক সাংসদ আছেন, যাদের খুন করার চেষ্টা করেছেন। আমার মনে আছে বাংলাদেশ স্বাধীন হওয়ার সময়ে তৎকালীন প্রধানমন্ত্রী সংসদে বিবৃতি দিয়ে বাংলাদেশ স্বাধীন ঘোষণা করেছিলেন। বিরোধী দলের নেতা যিনি ছিলেন, তিনি মা দুর্গার কথা বলেছিলেন যে, মা দুর্গা রূপে তিনি বাংলাদেশকে সেই সাহস জুগিয়েছেন। আমরা গর্ব করে বলছি যে, সেদিন বাংলাদেশ স্বাধীন হয়েছিল, আর আজকে পশ্চিমবঙ্গ সামাজিক স্বাধীনতা পেয়েছে। মা দুর্গা রূপে যিনি এই ব্যাপারে অংশগ্রহণ করেছিলেন তিনি হচ্ছেন মমতা ব্যানার্জী। তাঁর হাতে কে শক্তি দিয়েছে ? তাঁর হাতে শক্তি দিয়েছে সিঙ্গুরের লোক। তাঁর ১০ হাতে দিয়েছে নন্দীগ্রাম, মূর্শিদাবাদ, মালদা, দক্ষিণ ২৪-পরগণার মানুষ অস্ত্র তুলে দিয়েছে। সেই অস্ত্র নিয়ে লড়াই করেছেন। আমরা পৌরাণিক আমল থেকে যদি দেখি আমরা যদি অতীত দেখি যখনই মহিলাদের উপরে আক্রমণ হয়েছে, যখনই মহিলাদেরকে লাঞ্ছিত করেছে, সেই সরকারের সেই সাম্রাজ্যের পতন হয়েছে। আমরা বারবার বলেছি এই বিগত সরকার মহিলাদের উপরে নির্যাতন করেছে। সেদিনের কথা মনে আছে। সিঙ্গুরে গিয়েছিলেন, সেই নেত্রী, রাতের অন্ধকারে লাইট অফ করে কি নির্যাতন তার উপরে

করেছিল, কাঁদতে কাঁদতে গাড়িতে উঠিয়ে নিয়ে আসা হয়েছিল। ময়দানে যেমন করে পাগলদেরকে ছেড়ে দেয়, এইভাবে পাগলের মতো তাঁকে ছেড়ে দেওয়া হয়েছিল। কাঁদতে কাঁদতে সাহারা কার কাছে পেয়েছিল ? সেই মহাত্মা গান্ধীর কাছে তিনি আশ্রয় নিয়েছিলেন। মহাত্মা গান্ধীর কাছে আশ্রয় নিয়ে চোখের জল ফেলেছিলেন। তিনি শপথ করেছিলেন যে, বাংলা থেকে নির্যাতিত সরকারকে সরাব। আজকে আমরা গর্বিত যে এই সরকারকে সরিয়ে দেওয়া হয়েছে। কিন্তু আমি বলতে চাই আজকে এখানে অনেক মন্ত্রীরা আছেন, সরকার বদল হয়েছে। কিন্তু এখন অনেক রাজাকর ঢুকে আছেন। এই রাজাকররা আবার অনেক ষড়যন্ত্র করছেন। রাজাকররা হত্যালীলা করছে। ধ্বংস করার চেষ্টা করছে। আমি তাই মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে আপনার মাধ্যমে বলছি, এই রাজাকরদের চিহ্নিত করতে হবে। যে পুলিশ অফিসাররা চেয়ারে বসে বন্দুক আনিয়েছেন, বোমা আনিয়েছেন, গুলি করার পরামর্শ দিয়েছেন, খুন করার পরামর্শ দিয়েছেন, মিথ্যা মামলা আমাদের উপর চড়িয়েছেন, তারা যাতে রেহাই না পায় সেটা দেখতে হবে। আমি মাননীয় মন্ত্রীদের কাছে আবেদন করব যেভাবে হোক তদন্ত কমিশন করুন। যেভাবে আমরা দেখলাম কালকে সাঁইবাড়ির তদন্ত কমিশন বসানো হয়েছে। আমরা খুশি সাঁইবাড়ির যে হত্যা শুধু আমাদেরকে নাড়া দেয়নি, বাংলার সম্মানকে নাড়া দেয়নি, সারা ভারতবর্ষের মানুষকে নাড়া দিয়েছিল। সারা পৃথিবীর মানুষকে নাড়া দিয়েছিল। রক্ত মাখা ভাত মাকে জোর করে খাইয়েছিল। বাংলার মানুষ, বর্ধমানের মানুষ এই সেনবাবুদেরকে বুঝিয়ে দিয়েছিল সাঁইবাবুর মার, সাঁইবাড়ির হত্যা কখনো বৃথা যাবে না। আজকে তার পুনরাবৃত্তি করার চেষ্টা করছেন। আমি স্যার আপনাদের বলব, আমি যে জেলা থেকে এসেছি, সেই জেলা মালদা জেলা, মালদা জেলায় অনেক কিছু করার দরকার আছে। মালদা জেলার তৎকালীন মন্ত্রী ছিলেন, তিনি কেন্দ্রে রাজ্যের মন্ত্রী হিসাবে মালদাকে উন্নতি করার চেষ্টা করেছিলেন। এখানে ট্যুরিজম মিনিস্টার আছেন। আমি অনুরোধ করব গৌর, আদিনা এবং অনেক কিছু আছে। সেখানে একটা ট্যুরিজম হাব করা হোক। আরও অনেক কাজ আছে। আমি অনুরোধ করব, এই বাংলার হৃত গৌরবকে ফিরিয়ে আনুক, এই মা-মাটি-মানুষের যে সরকার হয়েছে, রাজ্যপাল যে বলেছেন, সেই সরকারের দায়িত্ব হচ্ছে, নতুনভাবে মা-মাটি-মানুষের যে শপথ, সেই শপথ যাতে বাংলার মানুষের মধ্যে রিফ্লেকশন হয়, যে আদর্শ সরকার হিসেবে, আর রাজাকররা যেখানেই থাকবে তাদেরকে খুঁজে বের করে শাস্তি দেওয়ার জন্য আবার আমরা এই রাজ্যপালের ভাষণকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি, ধন্যবাদ।

শ্রী সমরেশ দাস : মাননীয় স্পীকার মহোদয়, মাননীয় রাজ্যপাল মহোদয়ের যে ভাষণ, সেই ভাষণের মূলে সরকারি দলের চিফ হুইপ শোভনদেব চট্টোপাধ্যায় মহাশয় যে ধন্যবাদ জ্ঞাপনের প্রস্তাব উত্থাপন করেছেন, তাকে পূর্ণ সমর্থন জানিয়ে দু-একটি কথা আপনাদের সামনে নিবেদন করব। মাননীয় রাজ্যপাল মহোদয় তাঁর ভাষণে অত্যন্ত নির্মম সত্য, নিষ্ঠুর সত্য, অপ্রিয় সত্য উল্লেখ করেছেন। একটি কথা আছে—প্রিয়ং ব্রুয়াৎ, সত্যং ব্রুয়াৎ, ন ব্রুয়াৎ, সত্যং অপ্রিয়ম্। সত্য কথা বলুন, প্রিয় কথা বলুন, অপ্রিয় সত্য কথা বলবেন না। রাজ্যপাল এই কাজটুকু করেছেন। অপ্রিয় সত্য কথা বলেছেন। যে কারণের

জন্য বিরোধীদের গাত্রদাহ শুরু হয়ে গেছে। তাঁরা নানা রকম কথা বলছেন। একটা কথা আছে, "কি যাতনা বিষে, বুঝিবে সে কিসে। কভু আছি বিষে, দংশে বিজারে।" যারা আজকে বিরোধী দলে বসছেন, তাঁরা বিগত দিনে সরকার পক্ষে ছিলেন। যাঁরা বিরোধী আসনে বসেছিলেন, তাদের কথায় কর্ণপাত করেননি। কিভাবে এই বিধানসভার অভ্যন্তরে তাদের অসম্মান করা হয়েছে, নির্যাতন করা হয়েছে, নিপীড়ন করা হয়েছে এটা বর্ণনার অতীত। আজকে বিরোধী আসনে বসে তাঁরা উপলব্ধি করছেন রাজ্যপাল মহোদয় সঠিক কথা বলেননি। একজন মাননীয় সদস্য বলেছেন, যে ভাষণ রাজ্যপাল মহোদয় রেখেছেন, এটি একটি পার্টি ইস্তাহার। আমি তাঁকে অনুরোধ করব, এর আগে রাজ্যপালের যখন ভাষণ থাকত, তখন বামফ্রন্ট সরকার বললে অসুবিধা হত না। মা-মাটি-মানুষের সরকার বলার কারণে অনেকের অসুবিধা হচ্ছে। আরে মা-মাটি-মানুষের সরকার—এতো কোনো একজন ব্যক্তির সরকার নয়। একজন অন্য কথা বলতে গিয়ে বলেছেন—সুভাষবাবু খুব সম্ভবত বলেছিলেন, এখানে সমাজের বিভিন্ন শ্রেণির প্রতিনিধিত্ব আছে। এখানে শিল্পী আছেন, লেখক আছেন, প্রফেসর আছেন। আবার বলেছেন, এখানে কোটিপতিও আছেন। তা হ্যাঁ, আমরা কোটিপতির দলে পড়ি, হতে পারে তার ইঙ্গিত। কিন্তু প্রকৃতপক্ষে কোটিপতিদের যাঁরা প্রতিভূ, সে তো আপনারা। তাঁদের কথা তো আপনি বলেননি। টাটা, বিড়লা, গোয়েঙ্কা, খইতান, ঝুনঝুনওয়ালা, ডালমিয়া, সালিম—এদের স্বার্থ রক্ষা করাটাই তো ছিল আপনাদের কাজ। আজকে সেই জায়গা থেকে সরে আসার জন্য আপনাদের সাংঘাতিক অসুবিধা হচ্ছে।

[3.00—3.10 p.m.]

গত পঞ্চদশ বিধানসভা নির্বাচন কেবলমাত্র পশ্চিমবঙ্গে নজির সৃষ্টি করেনি, ভারতবর্ষে নয়, সারা পৃথিবীতে একটি নজির সৃষ্টি করেছে। উদয়নবাবু বলছিলেন যে আমরা বিপ্লব করিনি এখানে এসেছি, আমরা বলতে চাই আমরা বিপ্লব করেছি। বন্দুক ধরলেই বিপ্লব হয় না, আপনারা বন্দুক ধরেছিলেন, বন্দুকের দ্বারা মানুষের কণ্ঠ কিছুদিন রোধ করা যায় কিন্তু দীর্ঘকালের জন্য রোধ করা যায় না। তাই মা-মাটি-মানুষের প্রতিনিধি নেত্রী মমতা ব্যানার্জী প্রমাণ করলেন বুলেট নয় ব্যালটই হচ্ছে প্রকৃত ক্ষমতার উৎস। এটা তিনি প্রমাণ করে দিয়েছেন। পরিবর্তন হয়েছে একথা অস্বীকার করবার উপায় নেই। পরিবর্তন হয়েছে এই সদনের বাইরে, পরিবর্তন হয়েছে এই সদনের অভ্যন্তরে। আমরা যাঁরা বামদিকে বসতাম, আজকে ডানদিকে বসছি, আর আপনারা যাঁরা ডানদিকে বসতেন আজকে বামদিকে বসছেন। তার চাইতে আরও ভালো লাগছে আগের দিনগুলিতে আপনারা বিবেকের দংশন অনুভব করতেন না, আজকের দিনে বিবেকের দংশন অনুভব করছেন। আপনাদের এই পরিবর্তনের জন্য আপনাদের ধন্যবাদ জানাচ্ছি। সরকার পক্ষ বিগত দিনে বিরোধীদের সম্মান দিতেন না। এই বিধানসভায় মুখ্যমন্ত্রী তাঁর প্রথম দিনের ভাষণে বলেছেন বিরোধীদের উপযুক্ত সম্মান দেওয়া শুধু নয়, তাঁদের আরও বেশি করে সময় দেওয়া হবে। গত ১৩ তারিখ থেকে যে বিধানসভা চলছে, মাননীয় অধ্যক্ষ মহাশয় সরকার পক্ষের লোকেদের যতটা সময় দিয়েছেন আপনাদের তার চাইতেও বেশি সময় দিয়েছেন। অনুরোধ করব একটু ধৈর্য ধরবেন, শোনবার চেষ্টা করবেন, পারলে সহযোগিতা করবেন। অসহযোগিতা করলে

ফল কোনো ভালো হয় না এটা স্মরণ করার জন্য বলছি। হ্যাঁ, নির্বাচনী প্রতিশ্রুতি ছিল, সিঙ্গুরের যাঁরা জমির মালিক, অনিচ্ছুক জমির মালিকদের থেকে যে জমি নেওয়া হয়েছিল তাঁদের জমি ফেরৎ দেওয়া হবে। গতকালই অথবা পরশু দিনই বিরোদী দলনেতা বলছিলেন টাটার কাছে আরও অধিক টাকা দাবি করা হোক। কথাটি কিন্তু ঠিক কথা বলেছিলেন। বলেছিলেন এই কারণের জন্য টাটা যে পরিমাণ জমি নিয়েছেন সেই পরিমাণ জমির জন্য একটা টাকাও তার ক্রয়মূল্য হিসাবে সরকারকে দেননি। ৯০ বছরে টাকা পেমেন্ট হবে এটা ছিল চুক্তি। জমি কেনার সময় এক টাকাও দিতে হবে না, ৫ বছর পর প্রথম কিস্তির টাকা দিতে হবে মাত্র এক কোটি টাকা। এইভাবে ৯০ বছরে টাকা পরিশোধ করতে হবে। তৎকালীন সরকার অথবা মুখ্যমন্ত্রী যে চুক্তিতে আবদ্ধ হয়েছিলেন, চুক্তি যখন সম্পূর্ণ হবে ৯০ বছর পরে তৎকালীন মুখ্যমন্ত্রীও থাকবেন না, আর টাটা মোটর্সের যিনি ম্যানেজিং ডিরেক্টর এবং চেয়ারম্যান রতন টাটা তিনিও ইহজগতে থাকবেন না। এই ছিল চুক্তির মূল বিষয়বস্তু। এই জমি রেজিস্ট্রেশনের জন্য যে টাকার প্রয়োজন ১ কোটি ৮৬ লক্ষ টাকার প্রয়োজন ছিল, সেখানে মাত্র ৪৬ লক্ষ টাকা নিয়ে বাকি টাকা ছেড়ে দেওয়া হয়েছে। টাটা কোম্পানি কেবল শিল্পপতি নয়, তাদের মিউচুয়াল ফান্ড আছে, একজন ব্যক্তি যদি এখানে কোটিপতি থাকেন তাহলে এক কোটি টাকা লগ্নি করার দরকার নেই। মাত্র ৮৮ লক্ষ টাকা টাটা কোম্পানিতে কেউ যদি ইনভেস্ট করেন বছরে ২০ শতাংশ করে রিটার্ন ছিল ২০০৭ সালে, তাহলে এই ৮৮ লক্ষ টাকা জমা রাখলেই ৯০ বছরে আর কোনো টাকা দেওয়ার দরকার নেই। টোটাল টাকা রিপেমেন্ট হয়ে যাবে এই ছিল গোপন চুক্তি। এবং পরবর্তীকালে আর একটি ছিল যে প্রত্যেক বছর তাদের প্রায় সাড়ে ৯ কোটি টাকা লিজ রেন্ট দিতে হবে।

সেটারও কিন্তু একটা পয়সা পাওয়া যায়। স্বভাবতই মাননীয়া মুখ্যমন্ত্রীকে, মাননীয় স্পীকার মহোদয়ের মাধ্যমে আবেদন করব বিষয়টাকে একটু দেখবার চেষ্টা করুন। সিঙ্গুর আন্দোলনের যেমন পীঠস্থান, ঠিক তেমনি দুর্নীতিরও পীঠস্থান। যে কারণে এই সরকারের পতন ঘটেছে। বন্ধুগণ আমি আপনাদের বলতে চাই, ঘটনা হচ্ছে একটি তদন্ত কমিশন বসেছ। সাঁইবাড়ি হত্যার তদন্ত কমিশন হচ্ছে। আমি মনে করি যেখানে যেখানে গণহত্যা হয়েছে, বিশেষ করে নন্দীগ্রাম সেই জায়গার জন্য একটি পৃথক কমিশন তৈরি করা দরকার। দ্বিতীয়ত যে কথা বলব, পুলিশকে নিরপেক্ষভাবে ব্যবহারের কথা মাননীয় রাজ্যপাল মহোদয় বলেছেন। যথেষ্ট শঙ্কা আছে। পুলিশ নিরপেক্ষভাবে কাজ করবে ; এটা বিশ্বাস করা বড় কঠিন। ৩৪ বছর ধরে একটা সিস্টেমে চলার পরে আর এই নির্বাচনে রাতারাতি ফল ঘোষণার ফলে, তাদের চারিত্রিক সংশোধন হয়ে যাবে এটা আশা করা অত্যন্ত কষ্টকর ব্যাপার। রাজ্যপালের ভাষণে উল্লেখ করা আছে, যে গত মার্চে ২০১১-তে যে বাজেট উপস্থাপিত হয়েছিল তাতে ঘাটতি কম করে দেখানো হয়েছে। তাতে যদি ঘাটতি কম করে দেখানো হয়ে থাকে, তাহলে কেবলমাত্র এই বিধানসভাকে নয় সারা পশ্চিমবঙ্গের মানুষকে বঞ্চনা করা হয়েছে। তাহলে যে সরকার অসত্য তথ্য দিয়ে মানুষকে বিভ্রান্ত করে, এই সভাকে বিভ্রান্ত করে, স্বাধিকার ভঙ্গ করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া যায় কিনা

এটাও মাননীয়া মুখ্যমন্ত্রীকে এই বিষয়ে ভাবনা-চিন্তা করবার জন্য আবেদন জানাব। ভাষণে উল্লেখ আছে ধানের উৎপাদন বৃদ্ধির ব্যবস্থা হবে। কিন্তু মনে রাখা দরকার ধানের উৎপাদন বৃদ্ধি করতে গেলে, রেজ্জাক মোল্লা সাহেব চলে গেছেন, কতগুলি খাঁটি কথা বলেছিলেন। কম পয়সায় জল দেওয়ার ব্যবস্থা করতে হবে, সেচের ব্যবস্থা যাতে বিনা পয়সায় হয় তার ব্যবস্থা করতে হবে। উন্নত বীজের ব্যবস্থা করতে হবে এবং তার সঙ্গে সঙ্গে এগ্রি মার্কেটিং ব্যবস্থাকে যদি সম্পূর্ণারূপে ঢেলে সাজানো না যায় এবং যদি ব্যক্তি মালিকানার উপর নির্ভর করে বিগত দিনের মতো চলা হয়, তাহলে স্বভাবতই কৃষকরা ক্ষতিগ্রস্ত হবে। তাই আমার প্রস্তাব যে কৃষির ক্ষেত্রে ধান কেনা এবং বেচা এই উভয়ক্ষেত্রেই সমবায় সমিতিগুলোকে দায়িত্ব দেওয়া হোক। গভীর নলকূপ বসানোর ব্যবস্থা করা হোক। প্রত্যেকটি মহকুমাতে যাতে একটি করে গোডাউন হয়, একটি করে কোল্ড স্টোরেজ এবং একটি করে মাল্টি পার্পাস কোল্ড স্টোরেজ হয় আর একটি চিলিং প্ল্যান্ট হয়। এই কাজগুলি যদি আমরা করতে পারি তাহলে গ্রামের সাধারণ, ক্ষুদ্র, প্রান্তিক কৃষক এবং সঙ্গে সঙ্গে সেল্‌ফ হেল্প গ্রুপের মায়েরা ও বোনেরা যাঁরা একটু বেশি পয়সা উপার্জন করবার জন্য দীর্ঘকাল ধরে আপক্ষা করছেন, তাঁদেরকে আমরা সাহায্যটা করতে পারতাম। এই দিকে নজর দেওয়া দরকার। আর তার সাথে (মাননীয় স্পীকার মহোদয় আমি এক মিনিট সময় নেব) কৃষিঋণে কেবলমাত্র ধারে কম সুদে টাকা দেওয়ার ব্যবস্থা আছে। কিন্তু কৃষি মানে কেবলমাত্র ধান বা গম নয়। তর সঙ্গে অন্যান্য যেসব অঙ্গাঙ্গিভাবে যুক্ত আছে—মাছ চাষ, হাঁস-মুরগি পালন, দুগ্ধ প্রকল্প, ফুল চাষ, সবজি চাষ এইগুলিকে যদি আমরা নাবার্ডের সঙ্গে রিজার্ভ ব্যাংকের সাথে কথাবার্তা বলে, লোয়ার রেট অফ ইন্টারেস্টে ধান এবং গমের জন্য যেভাবে দেওয়া হয় সেই ব্যবস্থা করতে পারে, তাহলে কিন্তু এই সরকার .....

(মাইক অফ)

[3.10—3.20 a.m.]

শ্রী মনোরঞ্জন পাত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মহামান্য রাজ্যপাল ১৩ই জুন এখানে যে ভাষণ দিয়েছেন এবং তার উপরে যে ধন্যবাদসূচক প্রস্তাব এনেছেন আমি তার বিরোধিতা করছি। এই কারণে বিরোধিতা করছি যে, ভারতবর্ষের একটা যুক্তরাষ্ট্রীয় কাঠামোর মধ্যে, যুক্তরাষ্ট্রীয় কাঠামোর মধ্যে পশ্চিমবাংলা একটা অঙ্গরাজ্য। আমি মাননীয় সম্মানীয় সদস্যদের উদ্দেশ্যে বলতে চাই, বিজ্ঞানের নিয়ম এটাই আর কি যে, প্রত্যেকটা ক্রিয়ার সমান এবং বিপরীত প্রতিক্রিয়া আছে। সেজন্য আমি যেটা বলতে চাই সেটা হচ্ছে এই যে, পশ্চিমবাংলা ভারতবর্ষের মধ্যে একটা অঙ্গরাজ্য এই অঙ্গরাজ্যে দাঁড়িয়ে ৩৪ বছর পর পশ্চিবাংলার একটা পরিবর্তন এসেছে, আপনাদেরকে নির্বাচিত করেছেন, আপনারা মানুষের উন্নয়ন করতে চান, মানুষের মঙ্গল চান। মানুষ এই যে রায় দিয়েছেন আমরা সেটা গ্রহণ করে নিয়েছি। আমাদের সম্বন্ধে মানুষের যে প্রতিক্রয়া আমাদের কি সংসদীয় হওয়া দরকার, আমরা এটা বুঝি। আমি শুধু এটা উল্লেখ করতে চাই যে, মাননীয় রাজ্যপালের ভাষণে, এই আপনাদের নির্বাচিত সরকার তাঁদের যে আশা-আকাঙ্ক্ষা প্রতিফলিত হয়েছে, যে কথাগুলো বলবার চেষ্টা করেছেন, আর আমাদের দেশের কেন্দ্রীয়

সরকার ১৯৯০-৯১ সাল থেকে উদারিকরণের যে নীতি নিয়ে চলছেন, এবং তার ফলে রাষ্ট্র, রাষ্ট্রের জনকল্যাণমূলক যে কাজ সেগুলো যেভাবে সংকুচিত হচ্ছে, রাজ্যপালের ভাষণে যে সমস্ত বিষয়গুলো আপনারা উল্লেখ করেছেন, আমরা মনে করছি যে মানুষ এতে আশাহত হবেন, সেই জন্য এটার বিরোধিতা করছি। আমি আর যে বিষয়টা উল্লেখ করতে চাই যে, মাননীয়া মুখ্যমন্ত্রী যেদিন এখানে স্পীকার নির্বাচন হয়, উদাত্তকণ্ঠে তিনি এটা ঘোষণা করেছিলেন যে, বিরোধীদের মর্যাদা দেওয়া হবে। বিরোধীরা যাতে বেশি করে কথা বলতে পারে সেই সুযোগ দেবেন এবং সেই প্রত্যাশার কথা তিনি উল্লেখ এখানে করেছেন। এটা ঠিক যে, এখানে আপনারা সরকারে এসেছেন, কিন্তু সরকারে আসার পরে আপনারা এটা জানেন যে, ১৩ই মে আমাদের রাজ্যে নির্বাচন ফল ঘোষণার পরে রাজ্যপালের ভাষণে কোনো একটা জায়গাতে আমরা খুব বিনীতভাবে আপনাদের কাছে এই প্রশ্ন রাখতে চাই যে, কোনো একটা জায়গাতে গতকাল পর্যন্ত আমাদের রাজ্যে ১৬ জন বামপন্থী নেতা কর্মী তাঁরা নিহত হলেন, সরকার পক্ষের যারা লোকজন তাঁদের আশ্রিত গুণ্ডাদের দ্বারা তাঁরা খুন হলেন এবং এত দুঃখের বিষয় এটা হচ্ছে এই যে, অজিত লোহার, আপনারা জানেন যে, বাঁকুড়া জেলার তালডাংরা থানার খরখরি গ্রামের একজন গরিব ক্ষেতমজুর যুবক তাকে খুন করা হল, রাস্তার উপর টেনে, ঘণ্টাখানেক ধরে তাকে খুন করা হল এবং তাঁকে যাঁরা খুন করলেন, তাঁদেরকে গ্রেপ্তার করা হল না। (নয়েজ) তার আগে দিন জিতেন নন্দী খুন হলেন। সেই আসামীদের গ্রেপ্তার করা হল না। আমরা বলতে চাই, যে সরকার তাঁরা বলেছেন যে, (নয়েজ)

মিঃ স্পীকার : মাননীয় সদস্য আপনারা বসুন। দায়া করে ওনাকে বলতে দিন। ওনাকে বলতে দিন। আপনারা বসুন।

শ্রী মনোরঞ্জন পাত্র : আপনারা জানেন এটা যে, ১১ই জুন, আরে, আপনি মন্ত্রী মশাই, উনি মন্ত্রী, আরে একজন মন্ত্রী বলতে দেবেন না। আমি স্পীকার মহাশয়কে বলছি, উনি মন্ত্রী। আপনি একজন মন্ত্রী, আপনি একজন মন্ত্রী, আপনি আমায় বলতে দেবেন না ? আপনি একজন সিনিয়ার লোক, একজন মন্ত্রী, একজন প্রশাসক। আর আমি যেটা বলতে চাই যে, আপনারা জানেন, বাঁকুড়া জেলায় ১১ই জুন, গভীর রাত্রে অলোক বেওড়া একজন তপশিল জাতির লোক, তাঁকে রাত্রি ১২টার সময় ঘর থেকে তুলে নিয়ে গিয়ে পরে আপনারা খুন করলেন। আমি এটা বলতে চাই যে, আপনারা বলেছিলেন এটা, আমরা বদলা নয় বদল চাই, হ্যাঁ বদলা নয় যাঁরা বদল চাইয়ের কথা বলেছেন, আজকে (নয়েজ) পশ্চিমবাংলাতে নির্বাচন ফল ঘোষণার পরে যে ঘটনাগুলো ঘটছে, সত্যিকারের রাজনৈতিকভাবে এই বদলা নেওয়ার নীতি নিয়ে চলতে চাইছেন, না সত্যিকারের মানুষের জীবনের পাবির্তনের জন্য যে কথাগুলো বলেছিলেন, তার বদল করবার জন্য যে নীতি আপনারা নিয়ে চলতে চাইছেন সেটাকে আপনারা কার্যকরী করতে চাইছেন ? (নয়েজ) স্যার, মাননীয় চেয়ারম্যান স্যার, আমি আর কয়েকটা কথা বলতে চাই। এই অত্যাচার কি পর্যায়ে পৌঁছতে পারে, এই যে, আমাদের মাননীয় সরকারি পক্ষের লোকেরা বলছেন নাকি অস্ত্রশস্ত্র আছে। আরে যদি অস্ত্রশস্ত্র থেকে থাকে, অস্ত্র

থেকে থাকলে, সেক্ষেত্রে পুলিশ প্রশাসন সরকারের লোক তারা সেগুলি তদন্ত করে দেখবে, তার জন্য আইনে যে ব্যবস্থা আছে সেটা নেবেন। কিন্তু তৃণমূলের লোকেরা, তৃণমূলের আশ্রিত গুণ্ডারা, ৩/৬ তারিখে, জয়দেব পরামাণিক বলে একজন এস এফ আই কর্মী তাকে বাড়ি থেকে তুলে নিয়ে এসে, আমাদের বলতেও লজ্জা লাগে, বলতেও আমাদের ঘৃণা লাগে, পরিবর্তনের নামে কি করা হচ্ছে—জয়দেব পরামাণিককে বাঁকুড়া জেলার তালডাঙরায়, (নয়েজ) তৃণমূলের পার্টি অফিসে তুলে নিয়ে এসে, সেখানে তার শরীরে উঁচ ফুটিয়ে তাকে দিয়ে বলানো করা হচ্ছে, সেটাকে ভিডিও রেকর্ডিং করা হচ্ছে, সি পি এম-এর কর্মীরা জড়িত আছে, এরা মানুষ খুন করেছে, এইভাবে তাদের একটা জবানবন্দী নেওয়া হচ্ছে, যা পুলিশের কাছে ডাইরি করা আছে। এই রকম নৃশংসভাবে মানুষকে অত্যাচার করে মিথ্যা মামলায় ফাঁসানোর জন্য তাঁরা এই ধরনের ষড়যন্ত্র করছে। আমার আরো লজ্জা, দুঃখের গভীর উদ্বেগের সঙ্গে জানাচ্ছি, লখীন্দর টুডু শালতোড়া গ্রাম পঞ্চায়েতের একটি গ্রাম উন্নয়ন কমিটির সেক্রেটারি, আদিবাসী ঘরের ছেলে, তাকে বাড়ি থেকে তুলে নিয়ে আসা হল রাত্রিবেলায়, প্রচণ্ডভাবে মারধোর করা হল, তার শরীরে সিগারেট-এর ছ্যাঁকা দিয়ে তাকে বলা হচ্ছে, সি পি এম-এর কোন কোন লোক কত কোটি টাকা মেরেছে তোকে—জোর করে—লিখে দিতে হবে, সেই ঘটনাগুলো থানাতে ডাইরি করা হয়েছে। এইভাবে অত্যাচার করা হচ্ছে। রূপচাঁদ মুর্মু একজন আদিবাসী ঘরের ছেলে, তাকেও রাত্রিবেলায় তুলে নিয়ে গিয়ে পরে সাতমণির পার্টি অফিসে নিয়ে গিয়ে পরে তৃণমূলের পার্টি অফিসে নিয়ে গিয়ে তার গায়ে সিগারেটের ছ্যাঁকা দিয়ে তার কাছ থেকে জবানবন্দী নেওয়া হচ্ছে যে সি পি এম-এর কোন কোন লোক এই সমস্ত বিষয়গুলো করেছে। স্যার, আমি যে কথাটা বলতে চাই, সেটা হচ্ছে এই, যে পরিবর্তনের নামে আজকে বামপন্থী আন্দোলনের যারা কর্মী, বামপন্থী আন্দোলনের যারা নেতা হাজার হাজার মানুষ প্রায় ৫০ হাজার মানুষ তারা গ্রামছাড়া হয়ে আছে। (গোলমাল) বহু মানুষ তারা চাষবাস করতে পারছেন না। বর্গাদারের জমিগুলোকে জোর করে দখল করে নেওয়া হচ্ছে। আগেকার যাঁরা জমিদার এই পরিবর্তনের নামে তাঁরা তৃণমূলের সাহায্য নিয়ে, বর্গাদারকে জমি থেকে উচ্ছেদ করছেন, পাট্টাদারকে জমি থেকে উচ্ছেদ করছেন। তালডাঙরা থানার সোনাজোড় গ্রামের ২৩শো বর্গাদারকে তাদের জমি থেকে উচ্ছেদ করা হয়েছে, ৫০টি পরিবার তাদের পাট্টার জমি থেকে উচ্ছেদ করা হচ্ছে। গোটা পশ্চিমবাংলাতে জোতদার জমিদাররা এই পরিবর্তনের নামে এই শাসক দলকে ব্যবহার করে গরীব মানুষের যে অর্জিত অধিকার, পাট্টার যে অধিকার, বর্গার যে অধিকার এই সমস্ত কিছু কেড়ে নেওয়া হচ্ছে। আমি সরকারের কাছে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে, মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে, এই আবেদন করতে চাই, আপনারা যে পরিবর্তনটা চেয়েছিলেন, মানুষের জীবন-জীবিকা, মানুষের নাগরিক অধিকারবোধ, মানুষের মধ্যে গণতান্ত্রিক অধিকারবোধ, উন্নয়ন প্রক্রিয়ার ধারার মধ্যে দিয়ে সেটাকে আপনারা এগিয়ে নিয়ে যাবেন। আজ সেই জায়গায় দাঁড়িয়ে, আজকে কিভাবে, নগ্নভাবে, সেইসব অধিকারগুলো কেড়ে নেওয়া হচ্ছে, তারএক-একটা দৃষ্টান্ত পশ্চিমবাংলার অনেকগুলো জেলাতে হাজার হাজার আমাদের পার্টি অফিস দখল করে নেওয়া হয়েছে। ট্রেড ইউনিয়ন অফিস সেগুলোকে দখল করে নেওয়া হয়েছে। হাসপাতালের চিকিৎসা করার জন্য

যে অ্যাম্বুলেন্স তা আটকে দেওয়া হচ্ছে। থানাতে ডাইরি করতে দেওয়া হচ্ছে না। গ্রাম পঞ্চায়েতের যারা মেম্বার তাদের জোর করে রিজাইন করে দেওয়া হচ্ছে। আমরা যেটা বলতে চাই, সেটা হচ্ছে এই, নির্বাচন হয়ে গেছে অনেকদিন আগেই, নির্বাচনের আগের থেকে গরিব মানুষ, তাদের কাজ বন্ধ হয়ে গেছে, আর এখন নির্বাচন হওয়ার পরে, নির্বাচিত পঞ্চায়েতগুলো তাদেরকে কাজ করতে দেওয়া হচ্ছে না। আমাদের মাননীয় সদস্য নির্মলবাবু তিনি এটা বলছিলেন, বাঁকুড়া, পুরুলিয়ার কথাবার্তা বলছিলেন, সেখানে গরিবদের কাজ নেই, গরিব মানুষ তারা জঙ্গলের পাতা তুলে, সেই পাতা কম দামে বিক্রি করে কোনোরকমে সংসার চালাচ্ছে। আমি সরকারের কাছে আবেদন জানাতে চাইছি এইটাই যে, গরিব মানুষ কে কাকে ভোট দিয়েছে বড় কথা নয়, সারা পশ্চিমবাংলার গরিব মানুষ, সেই গরিব মানুষ, যারা আজকে খেতে পাচ্ছে না, আমরা খবরের কাগজে শুনেছিলাম, মাননীয়া মুখ্যমন্ত্রী, রাজ্যের যিনি খাদ্যমন্ত্রী, তাঁকে নাকি বাঁকুড়া, পুরুলিয়ায় পাঠিয়েছিলেন। এটা ভালো ঠিকই। কিন্তু আমরাও নির্বাচিত বিধায়ক। এলাকার মানুষ আমাদের নির্বাচিত করেছেন, সেই মিটিংয়ে আমাদের ডাকা হয়নি।

[3.20—3.30 p.m.]

..... (গোলমাল) .....

আমরা তো এটা বলতে পারতাম যে আপনি মন্ত্রী, আমাদের জেলায় এসেছেন, এটা অন্তত ভালো একটা উদ্যোগ। গরিব মানুষের কাজ নেই, খাবার নেই, তার জন্য আমাদেরও যদি কিছু পরামর্শ শুনতেন সত্যিকারে গরীব মানুষকে বাঁচিয়ে রাখার জন্য। আপনারা জানেন এটা যে গত বছর আমাদের রাজ্যের ১১টি জেলাতে খরা হয়েছে।

..... (গোলমাল) .....

পশ্চিম মেদিনীপুর জেলায় করা হয়েছে, পুরুলিয়ায় খরা হয়েছে, বীরভূমে খরা হয়েছে। মানুষ চাষাবাদ করতে পারেনি। গরীব মানুষের কাজ নেই। সেই জায়গায় দাঁড়িয়ে আমি সরকারের কাছে বিনীতভাবে আবেদন করতে চাই গত বছর যারা চাষাবাদ করতে পারেনি, গরিব মানুষ যারা খেতে পায়নি—আজকে রাজ্যপালের ভাষণে যে কথাগুলো উল্লেখ করা আছে যে, আপনারা কৃষিতে পরিবর্তন করতে চান, সমবায়ের মাধ্যমে মার খাওয়া কৃষকে সহায়তা করতে চান—সেই জায়গায় দাঁড়িয়ে আমি পরিষ্কারভাবে একথা উল্লেখ করতে চাই যে হাজার হাজার কৃষক যারা গত বছর চাষ করতে পারেনি—সরকার বাইরে যা বলছেন, রাজ্যপালের ভাষণে যে কথাগুলো বলা আছে সেখানে কি এরূপ কোনো পদক্ষেপ নেওয়া হবে যারা গরিব কৃষক, যাদের জমি আছে যদি এই বছর ভালো বৃষ্টি হয় তাহলে তাদের জন্য বীজের ব্যবস্থা করা হবে কিনা, সারের ব্যবস্থা করা হবে কি না, বিনা পয়সায় বীজ দেওয়া হবে কিনা। এইরকম কোনো কথা কিন্তু ওখানে উল্লেখ করা নেই। সেইজন্য আমি এটা বলতে চাই যে সত্যিকারের যদি আপনারা ভালোবেসে থাকেন, দেশের মানুষকে ভালোবেসে থাকেন, গরিবদের ভালোবেসে থাকেন তাহলে তাদের কাজ খোলার জন্য দ্রুত ব্যবস্থা গ্রহণ করুন। কৃষকদের পাশে দাঁড়ান। মানুষ আপনাদের মান্য করেছেন।

এই কাজগুলো করলে আরও বেশি মানুষদের সমর্থন আপনারা পাবেন। সেই কাজগুলো করার জন্য আপনারা উদ্যোগী হন। সরকারে আপনারা আছেন। আমরা গভীর উদ্বেগের সঙ্গে লক্ষ করে দেখেছি যে গোটা দেশে জিনিসপত্রের দাম হু-হু করে বাড়ছে এবং এই বাড়ার পেছনে আজকে ফাটকাবাজারি, কালোবাজারি, তার সঙ্গে কালো টাকা, মজুতদারি এইসব বিষয়গুলো আছে। কেন্দ্রীয় সরকার আগেও অত্যাবশ্যকীয় পণ্য আইনে সেগুলোকে শিথিল করে দেওয়ার ফলে লাগামহীনভাবে এক ধরনের লোকেরা তারা জিনিসপত্রের দাম কমানোর থেকে দাম বাড়াচ্ছেন। আর কেন্দ্রীয় সরকারের যে নীতিতে ডিজেলের দাম বাড়াচ্ছেন, সারের দাম বাড়াচ্ছেন, পেট্রলের দাম বাড়াচ্ছেন—আপনাদের কাছে প্রশ্ন রাখতে চাই কেন ২ টাকা ৯০-এর কেরোসিন ১৪ টাকা হয়েছে ? কেন ৭ টাকা ডিজেল আজকে ৪০ টাকা হয়েছে ? কেন আজকে ডি এ বি সার ৬১৭ টাকা হয়েছে ?

..... (গোলমাল) .....

এই জবাব তো আপনাদের দিতে হবে। একটার পর একটা জায়গায় কৃষক মারার নীতি নিচ্ছেন। দেশের ক্রাইম ব্যুরো রিপোর্টে ২ লক্ষ কৃষক আত্মহত্যা করেছে। এত কৃষক কেন আত্মহত্যা করেছে ? তার জবাব তো আপনাদের দিতে হবে। সেই জায়গায় দাঁড়িয়ে কেন্দ্রীয় সরকার যে নীতি নিতে চলেছেন রাজ্য সরকারের নীতি কি ? রাজ্য সরকার কি দৃষ্টিভঙ্গি নিচ্ছেন সেগুলো এখানে উল্লেখ করতে হবে। আর যে কথাগুলো এখানে বলতে চাই সেটা হচ্ছে সিঙ্গুর বিল নিয়ে অনেক কথা বলা হচ্ছে। আমরা কৃষক বিরোধী নই। সরকারের যে আইন, কেন্দ্রীয় সরকারের যে আইন এই আইনের পরিবর্তনের মধ্য দিয়ে সব কৃষক যাতে জমি ফেরত পেতে পারেন তার জন্য আমরা বলেছিলাম। সরকার একতরফাভাবে শুধুমাত্র অনিচ্ছুক কৃষক—সেখানে কোথাও বলা নেই কিছু কৃষক, সেখানে বলা নেই বর্গাদারের কথা, সেখানে বলা নেই খেতমজুরের কথা। আমরা এই সমস্ত কৃষক, সমস্ত বর্গাদার, সমস্ত খেতমজুর তাদের স্বার্থরক্ষা করে যাতে এই বিল আনা হয় সেই কথাগুলো আমরা বলেছিলাম। সেগুলোকে অগ্রাহ্য করার জন্য মাথা নিচু করে নয়, মাথা উঁচু করেই আমরা বিধানসভা থেকে ওয়াক-আউট করেছিলাম। এটা আমাদের রাজ্যের মানুষ, তাঁরা সম্মান জানিয়েছেন, ধন্যবাদ জানিয়েছেন। আমরা সব কৃষকদের স্বার্থরক্ষা করতে চেয়েছিলাম।

..... (গোলমাল) .....

স্যার এই গোলমাল—অনেক সিনিয়ার লিডাররা আছেন। অনেকের সঙ্গে ১৫ বছর ঘর-সংসার করেছি। নতুন যাঁরা এসেছেন তাঁরা হয়ত জানেন না এই বিধানসভা একটা পবিত্র বিধানসভা যেটাকে বলা হচ্ছে মন্দির, মসজিদ। আমি আপনাদের স্মরণ করিয়ে দিতে চাই ২০০৬ সালে এই বিধানসভা ভেঙে তছনছ করে দেওয়া হয়েছিল। সত্যিকারের কোনটা আপনাদের মুখ, কোনটা আপনাদের মুখোশ পরিষ্কার হয়ে যবে। এই বিধাসভায় দাঁড়িয়ে একজন নির্বাচিত মেম্বার তাঁর মনের কথা, তাঁর আকাঙ্ক্ষার কথা তিনি বলতে পারবেন না, আপনারা চিৎকার করে চুপ করিয়ে দেবেন। আমি পরিশেষে একথা বলতে চাই আমাদের জেলার মাননীয় মন্ত্রী আছেন।

আমাদের জেলার পুরোনো লিডার কাশীদাও এখানে আছেন। আমি নির্বাচিত হয়ে এসেছি মানুষের দ্বারা। আমার বাড়ি বিষ্ণুপুর বিধানসভা কেন্দ্র এলাকায়। সেখানে কী ঘটনাগুলো ঘটছে দেখুন। আমি বলছি বলে নয়। স্বরাষ্ট্রমন্ত্রী তথা মাননীয়া মুখ্যমন্ত্রীকে আমি অনুরোধ করছি, আপনি সেখানে একটা দল পাঠান, পর্যবেক্ষক পাঠান, আপনি পুলিশের সাহায্যে তথ্য সংগ্রহ করুন। আমি একজন নির্বাচিত জনপ্রতিনিধি, আমি আমার বাড়িতে থাকতে পারব না, আমার বাড়িতে যেতে পারব না। তৃণমূলের আশ্রিত গুণ্ডারা ফোনে হুমকি দিচ্ছেন, বাড়িতে গিয়ে হুমকি দিচ্ছেন। তাহলেই বুঝতে পারছেন পশ্চিমবাংলায় কেমন ধরনের গণতন্ত্র চলছে। আজকে গোটা পশ্চিমবাংলাকে একটা কারাগারে পরিণত করা হচ্ছে, মানুষের কণ্ঠরোধ করে দেওয়া হচ্ছে। আজকে মানুষের গণতান্ত্রিক অধিকার লুণ্ঠিত হচ্ছে, এই গণতন্ত্রকে রক্ষা করবার জন্য মাননীয়া মুখ্যমন্ত্রী তার সদিচ্ছার কথা এই বিধানসভায় বলেছিলেন সেটাকে বাস্তবের রূপ দেওয়ার জন্য তিনি উদ্যোগী হবেন। এই আবেদন জানিয়ে, এই অনুরোধ জানিয়ে মাননীয় রাজ্যপালের ভাষণের উপরে যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে তার বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[3.30—3.40 p.m.]

শ্রীমতী অসীমা পাত্র : মাননীয় চেয়ারম্যান মহাশয়, পশ্চিমবঙ্গের মহামান্য রাজ্যপাল গত ১৩ জুন, ২০১১ তারিখে এই পবিত্র বিধানসভায় যে বক্তব্য পেশ করেছেন এবং তার উপরে যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব মাননীয় শোভনদেব চট্টোপাধ্যায় এনেছেন তাকে সমর্থন করে কয়েকটি কথা আমি এখানে বলতে চাই।

স্যার, সকাল থেকেই আমরা বিরোধী দলের বক্তব্য শুনছিলাম। আজকে আমাদের কাছে একটা কাগজও এসে পৌঁছেছে তাতে বিরোধী দলের পক্ষ থেকে মাননীয় রাজ্যপালের ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের উপরে তারা কিছু সংশোধনী এনেছেন এবং ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে সেগুলো তাঁরা যোগ করার জন্য বলেছেন। আজকে সকাল থেকেই আমরা ওনাদের বক্তব্য শুনছিলাম, তার মধ্যে অনেক প্রাক্তন মন্ত্রীও আছেন এবং অনেক পুরনো সদস্যও আছেন। আজকে সকালবেলায় মেদিনীপুর এবং বাঁকুড়া এলাকার একজন বিরোধী বক্তা বক্তব্য রাখতে গিয়ে অনেক ফিরিস্তি দিলেন এবং বললেন আমার এলাকায় রাস্তা করতে হবে, কল করতে হবে, হাসপাতাল করতে হবে, আমার এলাকায় এই করতে হবে, সেই করতে হবে। আমি তাদের কাছে একটাই বক্তব্য রাখছি, আমাদের মা-মাটি-মানুষের সরকার কয়েকদিন মাত্র ক্ষমতায় এসেছেন। আপনারা ৩৪ বছর এই রাজ্যে ক্ষমতায় ছিলেন, তাহলে এখান থেকে কি প্রমাণ পাওয়া যাচ্ছে না, বামফ্রন্ট সরকার ৩৪ বছর কিছুই করেনি। আজকে বিরোধী দলের সদস্যরা বক্তব্য রাখতে গিয়ে বলছেন তাদের দলের অনেকে খুন হয়েছে। আমি সকাল থেকেই শুনছি, প্রাক্তন মিনিস্টার থেকে শুরু করে মাননীয় সদস্যরা বলছেন সন্ত্রাস হচ্ছে। আমি তাদের কাছে প্রশ্ন রাখতে চাই, চৌত্রিশ বছরে আপনাদের রাজত্বে যে সন্ত্রাস হয়েছিল, আপনারা এই পবিত্র বিধানসভায় তখন কটা সন্ত্রাসের কথা তুলেছিলেন।

পশ্চিমবাংলায় মা-মাটি-মানুষের নেত্রী বলে দিয়েছিলেন যে পশ্চিমবাংলায় রক্তের হোলি খেলা চলবে না। পশ্চিমবাংলায় কোথাও রক্তের হোলি খেলা চলেনি। সেটা ৩৪ বছরে চলেছে। আজকে বলুন তো, অবাক হয়ে যাচ্ছি, আমি একজন নতুন সদস্য। শুনবেন ? আমি ধনেখালি থেকে নির্বাচিত হয়েছি। শুনবেন ধনেখালির ইতিহাস ? দীর্ঘদিন সেখানে সন্ত্রাস হয়েছে। ৬ জন তৃণমূল কর্মী খুন হয়েছে। সর্বোপরি আমার বাবা '৭২ থেকে '৭৭ এখানে একজন মেম্বার ছিলেন। সেই কাশীনাথ পাত্রকে পর্যন্ত খুন করেছিলেন আপনার দল। আজকে কি করে আপনারা সেই প্রশ্ন তুলছেন ? আজকে বলুন তো, সন্ত্রাস সন্ত্রাস করে সকাল থেকে গলা ফাটিয়ে ফেলছেন। আমরা নাকি আপনাদের বলতে দিচ্ছি না। বলতে দেব সত্য কথা। আমাদের মমতা ব্যানার্জী সত্যের পূজারী। মিথ্যা কথা বলার জন্য আমরা সইব না। আমরা প্রতিবাদ করব। এই জায়গায় বসে যে অসত্য কথা বলবে, আমরা সেই কথার প্রতিবাদ করব। ...(নয়েজ)... আজকে আপনারা দেখুন, আমাদের নেত্রী মমতা ব্যানার্জী আমাদের চিফ মিনিস্টার বলেছেন সকলের পরামর্শ নেব। সকলের কথা শুনে কাজ করব। আপনারা কাজের কথা একজনও বলেননি, একজনও বলেননি। একজনও বলেননি। আপনাদের প্রথম থেকেই প্রত্যেক দিনের স্লোগান বদলা নয়। বদল চাই আমাদের স্লোগান। আমাদের স্লোগান বদল। তাই চিফ মিনিস্টার মমতা ব্যানার্জী মা-মাটি-মানুষের নেত্রী দেখিয়ে দিয়েছে হসপিটালগুলোর পরিবর্তন, দেখিয়ে দিচ্ছে কলেজগুলোর পরিবর্তন, দেখিয়ে দিচ্ছে রাস্তাঘাটের পরিবর্তন। আজকে দেখুন, আমি ধনেখালিতে বাস করি। ৩৪ বছর বামফ্রন্ট সরকার ক্ষমতায় ছিল। কোন জায়গায় ঠিকমতো জল পৌঁছেছে ? কোন জায়গায় জল আছে ? কোথায় হসপিটাল আছে ? আজকে আমরা জানি বিদ্যুতের কথা একজন বলছিলেন, বিদ্যুতের কথা, এখানে নাকি গরিবদের কথা নেই, এর কথা নেই, তার কথা নেই। অনেকে বলছিলেন এখানে যাঁরা সদস্য আছেন অনেকে কোটিপতি। আমি একজন গরিব খেটে খাওয়া মানুষের পরিবারের সদস্য। কই একবারও তো বললেন না এখানে আদিবাসী সম্প্রদায়ের সদস্য আছেন। একবার তো বললেন না সিডিউল্ড কাস্ট সম্প্রদায়ের মানুষ আছে। একবার তো বললেন না যে খেটে খাওয়া মানুষ আছে মমতা ব্যানার্জীর দলে। কোথায় বলছেন কোটিপতি, কোথায় বলছেন টাটা, বিড়লা। আজকে আমি অবাক হয়ে যাচ্ছি আপনাদের কথা শুনে, আমরা শিখতে এসেছি, আমরা প্রথম এসেছি। আমাদের চিফ মিনিস্টার মমতা ব্যানার্জী প্রথম দিনেই বলে দিয়েছেন যে আপনারা ভালো সাজেশান দিন আমরা নেব। কিন্তু আপনারা একজনও দেননি। আজকে কোনো একটা জায়গায় দেখছিলাম হরিশ্চন্দ্রপুর না কোনো একটা জায়গায় সেখানকার এম.এল.এ একটা কোটেশন দিয়েছেন রাজ্যপালকে ২৬টা এজেন্ডা পুট করতে হবে। আমি দেখছিলাম ২৬টা এজেন্ডা তা পুট করতে হবে। হসপিটাল নেই, কলেজ নেই, রাস্তা নেই সব করতে হবে। তাহলে ৩৪ বছরে আপনারা কি করেছেন ? ৩৪ বছরে কি করেছেন ? তাহলে এইখান থেকেই প্রমাণ হয়ে গেল ৩৪ বছরে বামফ্রন্ট সরকার কিছুই করেনি পশ্চিমবাংলার জন্য। আপনারাই তার প্রমাণ দিয়ে দিয়েছেন। আজকে বলুন তো, কঙ্কাল উঠছে, অস্ত্র উদ্ধার হচ্ছে কোথা থেকে ? অস্ত্র উদ্ধার হচ্ছে। আর আপনারা বলছেন আমরা মানুষকে খুন করেছি। অস্ত্র কার বাড়ি থেকে

উদ্ধার হচ্ছে ? আমি প্রথম দিন এসে দেখেছিলাম, এখানে একজন বসেছিলেন মাননীয় প্রাক্তন মিনিস্টার সুশান্ত ঘোষ। সেই ঘোষবাবু আজকে কোথায় ? তিনি আজকে কোথায় ? কেন তার বাড়ির কাছ থেকে অস্ত্র উদ্ধার হল ? একবারও আপনারা তা বললেন না। একবারও তো বললেন না কঙ্কালগুলো কোথা থেকে কেন উদ্ধার হচ্ছে ? তার তদন্ত চান আপনারা। কেন তদন্ত চাইছেন না ? আপনারা যদি পশ্চিমবাংলার ভালো চান কেন বলছেন না অস্ত্র উদ্ধার করতে চাই। কেন বলছেন না আমরা এটা চাই। আজকে আমরা সেই এক কথা বলতে চাই .... (নয়েজ) ... পরিশেষে বলি, আজকে এখানে মহামান্য রাজ্যপালের বক্তব্যের ওপর যে আলোচনা হচ্ছে এবং মহামান্য রাজ্যপালের বক্তব্যের ওপর যে ধন্যবাদসূচক প্রস্তাব আনা হয়েছে তাকে সমর্থন জানিয়ে, হাউসের সকলকে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি। জয় মা-মাটি-মানুষের সরকারের জয়।

ডাঃ সূর্যকান্ত মিশ্র : মিঃ চেয়ারম্যান স্যার, আমাদের রুল্‌স অফ প্রসিডিয়োরে যা আছে, আপনার নজরে আনছি, আপনি এখানে একবার রুলিং দিয়ে বলবেন, কারণ অনেক নতুন সদস্য-সদস্যা এখানে আছেন—এখানে কোনো সদস্য বা সদস্যার সম্বন্ধে কিছু বলতে হয় তাহলে আগে সেই সদস্য বা সদস্যাকে নোটিস দিতে হয়, তাছাড়া বলা যায় না। এটাই রীতি, এটাই রুলিং দিয়ে আপনি এখানে বলবেন। এই ভাষণে কিছু কথা বলা হয়েছে, এখানে আমাদের বিরোধী দলের সদস্যর সম্পর্কে বলা হয়েছে যে এখানে উপস্থিত নেই এবং তাকে আগে কোনো নোটিস দেওয়া হয়নি। কোনো সদস্য উপস্থিত না থাকলে তার সম্বন্ধে বলা যায় না একথা বলে আপনি নিশ্চয় সেই বক্তব্য এক্সপাঞ্জ করবেন। আপনার রুলিং দিয়ে বলে দেবেন যে, 'রুলস অফ প্রসিডিয়োরে' কি হয়।

.... (গোলমাল) .....

শ্রীমতী দেবলীনা হেমব্রম : মাননীয় চেয়ারম্যান স্যার, গতকাল মহামান্য রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন, তার ধন্যবাদসূচক যে প্রস্তাব এসেছে সেটাকে বিরোধিতা করে আমাদের যে সংশোধনী আছে সেটাকে সমর্থন করে আমি কয়েকটি কথা বলতে চাইছি। মাননীয় স্যার, আমরা বসে বসে যা দেখলাম, যা শুনলাম যে বিরোধীরা একটা কথা বলতে চাইছেন অথচ একটা কথাও আমাদের বলতে দেবে না। সেই জন্য আমরা যখন বলতে চাইছি আমাদের মাননীয় বিধায়ক বলছিলেন, আমরা নির্বাচিত সদস্য, আমাদের এলাকার কথা বলতে হবে। আমাদের এলাকার মানুষ অনেক আশা-আকাঙ্ক্ষা নিয়ে আমাদের এখানে পাঠিয়েছেন, তাদের কথা বলতে হবে। সেই কথা যখন আমরা বলতে চাইছি তখনই তারা রে-রে করে উঠছে। আমরাও তো এক সময় সরকারে ছিলাম, আমরা তো কাউকে বাধা দিতাম না, আপনারা বলতেন.....(গোলমাল) .....সরকার বলতে চাইছে ৩৪ বছরে বামফ্রন্ট সরকার নাকি শেষ করেছে আমি আপনার কাছে অনুরোধ করব, ৩৪ বছরে মানুষ যা পেয়েছে, মর্যাদা পেয়েছে, অধিকার পেয়েছে সেটাকে আপনারা এগিয়ে নিয়ে যাবেন এটাই আমরা আশা করব। আর একটা জিনিস লক্ষ করে দেখলাম আমার জেলার মন্ত্রী, রাজ্যেও মন্ত্রী আমার খুব ভালো লাগত, আমার খুব আশা-আকাঙ্ক্ষা ছিল। যে আমাদের জেলার মন্ত্রী,

আমাদের জেলার যে সমস্ত এম.এল.এ-রা আছেন উন্নয়নের জন্য আমরা একসঙ্গে কথা বলব, একসঙ্গে আমরা এগিয়ে চলবো, সেটা আমরা আশা করছিলাম কিন্তু আজকে আমাদের জেলার একজন সদস্যা বললেন, তখন তারা বাধা দিচ্ছেন, মন্ত্রী উৎসাহ দিচ্ছেন। আমরা কখনও সেটা আশা করিনি, উনি আমার জেলার মানুষ হয়ে। আজকে মেয়েদের কথা হচ্ছে, মা-মাটির কথা হচ্ছে। মা কাকে বলে আপনারা জানেন ? ....(গোলমাল).... আমাদের এলাকায় বয়স্ক মা-মেয়েকে আপনাদের গুণ্ডারা পুড়িয়ে মেরেছে, রাতের অন্ধকারে পুড়িয়ে মেরেছে। আর মা-মাটির কথা বলছেন। মা কাকে বলেন আপনারা জানেন না। আমার একটু আগে একজন সদস্য বলছিলেন, সিঙ্গুরের কথা—সেই জায়গাতে আমাদের ঝর্না মাণ্ডি, সুমনা মাণ্ডিকে কারা পুড়িয়ে মেরেছে। মা-মাটির কথা বলছেন, মানুষের কথা বলছেন, আপনারা মানুষকে সম্মান করেন না। আপনাদের কী কথা ছিল, আমরা সরকারে এসে আপনারা বলেছেন, আমরা বদল চাই বদলা চাই না। তার পরবর্তী সময় আমরা কী দেখছি। আজ পর্যন্ত অনেক সদস্য বলেছেন, আমাদের মানুষকে খুন করছে, আমাদের পার্টি অফিস দখল করছে, আমাদের শ্রমিক সংগঠন আছে, তাদের অফিস দখল করছে। আপনারা কী করতে চাইছেন। আপনারা মেয়েদের উপর আক্রমণ করছেন, মেয়েদেরকে নির্যাতন করছেন, সেখানে রাজ্যপালের ভাষণে সেই রকম কোনো কথা নেই। সেই রকম কিছু নেই, আরে আপনারা বলছেন মা-মাটি-মানুষ। মা-মাটি-মানুষের সরকারের কথা বলছেন। আপনারা সেটা করতে পারেন না। আপনি আদিবাসীদের কথা বলছেন। আজকে আদিবাসী মানুষ কে করেছে, আপনারা অদিবাসী মানুষদের কোনো মর্যাদা দিয়েছেন ? আদিবাসীদের জন্য এখন দরদ আপনাদের উথলে উঠছে। আর আদিবাসী মানুষদের কোনো সম্মান দেননি, এখন দিচ্ছেন না।

[3.40—3.50 p.m.]

আর এখনও দিচ্ছেন না। আদিবাসী মানুষের জন্য কোনো কিছু সম্মান আপনারা দিতে জানেন না। এই জঙ্গলমহলে যে আদিবাসী মানুষরা খুন হচ্ছেন, আপনার মা-মাটি-মানুষ তৃণমূল একসঙ্গে যৌথভাবে খুন করছেন। এমন কোনো কথা মহামান্য রাজ্যপালের ভাষণের মধ্যে নেই। এই যে আমাদের দেশের প্রধানমন্ত্রী, আমাদের দেশের স্বরাষ্ট্রমন্ত্রী যেখানে বলছেন 'মাওবাদী অভ্যন্তরীণ একটা বিপজ্জনক', সেই জায়গাতে মহামান্য রাজ্যপালের ভাষণের মধ্যে একটাও উল্লেখ নেই। আর আপনারা কী বলছেন ? মা-মাটি-মানুষের সরকার। মা-মাটি-মানুষের সরকার বলছেন। মানুষকে যারা সম্মান দিতে জানেন না, মা-বোনেদের তুলে নিয়ে গিয়ে যারা ধর্ষণ করছে, যারা অসম্মান করছে, আর তারা বলতে চাইছে যে আমাদের সরকার—সে ভালো কাজ করবে ? আমরা আশা করেছিলাম মানুষ আপনাদের দু-হাত তুলে সহযোগিতা করেছিল। ঠিকই যে মানুষের জন্য আপনারা কাজ করবেন। আজকে আমরা কী দেখলাম ? ১৩ তারিখ থেকে আমরা কী দেখছি ? আপনাদের কী অবস্থা ? আপনারা কী বলছেন ? মানুষকে আপনারা মর্যাদা দেবেন ? মানুষ যা চেয়েছিল, সেটা বৃথা হয়েছে। মানুষ ভুল করেছে। ভুল করে এখানে আপনাদের নিয়ে

এসেছে। সেটা মানুষ পরে বুঝবে। জঙ্গলমহলের মানুষ আর কী বলেছে ? যারা বিচারে বন্দী আছে, তাদেরকে ছাড়বে। বিধানসভা যারা ভাঙচুর করল তাদের কী হবে ? যে ছবি মাহাতাকে ধর্ষণ করে জীবিত অবস্থায় পুঁতে রেখেছিল, তাদের কী হবে ? আপনারা কি করছেন ? কী বলতে চাইছেন ? আপনারা বলছেন যে আপনারা মানুষের কাজ করবেন ? আজকে আমরা দেখলাম তো। আমরা নির্বাচিত সদস্য, আমরা আমাদের এলাকার কথা বলবই। আপনাদের কাছে আমি অনুরোধ করব আমাদের আদিবাসী গরিব মানুষরা, সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষরা যে মর্যাদা যে অধিকার পেয়েছে সেটাকে এবার বাড়িয়ে নিয়ে চলুন। আর কী বলেছেন ? শিক্ষক নিয়োগ করবেন। আমাদের এখানকার একজন মাননীয় সদস্য বলছিলেন—অলচিকি ভাষা বলছিলেন। অলচিকি ভাষা না অলচিকি হরফ আমরা বললাম ওনাকে। কিন্তু সেখানে কোনো উল্লেখ নেই। কজন আদিবাসী ছেলেমেয়েরা শিক্ষক হবে ? কজন আদিবাসী ছেলেমেয়ে ডাক্তার ইঞ্জিনিয়ার হবে ? কজন আদিবাসী ছেলেমেয়ে প্রাইমারি, হাই স্কুলে কোথায় কী হবে, সেটার কোনো উল্লেখ নেই। আর আদিবাসী মানুষদের জন্য আপনারা গদগদ হচ্ছেন। আদিবাসী মানুষকে মর্যাদা কে দিয়েছে ? একমাত্র বামফ্রন্ট সরকারই দিয়েছে। আজকে যে ভূমি সংস্কারের মধ্যে দিয়ে ৩৪ বছর বামফ্রন্ট সরকার এসেছে, সেখানে যে মানুষের জমি ছিল না, সেই মানুষকে জমি দেওয়া হয়েছিল। আর আপনারা আসার পরে আজকে যারা বর্গা পেয়েছে, পাট্টা পেয়েছে তাদেরকে তাড়িয়ে দিচ্ছেন, তাদেরকে জমি থেকে উড়িয়ে দিচ্ছেন, তাদেরকে বের করে দিচ্ছেন, তাদেরকে ঢুকতে দিচ্ছেন না। যে জমিতে ধান চাষ করেছিল সেটা কেটে নিচ্ছেন। এই করছেন আপনারা। আর বলছেন আদিবাসী মানুষের জন্য উন্নয়ন করবেন। আমরাই তো করেছি। সেইজন্য আজকে আদিবাসী ছেলেমেয়েরা স্কুলে যাচ্ছে, হস্টেলে থাকছে। কিন্তু আপনারা সেটা করেননি। আজকে আমাদের দেশ স্বাধীন হয়েছে ১৯৪৭ সালে। আমরা ৬৪তম পালন করছি। এখনও আমাদের ভাবতে হচ্ছে, আমাদের লজ্জা লাগে। আমাদের যারা মা বাবা ঠাকুরদা, যারা নিরক্ষর ছিল, তাদেরকে কে সচেতন করেছে ? তাদেরকে কে চোখ খুলিয়ে দিয়েছে ? আমরা তো করে দিয়েছি। সেটাকে আপনারা বন্ধ করতে চাইছেন। আর বলতে চাইছেন যে আপনারা অনেক পাপ করেছেন। সেই জন্য আমাদের ৩৪ বছরকে পিছিয়ে দিয়েছেন। কিন্তু আমরা পিছাইনি। আমাদের তো ভয় হচ্ছে, আতঙ্ক হচ্ছে যে এখন আদিবাসী মানুষদের কী হবে, গরিব মানুষের কী হবে ? যাহায় ক এঞাম আকাদা, যাহা মর্যাদা, যাহা অধিকার ক এঞাম আকাদা যাহা মজুরি ক এঞাম আকাদা, উনকু দ চেৎ হোয়োঃ তাকওয়া ? এখন আতঙ্ক হচ্ছে, এখন ভয় হচ্ছে, সেটা থাকবে কি থাকবে না। অনা তাহেনা সে বাং তাঁহেনা, চেৎ হোয়োঃ আ ? আচয়াঃ আতঙ্কা হোয়োঃ কানা। জঙ্গলে অধিকার কে করেছে ? আমরাই তো করেছি। সেটা আমাদের আতঙ্ক হচ্ছে। নিঃ বতর হোয়োঃ কানা। এ কি ! একজন মন্ত্রী হয়ে আপনি বলছেন ! আপনি আদিবাসী মানুষের জন্য কী উন্নয়ন করবেন ? ভাবতে ভয় হচ্ছে, ভাবতে লজ্জা লাগছে। একজন আদিবাসী মানুষের মন্ত্রী। আমাদের অনেক আশা-আকাঙ্ক্ষা ছিল যে আদিবাসী মানুষদের জন্য আপনি কিছু করবেন। এখন আমি দেখতে পাচ্ছি যে আপনি তো কিছুই করবেন না।

আদিবাসীদের কথা বলতে যাচ্ছি তখন বাধা দিচ্ছেন। আপনি আদিবাসীদের কি উন্নয়ন করবেন। আপনি কী কাজ করবেন। জঙ্গলমহল এলাকার অনেক আদিবাসী মানুষ আপনার উপর আশা-আকাঙ্ক্ষা করছে। আপনি কি কাজ করবেন। এ কি ! একজন মন্ত্রী বাধা দিচ্ছেন। তাহলে আদিবাসী মানুষের কী কাজ করবেন উনি। আমি যখন আদিবাসী মানুষ হড়াঃ যখন কাথাঞ লাই এদা তখনেম বাধায়েদা তাহলে আম দ চেৎ এম কামিয়া ? কখন বাম কামি দাড়েয়াঃ আম দ। যখন অনা এলাকারে যখন যাহায় আদিবাসী মানুষ যখন অকয়ে করাও আকাদানঃ অয় যে অষ্টম তপশীলিরে অন্তর্ভুক্তয়েনা অনাদ অনেক আগে হওয়ার কথা ছিল। আর হঁ লাহাতে সরকার তাহেকানা তখন দ চেদাঃ বাং হোয়লেনা ? তখনকার চেয়ে এখন বড় কথা বলছে যে আমরা করে নিচ্ছি। আমরা সব করে দিচ্ছি। আমাদের তো আতঙ্কিত হচ্ছি, ভয় হচ্ছে যে স্বয়ম্ভর গোষ্ঠী এই যে মা-মেয়ের কথা বলছেন। মায়ের দরদ উথলে উঠছে। কথা বলছে। আর মেয়েদের তো আমরা করেছি। এই যে আপনারা তো ছিলেন অনেকদিন ধরে। মেয়েদের তো কোনো কিছু করেন না। মেয়েদের কোনো সম্মান দেননি। বিগত সরকারে আমরা করেছি। আমরা মেয়েদের স্বনির্ভর করার জন্য গ্রুপ তৈরি করেছিলাম। আমাদের ১৪ লক্ষের মতো মেয়েদের গোষ্ঠী তৈরি হয়েছে। সেই ১ কোটি ৪০ লক্ষ মেয়ে নিজের পায়ে দাঁড়িয়েছে। আপনারা কিছুই করেননি। আপনারা পশ্চিমবাংলাকে আগে অনেকদিন পিছিয়ে রেখেছিলেন। আর আমরা ৩৪ বছরে অনেক এগিয়ে নিয়েছি। আমাদের আতঙ্ক হচ্ছে আপনারা আবার পিছাবেন। আপনাদের দেখে যা মনে হচ্ছে আপনারা তো মানুষের জন্য কিছু করবেন না। যা উন্নয়ন হয়েছে সেটাও আপনারা করবেন না। আরো পিছন দিকে আপনারা নিয়ে যাবেন। আমাদের তো ভয় হচ্ছে। আর কি বলেছেন যে আই.সি.ডি.এস.-এর মেয়েরা, আপনারা ঘুরে ঘুরে দেখবেন আপনাদের তৃণমূলের লোকগুলো বলছে আপনাদের আর সেন্টার করতে দেব না। এখন বলছেন মেয়েদেরকে সেন্টার করতে দেব না। এই যে মিড-ডে মিলের গ্রুপের রান্নার মেয়েরা যখন নিজের পায়ে দাঁড়াচ্ছে তখন আপনাদের কিছু লোক, গুণ্ডা লোক তাদেরকে বাধা দিচ্ছে। মেয়েদেরকে যেতে দিচ্ছে না। মেয়েদেরকে হয়রানি করছে, অসম্মান করছে। সেগুলোকে আপনারা দেখুন, মেয়েদের পাশে দাঁড়ান। তাহলে আপনাদের অনেক আশীর্বাদ করবে। আর ৩৪ বছর। ৫ বছরেই শেষ হয়ে যাবে। সেই মেয়েদের পাশে যদি না থাকেন যে মেয়েগুলোকে আমরা সচেতন করেছি। এখন নিজের পায়ে দাঁড়িয়েছে। সেই মেয়েগুলোর পাশে যদি না থাকেন। আর বড় বড় কথা বলছেন সবাই। সবাই বড় বড় কথা বলছে যে আমরা মা-মাটি-মানুষ। মা-মাটি আমাদের আশীর্বাদ করেছে। সেটা আর থাকবে না। আবার এখানে ফিরে আসতে হবে। যদি সেই মেয়েদের পাশে না দাঁড়ান তবে আবার আপনাদের ফিরে আসতে হবে। আর আমরা আপনাদের কাছে অনুরোধ করছি। আচ্ছা আপনাদের তো বোঝা উচিত এলাকার মানুষ নির্বাচিত করেছে। আপনারা এলাকার কথা বলবেন। আমরা যখন কথা বলছি আপনাদের গায়ে লাগছে কেন, তখন জ্বলন হচ্ছে কেন। কিসের জন্যে। কেন কথা বলছেন।

এই পবিত্র বিধানসভা, এখানে সবার বলার অধিকার আছে। কেন জ্বলে জ্বলে উঠছেন। ....(গোলমাল) .... অনেকে নতুন আছেন। জ্বালা ধরছে। আমাদের শুনতে পাচ্ছে

না। সেগুলো মাননীয় রাজ্যপাল মহোদয়কে দিয়ে রাজনৈতিক কথা—নিজেদের কথাকে বলিয়েছেন। যখন সেই কথাগুলো বলতে যাচ্ছি তখন গায়ে লাগছে। সেই জন্য রে রে করে উঠছেন।..... (গোলমাল) ..... আপনাদের বলছি মন দিয়ে শুনুন, আপনাদেরও কাজে লাগবে। আচ্ছা বলুন তো। আমরাও কম হলেও বলতে পারি। আমরাও একটা কথা বলতে দেব না। এটাই হোক একটাও কথা বলতে দেব না। আমরা কম থাকতে পারি কিন্তু একটা কথাও বলতে দেব না। সংখ্যায় এক থাকতে পারি কিন্তু একটা কথাও বলতে দেব না। একাই একশো করে দেব আমরা। কী ভেবেছেন।

[3.50—4.00 p.m.]

..... (গোলমাল)..... কী ভাবছেন কী? আমরা চেঁচাতে পারব না ? একটা কথাও বলতে দেব না। সেটা পারি। ওটাই হোক। মাননীয় চেয়ারম্যান স্যার ওনারা যদি চান তাহলে সেটাই হোক। ওঁরা যখন বলবেন একটা কথাও বলতে দেব না।

মাননীয় চেয়ারম্যান স্যার, আমি মাননীয়া মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ৩ তারিখে আমাদের বামফ্রন্টের পক্ষ থেকে, আমিও সঙ্গে ছিলাম, কারণ প্রথম যেদিন উনি এখানে এলেন, স্পীকার নির্বাচনের দিন, সেদিন উনি বলেছিলেন, 'বিরোধীদের বেশি সময় দেওয়া হবে, বিরোধীরা যারা বলবেন তা আমরা মনোযোগ দিয়ে শুনব।' পরবর্তী সময়ে 'বদল চাই, বদলা নয়' অনেকেই বলেছেন। আমারও একই কথা। আমি ওনার কাছে গিয়েছিলাম এবং ওনাকে বলেছিলাম 'আপনার কাছে মানুষ অনেক আশা করছেন। আমরাও আশা নিয়ে এসেছি।' আমরা তো ৩৪ বছর ছিলাম কিন্তু আমরা কখনও কাউকে আক্রমণ করিনি। ... (হইচই) ... কিন্তু ওঁরা ১৫ তারিখের পর থেকে, ফল ঘোষণা হওয়ার পর থেকে আক্রমণ করছেন। আমাদের ১৬ জন কর্মী খুন হয়েছেন। উনি বলেছিলেন 'আমি দেখব'। 'তালিকা দিয়েছিলাম। ঘরছাড়া হয়েছে। সেই কথাগুলো উনি রাখুন ! সেগুলো একটাও রাখেন নি। আর এখানে তাঁরা বড় বড় কথা বলবেন। তাঁদের নাকি নির্যাতন করেছি। এটা বলতে চাইছেন। তাঁরা কিন্তু ভুলে গিয়েছেন যে আমরা কখনও সেটা করিনি। আমি তো বললাম, আমার জেলা থেকে মন্ত্রী হয়েছেন, অনেক আশা ছিল কিন্তু আপনি তো আবার উস্কাচ্ছেন। একি ! আপনি কেন ওরকম করবেন ! ....(হইচই) .... আশা ছিল আপনি আমাদের জেলা থেকে মন্ত্রী হয়েছেন, আপনি জেলার কথাগুলো আপনাদের কর্মীদের সবাইকে বলবেন। এটাই তো হওয়া দরকার ছিল। আমরা সরকারে নাও আসতে পারি, কিন্তু আমরা কি এটা করতে পারি না ? তা না করে আপনি উস্কাচ্ছেন বসে বসে ! আপনি বসুন, আপনি বসুন। একি ! এলাকার শান্তি ফিরে আসুক এটাই তো আমরা সবাই চাই। আমরা সেই জন্য মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে গিয়েছিলাম। উনি মুখে একই কথা বলছেন। মুখে খুব সুন্দর করে বলছি আর পেছন থেকে চিমটি কাটছি—সেই হচ্ছে অবস্থা। মুখে ভালো কথা বলছেন কিন্তু তার পরে পেছন দিক থেকে চিমটি কাটছেন। এই হচ্ছে আপনাদের অবস্থা। আপনাদের মানুষ চিনেছে, মানুষ দেখছে। পরে বুঝবেন আপনারা।

আমার শেষ কথা স্যার, মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে একটাই অনুরোধ। আমরা সবাই চাই সারা পশ্চিমবাংলায় শান্তি ফিরে আসুক। এটা আমার অনুরোধ মাননীয়া মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে। আর, উন্নয়ন হোক। এছাড়া পানীয় জলের যে কথা বলছেন, আমাদের একজন সদস্যা বলছিলেন যে ৩৪ বছরে কিছু করেননি। সে আমাদের এলাকার কথা তো আমরা বলবই, কিন্তু ৩৪ বছরে গ্রামে গ্রামে আমরা যে টিউবওয়েল করেছিলাম সেই টিউবওয়েল থেকে তৃণমূলী গুণ্ডারা আমাদের মেয়েদেরকে জল নিতে দিচ্ছে না। মহামান্য রাজ্যপালের ভাষণে সেই কথার উল্লেখ নেই। মেয়েগুলো আমাদের ভোট দিয়েছিল তাই তাদেরকে তৃণমূলের গুণ্ডারা জল নিতে দিচ্ছে না। তাই মহামান্য রাজ্যপালের ভাষণের পরিপ্রেক্ষিতে ধন্যবাদসূচক প্রস্তাবের ওপর যে আলোচনা হচ্ছে তাকে আমাদের সংশোধনী প্রস্তাবকে সমর্থন করে এবং মহামান্য রাজ্যপালের ভাষণের বিরোধিতা করে আমার কথা শেষ করছি। নমস্কার স্যার।

শ্রী রবীন্দ্রনাথ ঘোষ : মাননীয় চেয়ারম্যান মহাশয় গত ১৩ জুন তারিখে মহামান্য রাজ্যপাল মহাশয় এই পবিত্র বিধানসভায় যে বক্তব্য রেখেছেন এবং তার উপরে যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে তাকে আমি সর্বতোভাবে সমর্থন করছি। গত ১০ মে শ্রীমতী মমতা ব্যানার্জী মুখ্যমন্ত্রী পদে শপথ নিয়েই প্রথমে উত্তরবঙ্গে মিনি রাইটার্স হবে, ঘোষণায় উত্তরবঙ্গের মানুষ আজকে মুগ্ধ। উত্তরবঙ্গের মানুষের পক্ষ থেকে আপনার মাধ্যমে মা-মাটি-মানুষের সরকারকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাই। উত্তরবঙ্গের মানুষের সার্বিক উন্নয়নের লক্ষ্যে আলাদা করে একটি দপ্তর তৈরি করে, উত্তরবঙ্গের মানুষের ভাবাবেগকে স্বীকৃতি দেওয়া হয়েছে। মাননীয় মুখ্যমন্ত্রী আরও ঘোষণা করেছেন যে, উত্তরবঙ্গে মুখ্যমন্ত্রীর সচিবালয় তৈরি হচ্ছে। এতে উত্তরবঙ্গের মানুষের কাছে আশা-আকাঙ্ক্ষার দরজা খুলে দিয়েছে। গত ৩৪ বছরে বিগত বামফ্রন্ট সরকার উত্তরবঙ্গের মানুষের জন্য এক মিনিট সময় যেমন ব্যয় করেনি, কোনো পরিকল্পনাও গ্রহণ করেনি। কোচবিহার-সহ উত্তর বাংলার প্রায় ১০ লক্ষের মতো মানুষ প্রতি বছর কাজের খোঁজে রাজস্থান, গুজরাট, হরিয়ানা, দিল্লিতে গেছে। শুধুমাত্র কোচবিহার জেলার সাড়ে ৩ লক্ষ মানুষ প্রতি বছর কাজের খোঁজে ভিন রাজ্যে যায়। রাজ্যের বামফ্রন্ট সরকারের এতগুলো মন্ত্রী ছিল, মুখ্যমন্ত্রী ছিলেন, এত বছরের সরকার, এই বিরাট একটা সমস্যার ব্যাপারে কোনো হেলদোল ছিল না। এই সমস্যার সমাধানে কোনোদিন তারা গুরুত্ব দেননি ভাবনা-চিন্তাও করেননি। আমাদের নেত্রী মমতা ব্যানার্জীর মুখ্যমন্ত্রী হওয়ার সাথে সাথে, সপ্তাহের মধ্যে উত্তরবঙ্গের মানুষের এই সমস্যার কথা উপলব্ধি করে, তিনি উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদকে এক লাফে দুশো কোটি টাকা দিয়েছেন। তাঁকে ধন্যবাদ জানাই আপনার মাধ্যমে। শুধু তাই নয়, উত্তরবঙ্গের মানুষের উন্নয়নের লক্ষ্যে (গোলমাল) আমাদের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী একটা আলাদা মন্ত্রী দপ্তর তৈরি করেছেন। যার মন্ত্রী হিসাবে উত্তরবঙ্গের বরিষ্ঠ নেতা গৌতম দেবকে দায়িত্ব দিয়েছেন। গৌতম দেব ইতিমধ্যেই সারা উত্তরবঙ্গের মানুষের যে সমস্যা, তা নিয়ে আলোচনা এবং দ্রুত তার সমস্যা সমাধানে এগিয়ে চলেছেন। দ্রুত কর্মসূচি গ্রহণ করার জন্য এগিয়ে চলেছেন। গত ৩৪ বছরে এমন পদক্ষেপ বামফ্রন্টের পক্ষ থেকে আমরা দেখিনি। উত্তরবঙ্গ নামে যে

একটা জায়গা আছে বামফ্রন্টের সরকার সেটা ভুলেই গিয়েছিলেন। আজকে হরে দরে পোষ্যপুত্র তারপরে হঠাৎ করে মনে হচ্ছে যে উত্তরবঙ্গের কথা বলতে হবে। তপশিলি জাতির কথা বলতে হবে, আদিবাসীদের কথা বলতে হবে, এখন তাদের মনে পড়েছে। গত ৩৪ বছরে কেন একথা বলেননি ? কেন এ ধরনের কথা উত্তোলন করেননি। প্রতি বছর উত্তরবঙ্গে নানারকম আন্দোলন হয়েছে। সেই আন্দোলনকে ভালো করে ভেবে দেখেননি কিসের জন্য আন্দোলন ? শুধু কখনও পুলিশ দিয়ে, কখনও তাদের হার্মাদ বাহিনী দিয়ে লাঠিপেটা করে সেই আন্দোলনকে দাবিয়ে রাখার চেষ্টা হয়েছে। কখনো কখনো বিচ্ছিন্নতাবাদী তকমা লাগিয়ে সেই আন্দোলনকে স্তব্ধ করে দেওয়ার চেষ্টা হয়েছে। কিন্তু সমস্যাটা কি, তারা কি বলতে চাইছে ? তারা কিজন্য আন্দোলনটা করছে ? একথা ভাববার সময় হয়নি তাদের। আলোচনা করার সময় হয়নি। সেই ব্যাপারটার, সমস্যাটার সমাধান করার চেষ্টা হয়নি। আমাদের মুখ্যমন্ত্রী দায়িত্বভার গ্রহণের সাথে সাথে দু'সপ্তাহের মধ্যে এত বড় সমস্যার সমাধান করেছে, একটা ইতিহাস তৈরি করেছে। ৩৪ বছরে বহু মানুষের রক্তে পাহাড়ের মাটি লাল হয়ে গেছে। কত মানুষ খুন হয়েছে পাহাড়ে। কত পুলিশকর্মী বন্ধুরা খুন হয়েছেন। কেন্দ্রীয় বাহিনী খুন হয়েছে। অশান্তিতে সমতল-পাহাড় একদম সারা রাজ্যে একটা অশান্তির বাতাবরণ তৈরি হয়েছে। কিন্তু বামফ্রন্ট সরকার এত বড় সমস্যার সমাধানের জন্য এগিয়ে আসেননি। আমাদের নেত্রী আলোচনার মাধ্যমে, অল্প সময়ের মধ্যে একটা ঐতিহাসিক সিদ্ধান্ত নিয়ে এতবড় সমস্যার সমাধান করেছেন। তার জন্য একটা মানুষকে খুন করতে হয়নি। একটা গুলি চলেনি, একফোঁটা রক্তপাত হয়নি। এত সুন্দরভাবে এই সমস্যার সমাধান করেছেন যার কারণে পাহাড়ে আজকে খুশির বন্যা, আজকে সমতলে খুশির জোয়ার এসেছে।

[4.00—4.10 p.m.]

পাহাড় ও সমতল মিলে একসাথে এগিয়ে মিলিয়ে চলার শপথ নিয়েছি। ধন্যবাদ জানাই মাননীয় চেয়ারম্যান সাহেব আপনার মাধ্যমে এই নবনির্বাচিত সরকারকে। আরও যেটা বলতে চাই সেটা হচ্ছে যে উত্তরবঙ্গের মানুষের যে একটা ভাবাবেগ রয়েছে। সেই ভাবাবেগের প্রতি কখনও কোনো গুরুত্ব দেওয়া হয়নি, শুধু সমস্যা তৈরি করা হয়েছে। সেখানে পানীয় জল নেই, রাস্তা নেই, স্কুল, কলেজ নেই, হাসপাতাল নেই। হাসপাতালের বেডে ৩-৪টি বাচ্চা সেখানে রয়েছে। সেখানে মায়েরা-বোনেরা সন্তান প্রসবের জন্য যাচ্ছেন। একই বেডে ২-৩ জন মাকে রাখা হচ্ছে। নরককুণ্ডের মতো অবস্থা। এখানে উদয়নবাবু বক্তব্য দিচ্ছিলেন শুনছিলাম মনোযোগ দিয়ে। আমি আশা করেছিলাম উদয়নবাবু বক্তব্যে তিনি উল্লেখ করেছেন ২০০৮ সালের ৫ ফেব্রুয়ারি একটা গুলি চালানোর ঘটনা ঘটেছিল। ৫ জন মানুষ সেখানে মারা গিয়েছিল। আমি আশা করেছিলাম উদয়নবাবু সেখানে বিস্তারিতভাবে বলবেন সেই গুলি চালানোর জন্য কারা দায়ী ছিলেন। সেই গুলি চালানোর নির্দেশ কে দিয়েছিলেন। সেই গুলি চালানোর ঘটনায় একটা কমিশন গঠন হয়েছিল নারায়ণচন্দ্র শীল মহাশয়ের নেতৃত্বে শীল কমিশন। সেই রিপোর্ট বামফ্রন্ট সরকারের স্বরাষ্ট্র দপ্তরের কাছে জমা পড়েছিল। সেই রিপোর্টটা প্রকাশ হয়নি। কেন প্রকাশ হয়নি ? আজ বলতে পারব না। আজকে আমি আশা করেছিলাম

উদয়নবাবু দাবি করবেন যে সেই রিপোর্ট অবিলম্বে প্রকাশ করা হোক কিন্তু দুঃখের সাথে বলতে হচ্ছে উদয়নবাবু সেই দাবি করেননি। নস্কর সাহেব তিনি বক্তব্য রাখছিলেন, তিনি অনেক পরামর্শ দিচ্ছিলেন। ৩৪-৩৫ বছর বুঝে উঠতে পারেনি। পরামর্শ দিচ্ছিলেন কিভাবে সরকার চালাতে হবে, কিভাবে আইন প্রণয়ন করতে হবে, কিন্তু নস্কর সাহেবের অতি প্রিয় আত্মীয় খুন হয়েছে, পুড়িয়ে মারা হয়েছে নৃশংসভাবে। আশা করেছিলাম নস্কর সাহেব সেদিন এই কথা বলতে পারেননি, আজকে অন্তত বলবেন যে কেমন করে, কারা তার নিকট আত্মীয়কে পুড়িয়ে নৃশংসভাবে হত্যা করেছিল। দুঃখের সাথে বলতে চাই, সেই কথাটা তার কাছে শুনতে পাইনি, আশা করেছিলাম এটা। আমরা কোচবিহারের মানুষ কোচবিহারের ভাওয়াইয়া সংগীত শিল্পী আব্বাসউদ্দিন সাহেবের জন্ম। আজ থেকে প্রায় ৮০ বছর আগে আব্বাস সাহেব একটা গান লিখেছিলেন, গানের কলিটা শুধু পড়ে শোনাচ্ছি—"ফান্দে পড়িয়া বগা কান্দে রে।" আজকে বামফ্রন্টের বন্ধুরা ফান্দে পড়িয়া কান্দেছে। ফান্দে পড়িয়া কান্দেছে। ৩৪ বছর ধরে রাজ্যের জনগণ সি পি এমের অত্যাচারে, চোখের জল ফেলেছে। রাজ্জাক সাহেব নেই, আমি যদিও নতুন সদস্য, জানি না সভায় না থাকলে বলা যায় কিনা। তাই বলতে চাই, রাজ্জাক সাহেব গলায় গামছা দিয়ে কৃষক সাজছেন। আসলে সেটা নয়, আসলে সূর্যবাবুরা এই ফাঁদে পড়ে কাঁদছেন এবং এই ফাঁদটা পেতেছেন রাজ্যের জনগণ। সূর্যবাবুদের চোখের জল মোছার জন্য রাজ্জাক সাহেব গলায় গামছা পরে আসছেন। আমি বলতে চাই, দুই-এক দিন নয় অন্তত ৫ বছর কমপক্ষে এই গামছাটা পরে এসে সূর্যবাবুদের চোখের জল মোছার দায়িত্ব আপনাকে পালন করতে হবে। সামনে বর্ষা আসছে, বর্ষায় উত্তরবঙ্গের মানুষের মনে অনেক আতঙ্ক তৈরি হচ্ছে। সেখানে প্রত্যেক বর্ষায়, বন্যায়, নদী ভাঙনে অনেক মানুষের ক্ষতি হয়, প্রাণ যায় কিন্তু ৩৫ বছরে সেই সমস্যার সমাধান করা হয়নি। তাই বলতে চাই, এই সমস্যা সমাধানে সরকার একটু এগিয়ে আসুক, উত্তরবঙ্গের মানুষের প্রাণ রক্ষা করুন। সবশেষে নায়েব আলি টেঁপু আমাদের কোচবিহারের বিখ্যাত ভাওয়াইয়া সংগীত শিল্পী তাঁর একটা গানের লাইন পড়ে আমি শেষ করছি। তিনি বলেছেন, রাজ্জাক সাহেব থাকলে বুঝতে পারতেন। নায়েব আলি টেঁপু গাইছেন—"দিনের শোভা সুরজ, আইতের শোভা চাঁন ও হালয়ার শোভা হালকৃষি, ওরে জমির শোভা ধান।" কৃষকের প্রতি এই গানটি লিখেছেন সেই ৮০ বছর আগে। রেজ্জাক সাহেবরা এই কথাগুলো বুঝতে পারেননি। ৮০ বছর আগে একজন ভাওয়াইয়া সংগীত শিল্পী যেটা বুঝেছিলেন ওঁরা বুঝতে পারেননি সেই জন্য কাঁদছেন। গলায় গামছা দিয়ে ঘুরছেন, চোখের জল মোছার দায়িত্ব নিয়েছেন, সবাইকে ধন্যবাদ।

শ্রী এস. এম. সাদি : সম্মানীয় অধ্যক্ষ মহাশয়, সভায় আসার আগে আপনি আমাদেরকে শপথ বাক্য পাঠ করিয়েছিলেন যে পবিত্র সভার যে sanctity বিশুদ্ধতা, সেই বিশুদ্ধতা রক্ষা করবার ক্ষেত্র। সম্মানীয় অধ্যক্ষ মহাশয়, সকাল থেকে আলোচনা চলছে। আমি যেকথা বলতে চাই ইতিহাসকে বিকৃত করা, তথ্যকে বিকৃত করার যে অপচেষ্টা সকাল থেকে চলছে, আমি আপনার মাধ্যমে যেকথা বলতে চাই ২৯ বছর তো ৩৪ বছর নয়, আমাদের রাজ্যের উন্নয়নের ধারা এই সময়কালের মধ্যে আমাদের সমাজ জীবনে বিভিন্ন

ক্ষেত্রে যা ঘটেছে, যে কোনো বিধানসভার মাননীয় সদস্যদের উচিত তথ্য পরিসংখ্যানের ভিত্তিতে, যুক্তির ভিত্তিতে তার বস্তুনিষ্ঠ পর্যালোচনা। মাননীয় রাজ্যপাল মহাশয়ের যে ভাষণ, সেই ভাষণে যে বিষয়গুলো উল্লেখিত হয়েছে শাসক শ্রেণির রাজনৈতিক দল যাঁরা সরকার পরিচালনা করেছেন, সাংবিধানিক রীতি অনুযায়ী তাঁরা যে উল্লেখ করেছেন তা আমি আজকে সভাতে তার কয়েকটি বিষয় উল্লেখ করতে চাই। আমাদের রাজ্যে যে ত্রিস্তর পঞ্চায়েতী ব্যবস্থা এ অভূতপূর্ব সাফল্য, এই যে গণতান্ত্রিক সংস্কার, গ্রামীণ জনগণের যে অংশগ্রহণ, নির্দিষ্ট সময়ে যে নির্বাচন এ তো প্রশংসিত। এ শুধু আমাদের পশ্চিমবাংলায় নয়, এ শুধু ভারতবর্ষে নয়, আমার মনে পড়ছে আমাদের প্রয়াত প্রধানমন্ত্রী রাজীব গান্ধী পশ্চিমবাংলার পঞ্চায়েতী ব্যবস্থার প্রশংসা করেছেন। লোকসভাতে পঞ্চায়েতী রাজ বিল, সেই বিল তিনি এনেছিলেন। পঞ্চায়েতের যে মর্ম কথা, গ্রামীণ জনসাধরণের যে মর্ম কথা, ১৯৪৭ সালের ১৫ই আগস্টের পর যে লাগাতার গ্রামীণ এলাকায় যে অবহেলা, যে বঞ্চনা, গ্রামীণ উন্নয়নে সরকারি দৃষ্টিভঙ্গির ক্ষেত্রে যে অসচ্ছতা, যে পরিকল্পনার অভাব সেটা ১৯৭৭ সালের পর ১৯৭৮ সালের পঞ্চায়েতী ব্যবস্থার মধ্যে দিয়ে প্রয়াত রাজীব গান্ধী আমাদের দেশের প্রধানমন্ত্রী তিনি প্রশংসা করেছিলেন। এটা কোনো ইতিবাচক পদক্ষেপ নয় ? আজকে হাউসে আমরা এগুলো কি পর্যালোচনা করব না ? নিশ্চয় আপনারা ওখানে আছেন আমরা এখানে আছি। পশ্চিমবাংলার বামপন্থীরা জনগণের রায় মেনে নিয়েছে। আমরা আমাদের আত্ম অনুশীলন, আত্ম পর্যালোচনা আমাদের যে ত্রুটি ঘাটতি খোলা আকাশের নিচে দাঁড়িয়ে আমরা তা স্বীকার করেছি। সকাল থেকে বামপন্থী মাননীয় সদস্যরা কোনো গোপন নয়, খোলাখুলি দুর্বলতা প্রকাশ করেছে, কিন্তু গণতান্ত্রিক পীঠস্থান পূর্ণভূমি, আমি খুব অবাক হয়ে গেলাম, একজন মহিলা আদিবাসী তিনি বলছেন তাঁর এলাকার কথা, তাঁর দুর্দশার কথা, তার যন্ত্রণার কথা, আদিবাসী জীবন যন্ত্রণার কথা তিনি বলছেন। শ্রদ্ধেয় দেবপ্রসাদ রায় আছেন, এই মুহূর্তে গোটা আন্তর্জাতিক ক্ষেত্রে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে আইডেন্টিটি ক্রাইসিস। সেই আইডিন্টিটি ক্রাইসিস তিনি উত্থাপন করেছেন আজকের সভাতে, গুরুত্বপূর্ণ বিষয়। আগামী দিনে গোটা দেশে রাজনীতিতে আইডেন্টিটি ক্রাইসিস এবং আইডেন্টিটি পলিটিক্স একটা গুরুত্বপূর্ণ বিষয় হিসাবে উত্থাপিত হবে। আমি দেখলাম আমাদের মা বিধায়করা, বোন বিধায়করা তাঁরা বলেছেন, যাঁরা সরকার পক্ষে রয়েছেন। আমাদের যাঁরা পুরুষ বিধায়ক রয়েছেন তাঁদের অঙ্গভঙ্গি আমাদের সভার বৈশিষ্টতা রক্ষা করার ক্ষেত্রে মাননীয় স্পীকার মহাশয়কে বলব আগামীদিনে এটা লক্ষ্য রাখতে হবে। আমি যে কথা বলতে চাই কিছুই হয়নি ! আমাদের অতীতকে অস্বীকার করব কি করে ? পর পর পর পর কয়েকটা বিষয় কয়েকদিন আগে সংবাদপত্রে দেখেছি আমাদের বঙ্গ সন্তান, আমাদের দেশের মাননীয় অর্থমন্ত্রী প্রণব মুখার্জী তিনি বলেছেন, যে আলিগড় বিশ্ববিদ্যালয় আনবার ক্ষেত্রে প্রাক্তন মুখ্যমন্ত্রী যে ভূমিকা—এটাই তো গণতন্ত্র, এটাই তো উন্নয়নের দিশারী, এটাই তো উন্নয়নের পথ। তিনি বলেছেন আমাদের প্রাক্তন মুখ্যমন্ত্রী তিনি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন। এখানে সংখ্যালঘুদের কথা অনেক বলা হয়েছে।

[4.10—4.20 p.m.]

সংখ্যালঘুদের কথা বলবার সময়ে বলা নেই যে তাদের জন্য রঙ্গনাথ মিশ্র কমিশনের ভিত্তিতে যে সংরক্ষণ—বিদায়ী সরকার যে সংরক্ষণের নীতি গ্রহণ করলেন—রাজ্যপালের ভাষণের মধ্য দিয়ে বর্তমান সরকার তার প্রতিফলন করে নাই। সংখ্যালঘুদের সংরক্ষণের বিষয়টি নিয়ে কি হবে আমি সেটা বিবেচনা করতে বলব। নাড়া পড়েছে, সংখ্যালঘুদের সম্পর্কে নাড়া পড়েছে। মাননীয় রেজ্জাক সাহেব উল্লেখ করেছেন, আমার কোনো আপত্তি নেই। খারিজি মাদ্রাসাগুলো—তারা যদি রাজি থাকে, আপনারা ঘোষণা করে দিয়েছেন, ভালো, অসুবিধার কিছু নেই। মাননীয় চেয়ারম্যান স্যার, আমি যে কথা বলতে চাই, আমি খুব আতংকিত, খুবই আতংকিত এ ব্যাপারে। আমাদের রাজ্যের ৩০ লক্ষ কৃষকের মধ্যে ১১ লক্ষ ২৭ হাজার একর জমি বিলি বণ্টন করা হয়েছে। আজকে ৬ লক্ষ একরের উপর যৌথ পাট্টা দেওয়া হয়েছে। এক লক্ষের উপর মা, বোন—তারা পাট্টা পেয়েছে। মাননীয়া মুখ্যমন্ত্রী বলেছেন যে গোটা রাজ্য জুড়ে আমরা আইনের শাসন জারি করব। আমরা পুলিশকে কোনো রাজনৈতিক হস্তক্ষেপ করতে দেব না। কিন্তু কি ঘটছে ? মাননীয় চেয়ারম্যান স্যার, আপনার মাধ্যমে মাননীয়া মুখ্যমন্ত্রীকে বলব যে প্রোটেকশানের বিষয়—এলাকার মানুষের যে জাগরণ, পশ্চিমবাংলার মানুষের যে জাগরণ, সেই বিষয়গুলি এখানে উল্লেখিত হওয়া দরকার। মাননীয়া মুখ্যমন্ত্রীকে এই প্রোটেকশনের বিষয়টি বিবেচনার মধ্যে রাখার জন্য অনুরোধ করব। পঞ্চায়েতী ব্যবস্থায় আজকে কোনটা ঠিক, কোনটা ভুল, কে ঠিক করবে ? চিৎকার করে যদি বলি ভুল, তবে ভুল। নির্বাচন চলছে। নির্বাচন চলাকালীন আমাদের তৎকালীন পঞ্চায়েতের রাষ্ট্রমন্ত্রী বঙ্কিম ঘোষ চলে গেলেন দিল্লিতে। তিনটি বিষয়ের উপর—অর্থ খরচ, পরিকাঠামো উন্নয়ন এবং তার সঙ্গে সঙ্গে কর্মচারীদের যে মানোন্নয়ন, পুরস্কার দিলেন কে ? সম্মানীয় সনিয়া গান্ধী, সম্মানীয় প্রধানমন্ত্রী ডঃ মনমোহন সিং উপস্থিত ছিলেন। আমরা তথ্যকে, যুক্তিকে অস্বীকার করি কি করে ? আবার তথ্যকে, যুক্তিকে অস্বীকার করা একটা প্রবণতা, ইতিহাসকে তুলে ধরার একটা প্রবণতা আমি সকাল থেকে লক্ষ্য করছি। তথ্য, যুক্তি তো কথা বলে। আমি অনুরোধ করব বিষয়গুলি বিবেচনার মধ্যে রাখুন। আমরা বিরোধী পক্ষ। আমরা নীতি ঘোষণা করেছি আমরা গঠনমূলক সমালোচনা করব। আমরা কাজ করব। গতকাল যখন সিঙ্গুর বিল নিয়ে আলোচনা হয়েছিল তখন আমাদের মাননীয় বিরোধী নেতা বলেছেন নীতিগতভাবে, আইনগতভাবে আমাদের যে যুক্তরাষ্ট্রীয় কাঠামো, সাংবিধানিক দায়বদ্ধতা, দিল্লির আইন, রাজ্যের আইন—আমরা বলেছি যে ইচ্ছুক, অনিচ্ছুক সকলেই জমি পাক। কিন্তু খুব আশা করেছিলাম যখন আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী বলেছিলেন যে, ওরা-আমরা নয়, বিরোধীদের মর্যাদা থাকবে। আমরা এটাই চাই। সংসদীয় গণতন্ত্র বলে হাউস হচ্ছে বিরোধীদের। বিরোধীরা বলবেন, বিরোধীরা যুক্তি, তর্কের জাল বিস্তার করবেন, তথ্য দেবেন, যুক্তি দেবেন। সরকার পক্ষের যাঁরা সম্মানীয় অতিথি বা সদস্য এবং মাননীয় মন্ত্রীরা তা শুনবেন, সিদ্ধান্ত গ্রহণ করবেন। কিন্তু অত্যন্ত দুঃখের কথা আপনারা আমাদেরকে বলেছেন। আমরা আজকে এখানে এসেছি এই কথাটা ঠিক কিন্তু আপনারা অধৈর্য হয়ে পড়েছেন। আপনারা বেশি অধৈর্য হয়ে পড়ছেন। আপনারা চালাবেন পাঁচটা বছর। আমি অনুরোধ করব আপনারা সে পথে পা

বাড়াবেন না। এটা ভুল হয়ে যাবে। ইতিহাসে আবার একটা নতুন ভুল হবে। মাননীয়া মুখ্যমন্ত্রী বলেছেন যে আমরা সবাই রাজা আমাদের এই রাজার রাজত্বে। আমরা সবাই রাজা ? চোরও রাজা, ডাকাতও রাজা, সমাজবিরোধীও রাজা, সকলেই রাজা ? তা হয় নাকি ? এটা হয় না। তার জন্য দেখা যাচ্ছে ? আমরা কি লক্ষ করছি ? আজকে আমরা লক্ষ করছি যে পুলিশকে ব্যবহার করা হচ্ছে। বামপন্থী দলের কর্মীদের আক্রমণ করা হচ্ছে। ছাত্র সংসদের কর্মীদেরকে আক্রমণ করা হচ্ছে। এটা গণতন্ত্র ধ্বংস নয় ? এটা গণতন্ত্রকে ধ্বংস করা হচ্ছে। আমি বলতে চাই আপনাদের কাছে যে আজকে বদলা চলছে, বদলও চলছে। আজকে বলা হয়েছে যে আমরা দলতন্ত্রে বিশ্বাস করি না। আমাদের রাজ্যের প্রাইমারি কাউন্সিল—সেখানে যাঁরা চেয়ারম্যান ছিলেন, তাঁদের মন্ত্রী ডেকেছেন, মন্ত্রী ডেকে বলেছেন আপনারা সরে যান। কিন্তু কেন ? কি যুক্তি, কি তাঁদের দুর্বলতা, কি তাঁদের ঘাটতি ? শুধু দলতন্ত্র নয়, আজকে ব্যক্তিতন্ত্র প্রতিষ্ঠা করার চেষ্টা হচ্ছে। মা-মাটি-মানুষের সরকারে আজকে মায়ের কথা, মায়ের আর্তনাদ। মা তো সকলের মা। আজকে আপনারা মায়েদের কথা বলেছেন। আজকে পিংকি মণ্ডল মা নয় ?

আজকে নদিয়ার গয়েশপুরে ৮৬ বছরের রাজুবালা চক্রবর্তী মা নয় ? আজকে বর্ধমান শহরের বাবুঘাট চণ্ডীতলায় বি.এ. ক্লাসের ছাত্রী শিবানী ঘোষ মা নয়, বোন নয় ? তাঁদের আর্তনাদ, তাঁদের যন্ত্রণার কথা, তাঁদের সম্মানের কথা রাস্তায় দাঁড়িয়ে আমি বলব। মাননীয় চেয়ারম্যান স্যার আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ করছি সমস্ত বিষয়গুলো। মা-মাটি-মানুষের সরকারকে আমি মনে করি, এগুলোকে দেখা দরকার। আজকে যে ঘটনা ঘটছে—আজকে ছাত্রদের উপর আক্রমণ করছে। শিক্ষার ক্ষেত্রে এখানে লেখা আছে রাজ্যপালের ভাষণে। আমরা শিক্ষাক্ষেত্রে কোনো হস্তক্ষেপ করব না। মাননীয় উচ্চশিক্ষামন্ত্রী মহাশয় এখানে নেই। কল্যাণী বিশ্ববিদ্যালয়ে পোস্ট গ্র্যাজুয়েট কাউন্সিল, এক্সিকিউটিভ কাউন্সিল, কোর্ট, তার সভা, সেই সভা বহিরাগত সমাজবিরোধী, তৃণমূল আশ্রিত সমাজবিরোধীরা সেই সভা করতে দিচ্ছে না। মাননীয় উচ্চশিক্ষামন্ত্রী থাকলে ভালো হত। মাননীয় চেয়ারম্যান স্যার আপনার মাধ্যমে আমি এই কথা উত্থাপন করতে চাই। কারণ আপনারা তো চান শিক্ষাক্ষেত্রে কোনো নৈরাজ্য আসবে না।

(তুমুল হট্টগোল)

শিক্ষাক্ষেত্রে কোনো রাজনৈতিক হস্তক্ষেপ হবে না। এই বিষয়গুলো আমি মাননীয় চেয়ারম্যান স্যার আপনার মাধ্যমে হাউসের কাছে উত্থাপিত করতে চাইছি। আমি বলতে চাই যে আপনি দেখবেন মাননীয় চেয়ারম্যান স্যার আজকে বিভিন্ন জায়গায়, সম্মানীয়া দেবলীনা হেমব্রম বলেছেন যে কি হবে। যাঁরা পাট্টা পেয়েছেন তাঁদেরকে উচ্ছেদ করবার পরিকল্পনা চলছে। আমাদের নদিয়া জেলার বিভিন্ন জায়গায়—তেহট্ট থানা এলাকায় দেবনাথবুর, বেতাই সেখানে পাট্টা প্রাপক যাঁরা তাঁদেরকে জোর করে উৎখাত করার পরিকল্পনা করছে। সেখানে মহিলা প্রধান সেই মহিলা প্রধান দ্রৌপদী বিশ্বাস তাঁকে রাস্তার উপর দাঁড়িয়ে পুলিশের সামনে নিগৃহীত করা হয়েছে। সেজন্য বলব চেয়ারম্যান স্যার আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর

কাছে অনুরোধ করব বিষয়গুলো দেখতে। এই বিষয়গুলো দেখতে হবে। অমাদের বামপন্থী পার্টি অফিসগুলো খুলতে দেওয়া হচ্ছে না। আপনারা বদল চান। আমাদের জেলার গয়েশপুর C.P.I.M.-এর লোকাল কমিটির দপ্তর খুলতে দেওয়া হচ্ছে না। রাজনৈতিক কাজগুলো করতে দেওয়া হচ্ছে না। বামপন্থী কর্মীরা থানায় যেতে পারছে না। F.I.R. করতে দেওয়া হচ্ছে না। তাদের নামে মিথ্যা মামলা রুজু করা হচ্ছে। এটা কোন রাজনীতি হল ? এটা গণতন্ত্র নয়। মাননীয় চেয়ারম্যান স্যার, আপনাকে বলব আমাদের ১২ জন C.P.I.M.-এর কর্মী গয়েশপুর পৌরসভা এলাকার মধ্যে তাদেরকে বাড়িতে আক্রমণ করা হয়েছে। মায়েদের বোনেদের উপর আক্রমণ করা হয়েছে। মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে বলতে চাই আজকে বদলের নামে বদলা চলছে, রক্ত ঝরছে, মা-বোনেদের আকুতি কান্না গোটা পশ্চিমবাংলায় ভেসে আসছে। আজকে আমরা চাই, নিশ্চয়ই আপনারা কাজ করবেন, আমি বলতে চাই এই কথা একটা পর একটা ঘটনা ঘটছে। আমাদের নির্বাচিত ছাত্র সংসদগুলো গোটা নদিয়া জেলাতে কল্যাণী ইউনিভারসিটি, চাকদা কলেজ, কৃষ্ণনগর সরকারি কলেজ জোর করে দখল করা হচ্ছে। ছাত্রদের উপর আক্রমণ করা হচ্ছে। আমি বলতে চাই আজকে আমরা F.I.R. করছি। সুরজিত হালদার তপশিলি ঘরের মেধাবী ছেলে, রণদীপ সাহা মেধাবী ছাত্র, তাদেরকে আক্রমণ করা হয়েছে।

(তুমুল হৈ-চৈ)

কৃষ্ণনগর কোতুয়ালি থানাতে F.I.R. করা হয়েছে। এখনো পর্যন্ত পুলিশ কোনো ব্যবস্থা গ্রহণ করেনি। অথচ মাননীয়া মুখ্যমন্ত্রী বলছেন আমি কোনো হস্তক্ষেপ করব না। রাজ্যপালের ভাষণে উল্লেখিত রয়েছে—হস্তক্ষেপ করব না। মাননীয় চেয়ারম্যান স্যার আপনার মাধ্যমে বলতে চাই এইসব দেখা দরকার। এইসব আলোচনাতে বিষয়গুলো আসছে। আজকে অনেক কথা বলা হচ্ছে। ছাত্ররা আক্রান্ত হবে ? ছাত্ররা তো ছাত্রই। আমরা তো সকলেই অভিভাবক। ছাত্র রাজনীতি থাকবে, কিন্তু বহিরাগত সমাজবিরোধীরা, বহিরাগত ছাত্ররা, স্বপন কোলে খুন হয়েছে, ছাত্র খুন হয়েছে। বহিরাগতরা তারা গিয়ে ছাত্রদের উপর হামলা করছে। ইউনিভারসিটি এবং কলেজের ছাত্র সংসদগুলো বন্ধ করে দিচ্ছে। মাননীয় চেয়ারম্যান স্যার, আমি বয়েকটি বিষয় বলতে চাই, আজকে সংখ্যালঘুদের জন্য আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী বলেছেন স্পেশাল প্যাকেজ ঘোষণা করবেন। মাননীয় চেয়ারম্যান স্যার, উচ্চমাধ্যমিক এবং মাধ্যমিক ছাত্র-ছাত্রীদের সংবর্ধিত করা হল। কিন্তু হাই মাদ্রাসা এবং সিনিয়ার মাদ্রাসার ছাত্রছাত্রীদের সংবর্ধনা দেওয়া হল না। এই মেধাকে নিয়ে দ্বিচারিতা করা হচ্ছে।

ছাত্রদের মেধাকে নিয়ে এটা দ্বিচারিতা করা হচ্ছে। আমি আপনার মাধ্যমে এই বিষয়টি উল্লেখ করতে চাই। মাননীয় চেয়ারম্যান স্যার, কয়েকটি বিষয় তো খুবই গুরুত্বপূর্ণ বিষয়, যা এই সময়কালের মধ্যে এই সম্বন্ধে আলোচনা হয়েছে। আমি বলতে চাই যে, আমার বিধানসভা এলাকা—আমার বিধানসভা এলাকা এখানে আলোচিত হয়েছে। এটা কোন সরকার ? মা-মাটি-মানুষের সরকার। নির্বাচনের সময় কংগ্রেস, তৃণমূল কংগ্রেস,

আবার আমি জানি আমাদের এক বন্ধু এস.ইউ.সি.আই., তিনিও জোটে ছিলেন। এখন দেখলাম তিনি বলেছেন আমরা নেই। আমার বিধানসভা এলাকা ধাওয়া করাচ্ছেন। জোর করে রায়তি সম্পত্তি, রায়তি সম্পত্তি সেখানে তৃণমূল কংগ্রেস, এস.ইউ.সি.আই জহ্লাদ বাহিনী তারা দখল করতে চাইছে। পুলিশে জানানো হয়েছে। রায়তি সম্পত্তি—এটা কি ? আমি বলতে চাই মাননীয় চেয়ারম্যান স্যার, বিষয়গুলোকে লক্ষ্য করতে হবে। সেইজন্য আমি বলতে চাই আমাদের বিধানসভা এলাকায় এই ঘটনাগুলো ঘটছে। আজকে সেই বিষয়গুলি আমি আপনার সামনে উত্থাপন করতে চাই। মাননীয় চেয়ারম্যান স্যার আজকের যে সভা, এই সভায় আমরা চাই সভার বিশুদ্ধতা রক্ষা করা। আলোচনা হবে, বিতর্ক হবে, বিতর্কের মধ্যে দিয়ে—কিন্তু আমার মনে হচ্ছে আমার সরকার পক্ষের বন্ধুরা, প্রতিবেশী তারা অসহিষ্ণু হয়ে পড়ছেন। আমাদের কথা আমরা কোথায় বলব ? আমরা তো হাউসে এসে এই কথা বলব। আপনারা শুনবেন, বাতিল করে দেবেন, বিশ্লেষণ করবেন। কিন্তু বলবার সুযোগ দিতে হবে। কারণ আমাদের কাছে এই হাউস, এই পবিত্র হাউস এটাই তো আমাদের বলবার জায়গা। আজকে আমরা লক্ষ করছি, তৃণমূলের বাহিনী পুলিশকে সামনে নিয়ে সি.পি.আই.এম.-এর পার্টি অফিসের মধ্যে গিয়ে তারা বন্দুক দিয়ে পুলিশকে জোর করে বলছে, দেখুন সি.পি.আই.এম.-এর পার্টি অফিস থেকে বন্দুক পাওয়া যায়। আজকে আমি বলতে চাই, আমি চাই যে এই বিষয়গুলোকে নিয়ে আপনারা নিশ্চয় দেখবেন। আমাদের গয়েশপুর পৌরসভা, কল্যাণী সাব-ডিভিশানের মধ্যে সেখানে আমাদের চেয়ারম্যান, তাঁকে কাজ করতে দেওয়া হচ্ছে না, বাধার সৃষ্টি করা হচ্ছে। এইরকম চলছে। ত্রিস্তর পঞ্চায়েতের নির্বাচন হয়েছে। অনেক জায়গাতে আমরা আছি, আমরা নেই। আমার জেলায় ১৭টা পঞ্চায়েত সমিতি। ১৭টা পঞ্চায়েত সমিতিতে সবটাতে আমরা নেই। কিন্তু কোনো পঞ্চায়েত সমিতিতে বলতে পারবেন না যে আমরা ওখানে কাজ করতে দিইনি। আমরা বলেছি বিরোধীদের মর্যাদা দিতে হবে। এটা গণতন্ত্র। গণতন্ত্রে মানুষ ঠিক করবেন। এইরকম পশ্চিমবাংলার মানুষ গত বিধানসভা নির্বাচনে জনাদেশ দিয়েছে আপনারা ওখানে, আমরা এখানে। এটা জনাদেশ। মানুষের আদেশ, মানুষের সিদ্ধান্ত আমরা আশীর্বাদ হিসাবে মেনে নিয়েছি। কিন্তু নির্বাচিত সংস্থাকে কাজ করতে দেওয়া, তার যে নির্দিষ্ট সময়, সেই নির্দিষ্ট সময়ে কাজ করতে দেওয়া, সেখানে বাইরে থেকে সমাজবিরোধীদের নিয়ে গিয়ে বাধার সৃষ্টি করা এটা গণতন্ত্রের কোন দৃষ্টান্ত ? গণতান্ত্রিক ব্যবস্থার কোন দৃষ্টান্ত ? একজন মাননীয় সদস্য বলেছেন—'ঘুঁটে পোড়ে গোবর হাসে', চক্রকারে পরিবর্তন হয়, ঘোরে। সেইজন্য মনে রাখতে হবে নিষয়গুলি নিশ্চয়ই আমরা চর্চা করি। এখানে অনেকে খুব গুরুত্বপূর্ণ কাব্যিক ভাষাতে বলেছেন, বিশেষ করে দেবপ্রসাদ রায় মহাশয়, তাঁর যে ভাষণ আমি আগে শুনিনি, তিনি অনেক বাঙ্ময়, কাব্যিকভাবে অনেক বিষয় তিনি উত্থাপন করেছেন, এগুলি শিক্ষণীয় বিষয়। সেইজন্য বলব, আমার যে কথা আমি মাননীয় চেয়ারম্যানের মাধ্যম দিয়ে উত্থাপন করার চেষ্টা করলাম, আশা রাখব নিশ্চয়ই বিষয়গুলোকে গুরুত্ব সহকারে বিবেচনা করা হবে। ধন্যবাদ।

[4.20—4.30 p.m.]

শ্রী অপূর্ব মুখার্জী : মাননীয় চেয়ারম্যান স্যার, এখানে উপস্থিত আমাদের মাননীয় বিধায়ক, সমস্ত মানুষকেই আমার নমস্কার জানাই। এতক্ষণ পক্ষ এবং বিপক্ষের কথা শুনছিলাম। মাননীয় রাজ্যপাল তাঁর প্রতিবেদনে যে উল্লেখ রেখে গিয়েছেন, তাঁর পক্ষে এবং শোভনদেব চট্টোপাধ্যায় তার সমর্থনে যে কথাগুলো বলেছেন, তাকে সমর্থন করে দু-চারটি কথা আমি আপনাদের সামনে উল্লেখ করতে চাইছি। ৩৪ বছরের কথা অনেকগুলো বলতে গেলে অনেক সময় লাগবে, মাননীয় বিরোধী দলের সদস্য যাঁরা রয়েছেন, তাঁরা সকাল থেকে অনেক কথা বলার চেষ্টা করছেন, খুব বাস্তব কথা, অনেক কথা বলেছেন, সে কথাগুলো উত্থাপন করতে গেলে আমার মনে হয় মহাভারত এবং কোরান দুটোই শেষ হয়ে যাবে। কিন্তু ইনাদের ৩৪ বছরের কথা শেষ করা যাবে না। মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয় রাজ্যপাল এখানে যে কথাগুলো বলে গিয়েছেন তাকে তো সমর্থন আগেই করেছি, এখন বলতে চাই যে এর সমর্থনে—প্রথম ছত্রে যে কথা ছিল, আমাদের জননেত্রী তথা মুখ্যমন্ত্রী পার্থ চ্যাটার্জীর মাধ্যমে সিঙ্গুরের যে বিল উত্থাপন করেছিলেন এবং সেই সিঙ্গুর বিলে, তার প্রথম প্রতিবেদনে রাজ্যপাল যে কথা বলেছিলেন, সেটিকে তিনি রাজ্যবাসীর উদ্দেশ্যে উৎসর্গীত শুধু করেননি, আমাদের কথার মধ্যে দিয়ে সিঙ্গুরের সেইসব আন্দোলনরত কৃষকরা যঁরা ছিলেন, সাধারণ মানুষ ছিলেন, বিশেষ করে যাঁরা মারা গিয়েছেন, তার মধ্যে তাপসী মালিকের নাম একটি উল্লেখযোগ্য নাম, যাদের কান্না আজকে সত্যি সত্যি সফল হয়েছে, এটা নতুন করে বলার অপেক্ষা রাখে না। আজকে এখানে দাঁড়িয়ে একটা কথা বলতে পারি গণতন্ত্রের যে কথা এখানে বলা হচ্ছে, কিন্তু ৩৪ বছরের ২০০১-২০০৬ সাল পর্যন্ত এই বিধানসভায় আমার সৌভাগ্য হয়েছিল আসার। তখন বিরোধী দলের চেয়ারে ছিলাম। আজকে সরকারের দিকে চেয়ারে আছি, এটা ভাবতেই ভালো লাগছে। সেদিন বিরোধীদের জায়গায় বসে থেকে আমাদের বামপন্থী বন্ধু তথা সি পি এমের যে আচরণ দেখেছিলাম, সেটা দেখে প্রথম প্রথম খুবই অবাক হতাম। এরা যেটা বলেন সেটা করেন না, যেটা করেন সেটা বলেন না। আর আজকে দাঁড়িয়ে সেখানে প্রমাণ হয়ে গিয়েছে—আমার সেই দিনটার কথা মনে পড়ে যাচ্ছে, সেই ২১ জুলাই-এর কথা। যেদিন নো আইডিন্টিটি নো ভোটকে সামনে রেখে কলকাতার রাজপথে আমাদের দাবিকে সামনে রেখে যখন আন্দোলন কর্মসূচি চলছিল, সেই কর্মসূচিতে আমরা দেখেছিলাম বিনা প্ররোচনায় গুলি চলেছিল। ১৪টি তাজা প্রাণ সেদিন কলকাতার বুকে রাজপথ লাল করে দিয়েছিল। কিন্তু আজকে ভাবতে ভালো লাগছে সেই ১৪টি তাজা প্রাণ, যারা সেদিন সেখানে দাঁড়িয়ে আত্মহূতি দিয়েছিল, তাদের আত্মহূতি ব্যর্থ যায়নি, গণতন্ত্রের প্রতিষ্ঠা হয়েছে পশ্চিমবাংলার বুকে। যে গণতন্ত্রকে চাইতে গিয়ে ২১ জুলাই ১৪টি তাজা প্রাণ গিয়েছিল। এখানে আজকে যাঁরা বিরোধী তাঁরা একটা কথা বলেছিলেন, যে কথাটা উল্লেখ করে ওনাদের বলতে চাই ৫৫ হাজার মানুষকে খুন করেছেন এবং সঙ্গে সঙ্গে প্রায় ৬০ হাজার বালিকা কন্যাকে পশ্চিমবাংলার বাইরে পাঠিয়ে দিয়েছেন কোনো না কোনো চক্রান্ত করে। আর আজকে তাঁরা এখানে দাঁড়য়ে বড় বড় কথা বলছেন। যেখানে মনে হচ্ছে—একটা কথা

আগে হচ্ছিল ঘুঁটে পোড়ালে গোবর হাসে। সেই কথাটা আজকে এখানে বসে শুনতে শুনতে মনে হচ্ছিল যে বাস্তব সামনে চলে এসেছে, সেই বাস্তবকে সামনে রেখে আজকে যে পরিস্থিতি, সেই পরিস্থিতিতে বিশেষ করে সি পি এম তথা বামপন্থীদের যে আচরণ, সেই আচরণে কোথাও মনে হচ্ছে যে তারা আজকে কোনো কারণে শংকিত। শংকিত হওয়ার কিছু নেই। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী যে কথা এখানে দাঁড়িয়ে বলে গিয়েছেন, আমরা তার কথাকে শুধু বেদবাক্য নয়, ছত্রে ছত্রে পালন করব। এটা নতুন করে বলার অপেক্ষা রাখে না। কিন্তু পশ্চিমবাংলার মানুষ আপনাদের আচরণটা ভুলে যেতে পারছে না। আমি দুর্গাপুর থেকে নির্বাচিত বিধায়ক। যেখানে শ্রমনীতি বলে কিছু নেই। এখানে মাননীয় রাজ্যপাল যে কথা বলেছেন শ্রমকে তিনি প্রতিষ্ঠা করবেন এবং শ্রমের নীতিকে তিনি চালু করবেন। সেখানে দাঁড়িয়ে একটা জিনিস দেখেছি ১৯৭২-৭৭ যে শ্রম আইন বা নীতি ছিল, ছিলেন ডাঃ গোপালদাস নাগ এবং তার সঙ্গে যে সহযোগীরা ছিলেন তাঁরা পশ্চিমবাংলার বুকে শ্রম নীতিটাকে কি করে প্রতিষ্ঠা করতে হয় এবং শ্রমিকদের কথা কি করে ভাবতে হয় সেটা ছত্রে ছত্রে দেখিয়েছিলেন। আর আমরা দুর্গাপুরের মানুষ সেটাকে দেখেছিলাম। কিন্তু আজকের দিনে ভাবতে অবাক লাগছে যে সেই জায়াগয় দাঁড়িয়ে দুর্গাপুরের মানুষ হিসেবে দেখতে অবাক লাগছে যে, আমরা দেখছি শ্রমের আইনটাকে ভেঙ্গে তছনছ করে দেওয়া হয়েছিল। আমি স্মরণ করব যদিও তিনি মারা গিয়েছেন, তাঁকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করে বলতে চাই একজন শ্রমিক তিনি বিধায়ক হয়েছিলেন, শ্রমমন্ত্রী হয়েছিলেন।

[4.30—4.40 p.m.]

কিন্তু শ্রম আইনের যে মর্যাদা, সেই মর্যাদা তিনি এই হাউসেও রাখেননি, এই হাউসের বাইরেও রাখেননি। আজকে সেখানে দাঁড়িয়ে আমরা দেখতে পাচ্ছি রাজ্য সরকার সেই সময়ে যে নীতি নির্ধারণ করে দিয়ে শ্রমিকদের দিন-মজুরি ঠিক করে দিয়েছিলেন, সেই দিন-মজুরিটা পর্যন্ত দেওয়া হয় না। কিন্তু আমাদের ভালো লাগছে যে, আজকে মাননীয় রাজ্যপাল মহাশয় সেটাকে উল্লেখ করে বলেছেন যে, শ্রমের আইন এবং নীতিটাকে তিনি প্রতিষ্ঠা করবেন এবং তার কর্ণধার হিসাবে থাকবেন আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এবং আমাদের শ্রমমন্ত্রী যিনি আছেন, তিনিও সেই জায়গাটায় ছত্রে ছত্রে পালন করবেন। কিন্তু আমি জানি যে, ২ লক্ষ ৩ হাজার কোটি টাকা মাথার উপরে দেনা নিয়ে, যে দেনাটা পশ্চিমবাংলা সরকার যেটাকে আজকে টেক-ওভার করেছেন মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়, সেই সরকারটা একটা দেউলিয়া সরকারে পরিণত হয়েছিল, সেটা নতুন করে বলার অপেক্ষা রাখে না। আর সেই দেউলিয়া সরকারের সবচেয়ে বড় যিনি মন্ত্রী ছিলেন, অর্থমন্ত্রী, তাঁর যে জাগলারি, অংকের জাগলারি, যেটা তথ্যভিত্তিক আমাদের এক্ষুণি এক বন্ধু বলছিলেন যে, তথ্যের উপর বিন্যাস করে আমাদেরকে এগিয়ে চলতে হবে, বিরোধীরা যদি সঠিক তথ্য দেয়—তথ্য আপনারা কোনোদিন দেননি, তথ্য আপনারা শুধু কাগজে-কলমে রেখেছেন, যেটা কাগজে-কলমে প্রমাণ করার চেষ্টা করেছেন যে, আপনারা সব জায়গাতেই এক নম্বরে আছেন। কিন্তু আজকে পশ্চিমবাংলার মানুষ

বুঝতে পারছেন, যেখানে দাঁড়িয়ে মাননীয় রাজ্যপাল মহাশয়ের যে প্রতিবেদন, সেখানে দাঁড়িয়ে আমরা যদি ভাবি, তাহলে সেখানে দাঁড়িয়ে দেখা যাবে যে, মাননীয় রাজ্যপাল মহাশয়ের প্রতিবেদনে এই কথাটা পরিষ্কার যে, আপনারা কোনো নিয়ম-নীতি মানেননি, এটা আর নতুন করে আপনাদেরকে বলে দিতে হবে না। এটা পশ্চিমবাংলাবাসী খুব ভালোভাবেই জেনে গিয়েছেন। আজকে সেখানে দাঁড়িয়ে আপনারা যদি বলেন—আপনারা বলতেন, 'শিক্ষা আনে চেতনা, চেতনা আনে বিপ্লব।' তার উৎকৃষ্ট প্রমাণ আমরা দেখেছিলাম প্রেসিডেন্সি কলেজ, যেটা আমাদের কাছে গর্ব ছিল। এখানে অনেক বয়োজেষ্ঠ মানুষ রয়েছেন আমাদের সঙ্গে, তাঁরা বা তাঁদের সন্তানরা যাঁরা প্রেসিডেন্সি কলেজে পড়ানোর জন্য মানসিক দিক থেকে প্রস্তুত থাকতেন, কিন্তু এই বামফ্রন্ট সরকার যেদিন থেকে পশ্চিমবাংলায় ক্ষমতায় এসেছিলেন, ওই প্রেসিডেন্সি কলেজে শুধু রাজনীতিকরণ করা হয়েছিল, তার বাইরে আর কিছু করা হয়নি। আমার অভিজ্ঞতা দিয়ে বলি, আমার কন্যা সন্তানকে নিয়ে গিয়েছিলাম প্রেসিডেন্সিতে ভর্তি করব বলে, কিন্তু প্রেসিডেন্সিতে ভর্তি করতে গিয়ে ওখানে যে পরিস্থিতি দেখেছিলাম, সে সেখানে নামের নথিভুক্ত হওয়া সত্ত্বেও আমি তাকে এখানে না পড়িয়ে বাইরে পাঠাতে বাধ্য হয়েছিলাম। কারণ এমন রাজনৈতিক মেরুকরণ করা হয়েছিল সেখানে। আপনারা স্বাস্থ্যের কথা বলেন যে, আপনারা নাকি স্বাস্থ্য পরিষেবাটা দারুণ করে রেখেছেন। সেটা তো আমরা হাড়ে হাড়ে দেখতে পাচ্ছি, প্রতিদিন আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রীকে বেরোতে হচ্ছে পরিষেবাটা কেমন আছে—বামপন্থীদের স্বাস্থ্য পরিষেবা কেমন আছে, আর পশ্চিমাংলার জনগণের স্বাস্থ্য পরিষেবা কেমন আছে। বামপন্থীদের স্বাস্থ্য পরিষেবাটা তো ভালোই আছে—সেটা দেখতে পাচ্ছি। কেননা, তাদেরকে তো পশ্চিমবাংলায় ট্রিটমেন্ট করাতে হয় না—তাঁরা কেউ কেউ রাশিয়া চলে যান, কেউ আমেরিকা চলে যান, এরকম ভুরি ভুরি প্রমাণ আমার কাছে আছে যে, কারা কারা স্বাস্থ্য পরিষেবার জন্য আমেরিকা গিয়েছেন, রাশিয়া গিয়েছেন, সেই তথ্য যদি চান, এত কম সময়ে যদিও দেওয়া যাবে না, সেটা দিয়ে দেওয়া যেতে পারে। চোখ কাটাতেও কেউ এখানে থাকে না। সব শংকর নেত্রালয়ে চলে যান—একটা ছানি অপারেশন করাতে গেলেও। আর এখানকার স্বাস্থ্য পরিষেবা—পশ্চিমবাংলার স্বাস্থ্য পরিষেবা আজকে কোথায় গিয়ে দাঁড়িয়েছে, সেটা কি আপনারা টের পেয়েছেন এতদিনে ? এক মাস তো অতিক্রান্ত হল। এক মাসে আপনাদের টের পেয়ে যাওয়া উচিত যে, স্বাস্থ্য পরিষেবা কোথায় গিয়ে দাঁড়িয়েছে ? আর শিল্পনীতি ? শিল্পের নীতি যা করেছেন—দুর্গাপুরে চলুন, দুর্গাপুরের মানুষ বলবেন, আজ বামপন্থীদের তো দুর্গাপুরের মানুষ সেই জন্য প্রত্যাখ্যান করেছেন। যে শিল্পগুলোকে দুর্গাপুরে তৈরি করে দিয়েছিলেন—আমি স্মরণ করব ডাঃ বিধানচন্দ্র রায়কে, যিনি দুর্গপুরের স্বপ্ন দেখেছিলেন, আর তাকে বাস্তব এবং সাকার রূপ দিয়েছিলেন। সেই বাস্তব এবং সাকার রূপে আমরা কি পেয়েছিলাম ? দুর্গাপুর স্টিল প্ল্যান্ট পেয়েছিলাম, অ্যালয় স্টিল প্ল্যান্ট পেয়েছিলাম। ডি.পি.এল-এর মতো রাষ্ট্রায়ত্ত সংস্থা পেয়েছিলাম, যেগুলোর অবস্থা আজকে ধুঁকছে শুধু নয় এবং সত্যি সত্যি এখানে বাস্তবভাবে দুর্গাপুর স্টিলের মর্ডানারাইজেশন যদি না হত, তাহলে দুর্গাপুর আজকে একটা সিক ইন্ডাস্ট্রিতে পরিণত হত, বিধানচন্দ্র রায়ের স্বপ্ন সেই রূঢ় অফ

বেঙ্গল সেটা কিন্তু ধ্বংসের মুখে চলে গিয়েছিল। আর কিছুদিন বামপন্থীরা থাকলে সেটা আরেকটু ধ্বংসের মুখে চলে যেত—এটা নতুন করে বলার অপেক্ষা রাখে না। আপনারা শিল্পনীতির কথা বলেন। যে শিল্পগুলিকে দুর্গাপুরের উপরে প্রতিষ্ঠা করেছেন, সেই শিল্পগুলো কিসের শিল্প ?

সেই শিল্পগুলো হচ্ছে মানুষ মারার শিল্প। আমরা দেখছি পলিউশনের ফলে দুর্গাপুরের মানুষ অস্থির। রাজ্যপালের ভাষণে আমরা দেখছি শিল্পনীতি এবং শিল্পের যে আইন তাকে পরিশোধিত করে এখানে প্রতিষ্ঠিত করা হবে। আমরা তাতে খুশি। ৩৪ বছরের ইতিহাস একদিনে বলে শেষ করা যাবে না। আমরা দেখছি দশ দিনও অতিবাহিত হয়নি, কিন্তু আপনারা চাইছেন পশ্চিমবাংলায় ঘোঁট পাকিয়ে, মমতা ব্যানার্জীকে বিভ্রান্ত করে পশ্চিমবাংলায় যেমন ছিলেন সেইরকম থাকবেন। কিন্তু সেটা হবে না। কেননা মানুষ আপনাদের চিনে নিয়েছে, তাই মা-মাটি-মানুষের সরকার এখানে প্রতিষ্ঠিত হয়েছে এবং এই প্রতিষ্ঠা পশ্চিমবাংলকে উন্নয়নের দিকে নিয়ে যাবে এটা বলার অপেক্ষা রাখে না। এই কথা বলে, সকলকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী চাঁদ মহম্মদ : মাননীয় চেয়ারম্যান মহোদয়, গত ১৩ জনু ২০১১ তরিখে এই বিধানসভায় মাননীয় রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন তার পরিপ্রেক্ষিতে আমি কিছু বলতে চাই।

স্যার, অত্যন্ত দুঃখ এবং লজ্জার সঙ্গে বলতে চাইছি যে, আজকের হাউসকে হাউস বলে মনে হচ্ছে না। আমরা যারা এখানে এসেছি সবাই সম্মানীয় সদস্য—মন্ত্রী বা এম.এল.এ. যেই হোন। আজকে মনে হচ্ছে এটা একটা ফুটবল খেলার মাঠ। যেদিন আপনি অধ্যক্ষ রূপে নির্বাচিত হন সেদিন ২৯৪ জন সদস্য-সদস্যা সমর্থন জানিয়েছিলাম, আপনি বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছিলেন। সেদিন হাউসে উপস্থিত হয়েছিলেন ২৯৩ জন সদস্য, একজন এসেছিলেন কিন্তু তিনি বিধানসভার বাইরে। সেদিন মাননীয়া মুখ্যমন্ত্রী যে বিবৃতি দিয়েছিলেন তা আমাদের ভালো লেগেছিল। তিনি বলেছিলেন বিরোধী দলে যাঁরা থাকবেন তাঁদের সম্মান এবং সময় দেওয়ার কথা। কিন্তু আজকে সেটা হয়নি। কালকে যে বিল এসেছিল তাতে আমাদেরও সমর্থন ছিল। যা হোক আমরা বারবার বলছি, ৩৪ বছর বামফ্রন্ট কাজ করতে গিয়ে অনেক ত্রুটি করেছে এবং সেই ত্রুটির জন্যই মানুষ আমাদের প্রত্যাখ্যান করেছে, আমরা সেই রায় মাথা পেতে নিয়েছি, আপনারা আজকে সরকারে এসেছেন। মা-মাটি-মানুষের সরকার শুধু আপনাদেরই নয়, এই সরকার আমাদেরও এবং পশ্চিমবাংলার মানুষেরও। আমরা তাকে স্বাগত জানাচ্ছি। কিন্তু আজকে যে সময় দেওয়া হয়েছে সেটা ঠিক হয়নি। আপনারা বলতে পারেন এর আগে ৩৪ বছর ধরে বিরোধ দলের সঙ্গে ভালো ব্যবহার করা হয়নি। কিন্তু আপনারা পরিবর্তন এনেও সেই ভালো ব্যবহারটা করছেন না। আমরা যারা বিধায়ক, আমরা যে এলাকা থেকে এসেছি সেখানকার উন্নয়নের কথা আমরা বলব।...(নয়েজ).... আপনারা যখন বক্তব্য রেখেছেন তখন আমরা চেঁচামেচি করিনি, এখন আমাদের বলতে দিন।

মাননীয় মুখ্যমন্ত্রী বলেছিলেন হাউসে চেঁচামেচি হবে। কিসের ভিত্তিতে হবে ? ডিবেটের ভিত্তিতে হবে। শাসকদল কি বলছে ? বিরোধীদল কি বলছে ? কোন ভিত্তিতে তার ডিবেট হবে ? এই চেঁচেমেচি নয় একটা বক্তব্য রাখতে গিয়ে সব জায়গায় যে তুড়ি মারা এখানে যখন গপ্পো উঠছে সবাই যেন হৈ-হৈ করে তুড়ি মারছে। আমরা বুঝতে পারছি না যে কোনটা ভুল আর কোনটা মন্দ। স্যার, আমরা রেকর্ড করব। আমরা যারা বিধায়ক সব সময়ে আমরা বক্তব্য দিতে পারি না। আমরা যাঁরা নতুন বিধায়ক হয়ে এসেছি তাদের অনেক কিছু জানার দরকার আছে। যাঁরা বলবেন তাঁদের কথা শোনাটা আমাদের অত্যন্ত প্রয়োজন। এরা সব দেখবেন, বেশি সময় আমি নেব না, কারণ আজকের হাউস খুব খারাপ লেগেছে। শুধু শেষে আর একটা কথা বলব। আমি বিরোধী এবং শাসক কোনো দল ভাগ করে বলছি না। আমাদের মধ্যে দুজন অভিনেতা-অভিনেত্রী উপস্থিত ছিলেন—চিরঞ্জিত এবং দেবশ্রী রায়। তাঁরা আজকে মানুষের জনসমর্থন নিয়ে আমাদের বিধায়ক হয়েছেন। এটা খুশির বার্তা যে আমরা তাদের দেখতে পাচ্ছি। তাঁরা আমাদের বন্ধুর মতো শরিক। আমাদের সঙ্গের সাথী। কিন্তু তাঁরা অভিনয় করেছেন, পর্দায় দেখেছি। তাঁদের দুজনের বক্তব্য শুনতে ভালো লাগবে। কিন্তু আজকে কিছু বক্তা যে বক্তব্য রাখলেন। আমার মনে হয় কিছুদিন আগে তাঁরা কোন বইতে অভিনয় করেছেন। দয়া করে আপনারা বলবেন যে কোনো বইতে আপনারা অভিনয় করেছেন। সেই বইটা আমরা খুলে দেখার চেষ্টা করব। আমরা এলাকার মানুষের স্বার্থে, পশ্চিমবাংলার মানুষের উন্নয়নের স্বার্থে সবাই আমরা ঐক্যবদ্ধভাবে পশ্চিমবাংলার উন্নয়ন হোক এটা কামনা করি। এই কয়েকটি কথা বলে এই হাউসের সকলকে ধন্যবাদ জানিয়ে আমার সংক্ষিপ্ত বক্তব্য শেষ করছি।

[4.40—4.50 p.m.]

শ্রীমতী সায়নী সিংহ রায় : মাননীয় চেয়ারম্যান মহোদয়, পশ্চিমবঙ্গের পঞ্চদশ বিধানসভার প্রথম অধিবেশনে মাননীয় রাজ্যপালের ভাষণের উপর আনা ধন্যবাদ প্রস্তাবটি সম্পূর্ণ সমর্থন করে আমি বক্তব্য পেশ করছি। আমি প্রথম বিধায়িকা। সর্বপ্রথম আমর হাউসের কাছে একান্ত আবেদন, হয়তো আমরা যারা নতুন অনেক নিয়ম-কানুন জানি না। আপনাদের সকলের সহযোগিতায় যাতে এই ব্যাপারে পারদর্শী হতে পারি সেই কামনা রাখি। মাননীয় রাজ্যপাল তাঁর ভাষণে আগামীদিনে রাজ্যের উন্নয়নের যে আগাম বার্তা আমাদের কাছে পৌঁছে দিয়েছেন পাশাপাশি সরকার গঠন হওয়ার অল্প কিছুদিনের মধ্যে এই সরকারের যে ভূমিকা মাননীয়া মুখ্যমন্ত্রী যে বলিষ্ঠ পদক্ষেপ তা আজকে সারা পশ্চিমবাংলার মানুষের মধ্যে আশা জাগাচ্ছে, বিশ্বাস জাগাচ্ছে। পশ্চিমবাংলায় আবারও বাংলায় রেনেশাঁস হবে। বাংলায় নবজাগরণ ঘটবে। আজ সকাল থেকে নানা আলোচনা, নানা সমালোচনার ঝড় উঠেছে। স্বাভাবিকভাবে বিভিন্ন মতের মানুষ এক জায়গায় থাকলে মতপার্থক্য দেখা যাবে। কিন্তু আমি ভীষণভাবে একজন নারী হিসাবে অপমান বোধ করলাম। একজন মা হিসাবে অপমান রোধ করলাম যখন আমার ডানদিকে বসে থাকা একজন বিধায়িকা এই হাউসে প্রশ্ন করলেন, মা কি জিনিস, মায়ের ব্যাখ্যা কি ? আমরা জানি ৩৪ বছরে মা কি

জিনিস, মায়ের ব্যাখ্যা কি আপনারা সেটা ভুলে গেছেন। বাংলার মানুষকে ভুল বুঝিয়েছেন। আপনারা বাংলার মাকে পণ্য করেছেন আজকে তাই ৩৪ বছরে নারী পাচার বৃদ্ধি হয়েছে। বাংলার মা-বোনেরা ভারতের বিভিন্ন প্রান্তে পণ্য হিসাবে সেখানে তাদের স্থান হয়েছে। আমি নারী হিসাবে লজ্জা বোধ করি, আশা করি এই হাউসের মহিলা বিধায়করা লজ্জা বোধ করেন। আমার পাশে আমার বিরোধী মহিলা বিধায়িকা থাকলে তাঁরা নিশ্চয়ই নারী হিসাবে লজ্জা বোধ করেন। যে দেশের স্পীকার মহিলা, রাষ্ট্রপতি মহিলা, সেই দেশের নারী আজকে পণ্য হিসাবে বাংলার নারী ভারতের বিভিন্ন প্রান্তে আজকে রয়েছে। আপনারা মায়ের ব্যাখ্যা চাইছেন। আজকে তাই আমি একজন নারী হিসাবে মাননীয়.....

Shri Deba Prasad Roy : Mr. Speaker Sir, I am on a point of order.

Mr. Speaker : In the midst of one's speech there cannot be any point of order.

শ্রীমতী সায়নী সিংহ রায় : তাই আজকে একজন নারী হিসাবে মাননীয় মুখ্যমন্ত্রী যিনি একজন নারী তাঁর কাছে আমার আবেদন বিগত ৩৪ বছরের এই সরকার বাংলার মাকে যে পণ্য করেছে, আপনার বলিষ্ঠ ভূমিকায় পশ্চিমবাংলার নারীরা পণ্য না হয়ে তাদের আবার পরিচয় ফিরে আসুক একজন মেয়ে হিসাবে, একজন বোন হিসাবে, একজন স্ত্রী হিসাবে, একজন মা হিসাবে। এটা আমার ঐকান্তিক আবেদন আপনার কাছে। মুর্শিদাবাদের মানুষ আমরা। বর্ডারের সাইড হচ্ছে মুর্শিদাবাদ। প্রতিনিয়ত দেখেছি সেখানকার মানুষ ছুটে এসেছে প্রশাসনের দরবারে—আমার মেয়েকে খুঁজে পাচ্ছি না। বাংলায় চলে গেল, কে বলছে কাশ্মীর চলে গেল। কিন্তু সেই সময়ে প্রশাসনের কোনো ভূমিকা দেখিনি। চোখ রাঙালির ভয়ে বলুন। কি কারণে জানি না তারা ছিল নিশ্চুপ। আজকে তাই পশ্চিমবাংলার ঘরে ঘরে মায়েদের রয়েছে কান্নার রব। আজকে একদিকে তাপসী মালিকের কথা আমরা শুনছি। নারী পাচারের ঘটনা আমরা শুনছি। পাশাপাশি আমরা দেখছি বেকারত্বের জ্বালা ও হাহাকার। আজকে একজন বলছিলেন আমরা শিল্প কারখানা বন্ধ করিনি। আমরা চাই উন্নয়ন। আমি তাদের উদ্দেশ্যে বলতে চাই বড় বড় শিল্পের কথা বলব না। প্রতিটি জেলায় এই পশ্চিমবাংলার কিছু জেলায় ঐতিহ্যবাহী শিল্প রয়েছে। আপনারা যদি সঠিক পরিকল্পনা করতেন আজকে সেই শিল্পগুলো দিয়ে কিছু বেকারের কর্মসংস্থানের ব্যবস্থা হত। আমার মুর্শিদাবাদ জেলায় এখানে অনেক বিধায়ক অনেক কিছু বললেন যাঁরা মুর্শিদাবাদ জেলার বিগত দিনে দখল করেছিলেন সেই মুর্শিদাবাদ জেলায় রয়েছে কাঁসা শিল্প, সিল্ক শিল্প, বিড়ি শিল্প। তার উন্নয়ন তাঁরা করতে পারেননি। মুর্শিদাবাদ পিছিয়ে পড়া জেলা। সেখানে সারা ভারতবর্ষের সবচেয়ে বেশি সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষ বাস করে। সাচার কমিটিতে মুসলিম সম্প্রদায়ের কর্মকাণ্ডের পরিকল্পনার কথা বলেছেন। আজকে আপনাদের গায়ে জ্বালা ধরছে। ৩৪ বছর ধরে আপনারা তার ছিটেফোঁটাও করে দেখাননি। যার ফলে বেকারত্বের জ্বালা হু-হু করে বেড়ে চলেছে। আজকে মিঠুদা ডুয়ার্সের কথা বলছিলেন। পর্যটন শিল্পের

কথা বলছিলেন। এই ব্যাপারে আপনারা উদাসীন ছিলেন। বাংলা, বিহার, ওড়িশার রাজধানী হচ্ছে মুর্শিদাবাদ। বাংলার শেষ নবাব সিরাজদৌল্লার বিভিন্ন রকম ঐতিহাসিক কার্যকাণ্ডের সাক্ষী হচ্ছে মুর্শিদাবাদ। রয়েছে হাজারদুয়ারী, রয়েছে খুশবাগ, রয়েছে মতিঝিল কিন্তু আমরা দেখিনি সেই নিদর্শনকে রক্ষা করবার জন্য বিগত সরকারের কোনো ভূমিকা। ভারতের বিভিন্ন প্রান্ত কেন পৃথিবীর বিভিন্ন প্রান্ত থেকে পর্যটকরা ছুটে আসে এই মুর্শিদাবাদের বুকে।

আমরা দেখিনি তাদের সুন্দরভাবে গুছিয়ে তৈরি করতে। আমাদের মুর্শিদাবাদের পক্ষ থেকে হাজারদুয়ারীর সামনে লাইট অ্যান্ড সাউন্ডের জন্য কেন্দ্রের অনুমোদন চেয়ে পাঠানো হয়েছিল। কেন্দ্র অুনমোদন করেছিল। কিন্তু সেই অনুমোদন পাওয়া সত্ত্বেও আপনাদের উদাসীনতা আমরা দেখেছি। আপনারা কাজ করেননি। বিগত দিনেও আপনাদের যে স্বভাব ছিল, সেই একই স্বভাব আপনাদের থেকে গেল। কাজের থেকে চিৎকার বেশি করেন। যার ফলে পশ্চিমবাংলা আজও পিছিয়ে রয়েছে। যাইহোক, সবাইকে ধন্যবাদ জানিয়ে আবার আগামীদিনে সুযোগ পেলে আমার জেলা, আমার রাজ্যের কথা তুলে ধরব। এই সরকারের প্রতি আস্থা জ্ঞাপন করে বলতে চাই, "আমার সোনার বাংলা, আমি তোমায় ভালোবাসি"। ধন্যবাদ।

[4.50—5.00 p.m.]

ডঃ রমেন্দ্রনাথ বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্য সচেতক শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়ের ধন্যবাদসূচক প্রস্তাবকে সমর্থন করে আমি এই সভায় দু-চারটি কথা বলছি। পশ্চিমবঙ্গের পঞ্চদশ বিধানসভার প্রথম অধিবেশনে মাননীয় রাজ্যপাল শ্রী এম. কে. নারায়ণনের প্রারম্ভিক ভাষণের ওপর আমি বিধানসভার একজন সদস্য রূপে আমার গঠনমূলক আলোচনা রাখছি। অমাবস্যার ঘনঘোর অন্ধকার বিদীর্ণ করে ঊষার দ্বার উন্মোচন করে যেমন আবির্ভাব ঘটে দিনমনি সূর্যের, তেমনই ৩৪ বছরের পশ্চিমবঙ্গের রাজনীতির আকাশের গাঢ় তমিশ্রা বিদীর্ণ করে অজস্র সম্ভাবনার পশরা হস্তে নিয়ে আবির্ভাব ঘটেছে এমন এক মুখ্যমন্ত্রীর, মা-মাটি-মানুষের নেত্রী সেই মমতা ব্যানার্জী মহোদয়াকে প্রথমে প্রথমেই আমি অভিনন্দিত করছি। নবোদিত সূর্যের হঠাৎ আলোর ঝলকানিতে যেমন জেগে ওঠে অন্দরে অন্দরে আলোর ঝলক, ঠিক তেমনি করে জেগে উঠেছে পশ্চিমবঙ্গে আজকে সমস্ত জনসাধারণ। পশ্চিমবঙ্গে আজ প্রান্তে প্রান্তে সঞ্চারিত হবে সেই পরিবর্তনের হাওয়া, নব জাগরণের সাড়া। মানুষ পাবে বেঁচে থাকার রসদ। মাননীয় রাজ্যপাল মহামতি এম. কে নারায়ণনের প্রারম্ভিক ভাষণের প্রতি ছত্রে ছত্রে ঘটেছে তারই সার্থক অনুরণন। কথায় বলে, মর্নিং শোজ দ্যা ডে। ঠিক তেমনি করে গত দিনে যখন সিঙ্গুরের জমি অধিগ্রহণের ব্যাপারে যে মূল্যবান ভূমিকা তিনি গ্রহণ করেছেন, সেই ভূমিকার জন্য আজকে সমস্ত কৃষক সমাজ, সমস্ত পশ্চিমবঙ্গের মানুষ—তারা আজ অভিনন্দিত করছে মমতা বন্দ্যোপাধ্যায়কে। কিন্তু যাঁরা বাম জমানার, যাঁরা নিজেদের বামপন্থী বলে দাবি করেন, যাঁদের প্রথম কথা ছিল, "কৃষি আমাদের ভিত্তি, শিল্প আমাদের ভবিষ্যৎ", সেই মানুষরা এই সভায় দাঁড়িয়ে যখন কৃষকের জন্য যে বিল অধিগ্রহণ করতে যাওয়া হচ্ছে, তাকে বর্জন করে তারা সভা

পরিত্যাগ করলেন। ছিঃ ছিঃ বলতে হয় তাদের সেই বাম জমানার, বিপ্লবের জমানা প্রতিষ্ঠিত করার ইতিহাসকে। আপনারা জানেন বিগত ৩৪ বছর ধরে এই বাম জমানা যে অন্যায়ের রাজত্ব, যে জঙ্গলের রাজত্ব প্রতিষ্ঠা করেছিল, তার বিরুদ্ধে মমতা বন্দ্যোপাধ্যায়ের ঐকান্তিক প্রচেষ্টায়, লাখ লাখ যুবকের প্রচেষ্টায় এবং হাজার মানুষের রক্তাক্ত ইতিহাসের মধ্য দিয়ে আজকে যে পরিবর্তন এসেছে, সেই পরিবর্তনকে তারা স্বাগত জানাতে পারছেন না।

আপনারা কি বলবেন ? মমতা ব্যানার্জী মুখ্যমন্ত্রী হয়েছেন বলে আজকে পশ্চিমবাংলার প্রায় ৬ কোটি মানুষ জেগে উঠেছে, উজ্জীবিত হয়েছে। যাঁরা এখানে জয়ী হয়ে বিরোধী আসনে বসেছেন তাঁরা জানেন তাঁদের কেন্দ্রে কেন্দ্রে আজ কিরূপ পরিবর্তন এসেছে। যাঁদের উপর ভিত্তি করে তাঁরা এই সভায় এসেছেন আজকে সেখানের অবস্থা কিরূপ নড়বড়ে হয়ে গেছে। এ কথা তাঁরা মুখে স্বীকার করছেন না, কেবলমাত্র এখানে এসে তাঁদের প্রতিবাদের কথা বলছেন। আজকে আপনাদের গ্রামে গ্রামে মিটিং করতে যান, আপনাদের অঞ্চলে অঞ্চলে দেখবেন কটা মানুষ আপনাদেরকে বর্জন করে, আর কটা মানুষ আপনাদেরকে আহ্বান জানায়। আপনারা যখন কথা বলতে যাচ্ছেন, তখন যা না বলা যায় তাও বলার আপনারা চেষ্টা করছেন এবং সমালোচনায় সমস্ত সভাকে মুখরিত করছেন এবং বিভ্রান্ত করছেন। একটু আগে শুনছিলাম আমাদের পলাশীপাড়া থেকে নির্বাচিত একজন বিধায়কের অভিব্যক্তি, তিনি যেভাবে বললেন ওই কল্যাণীর কথা, গয়েশপুরের কথা। অসত্য কিছু কিছু কথা বলে তিনি এই সভাকে বিভ্রান্ত করেছেন। আমি তাঁর বিরুদ্ধে প্রতিবাদ জানাচ্ছি। আমি কল্যাণীর বিধায়ক হিসেবে আপনাদের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই কল্যাণীতে লাইভ স্টক ফার্ম বলে একটা ফার্ম আছে, যেখানে ৪১৬ একর জমি আছে, সেই ফার্মের যে কি অবস্থা এটা যাঁরা পরিদর্শন করবেন না, তাঁরা বুঝতে পারবেন না। সেখানে কি হয়েছে ? সেখানে বিধানচন্দ্র রায়ের স্বপ্নের নগরী কল্যাণী, সেই কল্যাণীতে এই এস এল এফ আজকে ধ্বংসের মুখে, মৃত্যুর মুখে, সেখানে অনেক মানুষকে ভাড়া করে এনে অর্থাৎ তাদের কাছ থেকে টাকার বিনিময়ে বেনামী মানুষগুলোকে বসানো হয়েছে, এখানে অনেক জায়গায় জঙ্গলের রাজত্ব তৈরি হয়েছে, যেখানে সেখানে ছাগল চাষের নামে কি চাষ হচ্ছে সেটা তারাই জানে, গরু চাষের নামে কি হচ্ছে সেটা তারাই জানেন। সেখানে জঙ্গলে জঙ্গলাকীর্ণ হয়ে গেছে। ওই ৪১৬ একর জমি ধ্বংসপ্রাপ্ত হয়েছে। এবং সেখানে যদি সেই জমি অধিগ্রহণ করা যায় এবং সেখানে যদি পরিদর্শন করে উপযুক্ত ব্যবস্থা নেওয়া যায় তাহলে দেখা যাবে সেখানে সি পি এম এবং তাঁদের হার্মাদ বাহিনী ওই জায়গাটাকে লণ্ডভণ্ড কর্মকাণ্ডে পরিণত করেছে এবং তাঁদের টাকা আদায়ের মেশিনে পরিণত করেছে। যারা ওখানে বসবাস করছেন তাদের কাছ থেকে টাকা নিয়ে নিচ্ছে, অথচ ইলেকট্রিসিটি বাবদ প্রতি বছরে ৭৭ লক্ষ টাকা সরকারকে গুনতে হচ্ছে। সেখানে এই রকম অবস্থা। স্পিনিং মিলের অবস্থা অত্যন্ত খারাপ এবং অন্যান্য যে সমস্ত জায়গা বিশেষ করে বিধানচন্দ্র রায়ের শিল্পনগরী রূপে যাকে গড়তে চেষ্টা করা হয়েছিল, সেই শিল্পনগরীতে ১৫০টি ফ্যাক্টরির মধ্যে সেখানে মাত্র ২৫-২৬টি জীবিত আছে, আর বাকি সব নিঃশেষ হয়ে গেছে। ইউনিয়নবাজীর কারণে, নানা কারণে সেখানে যা অবস্থা হয়েছে সেটা না দেখলে বোঝা যায়

না। কারা করেছে এটা, তাঁদের এই সমস্ত কথা আপনারা একবার উল্লেখ করুন। কল্যাণী ইউনিভার্সিটিতে যে সমস্ত অনিয়ম চলছে, সেই সমস্ত অনিয়মের ভিতরে প্রবেশ করে দেখেছি সেখানে যে কত অনিয়ম তার ঠিক নেই। গয়েশপুর মিউনিসিপ্যালিটির যিনি সভাপতি, সেই সভাপতি আজকে যখন সরকারের পরিবর্তন হয়েছে, সেই অবস্থায় তিনি সরকার পরিবর্তনের অল্প কয়েকদিন পরেই তিনি আত্মগোপন করে কোথায় চলে গেছেন। ওখানকার মানুষ কোনো পরিষেবা পাচ্ছে না। বরং আমাদের এই সভায় তাঁদের একজন বিধায়ক আজকে বললেন যে তিনি ভয়ে চলে গেছেন। ভয়ে চলে গেছেন, না, কিসের ভয়ে তিনি চলে গেছেন সেটা যদি পরিদর্শন করা যায়, যদি এনকোয়্যারি করা যায় তাহলে বুঝতে পারা যাবে যে সেখানে কি কাণ্ড হয়েছে। ওখানে যাঁরা কাজ করেন তাঁরা অনেকে আমাকে বলেছেন, যে তিনি কিসের ভয়ে চলে গেছেন। আমি এই সভাকে ঠিকমতোভাবে এনকোয়্যারি না করে, আরও তদন্তের ব্যবস্থা না করে আমি সে কথা জেনেও বলব না। আজকে তিনি বলছেন যে, দারোগা তাঁদের কেস নিচ্ছেন না। এ কথা বলেও সভাকে বিভ্রান্ত করা হচ্ছে। বরং যার কথা বলা হচ্ছে যে কেস নিচ্ছেন না, বরং তিনি অর্থাৎ আমাদের যিনি আই.সি. আছেন, তাঁকেও পরিবর্তন করা দরকার। কিন্তু আমাদের নেত্রী বলেছেন পুলিশকে নিরপেক্ষভাবে কাজ করতে দিতে হবে, সেই জন্য আমরা তাকে কাজ করতে দিচ্ছি। কোনো বাধা সৃষ্টি করছি না অথচ আমাদের অযথা দোষ দেওয়া হচ্ছে।

[5.00—5.06 p.m.]

বরং বন্ধুভাবে তাদের দিয়ে, আমলাদেরকে দিয়ে যদি কোনো কাজ করানো যায় সেই ব্যাপারে আমরা সতর্ক রয়েছি এবং আমরা সেইভাবে তাদেরকে কাজ করতে দিচ্ছি। যেটা উনি পরিবেশন করলেন সেটা একদম সভাকে বিভ্রান্ত করার প্রচেষ্টা করা হচ্ছে। ছাত্র আন্দোলনের কথা বলতে গিয়ে মাননীয় বিধায়ক আমাদের ছাত্রদের দোষারোপ করে সভাকে বিভ্রান্ত করছেন, ওঁদের জমানায় ওঁরা যা করতেন আজকে তাঁরা মনে করেছেন আমরা জিতেছি অতএব আমরা বোধহয় তাই করছি। এই জন্য তিনি কিছুটা মনগড়া অবস্থায় আর কিছুটা নিজের বক্তব্য রাখতে হবে সেইভাবে নদিয়া জেলার কথা বলছেন। আমি এ মন্তব্যের তীব্র বিরোধিতা করছি দেখুন না আজ হরিণঘাটার দুগ্ধ প্রকল্প নিঃশেষিত হয়ে গেছে। যেখানে নদিয়া এত ধ্বংসের ইতিহাস এবং যেখানে এত ব্যর্থতার ইতিহাস সেই ব্যর্থতার মধ্যে আপনারা যাঁরা জিতেছেন তাঁদের মধ্যে থেকে আপনাদের কেউ কেউ এতখানি গলাবাজি করে, ঠিক গলাবাজি ভাষাটা আমি বলতে চাই না, এমনভাবে যদি পরিবেশন করতে চান তাহলে সেটা সভাকে বিভ্রান্ত করাই হবে আর কিছু হবে না। আমি আরও অনেক কথা বলতে চাই। আমি বলতে চাই মমতা বন্দ্যোপাধ্যায়ের ব্যাপারে, বলা হচ্ছে সিঙ্গুরের জন্য গতকাল যে বিল পাশ হয়ে গেল এটা তো মূলত করা উচিত ছিল সি পি এম তথা বামেদের। অথচ মমতা বন্দ্যোপাধ্যায় সেই কাজটি করলেন। যেটা বামের কাজ সেটা মমতা বন্দ্যোপাধ্যায়কে করতে হল। তাই আমি বলতে চাই, বামের যা কাজ ডান হয়ে করে, গড়ে নয়া ইতিহাস, সিঙ্গুর আর নন্দীগ্রামের বুকে উৎকীর্ণ উদ্ভাস। সিঙ্গুর এবং নন্দীগ্রামের বুকে যে কাণ্ড ঘটেছে, যে উল্টোপুরাণ রচিত হয়েছে, সি পি এমও যেখানে

তৃণমূলের ধ্বজা ধারণ করতে পেরেছে, মমতা বন্দ্যোপাধ্যায় কেবল এই কাজটি সম্ভব করতে পারেন। যেখানে তাদের জমানা সেই জমানার মধ্যে থেকে আজকে মমতা বন্দ্যোপাধ্যায় যে অসাধ্য সাধন করলেন তার কোনো তুলনা নেই। তার কোনো নজির নেই। এবং এই কৃষকদের স্বার্থে যে বিল আনা হয়েছে, সেই বিলকে তাদের বরং সমর্থন করে নিজেদের পাপস্খলন করা উচিত ছিল। কিন্তু সেটি তাঁরা করেননি। বরং এখান থেকে তাঁরা কক্ষ ত্যাগ করে চলে গেলেন। তাই আমি বলতে চাই মমতা বন্দ্যোপাধ্যায় ইতিমধ্যে, অল্প কয়েকদিন মাত্র মুখ্যমন্ত্রী হয়ে সিঙ্গুরের জমি ফেরত দেবেন বলে বিল পাশ করেছেন। স্বাস্থ্যক্ষেত্রে শৃঙ্খলা আনার চেষ্টা করেছেন, উর্দু এবং নেপালি প্রভৃতি ভাষাকে স্বীকৃতি দিয়েছেন, মাদ্রাসাকে অনুমোদন দেওয়ার ব্যবস্থা করেছেন। সাঁইবাড়ির জন্য তদন্ত কমিশন গঠন করেছেন, উত্তরবঙ্গে মুখ্যমন্ত্রী সচিবালয় গঠন করেছেন, মেডিক্যাল কলেজে সিট বাড়িয়েছেন, পুলিশকে নিরপেক্ষভাবে কাজ করতে দিয়েছেন, আমলাকে স্বাধীনভাবে কাজ করতে দেওয়ার প্রচেষ্টা চালিয়েছেন, রাজনৈতিক বন্দীদের মুক্তির জন্য কমিটি গঠন করেছেন, এমপ্লয়মেন্ট ব্যাংক তৈরি করতে যাচ্ছেন। সংবিধান অনুযায়ী তফসিলি জাতি, উপজাতিদের যথাযোগ্য মর্যাদা দেবার চেষ্টা করেছেন এবং সংবিধানে যা যা আছে সেই প্রতিশ্রুতি পালন করবেন বলে অঙ্গীকার করেছেন। আমাদের মহামান্য রাজ্যপাল তাঁর লিখিত ভাষণের মধ্যে শেষের দিকে বলেছেন, অল্প সময়ের মধ্যে আমি যা করলাম, আরও অনেক কিছু করার আছে। মমতা বন্দ্যোপাধ্যায় যতটুকু দায়িত্ব পান তার চাইতে অনেক বেশি করবার ক্ষমতা রাখেন। কারণ তিনি প্রতিভাময়ী, ক্রিয়েটিভ। মমতা বন্দ্যোপাধ্যায় একটি মাত্র দপ্তর, রেল দপ্তর হাতে নিয়ে আজকে কেবলমাত্র পশ্চিমবঙ্গের বুকে নয়, সারা ভারতবর্ষের বুকে যে অসাধ্য সাধন করেছেন তার কোনো তুলনা নেই। তাই আমি বলতে চাই, "তৃণমূল ধাত্রী, মমতা কথা আজ, হোক হোক ইতিহাস, উদ্ভাসিয়া প্রাচ্য ভূমি, সারা বিশ্বাকাশ।" এইটুকু কথা সবার কাছে নিবেদন করে, আমি আমার ক্ষুদ্র বক্তব্য এখানেই শেষ করছি। নমস্কার।

শ্রী এস এম সাদি : স্যার, পয়েন্ট অব অর্ডার। সম্মানীয় সদস্য বলবার সময় বলতে বলতে বলেছেন যে, মিথ্যে কথা, মিথ্যে শব্দটা ব্যবহার করেছেন। এটা সংসদীয় রীতি বিরোধী। উনি সেটাকে অসত্য বলতে পারেন, কিন্তু মিথ্যে শব্দটা অসংসদীয়। এই মিথ্যে শব্দটা কার্যবিবরণী থেকে বাদ দেওয়া হোক।

মিঃ স্পীকার : আচ্ছা, আচ্ছা, থাঙ্ক ইউ।

Adjournment

The House was then adjourned at 5.06 p.m. till 11-00 a.m. on Thursday, the 16th June, 2011 at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Thursday, the 16th June, 2011 at 11.00 a.m.

PRESENT

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 27 Ministers, 07 Ministers of State and 218 Members.

[11.00—11.10 a.m.]

CALLING ATTENTION

Mr. Speaker: Hon'ble Members, several subjects hav been referred to in today's Calling Attention motion out of which I have selected one, the motion given by Shri Kallol Khan and Shri Samir Kumar Poddar on the subject of "Reported killing of two persons in two districts on June 12-13, 2011."

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

Shri Manoj Chakraborty: Sir, the statement will be made on 27th June, 2011.

Mr. Speaker: So far as the other Attention notices are concerned, I am just reading out the Calling Attention motion I have received today.

Subject	Name
Reported death of a new-born baby at Chakdaha Hospital, Nadia on 15.6.11	: Shri Naresh Chandra Chaki
Reported killing of one Alok Beora at Seharbani village in Bankura on 11.6.11	: Shri Upen Kisku
Alleged forcible removal of CPI(M) supporters from residence at Ramnagar, Paschim Medinipur	: Shri Nazmul Haque
Alleged searching of CPI(M) zonal office at Keshpur, Paschim Medinipur by Police	: Shri Rameswar Doloi
Alleged assault on a police officer at Chinsurah Police Station on 14.6.11 by Vice-Chairman of Chinsurah Municipality	: Shri Prabodh Chandra Sinha

MENTION CASES

Mr. Speaker: I have received four mention cases from the opposition parties and I have received fifteen mention cases from the ruling parties.

Shri Tazmul Hossain, the matter that has been raised for stoppage of Kanchanjangha Express at Harishchandrapur Railway Station, is a central subject. Therefore, it cannot be discussed in the House.

শ্রী সমর মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি বলতে চাই, ১৯৮২ সালে এই বিধানসভায় এসেছিলাম, ১৯৯৬ এবং ২০০১ সালে এসেছিলাম। তৎকালীন সেচমন্ত্রী মাননীয় দেবব্রত বন্দ্যোপাধ্যায় থেকে শুরু করে বর্তমান সেচমন্ত্রী মানস ভুঁইয়াকেও একটাই কথা বারবার বলে আসছি যেটা আপনার মাধ্যমে এই পবিত্র বিধানসভায় বলতে চাই, আমি বিধানসভার সদস্য, কিন্তু আমি নিজেকে প্রশ্ন করি, আমি বাঙালী, না বিহারী, না ঝাড়খণ্ডী ? আমার যে এলাকাটা মালদা জেলার মানিকচকের পাশে, সেখানে ৭৫ হাজার লোক বাস করে, কাটাহার দিয়াড়া, ভূতনীদিয়াড়ার পাশে। কিন্তু সেচ বিভাগ সেই ১৯৮২ সাল থেকে আজ পর্যন্ত ওই জায়গাটাকে জল-বালু দেখিয়ে কখন বিহার, কখন ঝাড়খণ্ড বলে। কিন্তু আমি পশ্চিমবাংলার নাগরিক, বিধানসভার সদস্য হিসাবে এই প্রশ্নটি আমি আপনার মাধ্যমে করতে চাই দিক নির্ণয় করা হোক এবং এই ৭৫ হাজার লোক তারা কোথায় যাবে, তাদের ভাগ্য কি এবং গঙ্গা ও ফুলহারের মাঝখানে যে চর সেই চর এলাকা কেটে যাচ্ছে ১২ কিলোমিটার—৭৫ হাজার মানুষের দৃষ্টি আপনার দিকে। আপনার মাধ্যমে বলছি মাননীয় সেচমন্ত্রী ও বর্তমান মাননীয় মুখ্যমন্ত্রী যাতে এই ৭৫ হাজার লোককে বাঁচান সেই ব্যবস্থা করলে কৃতজ্ঞ হব।

শ্রী সুনীল কুমার মণ্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, বর্ধমান জেলার পানাগড়-মৌরগ্রাম যে রাস্তা এবং ন্যাশনাল হইওয়ে হিসাবে পানাগড় দুর্গাপুরর যে রাস্তা আছে সেখানে দীর্ঘদিন ধরে এত যানজট যে সেই যানজটে ২-৪ ঘণ্টা—এটা শুধু আমি বলছি না, গোটা জেলা বীরভূম, মুর্শিদাবাদ থেকে আরম্ভ করে, বাঁকুড়া থেকে আরম্ভ করে প্রত্যেকটা জেলা জানে যে এই রাস্তা দিয়ে যখন পার হতে হয় মানুষকে ২-৪ ঘণ্টা নয়, ২-১ দিনও লেট করতে হয়। এই যানজটের ফলে দেখা গেছে প্রচুর লোকের মৃত্যু ঘটেছে। অ্যাক্সিডেন্ট এবং যানজট দুটোই সমানতালে চলেছে। আমার এখনে টি এম সি-র বিধায়ক যাঁরা আছেন তাঁরা জানেন এই ব্যাপারে ডি এম বারবার মিটিং করছেন। কিন্তু কাজের কাজ কিছুই হচ্ছে না। আমি এইজন্য মন্ত্রিমহোদয়ের কাছে অনুরোধ করছি যে এই যানজট এবং মানুষের এই মৃত্যুহারকে যাতে কমানো যায় এবং নিজেদের জায়গা থাকা সত্ত্বেও কেন রাস্তা হচ্ছে না এই ব্যাপারে আমি মাননীয় মন্ত্রীমহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। দীর্ঘদিন থেকে এটা নিয়ে টালবাহানা হচ্ছে। কেন হচ্ছে এই ব্যাপারেও আপনাদের দৃষ্টি আকর্ষণ করছি। কেন রাস্তা হবে না এবং শুধু এটা নয় মাননীয়া মুখ্যমন্ত্রী নিজেও জানেন—যখন মুখ্যমন্ত্রী যান তখন পুলিশ

তাড়াতাড়ি করে এই রাস্তাটাকে সাফাই করে দেয়। তারপরে যেমন রাস্তা আছে ঠিক তেমনি চলে। এখানে আমাদের টি এম সি-র যাঁরা বিধায়ক আছেন তাঁরাও বলবেন এই ব্যাপারে। আমি তাঁদেরকে অনুরোধ করব আপনারা এই ব্যাপারে ব্যবস্থা নিন। আজকে দুর্গাপুরে যে আই টি পার্ক হবে, দুর্গাপুরে যে কলকারখানা হবে সেটা কি করে হবে। রাস্তাই নেই তো কারখানা কি করে হবে। এইজন্য আপনাদের কাছে আমার সবিনয় অনুরোধ আপনারা দেখুন, আপনারা এই ব্যাপারে সচেষ্ট হন এবং এই ব্যাপারে ব্যবস্থা নিন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি। নমস্কার।

শ্রী অভিজিৎ মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার থ্রু দিয়ে আমি মাননীয় সংশ্লিষ্ট মন্ত্রীকে অনুরোধ করব যে নলহাটি বিধানসভার নলহাটি শহরে পানীয় জলের ভয়ংকর অভাব। বেশিরভাগ জল আসে কুয়ো থেকে। গ্রীষ্মকালে কুয়োয় জল শেষ হয়ে যায়। ওখানে একটা জলের প্রকল্প আছে, পানীয় জলের প্রকল্প, সেটা আপগ্রেড হয়ে কাজটা পড়ে আছে। কাজ খুব শ্লো গতিতে হচ্ছে। এটাকে যাতে ত্বরান্বিত করা যায়, পুজোর আগেই যেন জল সরবরাহ করা যায়, পাইপ ওয়াটার টু ইচ অ্যান্ড এভরি হাউসহোল্ড, এটাই আমি অনুরোধ করব আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রিমহোদয়কে। ধন্যবাদ।

শ্রী রণেন্দ্রনাথ রায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার কোচবিহার ৩ নং উত্তর বিধানসভা কেন্দ্রের কালজানি, গদাধর এবং তোর্সা নদীর ভাঙনে ৫টি ব্লকের প্রায় চারটি মৌজা বিলীন হয়ে গেছে এবং আরো ৮-১০টি মৌজা আগামীতে হয়তো বিলীন হয়ে যাবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়কে অনুরোধ করছি যে এটার একটা ব্যবস্থা নিতে হবে। এইজন্য আমি আপনার কাছে এই অনুরোধ জানাচ্ছি। ধন্যবাদ। নমস্কার।

শ্রী ভূষণ চন্দ্র দলুই : মিঃ স্পীকার স্যার, আমি পূর্ব মেদিনীপুরের ময়না বিধানসভা থেকে নির্বাচিত। আমার বিধানসভা কেন্দ্রটি ময়না ব্লকের ১১টি অঞ্চল এবং তমলুক ব্লকের অনুন্নত প্রায় পাঁচটি অঞ্চল নিয়ে গঠিত। প্রায় ব্লকই এই বিধানসভা কেন্দ্রের অন্তর্গত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই, ১৯৭২-৭৭ সালের পিরিয়ডটাতে আমার তমলুক ব্লকের শ্রীরামপুর থেকে হরিদাসপুর পর্যন্ত এলাকায় একটা পাকা রাস্তার পরিকল্পনা গৃহীত হয়েছিল। সেই দশ কিলোমিটারের মধ্যে প্রায় চার কিলোমিটার এলাকায় অর্থাৎ হরিদাসপুর সাইড থেকে রাজনগর পর্যন্ত এরিয়াটায় সংখ্যালঘু সম্প্রদায়ের বাস। সেই এলাকা পর্যন্ত পাকা রাস্তার কাজটা হয়েছিল, বাকি রাজনগর থেকে শ্রীরামপুর পর্যন্ত এলাকাটিতে earth work আরম্ভ হয়েছিল এবং ভূমি অধিগ্রহণও আরম্ভ হয়েছিল। তারপরে আর কোনো কাজ এগোয়নি। মেটাল রোড নষ্ট হয়ে গেছে এবং earth work হওয়া সত্ত্বেও এবং জমি অধিগৃহীত হওয়া সত্ত্বেও রাজনগর থেকে শ্রীরামপুর পর্যন্ত এলাকায় কোনো কাজ এগোয়নি। এই ব্যাপারে মাননীয় স্পীকার মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই, যাতে জনস্বার্থে এই রাস্তাটি সম্পূর্ণভাবে মেটাল রোডে রূপান্তরিত করা হয় তার দাবি আমি জানাচ্ছি। ধন্যবাদ।

[11.10—11.20 a.m.]

শ্রী নর্মদা রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চ শিক্ষা মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, উচ্চ মাধ্যমিকের ফল ইতিমধ্যে বেরিয়েছে। বহু ছাত্র-ছাত্রী ভর্তির সমস্যার মধ্যে পড়েছে। পূর্বতন বামফ্রন্ট সরকারের উদ্যোগে প্রচুর মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক স্কুল এবং কলেজ স্থাপিত হয়েছিল। ফলে গ্রামেগঞ্জে শিক্ষার প্রসার ঘটেছে। সেই সঙ্গে আমি বলতে চাই, যে কুশমুন্ডি বিধানসভা কেন্দ্রে নয়-দশটি উচ্চ মাধ্যমিক স্কুল আছে। এই স্কুলের ছাত্র-ছাত্রীদের অধিকাংশই রিমোট এরিয়া থেকে এসেছে এবং তপশিলি জাতি এবং আদিবাসী পরিবার থেকে এসেছে। তারা উচ্চ মাধ্যমিক পরীক্ষায় পাশ করেছে। কিন্তু এই বিধানসভা কেন্দ্রের মধ্যে কোনো কলেজ না থাকার জন্য তাদের অধিকাংশই উচ্চ শিক্ষা লাভ থেকে বঞ্চিত হচ্ছে। দক্ষিণ দিনাজপুর একটি পিছিয়ে পড়া এলাকা এবং কুশমুন্ডি এলাকার তিন দিকে হচ্ছে ভারত-বাংলাদেশ সীমান্ত। এই এলাকার অধিকাংশ মানুষই হচ্ছে তপশিলি জাতি এবং আদিবাসী পরিবারের। সেইজন্য এই এলাকার ছাত্র-ছাত্রীরা উচ্চ শিক্ষালাভ থেকে যাতে বঞ্চিত না হয় তার জন্য সেখানে একটি মহাবিদ্যালয় স্থাপনের জন্য আমি উচ্চ শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে আবেদন জানাচ্ছি। ধন্যবাদ।

শ্রী কেশব চন্দ্র রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি কুচবিহারের একটি প্রত্যন্ত এলাকা সিতাই বিধানসভা কেন্দ্র থেকে নির্বাচিত। আর আমার বিধানসভা এলাকার পরেই বাংলাদেশ। এই বিধানসভা সতেরোটি গ্রাম পঞ্চায়েত তার মাঝখান দিয়ে সিঙিমারী-ধরলা নদী প্রবাহিত। নদীর ওপারে পাঁচটা গ্রাম পঞ্চায়েত আর এপারে দশটা গ্রাম পঞ্চায়েত অবস্থিত। মাঝখানে কোনো সেতু নেই। যার ফলে আমি দেখেছি অনেক ভ্যানপুলার ভাই সামনে একজন ভ্যান টানেন, আর পেছনে পেছনে দুজন ভ্যান ঠেলেন। মাঝে মাঝে গাড়িতে নদী পেরোতে গিয়ে নেমে আমিও ওদের সঙ্গে হাত লাগাই। এমতবস্থায় মানুষ সেখানে নদী পারাপার করে। আবার যখন বন্যা আসে তখন ছাত্র-ছাত্রীরা দিনহাটা কলেজে যখন পড়তে যায় তখন নৌকায় করে পারাপার হতে হয়। নৌকায় পারাপার হতে গিয়ে অনেক নৌকাডুবির ঘটনা, অনেক প্রাণহানির ঘটনা সেখানে হয়েছে। সেখানে একটা আদাবারি ঘাট আছে। ৩৪ বছর ধরে যখনই নির্বাচন আসে তখন বামপন্থী বন্ধুরা সেখানে গিয়ে বলেন এবারে সেতু করে দেব, এবারে ভোট দিন। যেই না ভোট হয়ে যায়, তারপরে তারা মুখে কুলুপ দিয়ে দেয়। স্যার, আপনার মাধ্যমে আমি মুখ্যমন্ত্রী এবং পূর্তমন্ত্রীর কাছে দাবি জানাচ্ছি এই সেতুটির কাজ যাতে ত্বরান্বিত হয়। সেই সেতুটি তখনই রক্ষা হবে যদি সেই নদীটির দুই পাড় বেঁধে দেওয়া হয়। সেখানে একটা বাঁধের প্রয়োজন, সেই বাঁধ না থাকাতে দুই কূলে ভাঙনও শুরু হয়ে গেছে। এই ব্যাপারটা দেখার জন্য আমি মাননীয় পূর্তমন্ত্রীর কাছে অনুরোধ করছি। ধন্যবাদ।

মিঃ স্পীকার : শ্রী রামেশ্বর দলুই এবং বিরাম মান্ডি আপনারা যে দুটো বিষয় উল্লেখ করতে চেয়েছেন, এটা গভর্নস অ্যাড্রেসে আপনারা যখন অংশগ্রহণ করবেন তখন নিশ্চয় আপনারা সুযোগ পাবেন। সেইজন্য আপনাদের এই দুটো আমি ডিসঅ্যালাউ করলাম।

শ্রী গুলশন মল্লিক : অনুপস্থিত।

শ্রী উপেন কিস্কু : মাননীয় অধ্যক্ষ মহোদয় আমি একটি বিশেষ সমস্যার প্রতি অপানার মাধ্যমে আমাদের অনগ্রসর সম্প্রদায় কল্যাণ দফতরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন স্যার গত দু-বছর ধরে বাঁকুড়া, মেদিনীপুর, পুরুলিয়া এলাকায় প্রচণ্ড খরা হয়। আর এবছর সেশান শুরু হয়েছে মাধ্যমিক পর্যায়ে ফেব্রুয়ারিতে। মাঝখানে নির্বাচন ছিল, হস্টেলের ছেলে-মেয়েরা স্টাইপেন্ডের টাকা পায়নি। ইতিমধ্যে পাঁচ মাস পেরিয়ে গেছে,। এবছর তাদের পারিবারিক অবস্থা দুর্বল, তার ওপর যদি তাদের হস্টেলের টাকা না যায় তাহলে অনেক হস্টেল বন্ধ হয়ে যাবে। ছেলে-মেয়েদের পড়াশুনো বন্ধ হয়ে যাবে। মন্ত্রী নতুন, উনি উদ্যোগী মানুষ আমরা জানি। কিন্তু আমাদের নেতা তথা মুখ্যমন্ত্রী যখন বলছেন দ্রুত কাজ করব তখন আদিবাসী তপশিলি ছেলে-মেয়েদের খাবার টাকাটা যাতে দ্রুত মঞ্জুর করে পাঠানো যায় সেইজন্য আপনার মাধ্যমে অনগ্রসর সম্প্রদায় কলাণ বিভাগের মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, ধন্যবাদ।

শ্রী অশোক ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি পরিবহন দফতরের মাননীয় মন্ত্রীর আকর্ষণ করতে চাইছি। আপনি জানেন ৩৪ বছরের জমা জঞ্জাল পরিষ্কার করতে আমাদের সময় লাগবে। তবু আমি বলি, হাওড়ায় একটি বড় সমস্যা আছে উত্তর এবং দক্ষিণের মধ্যে যোগাযোগ বিচ্ছিন্ন দীর্ঘদিন। প্রশাসনকে বলেও তাদের কর্ণগোচর করা যায়নি। বালি খাল থেকে বোটানিকাল গার্ডেন, এখানকার মানুষ ভোগে, এবং হাওড়ার প্রাণ-কেন্দ্র যেটা হাওড়া কোর্ট, ডি.এম.বাংলো, হাওড়া কর্পোরেশন, স্টেট ট্রান্সপোর্ট অফিস, সি.ই.এস.সি. এখানকার মানুষকেও যেতে দুর্ভোগে পড়তে হয়। হাওড়া দিয়ে ঘুরে তাদের যেতে হয়। এজন্য আমি পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাইছি যে সোজা বালি খাল থেকে বি গার্ডেন একটি বাস রুট যদি করা যায় তাহলে সেখানকার মানুষের দুর্ভোগ কিছুটা কমে।

শ্রী রামশংকর হালদার : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে পূর্ত মন্ত্রীর সমীপে আমি কিছু কথা বলতে চাইছি। আমার দক্ষিণ চব্বিশ পরগণা জেলার কুলতলি প্রত্যন্ত পিছিয়ে পড়া যোগাযোগ বিচ্ছিন্ন এলাকা ছিল। গত বামফ্রন্টের সময়কালে দশ কিলোমিটার রাস্তা থেকে একশো কিলোমিটারের ওপর রাস্তা যদিও হয়েছে। হেড়োভাঙা থেকে কিশোরী মোহনপুর পর্যন্ত রাস্তা, এর পাঁচ কিলোমিটার এখনো বাকি আছে। কিশোরী মোহনপুর— ওখানে একটা পর্যটন কেন্দ্র গড়ে তোলা যায়। সুন্দরবন দফতরের উদ্যোগে ওখানে একটা ব্রিজও হয়েছে। কয়েকটা ব্রিজ যোগাযোগ বিচ্ছিন্ন, কুলতলি ব্লক সাতটা দ্বীপ থেকে বিচ্ছিন্ন ছিল, সেই দ্বীপগুলোকে জুড়ে মূল ভূখণ্ডের ব্রিজের মধ্যে মূল ভূখণ্ডের সঙ্গে যুক্ত করা হয়েছে। কিন্তু একটা ব্রিজ ঢাকির মুখ ব্রিজ যেটা হচ্ছে জয়নগর টু ব্লক, কুলতলি ব্লক এবং মথুরাপুর ব্লকের সংযোগে সুন্দরবন দফতরের উদ্যোগে শুরু হয়েছে, ওটা শেষ হয়নি অসম্পূর্ণ আছে। দ্রুত এটার কাজ করবার জন্য সংশ্লিষ্ট মন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি। ধন্যবাদ।

[11.20—11.30 a.m.]

শ্রী নেপাল মাহাত : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্যার, দীর্ঘদিন ধরে আমাদের পুরুলিয়ার বাগমুন্ডি

কলকাতার সাথে কোনো যোগাযোগ ব্যবস্থা নেই। ইতিমধ্যে এর আগেও আমরা দেখেছি পুরুলিয়ার বিভিন্ন প্রান্ত থেকে কলকাতার যে সরকারি বাসগুলো ছিল, সেই বাসগুলি কোনো দিনই তারা last destination যেত না। ওখানে যারা সিটু ইউনিয়ানের লোক তাদের সাথে কথাবার্তা বলে বা তারা নিজেরা যোগসাজশ করে সমস্ত বাসকে পুরুলিয়াতে রেখে দেওয়া হয়েছে, কোনো জায়গায় যোগাযোগ নেই। আমি এর আগের মন্ত্রীকে অনেক বার বলেছি, ওনারা কিছুই করেননি। আজকে স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বাগমুণ্ডি সব থেকে প্রত্যন্ত এলাকা, সেখান থেকে কলকাতার যোগাযোগের ব্যবস্থাটা এস.বি.এস.টি.সি. বাস অবিলম্বে সেখান থেকে দেওয়া হয়, কারণ কলকাতার থেকে সেখানে কোনো যোগাযোগ নেই। ট্রেনের তো কোনো যোগাযোগ নেই, ওখানে কোনো রেললাইনও নেই। এবং দীর্ঘদিন ধরে এই এলাকায় লাইন দেওয়া হয়েছে সরকারি ভাবে নথিভুক্ত আছে। এই সব জায়গা থেকে সরকারি ভাবে বাস চলে কিন্তু ওখানে যারা প্রাইভেট বাস মালিক তাদের সাথে যোগসাজশ করে সরকারি বাসগুলো যেন original destination থেকে না চলে তার একটা পাকাপাকি ব্যবস্থা করা আছে, এই বন্দোবস্ত ভেঙে দিতে হবে। এবং শুধু পুরুলিয়াতে নয়, অনেক জায়গায় দেখেছি, আমি এই কমিটির সদস্য ছিলাম তখনও দেখেছি বেশির ভাগ জায়গাতে, যে জায়গা থেকে বাসগুলো চলার কথা ঘোষণা করা হয়েছিল সেই জায়গাগুলোর বেশির ভাগ জায়গাতেই চলে না। আজকে স্যার, আমি আপনার মাধ্যমে বিশেষ করে পুরুলিয়ার নিজের এলাকার কথা বলছি, সেখান থেকে কলকাতার যোগাযোগের জন্য মাননীয় সুব্রতবাবু বসে আছেন। অবিলম্বে বাগমুন্ডি থেকে কলকাতার যোগাযোগের জন্য একটা সরকারি বাস যেন দেওয়া হয়। ধন্যবাদ স্যার।

শ্রীমতী মমতা রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ধুপগুড়ি ব্লক থেকে মমতা রায় বলছি যে, আপনার মাধ্যমে আমি স্বাস্থ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়কে দৃষ্টি আকর্ষণ করছি যে, আমাদের ধুপগুড়ি ব্লকে যে হসপিটালটি আছে রুর‍্যাল হসপিটাল ৩০ বেডের হয়ে আছে। ৮২ বেডের জন্য ওয়াকারি করা হয়েছে সেই কাজটি এখনও শুরু হয়নি, দ্রুততার সহিত করার জন্য আমি স্বাস্থ্য মন্ত্রী মহোদয়কে দৃষ্টি আকর্ষণ করছি। এবং আমাদের ধুপগুড়ি ব্লকে সাধারণ মানুষ সেখানে ৭৩ শতাংশ মানুষ, সেখানে চা বাগান সহকারে বিভিন্ন গ্রামান্তর থেকে ছুটে আসে, সেই স্বাস্থ্য কেন্দ্র থেকে চিকিৎসার জন্য সুব্যবস্থা করা হয়, এবং সেই জায়গাটা আরও পরিকাঠামো বৃদ্ধি করার জন্য আমি স্বাস্থ্য মন্ত্রীর কাছে দৃষ্টি আকর্ষণ করছি। এবং হসপিটালকে স্টেট জেনারেল হসপিটাল করার জন্য দৃষ্টি আকর্ষণ করছি এবং এই বলে ধন্যবাদ জানাচ্ছি।

শ্রী উমাপদ বাউরি : মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মহাশয়, আমি পুরুলিয়া জেলার পিছিয়ে পড়া পারা বিধানসভার বিধায়ক। পুরুলিয়া জেলা তথা পারাতে স্বাস্থ্যের সুচিকিৎসার কোনো ব্যবস্থা নেই। আজকেও পুরুলিয়া ছেড়ে বাঁকুড়া, কলকাতায় এবং টাটাতে চিকিৎসার জন্য এখানকার মানুষকে যেতে হয়। মাননীয় মন্ত্রীর কাছে এই জন্য আমি অনুরোধ রাখছি যাতে পুরুলিয়াতে তথা পারাতে চিকিৎসার জন্য সুব্যবস্থা করা হয়। পারা বিধানসভাতে নয়টি চিকিৎসা কেন্দ্র আছে। তার

মধ্যে দুটি প্রাথমিক বাকি সাতটি স্বাস্থ্য ও উপস্বাস্থ্য কেন্দ্র। পারা থানাতে যে প্রাথমিক চিকিৎসা কেন্দ্র আছে সেখানে চিকিৎসার কোনো সুব্যবস্থা নেই, ডাক্তার নেই, একজন ডাক্তার পারা হসপিটালে আছেন, সেখান থেকে পেমেন্ট তোলেন, অথচ তিনি প্র্যাকটিস করেন পুরুলিয়াতে, এর জন্য ব্যবস্থা নেওয়ার জন্য আমি মাননীয় মন্ত্রীর কাছে আবেদন রাখছি।

শ্রী রঞ্জিত মণ্ডল : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে হায়ার এডুকেশনের মিনিস্টারের দৃষ্টি আকর্ষণ করছি। গতকাল আমরা দেখেছি সংবাদপত্রে রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ে উপাচার্য নির্বাচনে যে প্রক্রিয়া চলছিল তা চলাকালীন বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলার মাননীয় গভর্নরের একটি চিঠি সেখানে যায়। এবং উপাচার্য নির্বাচন প্রক্রিয়া বন্ধ হয়ে যায়। বিশ্ববিদ্যালয়ের সিনেট, সিনডিকেট, কোর্ট, ই.সি. সমস্ত গুরুত্বপূর্ণ নির্বাচিত সংস্থা, এই নির্বাচিত সংস্থায় হঠাৎ করে এই ধরনের চিঠি। আমি এই ব্যাপারে মাননীয় হায়ার এডুকেশান মিনিষ্টারসহ অন্যান্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। তিনি বলেছিলেন একটা কমিটি হচ্ছে, এডভাইসারী কমিটি হচ্ছে। এই কমিটির কাজ হবে কোয়ালিটি ইনস্টল করা। কিন্তু আমরা দেখলাম যে এই অ্যাডভাইসারী কমিটি, একটা বিশ্ববিদ্যালয়ের স্বাধিকারের উপর কিরকম আক্রমণ সংগঠিত করল। কার্যত বিশ্ববিদ্যালয়ের নির্বাচিত সমস্ত সিনডিকেট সিনেট

মিঃ স্পীকার : It is beyond the subject. One minute time was allotted.

শ্রী রঞ্জিত মণ্ডল : আমি এটা বলতে চাইছি আপনার মাধ্যমে যে, এই বিষয়টা যাতে দ্রুততার সাথে সম্পন্ন হয়। এবং বিশ্ববিদ্যালয়ের স্বাধিকার যে ভাবে—এই কমিটি কিভাবে এই নির্বাচিত স্বশাসিত সংস্থার উপরে হস্তক্ষেপ করে হঠাৎ করে এটা বন্ধ করে দিল ! আমরা মনে করি যে বিশ্ববিদ্যালয়গুলি স্বশাসিত সংস্থা, তার যে গণতান্ত্রিক ব্যবস্থা, প্রসারিত যে গণতান্ত্রিক ব্যবস্থা তার উপর আক্রমণ সংগঠিত হল। এটা বলা যেতে পারে যে এটা দলতন্ত্র প্রতিষ্ঠা করার চেষ্টা। এর অবসান হোক এটা আমরা চাইছি। এটার অবসান হোক। দ্রুত এটা সম্পন্ন না হলে, ইতিমধ্যে কলেজগুলোতে পুনর্গঠনের কাজ চলছে, কলেজ পরিচালন সমিতির পুনর্গঠনের কাজ চলছে, তার নমিনেশানও বন্ধ হয়ে গিয়েছে। কলেজ পরিচালন কমিটির পুনর্গঠনের কাজ যাতে সম্পন্ন হয় তারই জন্য মাননীয় হায়ার এডুকেশান মিনিস্টার বলেছেন ২৪ ঘণ্টা পরে তিনি এই ব্যাপারে বলবেন। সুতরাং উপাচার্য নির্বাচনের ক্ষেত্রে এই যে হস্তক্ষেপ, এটা বন্ধ হোক এবং দলতন্ত্রের বিরুদ্ধে.....(গোলমাল)

(এই সময় মাইক বন্ধ হয়ে যায়)

শ্রী আবু তাহের খান : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। দীর্ঘ ৩৪ বছরে এই সরকার চাষিদের স্বার্থে যতই বলুক, আমরা বিধানসভায় বার বার বলেছি, দীর্ঘ ১০ বছর ধরে এই বিধানসভায় বার বার বলেছি পিঁয়াজ সংরক্ষণের জন্য। আমার বিধানসভা এলাকা

মুর্শিদাবাদ জেলার নওদায় সবচেয়ে বেশি পিঁয়াজ উৎপাদন হয়। দীর্ঘ ১০ বছর এখানে বার বার বলেছি যে পিঁয়াজ সংরক্ষণের একটা ব্যবস্থা করুন। মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছি, মন্ত্রী উত্তরও দিয়েছেন যে আমাদের বাংলায় সেই ব্যবস্থা নেই, আমরা অপারগ। আজকে বাংলার জননেত্রী মুখ্যমন্ত্রী ঘোষণা করেছেন যে নতুন করে পিঁয়াজ সংরক্ষণের ব্যবস্থা করা হবে কোল্ডস্টোরেজে। আমরা ধন্যবাদ জানাই, অভিনন্দন জানাই। যেহেতু মুর্শিদাবাদ জেলায় সব থেকে বেশি পিঁয়াজ উৎপাদন হয় আমার ব্লক নওদায়, সেখানে অন্ততপক্ষে একটা পিঁয়াজের কোল্ডস্টোরেজ তৈরি করা হোক। ধন্যবাদ স্যার। স্যার, মাননীয় মন্ত্রী এখানে আছেন, যদি উনি উত্তর দেন ভাল হয়। স্যার, মাননীয় মন্ত্রী এখানে অছেন, দীর্ঘ ৩৪ বছর হয়নি এই পিঁয়াজ সংরক্ষণ। স্যার, এটা যদি হয় তাহলে আমরা খুবই উপকৃত হব। এই পিঁয়াজ যখন আমাদের বাজার থেকে আনতে হয়, আজকে চাষিরা ৪ টাকা কিলো ....(এই সময় মাইক বন্ধ হয়ে যায়)

শ্রী এস. এম. সাদি : সম্মানীয় স্পীকার মহোদয়, আপনার মাধ্যমে আমি মাননীয় উচ্চশিক্ষামন্ত্রী এবং সমবায়মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। আমাদের রাজ্যে এডুকেশান ডাইরেক্টরেট একটা নির্দেশনামা জারি করেছেন যে, সমস্ত টিচার, বিশেষ করে মাধ্যমিক এবং প্রাইমারি টিচারদেরকে, তাদের বেতন দেবার জন্য রাষ্ট্রায়ত্ব ক্ষেত্রে যে কোনো ব্যাংকে যাতে—যেখানে কোর ব্যাঙ্কিং সিস্টেম আছে—অ্যাকাউন্ট করে ৩০শে জুনের মধ্যে। আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, আমাদের রাজ্যের বিভিন্ন জেলায় যে শীর্ষ সমবায় ব্যাঙ্ক, সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাংক আছে, সেই ব্যাংকের মধ্যে দিয়ে প্রাথমিক শিক্ষকদের যে বেতন সেই বেতন পদ্ধতি এখনও আমাদের রাজ্যে জারি আছে। এই নির্দেশনামা কার্যকরী হলে আমাদের রাজ্যে শীর্ষ সমবায় ব্যাংকগুলো, আমাদের রাজ্যের বিভিন্ন জেলাতে যে শীর্ষ সমবায় ব্যাংক তারা ক্ষতিগ্রস্ত হবে। আমার অনুরোধ যে এই সমবায় ব্যাঙ্কগুলোকে কোর ব্যাঙ্কিং সিস্টেম করবার সুযোগ দেওয়া হোক। ইতিমধ্যেই অনেক শীর্ষ সমবায় ব্যাঙ্কগুলো কোর ব্যাঙ্কিং সিস্টেম চালু করেছেন বা চালু করবার পথে রয়েছেন। আমাদের জেলা নদীয়া জেলায় যদি এই সার্কুলার কার্যকরী হয় তাহলে আমাদের সমবায় ব্যবস্থাটা ভেঙে পড়বে। ইতিমধ্যেই ২৭ কোটি টাকা নদীয়া জেলার বিভিন্ন প্রাইমারি টিচারদের তাদের গৃহ নির্মাণ করবার জন্য লোন বা কনজিউমার্স লোন দেওয়া হয়েছে। সেইজন্য মহামান্য রাজ্যপালের যে বক্তব্য, সেই বক্তব্যের মধ্যে দিয়ে সরকারি পক্ষের যে মনোভাব সেটা ব্যক্ত হয়েছে যে রাজ্যের সমবায়কে বিকশিত করা। সেই জন্য আমি আপনার মাধ্যমে অনুরোধ করব সমবায়কে সুযোগ দেওয়া, বিশেষ করে প্রাইমারি টিচারদের বেতন প্রদান করবার ক্ষেত্রে বিভিন্ন জেলার যে শীর্ষ সমবায় ব্যাঙ্কগুলো রয়েছে তাদের সেই সুযোগ দেওয়া। সাথে সাথে এই কথা বলতে চাই যে, আপনারা ঘোষণা করেছেন যে ১ তারিখে বেতন দেওয়া হবে। প্রাইমারি টিচারদের ক্ষেত্রে ১ তারিখের আগেই আমরা চেষ্টা করি যে সমস্ত টিচার-বন্ধুদের কাছে বেতন পৌঁছে দেওয়ার। সেই জন্য আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহোদয়ের কাছে বিশেষ করে কো-অপারেশন মন্ত্রীর কাছে এবং উচ্চ শিক্ষা মন্ত্রীর কাছে এই আবেদন করতে চাই যে রাজ্যের সমবায় ব্যবস্থার উপর যে আঘাত, এই

নির্দেশনামার মধ্যে দিয়ে, এই সিদ্ধান্তের মধ্যে দিয়ে সমবায়ের উপর যে আঘাত তাকে আপনার মধ্যে দিয়ে রদ করবার জন্য অনুরোধ করছি।

[11.30—11.40 a.m.]

শ্রী অপূর্ব সরকার : সম্মানীয় অধ্যক্ষ মহোদয়, আমরা সকলেই জানি যে মুর্শিদাবাদ জেলার কান্দি মহকুমা মুর্শিদাবাদ জেলার শস্য ভাণ্ডার। বোরো চাষ শেষ হয়েছে। বোরো ধান উঠেছে। কিন্তু দুর্ভাগ্যের সঙ্গে লক্ষ করছি বিগত দু মাসে সেই কান্দি মহকুমা এলাকার ৪ জন কৃষক আত্মহত্যা করতে বাধ্য হয়েছে—শিলা বৃষ্টির কারণে, বৃষ্টির কারণে এবং চাষির ধান বিক্রি করার যে সরকারি পদ্ধতি, সেই পদ্ধতিতে ধান কেনা এখনও শুরু হয়নি। খুব স্বাভাবিকভাবেই আমি মাননীয়া মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে কৃষকের স্বার্থে শুধু কান্দি মহকুমা নয়, গোটা পশ্চিমবঙ্গে যে প্যাডি প্রোকিওরমেন্ট পলিসি আছে, যে ধান কেনা হয় সেপ্টেম্বর থেকে জুলাই মাস পর্যন্ত, কৃষকের স্বার্থ রক্ষা করার জন্য অতি দ্রুত সেই ধান কেনার ব্যবস্থা করা হোক। যাতে পশ্চিমবঙ্গের কৃষক সম্প্রদায় তাদের ন্যায্য দাম পেতে পারে। ইতিমধ্যে কিছু ফোড়ে, দালাল, মিল মালিক সাতশো, সাড়ে সাতশো, আটশো কুইন্ট্যাল দরে সেখানে ধান কিনছেন। খুব স্বাভাবিকভাবেই সরকারের যে নির্ধারিত মূল্য, কেন্দ্রীয় সরকারের এক হাজার টাকা, হাজার পঞ্চাশ টাকা, নশো আশি টাকা—তা থেকে বঞ্চিত হচ্ছেন সেখানকার চাষিরা, পশ্চিমবঙ্গের চাষিরা। তাই দ্রুত ধান কেনার জন্য আমি আপনার মাধ্যমে সম্মানীয়া মুখ্যমন্ত্রীর কাছে আবেদন রাখছি। ধন্যবাদ।

শ্রী প্রবোধচন্দ্র সিনহা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনি জানেন পশ্চিমবঙ্গে নদী ভাঙন একটি বড় সমস্যা। আমার বিধানসভা কেন্দ্র পিংলা, খড়গপুর ২ নং ব্লকের অন্তর্গত কংসাবতী নদী, খড়গপুর ২ নং ব্লকে কালিয়াড়া ১ নং গ্রাম পঞ্চায়েত এবং লছমাপুর ৩ নং গ্রাম পঞ্চায়েতের কতকগুলো গ্রাম এই কংসাবতী নদীর দক্ষিণ পাড়ের ভাঙনের ফলে প্রতি বছর ক্ষতিগ্রস্ত হয়, চাষবাস নষ্ট হয় এবং মানুষের ঘর বাড়ি বিপন্ন হয়। এই গ্রামগুলো হল—মুনিবগড়, কালিয়াড়া, মহেশপুর, গোপালপুর, জনার্দনপুর, উত্তর সিমলা প্রভৃতি। বাসিন্দারা খুব বিপন্ন বোধ করেন। এই সমস্যা এখনই যদি সমাধানের চেষ্টা না করা হয় তাহলে আগামী দিনে এটা ভয়াবহ আকার ধারণ করবে। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে এই নদী ভাঙন রোধ করার জন্য দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানাচ্ছি।

(ভয়েস : আপনারা তো ৩৪ বছর ছিলেন)

মিঃ স্পীকার : প্লিজ নো ক্রস আর্গুমেন্ট। আমাদের যারা সদস্য রয়েছেন, যখন কেউ বলবেন আপনারা দয়া করে কেউ টিকা টীপ্পনী করবেন না।

শ্রী নরেশচন্দ্র চাকী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, নদিয়া জেলার বিস্তীর্ণ এলাকা গঙ্গা ভাঙনে বিপর্যস্ত। বিশেষ করে চাকদা ব্লকের মুকুন্দনগর, পোড়াডাঙা, গঙ্গাপ্রসাদপুর, সান্যালচক, সরাটি—এই

গ্রামগুলো ভয়াবহ পরিস্থিতি ধারণ করেছে এবং ভাঙনের কবলে প্রায় ১০ হাজার লোক অন্যত্র সরে যেতে বাধ্য হয়েছে। এটা চাষি প্রধান এলাকা। হাজার হাজার বিঘা জমি ভাঙনের কবলে পড়েছে। প্রায় এক হাজার বিঘা জমি গঙ্গার ওপাড়ে গিয়ে হুগলী জেলায় উঠেছে। তবে হুগলি এবং নদিয়ার ডি.এম. এ ব্যাপারে একমত হয়েছেন যে ওই জমি নদিয়া জেলার। কিন্তু মার্কসবাদী কমিউনিস্ট পার্টি টাকা নিয়ে সেই জমি তাদের অনুগত লোকদের বিলি করেছে, সত্যিকারের চাষিরা বঞ্চিত হয়েছে। সামনে আবার বর্ষা আসছে স্যার। আমরা আশঙ্কা করছি যদি এখনই এ ব্যাপারে ব্যবস্থা নেওয়া না যায় তাহলে আরো হয়তো কয়েকটি গ্রাম বা কয়েক হাজার বিঘা জমি এই সব এলাকায় ভাঙনের কবলে পড়বে এবং আরো কয়েকশো চাষি পরিবার তারা সর্বস্বান্ত হবে, তারা অনাহারের মধ্যে পড়বে, চাষ-বাস বন্ধ হয়ে যাবে এবং অন্যত্র সরে যেতে বাধ্য হবে। তাই আপনার মাধ্যমে স্যার আমি মাননীয় সেচমন্ত্রীকে অনুরোধ করব যে, আপনি অবলম্বে ব্যবস্থা গ্রহণ করুন। আমি শুনেছি...

মিঃ স্পীকার : সাবজেক্টের উপর please be precise. Please be very precise.

শ্রী নরেশচন্দ্র চাকি : I am completing Sir. আমি শুনেছি বামফ্রন্ট আমলে ৩ কোটি টাকা স্যাংশন হয়েছিল এবং তাদের অনুগত একজন কন্ট্রাক্টরকে দেওয়া হয়েছিল।

মিঃ স্পীকার : এটা ডিস্কাশন নয়। Please be confined within your subject.

শ্রী নরেশচন্দ্র চাকি : সুতরাং গঙ্গার ভাঙন রোধে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হোক।

মিঃ স্পীকার : Dr. Tarun Kanti Naskar, আপনি যা উল্লেখ করেছেন urge for twelve-bogy train in Sealdah South, Namkhana via Laxmikantapur. এটা state subject-র মধ্যে পড়ে না। এটা কেন্দ্রীয় সরকারের রেল দপ্তরের ব্যাপার। সুতরাং এখানে এটা উল্লেখ করা যাবে না। আমি এটা অ্যালাউ করলাম না।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয় এই সভাতে রাখতে চাই। আপনি স্যার জানেন যে বাঁকুড়া হচ্ছে প্রকৃতপক্ষে এক অত্যন্ত কয়লা সমৃদ্ধ এলাকা। এই কয়লা আজকে এমন ভাবে আছে, গোটা রামগড়ে এবং নিচে এবং সমগ্র উত্তর-বাঁকুড়ার দিকে প্রায় ২০০ হেক্টর জুড়ে এই খনিটা আছে। এর মধ্যে শালতোড়া, প্রতাপপুর, জয়সিংহপুর, শ্যামপুর এবং জমাদারপুর প্রভৃতি গ্রামগুলো আছে। প্রায় ৩,৩২০ জন মানুষ বাস করে। ৬১২টি বাঙালি চাষি সেখানে আছে। কিন্তু এই কয়লাটা আজকে সেখানে কী ভাবে কাজের মাধ্যমে দিলেন সরকার, কয়লা বাণিজ্য এবং সেখানে যে সীমাহীন দুর্নীতি বামফ্রন্ট সরকার ব্যাপক ভাবে করেছিলেন এবং কয়লা নিয়ে আজকে সেখানে যে অবস্থা তাতে গোটা শিল্প মহল, গোটা কোল এরিয়া একটা ভয়ঙ্কর অবস্থার মধ্যে

চলে গেছে। বাঁকুড়া এবং তার সংলগ্ন এলাকাগুলোতে যাতে প্রকৃতপক্ষে কয়লা ঠিকমতো উত্তোলন হয় তার জন্য আপনাকে তৎপর হতে অনুরোধ জানাচ্ছি। এখানে প্রায় ১০ কোটি ৩১ লক্ষ টন কয়লা আছে। জিওলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়া এটা সার্ভে করেছিলেন ১৯৯৩ থেকে ১৯৯৮ সাল পর্যন্ত। কিন্তু আজকে এখনও পর্যন্ত সেই কয়লা নিয়ে, যে কয়লার খনি খোড়া হচ্ছে তা তারা জানে না। তাই আপনাকে বলছি, আপনি এ ব্যাপারে একটু তৎপর হন যাতে বাঁকুড়া অন্তত আগামীতে শিল্প-সমৃদ্ধ হতে পারে। সেটাকে আপনি রক্ষা করুন।

[11.40—11.50 a.m.]

শ্রী বিশ্বনাথ কারক : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মারফত আমাদের বিভাগীয় সেচ এবং জলপথ দফতরের কাছে এবং মন্ত্রীর কাছে আমার আবেদন, এই যে হুগলি জেলার গোঘাটের দলকারজলা, গোঘাটের মানুষের কাছে একটি অভিশাপ। এখানে ৩২টা মৌজা বেষ্টিত এই দলকারজলা। একদিকে মেদিনীপুরের ঘাটাল পি.এসের কিছুটা অংশ আছে। বাকিটা গোঘাটের পুরোটা অংশ আছে। এই এলাকাটা দীর্ঘদিন পতিত হয়ে পড়ে রয়েছে। কোনো চাষবাস হয়নি। এখানে ৩২টা মৌজা তার মধ্যে সাড়ে তিন হাজার একর জমি খাসজমি। এবং ২২শো একর খাসজমি গরিব এবং খেটে খাওয়া মানুষদের মধ্যে বিতরণ করা হয়েছে, ভূমিহীনদের মধ্যে বিতরণ করা হয়েছে। এখানে কোনো চাষের ব্যবস্থা নেই। পূর্বকারের সরকার যখন ছিলেন তখন সেচমন্ত্রী ছিলেন দেবব্রত বন্দ্যোপাধ্যায়। তিনি তাঁর বিভাগীয় দফতরের আধিকারিক এবং ইঞ্জিনিয়ারদের নিয়ে সেই জায়গা পরিদর্শন করেছেন। পরিদর্শন করে সেখানে এই সিদ্ধান্তে উপস্থিত হয়েছিলেন যে ৭০ শতাংশ এই জলাকে সংস্কার করা যাবে। পরবর্তীকালে তিনি মন্ত্রী ছিলেন না, তার পর থেকে আর হয়নি। তাই আবেদন এই যে অভিশাপ দলকারজলা, এই দলকারজলা সংস্কার করার জন্য আমি আবেদন জানাই। ধন্যবাদ।

শ্রী স্বপন দেবনাথ : সম্মানীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মারফত আমি বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করবার আগে মা-মাটি-মানুষের সরকার এবং মাননীয়া মুখ্যমন্ত্রীকে কৃতজ্ঞতা, ধন্যবাদ জানাই। এ বছরে উচ্চমাধ্যমিকে সকলেই যাতে পড়তে পারে তার জন্য অনুমোদিত উচ্চমাধ্যমিক স্কুলকে প্রায় ২০ ভাগ আসন বেশি বরাদ্দ করা হয়েছে। তবুও সমস্যার সমাধান মেটেনি। আমার বিধানসভা কেন্দ্রে নাদনঘাট অন্নপূর্ণা বালিকা বিদ্যালয়ে এবং সিমরান মছলন্দপুর উচ্চবালিকা বিদ্যালয়ের জন্য গত দেড় বছর আমি দ্বারে দ্বারে ঘুরেছি বিধায়ক হয়ে। কখনো জেলা বিদ্যালয় পরিদর্শকের কাছে, কখনো বিকাশ ভবনে। সেই স্কুল দুটির পরিকাঠামো থাকা সত্বেও এবং জেলা মাধ্যমিক বিদ্যালয় পরিদর্শকের পরিপূর্ণ রিপোর্ট থাকা সত্বেও অনুমোদন দেওয়া হয়নি। যার ফলে এখনো আমার কেন্দ্রে প্রায় দুই শতাধিক মেয়ে যারা মাধ্যমিক পাশ করেছেন নাদনঘাট কেন্দ্রে এবং পূর্বস্থলী দক্ষিণ বিধনাসভা কেন্দ্রে তারা ভর্তির জন্য ফর্মটা সংগ্রহ করতে পারেননি। অতএব রিপোর্ট যখন পক্ষে আছে, শুধু একটি ছোট্ট আবেদন, আমি অনুরোধ করছি সরকারকে এবং আমি আবেদন করছি এই দুটি স্কুলকে অনুমোদন দেওয়া হোক। ধন্যবাদ।

মিঃ স্পীকার : শ্রী নির্মল ঘোষ যে প্রসঙ্গ উত্থাপন করতে চেয়েছেন একটা কল অ্যাটেনশান মোশন আমি আগেই পেয়েছি এই সম্পর্কে এবং এটা গভর্নর অ্যাড্রেসের উপর আলোচনা করার অবকাশ আছে বলে এটা আমি ডিসঅ্যালাও করলাম।

শ্রীমতী মমতাজ বেগম : Respected Speaker, I am from Metiabruj constituency. In my constituency the communication system is very poor. The total population is about 8 lakhs. The people were suffering from transport problem also. The Garden Reach people depends on "Readymade Garments". All the vechiles pass by Metiabruj. The vechiles are not able to move smoothly. Therefore, you kindly arrange for over-bridge from Metiabruj P.S. to Khiddirpore and solve the problem of the people. Thanking you Sir.

মিঃ স্পীকার : So, I will take up zero hour matters now. At the very outset. I intend to say that when I called Nszmul Hossain, in fact that would be Tajmul Hossain. So, I beg to be excused for that because I could not pronounce it properly. Anyway, Shri Tajmul Hossain.

শ্রী তাজমুল হোসেন : স্যার, ম্যাটারটা আমি একটু পরিবর্তন করলাম। স্যার, আপনার মাধ্যমে রাজ্য সরকারের মাধ্যমে আমি কেন্দ্রীয় রেল দপ্তরের দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভার অন্তর্গত উমেদপুরে একটা বাইপাস স্টেশন হয়েছে। সেই বাইপাস স্টেশনে কোনো শেড বা যাত্রীদের বসার বা থাকার কোনো ব্যবস্থাপনা নেই। কোনো টিকিট কাউন্টার নেই। সেই জায়গায় দাঁড়িয়ে (গোলমাল) ম্যাটারটাকে আমি চেঞ্জ করেছি স্যার। এর আগেও আমরা বিধানসভায় বলেছি। রাজ্য সরকারের মাধ্যমে কেন্দ্রকে বলা যায়। অনেকবার বলা হয়েছে, আমরাও বলেছি। (গোলমাল) স্যার, আপনি জানেন আমাদের হরিশচন্দ্রপুরবাসীর দীর্ঘদিনের আকাঙ্ক্ষা, চাহিদা যে কাঞ্চনজঙ্ঘা ট্রেনটি এক মিনিটের স্টপেজের জন্য বার বার বিধানসভায় বলেছি, দিল্লিতে চিঠি দিয়েছি কিন্তু আজ পর্যন্ত হয়নি। তাই স্যার, আপনার মাধ্যমে আমি বলতে চাই হরিশচন্দ্রপুরে কাঞ্চনজঙ্ঘার স্টপেজ এক মিনিটের জন্য আপনার মাধ্যমে বার বার এই বিষয়টাকে গুরুত্ব সহকারে দেখার জন্য অনুরোধ জানাচ্ছি, ধন্যবাদ।

শ্রী সুনীল কুমার মণ্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় পানীয় জলের যে সমস্যা সেই সমস্যার জন্য জনস্বাস্থ্য কারিগরি দপ্তরের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের জঙ্গলমহল এলাকার পার্শ্ববর্তী এলাকা। গলসি বিধানসভার কাঁকসা পঞ্চায়েত, বুদবুদ পঞ্চায়েত, মানকর এবং গলসি পঞ্চায়েত—এই এলাকাগুলোতে দারুণভাবে জলকষ্ট। আমাদের যে জলের ডিপ টিউবওয়েলগুলো আছে, যে জলের ব্যবস্থাটা আছে সেই জলের পাইপগুলোতে কার্বন জমে যায়। এই কার্বনগুলো এক ঘণ্টা মেশিনটা চলার পর জলটা ফেলে দিতে হয়। তাই এই এক ঘণ্টা জল অপচয় হওয়ার জন্য সকল মানুষের

জলের ব্যবস্থাটা হয় না। ফলে জল নিয়ে বিভিন্ন ক্ষেত্রে মারামারি হয়। তার জন্য আমি আপনার মাধ্যমে বিষয়টাকে দেখার জন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি। আর একটা কথা হল, এই আয়রনের জন্য ওখানকার পি.এইচ.ই. ইঞ্জিনিয়ার তার সাথে আলোচনা করেছিলাম। তার জন্য দরকার সেখানে একটি আয়রন এলিমিনেশান প্ল্যান্ট। এটি যাতে হয় তার জন্য আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আর একটা কথা হচ্ছে, আমাদের ওখানে একটা ডিপ টিউবওয়েল আছে। ওখানে চাষের জমি কারখানা এবং স্কুল, কলেজের জন্য দিয়ে দেওয়ায় সেই জমিগুলিতে এখন আর চাষের ব্যবস্থা নেই। তারফলে ওই ডিপ টিউব ওয়েলটা যদি WRDD ডিপার্টমেন্টকে বলে যদি পানীয় জলের ক্ষেত্রে ব্যবহার করা যায় তার জন্য আপনার কাছে অনুরোধ করছি। আর বুদবুদ এলাকায় জলের জন্য ইলেকট্রিক বিল ২৮ লক্ষ টাকা বাকি আছে। আমাদের বর্ধমান জেলা থেকে পি.এইচ.ই. ডিপার্টমেন্ট বাজেটে রেখেছিল, সেই বাজেট অনুমোদন হয়নি। ইলেকট্রিক ডিপার্টমেন্টকে টাকাটা না দেওয়ার জন্য তারা জলের লাইনটা কেটে দিয়েছে। ফলে সেখানে জলের সংকট তীব্র আকার ধারন করেছে। যাতে সেই ২৮ লক্ষ টাকা পরিশোধ করা হয়, ইলেকট্রিক ডিপার্টমেন্টকে দিয়ে পানীয় জলের যাতে ব্যবস্থা করা যায় এবং সাধারণ মানুষের কাছে শুধু জল—জলটা যাদের একমাত্র জীবন সেই জলের ক্ষেত্রে যাতে সুব্যবস্থা হয় তার জন্য আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, আপনাকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী রামেশ্বর দলুই : স্যার, আপনাকে ধন্যবাদ যে জিরো আওয়ারে আমার বলার সুযোগ দিয়েছেন। আমি মেনশান দিয়েছিলাম নির্দিষ্ট নিয়মে সেটি আপনি উত্থাপন করতে দেননি। যাইহোক, আমি বলবো একটি লজ্জাজনক ব্যাপার। আমাদের সকলকেই লজ্জিত করেছে, স্তম্ভিত করেছে। পশ্চিম মেদিনীপুরের ঝাড়গ্রামে এক শবর যুবককে পিটিয়ে খুন করে দেওয়া হয়েছে বয়স তার ২০ বছর। আমি এই সরকারের কাছে আবেদন করবো আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করবো। আমি দৃষ্টি আকর্ষণ করছি যারা এই ধরনের ঘটনা ঘটিয়েছে তাদের বিরুদ্ধে নির্বিশেষে আজকে এই সভায় একটা নিন্দা প্রস্তাব নেওয়া হোক এবং যারা দোষী দুষ্কৃতকারী তাদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি করছি। এই শবর পরিবারকে উপযুক্ত ক্ষতিপূরণ দেওয়ার দাবি জানাচ্ছি। স্যার, আমি আপনার মাধ্যমে বলবো কয়েকদিন আগে অনাহারে আরেকজন শবর মারা গেছে। এই ধরনের যে ঘটনা তফসিলি জাতি এবং তফসিলি উপজাতি, পিছিয়ে পড়া মানুষদের ক্ষেত্রে তাতে এই মা-মাটি-মানুষের সরকার বলেছিলেন তাদের পাশে দাঁড়াবেন, তাদের দেখবেন। এই ধরনের ঘটনা নিন্দা করার ঘটনা, লজ্জা করার ঘটনা ঘটেছে। সেইজন্য আমি মা-মাটি-মানুষের মুখ্যমন্ত্রী এবং স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং জরুরি হস্তক্ষেপ দাবি করছি।

[11.50—12.00 noon]

শ্রী উপেন কিস্কু : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে একটি গুরুতর বিষয়ের প্রতি এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। এই সভার নেতা তথা মুখ্যমন্ত্রী, উনি বলেছিলেন দলতন্ত্র নয়, গণতন্ত্র। কিন্তু আমরা দেখলাম গতকাল রবীন্দ্রভারতী

বিশ্ববিদ্যালয়ের প্রো উপাচার্য নিয়োগের কাগজপত্র তৈরি করছেন, এবং রাজ্যপালের অনুমতি নিয়েই এটা করছেন। হঠাৎ সেটাকে বন্ধ করে দেওয়া হল, যা পশ্চিমবাংলার ইতিহাসে কোনোদিন হয়নি। সেই কলঙ্কিত ঘটনা ওরা ঘটালেন। আর ওরা বলেন যে গণতন্ত্র। আজকে দলদাসদের দিয়ে সেটা পূর্ণ করার চেষ্টা করছেন। এতে ১৯৭২ সালের কালো দিনগুলোর নজির আমরা দেখতে পাচ্ছি। এটা যদি বন্ধ না হয়, নির্বাচিত পদের অধিকার এইভাবে যদি খর্ব করা হয় পশ্চিমবাংলার ইতিহাসে কলঙ্কজনক ইতিহাস হিসাবে, গণতন্ত্রের ইতিহাসে শিক্ষার অঙ্গ হিসাবে একটা কলঙ্কজনক দিন হিসাবে চিহ্নিত করা হবে।

শ্রী নগেন্দ্র নাথ রায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি কোচবিহার উত্তর ৩ নং বিধানসভা কেন্দ্রের নির্বাচিত বিধায়ক। আমার নির্বাচন কেন্দ্রে জে.ডি. হসপিট্যাল যেটা বর্তমানে টি.বি. এবং ডায়েরিয়ার চিকিৎসা হয় এবং আউটডোরের ব্যবস্থা রয়েছে। গোটা যে হসপিট্যাল চত্বর ৭৫ বিঘা জমি রয়েছে এবং ওখানে পরিকাঠামো রয়েছে একটি মেডিকেল কলেজ করার মতো। কারণ আমাদের যে জেলা হসপিট্যাল এম.জি.এন. হসপিট্যাল, সেখানে রোগীর লোড নিতে পারছে না। ভূটান, নেপাল এবং আসাম থেকেও রোগী আসছে। কাজেই আমি মনে করি জে.ডি. হসপিট্যালকে অবিলম্বে মেডিকেল কলেজ এবং হাসপাতালে রূপান্তরিত করা হোক। আমি স্বাস্থ্য মন্ত্রীর কাছে এই আবেদন করছি। ধন্যবাদ।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে পরিবেশ দপ্তরের মন্ত্রীর জ্ঞাতার্থে জানাতে চাই। স্যার, আপনি জানেন সারা পশ্চিমবাংলায় এই ৩৫ বছরে যেভাবে আপনার বামফ্রন্ট তথা বিশাল দল ছিল মার্কসবাদী কমিউনিস্ট পার্টি শাসিত, তারা যেভাবে পরিবেশটাকে দূষিত করেছে। সারা পরিবেশটাকে দূষিত করেছে। আজকে সেখানে দেখা যাচ্ছে জেলায় জেলায় চারধারে আর্সেনিকপ্রবণ এলাকা। কোথাও আপনার তার প্রতিকার হয়নি। আর্সেনিকের ভয়াবহ অবস্থা এবং এইসব জায়গাগুলোতে আরো বিশেষত নদীগর্ভ থেকে আরম্ভ করে পাশাপাশি এলাকাগুলোতে এই প্রোমোটার রাজকে যেভাবে প্রতিষ্ঠিত করেছেন এবং যেভাবে আমরা দেখতে পাচ্ছি গোটা পরিবেশটাকে দূষিত করে দিয়েছে সেই পরিপ্রেক্ষিতে আমি বলব স্যার, যে আপনি একটু দয়া করে আমাদের পরিবেশ মন্ত্রী মহাশয়কে সেই ব্যাপারে বলুন যে প্রকৃতপক্ষে আজকে সারা রাজ্যকে ওরা যেভাবে কলুষিত করে দিয়েছেন, সেটা দেখা দরকার। এরা দুঃশাসন ছিলেন এরা কখনও শাসন করেননি। ওরা নিজেরা নিজেদের আত্মতুষ্টিতে ভুগেছেন। আজকে তার ফলটা আমাদের ভুগতে হচ্ছে। তাই বলব যে পরিবেশটাকে আরও সুন্দর করবার জন্য, বিশেষত পশ্চিমবঙ্গের মানুষ আজকে বিভিন্নভাবে অসুস্থ হয়ে পড়ছে। জীবনযাত্রার মধ্যেও আজকে যন্ত্রণাটা বেড়েছে। সেই পরিপ্রেক্ষিতে বলব যে এই মাত্রাতিরিক্ত জল এবং বায়ুদূষণ যে ঘটছে, সেগুলিকে অবিলম্বে প্রতিকার করার ব্যবস্থা করবেন। ধন্যবাদ।

শ্রী পরশ দত্ত : স্যার, একটি গুরুত্বপূর্ণ রুলসের বিষয়ে আমি এখানে শূন্যকালে উল্লেখ করতে চাই। খানিক আগে মেনশানের সময়ে রবীন্দ্রভারতীর প্রসঙ্গ একজন উত্থাপন করেছিলেন এবং বলেছিলেন যে রাজ্যপালের সিদ্ধান্তের ফলে স্বাধিকার ভঙ্গ হচ্ছে

বিশ্ববিদ্যালয়ের। প্রথম কথা রাজ্যপালের সিদ্ধান্তকে এখানে চ্যালেঞ্জ করা যায় না। দ্বিতীয় কথা এটা সম্পূর্ণভাবে কোনো বিশ্ববিদ্যালয়ের উপাচার্য নিয়োগ সম্পূর্ণভাবে কেবল নির্বাচনের উপরেই হয় না। আইনত বিশ্ববিদ্যালয়ের কোর্ট তিনজনের নাম নির্বাচন করে রাজ্যপালের কাছে পাঠান চ্যান্সেলার হিসাবে এবং রাজ্যপাল তার থেকে একজনকে মনোনীত করেন। কাজেই প্রিন্সিপ্যালটাতে একটা নির্বাচন আছে, একটা মনোনয়ন আছে। কাজেই স্বাধিকার ভঙ্গের প্রশ্ন-নির্বাচন স্থগিত হয়েছে এই কথাটি অবান্তর। এটা হচ্ছে নিয়ম। আর নিয়ম ছাড়া আর একটি জিনিস আছে সেটা হচ্ছে বাস্তব। রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ে—আমি দায়িত্ব নিয়েই এই হাউসে বলছি গত পাঁচ বছর ধরে রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ে বাস্তবে একটি ছাত্র সংগঠনের নেতার সিদ্ধান্তে চলে। এই অবস্থা বন্ধ হওয়া অনেক আগে দরকার ছিল, এখনই প্রয়োজন। ধন্যবাদ স্যার।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি বিশেষ গুরুত্বপূর্ণ বিষয় এখানে উল্লেখ করতে চাইছি জিরো আওয়ারে। সেটা হল এই যে কয়েকদিন আগে বিশ্ব পরিবেশ দিবস পালিত হল। পরিবেশ—আজকে নতুন যে সমাজ, এই সমাজের কাছে একটা ভয়ঙ্কর থ্রেট হয়ে দাঁড়িয়েছে। প্রতি মুহূর্তে—এর আগে সরকার ছিল, আমরা ওই দিকে ছিলাম। বারবার আমরা সরকারের দৃষ্টি আকর্ষণ করার চেষ্টা করেছি। পশ্চিমবাংলার বিস্তীর্ণ অঞ্চলে—বীরভূম, বর্ধমান, বাঁকুড়া, পুরুলিয়ায় স্পঞ্জ আয়রনের কারখানা সম্পূর্ণ বেআইনী ভাবে চলেছে। আমরা বারবার এখানে বলার পর তৎকালীন মন্ত্রী ঘুরে এলেন। যেদিন গেলেন, সেদিন পরিবেশ ঠিক রাখার চেষ্টা হল। তারপরে আবার যথারীতি পরিবেশ দূষণ চলছে। গত সরকার একদিকে সমাজটাকে দূষিত করে দিয়ে গেছেন। তার সঙ্গে সঙ্গে পরিবেশটাকেও দূষিত করে দিয়ে গেছেন। আমরা এই একটা বিষয় বললে আপনারা বুঝতে পারবেন যে আগামী দিনে বিভিন্ন পরিবেশবিদরা বলছেন যে গোটা পৃথিবীটাই ধ্বংস হয়ে যাবে এই পরিবেশের জন্যে। আমি আমাদের সরকার, মা-মাটি-মানুষের সরকারে কাছে আবেদন করব, যে সরকার বিগত দিনে ৩৪ বছরে সমাজের পরিবেশকে দূষিত করেছেন, পরিবেশকেও দূষিত করেছেন, সেই দূষণের হাত থেকে বাংলাকে বাঁচানোর জন্যে, ভারতবর্ষকে বাঁচাবার জন্যে এবং মনুষ্য সমাজকে বাঁচাবার জন্যে যথাবিহিত ব্যবস্থা নেবেন। কারণ এ বারের যে ইস্তাহার ছিল, তৃণমূল কংগ্রেসের যে ইস্তাহার ছিল, মুখ্যমন্ত্রী যে বক্তব্য রেখেছেন, সেখানে তিনিই প্রথম—এর আগে কোনো সরকার পরিবেশকে এত গুরুত্ব দেননি। কিন্তু একমাত্র এই সরকার—মা-মাটি-মানুষের সরকার তার ইস্তাহারের মধ্যে, তার কর্মসূচির মধ্যে যে ভাবে পরিবেশের কথা উল্লেখ করেছেন, অতীতে কখনও কোনো সরকার করেনি। তাই আমি আবার এই হাউসের মধ্যে সেটা উল্লেখ করলাম যাতে পরিবেশ সংক্রান্ত বিষয়ে আমরা আরো বেশি সতর্ক হতে পারি এবং আমাদের সরকার যথানিহিত ব্যবস্থা নেন।

[12.00—12.10 p.m.]

শ্রী অসিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয় কিছুক্ষণ আগে রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয় সম্পর্কে এবং বিশ্ববিদ্যালয়ের উপাচার্য নিয়োগ সম্পর্কে রাজ্য সরকারের দৃষ্টিভঙ্গি

সমালোচনা করে একজন বক্তা বক্তব্য রাখলেন। আমি স্যার আপনার মাধ্যমে সভার কাছে একটা আবেদন রাখতে চাই। যারা বলছেন মাননীয় রাজ্যপালের দৃষ্টিভঙ্গি দেখে বোঝা যায় এই সরকার গণতান্ত্রিক ভাবে চলছে না তাদের কথা তীব্র বিরোধিতা করে আমি বলি, সরকারের দৃষ্টিভঙ্গি যদি গণতান্ত্রিক না হত তাহলে রাজ্যপাল যে মর্মে নির্দেশ দিয়েছেন সেটা সংবাদপত্রে বেরোত না। আর যাঁরা বলছেন, যে রাজ্যপালের নির্দেশকে তাঁরা মানছেন না অন্য ধরনের অগণতান্ত্রিক কথা বলেছেন, আমি বলি গত কয়েক বছর আগে—সুব্রতবাবুরা এখানে আছেন—এই বামফ্রন্ট সরকার কলকাতা বিশ্ববিদ্যালয়ের একজন অ্যাপয়েন্টেড ভাইস চ্যান্সেলার, নামটা বলতে পারছি না আইনের কারণে তাঁকে এই বিশ্ববিদ্যালয় থেকে বার করে দেওয়া হয়েছিল। কলকাতা ইউনিভার্সিটির ফুটবল মাঠে ক্যাম্প অফিস করে বিশ্ববিদ্যালয় চালাতে হয়েছিল। এই হচ্ছে বামফ্রন্ট সরকারের কৃতিত্ব। সুতরাং আমি মনে করি যে দৃষ্টিভঙ্গি নিয়ে রাজ্যের রাজ্যপাল কথা বলেছেন, দল নয় গণতন্ত্র এবং এই গণতন্ত্র মেনেই তার সুবিচার হবে। যারা অপরাধ করেছেন, অপরাধীরা নিজেদের দিকে তাকিয়ে দেখুন। তাদের অপরাধের জন্য বাংলার ইউনিভার্সিটির শিক্ষাব্যবস্থা, বিশ্ববিদ্যালয়ের শিক্ষাব্যবস্থা আজকে চরম বিপর্যয়ের সামনে এসেছে। তাই বাংলা আজ অসুবিধার মধ্যে পড়েছে। স্যার, আমি আবার বলছি যে দৃষ্টিভঙ্গি নিয়ে এই সরকার চলছে তাতে আগামী দিনে নতুনভাবে রবীন্দ্রভারতীতে সঠিক শিক্ষা ব্যবস্থা আসবে। ধন্যবাদ স্যার।

DISCUSSION ON GOVERNOR'S ADDRESS

শ্রী চৌধুরী মহম্মদ হেদায়তুল্লাহ : মাননীয় অধ্যক্ষ মহোদয় রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদসূচক প্রস্তাব উঠেছে তাতে আমি বিরোধিতা করছি। বিরোধীদের আনা কাট মোশনে সমর্থন করে আমি আমার বক্তব্য রাখছি। রাজ্যপাল যে লিখিত ভাষণ এখানে পাঠ করেছেন সেখানে যে খুন হওয়ার তালিকা রেখেছেন মাওবাদীদের দ্বারা যারা খুন হয়েছেন সে কথা তার মধ্যে কোনো প্রতিফলন হয়নি। মাওবাদীদের হাতে যারা খুন হয়েছেন তাদের কথা এরমধ্যে আসেনি..... (হইচই)..... স্যার, আমি আপনার প্রোটেকশান চাইছি। বর্তমান সরকার বিরোধীদের উপর যে অত্যাচার-সন্ত্রাস চালাচ্ছে তার কথা এখানে উল্লেখ নেই। নির্বাচনের পরবর্তী সময় থেকে আজ অবধি ১৬ জন বামপন্থী কর্মী খুন হয়েছেন। শতাধিকের বেশি আহত হয়েছেন। আমাদের পার্টি অফিস এবং খেজুরির অফিস মিলিয়ে প্রায় সাড়ে পাঁচশো অফিস আক্রান্ত হয়েছে, ভাঙচুর হয়েছে, দখল করা হয়েছে। বর্তমান সরকারের এই সন্ত্রাস বন্ধের কোনো আগ্রহ দেখা যাচ্ছে না। অথচ তিনি দলতন্ত্র নয় গণতন্ত্রের কথা বলছেন। এখানে রাজ্যপালের ভাষণে তার প্রতিফলন ঘটেনি। রাজ্যপালের ভাষণ বামফ্রন্টের রাজত্বে কোনো সফলতা দেখতে পাননি। রাজ্যপালের ভাষণের মধ্যে একথা বলা আছে। ১৯৭৭ সালের পর বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠা হওয়ার পর কৃষিক্ষেত্রে এক বৈপ্লবিক পরিবর্তন ঘটে গেছে। যা আমরা সবাই জানি। বামশাসিত রাজ্য ছাড়া ভারতবর্ষে আর কোনো রাজ্যে এই ধরনের কৃষিক্ষেত্রে পরিবর্তন ঘটেনি। আমি তথ্য দিলে আপনারা বুঝতে পারবেন। তথ্যটা বুঝে নেন। পশ্চিমবাংলায় ১৯৭৭ সালের পর

ভূমিসংস্কার হয়েছে। এই পশ্চিমবাংলা ছিল খাদ্যে ঘাটতি রাজ্য। আমরা জানি লাখ-লাখ মানুষ কলকাতার বুকে মিছিল করে এসেছিল খাদ্যের দাবিতে। খাদ্যের দাবিতে মিছিল করে যখন এসেছিল, ৮০ জনকে পুলিশ পিটিয়ে তাদের হত্যা করেছিল। আজকে পশ্চিমবাংলায় এই জিনিস হয় না। পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার আসার পরে ১১ লক্ষ ২৭ হাজারের বেশি জমি কৃষকদের মধ্যে বিলি করা হয়েছে। উপকৃতের সংখ্যা ৩১ লক্ষেরও বেশি। পাট্টা প্রাপকদের মধ্যে ৩৭ শতাংশ তফশিলি জাতি, তফশিলি উপজাতি ১৮ শতাংশ, সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষ আছেন ১৮ শতাংশ। ২০১০-'১১ সালে এখানে থেমে নেই, ২০১০-'১১ সালে বামফ্রন্ট সরকার জমি বিলি করেছে আরও ৬ হাজার একর। বন অধিকার আইন আমরাই কার্যকর করেছি। বামফ্রন্ট শাসিত রাজ্যে ২০০৬ সালে ২৭ হাজার আদিবাসীকে আমরা পাট্টা দিতে পেরেছি—এটা একটা ঐতিহাসিক পদক্ষেপ। বর্গাদারদের স্বার্থ রক্ষা করা হয়েছে। বাবু বললেন বর্গাদারকে—'তুমি জমি থেকে উচ্ছেদ হয়ে যাও'। আজকে আর জমি থেকে উচ্ছেদ হতে পারে না। কারণ তারা বর্গা নথিভুক্ত হয়েছে। ১৫ লক্ষেরও বেশি বর্গাদার নথিভুক্ত হয়েছে, যাদের উচ্ছেদ করতে পারে নাই। ভূমি সংস্কারের মাধ্যমে কৃষকদের স্বার্থ রক্ষার ফলে কৃষিতে সাফল্য এসেছে পশ্চিমবাংলায়। পশ্চিম বাংলার খাদ্যশস্যের উৎপাদন বৃদ্ধি ঘটেছে। পশ্চিমবঙ্গ ছিল খাদ্যে ঘাটতি রাজ্য। ১৯৭৬-'৭৭ সালে খাদ্য উৎপাদন হয়েছিল ৭৪ লক্ষ মেট্রিক টন আর বর্তমানে সেইটা বেড়ে হয়েছে ১ কোটি ৭০ লক্ষ মেট্রিক টন। পূর্বতন সরকারের আমলে উন্নত মানের কৃষি প্রযুক্তি অবলম্বন করে উৎপাদন বৃদ্ধির ক্ষেত্রে ইতিমধ্যেই কার্যকরী পদক্ষেপ নেওয়া হয়েছে। ৩৫০০টি বীজ খামার তৈরি হয়েছে, ১৫০টি জৈব গ্রাম স্থাপিত হয়েছে। গুরুত্ব আরোপ করা হয়েছে জৈব সার, জীবাণু সারের উপরে। এই সাফল্য কেউ ছোটো করে দেখতে পারবে না। সবজি উৎপাদনে পশ্চিমবঙ্গ সবচেয়ে প্রথম সারিতে আছে। ১৩০ লক্ষ মেট্রিক টন পশ্চিমমবঙ্গে সবজি উৎপাদন হয়েছে। ৯৫ লক্ষ মেট্রিক টন আলু উৎপাদন হয়েছে। আলু উৎপাদনে আমরা দ্বিতীয় স্থানে আছি। সারা ভারতবর্ষে যা আলু উৎপাদন হয়, তার ৩৫ শতাংশ এই পশ্চিমবঙ্গে হয়। আনারস, লিচু, আম উৎপাদনে সমগ্র দেশের মধ্যে পশ্চিমবঙ্গের স্থান যথাক্রমে প্রথম, দ্বিতীয় এবং অষ্টম। খাদ্য প্রক্রিয়াকরণে রেকর্ড পরিমাণ বিনিয়োগ হয়েছে আমাদের রাজ্যে সাড়ে চার বছরে। ২০০৯-'১০ সালে ১৪১৬টি প্রকল্পে বিনিয়োগ হয়েছে ৩ হাজার ৫ কোটি ১৩ লক্ষ টাকা। সারা দেশে যখন কৃষি উৎপাদন কমছে ৩.০৬ শতাংশ, তখন আমার রাজ্যে তা ৪.৫ শতাংশ। ২০১০ সালে বিনিয়োগের পরিমাণ হয়েছে এখানে—শিল্পে বিনিয়োগ হয়েছে ২০০৫ থেকে ২০০৯ সাল পর্যন্ত মোট বিনিয়োগের পরিমাণ হয়েছে ২ লক্ষ ৩০ হাজার কোটি টাকা। সেখানে তথ্য প্রযুক্তির ক্ষেত্রে—আপনারা ভালো করে শুনুন, মাননীয় স্পীকার স্যার তথ্য প্রযুক্তির ক্ষেত্রে এখনও পর্যন্ত ৬ হাজার ৪ শত কোটি টাকা বিনিয়োগ হয়েছে। এই মুহূর্তে ১ লক্ষেরও বেশি ছেলেমেয়েরা কলকাতায় তথ্য প্রযুক্তিতে কর্মরত। তথ্যপ্রযুক্তির ক্ষেত্রে ইনফোসিস, আই.বি.এম., উইপ্রো ইত্যাদি নামীদামী সংস্থা, এই কোম্পানিগুলো এখানে তথ্যপ্রযুক্তিতে বিনিয়োগ করেছে। ক্ষুদ্র কুটিরশিল্পের ক্ষেত্রে ২৮ লক্ষ, ক্ষুদ্র শিল্প ইউনিটে ৫০ লক্ষের কর্মসংস্থান হয়েছে পশ্চিমবঙ্গে। ক্ষুদ্র,

মাঝারি শিল্পে আরও বিকাশ ঘটেছে এখানে। ২০০ কোটি টাকা পশ্চিমবঙ্গ সরকার বরাদ্দ করেছে। বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হওয়ার পর থেকে শিক্ষা প্রসারের কর্মসূচি নেওয়া হয়েছে। স্কুল ছুটের সংখ্যা কমেছে। ইতিমধ্যেই ৬৫ হাজার প্রাথমিক বিদ্যালয় গড়ে তোলা হয়েছে। ১৬ হাজার এস.এস.কে. প্রতিষ্ঠিত হয়েছে। ১৪ লক্ষ ৪ হাজার ছাত্র-ছাত্রী মাধ্যমিক পরীক্ষা দিয়েছে। মুসলিম ছাত্র-ছাত্রীর সংখ্যা ২ লক্ষ ১৫ হাজার। শিক্ষার ক্ষেত্রে আরো যে কথাটি বলতে চাই বামফ্রন্ট সরকারের আমলে পশ্চিমবঙ্গে ৫টি বিশ্ববিদ্যালয় স্থাপিত হয়েছে। বিশ্ববিদ্যালয়গুলোর নাম হল পশ্চিমবঙ্গ রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয়, গৌরাঙ্গ বিশ্ববিদ্যালয়, আলিয়া বিশ্ববিদ্যালয়, প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়, সিধু-কানহু বিশ্ববিদ্যালয়। বামফ্রন্ট সরকারের আমলে ৭৩টি ডিগ্রি কলেজ স্থাপিত হয়েছে। কলেজ বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে ৩ হাজার ৫০০ নতুন শিক্ষক নিয়োগ করা হয়েছে। যাদবপুর বিশ্ববিদ্যালয়কে Potential for excellence হিসেবে ঘোষণা করা হয়েছে। বিদ্যালয় মঞ্জুরি কমিশন এটা ঘোষণা করেছে, অন্য কেউ নয়। রাজ্যের ১৬টি কলেজ সীলমোহর পেয়েছে। পশ্চিমবঙ্গে প্রাথমিক শিক্ষা সার্বজনীন হওয়ার পর ৯৯.৯২ শতাংশ শিশু এখন প্রাথমিক বিদ্যালয়ে যাচ্ছে। সর্বভারতীয় হারের চেয়ে পশ্চিমবাংলা সবচেয়ে এগিয়ে আছে। পশ্চিমবঙ্গে প্রাথমিক স্তরে ৯৫ শতাংশ ছাত্র মিড ডে মিলের আওতায় এসেছে। এখানে বিদ্যুতের কথা বলা হচ্ছে। ১৯৭৭ সালে বিদ্যুৎ উৎপাদন হত ১ হাজার ৭০০ মেগাওয়াট। বক্রেশ্বরে যখন তাপবিদ্যুৎ কেন্দ্র গড়ে তোলার কথা বলা হল, ১১ বছর সময় লেগেছে কেন্দ্রের কাছ থেকে লাইসেন্স পাওয়ার জন্য। উদারনীতি উঠে যাওয়ার পর সেই লাইসেন্স পাওয়া গিয়েছে, বক্রেশ্বরে তাপবিদ্যুৎ কেন্দ্র হয়েছে। ১৯৭৭ সালে মাত্র ১ হাজার ৭০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন হত। এখন রাজ্যে ৬ হাজার ৮৩৩ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন হচ্ছে। গ্রামীণ বিদ্যুতায়নের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ অসামান্য কাজ করেছে ৩৩ বছরে। রাজ্যের মোট ৩৭ হাজার ৯১০টি মৌজার মধ্যে ৩৭ হাজার ৯৫০টি মৌজায় বিদ্যুৎ পৌঁছে গেছে। রাজ্য সরকারের লক্ষ্য ছিল প্রতিটা বাড়িতে বিদ্যুৎ পৌঁছে দেওয়া।

[12.10—12.20 p.m.]

Mr. Speaker: One minute please. Hon'ble Member, are you using mobile phone ? Please don't use mobile phones inside the House. You please continue, Mr. Hedayatullah.

শ্রী চৌধুরী মহম্মদ হেদায়েতুল্লাহ : প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনায় ২০১০ সালের ৩১ মার্চ পর্যন্ত রাজ্যে ৯ হাজার ৩০৬ কিলোমিটার পিচের রাস্তা হয়েছে। এর ফলে ৮ হাজার ৯২টি গ্রামের মধ্যে যোগাযোগ স্থাপন হয়েছে। এই প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনার টাকা একবারই কেন্দ্রীয় সরকার দেয়, তারপর দেয় না। সেই রাস্তা ভাঙচুর হলে রাজ্য সরকারকে মেরামত করতে হয়। ২০০৬ সালে পশ্চিমবঙ্গে স্বনির্ভর গোষ্ঠী ছিল ৩ লক্ষ ৮০ হাজার, বর্তমানে এই সংখ্যা ১২ লক্ষের উপর। গোষ্ঠীগুলোর মোট সদস্য সংখ্যা ১ কোটি ২০ লক্ষ। এই সদস্যদের মধ্যে ৯০ শতাংশ হল মহিলা। অসংগঠিত ক্ষেত্রে

শ্রমিকদের সুরক্ষায় বিভিন্ন পেশায় নিযুক্ত জীবিকাকে চিহ্নিত করেছে বিগত রাজ্য সরকার। ইতিমধ্যে উপকৃত হয়েছে ৩২ লক্ষ শ্রমিক। পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার ২ কোটি ৬৪ লক্ষ গরিব মানুষকে ২ টাকা কেজি দরে চাল দিচ্ছিল। মূল্যবৃদ্ধির চাপ খানিকটা গরিব মানুষকে স্বস্তি দিচ্ছিল। সংরক্ষণ আওতার ক্ষেত্রে, মুসলিম সংরক্ষণ, অনগ্রসর ভিত্তিতে ৫৩টি মুসলিম জনগোষ্ঠীকে সংরক্ষণের আওতায় এনেছে বামফ্রন্ট সরকার। রাজ্যে ২ কোটি ২ লক্ষ মুসলিম জনসংখ্যার মধ্যে ১ কোটি ৭২ লক্ষ ইতিমধ্যেই সংরক্ষণের আওতায় এসেছে। গোটা দেশে এই ধরনের ঘটনা নজিরবিহীন। সংখ্যালঘু সম্প্রদায়ের কল্যাণে নতুন ইতিহাস তৈরি করেছে পশ্চিমবাংলা সরকার। পশ্চিমবঙ্গে ১৯৭৬-৭৭ সালে মাদ্রাসার শিক্ষায় খরচ হত ৫ লক্ষ ৬০ হাজার টাকা। ২০১০-২০১১ সালে কত খরচ হচ্ছে জানেন ? ৬১০ কোটি টাকা। ৫ লক্ষ ৬০ হাজার টাকা থেকে ২০১০-২০১১ সালে ৬১০ কোটি টাকা খরচ হয়েছে। শুধুমাত্র সপ্তম বামফ্রন্ট সরকারের আমলেই ১০৫টি মাদ্রাসা গঠিত হয়েছে, ৪০০টি মাদ্রাসা শিক্ষা কেন্দ্র প্রতিষ্ঠিত হয়েছে। ২০০৭ সাল থেকে ২০০৯ সাল পর্যন্ত চার হাজারের বেশি শিক্ষক নেওয়া হয়েছে মাদ্রাসা সার্ভিস কমিশনের মাধ্যমে। ওখানে সার্ভিস কমিশন তৈরি করা হয়েছে, যার মাধ্যমে শিক্ষকরা নিযুক্ত হচ্ছেন। নিযুক্ত শিক্ষকদের মধ্যে ৮৯ শতাংশ সংখ্যালঘু সম্প্রদায়ের। ১৯৭৭ সালে মাদ্রাসায় পড়ুয়ার সংখ্যা ছিল চার হাজারেরও কম। আর এখন সেখানে মাদ্রাসায় শিক্ষা লাভ করছে সাড়ে চার লক্ষেরও উপর। অন্যান্য বিদ্যালয়ের সমহারে মাদ্রাসা শিক্ষক ও শিক্ষাকর্মীদের বেতন, অবসরকালীন সুযোগ-সুবিধার ভার নিয়েছিল বামফ্রন্ট সরকার। সমগ্র দেশে এই ধরনের নজির নেই। গোটা ভারতবর্ষে আপনারা এই নজির দেখতে পারবেন না। যা পশ্চিমবাংলায় মাদ্রাসা শিক্ষার ক্ষেত্রে যেভাবে বামফ্রন্ট সরকার করেছে। সারা ভারতে ৯টি হজ হাউস আছে, তার মধ্যে পশ্চিমবাংলায় ২টি হজ হাউস আছে। স্যার, মেডিকেল কলেজ ছিল ৭টি। বর্তমানে এখানে ১২টি মেডিকেল কলেজ হয়েছে। এই সময়কালে স্নাতক এবং স্নাতকোত্তর স্তরের আসন সংখ্যা যথাক্রমে ৭৫৫ ও ১১৭ থেকে বেড়ে হয়েছে ১৩৫৫ ও ৭০০। জানেন কি এটা ? শুনে নিন, গড় আয়ু, মৃত্যুহার, প্রসূতি মৃত্যুহার পশ্চিমবাংলায় জাতীয় হারের চেয়ে অনেক কম। গড় আয়ু জাতীয় স্তরের ক্ষেত্রে পুরুষ ৬৫.৮ শতাংশ এবং মহিলা হচ্ছে ৬৮.১ শতাংশ। পশ্চিমবাংলার ক্ষেত্রে পুরুষ ৬৮.২৫ শতাংশ, মহিলা হচ্ছে ৭০.৯ শতাংশ। জন্মহার জাতীয় স্তরের ক্ষেত্রে প্রতি হাজারে ২২.৮ শতাংশ। কিন্তু পশ্চিমবঙ্গের ক্ষেত্রে জন্মহার ১৭.৫ শতাংশ। শহরাঞ্চলে জন্মহারের ক্ষেত্রে পশ্চিমবাংলা সবার আগে। মৃত্যুহার জাতীয় স্তরের ক্ষেত্রে প্রতি হাজারে ৭.৪ শতাংশ, তুলনায় পশ্চিমবাংলায় ৬.২ শতাংশ। প্রসূতি মৃত্যুর হার জাতীয় স্তরে যখন ২৫৪ জন, পশ্চিমবাংলায় সেখানে ১৪১ জন। শিশু মৃত্যুর হার জাতীয় স্তরে ৫৩ জন, সেই তুলনায় পশ্চিমবঙ্গে ৩৫ জন। মাননীয় স্পীকার সাহেব, আমি যে কথাটা বলতে চাইছি, মাননীয় রাজ্যপাল মহাশয়ের ভাষণের মধ্যে যে কথাটা বলা আছে— আজকে আমরা দেখতে পাচ্ছি, পশ্চিমবাংলায় বামফ্রন্ট সরকার আসার পরে এখনো অনেক জিনিসের ঘাটতি আছে। কিন্তু যে সাফল্য পশ্চিমবাংলা নজিরবিহীন ভাবে করেছে, সারা ভারতবর্ষে তা খুঁজে পাবেন না। সেই জায়গায় পশ্চিমবাংলা একমাত্র রাজ্য যেখানে

গণতন্ত্রের প্রসার ঘটেছিল। বিগত পশ্চিমবঙ্গ সরকারে যে সাফল্য সেটাও এর মধ্যে প্রতিফলিত হোক। ধন্যবাদ।

[12.20—12.30 p.m.]

মিঃ স্পীকার : মাননীয় সদস্যদের কাছে আমার আবেদন, হাউস চলার সময় আমি দেখছি বিভিন্ন সদস্য এখানে ওখানে ঘোরাঘুরি করছেন, গল্প করছেন, যেটা সৌজন্যমূলক হচ্ছে না। আমি অনুরোধ করব, হাউস যখন চলবে তখন যেন লয়টারিং না হয়।

আর একটা অনুরোধ আপনাদের কাছে, হাউসে কেউ মোবাইল ফোন ইউজ করবেন না। আমি প্রথম দিনই বলেছি মোবাইল হয় সাইলেন্ট মোডে রাখবেন না হয় স্যুইচ অফ করে রাখবেন। দয়া করে হাউসে মোবাইল ফোন ইউজ করবেন না।

আর একটা আবেদন আমার, কোনো বক্তা যখন হাউসে বক্তব্য রাখছেন তখন তাঁকে ইন্টারাপ্ট করাটা সমীচীন হচ্ছে না। আপনাদের যখন বলার সময় আসবে তখন বলবেন, কিন্তু যখন কেউ বক্তব্য রাখছেন তখন যেন তাকে ইন্টারাপ্ট করা না হয়।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে, ভারতীয় সংবিধানের ১৭৬ অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের পঞ্চদশ বিধানসভার প্রথম অধিবেশনে পশ্চিমবঙ্গের মাননীয় রাজ্যপাল মহাশয় যে ভাষণ দিয়েছেন এবং তার উপর যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব এসেছে তাকে সমর্থন জানাচ্ছি। আজকে কিছু সংশোধনী এসেছে। বিগত ৩৪ বছর যে সরকার ছিল তখন আমরা যেসব সংশোধনী নিয়ে আসতাম সেইগুলোর দিকে তারা কোনো দৃকপাত করেনি, সেইগুলোর দিকে তাদের কোনো নজর থাকেনি। প্রকৃতপক্ষে সংসদীয় ব্যবস্থায় বিরোধীদের সম্মান দেওয়াটা যে জরুরি সেটা তাঁরা সেদিন ভাবেননি। (নয়েজ...) বদলা নয়, বদল চাই আমরা। আপনাদের অবিচার, অনাচার, অত্যাচার, মানুষকে মানুষ না ভাবা, এসব কারণে পশ্চিমবাংলার মানুষ আপনাদের বিরুদ্ধে রায় দিয়েছে। সেই পরিপ্রেক্ষিতে মাননীয় রাজ্যপাল যে কথাগুলো বলেছেন সেইগুলো কতটা যুক্তিসঙ্গত, কতটা গ্রহণীয় সেটা বামপন্থীরাও আজকে উপলব্ধি করছেন। মাননীয় রাজ্যপালের বক্তব্যে আছে সেইসময় কতটা অরাজকতা ছিল, কতটা অন্যায় ছিল। আজকে এই নতুন সরকার বিপুল পরিমাণ ঋণের বোঝা মাথায় নিয়ে ক্ষমতায় সমাসীন হয়েছে, বিপুল আর্থিক ঘাটতির সম্মুখীন হতে হচ্ছে। এছাড়া পুরনো বিলের বিপুল অর্থ মেটানো হয়নি। গত ২২ মার্চ ২০১১-তে বিধানসভায় যে বাজেট পেশ করা হয়েছিল, সেখানে বিপুল আর্থিক ঘাটতি দেখানো হয়েছে। এদিকগুলো বিগত সরকার সেই ভাবে চিন্তা-ভাবনা করেনি। আমরা দেখতে পাচ্ছি আজকে ঋণের পরিমাণ ২ লক্ষ ৩ হাজার ৪৮৮ কোটি টাকা অতিক্রম করেছে। আমরাও ৭৭ সাল পর্যন্ত ছিলাম। ৭২-৭৭ সাল পর্যন্ত আমরা ছিলাম। সেই সময়ে কম বাজেটের মধ্যেও যে সব উন্নয়নমূলক কাজ হয়েছে সেই সমস্ত কাজ আপনারা করতে পারেননি। ৩৪টা বছর আপনারা কী করেছেন ? নিজেদের দলীয় শাসনকে যাতে এখানে কায়েম করা যায় সেদিকে আপনাদের লক্ষ্য ছিল। তাই আমরা বলব যে আজকে সমাজের চারিদিকে শিক্ষা বলুন, স্বাস্থ্য

বলুন, উন্নয়নমূলক কাজ বলুন সমস্ত ক্ষেত্রে আজকে যে অবস্থা এসেছে, এটা তো ঠিক যে আপনারা তাকে স্বীকার করতে চাননি। এতদিন ধরে অপনারা সেটাকে অস্বীকার করেছেন। আজকে আপনারা ভুল স্বীকার করছেন। আজকে বলছেন আমাদের অন্যায় হয়েছে। আজকে বলুন তো সিঙ্গুরে জমি নিয়ে যেভাবে ন্যক্কারজনক ঘটনা আপনারা ঘটিয়েছেন সেটা কি গণতান্ত্রিক দেশে শোভা পায় ? এইগুলোকে এতদিন আপনারা মানেননি। আজকে আপনারা ভুল স্বীকার করছেন ? আজকে প্রায়শ্চিত্ত করছেন। আমি আপনাকে বলব মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে তাদের কাছে আমাদের নেত্রী, আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী তিনি বারেবারে বলেছেন যে আসুন, সকলে মিলে আমরা কাজ করি। কিন্তু আপনারা প্রত্যেকটা জায়গায় দেখুন, আপনারা কী অবস্থার মধ্যে ফেলছেন। আজকে বলুন খুনের রাজনীতি কারা নিয়ে এসেছে ? আমাদের চোখের সামনে দেখা ১৯৬৭ সালে সাঁইবাড়ির ঘটনা। আমরা দেখিনি ? আমরা বর্ধমান বিশ্ববিদ্যালয়ের ছাত্র ছিলাম। সেই সব জায়গায় যে সমস্ত ঘটনাগুলো ঘটেছিল। যারা সেখানে বিচারের জন্য কোর্টে এসেছিল। ইন্দু গড়িয়া থেকে আরম্ভ করে, প্রণব সাঁই থেকে আরম্ভ করে—কী ভাবে আপনারা নির্মমভাবে সাঁইবাড়ি পরিবারকে ধ্বংস করেছিলেন। কী অপরাধ করেছিল বলুন তো ? আজকে আপনারা চিৎকার করছেন। আপনারা এখন বলছেন সেখানে একটা সুব্যবস্থা চাই। প্রত্যেকটা জায়গায় ঝামেলা হচ্ছে নির্বাচনের পরে। আপনারা একটা দেখান তো—আমাদের নেত্রী যে ভাবে নির্দেশ দিয়েছেন প্রত্যেক জায়গায় আমরা সেটা ঠিকভাবে পালন করেছি। কোনো জায়গায় মার্কসবাদী কমিউনিস্ট পার্টি থেকে আরম্ভ করে বামপন্থী অন্যান্য শরিকদের কোথাও আক্রমণ করা হয়েছে কিনা ? কোনো জায়গায় হয়নি। কিন্তু এই বিষয়টাকে আপনারা এমন জায়গায় নিয়ে যাচ্ছেন। আজকে দেশটাকে ৩৪ বছরে আপনারা শেষ করে দিয়েছেন। মানুষের কোনো ভবিষ্যত নেই। ৫৬ হাজার কলকারখানা বন্ধ। এক কোটি বেকার হতে চলেছে। ১৯৭৭ সালে বেকারের সংখ্যা ছিল ১৫ লক্ষ ; আর আজকে ? আজকে নিজেদের মূর্খামির জন্যে, আপনাদের নিজেদের ভুলের জন্য। আপনারা সব সময়ে কী করেছেন ? সব সময়ে আপনারা দক্ষিণপন্থীদের উপরে আক্রমণ করিয়ে আঘাত হানবার চেষ্টা করেছেন। এক এক সময়ে এক এক রকম আন্দোলন, ধর্মঘট। কতবার ধর্মঘট, কতবার আন্দোলন করেছেন বলুন তো ? ৩৪ বছরে কতবার আপনারা বাংলা বন্ধ করেছেন ? মাননীয় অধ্যক্ষ মহাশয়, গ্রামোন্নয়ন থেকে আরম্ভ করে, পানীয় জল থেকে আরম্ভ করে, শিক্ষা, স্বাস্থ্য, রাস্তাঘাট, বিভিন্ন উন্নয়নমূলক কাজকে নিশ্চয়ই অগ্রধিকার দেওয়া দরকার। আমাদের বাঁকুড়া জেলার কথা বলছি। আমাদের ওখানে পানীয় জলের কষ্ট। আমাদের ওখানে সেচের জল নেই। আমি ২০০৫-এ যখন অসেচ এলাকা বলে বাঁকুড়া (১) নম্বর, (২) নম্বর, শালতোড়া থেকে আরম্ভ করে, ছাতনা থেকে আরম্ভ করে গঙ্গাজলঘাঁটির একাংশের কথা বলেছিলাম।

[12.30—12.40 p.m.]

এই ব্যাপারে আমি প্রাক্তন মুখ্যমন্ত্রীকে বলেছিলাম, কেন আপনারা সেগুলিকে অসেচ বলে ঘোষণা করলেন না ? অসেচ বলে নোটিফিকেশান কেন আপনারা করলেন না ? অসেচ না

করে দিয়ে সেখানে আপনারা ফেলে রেখে দিলেন কংসাবতী কম্যান্ড এলাকা বলে। কংসাবতী কম্যান্ড এলাকা বলে আপনারা ফেলে রেখে দিলেন, অথচ আপনারা এতদিন রাজত্বে ছিলেন, সেটাকে আপনাদের সংশোধন করতে নেই। কেন আপনারা এই কাজটা করলেন না ? আজকে সেখানে জল নেই সেখানে চাষ হয় না। গতবছরও আমাদের খরা হয়েছে। উপেন কিসকু মহাশয় তো কিছুক্ষণ আগে এইকথা বলছিলেন যে হ্যাঁ, সেখানে খরা হয়েছে। আমরাও বলি সেকথা। কিন্তু আজকে বর্তমান মুখ্যমন্ত্রী চিন্তাভাবনা করছেন সেই জায়গার ব্যাপারে। সেখানে পানীয় জলের ব্যবস্থা করছেন। সেচের জন্য ব্যবস্থা করছেন। বিভিন্ন মন্ত্রী মহাশয় সেখানে যেতে পারেন, সেই ব্যাপারে তিনি সচেষ্ট হয়েছেন। সেখানে যাবার জন্য ব্যবস্থা করে দিয়েছেন। এখন মন্ত্রীরা সেখানে গিয়ে কাজ করে আসছেন। আপনারা একটার পর একটা জায়গা দেখুন, প্রত্যেকটি জায়গাতে একই অবস্থা। খাবার নেই। আপনারা আগে খাবার নিয়ে লুঠপাট করেছেন। বেনফেড থেকে আরম্ভ করে প্রত্যেকটি জায়গাতে আপনারা লুঠপাট করে নিয়েছেন। আজকে সেই জায়গাগুলিকে আপনারা দেখেননি। আজকে আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী সেইকথা পরিষ্কারভাবে বলছেন। আজকে আমাদের গ্রামের বা শহরের কিভাবে উন্নতি করা যায়, শিক্ষার কিভাবে উন্নতি করা যায়, স্বাস্থ্যের কিভাবে উন্নতি করা যায় সেই ব্যাপারে চেষ্টা করছেন। মানুষের মধ্যে আজকে হাহাকার সৃষ্টি হয়েছে। তিনি চেষ্টা করছেন আজকে মানুষের মধ্যে কোনো রকম হাহাকার বা অনাহার যেন না থাকে। এখানে সবুজ বিপ্লবের কথা বলছেন ? সবুজ বিপ্লব আন্দোলন কে করেছিল ? আপনারা করেননি। প্রয়াত ইন্দিরা গান্ধী তদানীন্তন সময় ৭২-৭৭ সালে আমরাও বিধানসভাতে ছিলাম, আমিও বিধানসভার সদস্য ছিলাম। সেই সময় আমরা দেখেছি সেখানে সবুজ বিপ্লব কাকে বলে ? আপনারা সেটা দেখেননি। আপনারা নাবালক বা নাবালিকা ছিলেন। আপনারা যদি সেই জিনিসগুলিকে চিন্তা করতেন তাহলে আজকে এইকথা আপনারা বলতেন না। খাদ্যে স্বয়ম্ভর ? খাদ্যে স্বয়ম্ভর হলে কেন আজকে এই বুভুক্ষু অবস্থা। কেন আজকে গ্রামে গঞ্জে মানুষ এখনো খাদ্যের অভাবে মরে ? বাঁকুড়ার বুকেও আপনাদের রাজত্বে মারা গেছে। আমার এলাকাতেই গরিব তন্তুজীবী থেকে আরম্ভ করে আজকে বাসন শিল্পী থেকে আরম্ভ করে প্রত্যেকটা জায়গাতে আপনারা গরিব মানুষদের বঞ্চিত করেছেন।

আপনারা কুটিরশিল্পকে নষ্ট করে দিয়েছেন। কুটিরশিল্পকে ধ্বংস করে দিয়েছেন। শিল্পকে যেমন একদিকে নষ্ট করে দিয়েছেন, তেমনি অপরদিকে কুটিরশিল্প, তাঁতশিল্পকে নষ্ট করে দিয়েছেন। বাসন শিল্পকে নষ্ট করে দিয়েছেন। ছোট যারা শিল্পী তারাও আজকে বিভ্রান্তির মধ্যে পড়েছে। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে এটুকু বলব যে আজকে শিল্পক্ষেত্রে যে করুণ পরিস্থিতি—যেটা মাননীয় রাজ্যপাল বলছেন, শ্রমিক আন্দোলন এবং ভুল শিল্পনীতি শ্রমনীতির ফলে বহুসংখ্যক বড় ও ছোট কলকারখানা বন্ধ হয়ে গেছে। যেটা আমি বলছিলাম ৫৬,০০০ কলকারখানা বন্ধ হয়ে গেছে। কত বেকার হয়েছে ? রেজিস্ট্রিকৃত বেকার এবং এমনি যে বেকার সব মিলিয়ে এক কোটি বেকার আপনার বেড়েছে। তাহলেই দেখুন আজকে দেশে বেকারের সংখ্যা কত। আপনারা বলুন, আপনাদের ভুলের জন্য আজকে কোনো নতুন শিল্প গড়ে ওঠেনি। শোভনবাবু কিছুক্ষণ আগে যে কথা বললেন

বাঁকুড়ার বুকে আপনারা শিল্পের নামে কী করেছেন ? স্পঞ্জ আয়রনের ২৩টি কারখানা খুলে দিয়েছেন। স্পঞ্জ আয়রন লুটেপুটে খাওয়ার জন্য আর বিভিন্নভাবে সেখানে মানুষকে ধোঁকা দেওয়ার জন্য সেখানে খুলে দিয়েছেন এবং বেকারত্ব বাড়িয়ে দিয়েছেন। বেকারকে ধ্বংস করে দেওয়া যায় না। আজকে প্রকৃতপক্ষে আমাদের মুখ্যমন্ত্রী মহাশয়া যেসব প্রস্তাব দিয়েছেন এবং মাননীয় রাজ্যপাল মহোদয় তাঁর ভাষণের মধ্যে যেসব বক্তব্য রেখেছেন, প্রকৃতপক্ষে আজকে মনে করি এইভাবে মানুষের স্বার্থে, মানুষের জন্য, মা-মাটি-মানুষ—তার স্পর্শে আজকে মুখ্যমন্ত্রী যেভাবে প্রস্তাব দিয়েছেন, মাননীয় রাজ্যপাল মহোদয় তাঁর ভাষণের মধ্যে সেগুলোকে যে প্রকাশ করেছেন, তার জন্য তাঁকে ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী পরেশ চন্দ্র অধিকারী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার বিষয় বলার আগে আমি আপনার কাছে একটি বিষয় উল্লেখ করব। যে বিষয়টি বলা খুবই জরুরি। আমাদের এখানে অনেক নতুন সদস্য এসেছেন এবং আমাদের বিধায়ক আবাসে এখনো অনেকে সঠিকভাবে নিজেদের জায়গায় যেতে পারেননি, হয়তো কয়েকদিনের মধ্যে তাঁরা যাবেন। কিন্তু অসুবিধা হচ্ছে এই কারণে যে, আমাদের এই সভায়, বিশেষ করে মেনশন এবং কলিং অ্যাটেনশন—এগুলি দেওয়ার ক্ষেত্রে যে সময় নির্ধারিত, আজকে আমাদের বিরোধী দলের অনেক সদস্য যাদের মেনশন দেওয়ার কথা ছিল, তারা কাগজপত্র নিয়ে যেখানে যেখানে তাঁরা থাকতেন, সেখান থেকে ছুটে আসলেন, কিন্তু তাঁরা সঠিক সময়ে দিতে পারলেন না। আমি অনুরোধ করব আপনাকে, যতক্ষণ পর্যন্ত এই ব্যবস্থার একটা সিদ্ধান্ত চূড়ান্ত না হয়, তাঁরা ঘরে যতক্ষণ স্থায়ীভাবে নিজেদের জায়গা করে নিতে না পারছেন, আমাদের বিধায়ক আবাস থেকে এই মেনশন এবং কলিং অ্যাটেনশন যাতে দেওয়ার ব্যবস্থা করা যায়, এটা একটু ভেবে দেখবেন। এর আগে এই নিয়মটা কিন্তু ছিল। ....(নয়েজ) শুধু আমাদের ক্ষেত্রে না, সকলের জন্যই বলছি। তাঁরা যাতে দেওয়ার সুযোগ পায়, সে বিষয়ে নিশ্চয়ই আপনি দেখবেন। যাতে আমাদের গণতন্ত্রের পীঠস্থানে নিজেদের বলার সুযোগটা থাকে।

মিঃ স্পীকার : আপনি আলোচনার বিষয়বস্তুতে আসুন।

শ্রী পরেশ চন্দ্র অধিকারী : ঠিক আছে, আমি আমার বিষয়ে যাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহোদয়, গত ১৩ জুন আমাদের পশ্চিমবঙ্গের রাজ্যপাল এই সভায় যে ভাষণ রেখেছেন—অনেক বক্তাই যাঁরা এর আগে এই বিষয়ের ওপর বক্তব্য রেখেছেন—আমি সেদিকে যাওয়ার আগে এই গণতন্ত্রের পীঠস্থান, এই পবিত্র হাউসে দীর্ঘদিন থেকেই দেখে আসছি। আগে আমি দর্শক আসন থেকে দেখতাম। পরবর্তীকালে ১৯৯১ সালে বিধায়ক হওয়ার সুযোগ হয়। তারপর থেকে আমি দেখে আসছি। ... (নয়েজ) মন্ত্রী তো এই ৫ বছরের। গত কয়েকদিন থেকেই আমি লক্ষ করছি যে, আমাদের এখানে এর আগে অনেক ভাল ভাল বক্তা, যাঁরা এই মহতী সভায় ভাষণ রেখেছিলেন, যাঁদের বলার বাচনভঙ্গি, শব্দচয়ন মানুষকে মুগ্ধ করত এবং আমরা এও দেখতাম যে, আমাদের এইসব গ্যালারিগুলো পরিপূর্ণ হয়ে উঠতো ছাত্র-ছাত্রীতে, কলেজের অনেকেই আসতেন।

[12.40—12.50 p.m.]

যাঁরা অপেক্ষা করে থাকতেন, মুগ্ধ হয়ে শুনতেন, হুড়োহুড়ি পড়ে যেত এবং তারা এখান থেকে নোটও নিতেন। কিন্তু এখন আমরা অনেকেই দেখছি আস্তে আস্তে সেগুলি ইতিহাস হয়ে যাচ্ছে। এই হাউসে পরবর্তীতে আমরা দেখেছি যে এখানে ভাঙচূড়ের তাণ্ডব। এখানে মাননীয় অধ্যক্ষদের বিভিন্ন রুলিং আমরা দেখেছি এবং এই মহতী সভায় বিধিভঙ্গের দায়ে বিচারসভা আমি দেখেছি, ছবি তোলার জন্য বিচারসভা হয়েছিল। গত কয়েকদিন আগে পঞ্চদশ বিধানসভা নির্বাচনে ফলাফল ঘোষণার পরে সংখ্যাধিক্যের গরিষ্ঠতার কারণে সরকারের পরিবর্তনও এবার আমরা লক্ষ করছি। গত ৩০শে মে মাননীয় অধ্যক্ষ মহাশয়ের নির্বাচনের দিন পশ্চিমবঙ্গের মাননীয়া মুখ্যমন্ত্রী ওনার আসন থেকেই উনি যে বক্তব্য রেখেছেন, আমরা ওনাকে সাধুবাদ জানিয়েছি। যে বক্তব্যের মধ্যে উনি বিশেষ ভাবে উল্লেখ করেছেন, আমি বক্তব্যের মধ্যে ওনার যে সুরটি ছিল যে এই মহতী সভায় বিরোধী দলের গুরুত্ব বাড়ানোর জন্য উনি নিজেদের নির্ধারিত সময় কেটে বিরোধী দলকে দেওয়ার জন্য এই সভা থেকেই ঘোষণা করেছিলেন। কিন্তু আজ আমরা কি দেখছি গত পরশু থেকে বিরোধী দলের সদস্যরা যাঁরাই বলছেন যে বিষয়টা আপনাদের ভালো লাগছে সেই সময়টা আপনারা চুপ করে থাকছেন, স্বাধীনভাবে বলতে গেলেই আপনারা চিৎকার করে উঠছেন। আমরা অবাক হই মাননীয় মুখ্যমন্ত্রী যখন বলছেন এই মহতী সভায় বিরোধীদের বলার সুযোগ আরও বাড়াতে হবে, তখন এই সভাতেই আপনারা বাধা দেবার চেষ্টা করছেন যাতে বলতে না পারে। আমি জানি না, এই গলা চড়িয়ে বলার জন্য—মাননীয় শোভনবাবু আছেন, অন্য অন্য নেতারা আছেন, আপনারাই জানেন এই গলা চড়িয়ে বলার জন্য আপনাদের অন্য কোনো প্রোমোশানের ব্যবস্থা আছে কি না ? আমার জানা নেই। অমার বিরোধী বন্ধুরা বিগত কয়েকদিন থেকেই তাঁরা বক্তব্য রাখার চেষ্টা করছেন, যে সব বিষয়ে তাঁরা আলোকপাত করেছেন আমি সেই দিকে যাচ্ছি না, যে বিষয়গুলি একেবারেই বলেননি, সেই বিষয়গুলিতে আমি আলোকপাত করার চেষ্টা করছি। ভারতবর্ষের মাননীয় প্রধানমন্ত্রী স্বীকার করেছেন যে আইন শৃঙ্খলার প্রশ্নে মাওবাদী সমস্যা সবচেয়ে বড় বিপদ। কিন্তু অতি দুঃখের সঙ্গে আমাকে বলতে হচ্ছে মাননীয় রাজ্যপালের ভাষণে যার কোনো উল্লেখই নেই। এর পিছনের কারণটা কি আমি জানি না। ভারতবর্ষের স্বাধীনতার ৬৪ বছরের মধ্যে মূল্যবৃদ্ধি যেটা এখানে একটু উল্লেখ আছে, এর আগে আমরা এত দেখিনি। এই ভাষণে উল্লেখ আছে, কিন্তু তার সমাধানের দিশা সেখানে নেই—চিৎকার করবেন না, আঘাত আরও আসছে, কারণ কয়েকদিন আগে কাগজে দেখলাম যে পেট্রপণ্যের দাম আরও বাড়বে। আরও মূল্যবৃদ্ধি লাফিয়ে লাফিয়ে বাড়ছে। কয়েকদিন আগে তো আপনারাও চিৎকার করলেন। এই সভায় প্রয়াত জননেতা কমল গুহর কথা স্মরণ করতে হয়, যে বিষয়টি আমরা ভেবেছিলাম অন্তত মাননীয় রাজ্যপালের ভাষণে এ বছর উল্লেখ থাকবে। বিষয়টি কি ? সীমান্ত সমস্যা। যে বিষয় নিয়ে একটি লাইনও খরচ করা হয়নি। আমাদের এই গোটা রাজ্যের ১৯টি জেলার মধ্যে ১০টি জেলাই সীমান্ত জেলা। সীমান্তের এই ১০টি জেলার সীমান্তবাসীদের সমস্যা। কোচবিহার থেকে আমরা যদি ধরি, কোচবিহার থেকে উত্তর ২৪ পরগনা, দক্ষিণ ২৪ পরগনা প্রায় ২২শো

বর্গ কিলোমিটার। সীমান্তের যে দীর্ঘ এই পথ, যেখানে প্রায় কয়েক কোটি মানুষের বাস। যাঁরা প্রতি নিয়ত চোখের জল ফেলছেন, যাঁরা এখন বর্তমানে নিজ ভূমে পরবাসী। বর্তমান প্রশাসনের পাশে সীমান্ত রক্ষী বাহিনী সমান্তরাল প্রশাসন চালাচ্ছে। এদের কথা ভাষণে উল্লেখ নেই। আমরা আশা করেছিলাম, যে অন্তত সীমান্তের এই ১০টি জেলার এই সমস্যা, কাঁটাতারের বেড়ার ওপাশের জমিতে যেখানে অবাধে তারা যেতে পারে না। জমি থেকেও যারা আজ আবাদ করতে পারছে না, সীমান্তের ওই কাঁটাতারের বেড়ার ওপাশের জমিতে অবাধে চাষাবাদ করার পাশাপাশি ছিটমহল বিনিময় সহ আরও বিভিন্ন সমস্যার সমাধানে অগ্রণী ভূমিকা নেওয়ার বিষয়ে আমরা আশা করেছিলাম যে উল্লেখ থাকবে। আমরা আশা করেছি এই কারণে, কেন্দ্রেও আপনারা রাজ্যেও আপনারা। কোনো দুঃখ নেই, আনন্দ হচ্ছে। কয়েকজন উল্লেখ করলেন, সিঙ্গুরে প্রকৃত চাষীদের জমি ফেরত দেওয়ার সিদ্ধান্তকে আমরা নাকি স্বাগত জানাইনি। আমাদের সদস্যরা দ্ব্যর্থহীন ভাষায় বলেছেন, যে সিঙ্গুরে প্রকৃত চাষীদের জমি ফেরত দেওয়ার সিদ্ধান্তকে আমরা স্বাগত জানাই। কিন্তু সীমান্তবাসী চাষীদের কাঁটাতারের বেড়ার ওপাশে কয়েক লক্ষ একর অনাবাদী কৃষি জমি আছে। এই জমিতে অবাধে চাষাবাদ করার জন্য সরকারের প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া অত্যন্ত জরুরি। এই কৃষকদের বাঁচাতে হয় সরকারি ভাবে অধিগ্রহণ করা হোক কাঁটাতারের বেড়ার ওপাশের জমি। কয়েকশো একর জমি, ৪০০ একর নয়। অথবা জিরো পয়েন্টে, একেবারে সীমানার জিরো পয়েন্টে কাঁটাতারের বেড়া দেওয়া হোক। আমরা, আমাদের বিরোধী দলের পক্ষ থেকে এই বিষয়টি বিশেষভাবে উল্লেখ করছি। গত ৩রা জুন এই বিরোধী দলের পক্ষ থেকে আমরা পশ্চিমবঙ্গের মাননীয়া মুখ্যমন্ত্রীর সাথে গিয়ে দেখা করি। মহাকরণে গিয়ে আমরা দেখা করি। আমরা আশ্বস্ত হই। উনি ধৈর্য্য সহকারে আমাদের বিরোধী দলের সমস্ত কথা শোনেন এবং উনি আমাদের আশ্বস্ত করেন, যে গোটা রাজ্যের শান্তিশৃঙ্খলা ফেরানোর জন্যে। আপনারা সুনির্দিষ্টভাবে কেস টু কেসগুলি আমাদের হাতে তুলে দিন। আমরা নিশ্চয়ই এই বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবো। এবং উনি এও আশ্বাস দিয়েছিলেন, যে এই জায়গায় জায়গায় যেসব গণ্ডগোল হচ্ছে, জায়গায় জায়গায় যেসব ঘটনাগুলি হচ্ছে, এই বিষয়গুলি আপনারা জেলার থেকে ওনার দেওয়া এই ফ্যাক্স নাম্বারের মাধ্যমে আমার এখানে পাঠিয়ে দেবেন। গত কয়েকদিন থেকে আমাদের সদস্যরা যাঁরা, তাঁরা এই সব উল্লেখ করেছেন। গতকাল আমার কোচবিহারের মাননীয় সদস্য কমরেড উদয়ন গুহ এবং আমার ওই এলাকার আর একজন সদস্য বিধায়ক অক্ষয় ঠাকুর, তাঁর এলাকার কথা আমার সুনির্দিষ্টভাবে এবং কোচবিহার থানায় যেসব ডায়রিগুলি তার কেস নাম্বার দিয়ে, যে এলাকার কত মানুষ গৃহ ছাড়া

[12.50—1.00 p.m.]

এবং এলাকায় কি পরিমাণে ওই কোতোয়ালী থানার আন্ডারে জায়গায় জায়গায়, যে বিষয়গুলি নিয়ে আমাদের পার্টি অফিসসহ যে জায়গায় তারা সেখানে সন্ত্রাস চালাচ্ছেন, সেই জায়গাগুলি উল্লেখ করা হয়েছিল। কিন্তু প্রশাসন নির্বিকার (নয়েজ) প্রশাসনের পক্ষ থেকে

আজ পর্যন্ত মাননীয় মুখ্যমন্ত্রীর সেই বার্তা নিচুতলা পর্যন্ত আজও পৌঁছলো না। আজ আমরা এই বিষয়ে আমাদের বিরোধীদলের নেতা এবং আমাদের বিরোধীদলের প্রত্যেকটি সদস্য তাঁরা বারে বারে উল্লেখ করার চেষ্টা করছেন যে, বিষয়টি গুরুত্ব সহকারে দেখার জন্য। বন্ধুগণ, উত্তরবঙ্গের মানুষের দীর্ঘদিনের দাবি উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদের পৃথক মন্ত্রক। প্রয়াত জননেতার কথা উল্লেখ করেছিলাম যে, কমল গুহ তিনি দীর্ঘদিন থেকে—২০০০ সালে উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ গঠন হল। আমরা সরকারে থেকেও, (নয়েজ) শুনলে আপনাদের হয়তো, আপনারা কথা বলছেন, আপনারা নিশ্চয়ই বলবেন। একথা বলি যে, আমরা সরকারে থেকেও উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদের বিষয় নিয়ে শুধু এই উত্তরবঙ্গে দাঁড়িয়ে না, আমাদের এই পশ্চিমবঙ্গের বিভিন্ন প্রান্তে এই সমস্যার কথা আমরা উল্লেখ করেছিলাম। এবং এ কথা বলি যে, উত্তরবঙ্গের পৃথক মন্ত্রকের কথা আমরা আলাদাভাবে বলেছি। আমরা সাধুবাদ জানিয়েছি, তারজন্য আলাদা মন্ত্রক, সেখানে আমাদের এই নতুন সরকার তারা আলাদা মন্ত্রকের দায়িত্ব করেছেন, গৌতমবাবুকে সেই দায়িত্ব দিয়েছেন, আমরা এই বিষয়ে সেইজন্য সাধুবাদ জানাই। কিন্তু অবাক হই, যে এই মন্ত্রকের বিষয়ে ঘোষণা হওয়ার পরে বরাদ্দের কথাও ঘোষণা হল, কিন্তু এর বাস্তবতা কোথায় ? উত্তরবঙ্গের বিভিন্ন জেলার ডি.এম.-দের আজও আমরা ফোন করেছিলাম, যে উত্তরবঙ্গের এই উন্নয়ন পর্ষদের এই মন্ত্রকের এবং এই উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদে কারা দায়িত্বে থাকবেন ? এবং এঁরা কারা কারা সদস্য হবেন ? কোথায় এর দপ্তর হবে ? কি কি পরিকল্পনা অগ্রাধিকার পাবে ? এমনিতেই উত্তরবঙ্গে বর্ষা খুব তাড়াহুড়া করে আসে। এই বর্ষার আগে এই কাজে নামতে পারবেন তো ? প্রায় তিন কোটি মানুষ তারা প্রহর গুনছেন, উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদের মন্ত্রকের বিষয় নিয়ে এবং উত্তরবঙ্গে মাননীয়া মুখ্যমন্ত্রীর সচিবালয়ের বিষয় নিয়েও যেটা ঘোষণা হয়েছে। কিন্তু রূপায়ণের বিষয়ে, এখানে আমাদের প্ল্যানিংয়ের মন্ত্রী উনিও এখানে বসে আছেন, আমি অনুরোধ করবো যে, অতি দ্রুত উত্তরবঙ্গের এই সমস্যাগুলি এবং উত্তরবঙ্গে বর্ষার আগেই যাতে আমরা কাজের মধ্য দিয়ে মাঠে নামতে পারি আপনারা নিশ্চয়ই এ বিষয়টি ভেবে দেখবেন। এবং উত্তরবঙ্গের বিভাগীয় শহর, উত্তরবঙ্গের বিভাগীয় শহর, (নয়েজ) জলপাইগুড়ি শহরে (নয়েজ) উত্তরবঙ্গে একটি জ্বলন্ত সমস্যা—সার্কিট বেঞ্চ। এই বেঞ্চের বিষয় নিয়ে দীর্ঘদিন ধরে যে বিষয় নিয়ে দীর্ঘদিন ধরে কবে, কখন হবে ? কখনও মহামান্য হাইকোর্টের স্থগিতাদেশ বলে আটকানো থাকে, কখনও আমরা অপেক্ষা করে আছি এটার একটা সুরাহা হওয়া দরকার। আমরা অনুরোধ করছি বিষয়টি নিশ্চয়ই উল্লেখ করবেন। এবং একথা বলি যে, আমাদের উত্তরবঙ্গের বৈচিত্র্যভরা উত্তরবঙ্গের একদিকে বিস্তীর্ণ বনাঞ্চল, আর একদিকে চা বলয়। ১৪২টি জনজাতি অধ্যুষিত অঞ্চল নানাবিধ সমস্যাসহ চা-বাগিচা শ্রমিকদের দীর্ঘদিনের দাবি কি দাবি ? আমার উত্তরবঙ্গের বিধায়ক, মাননীয় দেবপ্রসাদ রায় গতকাল তিনি উল্লেখ করেছিলেন, যে চা বাগানের চা বাগিচার শ্রমিকদের দ্রুত তাদের পাট্টার ব্যবস্থা করা হোক। এবং সেই চা বাগিচা এলাকার চা শ্রমিকদের অবিলম্বেই সেই এলাকার হিন্দি মিডিয়াম স্কুল করা হোক, এই দাবি নিয়ে তারা বলছেন। উত্তরবঙ্গের আর একটি জ্বলন্ত সমস্যা, যে সমস্যার কথা, গতকালও আলোচনা হয়েছে। সেই সমস্যাটি কি।

উত্তরবঙ্গের এখানে আইলা বিধ্বস্ত অঞ্চল, গঙ্গা অন্যান্য নদীর কথা বলা হয়েছে ; কিন্তু উত্তরবঙ্গের নদীর কথা বলা হয়নি। মাননীয় সেচমন্ত্রীকে অনুরোধ করবো, এই বর্ষা আসার আগেই, উত্তরবঙ্গের বন্যা প্রতিরোধে উত্তরবঙ্গের বেশির ভাগ নদী ওই ভারত ভুটান, সেই ভুটান থেকে প্রবাহিত হয়েছে। এবং আমরা দেখি, এই ভুটান থেকে যে সব নদী, সেইসব নদীগুলির জল ধারণ করার ক্ষমতা নেই এবং যত তাড়াতাড়ি এই বিষয়ে ভারত ভুটান একটা নদী কমিশন গঠন করা হোক এবং এই বিষয়ে একটা সিদ্ধান্ত নেওয়া হোক। আর সবশেষে বলি, অনেক কথাই আপনারা বলছেন—সর্বশেষে একটা কথা বলি—বিপুল সংখ্যাগরিষ্ঠতা নিয়ে ক্ষমতায় এসেছেন, এটা যেমন কষ্টসাধ্য, মানুষের পর্বত প্রমাণ প্রত্যাশাপূরণ এর থেকে আরো-আরো বেশি কষ্টসাধ্য। নিশ্চয় ব্যাপারটা অনুধাবন করবেন। শেষ কথা বলি, মাননীয় মুখ্যমন্ত্রী এই হাউসে যে কথা বলেছিলেন, সেটা নিশ্চয়—সেই কথা আপনারা রাখবেন এবং প্রতিশ্রুতি পালন করবেন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী অসিত কুমার মাল : মাননীয় অধ্যক্ষ মহোদয়, ভারতীয় সংবিধানের ১৭৬ নম্বর অনুসারে পশ্চিমবঙ্গের পঞ্চদশ বিধানসভার প্রথম অধিবেশনে পশ্চিমবঙ্গের মাননীয় রাজ্যপাল শ্রী এম.কে. নারায়ণন যে ভাষণ রেখেছেন, সভা সেইদিনই আন্তরিকভাবে তাঁকে ধন্যবাদজ্ঞাপন করেছেন। আজকে আলোচনায় ভারতীয় জাতীয় কংগ্রেসের পক্ষে আমি মাননীয় রাজ্যপালের ভাষণকে সমর্থন জানিয়ে দু-একটা কথা বলতে চাই। আমাদের ঘোষিত নীতি অনুযায়ী মমতা বন্দ্যোপাধ্যায়ের যে মন্ত্রীসভা, সেই মন্ত্রীসভাকে সমর্থন এবং যোগদান, শুধু তার কারণেই মাননীয় রাজ্যপালের ভাষণকে সমর্থন করছি না। আজকে দীর্ঘ সময় ধরে পশ্চিমবঙ্গ বিধানসভার সদস্য হিসাবে, মাননীয় রাজ্যপালের যে ভাষণ আমরা পড়েছি এবং দেখেছি তাতে এই প্রথম মাননীয় রাজ্যপালের ভাষণে রাজ্যের বাস্তব পরিস্থিতি, প্রকৃত চিত্র ফুটে উঠেছে ; তাই মাননীয় রাজ্যপালের ভাষণকে আন্তরিকভাবে সমর্থন করছি। স্যার, মাননীয় রাজ্যপালের ভাষণের কথা বলতে গিয়ে আমি এই পবিত্র বিধানসভা থেকে বীরভূম জেলার ২৯২ বিধানসভা কেন্দ্রের সমস্ত ভোটারকে আমাকে পঞ্চমবারের জন্য নির্বাচিত করার জন্য আমি প্রণাম জানাতে চাই, আমি কৃতজ্ঞতা জানাতে চাই তাদের। আমি এই মহামান্য রাজ্যপালের ভাষণের বইটা পড়েছি, খুব অল্প কথা লেখা আছে।

[1.00—1.10 p.m.]

আমার জ্ঞানে একটা ওয়ার্ড কিংবা সেনটেন্স মাননীয় কোনো সদস্য খুঁজে পাবেন না যে এইটা অতিরিক্ত লেখা হয়েছে, এটা বাদ দিলে ভালো হয়। কারণ পশ্চিমবঙ্গের প্রকৃত তথ্যচিত্র ফুটে উঠেছে মাননীয় রাজ্যপালের ভাষণে। তাই আর একবার সমর্থন জানাচ্ছি। স্যার আমার সময় খুব অল্প। আপনি যে সময় অ্যালোটমেন্ট দিয়েছেন সেখানে অনেক সময় বিরোধী দলের মাননীয় সদস্যরা তাদের সেই সময় নিতে পারছেন না, তাদের ইচ্ছে থাকলেও বলতে পারছেন না। আমি আপনার কাছে অনুরোধ করছি স্যার আপনার ক্ষমতা দিয়ে যদি আমাকে তিন মিনিট এ্যাক্সেস টাইম দেন। আমার জন্য মাত্র সাত মিনিট টাইম

আছে। আমি তাদেরই কথা বলব। স্যার আপনি দেখবেন মাননীয় রাজ্যপালের ভাষণে প্রথম ২ নং অনুচ্ছেদে, ৩ নং অনুচ্ছেদে লেখা আছে সদ্য সমাপ্ত পঞ্চদশ বিধানসভা নির্বাচনে জনগণ স্বাধীনভাবে ভোট দিয়েছিলেন এবং অনেক বছর পরে এই প্রথম ভোট গ্রহণ এবং ফলাফলে কারচুপির কোনো অভিযোগ পাওয়া যায়নি। এটা কত বাস্তব। এই জায়গায় দাঁড়িয়ে প্রথমেই আমি ইলেকশান কমিশানকে একটা ছোট্ট ধন্যবাদ জানাতে চাই দীর্ঘ ৩৪ বছর পরে এই রাজ্যের নির্বাচন কাকে বলে তা তিনি দেখিয়ে দিয়েছেন, গণতন্ত্রকে প্রতিষ্ঠিত করেছেন, মানুষের অধিকারকে প্রতিষ্ঠিত করেছেন। স্যার ৮ নং অনুচ্ছেদে লেখা আছে নতুন সরকার বিপুল ঋণের বোঝা মাথায় নিয়ে রাজ্যের শাসন ক্ষমতায় অধিষ্ঠিত হয়েছেন। বিপুল ঋণের বোঝা কত ? ২ লক্ষ ৩ হাজার ৪৮৮ কোটি টাকা দাঁড়াবে বলে আশংকা করা হচ্ছে। ইতিমধ্যে ২০১১ সালের ৩১শে মার্চ পর্যন্ত ১ লক্ষ ৮৫ হাজার ৬৪৭ কোটি টাকায় পৌঁছেছে। সেই জায়গায় দাঁড়িয়ে নতুন সরকার চরমতম বিপর্যয়ের মধ্য দিয়ে যে সমস্যার সম্মুখীন হয়েছেন, সেখানে দুঃসাহসিকভাবে রাজ্য সরকার রাজ্যের সেই আর্থিক অবস্থা সম্পর্কে একটি শ্বেতপত্র প্রকাশ করবে এবং সরকার এই সমস্যার সমাধানকে চ্যালেঞ্জ হিসাবে নিয়ে মোকাবিলা করবে, রাজ্যের আর্থিক স্বাস্থ্য পুনরুদ্ধার করবে। তারজন্য মমতা বন্দ্যোপাধ্যায়কে তথা এই রাজ্যের মাননীয়া মুখ্যমন্ত্রীকে প্রণাম জানাই এবং তাকে সর্বস্তরে সাহায্যের হাত বাড়িয়ে দেওয়ার জন্য অঙ্গীকার করছি স্যার। চিরদিন গোপন রেখেছেন—বিগত দিনে—আজ থেকে তিন মাস আগে যে সরকার ছিল তারা রাজ্যের করুণ অবস্থার কথা, অর্থ সংকটের কথা আমরা জানতে পারলেও জনগণকে জানাননি, মানুষকে বিভ্রান্ত করেছেন। এই পবিত্র বিধানসভায় মাননীয় রাজ্যপাল তিনি কোন্‌গুলোকে সবচেয়ে বেশি প্রাধান্য দিয়েছেন। আপনি দেখবেন ১০ নং অনুচ্ছেদে মাননীয় রাজ্যপাল তাঁর ভাষণে যুব সমাজকে বলেছেন বহুবিধ সমস্যায় জর্জরিত বেকার যুবক-যুবতী। তাই এমপ্লয়মেন্ট ব্যাংক তৈরি করার কথা মাননীয় রাজ্যপাল তাঁর ভাষণে বলেছেন। এরজন্য তাঁকে সাধুবাদ জানাই, এরজন্য তাঁকে সাধুবাদ জানাই। স্যার ১১ নং অনুচ্ছেদে একটি মূল্যবান কথা মাননীয় রাজ্যপাল রেখেছেন। তিনি বলেছেন রাজ্যের বহু শিল্প বন্ধ হয়ে গিয়েছে। আমার সরকার সম্ভবমতো বন্ধ কলকারখানা খোলার ব্যাপারে প্রয়োজনীয় উদ্যোগ নেবে। শিল্প সমস্যার ব্যাপারে সকল স্তরে আলোচনা করে নিষ্পত্তির চেষ্টা করবে। স্যার আমি স্যালুট জানাই এই ধরনের ঐতিহাসিক সিদ্ধান্তকে। দীর্ঘ ৩৪ বছর ধরে একটা সরকারের কাছে দাবি ছিল বেকারের যন্ত্রণার কথা, ৫৬ হাজার কলকারখানা বন্ধ হয়ে যাওয়ার কথা। সাত দিনের সরকার এই ধরনের অভিনব, দুঃসাহসিক সিদ্ধান্ত নিয়েছেন। বিরোধীদের দায়িত্ববান কর্তব্য হবে যে কাজ তাঁরা করতে পারেননি, এখন সেটা করতে চলেছেন নতুন সরকার মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে। এটা আপনারা সাহায্য করুন, সমর্থন করুন। স্যার, মাননীয় রাজ্যপালের ভাষণের ১৬ নম্বর অনুচ্ছেদে বলা হয়েছে এই সরকার তিন বছরের মধ্যে গ্রামে গ্রামে বিদ্যুৎ পৌঁছে দেবে। দারিদ্র্যসীমার নীচে বসবাসকারী পরিবারদের বিনা পয়সায় বিদ্যুৎ সংযোগ দেবে এবং অন্যান্য পরিবারের ক্ষেত্রে খুঁটি সহ মাত্র ৩৭৯ টাকায় বিদ্যুৎ সংযোগ দেওয়া হবে। স্যার, ২০০৬ সালের বিধানসভা নির্বাচনের আগে বামফ্রন্ট সরকারের

প্রত্যেকটা মন্ত্রীকে জনগণ তাড়া করেছিল, এলাকায় তারা ঢুকতে পারছিল না। তখন আমরা ভেবেছিলাম, এরা ক্ষমতায় আসার পরে বিদ্যুৎকে প্রাধান্য দেবে। কেন্দ্রীয় সরকারের রাজীব গান্ধী বিদ্যুতায়ন যোজনা প্রকল্পে কয়েক হাজার কোটি টাকা নেওয়ার পরেও বিদ্যুৎ মানুষের কাছে তারা পৌঁছে দিতে পারেনি। মাননীয় মুখ্যমন্ত্রী ঘোষণা করেছেন মানুষের বাড়িতে-বাড়িতে, পাড়ায়-পাড়ায়, গ্রামে-গ্রামে বিদ্যুৎ পৌঁছে দেবে তার সরকার, সেইজন্য আমরা তাঁকে ধন্যবাদ জানাই। স্যার, তিনি বলেছেন। পিছিয়ে পড়া মানুষ, তফশিলি জাতির মানুষ, আদিবাসী মানুষ, সংখ্যালঘু মানুষরা যেখানে বসবাস করে, সেই অনগ্রসর এলাকার দ্রুত উন্নয়ন করার জন্য আমার সরকার বিশেষ ব্যবস্থা গ্রহণ করবে। তিনি আরও একটা ঐতিহাসিক ঘোষণা করেছেন, প্রথম জমি নীতি তৈরি করার সিদ্ধান্ত নিয়ে একটা বিশেষজ্ঞ কমিটি তৈরি করার সিদ্ধান্ত নিয়েছেন। শীঘ্রই সিঙ্গুরের অনিচ্ছুক কৃষকদের জমি ফিরিয়ে দেওয়া হবে বলেছেন। সেই বিল পাশও হয়ে গেছে, শুধুমাত্র সময়ের অপেক্ষায়, আমরা এই সিদ্ধান্তকে স্বাগত জানাতে চাই।

স্যার, আমার অনেক কথা বলার ছিল, মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন ৪৬ হাজার শিক্ষক নিয়োগ করা হবে। তার চেয়েও বড় কথা যারা গরিব মানুষ, যারা ইঞ্জিনিয়ারিং এবং কারিগরী পাঠক্রমে সুযোগ পেয়েছে সেই মেধাবীদের জন্য তিনি টিউশান ফি মকুব করে দিচ্ছেন। এরজন্য আমরা কৃতজ্ঞ এই সরকারের কাছে। স্যার, আমি আরেকটা কথা বলে আমার বক্তব্য শেষ করব, আজ থেকে তিন মাস আগে সরকারের যিনি প্রধান ছিলেন, সেই প্রাক্তন মুখ্যমন্ত্রী ঘোষণা করেছিলেন মাদ্রাসা-মাদ্রাসায় টেরোরিস্ট তৈরি হয়, মাদ্রাসা থেকে তাদের ধরে নিয়ে এসে জেলে পোরা হোক। আর বর্তমান মুখ্যমন্ত্রী বলেছেন, সেই মাদ্রাসাগুলোকে সরকার অনুমোদন দেয়নি বলে কেন্দ্রীয় সরকারের সমস্ত অনুদান থেকে তারা বঞ্চিত হয়েছে। আমি তাদের অনুমোদন দেব, কেন্দ্রীয় সরকারের সমস্ত সুযোগ-সুবিধা এই মাদ্রাসাগুলো পাবে। সেইসঙ্গে আমি কৃতজ্ঞতা জানাতে চাই মাননীয় অর্থমন্ত্রী প্রণব মুখোপাধ্যায়কে, যিনি শত সংকটেও সারা ভারতবর্ষের কোনো রাজ্যকে কোনো কর্মসূচি থেকে বঞ্চিত করেননি। (এই সময় মাইক বন্ধ হয়ে যায়।)

[1.10—2.00 p.m. including recess]

শ্রী অখিল গিরি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ১৩ই জুন, এই সভায় পশ্চিমবঙ্গের মাননীয় রাজ্যপাল যে বিবৃতি পেশ করেছেন সেই বিবৃতিকে আমি পূর্ণ সমর্থন জানিয়ে আমার প্রতিবেদন পেশ করছি। স্যার, মাননীয় রাজ্যপাল মহাশয় তিন নম্বর অনুচ্ছেদে বলেছেন, এই রাজ্যে গণতন্ত্রকে পুনঃপ্রতিষ্ঠিত করতে হবে এবং সম্প্রসারিত করতে হবে। খুন, সন্ত্রাস, দমন-নিবারণের জন্য এবং রাজ্যের ভেঙে পড়া অর্থনীতি পুনর্গঠনের কথা তিনি বলেছেন। একথা ঠিকই স্যার, ২০১১ সালের আগে এই বাংলায় যতগুলো নির্বাচন হয়েছে, তাতে আমরা দেখেছি নির্বাচনের পরে রাজনৈতিক হিংসা বেড়েছে বাংলায়, খুন-সন্ত্রাস বেড়েছে। বিশেষ করে বিরোধী দলের লোকেদের অত্যাচারের শিকার হতে হয়েছে এবং তাঁরা সন্ত্রাসের বলি হয়েছেন। কিন্তু ২০১১ সালের পর মমতা ব্যানার্জীর নেতৃত্বে মা-মাটি-

মানুষের সরকার তৈরি হওয়ার পর এই বাংলায় রাজনৈতিক হিংসা বন্ধ হয়েছে। খুন সন্ত্রাস নেই, গণতন্ত্রকে প্রতিষ্ঠিত করবার লক্ষ্যে সরকার এগিয়ে যাচ্ছে। বাংলায় এটা অত্যন্ত সুখবর। আজকে একথা প্রমাণিত হয়েছে বাংলায় এই সরকার গঠিত হওয়ার পর বাংলার এক প্রান্ত থেকে অপর প্রান্ত পর্যন্ত, জঙ্গল মহল থেকে বীরভূমের নানুর পর্যন্ত, পশ্চিম মেদিনীপুর থেকে বিভিন্ন জেলা পর্যন্ত যেভাবে বেআইনি অস্ত্র গ্রামাঞ্চলে উদ্ধার করেছে সরকার তা বাংলার গণতন্ত্রের পক্ষে অত্যন্ত সুখবর। অর্থাৎ একথা প্রমাণিত রাজ্যপালের এই বিবৃতি আমরা পূর্ণ সমর্থন করছি এই বাংলায় গণতন্ত্র প্রতিষ্ঠিত করবার জন্য। স্যার, আপনি দেখবেন চার নম্বর অনুচ্ছেদে মহামান্য রাজ্যপাল মহাশয় বলেছেন পূর্বতন যে সরকার ছিল সেই সরকার গণতান্ত্রিক সংস্থাগুলোকে এবং রাজনৈতিক দলগুলোকে বিশেষ করে বিরোধী রাজনৈতিক দলগুলোকে এবং জনগণকে কিভাবে তাদের সন্ত্রাসের শিকার করে তাদের গণতান্ত্রিক অধিকার কেড়ে নিয়েছিল বিগত দিনের ইতিহাস তা প্রমাণ করে। কিন্তু এই সরকার আসার পর আজকে ব্যক্তি স্বাধীনতা ফিরিয়ে দেওয়ার কথা রাজ্যপাল তাঁর বিবৃতির মাধ্যমে বলেছেন। যদি ব্যক্তি স্বাধীনতা ফিরিয়ে না দেওয়া হয়, যদি মানুষের গণতান্ত্রিক অধিকার না দেওয়া যায়, যদি এই বাংলায় গণতন্ত্র প্রতিষ্ঠিত না করা যায় তাহলে আমাদের যে স্লোগান, আমাদের যে কাজ শান্তি স্থাপন করে উন্নয়ন করা তাহলে তা করা সম্ভব হবে না। তাই প্রথমেই এই বাংলায় গণতন্ত্রকে প্রতিষ্ঠিত করা দরকার। তাই রাজ্যপাল মহোদয় একথা বলেছেন জনগণ এবং রাজনৈতিক দলগুলো এবং গণতান্ত্রিক সংস্থাগুলোর অধিকার, তার ব্যক্তিগত স্বাধীনতা, তার অধিকার ফিরিয়ে দিতে হবে। যেটা পূর্বতন সরকারের ক্ষেত্রে বিপন্ন হয়ে উঠেছিল। স্যার, আপনি দেখবেন পাঁচ নম্বর অনুচ্ছেদে রাজ্যপাল মহাশয় বলেছেন, যে জনগণ ও তাদের গণতান্ত্রিক সংস্থাগুলোর সহযোগিতা অর্জনের চেষ্টা করা, যদি আমরা গণতান্ত্রিক পদ্ধতিতে সংস্থাগুলোর সহযোগিতা অর্জন না করতে পারি তাহলে এই বাংলার সাধারণ মানুষ, পিছিয়ে পড়া মানুষের উন্নয়ন করা সম্ভব হবে না, এবং আমাদের আরো চেষ্টা করা দরকার যেটা বলেছেন খুবই গর্বের কথা, খুব বাস্তবসম্মত কথা। যেটা আনন্দের কথা যে পরিচ্ছন্ন নিরপেক্ষ, দক্ষ প্রশাসন সুনিশ্চিত করা, এবং স্বজন পোষণ দুর্নীতি মুক্ত একটা প্রশাসন বাংলার মানুষকে উপহার দেওয়া। দুর্নীতি মুক্ত প্রশাসন যদি উপহার দিতে না পারা যায় তাহলে পূর্বতন সরকার সর্ব ক্ষেত্রে যেমন দলবাজি করেছিলেন, তাতে এই বাংলায় উন্নয়ন অনেকখানি পিছিয়ে গেছে। তাই রাজ্যপালের এই বক্তব্যের মাধ্যমে পরিচ্ছন্ন নিরপেক্ষ দক্ষ প্রশাসন আমাদের উপহার দেওয়ার কথা তিনি বলেছেন। এটা অত্যন্ত আনন্দের কথা। আমি ২০০১ থেকে ২০০৬ সাল পর্যন্ত এই সভার সদস্য ছিলাম। পূর্বতন সরকারের প্রাক্তন অর্থমন্ত্রী তিনি বাজেট পেশ করেছিলেন, তিনি প্রতিবারের বাজেটেই দেখাতেন ঘাটতি শূন্য বাজেট। আজকে একথা প্রমাণিত যে ভাবের ঘরে চুরি করা প্রাক্তন অর্থমন্ত্রী তিনি ঘাটতি শূন্য বাজেট দেখাতেন। অথচ বাস্তবে হচ্ছে কি ঘাটতি শূন্য বাজেট পেশ করতে গিয়ে তিনি হয়তো রাজনৈতিক ফায়দা লুটেছেন, এবং তিনি অর্থ ভাণ্ডারটাকে একেবারে শূন্য করে দিয়ে গেছেন। তাই তো ঋণের বোঝা তিনি চাপিয়ে দিয়ে গেছেন, এবং আশংকা করেছেন ৯ হাজার কোটি টাকা

চলতি এই বছরে, ৯ হাজার কোটি টাকার একটা ঘাটতি বাজেট তিনি মার্চ মাসে পেশ করেছেন, তিনি আশংকা করেছেন, তিনি ভাবের ঘরে চুরি করেছেন। আজকে তিনি তাই অর্থ ভাণ্ডার খালি করে দিয়ে গেছেন তিনি বাস্তবটা জানতেন, এই সভায় তিনি মিথ্যে অসত্য কথা বলে সেখানে ৯ হাজার কোটি টাকা ঘাটতি বাজেট পেশ করছেন। স্যার, ১২ নম্বর অনুচ্ছেদে মাননীয় রাজ্যপাল তিনি যে কথা বলেছেন, ১২ নম্বর অনুচ্ছেদ আজকে এখানে তিনি শিল্পক্ষেত্রের কথা বলেছেন। বিশেষ করে ক্ষুদ্র কুটীর ও মাঝারি শিল্পের ওপর তিনি গুরুত্ব আরোপ করেছেন এবং অর্থ লগ্নির কথা বলেছেন। স্যার, আমি একথা আপনাকে বলতে চাই, আমি যে কেন্দ্র থেকে নির্বাচিত সেই কেন্দ্রটা রামনগর, তার মধ্যে দীঘা পর্যটন কেন্দ্র, মন্দারমণি পর্যটন কেন্দ্র আছে। স্যার, শংকরপুর আছে সেই বিধানসভা ক্ষেত্রের মধ্যে। ৩৪ বছরে ওই সরকার, অনেক প্রাক্তন মন্ত্রী এখানে আছেন। আজকে এই কথা বলতে চাই যে ৩৪ বছরের এই পর্যটন শিল্প উন্নতির জন্য ওনারা তেমন পরিকল্পনা নেননি কেন, অর্থও খরচ করেননি। আজকে খুব আনন্দের খবর যে, মহামান্য রাজ্যপাল মহাশয় যে আজকে কুটির শিল্প, মাঝারি শিল্প ও ক্ষুদ্র শিল্পের কথা তিনি এখানে উল্লেখ করেছেন, অর্থলগ্নির কথা বলেছেন, এটা উন্নত হলে যেমন করে শিল্প উন্নতি হবে তেমনি কর্মসংস্থান হবে এবং গ্রামীণ অর্থনীতি অনেক বেশি মজবুত হবে। স্যার, আমি এই কথা বলতে চাই যে, লবণ শিল্পে বাংলা আজকে ধ্বংস হয়ে গিয়েছে। পূর্বতন সরকারের প্রাক্তন শিল্পমন্ত্রী তিনি আজকে সভায় আসতে পারেননি, জনগণ তাকে হারিয়ে দিয়েছে, তিনি শিল্পমন্ত্রী হওয়ার পর আমার এলাকায় গিয়েছেন। আমি ওনাকে বলেছিলাম যে, বাংলায় মানুষের যে লবণ চাহিদা আছে, সেই লবণ চাহিদার ৫০ শতাংশ। রামনগর অর্থাৎ দীঘা যে এলাকার মধ্যে সেই বিধানসভা কেন্দ্রে চারটি বড় লবণ শিল্প, সেখানে বেশি লবণ উৎপাদন হত। সেই লবণ শিল্পকে পুনর্জীবিত করার জন্য সরকার থেকে অর্থ লগ্নি করা হোক। বিরোধী দল বলেই সেদিন কোনো কথারই তিনি কর্ণপাত করেননি। তাই আমার এলাকার কথা বলতে চাই যে 'মাদুর শিল্প', যে মাদুর শিল্প ভারতবর্ষে রাষ্ট্রপতি পুরস্কারপ্রাপ্ত। যাঁরা মাদুর তৈরি করেন আমার এলাকার মধ্যে আছেন সেই মাদুর শিল্প ধ্বংস হয়ে গিয়েছে। 'কাজু শিল্প' যেটা আন্তর্জাতিক ক্ষেত্রে রপ্তানি করা হয়, আজকে সেই কাজু শিল্প ধ্বংস হয়ে গিয়েছে। 'ঝিনুক শিল্প' যে ঝিনুক শিল্প দিয়ে গ্রামের মধ্যে অনেক বেশি জিনিস তৈরি করা যায়, সেই শিল্পও ধ্বংস হয়ে গিয়েছে। 'বাসন শিল্প' আজকে বাসন শিল্প ধ্বংস হয়ে গিয়েছে। তাই আজকে মহামান্য রাজ্যপাল মহোদয় তিনি আজকে এখানে যে কুটির শিল্প উন্নতির কথা বলেছেন, অর্থ লগ্নির কথা বলেছেন, তাই আমি মনে করি যে এটা অত্যন্ত সুখবর বিশেষত আজকে সময় নেই আপনি আলো জ্বালিয়ে দিয়েছেন। 'পর্যটন শিল্প'—তাই আমি মনে করি পর্যটন শিল্প উন্নত হলে দীঘা, মন্দারমণি, শংকরপুর আরও বেশি উত্তরবঙ্গের পর্যটন, আরও বেশি করে ২৪ পরগনা বকখালি আছে আরও বেশি পর্যটন ক্ষেত্র আছে, কেন্দ্র আছে সেই জায়গাগুলো উন্নত হলে অর্থনৈতিক ভাবে সরকার মজবুত হবে এবং তাই আমরা মনে করি যে, এটাতে কর্মসংস্থান হবে। মাননীয়া মুখ্যমন্ত্রী মহোদয়া বলেছেন, তাঁর ইস্তাহারে বলেছেন, এই এলাকায় বলেছেন তিনি দক্ষিণবঙ্গে সব থেকে গুরুত্বপূর্ণ যে পর্যটন কেন্দ্র দীঘা তাকে

গোয়া করবেন। গোয়া করবেন মানে আন্তর্জাতিক ক্ষেত্র মানের একটি পর্যটন কেন্দ্র তিনি তৈরি করবেন। তাই আমি মনে করি আজকে মহামান্য রাজ্যপালের বিবৃতি অত্যন্ত বাস্তবায়িত এবং আমি তাই পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি, ধন্যবাদ স্যার।

(At this stage the House was adjourned till 2.00 p.m.)

[2.00—2.10 p.m. after recess]

শ্রী উপেন কিস্কু : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মহামান্য রাজ্যপালের ভাষণের প্রত্যুত্তরে এই হাউস থেকে সরকার পক্ষ থেকে যে ধন্যবাদসূচক প্রস্তাব আনা হয়েছে আমি এই প্রস্তাবের বিরোধতা করছি। বিরোধিতা করার প্রথম কারণ হচ্ছে, প্রথমেই বলা হচ্ছে নাকি বিগত ৩৪ বছরে, অর্থাৎ ১৯৭৭ সাল থেকে আজ পর্যন্ত কোনো সুষ্ঠু নির্বাচন হয়নি। এই কথা আমরা সকলেই জানি, বারে বারে নির্বাচন কমিশন, লোকসভা, বিধানসভা এবং পঞ্চায়েত, বিভিন্ন নির্বাচন সুষ্ঠুভাবে হওয়ার জন্য রাজ্যের প্রশাসনকে তারা ধন্যবাদ জানিয়েছেন। অথচ আজকে রাজ্যপালের মুখ দিয়ে এই রকম একটা অসত্য কথা বলানো হচ্ছে। দ্বিতীয় কারণটা হচ্ছে, বলা হচ্ছে ৩৫ বছরে কোনো উন্নয়ন নাকি হয়নি। আপনারা যদি চারদিকে তাকান গ্রাম থেকে শহর পর্যন্ত, তাহলে আমরা কি দেখতে পাচ্ছি ? ১৯৪৭ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত কংগ্রেস দিল্লিতে এবং রাজ্যে ছিল মাঝখানে কয়েক মাস যুক্তফ্রন্ট সরকারের বাদ দিলে। তখন গ্রামবাংলার অবস্থা কি ছিল ? শহরে ভিক্ষুকরা আসতো, থালা নিয়ে ভিক্ষা করতে, ফ্যান দাও ফ্যান দাও বলে। তারপর পঞ্চায়েত নির্বাচনের মধ্যে দিয়ে গণতান্ত্রিক ব্যবস্থা প্রসারিত করা হয়েছে। ভূমিসংস্কারের মধ্যে দিয়ে ৩০ লক্ষ পরিবারকে জমি দেওয়া হয়েছে, ১২ লক্ষ বর্গাদারের বর্গা অধিকার প্রতিষ্ঠা করা হয়েছে। জমিদার, জোতদার, মহাজনদের দাপট সেটা ভেঙে চুরমার করে দিয়ে গোটা গ্রামবাংলার উন্নয়নের গতি ত্বরান্বিত করা হয়েছে। যার ফলে জনসংখ্যা আজকে যেখানে ৯ কোটি সারা রাজ্যে সেখানে খাদ্যে আজকে উদ্বৃত্ত। আজকে মৎস্য থেকে, শাক-সবজি থেকে, বন সৃজন থেকে কুটির শিল্প প্রতিটি ক্ষেত্রে এই রাজ্য সরকার প্রথম স্থান অধিকার করেছে। কেন্দ্রীয় সরকার থেকে সে গ্রাম উন্নয়ন দপ্তর হোক কিংবা মৎস্য দপ্তর হোক বা বনসৃজন হোক, জাতীয় এবং আন্তর্জাতিক পুরস্কার এই রাজ্য সরকার পেয়েছে। অথচ এখানে সরকারি দলের পক্ষ থেকে বলা হচ্ছে নাকি কিছুই হয়নি। শিক্ষার ক্ষেত্রে যেখানে ১৯৭৭ সালে ১ লক্ষ ছেলে-মেয়ে পরীক্ষা দিত স্কুল ফাইনাল সেখানে আজকে ১০ লক্ষ ছেলে-মেয়ে পরীক্ষা দিচ্ছে। আদিবাসী ছেলে-মেয়ে যেখানে ১ হাজারের কম ছেলে-মেয়ে মাধ্যমিক পরীক্ষা দিত, এই গত যে মাধ্যমিক পরীক্ষা হয়ে গেল সেখানে ৫৯ হাজার আদিবাসী ছেলে-মেয়ে মাধ্যমিক পরীক্ষা দিয়েছে। আমাদের একলব্য বিদ্যালয় তৈরি হয়েছে ৭টি, রঘুনাথ মুর্মু স্মৃতি বিদ্যালয় তার জন্ম শতবর্ষে আমরা শুরু করেছিলাম, ৮টি প্রতিষ্ঠান হয়েছে। এই রাজ্য সরকারের যদি সদিচ্ছা থাকে তাহলে বলবো বাকি যে ঘোষিত বিদ্যালয় আছে সেইগুলো দ্রুত সম্পন্ন করবেন। আমি কয়েকটি বঞ্চনার কথা এখানে বলতে চাই। আমি সকালে উল্লেখ করার সময় বলেছিলাম যে আমাদের যে স্টাইপেন, নির্বাচনের কাজ

থাকার জন্য এবং তারপরে এই বছর সেশানটা ফেব্রুয়ারি থেকে শুরু হওয়ার জন্য আজকে বিভিন্ন হোস্টেলগুলোতে স্টাইপেনের টাকা এখনও পর্যন্ত যায়নি। উনি নাকি তর সইতে পারেন না মাননীয়া মুখ্যমন্ত্রী। আমি তাই বলব আদিবাসী এবং তফশিলিদের অনেক দরদের কথা ওনারা বলে থাকেন, দ্রুত এই টাকা যাতে পাঠানো হয়। তাহলে পরে এই ছেলে-মেয়েগুলো বাঁচবে, তাদের পড়াশুনায় অন্তত ছেদ পড়বে না। কয়েকদিন আগে জয়েন্ট এন্ট্রান্সের ফল বেরিয়েছে। আমরা যখন ছিলাম তখন দেখেছি জয়েন্ট এন্ট্রান্সের যা রিজার্ভেশন, সেই রিজার্ভেশন প্রতিটি পূর্ণ হত। মাঝখানে মেডিকেল কাউন্সিল অফ ইন্ডিয়া হস্তক্ষেপ করার পর বিগত কয়েক বছরে এটা কমে গেছে। আদিবাসী ছেলে-মেয়েরা মেডিকেলে চান্স কম পাচ্ছে। আমি মাননীয়া মুখ্যমন্ত্রী তথা অনগ্রসর শ্রেণি কল্যাণ দপ্তরের মাননীয়া মন্ত্রীকে বলব দিল্লিতেও আপনাদের সরকার আছে, রাজ্যেও আপনাদের সরকার আছে। আদিবাসী ছেলেদের দিকে তাকিয়ে আজকে বারশো যে সীট আছে, সেই সীটগুলোতে যাতে সত্যিকারের আদিবাসী ছেলেমেয়েদের প্রতিনিধিত্ব প্রতিফলিত হয় তার গ্যারান্টি আপনারা সৃষ্টি করুন। ইতিমধ্যে সাতশো আদিবাসী ছেলে আমাদের পশ্চিমবাংলায় আজকে ডাক্তারি করছেন। সেটা বামফ্রন্ট সরকারের অবদান। আজকে যদি আপনাদের সত্যিকারের আদিবাসীদের উপর দরদ থাকে তাহলে এই কাজগুলো আপনারা করে দেখান। আপনারা জানেন অনেক প্রচেষ্টার মধ্যে দিয়ে রাজ্যে অন্যান্য ভাষার যেমন স্বীকৃতি হয়েছে, তেমনি আমাদের রাজ্যে সাঁওতালি ভাষার স্বীকৃতি হয়েছে। প্রাথমিক বিদ্যালয়ে সাঁওতালি ভাষায় পড়ানো হচ্ছে। এই বছর ক্লাস ফোর অতিক্রম করে ফাইভে উত্তীর্ণ হবে। আমাদের বোর্ড অফ সেকেন্ডারি এডুকেশান যদিও সিদ্ধান্ত নিয়েছেন কিন্তু আর কয়েক মাস পর আগামী বছরে সিলেবাস শুরু হবে। ইতিমধ্যে সব বই যদি না ছাপানোর ব্যবস্থা হয় সিলেবাস কমিটি তৈরি করে তাহলে আগামী বছরে এই সাঁওতালি ভাষার মাধ্যমে যারা লেখাপড়া করছেন অলচিকি লিপির মাধ্যমে তারা বিপদে পড়বেন। এটা শিক্ষা দপ্তর গুরুত্ব দেবেন। এটা আমি বলতে চাই। সাঁওতালি অ্যাকাডেমির মাধ্যমে বিভিন্ন পরিভাষা থেকে শুরু করে বিভিন্ন বই ছাপানোর ব্যবস্থা হচ্ছে। যদিও সেই সাঁওতালি অ্যাকাডেমির কাজকর্ম এখনও শুরু হয়নি। এক মাসের মতো হয়ে গেল এই মন্ত্রিসভা। আমি মন্ত্রী মহোদয়কে অনুরোধ করব অতি সত্বর এই কাজগুলো যাতে শুরু হয়। যারা বলছেন কিছু হয়নি, ১ লক্ষ ৩১ হাজার আদিবাসী বৃদ্ধ-বৃদ্ধাদের পেনশন হত—কৃষি পেনশন, বার্ধক্যজনিত পেনশন, জেলেদের পেনশন—এইসব তো আছেই। ভারতবর্ষের প্রথম আমরা এটাই চালু করেছিলাম। আজকে দিল্লি সরকার বিভিন্ন ক্ষেত্রে চালু করার চেষ্টা করছেন। কিন্তু এটা আদিবাসীদের ক্ষেত্রে নতুন একটা যুগান্তকারী ঘটনা, যা পশ্চিমবাংলা থেকে শুরু হয়েছিল। আমি দেখছি আজকে এই যে একটা কমিটি হয়েছিল—জমি সংক্রান্ত কমিটি—তারা রিপোর্ট দিয়েছেন জমি নাকি শিল্পপতিরা কিনে নেবেন। আগামী দিনে শিল্প হবে ? আমরা বলছি পশ্চিমবাংলাতে ল্যান্ড ব্যাঙ্ক করা হোক, ল্যান্ড ইউজ ম্যাপ করা হোক, কোথায় কোন্ কারখানা হতে পারে, কোথায় কি সবজি চাষ হতে পারে, কোথায় বীজ উৎপাদন হতে পারে—কারণ এখানে জমির ছোট ছোট মালিকানায় এই ভাবে ল্যান্ড ম্যাপ করে সমস্যার সমাধান হবে বলে আমার মনে হয়

না। আমাদের বর্তমান সরকার খুব দ্রুত কাজ করতে চাইছেন এবং দ্রুত কাজ করতে গিয়ে হোঁচট খচ্ছেন। গভর্নরকে দিয়ে অনেক অপকর্ম করাচ্ছেন। আজকে আলিয়া মাদ্রাসা বিশ্ববিদ্যালয় নামকরণ তারা করলেন। আমরা বামফ্রন্ট সরকার আমাদের রাজ্যে আজকে ২১টি বিশ্ববিদ্যালয় করেছি। আজকে এই সংখ্যালঘু সম্প্রদায়ের ভাইদের জন্য যে বিশ্ববিদ্যালয়, সেখানে নাম সংশোধন করে তাকে "আলিয়া মাদ্রাসা বিশ্ববিদ্যালয়" করতে চাইছেন। সাচার কমিশন কি বলেছে ? সাচার কমিশন বলেছে এটা ভুল। এই মারাত্মক ভুল তারা করতে চাইছেন। দ্রুততার সাথে কাজকর্ম করতে গিয়ে সিঙ্গুর ল্যান্ড বিল পাশ হয়েছে। আলোচনা হয়েছে ক্ষেত-মজুরদের সম্পর্কে, বর্গাদার সম্পর্কে ? একটা কথাও বলা নেই। পি.টি.টি.আই.-এর ছেলেরা কাল এসেছিল। আমরা যখন সরকারে ছিলাম তখন তো খুব উস্কাতেন পি.টি.টি.আই.-এর ছাত্রছাত্রীদের। আজকে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে রাত ১১টা পর্যন্ত অবস্থান করলেন। দেখা করার সময়ও হয় না। কবে সময় দিলেন ? ১৫ দিন পরে। এটা কি দ্রুত কাজ করার নমুনা ? যেখানে ১০% মাত্র সংরক্ষণ করা হচ্ছে, যারা হাজার হাজার টাকা খরচ করে এইসব প্রশিক্ষণ নিয়েছেন তাদের প্রতি আপনাদের দৃষ্টিভঙ্গি হচ্ছে এটা। সেইজন্য আগামী দিনে আপনাদের দৃষ্টিভঙ্গি কি এটা বুঝতে আমাদের কোনো অসুবিধা হয় না। আপনারা রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ে যা করলেন সেটা শিক্ষা জগতের লজ্জা, গণতন্ত্রের লজ্জা, স্বৈরাচারী দিকের পদক্ষেপ। এটা আমি বলতে চাই, আগামী দিনে যদি এই পথে চলতে চান, দলদাসদের দিয়ে যদি বিশ্ববিদ্যালয় গড়তে চান তাহলে যে উৎকর্ষের কথা বলছেন, মুখে এক কথা মনে এক কথা, উৎকর্ষের বিপরীতে কাজ হবে, আপনাদের একজনের দিকে এক ব্যক্তির দিকে তাকিয়ে সব কাজ করতে গিয়ে আপনারা দলদাসদের আর এখানে বসাবেন না।

[2.10—2.20 p.m.]

যে বিষয়ে বারে বারে সমালোচনা করেছেন সে বিষয়ে আপনারা কিভাবে কাজ করতে চাইছেন। আমার কথাটা হচ্ছে, আজকে আপনারা পিছিয়ে পড়া জঙ্গলমহলের আদিবাসীদের অনেক কথা বলেন। কি দেখলাম, ১৪ তারিখে ঝাড়গ্রামের পাটাসিমুল এলাকার সেখানে খগেশ্বর তাকে আপনাদের গুণ্ডারা মিটিং থেকে টেনে নিয়ে গিয়ে পিটিয়ে খুন করে বাড়িতে এনে তার ভাইকে দিয়ে এখানে দ্রুত মুখাগ্নি করিয়ে তাকে পুড়িয়ে দেওয়া হল। এটা কোন গণতন্ত্রের নমুনা। আমরা জানি পোস্টমর্টেম করতে হয়। মমতা ব্যানার্জী তিনি স্বাস্থ্যমন্ত্রীও, স্বরাষ্ট্র মন্ত্রীও—সাধারণ যে নিয়মকানুন, আপনাদের মস্তানরা গ্রামে গ্রামে যা শুরু করেছে। ভবিষ্যতে আপনাদের খুব খারাপ হবে বলে আমি মনে করি। আর একটা শবর মহিলার অত্যাচারের কথা বলতে চাই। পঞ্চায়েত সমিতি এলাকায়, পুরুলিয়া জেলার আদিবাসী শবর উপপ্রধান সরস্বতী শবর তার ঘর লুট-পাট করা হয়েছে। আপনারা এই আদিবাসীদের দরদের কথা বলছেন। নির্বাচিত পঞ্চায়েতকে আপনারা আজকে কাজকর্ম করতে দিচ্ছেন না। আমাদের জেলা-পরিষদগুলোকে অকেজো করে প্রশাসনিক আমলা দিয়ে আপনারা কাজকর্ম করতে চাইছেন। বাঁকুড়া জেলার ৭টি গ্রাম পঞ্চায়েতের প্রধানরা অফিসে যেতে পারছে না,

তারা ইচ্ছেমতো সার্টিফিকেট দিতে পারছে না। আপনাদের মস্তানরা গিয়ে সই করে জোর জবরদস্তি করে তাদের খুশিমতো সিদ্ধান্ত পাশ করতে বাধ্য করছেন। প্রাণে মেরে ফেলে দেওয়া হবে বলে হুমকি দিচ্ছেন। এই সমস্ত ঘটনা আমাদের অশনি সঙ্কেত, আগামী দিনে অনেক আশঙ্কার জন্ম দিচ্ছে। আপনারা বলেছেন বিভিন্ন কাজ করতে গেলেই যে রাজ্য সরকার নাকি ১ লক্ষ ৮৬ হাজার কোটি টাকা লোন করে গিয়েছেন। আপনারা তো তৃণমূল কংগ্রেস, কংগ্রেস আছেন দিল্লিতে। দিল্লি সরকারের লোন কত জানেন ? ৩৯ লক্ষ কোটি টাকা। এই বিশাল সংখ্যক টাকা—দিল্লি সরকারকে বন্ধক দিয়ে দিতে হবে। তা নিয়ে তো কথা বলছেন না। আমাদের থেকে দুটি রাজ্য মহারাষ্ট্র, তার রাজ্য সরকারের ঋণের পরিমাণ ২ লক্ষ ১৩ হাজার কোটি টাকা। উত্তরপ্রদেশের ঋণের পরিমাণ আমাদের থেকে বেশি। বারে বারে বঞ্চনার মধ্য দিয়ে আমরা যে কথা বলতে চাইছি সেগুলো আপনারা শুনেননি, কয়লার রয়ালটি পর্যন্ত দেননি। এইভাবে বঞ্চনা করে পশ্চিমবাংলার উন্নয়নকে স্তব্ধ করতে চেয়েছেন। সেই জন্য পশ্চিমবাংলায় শত অসুবিধার মধ্যে থেকেও বামফ্রন্ট সরকারের শ্রমিকের প্রতি দায়বদ্ধতা আদিবাসী মানুষদের প্রতি দায়বদ্ধতাকে সে পরিকল্পনা বাজেটকে খাটো করতে পারেনি। সেইজন্য উন্নয়নের কাজকর্মকে চালিয়ে যেতে হয়েছে এবং স্বল্প সঞ্চয়ের টাকা এটা ঋণ আকারে জমা পড়েছে। ...(গোলমাল)... বসুন মশায় বসুন। বিধানসভাকে গুণ্ডামির ক্ষেত্র করবেন ? এটা করবেন না। আমি বলছি চিৎকার করবেন না। বিধানসভায় আমার বলার অধিকার আছে। আপনারা সেই অধিকার আমায় দেবেন কিনা। মাননীয় নেত্রী বলেছেন, মাননীয় স্পীকারকে উপদেশ দিয়েছেন।

মিঃ স্পীকার : মাননীয় সদস্যরা বসুন, আপনারা বসুন। ওনাকে বলতে দিন। বসুন, ওনাকে বলতে দিন। ....(গোলমাল)... আপনারা বসুন। প্লীজ বসুন।

শ্রী উপেন কিস্কু : আজকে এই সব চলছে। আমি যে কথা বলতে চাইছি, আমাদের যে সন্ত্রাসের কাজকর্ম চলছে সেখানে আমাদের বামফ্রন্ট সরকার আসার আগে মাওবাদি এবং তৃণমূলেরা যৌথভাবে ৩৮৮ জনকে খুন করেছে বাঁকুড়া, পুরুলিয়া এবং মেদিনীপুর জঙ্গলমহল এলাকায়। আমাদের রাজ্যপালের ভাষণে একটা কথাও নেই। এত মানুষকে যে খুন করা হল, তার বেশির ভাগ মানুষ হচ্ছে আদিবাসী, আর অনগ্রসর সম্প্রদায়ের মানুষ-শিক্ষক আছে, কর্মচারী আছে, পঞ্চায়েতের কর্মকর্তা আছে। ...(গোলমাল)... খুনটা করেছে। একটি কথাও মহামান্য রাজ্যপালের ভাষণে নেই। আমাদের গড়া রাজ্যে ৪০ হাজার মানুষ ঘর ছাড়া হয়েছে। এই ৪০ হাজার মানুষের তালিকা মুখ্যমন্ত্রীকে দিয়েছি। আমরা বিভিন্ন জেলায় এস.পি. মহোদয়দের কাছে দিয়েছি। আজ পর্যন্ত একটি মানুষকে ঘরে ফেরানোর চেষ্টা আমরা লক্ষ করিনি। এর থেকে কি প্রমাণ হয়, আপনাদের মুখে এক আর মনে এক। এই দ্বিচারিতার বিষয়টা বারে বারে ফুটে উঠছে। আমাদের জেলার বিধানসভার মাননীয়া সদস্যা—তাকে পর্যন্ত এলাকা ছাড়া করা হয়েছে। জেলা-পরিষদের কর্মাধ্যক্ষদের এলাকা ছাড়া করা হয়েছে। মহিলা নেত্রীদের, প্রাক্তন পঞ্চায়েত সমিতির সভাপতিদের এলাকা ছাড়া করা হয়েছে। এই যদি আপনাদের গণতন্ত্রের নমুনা হয় তাহলে অতীতের গণতন্ত্রের দু'একটা উদাহরণ আমি পরে দেব এটা আপনাদের সামনে বললাম।

বন্ধুগণ আজকে আরেকটা নমুনা আমি উল্লেখ করব। আপনাদের পৌরসভার একজন উপ-সভাপতি চুঁচুড়া থানার এস.আই. পার্থসারথি মজুমদারের চোখে ঘুষি মেরে তার চোখ অন্ধ করে দিয়েছে। এই তো আপনাদের হাল ! প্রশাসনকে বন্ধুর মতো আচরণের কথা বলছেন, সবাইকে নিয়ে কাজ করব বলছেন কিন্তু সেখানে আপনাদের নেতারা, কর্মীরা প্রশাসনিক কর্তাদের, পুলিশ প্রশাসনকেও রেহাই দিচ্ছেন না। শেষে আমি দু'একটা ঘটনার কথা উল্লেখ করতে চাই। আমরা শঙ্কিত কারণ ভবিষ্যৎ কী রূপ নেবে তা এসব ঘটনা থেকে আমরা বুঝতে পারি। একটা ঘটনা, আমাদের কাগজে নয় আপনাদের প্রিয় কাগজে বেরিয়েছিল। সেটা হচ্ছে 'কংগ্রেসী রাজত্ব যে খুনের রাজত্ব (***) গত ৩০ মাসেই তা প্রমাণ করতে সক্ষম হয়েছেন।'

(গোলমাল)

মিঃ স্পীকার : আপনি এমন কারো সম্পর্কে বলতে পারেন না মিঃ কিস্কু যিনি সভায় নেই। It will be totally expunged.

(গোলমাল)

শ্রী উপেন কিস্কু : ৮৩৫ জন খুন হয়েছেন। '৭৪ সালে তা বেড়ে দাঁড়ায় ....(গোলমাল)...

মিঃ স্পীকার : It will be totally expunged.

শ্রী উপেন কিস্কু : চলতি মাসে এই সংখ্যা ৪৭১। কে লিখছেন ? আপনাদের সব থেকে প্রিয় কাগজ, যাকে ভগবান বলে আপনারা মানেন সেই 'আনন্দবাজার'। ২৪শে আগস্ট, ১৯৭৪।

আরেকটা বিধানসভার কার্য বিবরণী আমি আপনাদের পাঠ করে শোনাব। পাশে আমাদের শ্রদ্ধেয় দাদা আছেন, কাশীনাথ মিশ্র। তিনি ২৯শে আগস্ট, ১৯৭৩ সালে কী বলছেন ? বিধানসভার কার্য বিবরণীতে বলছেন, 'রাজ্যের বিরোধী নেতা জ্যোতি বসু, হরেকৃষ্ণ কোঙার, মাখন পাল ও বরুণ সেনগুপ্ত-সহ কয়েকজনের ফোনে আড়িপাতা হচ্ছে। এই কাজে রঞ্জিত গুপ্তকে বিশেষ ভাবে দায়িত্ব দেওয়া হয়েছে।' বন্ধুবর এখানে আছেন। অতীতের ঘটনাগুলো স্মরণ করুন। যখন আপনারা একসাথে ছিলেন তখন বামপন্থীদের উপর কী আচরণ করেছিলেন ! খুন সন্ত্রাসের ঘটনার মধ্যে দিয়ে আজকেও তার নমুনা প্রকাশ পাচ্ছে। তার পর '৭৫ সালের জরুরি অবস্থা, গণতন্ত্রের সেই অন্ধকারের দিন, একটা লজ্জাজনক দিন, আপনারা তার ভিত্তিভূমি তৈরি করেছিলেন। আজকে গ্রামে গ্রামে ৫ হাজার পার্টি অফিস আপনারা ইতিমধ্যে দখল করে নিয়েছেন, ৪০ হাজার মানুষকে ঘরছাড়া করেছেন। আমাদের আশঙ্কা '৭৪-'৭৫ সালের সেই পুরানো দিন ফিরে আসার, ফ্যাসিবাদের সেই পথ আপনারা তৈরি করছেন কিনা ! কিন্তু যদি আপনারা নিজেদের সংশোধন না করেন তাহলে আপনাদেরও সেই পরিণতি হতে বাধ্য আমরা এটা বলতে পারি। আজকে গ্রামে গ্রামে আমরা বিদ্যুৎ পৌঁছে দিয়েছি। ...(গোলমাল)... ৩রা নভেম্বর, '৭২ সালে

** Have been expunged.

আনন্দবাজার কী বলেছে ? কলকাতার সবগুলো শিল্পাঞ্চলে যে কোনো সময়, যে কোনো মুহূর্তে অন্ধকার নেমে আসতে পারে। আপনাদের প্রিয় কাগজ। এই সব ঘটনা উল্লেখ করেছে।

আরেকজন গান্ধীবাদী নেতার কথা আপনাদের সামনে বলব। সকলের শ্রদ্ধেয়। কংগ্রেসীরা নিজেদের এম.এল.এ. চণ্ডীচরণ মিত্রকে মেরে ফেলেছেন। ত্রিদিব চৌধুরী মহাশয় নন্দনে জনসভা করতে গেলে সেখানে শাসক কংগ্রেস দলের কয়েকজন যুবক এসে বলল 'আপনি ইন্দিরা গান্ধীর নিন্দা করতে পারবেন না, তাঁর জয়ধ্বনি দিতে হবে এবং জয়প্রকাশ নারায়ণের নিন্দা করতে হবে।' মহামান্য প্রফুল্ল সেন ১৩ জানুয়ারি, ১৯৭৩। এইসব ঘটনাগুলো তখনকার অন্ধকার দিন ফিরে আসার দিন। সেই সব ঘটনা আমাদের আজকে আরেকবার মনে করিয়ে দিচ্ছে যে আপনারা সেইদিকে যাচ্ছেন কিনা। তাই বন্ধুগণ আমাদের যে আশঙ্কা যে কালোমেঘ পূর্বাকাশে দেখতে পাচ্ছি সেটা ভারতবর্ষের গণতন্ত্রের পক্ষে, পশ্চিমবঙ্গের গণতন্ত্রের পক্ষে, শিল্প-জগতের ক্ষেত্রে এবং মানুষের স্বাধিকারের পক্ষে ভয়ঙ্কর বিপদ হিসাবে চিহ্নিত হচ্ছে। সেইজন্য আপনাদের সাবধান হওয়ার জন্য আমি অনুরোধ করছি। আর যদি সাবধান না হন তাহলে পশ্চিমবাংলার মানুষ ইতিহাস নতুন করে তৈরি করবে, এ সম্পর্কে আমি নিশ্চিত। আজকে প্রতিটি এলাকায় মানুষের উপর যেভাবে হামলা হচ্ছে, গণতান্ত্রিক অধিকার হরণ করা হচ্ছে এবং আমরা কয়েকজন বিধায়ক এখানে পশ্চিমবংলার বিধানসভায় বলার পর্যন্ত অধিকার আপনারা দিতে চাইছেন না, এসব গণতন্ত্রের পক্ষে খুবই খারাপ ঘটনা। এবং এই ঘটনা আপনারা আজকে এখানে যদি নজির সৃষ্টি করেন তাহলে ইতিহাস আপনাদের ক্ষমা করবে না। ধরুন আজকে ওই পাশে বসেছেন বলে চিরকাল ওই পাশে বসে থাকবেন, সেইজন্যই আজকে আমি আপনাদের এই সাবধানবাণী জানাতে চাই, এই হুঁশিয়ারী দিতে চাই। সেজন্য আজকে আমরা পশ্চিমবাংলার মহামান্য রাজ্যপাল তাঁর মুখ দিয়ে যে মিথ্যা ভাষণ আপনারা রচনা করেছেন এবং যে নজির আপনারা সৃষ্টি করলেন সেটা গণতন্ত্রের ইতিহাসে সেটা কখনো বাঞ্ছনীয় নয়। সেইজন্য এই কাটমোশনকে সমর্থন করে এবং ধন্যবাদসূচক প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

[2.20—2.30 p.m.]

শ্রীমতি ফিরদৌসি বেগম : মাননীয় অধ্যক্ষ মহাশয় মা-মাটি-মানুষের সরকারের তরফে মাননীয় রাজ্যপাল মহাশয় যে বক্তব্য রেখেছেন তাকে সর্বান্তকরণে সমর্থন করছি। বিশেষ করে ১৪ই জুন পশ্চিমবঙ্গ বিধানসভার ইতিহাসে যে নজিরবিহীন ঐতিহাসিক ঘটনা। যেটা কৃষকের স্বার্থরক্ষাকারী যে সিঙ্গুর বিল সরকার পাশ করেছেন তারজন্য মাননীয়া মুখ্যমন্ত্রী তথা আমাদের প্রিয় জননেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে অভিনন্দন জানাই। অভিনন্দন জানাই রাজ্যের শিল্প মন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়কেও। কারণ কৃষক ও কৃষি ধ্বংস করে বিগত বাম সরকার বাংলায় যে কলঙ্ক ইতিহাস সৃষ্টি করেছিল তা এ বিলের মধ্য দিয়ে পুরোটাই মুছে গিয়েছে। এখানেই শেষ নয়, ক্ষেতমজুরদের জন্য মাননীয়া মুখ্যমন্ত্রী যে প্যাকেজ

পরিকল্পনার কথা আমাদের বলেছেন সেইজন্য আপনার মাধ্যমে আমি তাঁকে অভিনন্দন জানাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মা-মাটি-মানুষের সরকারের তরফে জঙ্গলমহলে গরিব আদবাসী মানুষের জন্য ২ টাকা কিলো দরে চাল এবং তিন বছরের মধ্যে সমস্ত গ্রামে বিদ্যুৎ পৌঁছে দেওয়া ও বি.পি.এল. পরিবারভুক্ত যারা, তাদের নিখরচায় বিদ্যুৎ সংযোগ দেওয়ার জন্য যে সিদ্ধান্ত গ্রহণ করেছেন, সেই জন্য আপনার মাধ্যমে প্রিয় মন্ত্রীকে আমি আমার অভিনন্দন জানাই। এখন পর্যন্ত যেসব এলাকার মধ্যে আমাদের বিদ্যুৎ সংযোগ হয়েছে, পিছিয়ে পড়েছে প্রচুর এলাকা, সৎ ইচ্ছা এবং প্রত্যয় থাকলে এই আর্থসামাজিক পরিকাঠামোর মধ্যেও মাননীয় মুখ্যমন্ত্রী ৪৬ হাজার শিক্ষক নিয়োগ এবং শিক্ষকদের মাস মাইনার বেতন দেওয়ার সিদ্ধান্ত, তার জন্য আমি ওনাকে অভিনন্দন জানাই। মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি যে এলাকা থেকে নির্বাচিত হয়েছি সোনারপুরের দু-একটি ঘটনা না বললে আমাদের যে বাম সরকার ৩৪ বছর ধরে যে শাসন ব্যবস্থা চালিয়ে গিয়েছে তার মধ্যে আমাদের বিরোধী দলে এখন যারা আছেন তারা বিভিন্ন রকম ভাবে যে কথাগুলো বলছে, তারা উন্নয়ন করেছে, সেই উন্নয়ন রাজ্যজুড়ে করেছে কিন্তু আমি আমার উত্তর বিধানসভা কেন্দ্র হিসেবে আমি একটা কেন্দ্রে কথা যদি বলি তাহলে আপনারা বুঝতে পারবেন যে কতটা উন্নয়ন তারা করেছে। শুধু শাসনতন্ত্র যেটা চালিয়ে গিয়েছে দলতন্ত্র আর সন্ত্রাস তারা চালিয়ে গিয়েছে। আমাদের ই.এম. বাইপাস সংলগ্ন এলাকা একটু ঢিলছোঁড়া দূরত্বে আমার অঞ্চল। সেই অঞ্চলে এখনও পর্যন্ত একটা স্কুল নেই, ভালো রাস্তা নেই। পানীয় জলের জন্য সেখানকার লোকজন একটা কমিটি ঠিক করেছে। ৫ লিটারের বেশি তারা জল পাবে না। সেইভাবে তারা এখনও পর্যন্ত সেই জল পান করছে। ৫ লিটার তারা জল নিচ্ছে, সেই জল তারা পান করছে। এইভাবে এইরকম শাসন ব্যবস্থায় আমাদের বামফ্রন্ট সরকার রেখেছিল আর তারা আজকে বড় বড় কথা বলছে। উন্নয়ন ৩৪ বছর ধরে নাকি প্রচুর করেছে। উন্নয়নের জন্য নাকি তারা এতদিন বসিয়েছে। আজ সরকারের যে মুখ আমরা দেখতে পেয়েছি, আমাদের মা-মাটি-মানুষের সরকার যে আন্দোলন করে মানুষ যে রায় দিয়েছে এবং তাদেরকে এখন ঘুমানোর জন্য পাঠিয়ে দিয়েছে। তারা এখন ঘুমাবে, কাজ আমরা করবো ওনারা দেখতে থাকবেন। এখন চুপচাপ বসে আপনারা শুনবেন, আমাদের দলের যারা যা বক্তব্য রাখবে আপনারা শুনবেন। সর্বোপরি এলাকার পুরসভার একেবারে কাছে একটা অঞ্চল আছে রানিয়া অঞ্চল সেখানে এখনও পর্যন্ত একটা পোস্ট অফিস নেই এবং একটা ব্যাংকও নেই। ৩৪ বছর ধরে বাম সরকারের এটাই উন্নয়ন। আর কি বলবো, ভাষায় প্রকাশ করা যাবে না। ৩৪ বছরের উন্নয়ন বলতে গেলে বিশাল আকার ধারণ করবে এবং সব বলা সম্ভব হবে না। তাই আপনার মধ্যে দিয়ে আমার প্রিয় নেত্রী মুখ্যমন্ত্রীকে আমার দৃষ্টি আকর্ষণ করছি। পিছিয়ে পড়া যে এলাকাগুলো আমার এলাকা শুধু নয়, সব জায়গায়, সব কেন্দ্রের বিধায়করা বলবেন যে উন্নয়নের জন্য বিশেষ করে আমার অঞ্চলের একটা জায়গা আছে খেয়াদহ সেখানে যদি একটা পর্যটন কেন্দ্র গড়ে তোলা যায় তার জন্য আমি মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করবো আপনার মাধ্যমে। সংখ্যালঘু সম্প্রদায়ের এক সদস্য হিসাবে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে দু-একটি বিষয় উল্লেখ করতে চাই আমার

নেত্রীকে। বাম শাসনের রাজ্যে সংখ্যালঘু সম্প্রদায়ের শিক্ষা, স্বাস্থ্য নয় সব ক্ষেত্রে আমাদের সংখ্যালঘু সম্প্রদায়কে একেবারে পিছিয়ে ফেলেছিল। যা সাচার কমিটির রিপোর্ট চোখে আঙুল দিয়ে দেখিয়ে দিয়েছে। আমাদের সরকার এখন সেটা মানতে নারাজ। চার সপ্তাহের মধ্যে আমাদের নেত্রী, আমাদের প্রিয় মুখ্যমন্ত্রী তিনি ১০ হাজার মাদ্রাসাকে সরকারি অনুমোদন দেওয়ার কথা ঘোষণা করেছেন এবং প্রথম মন্ত্রিসভার বৈঠকে সংখ্যালঘুদের উন্নয়নের জন্য বিচারপতি সাচরকে সঙ্গে নিয়ে রাজ্যে একটি উন্নয়নের রূপরেখা তৈরি করবেন সেই সিদ্ধান্তও তিনি নিয়েছেন। অধ্যক্ষ মহোদয়, মাত্র দু-বছর আগে শুধুমাত্র সদিচ্ছা ও আন্তরিকতার জন্য আমাদের প্রিয় মন্ত্রী সংখ্যালঘু সমাজ ও সংখ্যালঘু সমাজের আমাদের মতো মহিলারা পিছিয়ে পড়েছিল তাদেরকে বিভিন্ন দায়িত্ব এবং গুরুত্বপূর্ণ জায়গায় বসিয়ে আমাদেরকে এই জায়গায় তুলে নিয়ে এসেছেন। তাই আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গের আপামর সংখ্যালঘু মানুষের পক্ষ থেকে প্রিয় মুখ্যমন্ত্রীকে জানাই আন্তরিক অভিনন্দন ও কৃতজ্ঞতা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত সরকারের আমলে নগরন্নোয়নের নামে কৃষি জমি দখল করে প্রোমোটারি রাজ কায়েম করেছে। বিভিন্ন জায়গায় প্রমোটাররা শিল্পপতিদের জমি দেওয়ার নামে সিঙ্গুর থেকে নন্দীগ্রাম, ভাঙ্গড়, মগরাহাট, সোনারপুর, বারুইপুর বিভিন্ন জায়গায় তারা জমি দখল করেছে এবং পরিবর্তনের আন্দোলনে এখন সেটা বন্ধ হয়েছে। মাননীয় মুখ্যমন্ত্রী ঘোষণা করেছেন গায়ের জারে যদি জমি নিতে চায় এক টুকরো তাদের জমি দেওয়া হবে না। শুধুমাত্র সদিচ্ছা ও আন্তরিকতার জন্য আজকে এই জায়গায় আসতে পেরেছি। তাই মাননীয় মুখ্যমন্ত্রীকে বলবো, আমি একজন গৃহবধূ ছিলাম কিন্তু সেই জায়গা থেকে আজ আমি যেখানে এসেছি এবং আমাদের এলাকার সাধারণ মানুষের জন্য, তাদের অভাব অভিযোগগুলি জানানোর জন্য এখানে পাঠিয়েছেন। আমার কেন্দ্রের বিভিন্ন এলাকা এখনও পিছিয়ে আছে, কোনো উন্নয়ন হয়নি। তাই মানুষের উন্নয়নের জন্য এখানে এসেছি। উন্নয়নমুখী লড়াই যেটা করেছে, তারা উন্নয়ন চেয়েছে। তারজন্য মাননীয় স্পীকার মহাশয়ের কাছে আবেদন তাদের উন্নয়নগুলি যাতে দ্রুত হয় সেই জন্য আমি আবেদন করবো। আমাদের যে সরকার গঠন হয়েছে সেটা আমাদের মা-মাটি-মানুষের সরকার এবং এই পরিবর্তন আমাদের এই মা-মাটি-মানুষের জন্য পরিবর্তন। তাই আমাদের সরকার মা-মাটি-মানুষের সরকার। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

[2.30—2.40 p.m.]

শ্রী শেখ আমজাদ হোসেন : মাননীয় অধ্যক্ষ মহোদয়, গত ১৩ তারিখ রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন এবং সেই ভাষণের পরিপ্রেক্ষিতে সরকার পক্ষের মুখ্য সচেতক যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব এনেছেন সেই ভাষণের আমি সম্পূর্ণ বিরোধিতা করছি। কারণ সেই ভাষণটাই .....

(ভয়েজ)

মাননীয় স্পীকার আমি নতুন বিধায়ক হয়ে এসেছি। আমি যখন নতুন হয়ে এসেছি কিন্তু আমার একটা অভিজ্ঞতা আছে যে, আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী বলেছেন গণতন্ত্রের মন্দির,

মসজিদ পবিত্র পীঠস্থান এই জায়গাতেই। অল ইন্ডিয়া মক পার্লামেন্টে আমি যখন কলেজের ফার্স্ট ইয়ারের ছাত্র, আমার কলেজকে রিপ্রেজেন্ট করে আমি দ্বিতীয় হয়েছিলাম এবং এই বিধানসভা দেখার সৌভাগ্য হয়েছিল। মাননীয় ডি.পি. রায় সাহেব ছিলেন, যিনি গতকাল বলেছেন যে ইন্টারাপ্ট করবেন না কাউকে বলতে দেওয়ার সময়ে। আমি সেই সূত্র ধরেই বলতে চাই আমি নতুন বিধায়ক, আমাকে বলার সুযোগ করে দেবেন আপনি।

মিঃ স্পীকার : প্লীজ গো অন।

শ্রী শেখ আমজাদ হোসেন : পুরো ভাষণটাই অসত্য এবং কুৎসার উপরে দাঁড়িয়ে আছে। এইরকম ভাষণ মাননীয় রাজ্যপালের মুখ দিয়ে এইরকম সত্যের অপলাপ অতীতে কোনোদিন পশ্চিমবঙ্গ বিধনাসভা কেন্দ্রে হয়েছে কিনা তা নিয়ে সন্দেহের অবকাশ আছে। গণতন্ত্রের প্রশ্নে তিনি যা বলেছেন ছত্রে ছত্রে তিনি অসত্য ভাষণ দিয়ে গেছেন, কারণ বামফ্রন্টের আমলেই গণতান্ত্রিক অধিকার সুরক্ষিত হয়েছে। ১৯৭৫ সালে যখন দেশে জরুরি অবস্থা হওয়ায় এবং তারপরে ১৯৭৭ সালে যখন পশ্চিমবাংলার মানুষ বামপন্থী প্রার্থীদের তাদের দায়িত্ব দেওয়ার মধ্যে দিয়ে গণতন্ত্রকে সুরক্ষিত করার সুযোগ করে দিয়েছিলেন। গত একমাস ধরে নির্বাচন অনুষ্ঠিত হওয়ার একমাস আগে যে সন্ত্রাস চলছিল এবং নির্বাচন অনুষ্ঠিত হওয়ার পরবর্তীকালে তা ভয়াবহ রূপ পেয়েছে। আমার নিজের জেলা, হুগলি জেলাতে যে ঘটনা ঘটেছে সেখানে—সি.পি.আই.এম.-এর পঞ্চায়েত সদস্য—বাবার অপরাধের শাস্তি দেওয়া হয়েছে তার পাঁচ বছরের মেয়ে সুমনা মান্ডিকে, ধনিয়াখালিতে—তার গায়ে পেট্রোল ঢেলে আগুন জ্বেলে জ্যান্ত পুড়িয়ে মারা হয়েছিল—এই ঘটনার কোনো উল্লেখ নেই রাজ্যপালের ভাষণে। এখানে বলছেন আদিবাসী উন্নয়নের কথা—শাল্কু সোরেনকে হত্যা করে তার দেহ পাঁচদিন ফেলে রেখে দেওয়া হয়, তার মা বাবা বলে আমার ছেলের মৃতদেহ শ্মশানে তুলতে পারছি না—শ্মশানের চিতায় তুলতে পারছি না—কবর দিতে পারছি না ; এইরকম গণতন্ত্র প্রতিষ্ঠা করতে চাইছে এরা। আমার হুগলি জেলা ব্যাপী যে ভয়ংকর সন্ত্রাস, সেই ভয়ংকর সন্ত্রাসে গত ২৮ তারিখে পুরশুড়া থানার সাওতা গ্রামে শেখ সাহাবকে খুন করা হয়েছে নৃশংসভাবে। তার ক্ষত-বিক্ষত দেহ বাড়ি থেকে একটু দূরে পাট ক্ষেতে পড়ে আছে। তার বৃদ্ধ বাবার অধিকার নেই তার লাশটাকে তুলে এনে কবর পর্যন্ত দিতে পারেন। তার এলাকার যারা মানুষজন তারা তার লাশটাকে নিয়ে যেতে পারছে না। তারা থানায় এফ.আই.আর. করতে গেছে পুলিশ বলছে যে আক্রমণকারীদের নাম বলা যাবে না। তাহলে তোমার পরিবারের আমরা রক্ষার গ্যারান্টি দেব। এখানে কোনো গণতন্ত্রের কথা বলা হচ্ছে ? আমাদের হুগলি জেলায় ঘটেছে চুঁচুড়া থানার এ.এস.আই.-অ্যাসিস্টেন্ট সাব ইন্সপেক্টর পার্থ সারথী মজুমদার, সেই পার্থ সারথী মজুমদারের উপরে চুঁচুড়া পৌরসভার যিনি ভাইস চেয়ারম্যন তাকে কিভাবে আক্রমণ করেছেন দেখেছেন আপনারা সবাই। ইলেকট্রো মিডিয়াতে লাইভও দেখিয়েছে। এই হচ্ছে গণতন্ত্রের নমুনা। কারা দেবে আমাদের নিরাপত্তা ? যাদের নিরাপত্তা দেওয়ার কথা তারাই থানাতে আক্রান্ত হয়ে যাচ্ছে। এইরকম গণতন্ত্র হচ্ছে পশ্চিমবাংলায়। আমার আরামবাগের যিনি প্রার্থী ছিলেন, সেই আরামবাগের প্রার্থীর এজেন্ট ছিলেন তুহিন গ্রাম নিবাসী খন্দকার নুরুল ইসলাম। তার

বাড়িটাকে ঘিরে ধরে তাকে মেরে ফেলার উপক্রম করা হচ্ছে। হঠাৎ এমন গণতন্ত্র প্রতিষ্ঠা হবে যেখানে পশ্চিমবাংলায় কেউ প্রার্থী হলে তার নির্বাচনী এজেন্ট হতে চাইবে না অন্য কেউ। এইরকম একটা ভয়ংকর সন্ত্রাসের বাতাবরণ সৃষ্টি করছে। আমাদের ধনিয়াখালিতে একজন ডাক্তার শেখ ময়িনুদ্দিন দশঘড়াতে তার চেম্বার আছে। শেখ ময়িনুদ্দিনের কাছে ডাক্তারি চিকিৎসা করাতে গিয়েছিল মুন্সা মাজি। একজন সি.পি.আই.এম. কর্মীর চিকিৎসা করেছে বলে ওই ডাক্তার শেখ ময়িনুদ্দিনের পা দুটো ভেঙে তিন টুকরো করে দেওয়া হয়েছে। এই গণতন্ত্র একজন ডাক্তারের চিকিৎসা করার অধিকার নেই। এই জায়গায় দাঁড়িয়ে শিক্ষা নিয়ে বলেছেন রাজ্যপাল তার ভাষণে যে শিক্ষায় কোনো গণতন্ত্র নেই নাকি। শিক্ষায় গণতন্ত্রের কথা বলছেন যারা—যে শিক্ষাটা নাকি ভেঙে পড়েছে। আমাদের এখানে মাধ্যমিক, উচ্চ মাধ্যমিকে ১৯৭৭ সালের আগে যেটা ভাবতে পারত না কেউ, সেখানে ৪৫ থেকে ৭০ দিনের মধ্যে মাধ্যমিক আর উচ্চ মাধ্যমিকের রেজাল্ট বের হয়। আমাদের এখানে বলেছেন যে নিরক্ষরতা দূরীকরণ কর্মসূচি—সেখানে দাঁড়িয়ে আমাদের কথা শুনতে হবে না। সেনসাস ২০১১-এর রিপোর্টে প্রকাশিত হয়েছে। সেখানে সারা ভারতবর্ষে সাক্ষরতার হার ৭৪% আর পশ্চিমবাংলায় সাক্ষরতার হার ৭৭% - এই হচ্ছে ৩৪ বছরের সাফল্য। আমাদের এখানে মাননীয় রাজ্যপাল বলেছেন উনি মাধ্যমিক অবধি অবৈতনিক শিক্ষা ব্যবস্থা চালু করবেন। বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর ১৯৮০ সালে উচ্চ মাধ্যমিক অবধি অবৈতনিক শিক্ষা ব্যবস্থা চালু হয়েছে। ওনারা কি চাইছেন ? ওনারা চাইছেন রাজ্যটাকে পিছিয়ে দিতে। উচ্চ মাধ্যমিক অবধি অবৈতনিক আছে, সেটাকে টেনে নামিয়ে মাধ্যমিকে আনতে চাইছে। গণতন্ত্র স্কুলে কায়েম করেছি আমরা। স্কুলগুলিতে পরিচালন কমিটি হয়েছে। সেখানে দাঁড়িয়ে অরাজকতার কথা বলছে এরা। শিক্ষার প্রশ্নে দাঁড়িয়ে—যে শিক্ষা—শিক্ষার বেসিক ব্যাপারটা, যে মূল বিষয়—আমাদের ভারতের ছাত্র ফেডারেশান লড়াই করে কলেজে কলেজে। শিক্ষা কোনো পণ্য নয়, এও তাদের অধিকার, এই অধিকার তাদের দিতে হবে। সেই অধিকার আমরা সমস্ত মানুষকে দিয়েছি। আজকে ডাক্তারের ছেলে ডাক্তার, ইঞ্জিনিয়ারের ছেলে ইঞ্জিনিয়ার এই ভাবনা ভেঙে দিয়েছি আমরা। খেতমজুরের ছেলেও ডাক্তার হয়, ভ্যানওয়ালার ছেলেও ইঞ্জিনিয়ার হয়, ভ্যানওয়ালার ছেলেও ব্যারিস্টার হয়। এই রকম জায়গায় শিক্ষাকে নিয়ে গেছি আমরা। মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিল থেকে—জেনে আসবেন পাণ্ডুয়া ব্লকের অন্তর্গত কালুর গ্রামে শেখ নিশান আলি, তাকে মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিল থেকে সাহায্য দিয়ে আমরা তাকে উত্তরবঙ্গের ফালাকাটা পলিটেকনিক কলেজে ফুড অ্যান্ড প্রসেসিংয়ে ডিপ্লোমা কোর্স করিয়েছি। আমরা এই উন্নয়ন করেছি ৩৪ বছর ধরে। এই জায়গায় দাঁড়িয়ে আপনারা কি বলছেন ? ৪৬ হাজার শিক্ষক নেবেন। ৪৬ হাজার শিক্ষক নেবেন, বাজেটে তার প্রভিশান কোথায় ? বাজেটে তার কোন প্রভিশান নেই। আপনারা বলছেন শিক্ষায় নাকি কোনো উন্নতি হয়নি আমাদের। ১৯৭৭ সালের আগে বিশ্ববিদ্যালয়ের সংখ্যা ছিল ৮টি। কলকাতা ইউনিভার্সিটি, বর্ধমান, উত্তরবঙ্গ, যাদবপুর, বিশ্বভারতী, বিধানচন্দ্র, কল্যাণী, রবীন্দ্রভারতী। আর আজ পশ্চিমবাংলায় ৩৪ বছরে বামফ্রন্ট সরকার ক্ষমতায় থাকার মধ্য দিয়ে নতুন করে ১৬টি ইউনিভার্সিটি—উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয়,

বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়, আইন বিদ্যালয়, প্রাণী ও মৎস্য বিজ্ঞান বিশ্ববিদ্যালয়, প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গৌড়বঙ্গ রাষ্ট্রীয় বিদ্যালয়, সিধু-কানু পশ্চিমবঙ্গ রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয়, প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়, উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ে—জলপাইগুড়িতে দ্বিতীয় ক্যাম্পাস চালু হয়েছে। আলিগড় মুসলিম ইউনিভার্সিটি—গত পরশুদিন—যারা আছেন কংগ্রেসি বন্ধুরা—আমাদের শ্রদ্ধেয় ভারতের অর্থমন্ত্রী মাননীয় প্রণব মুখার্জী মহাশয় আমাদের প্রাক্তন মুখ্যমন্ত্রীকে দরাজ সার্টিফিকেট দিয়েছেন আলিগড় ইউনিভার্সিটির দ্বিতীয় ক্যাম্পাস গড়ে তোলার জন্য। আর আমাদের এখানে মাইনরিটি নিয়ে যাঁরা কথা বলছেন, তাঁরা বলুন পশিচমবাংলায় বামফ্রন্ট সরকারই একমাত্র সরকার যে সরকার আলিয়া ইউনিভার্সিটি তৈরি করেছে। মাইনরিটিদের নিয়ে ওয়েস্ট বেঙ্গল ছাড়া সারা ভারতবর্ষে আলাদা কোনো বিশ্ববিদ্যালয় গড়ে ওঠেনি। আর সেন্টার ফর এক্সিলেন্সে দাঁড়িয়ে গবেষণার ক্ষেত্রে রিসার্চ সেন্টার যা আছে, তার ৯৫% তৈরি হয়েছে ৭৭ সালের পরে। এখানে অবশ্য একটা বিষয় আছে, কারও ভুয়ো পি.এইচ.ডি. করার সুযোগ নেই এই ৯৫% যা হয়েছে। আর এর পাশাপাশি দাঁড়িয়ে আমাদের সম্পূর্ণ আস্থা আছে। উচ্চ শিক্ষামন্ত্রীর উপরে আমরা আস্থা রাখি। আমরা উচ্চ শিক্ষামন্ত্রীর উপর আস্থা রাখি যে এইচ.এস. কাউন্সিল হয়েছিল, সেই এইচ.এস. কাউন্সিলে একটা বোর্ড আছে। সেখানে দাঁড়িয়ে আবার আলাদা একটা অ্যাডভাইসারি কমিটি—অর্থাৎ সরকার নিজেই কি তার উচ্চ শিক্ষামন্ত্রীর উপর আস্থা রাখতে পারছেন না। আমাদের আস্থা আছে।

(এই সময়ে মাইক অফ হয়ে যায়।)

[2.40—2.50 p.m.]

শ্রী সমর মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভারতীয় সংবিধানের ২৭৬ নং অনুচ্ছেদ অনুসারে মাননীয় রাজ্যপালের যে ভাষণ, তাকে পূর্ণ সমর্থন জানিয়ে বিরোধীরা যে বিরোধিতা করেছেন, তাকে প্রত্যাখ্যান করে.... ৩৪ বছরের অপশাসন, এই ৩৪ বছরের অপশাসনকে নিষ্কৃতি দিলেন। ভেঙেছো দুয়ার এসেছে জ্যোতির্ময় তোমারই হোক জয় মা-মাটি-মানুষের নেত্রী মাননীয়া মমতা ব্যানার্জী তার সঙ্গে ভারতবর্ষের UPA সরকারের নেত্রী শ্রীমতী সনিয়া গান্ধী এবং ভারতবর্ষের অর্থমন্ত্রী শ্রী প্রণব মুখোপাধ্যায় এই তিনজনের সংমিশ্রণে আজকে ৩৪ বছরের অপশাসন থেকে আমরা মুক্ত। ধন্যবাদ জানাই বাংলার মানুষকে। বিরোধীপক্ষের নেতারা বলছিলেন যে তৃণমূল কংগ্রেস, কংগ্রেস জোট সরকারে আসার পর অত্যাচার হচ্ছে। বামপন্থীদের নাকি নিগৃহীত করছে। আমি স্মরণ করিয়ে দিতে চাই ১৩ই মে যেদিন ফল ঘোষণা হল সেদিন সারা পশ্চিমবাংলায় গৃহযুদ্ধ হত যদি মাননীয়া মমতা ব্যানার্জী, শ্রীমতী সনিয়া গান্ধী, শ্রী প্রণব মুখার্জী যদি আমাদের লাগাম টেনে না রাখতেন। ৩৪ বছরে কত রক্তের হোলি খেলা এরা খেলেছেন। পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী কোনো বিজয় মিছিল হতে দেননি। শ্রী প্রণব মুখোপাধ্যায় এবং শ্রীমতী সনিয়া গান্ধী কোনো বিজয় মিছিলের নির্দেশ দেননি। জাতীয় কংগ্রেস, তৃণমূল কংগ্রেস জোট আমরা সরকার গঠন করেছি। আমরা কোনো রকম বামপন্থীদের কু-প্ররোচনার শিকার হইনি। যাত্রাদলের বিবেক দেখেছেন ? আমাদের তৎকালীন ভূমি-রাজস্ব মন্ত্রী

শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা সাহেব যাত্রাদলের বিবেক এখানে আমাদের নায়ক বসে আছেন চক্রবর্তীবাবু। দেখবেন মাঝে মাঝে বিবেক এসে মাঝখানে ঘুরে কিছু বলে যায়। এই যে সিঙ্গুরের হত্যালীলা, এই যে কংগ্রেস তৃণমূল জোট মাননীয়া মমতা ব্যানার্জী তিনি যে সিঙ্গুরের অনিচ্ছুক কৃষকদের ৪০০ একর জমি ফেরত দিলেন শ্রী আব্দুর রেজ্জাক মোল্লা সাহেব তিনি যাত্রার বিবেকের মতো গলায় গামছা লাগিয়ে এই সেই চক্রান্তকারী সেদিন সিঙ্গুরের হত্যালীলা এবং মানুষকে প্রতিহত করেছিল। মাননীয় অধ্যক্ষ মহোদয় নন্দীগ্রামে ফিরোজা বেগম তার ফরিয়াদ, কি সেই ফরিয়াদ ? এই ফরিয়াদ ৩৪ বছরের বামজমানার অপশাসনের সেই গ্রামীণ মহিলা আজকে ফরিয়াদ জানাচ্ছে আপনার মাধ্যমে বিচার চাই, শান্তি চাই, মুক্তি চাই। মাননীয় অধ্যক্ষ মহোদয় মা-মাটি-মানুষের সরকার—একটু আগে এক বক্তা বলছিলেন, তিনি মন্ত্রী ছিলেন যে কেরোসিন, ডিজেল, গ্যাসের দাম বাড়ছে। আপনি জানেন না কত টাকা ভারত সরকারকে ভর্তুকি দিতে হয় কেরোসিনের জন্য, পেট্রোলের জন্য, ডিজেলের জন্য। তৎকালীন খাদ্যমন্ত্রী শ্রী পরেশ অধিকারীকে আপনার মাধ্যমে তাকে জিজ্ঞাসা করতে চাই পশ্চিমবাংলায় যত রেশন ডিলার আছে সেই রেশন ডিলারদের ভারত সরকার ভর্তুকির টাকায় সেই চাল, সেই কেরোসিন, সেই গম তাদের পার্টি ফান্ডে কত গিয়েছে প্রতিটি ডিলারের কাছ থেকে। জবাব চাই, জবাব দিতে হবে। মাননীয় অধ্যক্ষ মহোদয় সাঁইবাড়ির ঘটনা ছেলের রক্তমাখা ভাত মায়েদের মুখে এরা তুলে দিয়েছে। তার জবাব আগামী দিনের সরকার মাননীয়া মমতা ব্যানার্জীর নেতৃত্বে এই সরকার এর বিচার বিভাগীয় তদন্ত করে ওইসব খুনি যারা ছেলের রক্তমাখা ভাত মায়ের মুখে গুঁজে দেয় তাদের ফাঁসিকাঠে ঝোলানো হবে আগামী দিনে কোনো চিন্তা নেই। যে ৩৪ বছর আপনারা শ্রেণি সংগ্রাম করেছেন—হ্যাঁ, শ্রেণি সংগ্রাম আপনারা করেছেন—কি শ্রেণি সংগ্রাম ? গ্রামে গেলে দেখা যায় একটা চকচকে বাড়ি। ওটা কার বাড়ি ? সি.পি.আই.এম.-এর বাড়ি। এত যারা খাসির মাংস কেনে—কারা কিনছে ? ওই সি.পি.আই.এম.। এই ৩৪ বছরে সারা বাংলাকে লুটেপুটে আজকে যারা খেয়ে গেল, তদের মানুষ প্রত্যাখ্যান করল। যারা এসেছে গোবেচারার দল, তারা জানে না ৩৪ বছর ওদের উত্তরসূরীরা পশ্চিমবঙ্গে কি করে গেছে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে ২২ হাজার টাকা প্রতি মানুষের ঋণ। যে সন্তান ভূমিষ্ঠ হয় সে ২২ হাজার টাকা ঋণ নিয়ে জন্মায়। এই বাংলার মাটিতে বিগত ৩৪ বছরে এরা প্রশাসনে আছে। ২২ হাজার টাকা আপনাদের ঋণ, আমারও ঋণ, যে সদ্যোজাত শিশু জন্মগ্রহণ করছে তারও ঋণ ২২ হাজার টাকা। এই কৈফিয়ত, এই ফয়সালা আগামী দিনে মানুষ এদের কাছ থেকে নেবে। ধন্যবাদ।

শ্রী ঈদ মহম্মদ : মাননীয় অধ্যক্ষ মহোদয়, গত ১৩ই জুন এই মহতী সভায় আমাদের পশ্চিমবাংলার মাননীয় রাজ্যপালের যে ভাষণ, সেই ভাষণের উপর মাননীয় শাসক দলের মুখ্যসচেতক শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় আনীত যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব মাননীয় সদস্য জটু লাহিড়ী মহাশয় সমর্থন করেছেন, আমি সেই প্রস্তাবের বিরোধিতা করছি। কারণ এই রাজ্যপাল ৩ মাস আগে গত ১০ই মার্চ তিনি এই বিধানসভাতে একটা বক্তব্য রেখেছিলেন। সেই বক্তব্যের সঙ্গে এই বক্তব্যের কোনো সঙ্গতি নেই। তিনি সরকার পক্ষের

ইস্তাহার—নির্বাচনী যে ইস্তাহার, সেই ইস্তাহার এখানে তার মাধ্যমে সরকার পক্ষ বলার চেষ্টা করেছেন, যার জন্য সেই বক্তব্যের আমি বিরোধিতা করছি, সেই প্রস্তাবের বিরোধিতা করছি। মাননীয় সরকার পক্ষের সদস্য শ্রী কাশীনাথ মিশ্র, তাঁর বক্তব্য আমি শুনছিলাম। পুরনো, অভিজ্ঞ বাই রোটেশান তিনি নির্বাচিত হন, কয়েকবার নির্বাচিত হয়েছেন, তিনি ভাল বক্তব্য রাখেন, তথ্যপূর্ণ বক্তব্য রাখেন। কিন্তু আমরা একটা বিষয় দেখে আশ্চর্য হয়ে গেলাম। আমরা দেখলাম তাঁর মন্ত্রিসভায় শপথ নেওয়ার কথা। মহামান্য রাজ্যপাল তাঁর নাম প্রস্তাব করলেন, ডাকলেন। কিন্তু কি কারণে তিনি মন্ত্রিসভায় স্থান পেলেন না আমরা জানি না, এটা জানা দরকার। মাননীয় অধ্যক্ষ মহোদয়, গতকাল থেকে মহামান্য রাজ্যপালের বক্তব্যের উপরে আলোচনা শুরু হয়েছে। আমাদের সরকার পক্ষের সদস্যদের আলোচনার যতটুকু সারমর্ম বুঝেছি তা হল, এখানে তারা ৩৪ বছরের বামফ্রন্ট সরকারের ব্যর্থতার কথা উল্লেখ করার চেষ্টা করেছেন—কিছু উন্নয়ন হয়নি, অনুন্নয়ন হয়েছে, দেশের গণতান্ত্রিক অবস্থা খর্ব হয়েছে। তা নিয়ে একটা কথা বলি, একটা ছোট্ট গল্প—আকাশে যখন শকুন ওড়ে, সেই শকুনকে জিজ্ঞাসা করা হয় যে, তুমি কি দেখতে পাচ্ছ ? শকুন বলে পৃথিরীতে আমি ভাগাড় দেখতে পাচ্ছি। আবার জিজ্ঞাসা করা হয়, তুমি পৃথিবীতে এত সুন্দর-সুন্দর জিনিস আছে দেখতে পাচ্ছ না ? শকুন বলে—না, আমি ভাগাড় ছাড়া কিছু দেখতে পাচ্ছি না। তা সরকার পক্ষের মাননীয় সদস্যরা আপনারা তখন তৃণমূলে ছিলেন না, কংগ্রেসে ছিলেন—একটা দলে ছিলেন, ১৯৭২-'৭৭ সাল পর্যন্ত এই হাউসে কংগ্রেসের মন্ত্রিসভা ছিল।

[2.50—3.00 p.m.]

আমরা সেদিন ভুসি কেলেঙ্কারির কথা শুনেছি। আমরা বোফোর্স কেলেঙ্কারির কথা শুনেছি। আমরা হাওলা কেলেঙ্কারির কথা শুনেছি। সারা পৃথিবী এটা নিয়ে আলোড়িত হয়েছিল। আমরা টেলি টেন্ডার কেলেঙ্কারির কথা শুনেছি। আবার টু জি স্পেকট্রাম কেলেঙ্কারির কথা শুনছি। যাদের সরকার প্রথম থেকে শেষ পর্যন্ত কেলেঙ্কারির সাথে যুক্ত, সেই সরকারের সদস্যরা কি করে ভালো জিনিস দেখতে পাবেন। ভারতবর্ষের স্বাধীনতার লগ্ন থেকে ১৯৫২ সালের আগে থেকে কেন্দ্রে মাঝে কয়েকটা বছর বাদ দিলে অধিকাংশ সময় কংগ্রেস সরকার প্রতিষ্ঠিত। পশ্চিমবাংলাতে মাঝে দুবার বাদ দিয়ে ১৯৭৭ সাল পর্যন্ত অধিকাংশ সময় কংগ্রেস সরকার প্রতিষ্ঠিত ছিল। আমরা দেখেছি কংগ্রেসের আমলে খাদ্যের যে সঙ্কট, সেই সঙ্কট তারা মেটাতে পারেনি। আমরা দেখেছি ১৯৬৯ সালে ৩১ আগস্ট সারা ভারতবর্ষের সঙ্গে পশ্চিমবাংলাতেও যে খাদ্যের সঙ্কট, মানুষ খেতে পাচ্ছিল না, গ্রামগঞ্জ থেকে লাখ লাখ মানুষ খাদ্যের দাবিতে কলকাতায় এসেছিলেন, সেদিন তারা খাদ্য পায়নি। খাদ্যের বিনিময়ে লাঠি পেটা করে পুলিশ ৮০ জন নিরীহ মানুষকে পিটিয়ে হত্যা করেছিল। তার পরদিন ১লা সেপ্টেম্বর ছাত্র যুবকরা রাইটার্সের নীচে প্রতিবাদ দিবস পালন করছিল। সেদিন গুলি চালিয়ে কয়েকজন ছাত্র যুবককে খুন করা হয়েছিল। বামফ্রন্ট সরকার আসার পরেই—আমরা দেখেছি ১৯৬৭ সালে নুরুল ইসলাম খাদ্য আন্দোলন করতে গিয়ে গুলি খেয়েছিল, খাদ্য পায়নি। আমরা দেখেছি ১৯৬৭ সালে কৃষ্ণনগরে আনন্দ হাইট কেরোসিনের দাবিতে আন্দোলন করেছিল কিন্তু কেরোসিন পায়নি, পড়ার সুযোগ পায়নি। তাকে গুলি খেতে

হয়েছিল। বামফ্রন্ট সরকার আসার পরে প্রথমে ঠিক করেছিল মানুষের খাদ্যের সঙ্কট মেটাতে হবে। মানুষের পেট যদি ঠাণ্ডা থাকে তাহলে দুনিয়া ঠাণ্ডা থাকবে। বামফ্রন্ট সরকার আসার পরে ভূমিসংস্কার করল। ভূমিসংস্কার করার ফলে কৃষকের হাতে জমি এল। তখন ধনী জোতদাররা তাদের জমি লুকিয়ে রাখতেন। নামে, বেনামে, বিভিন্ন নামে সেই জমি লুকিয়ে রেখেছিলেন। বামফ্রন্ট সরকার আসার পর সেই জমি খাস করা হল। ৩০ হাজার পাট্টাদারকে জমি দেওয়া হল। ১৫ হাজার বর্গারেকর্ড করা হল। আমরা দেখেছি সেই সময় সেচ ব্যবস্থার সম্প্রসারণ হয়নি। মাত্র ২৩ শতাংশ জমিতে সেচের ব্যবস্থা ছিল। বামফ্রন্ট সরকার আসার পর তারা চিন্তা করল মানুষ যাতে খাদ্য পায় তার জন্য কৃষিকে উন্নত করতে হবে, কৃষিকে রক্ষা করতে হবে, সেচ ব্যবস্থার সম্প্রসারণ করতে হবে। যেমন মানুষের হাতে জমি তুলে দেওয়া হল, তেমনি সেচ ব্যবস্থার সম্প্রসারণ হওয়ার ফলে খাদ্যে আমরা প্রথম। মাননীয় রাজ্যপাল গত ১০ মার্চ যে বক্তব্য রেখেছিলেন, সেই বক্তব্যে তিনি উল্লেখ করেছিলেন যে, খাদ্যে পশ্চিমবাংলা প্রথম। আমরা ভূমিসংস্কার করে বর্গাদারদের হাতে জমি তুলে দেওয়ার ফলে আজকে খাদ্যে আমরা এগিয়ে গিয়েছি। আমরা দেখলাম শুধু খাদ্যে এগিয়ে গেলে চলবে না, মানুষের শুধু পেটে ভাত দিলে চলবে না, মানুষকে শিক্ষা দিতে হবে। এক সময় অন্ধকারের রাজত্ব ছিল। লেখাপড়ার কোনো পরিবেশ ছিল না। আমরা দাবি করেছিলাম যে অষ্টম শ্রেণি পর্যন্ত অবৈতনিক শিক্ষা ব্যবস্থা চালু করতে হবে। তখন কংগ্রেস সেই কথা শোনেনি, তারা করেনি। আমরা আসার পরে অষ্টম শ্রেণি, দশম শ্রেণি, দ্বাদশ শ্রেণি পর্যন্ত বিনা পয়সায় গ্রাম-গঞ্জের ছেলে-মেয়েরা পড়তে পারছে। এখন শুনছি কেন্দ্রীয় সরকার দশম শ্রেণি পর্যন্ত অবৈতনিক শিক্ষা ব্যবস্থা চালু করবে। বহুদিন আগে রাজ্যে বামফ্রন্ট সরকার সাধারণ মানুষের দুয়ারে শিক্ষা পৌঁছে দেওয়ার জন্য, গরিব মানুষের ছেলে-মেয়েরা শিক্ষা যাতে পায় তার জন্য ১২ ক্লাস পর্যন্ত অবৈতনিক শিক্ষা ব্যবস্থা চালু করেছে। শুধু তাই নয় গরিব ছেলেদের বই দেওয়া, গরিব ছেলেদের খাদ্য দেওয়া, পোশাক দেওয়া, স্কুলের পরিকাঠামো, সেই পরিকাঠামো আমরা তৈরি করেছি। আগে প্রাইমারি স্কুলগুলোতে পরিকাঠামো ছিল না, হাইস্কুলগুলোতে পরিকাঠামো ছিল না। বসার জায়গা ছিল না। বেঞ্চ ছিল না। আমরা সেই পরিকাঠামো তৈরি করেছি। শিক্ষার পরিবেশকে আমরা সুস্থ করেছি। আমরা দেখেছি ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত শিক্ষার যে নৈরাজ্য, সেই নৈরাজ্য আমরা দেখেছি। পরীক্ষা হত না। বোমাবাজি করে পরীক্ষা না দিয়ে গণ-টোকাটুকি করে পাশ করে দেওয়ার যে ব্যবস্থা সেই ব্যবস্থা আমরা দেখেছি। আমরা শিক্ষার পরিবেশকে সুস্থ করার জন্য চেষ্টা করেছি। আমরা শিক্ষাকে আরও ছড়িয়ে দেওয়ার জন্য চেষ্টা করেছি। যাতে গরিব মানুষের ছেলেরা, গ্রামে-গঞ্জের ছেলেরা উচ্চশিক্ষায় শিক্ষিত হতে পারে, সেইজন্য গ্রামে-গঞ্জে বেশি বেশি করে কলেজ তৈরি করা হয়েছে। আমাদের মুর্শিদাবাদ জেলায় একটি মাত্র কলেজ ছিল বহরমপুরে, আরেকটি কলেজ ছিল রঘুনাথগঞ্জে। বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পরে প্রত্যন্ত গ্রামগুলিতে কলেজ তৈরি করা হল। লালবাগে কলেজ হল, ফরাক্কায় কলেজ হল, সাগরদিঘিতে কলেজ হল, এতগুলি কলেজ আমাদের মুর্শিদাবাদ জেলায় স্থাপন করা হল। পশ্চিমবাংলার বাঁকুড়া ও পুরুলিয়া জেলায় আদিবাসী এলাকায় এই ধরনের কলেজ স্থাপন করে সাধারণ মানুষ যাতে উচ্চশিক্ষায়

শিক্ষিত হতে পারে সেই ব্যবস্থা করা হল। শুধু তাই নয় সাধারণ শিক্ষায় শিক্ষিত হলেই চলবে না, কারিগরী শিক্ষাও দিতে হবে। আমাদের পশ্চিমবাংলায় মাত্র কয়েকটা ইঞ্জিনিয়ারিং কলেজ ছিল। সরকারি ও বেসরকারি মিলিয়ে ৯৫টি ইঞ্জিনিয়ারিং কলেজ হয়েছে। আমাদের রাজ্যের ছেলে-মেয়েরা আগে বাইরের রাজ্যে ইঞ্জিনিয়ারিং পড়তে যেত। লক্ষ লক্ষ টাকা ডোনেশন দিয়ে সেখানে ভর্তি হতে হত। এখন আমাদের রাজ্যের ছেলে-মেয়েরা এখানেই ইঞ্জিনিয়ারিং পড়ছে। মেধাবী ছেলেদের ভর্তির ব্যবস্থা সরকার করেছিল। এইভাবেই ৩৪ বছরে আমাদের বামফ্রন্ট সরকার গ্রামীণ অর্থনীতি, গ্রামের রাস্তাঘাট, সেখানকার পঞ্চায়েতি ব্যবস্থা বিদ্যুৎ ব্যবস্থার উন্নতি করছে। আগে গ্রামের ভিতর দিয়ে বিদ্যুতের তার চলে যেত, আর বলা হত সেই গ্রাম বিদ্যুতায়ন হয়ে গেছে। কিন্তু আমরা সেই অবস্থার পরিবর্তন করেছিলাম। যাতে গ্রামে-গঞ্জে, শহরের মানুষরা বিদ্যুৎ পেতে পারে। আমরা সাগরদিঘিতে নতুন বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র তৈরি করেছি। বক্রেশ্বরে নতুন বিদ্যুৎ কেন্দ্র হয়েছে। যে সমস্ত বিদ্যুৎ কেন্দ্রগুলো ছিল, যাদের লাইফ শেষ হয়ে যাচ্ছে, সেই তাপবিদ্যুৎ কেন্দ্রগুলোতে নতুন ভাবে ইউনিট বসানোর কাজ চলছে। মানুষের যে বিদ্যুতের চাহিদা, সেই চাহিদা পূরণ করার জন্য চেষ্টা করা হয়েছে। কাটোয়ায যে নতুন বিদ্যুৎ কেন্দ্র আমরা করতে গিয়েছিলাম তখন আপনারা বাধা দিয়েছেন। বহু চেষ্টার পরে সেই কাজ আবার শুরু হয়েছে। সাধারণ মানুষ পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকারের ৩৪ বছরের যে উন্নয়ন সেই উন্নয়ন তার পরিলক্ষিত করেছে। কংগ্রেস আমলে মাদ্রাসার সংখ্যা ছিল মাত্র ২০০। এখন মাদ্রাসার সংখ্যা ৬০০। আলিয়া বিশ্ববিদ্যালয় আমাদের রাজ্যে স্থাপন করা হয়েছে। ৫৪টি মুসলিম জনগোষ্ঠীকে ও.বি.সি.-র অন্তর্ভুক্ত করা হয়েছে। যা সারা ভারতবর্ষে কোথাও হয়নি। পশ্চিমবাংলায় মুসলিম সম্প্রদায়ের মানুষের জন্য ১০ শতাংশ সংরক্ষণ করা হয়েছে। মুসলিম মেয়েরা যাতে পড়াশোনা করতে পারে তার জন্য গার্লস হোস্টেল সারা পশ্চিমবাংলা জুড়ে করা হয়েছে। তারা যাতে উচ্চশিক্ষা লাভ করতে পারে সেইজন্য এই ব্যবস্থা করা হয়েছে। বামফ্রন্ট সরকার সংখ্যালঘু মানুষের উন্নয়নের জন্য চেষ্টা করেছে। মুর্শিদাবাদে আলিগড় বিশ্ববিদ্যালয়ের একটি ক্যাম্পাস করার কথা ছিল। তাছাড়া মুর্শিদাবাদে একটি মেডিকেল কলেজ স্থাপন করার কথা হয়েছিল। মালদায় একটি মেডিকেল কলেজ স্থাপন করার কথা হয়েছিল যাতে সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষদের সুবিধা হয় তার চেষ্টা করা হয়েছিল। আমাদের বিরোধী দলের তরফ থেকে মাননীয় রাজ্যপাল মহাশয়ের ভাষণের উপর যে সংশোধনী প্রস্তাব জমা দিয়েছি তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। নমস্কার।

[3.00—3.10 p.m.]

শ্রী অর্জুন সিং : মাননীয় স্পীকার স্যার, এই পঞ্চদশ বিধানসভায় মাননীয় রাজ্যপাল শ্রী এম. কে. নারায়ণন যে ভাষণ দিয়েছেন এবং তার উপর আমাদের চিফ হুইপ যে ধন্যবাদ সূচক প্রস্তাব এনেছেন তার উপর আমার কিছু বক্তব্য রাখছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এখানে বিগত সভার সদস্যও ছিলাম, তখন দেখেছি প্রাক্তন মুখ্যমন্ত্রী যিনি ছিলেন তিনি 'আমরা' 'ওরা' বলতেন, ২৩৫ আর ৩০-এর কথাও

বলতেন। আমরা দেখছি কিছু প্রাক্তন মন্ত্রী এখানে জ্ঞানের কথা বলছেন, সেইসময় কিন্তু বলতেন না। সেইসময় বিরোধীদের কোনো কথা শোনা হত না। কিন্তু আমাদের মুখ্যমন্ত্রী প্রথম দিনই বলেছেন বিরোধীদের মর্যাদা দেওয়া হবে। কিন্তু কার মর্যাদা আমরা দেব ? এখানে যে বামপন্থীরা বসে আছেন, গত ৩৪ বছর ধরে তাদের রাজনৈতিক দেউলিয়াপনা আমরা দেখে আসছি। তারা মানুষকে মানুষ মনে না করে পশ্চিমবাংলায় সন্ত্রাস করে এসেছে যে কোনো ক্ষেত্রে—সে শিক্ষাই হোক বা শ্রমিক আন্দোলন বা কৃষক আন্দোলনই হোক। তারা নিজেদের কৃষক দরদী, শ্রমিক দরদী বলেন, কিন্তু তাদের জন্য কি করেছেন। বিগত সরকারের মন্ত্রী, বর্তমানে বিরোধী দলের নেতা এখানে আছেন, যখন আমরা তাঁকে বলতাম কোনো হাসপাতালে রোগী চিকিৎসা পাচ্ছে না, এমনকি মেম্বাররাও গিয়েও চিকিৎসা পাচ্ছেন না, তখন কিন্তু তাঁর কাছ থেকে কোনো সদুত্তর পেতাম না। হাসপাতালের পরিকাঠামোর উন্নয়ন হয়নি, ডাক্তাররা হাসপাতালে ইউনিয়ন করছে, রোগীরা চিকিৎসা পাচ্ছে না। এস.এফ.আই.-এর একজন নেতা, যিনি এখন এখানকার সদস্য হয়েছেন তিনি বললেন অনেক রাজনীতির জ্ঞানের কথা। রাজনীতি করা মানে রাজনীতির জ্ঞান দান নয় বা এখানে ভুল তথ্য দেওয়া নয়। আমার মনে হয় ভুল তথ্য দিলে সেটা এক্সপাঞ্জ করা উচিত। উনি বললেন একমাত্র পশ্চিমবাংলা রাজ্যেই নাকি মুসলিমদের জন্য বিশ্ববিদ্যালয় আছে। তাহলে আলিগড় মুসলিম বিশ্ববিদ্যালয়, ওসমানিয়া বিশ্ববিদ্যালয়কে ভুলে যেতে হবে আমাদের ? এই ভুল তথ্য তিনি এখানে কেন দিলেন ? এর জবাব নিশ্চয় বামপন্থীরা তাদের বক্তব্যের সময় দেবেন। বিগত সরকারের খাদ্যমন্ত্রী এখন বিরোধী দলের সদস্য, তারা সেইসময় বলতেন খাদ্য উৎপাদনে পশ্চিমবাংলা স্বয়ংসম্পূর্ণ, এখানে সবচেয়ে বেশি ধান, চাল উৎপন্ন হয়। তাহলে এখানকার মানুষকে কেন ২৪/২৫/২৭ টাকা কেজি দরে চাল কিনে খেতে হয় ? আর বলছেন দু টাকা করে বি.পি.এল. মানুষকে চাল দিয়েছেন। বাঁকুড়া, বীরভূম সব জায়গাতেই এক বছর ধরে দেখেছি সি.পি.এম.-এর যাঁরা ডিলার ছিলেন সাধারণ মানুষ তাঁদের বাড়ি ভাঙচুর করছে, তাঁদের রেশন দোকান থেকে জিনিস না পাওয়ার জন্য তাঁদের বাড়ি ঘেরাও করছে। তাহলে কি হয়েছে ? এখানে একজন প্রবীণ সদস্য শ্রদ্ধেয় সদস্য আছেন, তিনি বলছিলেন ওঁরা শিক্ষায় অনেক টাকা খরচ করেছেন। অনেক স্কুল বানিয়েছেন, অনেক কলেজ বানিয়েছেন, অনেক রাস্তা বানিয়েছেন, অনেক হাসপাতাল তৈরি করেছেন। হসপিটাল, স্কুল যতটুকু আমরা দেখেছি, তাতে দেখেছি যে প্রাইভেট নার্সিং হোম অনেক বেশি তৈরি হয়েছে। সেখানে নিশ্চয়ই তাদের অবদান আছে। তাদের আত্মীয়-স্বজনরা অনেক স্কুল খুলেছে যেখানে একশো টাকা নয়, কয়েক লক্ষ টাকা দিয়ে নিজের ছেলেমেয়েকে অ্যাডমিশন করাতে হয়েছে। একটা কমপিউটার, পাঁচটা কমপিউটার নিয়ে ইঞ্জিনিয়ারিং কলেজের অনুমোদন তারা দিয়েছেন। এটাও আমরা দেখেছি। কিন্তু একটা কথাও উনি বললেন না এই ৩৪ বছরের মধ্যে কয়েক হাজার কোটি টাকার অস্ত্র তাঁরা তাঁদের ক্যাডারদের হাতে তুলে দিয়েছেন। এই ব্যাপারে একটা কথাও তিনি বললেন না। আজকে একজন প্রবীণ সদস্য, অনেক সিনিয়র সদস্য উনি মাঝে মাঝে সি.পি.এম. দলকে অস্বস্তিতে ফেলে দেন। কখনো বলেন সি.পি.এম. খারাপ, কখনো বলেন সি.পি.এম. ভাল। কালকে আমি ওঁর বক্তব্য শুনছিলাম। অনেক জ্ঞানের কথা বলছিলেন।

অনেক ভাল ভাল কথা বলছিলেন কিন্তু উনি তো ছিলেন সরকারের মধ্যে, তখন বিগত সরকারকে ছেড়ে উনি নির্দলে দাঁড়িয়ে জিততে পারতেন। কেন তখন বললেন না ? এখন উনি গামছা কাঁধে ফেলে মানুষের কাছে দেখাতে চাইছেন যে উনি কৃষকের ঘরের লোক। ওনার কৃষকের উপরে অনেক দরদ আছে। উনি কৃষককে অনেক ভালবাসেন। মাননীয় রাজ্যপালের ভাষণের ব্যাপারে উনি বলছিলেন, আমি শুনছিলাম, গভর্নর তিন মাস আগে অন্য কথা বলেছেন, তিন মাস পরে অন্য কথা বলছেন। ভারতীয় সংবিধানে আছে। ওঁরা ৩৪ বছর ক্ষমতায় থেকে এলাকার লক্ষ লক্ষ মানুষ ঘরছাড়া হয়েছিল কিন্তু যখন রাজ্যপাল ভাষণ দিতেন তখন একজনেরও ঘরছাড়ার কথা ওই ভাষণে উল্লেখ থাকত না। এমনও হয়েছে আমরা দেখেছি নন্দীগ্রামে মানুষ খুন হয়েছে, নন্দীগ্রামে গণহত্যা হয়েছে। সিঙ্গুরে মানুষ মার্ডার হয়েছে, তাপসী মালিককে ধর্ষণ করে মেরে ফেলা হয়েছে। কিন্তু এই সম্পর্কে একটাও কথা বিগত সরকারের মুখ্যমন্ত্রীর কাছ থেকে আমরা শুনতে পাইনি। আর তখন যাঁরা মন্ত্রী ছিলেন তাঁদের মুখ থেকেও আমরা শুনতে পাইনি। আজকে তাঁরা অনেক জ্ঞানের কথা বলছেন। তাঁদের অনেক কথা আমাদের এই হাউসে শুনতে হচ্ছে। মাননীয় সদস্যদের কাছে আমি কয়েকটা প্রশ্ন রেখে যাই। অনেকে ভুল তথ্য দিয়ে এই হাউসকে ভুল বোঝাচ্ছেন। আপনারা বলুন তো পশ্চিমবাংলায় মাত্র এক মাস আমাদের সরকার এসেছে। এক মাসের মধ্যে, আমাদের যিনি মুখ্যমন্ত্রী, আজকে এখানে রাজ্যপাল বলেছেন ১৪টা ব্যাপারে অ্যাকশন টেকন নেওয়া হয়েছে। ৩৪ বছরের মধ্যে একটা ব্যাপার বলুন তো অ্যাকশন টেকন করে, আপনাদের মুখ্যমন্ত্রী, আপনারা যাঁরা তখন মন্ত্রী ছিলেন আপনারা কোনো মানুষের কাছে কি পৌঁছে দিয়েছেন ? আজকে বলুন তো, আপনারা করেননি, এ.বি.টি.এ.-র নামে কোটি কোটি টাকা এই এডুকেশন ডিপার্টমেন্ট থেকে আপনাদের এ.বি.টি.এ.-র সদস্যরা—টেস্ট পেপার তৈরি করে কোটি কোটি টাকা প্রত্যেকটা স্কুল থেকে রোজগার করেছে। এস.এফ.আই.-রা কি করত ? এস.এফ.আই.-রা কলেজে অ্যাডমিশনের নামে টাকা তুলত। এস.এফ.আই., ডি.ওয়াই.এফ.আই., সি.আই.টি.ইউ. এরা মূল সংগঠন। তোলাবাজি শেখানো এখান থেকে শুরু হত। আজকে একজন প্রবীণ সদস্য এখানে বলে গেছেন, ডাকবাবু তখনও ছিলেন, এখনও আছেন। এক মাস হয়ে গেল ডাকবাবু আমরা তুলতে পারলাম না ঠিকই কিন্তু যে পুলিশ আপনাদের তাঁবেদারি করে খুন, রাহাজানি, কাস্টোডিয়াল ডেথ করেছিল সেই পুলিশ অফিসার ক্ষমা পাবে না এই পশ্চিমবাংলায়। এই পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী কিন্তু মমতা ব্যানার্জি সেটা মাথায় রাখতে হবে। আপনার মুখ্যমন্ত্রী বলতেন ঢিল ছুঁড়লে পাথর পাবেন, আপনার সি.পি.এম.-এর নেতারা বলতেন ইঁট ছুঁড়লে বোমা পাবেন না কেন। আমাদের মুখ্যমন্ত্রী কিন্তু বলেননি। আমাদের শিক্ষা দেওয়া হয়েছে বদলা নয়, বদল চাই। তাই মানুষ বদল করেছে বলে হাউসে আমরা এখানে, আপনারা ওখানে। এই বলে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[3.10—3.20 p.m.]

শ্রী তোয়াব আলি : (অনুপস্থিত)

শ্রী সুখবিলাস বর্মা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মহামান্য রাজ্যপালের ভাষণের উপর ধন্যবাদজ্ঞাপন প্রস্তাবকে সমর্থন করে আমি দু-একটি বিষয়ে কথা বলতে চাই। গতকাল এই সভায় বামফ্রন্ট মন্ত্রিসভার প্রাক্তন মন্ত্রী শ্রীমতী দেবলীনা হেমব্রম এবং আজকে এই একটু আগে ওই মন্ত্রিসভার আর একজন প্রাক্তন মন্ত্রী শ্রীযুক্ত উপেন কিসকু মহাশয় খবু জোর গলায় বলে গেলেন আমাদের এই রাজ্যের বামফ্রন্টের আমলে নাকি আদিবাসী উন্নয়নের বন্যা বয়ে গিয়েছিল। আদিবাসী উন্নয়নটা কেমন হয়েছে গতকালই ওই মন্ত্রিসভারই আর একজন প্রাক্তন সদস্য শ্রী সুভাষ নস্কর বলেছেন যে এস.সি., এস.টি., ও.বি.সি.-র সার্টিফিকেট পেতে গেলে প্রত্যেকেরই জুতোর শুকতলা কিভাবে ক্ষয়ে যায়। এই অভিজ্ঞতা আমাদের সকলেরই আছে। বাবা-মায়ের সার্টিফিকেট আছে, তার ছেলেমেয়ের সার্টিফিকেট আমার তো মনে হয় না সাতদিনের বেশি লাগা দরকার। কিন্তু তার জন্য বছরের পর বছর ঘুরে বেড়াতে হয়। কেন না তার জন্য কতগুলি শর্ত পূরণ করতে হয়। এই অবস্থা চলছিল। উন্নয়ন কেমন হয়েছে অমি অনেক কথা বলতে পারি। কেন না এই নিয়ে আমি অনেক লেখালেখি করেছি। আমি শুধু এখানে দুটি বিষয়ের উল্লেখ করব। অন্ধ্রপ্রদেশের আদিবাসীর সংখ্যা ৫০ লক্ষ, আমাদের আদিবাসীর সংখ্যা ৪৪ লক্ষ। অন্ধ্রপ্রদেশের পোস্ট ম্যাট্রিক স্কলারশিপে ২০০৭-০৮ সালে খরচ হয়েছে ২২ কোটি ৮৪ লক্ষ টাকা এবং আমাদের খরচ হয়েছে ওই সালে ৪৪ লক্ষ ৭৯ হাজার টাকা। এবং মাননীয় প্রাক্তন মন্ত্রী নিশ্চয় ব্যাপারটি জানেন। একইভাবে সিডিউল কাস্টের জন্য ওই হেডে অন্ধ্রপ্রদেশে খরচ হয়েছে ২৪০ কোটি টাকা, আর আমাদের খরচ হয়েছে ৩.৫৮ কোটি টাকা। অর্থাৎ ৩ কোটি ৫৮ লক্ষ টাকা। আমাদের সিডিউল কাস্টের সংখ্যা এক কোটি পঁচাত্তর লক্ষ। ওদের সিডিউল কাস্টের সংখ্যা এক কোটি ৩১ লক্ষ। এই উন্নয়ন আমরা করেছি পশ্চিমবঙ্গে। কত সিডিউল কাস্ট হোস্টেল আছে, কত কিছু আছে সেইসব না হয় ছেড়েই দিলাম। ওগুলি আস্তে আস্তে আসবে। আগামী দিনে যদি সুযোগ পাই এই সভার কাছে প্লেস করব। এই সভায় আমি উল্লেখ করতে চাই সিডিউল কাস্ট, সিডিউল ট্রাইব, ও.বি.সি.-র জন্য তাদের উন্নয়নের জন্য সবচেয়ে মূল্যবান, সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হচ্ছে সংরক্ষণ। যে সংরক্ষণের জন্য আজকে সারা দেশে রক্ত ক্ষয় হয়ে গেছে, যে সংরক্ষণের জন্য সারা দেশে এমনভাবে নানা ধরনের সমস্যার সৃষ্টি হয়েছে, তবু সংরক্ষণ থেকেছে। কেননা এই মানুষগুলিকে যদি তুলতে হয় তাহলে সংরক্ষণ থাকবে, থাকতে হবে, এই হচ্ছে সংবিধানের বিধান। কি করেছে এই রাজ্য সরকার। মাত্র গত ২০১০ সালে প্রাইমারি শিক্ষকের যে নিয়োগ হল ৩০.৮.২০০৯ সালে নোটিফিকেশন হয়। প্রায় ৫১,০০০ পোস্ট নোটিফিকেশন করে উত্তর ২৪-পরগনা বাদে সমস্ত ডি.পি.এস.সি.। আমি দেখি যে, সব জায়গায় এই রিজার্ভেশন আইন মানা হয়নি। প্রতিবাদ করি। পি.আই.এল. করি হাইকোর্টে। বাধ্য হয় রি-নোটিফিকেশন করতে। রি-নোটিফিকেশন করে মজা করল। উর্দু বিভাগ—তাতে উর্দু বিভাগের পদের জন্য এস.সি.আর.এস.টি.-র রিজার্ভেশান। কে পড়েন বলুন তো ? সানতালি, উনি সানতালের কথা বলেছেন। সানতালি বিভাগে আসল ও.বি.সি. আর এস.সি.। সানতাল ছাড়া কে পড়ে সানতালি ? এই হচ্ছে রসিকতা, এই সরকারের রসিকতা ছিল। সবচেয়ে বড় রসিকতা যে, এখানে রিজার্ভেশন

দেওয়া হল উঁচু জাতকে। জলপাইগুড়িতে ৫৬% পেয়ে জেনারেল ক্যানডিডেট রিটন্ পরীক্ষা দিতে পারবে, কিন্তু আদিবাসীকে পেতে হবে ৬২.৭৫% এবং এটা শুধু এখানে নয়, প্রত্যেকটা ডিস্ট্রিক্টে। আমরা হাইকোর্টে গেলাম, বিভিন্ন সংস্থা গেল—পুরুলিয়া, বাঁকুড়া এবং সেখান থেকে অবশেষে অনেক ঘোরাঘুরির পরে হাইকোর্টের রায় হল ডিভিশন বেঞ্চে। যে, যে পদ্ধতি অবলম্বন করে এই কাজ করা হয়েছে, সম্পূর্ণভাবে অবৈধ, প্যাটেন্টলি ইললিগ্যাল। আমাদের মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আমি লিখলাম। কিন্তু কোনো সুরাহা হল না। ঐ একই ব্যাপারে আবার আমি মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে লিখেছি। আমি লিখেছি স্কুল এডুকেশনের মন্ত্রী মহাশয়ের কাছে, ব্যাকওয়ার্ড ক্লাস ওয়েলফেয়ার ডিপার্টমেন্টের কাছে। আশা করি এবার আমরা সুবিচার পাব। সমস্ত প্যানেল, সমস্ত অ্যাপয়েন্টমেন্ট ক্যানসেল করতে হবে। নইলে সংবিধানের যে বিধান, তাকে সম্মান দেওয়া হবে না। আর আদিবাসী, তপশিলি জাতি, ও.বি.সি.—যাদের মধ্যে বহুল পরিমাণ, বহুল সংখ্যক সংখ্যালঘু রয়েছেন, তাদের স্বার্থে কুঠারাঘাত করা হবে। আমি মাননীয় চেয়ারম্যান সাহেবের মাধ্যমে মা-মাটি-মানুষের সরকারের মমতাময়ী মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে আবেদন রাখব ইমিডিয়েটলি এই কাজটি করা হোক, এগুলো বাতিল করা হোক। তাহলে ওই ৪৬ হাজারের যে শিক্ষক নিয়োগ, তার সঙ্গে আরো কয়েক হাজার যুক্ত হবে এবং আমরা প্রকৃত যারা সিডিউল কাস্ট, সিডিউল ট্রাইব, ও.বি.সি. এবং যারা প্রকৃত ডিজার্ভিং ক্যানডিডেট তাদেরকে আমরা অ্যাপয়েন্টমেন্ট দিতে পারব। আমরা ওই চেয়ারম্যানের মিসেস্ ৪৪ বছরের—যেটা জলপাইগুড়িতে ঘটেছে, যেটা সি.পি.এম.-এর সেক্রেটারির পুত্রবধু—যা ঘটেছে, আর এক সি.পি.এম. মেম্বারের চারজন সদস্য চাকরি পেয়েছে, এই ঘটনা যাতে না ঘটে নিশ্চয়ই সেটা আমাদের সরকারকে দেখতে হবে। মাননীয় চেয়ারম্যানের কাছে আমি এই আবেদন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি, নমস্কার।

শ্রী সুশান্ত বেসরা : ..... (অনুপস্থিত)

শ্রী শ্রীকান্ত মাহাত : গত ১৩ই জুন রাজ্যপাল যে ভাষণটা দিয়েছেন পশ্চিমবাংলার জাতির উদ্দেশ্যে, পশ্চিমবাংলায় মা-মাটি-মানুষের সরকারকে প্রতিষ্ঠা করে, মানুষের কল্যাণমূলক যে ২৪টা অনুচ্ছেদ করে যে বক্তব্য রেখেছেন, তার ওপরে আমি যে বিধানসভা থেকে বিধায়ক হয়ে এসেছি, আপনাদের কাছে দু-তিনটে কথা অভিভাষণে অভিধান করার চেষ্টা করছি। আমি যে বিধানসভার বিধায়ক হয়ে এসেছি, সেই বিধানসভায় শুধু অপশাসন নয়, একটা যে দুঃশাসনের রাজত্বও চলছিল তা কঙ্কালের মাধ্যমে প্রতিষ্ঠিত হয়েছে। বিগত সরকার যে কঙ্কালের রাজত্ব তৈরি করে গেছে সারা পশ্চিমবাংলায়, খুঁজলে যে কত কঙ্কাল পাওয়া যাবে, দুঃশাসনের যে ভরপুর রাজত্ব, সেই জায়গা থেকে নাভিশ্বাস মুক্তির শ্বাস পাওয়ার জন্য যে জননেত্রীর সরকার প্রতিষ্ঠা হয়েছে এবং সেই জননেত্রীর সরকারে রাজ্যপাল যে প্রথম বক্তৃতায় দেখেছে যে, পশ্চিমবাংলায় বদলা নয়, বদল চাই, মানুষকে বাঁচাতে চাই, পশ্চিমবাংলাবাসীকে মুক্তি দিতে চাই, তা শাসনকার্যের মাধ্যমে প্রথম থেকে আজকের এই ১৬ই জুন, আজকে ২৬ দিনের সরকার যে নজির সৃষ্টি করেছে, তা ভাষায় প্রকাশ করা যাবে না। কিভাবে এত অত্যাচারে জঙ্গলমহলের মানুষ শোষিত, বঞ্চিত,

নিপীড়িত হওয়া সত্ত্বেও যে অরাজকতার রাজত্ব চালাতো, সেখানে যে বদলা নেয়নি, মমতা ব্যানার্জীর বাণীকে, আদর্শকে পাথেয় করে মেনে নিয়েছে এটা একটা অবশ্যম্ভাবী অভূতপূর্ব ফল। তাও আজকে যাঁরা বিরোধী আসনে বসে মমতা ব্যানার্জীকে বিস্তর কথা বলছেন, আজকে রাজ্যপালের ভাষণকে বলছেন রাজনৈতিক ভাষণ দিয়েছেন। যে পার্টির কথা বলেছেন—আমি মনে করি পশ্চিমবাংলাবাসী, মা-মটি-মানুষের কাছে যে আশা নিয়ে এসেছে, যে পশ্চিমবাংলা ৩৫ বছরে সমস্ত জায়গায় অরাজকতার ফলে পশ্চিমবাংলাকে ১০০ গুণ পিছিয়ে দিয়েছে, শ্মশানপুরীতে পরিণত করেছে, তার মুক্তির প্রথম সোপান হিসাবে বক্তব্যে রাজ্যপাল বলেছেন। সেই জায়গায় দাঁড়িয়ে আমাদের মা-মাটি-মানুষের নেত্রী রাজনৈতিক প্রচারের ঊর্ধ্বে উঠে, রাজনীতির উর্ধ্বে উঠে,—মহামান্য রাজ্যপাল যে কথাটা বলেছেন—মানুষের বাঁচার কথা, মানুষকে বাঁচানোর কথা, পশ্চিমবাংলাকে একটা চরম সীমানায় নিয়ে এসে উন্নতির জোয়ার তৈরি করার কথা, সমস্ত দিক থেকে সুশাসন। মানুষ প্রশাসনে সুশানের গতি চায়, মানুষ চায় না কোনো সন্ত্রাস, অরাজকতা। যেই রাজনৈতিক ক্ষমতায় থাকুক না কেন মানুষকে সুস্থভাবে বাঁচতে দিতে হবে। সেটা একটা শাসক হিসাবে নৈতিক দায়িত্ব। মানুষের রাজনীতির ঊর্ধ্বে উঠে পশ্চিমবাংলাকে প্রগতির পথে একটা নির্দিষ্ট জায়গায় পৌঁছে দিতে হবে। ভারতবর্ষে ২৯টা রাজ্য আছে, কোনো রাজ্যে এত খুন-খারাপি, সন্ত্রাস্ নেই। ইতিহাস বলবে, পেপার-পত্রিকা বলবে একমাত্র পশ্চিমবাংলায় ৩৫ বছরের রাজনৈতিক জামানায় এত খুন, সন্ত্রাস, অরাজকতা, এত ঘর পুড়েছে, যেখনে মানুষ সুস্থ ভাবে বাঁচতে পারত না। এই ২৬ দিনের সরকার মানুষকে সুস্থ ভাবে বাঁচার একটা জায়গা তৈরি করে দিয়েছে। তাই রাজ্যপালের ভাষণকে আমি স্বাগত জানিয়ে এবং যে ভাষণের মাধ্যমে এই পবিত্র বিধানসভাকে মানুষের মুক্তির দিশা হিসাবে, পশ্চিমবাংলাকে সোনার বাংলাতে রূপান্তর করার যে প্রয়াস নিয়েছেন তাকে স্বাগত জানিয়ে আমি আমার ক্ষুদ্র বক্তব্য শেষ করছি।

[3.20—3.30 p.m.]

শ্রীমতী কুমারী কুজুর : মাননীয় চেয়ারম্যান স্যার, মহামান্য রাজ্যপালের ভাষণের উপরে যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব নেওয়া হয়েছে তার বিরোধিতা করছি। স্যার, আমি উত্তরবঙ্গের জলপাইগুড়ি জেলার সদস্য, প্রতিনিধি। উত্তরবঙ্গ জলপাইগুড়ি জেলা চা বলয় এলাকা। চা একটা গুরুত্বপূর্ণ উদ্যোগ। তার সঙ্গে পাট। কিন্তু এই চায়ের সম্বন্ধে এই ভাষণে কিছু না থাকার জন্য আমি চা নিয়ে নিজে থেকে কিছু দাবি এবং অনুরোধ রাখছি। চা বাগান এবং চা শ্রমিকদের সমস্যা নিশ্চয়ই এতে আসার দরকার ছিল উত্তরবঙ্গের প্রধান ফসল হিসাবে, প্রধান শিল্প হিসাবে। মাননীয়া মুখ্যমন্ত্রী উত্তরবঙ্গের মানুষের উন্নয়নের জন্য নবমহাকরণ তৈরি করার যে প্রস্তাব নিয়েছেন, সেই প্রস্তাব খুবই ভালো, খুবই উদ্যোগপূর্ণ। বামফ্রন্ট সরকার উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদ গঠন করেছিল। এবার মিনি মহাকরণ হলে উত্তরবঙ্গের মানুষের যে উন্নয়ন হবে এবং যে দাবিগুলো আসে তা এখানে বলা যাবে এবং করার ব্যবস্থা হবে। তাই আমরা যারা উত্তরবঙ্গের বিধায়করা আছি, আমরা দাবি রাখি যে

ওই সভায় আমাদেরও যেন ডাকা হয়। আমাদের যে চা বাগান এবং সেখানে আমাদের আদিবাসী অধ্যুষিত নেপালি যে ভাই-বোনদের বসতি আছে সেগুলির ব্যাপারে, তাদের দুঃখ-কষ্টের ব্যাপারে যাতে আমরাও আলোচনা করতে পারি। আপনারা জানেন উত্তরবঙ্গের ভৌগোলিক বৈচিত্র্য, বিভিন্ন নদী-নালা, পাহাড়ী নদী, যে নদীগুলিতে বাঁধ বাধা বা শক্ত করে ব্যবস্থা করা খুবই কঠিন হয় যদি কেন্দ্রীয় সরকার উদ্যোগ না নেয়। পশ্চিমবঙ্গ বামফ্রন্ট সরকার চেষ্টা করেছিল, আমার বিধানসভা এলাকা মাদারিহাট, সেখানে এক জনজাতি বাস করে পাহাড়ের উপরে, সেই জনজাতি হল টোটো। সেই টোটোদের বাস বহু বছর ধরে, আজ পর্যন্ত সেখানে কোনো বাঁধ, রাস্তা সব ঠিক হল না। বামফ্রন্ট সরকার চেষ্টা করেছে, আপনারা বলেন কিছুই করেনি। আমি ওখানকার স্থায়ী বাসিন্দা, আমার জন্ম ওখানে, আমি জানি ওই এলাকার বাসিন্দারা কিছু পরিষেবা নিশ্চয়ই পেয়েছেন। কিন্তু আপনারা এই কথা বলে যাবেন কারণ এটা আপনাদের মন্ত্রিসভা। মাননীয়া মুখ্যমন্ত্রী নিজে উত্তরবঙ্গ গিয়েছেন। উনিও বন্ধ চা বাগানগুলো দেখেছেন এবং বুঝে এসেছেন, বহু চা বাগান বন্ধ অবস্থায় আছে। চা বাগান চললেও সেই চা বাগানের মালিকরা কারো কথা শোনেন না, বোঝেন না। ভাষণে কিন্তু আসেনি। তাদের পি.এফ.-এর টাকা চুরি হয়ে যায়। তারা পি. এফ.-এর টাকা পায় না মৃত্যু পর্যন্ত। লড়াই করে পরিশ্রম করে ছোটনাগপুর, রাঁচি, বিহার, ওড়িশা থেকে আসা এই শ্রমিকবর্গ, আদিবাসী লোকজন, ভাইজন আমার নেপালি ভাইবোন তারা কিন্তু সারা জীবন পরিশ্রম দিয়ে গেছে। চাপাতি উত্তোলন বা চা পাতা তোলা সোজা কথা নয়। দুই হাত দিয়ে পাতি তুলতে হয়। সকাল থেকে ১২টা-১টা পর্যন্ত আবার বিকালে গিয়ে, যদি দেরি হয় ৫ মিনিট সেই মহিলাদের শাস্তি হয়। ১৯৭৭-এর আগে সেখানে কত অত্যাচার আর জুলুম ছিল। আমার মা-বাবা চা বাগানের শ্রমিক। আমি শ্রমিক ঘরের মেয়ে। চা বাগানের মেয়ে, সেহেতু কিছু কথা জানি। আপনারাও জানেন, আপনারা ডুয়ার্সে গিয়েছেন, আপনারা তরাইয়ে গিয়েছেন, আপনারাও দেখে এসেছেন। সেখানকার মানুষের কি অবস্থা, কি পরিণতি হয়েছে। চা বাগান সম্বন্ধে মানুষ খালি বলেই। কিন্তু যেটুকু থেকে যায় মালিকরা কিন্তু সহজে মানার চেষ্টা করে না। তাই মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে আমার অনুরোধ থাকল, এই মালিকরা যারা অত্যাচারী, জুলুমি, লিজ নষ্ট করেও চা বাগান চালাতে চায়, একজনের হাতে বিক্রি করে লিজ নেওয়ার নাম নিয়ে, নানা ষড়যন্ত্র দেখায়, তাই ওনার কাছে আমার এই বিশেষ দাবি থাকল এই ব্যাপারে সুব্যবস্থা নেওয়ার। যে গরিব মেহনতী মানুষ যে সব কিছু ত্যাগ করে ছোটনাগপুর থেকে তার বাপ-দাদা-জমিন সম্পত্তি সবকিছুই ছিল, আজকে এই ডুয়ার্সবাসীদের তাড়ানোর চেষ্টা, অত্যাচার আর জুলুম হয় নারী-মহিলাদের উপরে, সেটা যেন না হয়। আমরা শান্তিপূর্ণ মানুষ। উত্তরবঙ্গের মানুষ আমরা শান্তিপূর্ণ ভাবে জীবনযাপন করতে চাই। ভাষণে অনেক কথা থাকতে পারে কিন্তু এই সমাজের মানুষ অবহেলিত, বিচলিত নানা কথাই আসে। বামফ্রন্ট আমলে কিছু হয়েছে। স্কুল হয়েছে, প্রাইমারি স্কুল হয়েছে, উচ্চমাধ্যমিক স্কুল হয়েছে কিন্তু ভাষাগত ভাবে সবকিছু পূর্ণ হয়নি। আজকে যারা হিন্দি ভাষাভাষী রাষ্ট্রীয় ভাষা হিন্দি ভাষা। রাষ্ট্রীয় ভাষা হিসাবে মান্যতা আছে, তাকে মান্যতা দিয়েছে সরকার, আপনারা সবাই। তাহলে এই ভাষার মাধ্যমে স্কুল, কলেজ কেন হয় না।

উচ্চশিক্ষার মাধ্যমে ছেলেমেয়েরা বাইরে যেতে চায়। টোটো ছেলেমেয়েরা মেধাবী, তারা বাইরে যেতে চায়। কিন্তু তারা যাবে কি করে ? ছয় মাস টোটো পাড়া বন্ধ থাকে। যাতায়াতের সুব্যবস্থা না হবার জন্য, যাতায়াতের বিপত্তি সৃষ্টি করার ব্যবস্থা করা হয়েছিল সরকারের পক্ষ থেকে। সেন্ট্রাল গভর্নমেন্ট, গভর্নমেন্ট চাইলেন না, মানলেন না। রেল আছে, এখানে রেল লাইন আছে করা যাবে না। বন আছে করা যাবে না। বনের ভিতর কি রাস্তা হয় না ? রেল লাইনের উপর থেকে ওভার ব্রিজ করে কি হয় না ? অনেক কিছু হয়। আপনারা বলেন ইচ্ছা থাকলে উপায় হয়। তাহলে নিশ্চয়ই আপনারা করবেন। আমি আশা রাখি ওখানকার শ্রমিক, মজদুর ভাই-বোন, ওখানকার ছেলেমেয়েরা উন্নত শির নিয়ে, উচ্চ শির নিয়ে সুন্দরভাবে পড়াশুনা করে ওরা যেন দৃষ্টান্ত দেখাতে পারে। আরও অনেক কথা সময় সংক্ষেপ, বলা গেল না। মহিলারা সেল্ফহেল্প গ্রুপ করেছে। বামফ্রন্টের আমলে তৈরি হয়েছে। বামফ্রন্টের আমলে তারা হয়েছে স্বনির্ভর। মহিলারা পুকুর খনন করে, মহিলারা মাছ চাষ করে, তাঁতের কাজ করে। সম্পূর্ণ নয় তাও হয়, তাও করছে। তাহলে এই নতুন সরকারের মহামান্য মুখ্যমন্ত্রী উন্নয়নের চেষ্টা করুক। উত্তরবঙ্গে খালি উন্নয়ন পর্ষদ বা মহাকরণ হলে হবে না, তাকে কার্যকরী করার জন্য ব্যবস্থা নিতে হবে। ওখানকার মানুষদের আরও সুন্দর সুষ্ঠু জীবনযাপন করার জন্য আপনাদের সবাইকে অনুরোধ জানাই, আপনারা টুরিস্ট হিসাবে, এমনি হিসাবে আপনারা দেখতে যান। আরও সুন্দর হবে, যাতে আরও উন্নতি হয় তার জন্য আমরা সহযোগিতা করব। ধন্যবাদ।

শ্রী বাচ্চু হাঁসদা : মাননীয় চেয়ারম্যান সাহেব ১৩ই জুন রাজ্যপালের ভাষণকে পূর্ণ সহযোগিতা জানিয়ে, পূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার সংক্ষিপ্ত প্রতিবেদন পেশ করছি। আজকে বিরোধী বন্ধুরা যাঁরা এই প্রতিবেদনের সমর্থন করছেন না, যাঁরা এই রাজ্যপালের ভাষণকে সমর্থন করছেন না, তাঁরা জানেন না যে সার্বিক উন্নয়নটা কি জিনিস। এই প্রতিবেদনে সার্বিক উন্নয়নের কথা বলা হয়েছে, পাহাড় থেকে জঙ্গলমহল, উত্তরবঙ্গ থেকে দক্ষিণবঙ্গ। যে সার্বিক উন্নয়ন,

[3.30—3.40 p.m.]

প্রত্যেকটা মানুষের উন্নয়ন, কৃষকের উন্নয়ন, শ্রমিকের উন্নয়ন, তাঁরা তো দীর্ঘ ৩৪ বছরে এই সার্বিক উন্নয়নের কথা ভাবেননি। সেইজন্য তাঁরা আজকে রাজ্যপালের যে প্রদত্ত ভাষণ সেই ভাষণটাকে তাঁরা বিরোধিতা করছেন। ৩৪ বছর ধরে এরা যে উন্নয়নের কথা বলছে, ৩৪ বছর ধরে যে তারা যে নানারকম উন্নয়ন করেছে—কোথায় উন্নয়ন করেছে ? আজকে গ্রামের মানুষ, গ্রামে রাস্তা নেই, বিদ্যুৎ নেই, জলের অভাব, আজকে ৩৪ বছর পরেও দেখা যায় মানুষ পানীয় জলের জন্য হাহাকার করে। পানীয় জলের অভাবে পুকুরের জল, খাড়ির জল পান করতে বাধ্য হয়। আজকে তারা বড় বড় কথা গলা উঁচিয়ে বলছে, তারা নাকি উন্নয়ন করেছে। কোথায় উন্নয়ন ? সেই উন্নয়ন—বামফ্রন্ট সরকারের আমলে তারা শুধু নিজেদের উন্নয়ন করেছে। নিজেদের বাড়ি করেছে, নিজেরা গাড়ি করেছে, মানুষের কথা শুধু রাজনৈতিক ভাষণে বলেছে। তাঁরা ৩৪ বছর শুধু বড় বড় ভাষণ দিতে শিখেছেন। বড় বড়

কথা বলতে শিখেছেন, কিন্তু প্রকৃত যে গরিব মানুষের উন্নয়ন সেই উন্নয়ন কিন্তু করতে পারেননি। বামফ্রন্টের একজন আদিবাসী নেতা বলছিলেন যে, তাঁরা নাকি আদিবাসী সম্প্রদায়ের মানুষের উন্নয়ন করেছেন। তাহলে অদিবাসী মানুষের যদি উন্নয়নই হত তাহলে মেদিনীপুর, বাঁকুড়া, পুরুলিয়ার মানুষ আজকে কেন বঞ্চিত ? আজকে কেন জঙ্গলমহলের মানুষ খাদ্যের অভাবে পিঁপড়ের ডিম, গাছের পাতা আহার করতে বাধ্য হয় ? সেইজন্য তো আজকে এই পঞ্চদশ বিধানসভার নির্বাচনে মানুষ বামফ্রন্টকে লণ্ডভণ্ড করে প্রত্যাখ্যান করে প্রত্যাহার করেছে। তার প্রত্যক্ষ উদাহরণ আপনারা এই পঞ্চদশ বিধানসভা নির্বাচনে বুঝতে পেরেছেন। কিন্তু অপরপক্ষে আমাদের মা-মাটি-মানুষের যে সরকার সেই সরকারের যে নিরপেক্ষ নীতি, এই দীর্ঘ ঋণের—বিশাল ঋণের বোঝা নিয়েও যিনি মানুষকে সুশাসন দেওয়ার প্রস্তাব রাখেন, শান্তি-শৃঙ্খলা বজায় রাখার প্রস্তাব রাখেন, সেইজন্য এই মা-মাটি-মানুষের সরকারকে আমি আমার তরফ থেকে আমার বিধানসভার তরফ থেকে ধন্যবাদ জানাই। এই সরকার মানুষকে উন্নয়নের দিকে এগিয়ে নিয়ে যাবে, আমার গর্বে বুক ভরে যায়। বামফ্রন্ট সরকার দীর্ঘ ৩৪ বছর পরেও উত্তরবঙ্গের মানুষের কথা ভাবেননি। উত্তরবঙ্গ বলে কিছু আছে, দক্ষিণ দিনাজপুরে মানুষ থাকে, এই কথাটা ভাবেননি। কিন্তু আমার এই মা-মাটি-মানুষের সরকার যে উত্তরবঙ্গের জন্য আলাদা একটা সচিবালয়ের প্রস্তাব রেখেছেন—ইতিমধ্যে উত্তরবঙ্গের মানুষের উন্নয়নের জন্য উত্তরবঙ্গ পর্ষদ গঠন করেছেন, এবং সেখানে ২০০ কোটি টাকা দিতে চেয়েছেন, তার কাজ দ্রুত শুরু হবে। এইজন্য উত্তরবঙ্গবাসীর কাছে এটা খুবই সুখবর এবং খুবই একটা ভালো পাওনা। এই দীর্ঘ ৩৪ বছরে বামফ্রন্ট সরকার নানারকমভাবে যে অত্যাচার, নানারকমভাবে যে অপশাসন করেছে, তার নিদর্শন আমরা বর্তমান যে পরিস্থিতি, সেই পরিস্থিতিতে বিভিন্ন জায়গায় যে কঙ্কাল, বিভিন্ন জায়গায় যে অস্ত্র উদ্ধার হচ্ছে—তার নিদর্শন আমরা পাচ্ছি। নানাভাবে বামফ্রন্ট অত্যাচার করেছে। শিক্ষাক্ষেত্রে, তারা বলছে যে, শিক্ষাক্ষেত্রে উন্নয়ন, আমি বলব যে, শিক্ষাক্ষেত্রে উন্নয়নের চাইতে তারা সেখানে দলবাজি করেছে। দলকে প্রতিষ্ঠা করেছে। এবং দলের নামে লক্ষ লক্ষ টাকা উপার্জন করেছে। মানুষ এইজন্য তাদেরকে প্রত্যাখ্যান করেছে। এইজন্য পঞ্চদশ নির্বাচনে মানুষ তাদেরকে গ্রহণ করেনি, তাদেরকে ছুঁড়ে ফেলে দিয়েছে। আজকে বিরোধী টেবিলে তারা বড় বড় কথা বলছে যে, তারা নাকি ৩৪ বছরে উন্নয়নের ধারা বইয়ে দিয়েছে। যদি ৩৪ বছরে উন্নয়নের ধারা বইয়ে দিত তাহলে আজকে এই অবস্থায় দাঁড়িয়ে আজকে এই বিধানসভা নির্বাচনে তাদের এই পরিস্থিতি হত না। তাই আমি বলছি যে, আমি আমার বিধানসভা এলাকার কিছু দুঃখের কথা বলব যে, আমার বিধানসভায় যে মানুষগুলো, দক্ষিণ দিনাজপুরের মানুষ একফসলি জমির উপর নির্ভর করে, সেই দক্ষিণ দিনাজপুরের মানুষের জন্য যাতে সেচ ব্যবস্থা, এবং আমার আদিবাসী ভাইরা যারা আছে এবং আদিবাসী ভাইরা যাতে তাদের নিজের ভাষায় শিক্ষালাভ করতে পারে, শিক্ষার মাধ্যমে আদিবাসী সম্প্রদায়ের উন্নয়ন সম্ভব। নিজের ভাষায় যাতে প্রাথমিক স্তর থেকে গোটা পশ্চিমবঙ্গে শিক্ষালাভ করতে পারে সেইজন্য মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে আমি মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং এই বলে সবাইকে আমার ধন্যবাদ, অধ্যক্ষ মহাশয়কে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী আনন্দময় মণ্ডল : মাননীয় চেয়ারম্যান মহাশয়, রাজ্যপাল মহোদয়, যে ভাষণ পেশ করেছেন, সেটা মূলত সরকারেরই ভাষণ। তিন মাস আগে তিনি যে ভাষণ পেশ করেছিলেন, সেটাও সরকারের, কারণ এটা আমাদের দেশের সংবিধান অনুসারেই সরকারের ভাষণ তিনি পেশ করেন। তিন মাস আগে তিনি বামফ্রন্ট সরকারের ভূয়সী প্রশংসা করেছিলেন। আর তিন মাস পরে, বামফ্রন্ট সরকারের সব ব্যর্থ এবং ৩৪ বছর বামফ্রন্ট সরকার যে ক্ষমতায় তা নির্বাচনী কারচুপির মধ্যে দিয়ে ক্ষমতায় অধিষ্ঠিত ছিলেন এই কথাই বলা হয়েছে। দেখুন, আমাদের দেশে এবং বিভিন্ন রাজ্যে স্বাধীনতার পর এ পর্যন্ত কোনো সরকার এখনও টিকে নেই, সরকারের পরিবর্তন, আমাদের রাজ্যেও হয়েছে। সুতরাং বামফ্রন্ট সরকার যে কারচুপির মধ্যে দিয়ে টিকে আছে বা ছিল, কোনো সাফল্য নেই, এই কথা বলা যাবে না। সাফল্য আছে, অনেক কাজও আছে, আবার অনেক কাজ করাও যায়নি। এটা ঘটনা। আটা, ভুট্টা, মাইলো খাওয়ার দিন শেষ হয়ে গেছে। ৩২ পারসেন্ট যেখানে ছিল সেচ সেবিত জমি, ৭২ পারসেন্ট হয়েছে। কৃষিতে উৎপাদন বেড়েছে। গ্রামের স্কুল ঘরগুলো ভাঙা। বর্ষায় বসা যেত না। বর্ষাকালে ফাটল দেওয়ালে সাপ ঢুকত, তার চেহারার পরিবর্তন হয়েছে। ছাত্র-ছাত্রীর সংখ্যা বেড়েছে। কলেজের সংখ্যা বেড়েছে। ত্রি-স্তর পঞ্চায়েত নির্বাচন হয়েছে, সেটা চলছে। সেখানে কাজকর্মের ত্রুটি থাকতে পারে, কিন্তু এগুলো হয়েছে। ফলে একেবারে নির্বাচনী কারচুপির মধ্যে দিয়ে ৩৪টা বছর বামফ্রন্ট ক্ষমতায় ছিল। এটা মেনে নেওয়া যায় না। দ্বিতীয় বিষয় যেটা হচ্ছে, যে মা-মাটি-মানুষের স্লোগান, কোনো একটা বিশেষ রাজনৈতিক দলের স্লোগান ছিল। জোটবদ্ধ একটা সরকার পশ্চিমবাংলার ক্ষমতায় এখন প্রতিষ্ঠিত। এই সরকারটাকে যদি ধরে নিই, মা-মাটি-মানুষের সরকার তাহলে কোনো একটা রাজনৈতিক দলের ইস্তাহার হিসাবে ধরে নেওয়া যেতে পারে। এখানে আমার আপত্তি আছে। আমি সুন্দরবন এলাকার কিছু কথা বলতে চাই। বামফ্রন্ট সরকার অনেক কাজ করলেও সব কাজ করতে পারেনি। আপনারা জানেন, সুন্দরবন এলাকা বঙ্গোপসাগরের উপকূলে, অসংখ্য নদী-নালা বেষ্টিত দ্বীপাঞ্চল। আইলা যেমন আছে, প্রাকৃতিক দুর্যোগ আছে, সামুদ্রিক জ্বলোচ্ছ্বাস আছে। ফলে এই এলাকার মানুষজনের সামনে যে বিপদ সেই বিপদ রাজ্য সরকারের একার ক্ষমতায় মোকাবিলা করা সম্ভব নয়। এখানকার সমস্যাকে জাতীয় সমস্যা হিসাবে দেখা উচিত এবং আমি মনে করি কেন্দ্রের সরকার রাজ্যের সরকার মিলে এই এলাকার যে জনবসতি যে উন্নয়ন গড়ে উঠেছে, সেটাকে রক্ষা করতে গেলে একটা মাস্টার প্ল্যান করা দরকার। আমি আশা করব, ৪০ লক্ষাধিক মানুষের বাস এখানে, বাজার গড়ে উঠেছে, স্কুল হয়েছে, কলেজ হয়েছে, নদীর ঘাটে সেতু হয়েছে, কিছু কিছু নদীর উপরে ব্রীজ হয়েছে, এই এলাকাকে রক্ষা করার ব্যাপারে, এই যে পরিবেশবিদরা যা বলছেন, এখানকার নদীর গতি-প্রকৃতি কিন্তু আলাদা। আপনি দশদিন আগে যেটা দেখলেন, দশদিন পরে তার অন্য রকম চেহারা। দুই বছর আগে যে নদীতে মানুষ ডুবে মরেছে, নৌকো ডুবে, সেই নদী এখন ভরাট হয়ে উঠছে, সমুদ্রের তলদেশ ভরাট হচ্ছে। ফলে জলস্ফীতিটা ওখানে বাড়ছে। এই রকম একটা পরিস্থিতির মোকাবিলা করতে হলে মাস্টার প্ল্যান করা দরকার। আমি আশা করব, বর্তমান সরকার সেটা ভাববেন এবং কেন্দ্রীয় সরকারের সহযোগিতায় সেই কাজটা করবেন। সুন্দরবনের উপর ব্রীজ

নির্মাণ হচ্ছে। কিছু কাজ চালু আছে, কিছু কাজ হয়েছে, কিছু কাজ বাকি আছে। হিঙ্গলগঞ্জ বিধানসভা কেন্দ্রে আমি মনে করি, সাহেবখালি নদীর উপর ব্রিজ নির্মিত হলে দুলদুলি এবং লেবুখালির মধ্যে যোগসূত্র গড়ে উঠবে। কলকাতা থেকে সোজা একেবারে যোগেশগঞ্জ জঙ্গলের পাশে চলে যেতে পারবেন।

[3.40—3.50 p.m.]

আরো একটা দিক, উত্তর সুলকুনি এবং দক্ষিণ সুলকুনি—সেখানে যে নদী—সেই নদীর ওপরে যদি ব্রিজ গড়ে তোলা যায় তাহলে ৫-৭টি অঞ্চলে কয়েক লক্ষ মানুষের যাতায়াতের সুবিধা হবে। শহরের সঙ্গে একটা যোগসূত্র গড়ে উঠবে। সুন্দরবনের নদীবাঁধের কথা বলা হয়েছে। কিন্তু এই যে বন্যা হয়, অতিবৃষ্টি হয়, সেখানে জল নিকাশির জন্য স্লুইস গেট ভাবা দরকার।

সুন্দরবনের মানুষ কৃষিজীবী মানুষ। সেখানে মানুষের মধ্যে চাষের আগ্রহ বেড়েছে। ফলে অনেকে স্যালো বাড়াচ্ছেন। কিন্তু বর্তমানে ভূগর্ভের জলের সংকট দেখা দিচ্ছে। পুকুর কেটে বৃষ্টির জল ধরে রাখা এবং সেই জলে চাষ করা হলে তাতে ভূগর্ভের জলশূন্যতা দেখা দেবে না, বিশুদ্ধ জলও পাওয়া যাবে এবং চাষের কাজে লাগানো যাবে। এটা করা দরকার। এইসব পরিকল্পনা ছিল। আমি আশা করব বর্তমান সরকার সেই পরিকল্পনা নেবেন।

আর একটা বিষয় আমি বলতে চাই, সেটা হচ্ছে এই যে, এখানে পর্যটন শিল্পের কথা বলা হয়েছে। সুন্দরবন কিন্তু প্রকৃতির একটা বিস্ময়কর অবদান। এখানে আন্তর্জাতিক মানের পর্যটন কেন্দ্র গড়ে উঠতে পারে। এখানকার যোগাযোগ ব্যবস্থাগুলো যাতে ঠিক করে ফেলা যায় সেইদিকে দৃষ্টি দেওয়া দরকার।

আমি যে বিষয়টা বলতে চাই, সেটা হচ্ছে, রাজ্যপাল মহাশয়ের ভাষণে বলা হয়েছে সন্ত্রাস নিবারণ এবং পুলিশকে নিরপেক্ষতার সঙ্গে জনগণের গণতান্ত্রিক অধিকার ও ব্যক্তি স্বাধীনতা রক্ষা করার কথা বলা আছে। আমি বলব এই বিষয়টার ওপরে বর্তমান সরকারকে গুরুত্ব দিতে। কারণ ইতিমধ্যে বেশ কিছু খুনের ঘটনার তালিকা খবরের কাগজে বেরিয়েছে। আমরা এই ব্যাপারে মাননীয়া মুখ্যমন্ত্রীকে ডেপুটেশান দিয়েছি। কয়েক হাজার মানুষ ঘরছাড়া। এদের ফিরিয়ে আনার চেষ্টা করুন এবং যাতে এই ঘটনা আর না ঘটে সেদিকে লক্ষ্য দিন।

৯ নং পৃষ্ঠাতে বলা হয়েছে ৪৬ হাজার শিক্ষক নিয়োগের কথা। এটা ভালো কথা। বেকার যুবকদের বেকারত্বের যন্ত্রণা লাঘব হবে। কিন্তু বিষয়টা যেটা সেটা হচ্ছে এই যে, প্রাইমারি স্কুলে কত, হাই স্কুলে কত, কলেজে কত, সেভাবে বলা নেই।

এছাড়া মূল্যবৃদ্ধি—রাজ্যপালের ভাষণের মধ্যে এটা উল্লিখিত। বর্তমানে যাঁরা রাজ্যের সরকারে আছেন তাঁরা কেন্দ্রের সরকারেও আছেন। মূল্যবৃদ্ধি প্রতিরোধে গণবণ্টন ব্যবস্থাকে শক্তিশালী করা এবং মজুতদারী, মুনাফাখোরী যে ব্যবস্থা চলছে তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া দরকার। কারণ জনজীবনে একটা বড় ধরনের আঘাত হিসাবে আসছে

এই মূল্যবৃদ্ধি। সুতরাং আমি বলতে চাই যে এই বিষয়গুলির ওপরে রাজ্য সরকার আশা করি নজর দেবেন। এই কথা বলে আমি আমার কথা শেষ করছি।

শ্রী হুমায়ুন কবীর : অনারেবল স্পীকার স্যার, গত ১৩ই জুন ২০১১ মহামান্য রাজ্যপাল মহোদয় এই সভায় যে বক্তব্য পেশ করেছেন বা ভাষণ রেখেছেন আমি সেই বক্তব্য বা ভাষণকে পূর্ণ সমর্থন জানিয়ে কয়েকটি কথা উল্লেখ করতে চাই। আমাদের এই সভায় বিরোধীদলের মাননীয় সদস্য এবং বিরোধী দলকে আমাদের মা-মাটি-মানুষের নেত্রী তথা আমাদের এই হাউসের প্রথম মহিলা মুখ্যমন্ত্রী মাননীয়া মমতা ব্যানার্জী তাঁদের যে সম্মান দিতে চেয়েছেন বা তাঁদের যে সময় বেশি করে দিতে চেয়েছেন সেই সময় এবং সেই বক্তব্যের সদ্ব্যবহার করে মাত্র ২০-২৫ দিনের একটা সরকারের বিরুদ্ধে যেভাবে ওঁনারা আক্রমণমূলক বক্তব্য রাখছেন, অসত্য কথা বলছেন, স্বাভাবিকভাবেই শাসকদলের সদস্য এবং শাসকদলের বেঞ্চ থেকে তার তীব্র আপত্তি উঠছে। তাই আমি বিরোধী দলের সদস্যদের উদ্দেশ্যে বলতে চাই আমাদের রাজ্যের মাননীয়া মুখ্যমন্ত্রী যেভাবে আপনাদের সম্মান দিতে চাইছেন, যেভাবে আপনাদের বক্তব্য রাখার সুযোগ করে দিতে চাইছেন, আপনারা সেই সুযোগ নিয়ে—৩৪ বছর ধরে যে মিথ্যাচার করে এসেছেন, যে অসত্য কথা বলেছেন—সেটা এখানে বলার চেষ্টা করবেন না। তাহলে আপনাদের সেই বক্তব্যকে আমরা সমর্থন করব না এবং তীব্র আপত্তি জানাব। পাশাপাশি এই হাউসের প্রাক্তন মুখ্যমন্ত্রী ২০০৭ সালের ১৬ই জুন, আমার রেজিনগর বিধানসভা এলাকার এন.এইচ.-৩৪-এর খুব কাছে ১৮৩ একর জায়গা শিল্প তালুকের নামে অধিগ্রহণ করেছিল। তৎকালীন কুটিরশিল্প মন্ত্রী নারায়ণ বিশ্বাসকে সঙ্গে নিয়ে সেখানকার এম.পি. অধীর রঞ্জন চৌধুরিকে আমন্ত্রণ না করে, সেখানকার বিধায়ক আবু তাহের খানকে আমন্ত্রণ না করে, সম্পূর্ণ দলতান্ত্রিকভাবে, পার্টিবাজী করে ১৬ই জুন, ২০০৭ সালে সেই শিল্প তালুকের উদ্বোধন করা হয়। রাজ্যসভার একজন সাংসদকে শিল্পতালুকের চেয়ারম্যান বানিয়ে, তাকে সামনে রেখে রেজিনগরের মানুষের সঙ্গে এই সরকার প্রতারণা করেছেন। সাড়ে তিন বছরে সেই জায়গায় শুধু বাউন্ডারি ওয়াল এবং দু-একটা বিল্ডিং ছাড়া কিছুই হয়নি। মাননীয় কুটির শিল্প দপ্তরের মন্ত্রী ডাঃ মানস ভূঁঞ্যার আমি দৃষ্টি আকর্ষণ করছি, সেই শিল্প তালুকে একশো কোটি টাকা খরচ করে শুধুমাত্র বাউন্ডারি ওয়াল দেওয়া হল। আমোদপুর সুগার মিলের ১৮৩ একর চাষযোগ্য পড়ে থাকা জমিতে সেখানকার মানুষ চাষ করে খেত। সাড়ে তিন বছর ধরে সেই জমি পড়ে আছে, শুধুমাত্র সেখানে বাউন্ডারি দেওয়াল দেওয়া হয়েছে। আগামী দিনে মাননীয়া মুখ্যমন্ত্রীর নেতৃত্বে এবং মাননীয় কুটির শিল্প দপ্তরের মন্ত্রীর উদ্যোগে এই বিষয়ে তদন্ত করার জন্য আমি দাবি জানাচ্ছি। আগামী দিনে সেখানে শিল্প তালুক যাতে প্রতিষ্ঠা হয় তারজন্য আমি দৃষ্টি আকর্ষণ করছি। পাশাপাশি আমি বলতে চাই, নদীয়ার কালিগঞ্জ এবং মুর্শিদাবাদের রেজিনগর এলাকায় ১৯৯১ সালে তৎকালীন রাজ্যের বামফ্রন্ট সরকারের নেতৃত্বে, প্রয়াত জ্যোতিবাবুর উদ্যোগে রামনগর পলাশী সুগার মিলের সাত হাজার একর জমির ব্যাপারে একটা চুক্তি হয়েছিল রামনগর সুগার মিলকে জীবিত রাখার জন্য। সাত হাজার একর জমি নদীয়া এবং মুর্শিদাবাদের সীমান্ত এলাকায়, সেখানে মাত্র দু'হাজার একর জমিতে সুগার চাষ

হয়, পাঁচ হাজার একর জমি সি.পি.এম. পার্টির ক্যাডারদের করে কম্মে খাওয়ার জায়গা করে রাখা হয়েছে। আমি মাননীয় চেয়ারম্যান মহাশয়ের মাধ্যমে এই যে রামনগর-পলাশী সুগার মিলের জমি ক্যাডারবাজী হচ্ছে তা যদি বন্ধ না করা হয় তাহলে কিন্তু সেখানে ল অ্যান্ড অর্ডারের সমস্যা হবে, খুনোখুনি হবে। সেখানে পার্টির ক্যাডাররা যারা করে কম্মে খাচ্ছে, সেটা যাতে বন্ধ হয় তার জন্য আপনার দৃষ্টি আকর্ষণ করছি। পাশাপাশি আমার রেজিনগর বিধানসভা এলাকায় শক্তিপুরে একটি ব্লক স্বাস্থ্যকেন্দ্র আছে, গত এক বছর আগে সেখানে ১ কোটি ৭০ লক্ষ টাকা খরচ করে একটা বিল্ডিং-এর সংস্কার করা হয়েছিল ২৫ বেডের স্বাস্থ্য পরিষেবা দেওয়া হবে বলে। আজও পর্যন্ত ডাক্তারের অভাবে, কর্মচারীর অভাবে সেই স্বাস্থ্য পরিষেবা দেওয়া যাচ্ছে না। সেখানে কোনো অপারেশানের ব্যবস্থা নেই, আউটডোরের ব্যবস্থা নেই। মাননীয় মুখ্যমন্ত্রী যেহেতু স্বাস্থ্যমন্ত্রীর দায়িত্বে আছেন তাই এই ব্যাপারে তার দৃষ্টি আকর্ষণ করছি। শক্তিপুর ব্লক স্বাস্থ্যকেন্দ্রটিতে যাতে রোগীদের পরিষেবা দেওয়া যায়, সেখানে যাতে মানুষের চিকিৎসা করা যায় তার ব্যবস্থা করবেন। ধন্যবাদ।

শ্রীমতী জাহানারা খান : (অনুপস্থিত)

[3.50—4.00 p.m.]

শ্রী অর্ঘ্য রায়প্রধান : মাননীয় চেয়ারম্যান মহাশয়, প্রথমেই গত ১৩ তারিখে রাজ্যপাল মহাশয় যে ভাষণ রেখেছেন তার প্রতি আমি পূর্ণ সমর্থন জানাচ্ছি। আমি গত দু-দিন ধরে যে আলোচনা চলছিল সেই আলোচনাতে লক্ষ্য করে দেখলাম যারা আজকে বিরোধী পক্ষে বসে আছেন আপনারা কেন জানি না প্রলাপ বকছেন। আপনাদের তথ্য কি, আপনাদের চিন্তা-ভাবনাটি কি ছিল, রাজ্যপালকে আপনারা বলছেন মিথ্যে ভাষণ দিয়েছেন। মিথ্যে ভাষণ তিন মাস আগে আপনারা যেটা দিয়েছিলেন সেটাকে প্রমাণ করে দিয়েছে পশ্চিমবঙ্গের গণতন্ত্র প্রিয় মানুষ সে বিষয়ে নিশ্চয় আপনারা অবগত রয়েছেন বলে আমি মনে করি। আপনারা জানেন যে গত ৩৪ বছর ধরে, পশ্চিমবঙ্গের বুকে একটা অপশাসন চলছিল। সেই অপশাসনের শেষ দিকে আমাদের পশ্চিমবঙ্গে মাননীয়া বর্তমান মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় মা-মাটি-মানুষের সরকার তৈরি করেছেন। এই সরকার, মা-মাটি-মানুষের সরকার, সাধারণ মানুষের সরকার। আপনাদের হয়তো চিন্তা-ভাবনা করতে একটু লজ্জা বোধ হচ্ছে। অনেক সমীক্ষার কথা আপনারা বললেন, অনেকে অনেক কথা বললেন। শিক্ষা সংসদ থেকে কেন বাতিল করে দেওয়া হল। কিছুক্ষণ আগে আমাদের মাননীয় বিধায়ক জাতীয় কংগ্রেস দলের সুখবিলাস বাবু জলপাইগুড়ির ঘটনা আপনাদের বিস্তারিতভাবে বলেছেন। বিভিন্ন জায়গায় দলতন্ত্র করে আপনারা যেভাবে বারংবার পশ্চিমবঙ্গে ৩৪ বছর ধরে গণতন্ত্রকে হত্যা করেছেন তার বিরুদ্ধে একটা যোগ্য জবাব আপনারা ইতিমধ্যেই পেয়ে গেছেন। আমরা আশা করেছিলাম যে আপনারা গঠনতন্ত্রমূলক আলোচনা এখানে করবেন। সেটা না করে আজকে আপনারা একটা কথাই বলে যাচ্ছেন আমাদের কি পজিশন থাকবে। আমরা আগামী দিনে কি পদ পাব, সেটা নিয়েই আপনারা বেশি চিন্তিত। সিঙ্গুরের ঘটনা থেকে আরম্ভ করে, আজকে সিঙ্গুরের জমি প্রদান থেকে শুরু

করে উত্তরবঙ্গের জন্য আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় যে ২০০ কোটি টাকা বরাদ্দ করেছেন তা সত্যিই প্রশংসনীয়। আমরা দেখেছি, যে এর আগে দশ বছর উত্তরবঙ্গ উন্নয়ন পর্ষদকে পশ্চিমবঙ্গের তৎকালীন বামফ্রন্ট সরকার ১৯২ কোটি টাকা দিয়েছিলেন। আর আজকে একেবারেই বরাদ্দটা ২০০ কোটি টাকায় এসে পৌঁছে গেল। কাদের জন্য করা হল ? উত্তরবঙ্গের জনগোষ্ঠীগুলোর জন্য করা হল। উত্তরবঙ্গের সংস্কৃতি, উত্তরবঙ্গের বিকাশ, উত্তরবঙ্গের শিল্প ভাবনাকে চিন্তা-ভাবনা করে সেই এলাকার মানুষদের উন্নয়নের জন্য আজকে ২০০ কোটি টাকা বরাদ্দ হল। আর আমি বিরোধী বেঞ্চ থেকে শুনতে পাচ্ছিলাম, যে আমাদের এই ২০০ কোটি টাকার ভাগটা কিভাবে আসবে, আমরা কিভাবে নিয়ে যাব। আমাদের মেম্বারশিপ থাকবে কি থাকবে না সেই নিয়েই বেশি চিন্তিত। আমি বলতে চাই বিরোধী পক্ষের বিধায়ক যাঁরা রয়েছেন আপনারা সম্মানীয় বিধায়ক, আপনারা জিতে এসেছেন অবশ্যই আপনারা যোগ্য সম্মান পাবেন। কারণ সরকারটা মা-মাটি-মানুষের সরকার, মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকার। আপনাদের কাছে অনুরোধ মাননীয় উত্তরবঙ্গ বিষয়ক মন্ত্রী যিনি হয়েছেন গৌতম দেব, তার সঙ্গে আপনারা যোগাযোগ করুন। অবশ্যই আপনাদের কোনো সুনির্দিষ্ট কোনো প্রস্তাব থাকলে আপনারা দয়া করে দেবেন। আমি এটুকু বলতে পারি উত্তরবঙ্গের উন্নয়নকে এই ৩৪ বছরে কোন জায়গায় নিয়ে গিয়ে আপনারা দাঁড় করিয়েছেন, এই ৩৪ বছর ধরে উত্তরবঙ্গকে একটা জল জংলার দেশে পরিণত করে রেখেছেন এই পশ্চিমবঙ্গের পূর্বতন বামফ্রন্ট সরকার। উত্তরবঙ্গ মানে টি, টিম্বার, টোব্যাকো এবং ট্যুরিজিম। আপনারা প্রত্যেকে জানেন, আজকে চায়ের অবস্থাটা কোন জায়গায়। কিছুক্ষণ আগে একজন বলছিলেন বিরোধী পক্ষ থেকেই। কিন্তু করলেনটা কি আপনারা ? কি চিন্তা-ভাবনার ভেতর দিয়ে আপনারা এতদিন ধরে রাজকার্য পরিচালনা করলেন তা আমাদের জানা নেই। এস.এফ.আই.-এর বন্ধু শুধুমাত্র বলে গেলেন যে এই করেছি, সেই করেছি, অমুক করেছি, তমুক করেছি। এই কাগজপত্রগুলোকে দয়া করে আলিমুদ্দিন স্ট্রিটে রেখে দেবেন। আগামী দিনে আপনাদের আরকাইভসে খুব ভালো করে এটা সাজিয়ে রাখলে আপনাদের আলিমুদ্দিন স্ট্রিটটা খুব সুন্দর ভরে উঠবে বলে আমি মনে করি। কারণ জনগণ থেকে আপনারা বিচ্ছিন্ন হয়ে গেছেন। জনগণের সঙ্গে আপনারা ছিলেন না। শুধুমাত্র কারচুপির ভেতর দিয়ে আপনারা টিকে আছেন। তাই বন্ধু আপনাদেরকে এইটুকু উপদেশ দিলাম। সঙ্গে সঙ্গে একথা বলতে চাই যে আমার রাজনৈতিক চিন্তা-ভাবনা উত্তরবঙ্গকে ঘিরে, যতটুকু দেখেছি আজকে উত্তরবঙ্গে ৩৪ বছরে কোনো উন্নয়নই ঘটেনি। এখানে যদি, আমি জানিনা ফরোয়ার্ড ব্লকের নেতা যিনি ছিলেন, পরেশবাবু মাননীয় বিধায়ক যদি থাকতেন আমি বলতে পারতাম এখনও উনি বলছিলেন, যে এখনও আমরা আল্লা মেঘ দে, পানি দে, ছায়া দেরে তুই আল্লা, তার ওপরেই বিশ্বাস করে আমাদের কৃষিটাকে চালিয়ে যাচ্ছি গোটা উত্তরবঙ্গে। আমি বারংবার লক্ষ্য করে দেখেছি, এই চিন্তা-ভাবনা, এই সংস্কৃতি যে সমস্ত কথাগুলো আমরা ছোটোবেলার থেকে শুনে আসছি সেটা আজকেও চলছে এই একবিংশ শতাব্দীর যুগে। কিন্তু এই ৩৪ বছরের বামফ্রন্ট সরকারের কোনোরূপ হেলদোল হয়নি। আমি যেই এলাকার বিধায়ক তুফানগঞ্জ এখান থেকে সব চাইতে দূরবর্তী যে সমস্ত

এলাকা রয়েছে তার মধ্যে অন্যতম তুফানগঞ্জ। আমি বলতে পারি গ্রামীণ বিদ্যুতায়ন যোজনার কথা অনেকে বলেছেন, রাজীব গান্ধী গ্রামীণ বিদ্যুতায়ন যোজনা কথা ২০০৯ সালে তৎকালীন অর্থমন্ত্রী এই সভায় বাজেট অধিবেশনে প্রাক্কালে বলেছিলেন, আমরা ২০১১ সালের মধ্যে আমরা সমস্ত গ্রামে, সমস্ত মৌজায় বিদ্যুৎ পৌঁছে দেব। আমি হলফ করে বলতে পারি আমার সমস্ত এলাকায় এখনও অবধি বিদ্যুৎ পৌঁছায়নি। আমি মাননীয় চেয়ারম্যানের মহাশয়ের কাছ থেকে একটু সময় চেয়ে নিচ্ছি, যদি একটু সময় দিতে পারেন। আমরা যে নেত্রীকে পেয়েছি আজকে পশ্চিমবঙ্গের বুকে, আজকে বলতে চাই এইটুকু কথা আমার ছোটবেলা থেকে বড় হওয়া থেকে আরম্ভ করে একটা ঘরানা দেখে এসেছি আমাদের নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায় তিনি বামপন্থী না হতে পারেন কিন্তু আজকে মেহনতি মানুষ, কৃষক শ্রমজীবী মানুষের একমাত্র বাঁচার জায়গা হচ্ছে মমতা বন্দ্যোপাধ্যায় একমাত্র জায়গা, মমতা বন্দ্যোপাধ্যায় ছাড়া আর কেউ দিতে পারবেন না। নেতাজি সুভাষ চন্দ্র বসুর কথা শুনেছি, কিন্তু পরবর্তী পর্যায়ে আমরা যাকে দেখলাম তিনি নেতাজি সুভাষ চন্দ্র বোসের থেকে কোনো অংশে কম নয়। তাই আগামী দিনের ইতিহাস, আগামী দিনের চিন্তা, আগামী দিনের ভাবনা, মমতা বন্দ্যোপাধ্যায়কেই ঘিরেই হবে। আগামী দিনে ভারতবর্ষকে আলো দেখাবে মমতা বন্দ্যোপাধ্যায় এইটুকু আপনারা জেনে রাখুন বিরোধী বন্ধুরা এইটুকু কথা বললাম, এইটুকু কথা বলে এই সভাকে আমার পক্ষ থেকে অভিনন্দন জানাচ্ছি, বিরোধীদের অভিনন্দন জানাচ্ছি, চলুন এক সঙ্গে কাজ করি শুধুমাত্র এই সমস্ত কথাবার্তা বলবেন না। সত্য কথাগুলো বলুন, আমি আর একটি কথা আমার এলাকার কথা বলছি, মাননীয় সেচ মন্ত্রী, প্রাক্তন মন্ত্রী যদি থাকতেন তাহলে তাকে বলতে পারতাম একটা কথা যে, সেচ দফতর গত ২০০৮-০৯ ইকনমিক রিভিউ বেরিয়েছে তাতে আমার কুচবিহার জেলায় area irrigated by the government canals by district আমার শূন্য, তিন-তিনটি নদী বয়ে চলে গেছে কিন্তু কোনো এলাকায় সেচকার্য হয়নি, কৃষিকাজ চলছে না।

Dr. Harka Bahadur Chhetri : Hon'ble Chairman Sir, thank you very much for giving me this opportunity I would also like, at the outset, to ask for a little bit of extra time. We are witness to Governor's speech. We are all witness of that. One thing appears very clear that this Government wants to bring back the work culture which has disappeared from this State. I very much remember, that a couple of decades back when the legendary communist Leader, Mr. Jyoti Basu himself wanted to bring back that culture because he realized that it had vanished because of over trade unionism. He made a sudden visit to Writers, went to every bench to find that there was no worker there but his Court or Tiffin Carrier or his bag was representing him. After that he came back and he made a note to the Press saying that—কাকে বলব, টেবিলকে বলা

যাবে না, চৌকিকে তো বলা যাবে না, মানুষ নেই কাজটা কে করবে। This what Jyoti Basu himself had accepted and now when someone like Miss Mamata Banerjee appears in the scene, takes a decision and our friends in this House tell that—'Don't take any decision in haste'. Where is the haste, my dear friends ? In fact we have already taken a long time, 34 long years of slumber has taken down this State to a level where it is now. So, when Mamata Banerjee further takes a decision with the Singur land, she was not returning the land, my dear friends. What she was effectively doing was not land. To a farmer, land is livelihood, livelihood is life. So, she was returning life to the farmers. This is one for which she deserves salutation. She is one leader who is thinking from the heart and not from the head. She is feeling from the head and she is thinking from the heart. There is a solid philosophical foundation behind that. A French philosopher reminded me of what he said. What he said is "Heart has its own reason which reason knows not."

My dear friends, I will come back to the speech of the Governor because in the Obituary remark what he had said, extensively he had quoted large number of people, but not by intention by there was omission of Silda incident that happened almost two years back when EFR Jawans were killed. Fourteen of them were from my home town. It was because of Government's apathy. The experts had already suggested that the place was neither healthy, nor strategically correct for keeping the camps. But the State government did not pay a heed because of which so many people died. And they, also in the obituary I feel, deserve special mention. Along with that this year only on 8th February three of our peaceful protestors were killed in Sibchu. A young and unarmed girl Bimal Rai, Neeta Khowas and a young boy, Vicky Lama, all of them were student of Class X, two of them were student of Class XII, they were killed in the firing. It was unprovoked. So, that also I feel they need special mention. Miss Banerjee has already declared on that particular day when we were having a talk about the Darjeeling issue. She came to the Press and she told that I will institute an enquiry. Meanwhile when the media persons asked her, what is the magic for which we have been able

to solve this crisis which was lingering for the last 34 years she said there is no magic. I did it from my heart. That is one quality we all appreciate because we were surrouned till then by heartless people. The politicians are otherwise heartless. She has brought back heart to politics. We salute her for that. There is also a mention of Darjeeling being hot spot of bio-diversity. Governor said that. It reminded me of 1848 when a famous British Botanist Joseph Dalton Hooker visited Darjeeling. He was amazed by its majestic beauty of mighty Kanchan Jungha. He found 17,500 different varieties of plants there. He had written in the Hooker's Himalayan Journal that nowhere in the world such small geographical area has displayed such a splendid bio-diversity. Those species are vanishing because of unscrupulous felling of trees. That should be stopped. Endemic species should be preserved. Necessary research institutes to protect and preserve this should be initiated immediately.

Hon'ble Sir, so far as Darjeeling problem is concerned, the wording is very important. What it says is, the tentative solution has been arrived at. It is a tentative solution. It is a tentative solution because Miss Mamata Banerjee very well realises that this is not only a problem of development. We in India are most unIndians looking Indians. That is how we are being looked at. So development is one side. At the same time giving identity to the Gorkhas as bonafide Indian citizens is another aspect of this problem which Hon'ble Chief Minister has realised and we are very thankful to her. And time will definitely come. We always used to claim that Miss Banerjee has come back with Ma, Mati, Manush. Ours is also a movement of Ma, Mati, Manush and only one who leads movement realises the tragedy and agony of the people who are suffering from this problem. So we hope we will definitely reach a solution. Appointment of 46,000 teachers, primary school teachers are also being declared in the new government policy. That reminds me of a year back when appointment of 54,000 primary school teachers were announced in the State but there was a specific mention that these 54,000 teachers are meant only for the rest of Bengal. Darjeeling's three hill Subdivisions were omitted from that list.

We do not know whether this 46,000 will include Darjeeling district or not. We do not know even about 700 enhanced medical seats. We request the government that there should be some quota meant for the hill students because these are areas where we have been deprived by Left Front Government for the last 34 years. We hope that this government will definitely do justice and this agitation will also reach to a logical end. Thank you very much.

[4.00—4.10 p.m.]

শ্রী বিশ্বনাথ কারক : মাননীয় চেয়ারপার্সন মহাশয়, আমার বক্তব্য এই যে রাজ্যপালের ভাষণের কপি আমরা পেয়েছি এবং সেটা খুঁটিয়ে খুঁটিয়ে পড়েছি। সেখানে বিভিন্ন ধরনের কাজের কথা বলা হয়েছে। এখানে আমার মনে হয়েছে আমাদের এই জাতির মধ্যে এই সমাজের মধ্যে যারা দুর্বল শ্রেণীর মানুষ, যারা সহায় সম্বলহীন মানুষ, সেই প্রতিবন্ধী, কয়েক লক্ষ লক্ষ প্রতিবন্ধী আমাদের এই পশ্চিমবাংলায় রয়েছে সেটা আমরা দেখেছি। তাদের জন্য এই রিপোর্টে এবং রাজ্যপালের ভাষণে তার বিন্দুমাত্র কিছু রেখাপাত করেনি। এখানে কৃষকদের কথা বলা হয়েছে। যাঁরা শিক্ষক, যাঁরা শিক্ষকতা করেন তাঁদের অবসরের শেষে এখানে প্রভিশন্যাল পেনশনের কথা বলা হয়েছে। কিন্তু যাঁরা কৃষক যাঁরা গোটা গ্রাম দিয়ে শহরকে ঘিরে রেখেছে, লক্ষ-লক্ষ হাজার-হাজার কৃষক যাঁরা সমাজকে বাঁচিয়ে রেখেছে, তাঁরা অক্ষম যখন হয়ে যাবেন কাজ করতে করতে, তাঁদের কথা কিন্তু বলা হয়নি। তাই আমি বলব এইগুলো সংযোজনের জন্য এবং সংযোজনের জন্য লেখাও হয়েছে। সেই লেখা ইতিমধ্যে জমা দেওয়া হবে। আর একটি কথা লেখা আছে। যারা আদিবাসী তপশিলি জাতি, উপজাতি, পিছিয়ে পড়া মানুষ, তারা যাতে শংসাপত্র পায়, সেই বিষয় সরকার দ্রুততার সঙ্গে সিদ্ধান্ত গ্রহণ করবেন। আমি এখানে বলতে চাই আমরা যারা তপশিলি আদিবাসী, যেখানে সংরক্ষিত আসন আছে, সেখান থেকে নির্বাচিত হয়ে আমরা এসেছি। কারণ সেখানে আমাদের শংসাপত্র ছিল। কিন্তু এখানে লেখাটার ভাষা বোঝাচ্ছে যে সেখানে নাকি শংসাপত্র দেওয়া হয়নি। কিন্তু আমি এই কথা জোরের সাথে বলতে পারি সেখানে আমাদের যাঁরা আমলারা রয়েছেন, অফিসাররা রয়েছেন তাঁদের ঢিলেঢালার জন্য শংসাপত্র হাতে আসতে দেরি হয়। সেটা দ্রুততার সঙ্গে দিতে হবে এবং সেই পরিকল্পনা গ্রহণ করতে হবে। এই কথা এখানে বলার দরকার ছিল। এর সঙ্গে আমি আর একটা কথা বলি, যেটা আমি বলতে চাই যে এই বিধানসভা নির্বাচনের মধ্যে দিয়ে আমি একজন গরিব খেটে খাওয়া মানুষ এবং খেতমজুর ঘরের পরিবার থেকে আজকে বিধানসভায় এসেছি। বিভিন্ন গুণী ব্যক্তির সমন্বয় এই বিধানসভা। তাদের কাছ থেকে কিছু ভালো বক্তব্য শুনে আমি গ্রামে গিয়ে খেটে খাওয়া মানুষ, গরিব মানুষদের কাছে গিয়ে সেই কথা বলব। কিন্তু এখানে যে অবস্থা আমি দেখছি প্রথম থেকেই, এখন একটু শান্ত আছে এবং শিক্ষা তো দূরের কথা, আজকে যদি এই কথাগুলো বাজারে ঘাটে, চায়ের দোকানে বিভিন্ন জায়গায় নিজেদের

মধ্যে আলাপ-আলোচনার মধ্যে দিয়ে যদি আজকে পরিবেশিত হত, তাহলে আমার মনে হয় আজকে আমাদের রক্তস্নাত অবস্থায় বাড়ি ফিরে যেতে হত। এখান থেকে সমাজের পরিবর্তন, মানুষের উন্নয়ন, সমাজকে বদলে দেওয়ার বার্তা পৌঁছে দেবে বিভিন্ন জায়গায়। তাই আমি বলতে চাই, আজকে যাঁরা এখানে বক্তব্য রাখছিলেন, যাঁরা পরিবর্তনের কথা বলছেন, যাঁরা উন্নয়নের কথা বলছেন, যাঁরা শিল্পী, সাহিত্যিকের কথা বলছেন, যাঁরা এখানে স্বাধীনতা সংগ্রামীদের কথা বলছেন, আমি কেবলমাত্র আপনাদের কাছে উস্কে দেওয়ার কথা বলছি না, আমি নিজের চোখে দেখেছি। আপনারা জানেন যে পশ্চিমবাংলার আমাদের যে প্রাক্তন প্রয়াত মুখ্যমন্ত্রী ছিলেন মাননীয় প্রফুল্ল সেন, যখন তাঁর মূর্তি স্থাপন হয় আরামবাগে, সেখানে সর্বদল সমন্বয়ের মধ্যে দিয়ে সেই মূর্তি প্রতিষ্ঠা করা হয়। আবার স্বাধীনতা সংগ্রামী যেমন প্রফুল্ল সেন ছিলেন, অন্যদিকে বিজয় মোদক স্বাধীনতা সংগ্রামী ছিলেন। তাঁর যখন মূর্তি প্রতিষ্ঠা হয়, সেখানে সর্ব ধর্ম সমন্বয়ে, সর্ব জাতি সমন্বয়ে, সর্ব রাজনৈতিক দলের সমন্বয়ে সেখানে মূর্তি প্রতিষ্ঠা করা হয়। আমি এই হাউসের কাছে বলব, আমি আগামী দিনের মানুষকে স্মরণ করিয়ে দিতে চাই, আমরা যদি সেই দিকে যাই যে তাঁদের সম্মান দেওয়ার জন্য যদি যাই, নির্বাচনের আগে বিজয় মোদকের মূর্তি টি.এম.সি.-র দ্বারা ভাঙা হল, যেখানে আরামবাগের বিজয় মোদক বাসস্ট্যান্ডে মূর্তি প্রতিষ্ঠিত আছে, সেখানে নির্বাচনের আগে ভাঙা হল। আবার নির্বাচনের পরে গোঘাটের বেনায়ে যেখানে বিজয় মোদকের মূর্তি আছে, সেখানে বিজয় মোদকের মূর্তিকে তুলে ফেলে দেওয়া হল। তাই আমি বলব কেন তাঁর মূর্তি ভাঙা হয়েছে ? কারণ তিনি স্বাধীনতা সংগ্রামী থাকলেও তিনি মার্কসবাদী কমিউনিস্ট পার্টির সাধারণ সম্পাদক ছিলেন হুগলি জেলার। তাঁর বক্তব্য আমি শুনেছি এবং সেই বক্তব্য শুনে অভিভূত হয়েছি। তাই আমি স্মরণ করিয়ে দিতে চাই আমরা যদি সত্যিকারে মানুষের সম্মান দিতে চাই, আগামীদিনে আমাদের গতিকে, আমাদের বক্তব্যকে সেই জায়গায় নিয়ে যাওয়ার জন্য অনুরোধ করব। অন্য দিকে আজকে আপনারা বলছেন এটা উপলব্ধি করার জন্য আপনাদের কাছে বলছি যে সরকার থাকে, যাঁরা ক্ষমতায় থাকে, সমাজের এক শ্রেণির মানুষ রয়েছে যাঁদের বিভিন্ন জায়গায় কখনও হারমাদ বলা হচ্ছে, কখনও দুষ্কৃতকারী বলা হচ্ছে, কখনও লেঠেল বাহিনী বলা হচ্ছে। যে সরকার ক্ষমতায় থাকে সেই সরকারের ছায়ায় তারা আশ্রয় নেয় এবং তাদের ছায়াতলে থেকে তারা বিভিন্ন রকম দুষ্কৃতিকর্ম কাজ করে থাকে। তাই আমি বলব যখন যে ক্ষমতায় থাকে তখন তারা আসে আশ্রয় নেয়। আজকে পশ্চিমবাংলায় ক্ষমতায় আছে তৃণমূল। সেই তৃণমূলের আশ্রয় নিয়েছে তারা। তারা বিভিন্ন জায়গায় আজকে তারা মানুষকে মারছে, ঘর-বাড়ি ভাঙছে, মানুষকে ভিটেছাড়া করছে এবং আরামবাগে ১২০০ কর্মী তাদের ঘর ছাড়া হয়েছে। ১০০ কর্মীকে তারা পিটিয়ে মেরে--হসপিটালে ভর্তি করেছে। সেখানে থানায় ডায়রি করা হয়েছে। পুলিশ প্রশাসন তার বিরুদ্ধে ব্যবস্থা নিচ্ছে না। তাই আপনাদের কথায় আমি বলি আপনারা বলতেন যে হারমাদ, এখন তারা হারমাদ নয় তারা এখন তৃণমূলের টারমাদ হয়ে গিয়েছে। সেই লোকগুলি আবার পুনরায় তারা জবরদখল করছে, মানুষের উপর নির্যাতন করছে এবং মানুষকে বাড়িছাড়া করছে। একটা পরিসংখ্যান আপনাদের দিতে পারি একটা

জায়গার, সেই পরিসংখ্যান আমার কাছে আছে। আপনারা জানেন ৪০ হাজার লোক তারা ঘরছাড়া হয়েছে, তারা মার খেয়েছে, তারা পিছিয়ে পড়ছে। তাই একটা উদাহরণ আমি দিতে পারি আপনাদের কাছে.....

(গোলমাল)

একটি মাত্র সাবডিভিশনেই ১ হাজার ২১৩ জন মানুষ ঘরছাড়া হয়েছে। মার খেয়েছে সেখানে ৪৪১ জন। ঘরবাড়ি ভাঙচুর হয়েছে, ৯৩টি বাড়ি ভাঙচুর হয়েছে, পার্টি অফিস ভেঙেছে একটা সাবডিভিশনে। পার্টি অফিস দখল করেছে ১০টি এবং বিভিন্ন জায়গায় তারা জরিমানা করছে। শুধু জরিমানা করাই নয়, কান ধরে তাদের উঠবোস করানো হচ্ছে। যারা সাধারণ মানুষ যারা রাজনীতির সঙ্গে যুক্ত নয়, যাদের পয়সা আছে, যারা ব্যবসা করে, ভালো চাকরি করে, যারা বামফ্রন্টকে সমর্থন করেছেন তাঁদের বাড়িতে গিয়ে লক্ষ লক্ষ টাকা জরিমানা করা হয়েছে। আমার কাছে উদাহরণ আছে একজনের কাছে এক লক্ষ টাকা জরিমানা করা হয়েছে। সেই উদাহরণ আমার কাছে রয়েছে। এই কয়েকটি কথা আজকে বিধানসভায় উত্থাপন করলাম। ধন্যবাদ।

[4.10—4.20 p.m.]

শ্রীমতী জাহানারা খান : মাননীয় চেয়ারম্যান স্যার গত ১৩ই জুন মহামান্য রাজ্যপাল মহাশয় এখানে যে ভাষণ দিয়েছেন এবং তার পরিপ্রেক্ষিতে যে ধন্যবাদসূচক প্রস্তাব নিয়ে আলোচনা হচ্ছে আমি তার বিরোধিতা করে কয়েকটা কথা বলতে চাই।

মহামান্য রাজ্যপাল এখানে যে ভাষণ দিয়েছেন তার বেশিরভাগই অসত্য বলে মনে হয়েছে। .... (গোলমাল) .... এখানে বলা হচ্ছে ৩৪ বছরের বামফ্রন্ট শাসনে কোনো কিছু করা হয়নি। কিছুই যদি না করা হয় তাহলে আমরা মহিলারা এখানে উপস্থিত হয়েছি কি ভাবে ? মহিলাদের কথা বলার অধিকার দেওয়াটা বামফ্রন্ট সরকারের একটা সাফল্য। যে মহিলারা আজকে এখানে এসে এত বড় বড় কথা বলছেন এবং বিরোধীরা কিছু বলতে উঠলেই মাঝখানে সোরগোল করছেন তাঁদের মনে রাখা উচিত বিগত ৩৪ বছরে এই সাফল্যটুকু পেয়েছেন, তাঁদের মনের কথা বলার অধিকার। আমি এটুকু মনে করি এটা বামফ্রন্ট সরকারের সাফল্য যার সুফল আপনারাও ভোগ করছেন। বামফ্রন্ট সরকারের সাফল্যের ফলেই আজকে পঞ্চায়েত সমিতি, পৌরসভায় মহিলারা ৫০ শতাংশ প্রতিনিধিত্বের অধিকার লাভ করছেন। এটা তো আপনাদের ভুলে যাওয়ার বিষয় নয় ! কিন্তু মহামান্য রাজ্যপালের ভাষণে এ ব্যাপারে কোনো উল্লেখ নেই। আমরা দেখতে পাচ্ছি বিগত ৩৪ বছরে বামফ্রন্ট সরকারের সাফল্যে আমাদের পশ্চিমবঙ্গে ১৪ লক্ষ স্বয়ম্ভর গোষ্ঠী গঠন করা হয়েছে এবং সেই ১৪ লক্ষ স্বয়ম্ভর গোষ্ঠীর মধ্যে প্রায় ৮০ শতাংশই হচ্ছেন আমাদের মহিলারা। ১ কোটি ৪০ লক্ষ মহিলা সেখানে যোগদান করেছেন। যে সমস্ত মহিলারা ঘরের ভেতরে থাকতেন, যাঁরা পর্দানসীন মানুষ, মুসলিমদের জন্য বামফ্রন্ট সরকার কিছুই করেনি ? করেছেন এবং তার ফলে আজ স্বয়ম্ভর গোষ্ঠীর মাধ্যমে সেই সমস্ত মহিলারা বেরিয়ে এসেছেন এবং টাকা-পয়সা উপার্জন করছেন এবং নিজেরা স্বয়ম্ভর হচ্ছেন। কিন্তু

এই কথাটা এখানে কোথাও উল্লেখ করা নেই। আসানসোল শিল্পাঞ্চলের জামুরিয়া বিধানসভা থেকে আমি নির্বাচিত হয়েছি। আমাদের কাছে গর্বের বিষয় যে আমরা মন্ত্রী পেয়েছি ; আইনমন্ত্রী এবং কৃষিমন্ত্রী। মলয়বাবু রয়েছেন। আমাদের আসানসোল শিল্পাঞ্চলে এখন অনেক ছোটো ছোটো কলকারখানা গড়ে উঠছে। সেখানে রাস্তাঘাটের কিছু ব্যাপার আছে। সেগুলো কিন্তু এখানে উল্লেখ নেই। তাছাড়া আপনারা জানেন বিধানসভা নির্বাচনের পর সম্প্রতি আসানসোল কোর্ট মোড়ে তিনজনকে হত্যা করা হল। এই ব্যাপারটিও কিন্তু মহামান্য রাজ্যপালের ভাষণে নেই। সবচেয়ে দুঃখের বিষয় আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী সাহেবা সেদিন বললেন বিরোধীদের সময় দিতে হবে এবং এখানে এঁরা, ওঁরা কোনো কিছু নয়। আমরা দেখছি ফল প্রকাশের পরে গোটা পশ্চিমবঙ্গের মানুষকে রবীন্দ্রসংগীত শোনাতে বলছে। ঠিক কথা, খুব ভালো কথা। আমরা সকলেই রবীন্দ্র-প্রেমী। কিন্তু রবীন্দ্রসংগীত গাইতে গাইতে পার্টি অফিসগুলো ভাঙচুর করছে, সি.পি.এম. করার অপরাধে ঘর থেকে তাড়িয়ে দিচ্ছে এটা কোন ধরনের রবীন্দ্রসংগীত ? .... (গোলমাল) .... এই ধরনের সংগীত আমরা কখনও চাইনি। বামফ্রন্ট শাসনের ৩৪ বছরে কখনও রবীন্দ্রসংগীত গাইতে গাইতে মানুষকে হত্যা করা হয়নি। এটা আপনারা ভুল করছেন। বর্তমান সময়ে কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর, আচার্য প্রফুল্লচন্দ্র রায়ের সার্ধশতবর্ষ উদ্‌যাপন চলছে। কিন্তু সে ব্যাপারে মহামান্য রাজ্যপালের ভাষণে কোনো উল্লেখ নেই। .... (গোলমাল) .... তাই অমি মহামান্য রাজ্যপালের ভাষণের বিরোধিতা করে আমার কথা শেষ করছি। নমস্কার এবং ধন্যবাদ।

.... (গোলমাল) ....

মিঃ চেয়ারম্যান : বসুন, বসুন। আপনারা যদি গোলমাল করেন তাহলে হাউসটা চলবে কি করে ? হাউসটা আপনাদের তো রাখতে হবে ঠিক মতো। গোলমাল করছেন কেন ?

শ্রী তরুণকান্তি নস্কর : মাননীয় চেয়ারম্যান মহাশয়, গত ১৩ই জুন রাজ্যপালের যে ভাষণ, সেই ভাষণের উপর আলোচনা চলছে। মাননীয় রাজ্যপালের ভাষণের উপরে এই সরকার কোন দিকে যেতে চাইছে সেটা রাজ্যপালের ভাষণ থেকে অত্যন্ত পরিষ্কার। আমাদের দল থেকে আমরা মনে করি বামপন্থার নাম করে সি.পি.এম. দল গত ৩৪ বছরে অলমোস্ট একটা ফ্যাসিস্ট সরকারের মতো বিশেষ করে তার শেষের দিকে রাজ্য পরিচালনা করেছে। এবং এর বিরুদ্ধে দীর্ঘদিন ধরে পরিবর্তনের আন্দোলন হয়েছে। যে আন্দোলনে SUCI দল প্রথম থেকেই, ১৯৭৭ সালের পর থেকে তার ভূমিকা পালন করেছে এককভাবে। ১৯৯৮ সালে জন্মের পর থেকে তৃণমূল কংগ্রেস এককভাবে এই পরিবর্তনের আন্দোলন সংগঠিত করে। সিঙ্গুর, নন্দীগ্রাম আন্দোলনের পর থেকে আপনারা জানেন যৌথভাবে যে আন্দোলন সংগঠিত হয়, সেই আন্দোলনের পরেই পরিবর্তনের জমি প্রস্তুত হয়েছিল। ফলে এত আন্দোলনের ধারাবাহিকতায়, দীর্ঘ আন্দোলনের ধারাবাহিকতায় এই সরকার প্রতিষ্ঠিত হয়েছে। ফলে এই সরকারের কাছে মানুষের প্রত্যাশা কিন্তু অনেক। এবং আজকে যে সমস্যাটা সবথেকে বেশি বলে আমরা মনে করি, বিগত সরকারের প্রশাসনিক

নিরপেক্ষতার অভাব। সেই নিরপেক্ষতার অভাব অত্যন্ত গুরুত্বপূর্ণ। আজকে প্রশাসনকে নিরপেক্ষ করা দরকার। যেটা রাজ্যপালের ভাষণের মধ্য দিয়ে এসেছে। প্রশাসনকে বিশেষ করে থানাগুলোকে লোকাল কমিটি এবং জেলা কমিটি দফতরে প্রায় পরিণত করে ফেলেছিল বিগত সরকার। যেভাবে প্রশাসনিক দুর্নীতি হয়েছিল, যেভাবে সরকারি দফতরগুলো, বিশ্ববিদ্যালয়ে আমি চাকরি করি, আমি জানি যে এডুকেশনের বিভিন্ন জায়গায় যেভাবে দলীয় অনুপ্রবেশ এবং দলীয় নিয়োগ ছাড়া আর কোনো বিষয় করত না, তার বিরুদ্ধে আজকের এই সরকারের দাঁড়ানোর প্রয়োজন আছে বলে আমি মনে করি। আমি মনে করি আন্দোলনকে নৃশংসভাবে দমন করা হয়েছিল। সিঙ্গুর, নন্দীগ্রাম, লালগড়ের আন্দোলনে বিগত সরকারের ভূমিকা, শাসক দলের ভূমিকা ছিল এবং যেভাবে যে কোনো গণতান্ত্রিক আন্দোলনে নির্দয়ভাবে, নৃশংসভাবে পুলিশকে লেলিয়ে দেওয়া হত, আজকের সরকার অন্তত ঘোষণা করেছে যে, তারা পুলিশ ব্যবহার করবেন না গণতান্ত্রিক আন্দোলনে। এটা নিশ্চয়ই একটা ওয়েলকাম ডিসিশান। আমরা আশা করব যে, ৫ বছর ধরে এই সরকার অন্তত এই ডিসিশন অক্ষরে অক্ষরে পালন করার চেষ্টা করবেন। আজকের বিগত সরকার যেভাবে গণতান্ত্রিক আন্দোলনে মানুষকে, যাদেরকে অপছন্দ হয়েছে, যেভাবে বন্দি করেছে, জেলে ভরে নিয়ে গিয়েছে, তার বিরুদ্ধে গোটা রাজ্যকে একটা সময় জেলখানায় পরিণত করে ফেলা হয়েছিল। ফলে বন্দী মুক্তির সমস্যাকে তারা দেখার চেষ্টা করেছেন এবং একটা রিভিউ কমিটি তৈরি করেছেন। সেই রিভিউ কমিটিকে নিশ্চয়ই আমরা ওয়েলকাম জানাচ্ছি। আমি আশা করব যে, সমস্ত রাজবন্দীকে তারা নিঃশর্তভাবে মুক্তি দেবেন। যে আর্থিক চিত্র এখানে ফুটে উঠেছে, সেই আর্থিক চিত্রে বোঝা যায় সরকারের আর্থিক ম্যানেজমেন্টটা কোথায় গিয়ে দাঁড়িয়েছিল। একজন শিশু যখন এই মুহূর্তে জন্মাচ্ছে, এই রাজ্যে তারা কেন্দ্রের কথা বলেছেন, এখানে যাঁরা বসে আছেন অনেকে কেন্দ্রের কথা বলেছেন, কিন্তু এই রাজ্যে এই মুহূর্তে যে শিশু জন্মাচ্ছে তাকে দু'হাজার টাকা ঋণ নিয়ে কিন্তু জন্মগ্রহণ করতে হচ্ছে। এর পেছনে আর্থিক দুর্নীতি কোথায় দাঁড়িয়ে আছে, সেটাও কিন্তু বিচার বিবেচনা করা দরকার।

[4.20—4.30 p.m.]

আমি একটা ব্যাপারে দ্বিমত পোষণ করছি রাজ্যপালের ভাষণের। সেখানে বলা হয়েছে শ্রমিক আন্দোলনের ফলে কলকারখানা বন্ধ করা হয়েছে। আমার মনে হয় একেবারে ঠিক নয়। বিভিন্ন সরকারি যে ডকুমেন্টস সেখান থেকে এই জিনিসটা কিন্তু প্রমাণ হয় না। এমনকি ইন্ডিয়ান ন্যাশনাল চেম্বার অফ কমার্স তাদের যে রিপোর্ট যেটা টাইমস অফ ইন্ডিয়ায় গত ২৯.৩.১১-তে বেরিয়েছে। সেখানে যেটা বলা হয়েছে, ২০০৮-০৯ সালে ২৫৮টি হয়েছে লক আউট আর ৯টি হয়েছে স্ট্রাইক এই রাজ্যে। ফলে কেবলমাত্র শ্রমিক এবং তার জন্য যে ম্যান ডেজ লস হয়েছে সেটা হচ্ছে ১.৩৫ ক্রোড়। ফলে এটা কেবলমাত্র শ্রমিক আন্দোলনের জন্য নষ্ট হল সেটা কিন্তু আমার মনে হয় না এবং তথ্যও সেটা বলছে না। আরও একটা কথা বলা হয়েছে যে শ্রমিকদের যে আইনসম্মত দাবি তাতে মালিকদের কাছে সুবিচার ভিক্ষা করতে হবে। কেন সুবিচার ভিক্ষা করতে যাবে শ্রমিকরা ? বিগত সরকারের

আমলে বহু দুর্নীতি হয়েছে। প্রভিডেন্ট ফান্ড যে ভাবে নিঃশেষ করে দেওয়া হয়েছে, চুরি করা হয়েছে প্রভিডেন্ট ফান্ডের সেটা আমরা জানি। বহু ক্ষেত্রে বহু ট্রাইপারটাইট চুক্তি মলিকরা মানেননি এবং তার বিরুদ্ধে সত্যি কোনো ব্যবস্থা কিন্তু নেওয়া হয়নি। ফলে এই বিষয়টা দেখা দরকার। সুবিচার ভিক্ষা নয়, মালিকরা দাবি মেনে নেবে। শিক্ষার ক্ষেত্রে আমরা জানি যেভাবে অনুপ্রবেশ ঘটানো হয়েছে এবং সেটা সকালে একটা বিতর্কের মধ্যে দিয়ে এসেছিল সেই অনুপ্রবেশ যেভাবে ঘটেছে তার বিরুদ্ধে শিক্ষার গণতন্ত্রীকরণ হওয়া দরকার। ১৯৭৮ সালে বিগত সরকার এসে যেভাবে সমস্ত বিশ্ববিদ্যালয়ের কমিটিগুলো ভেঙে দিয়েছিল সেটা অত্যন্ত অগণতান্ত্রিক। মেডিকেলে ৭০০ আসন বাড়ানোর কথা বলা হয়েছে কিন্তু তার জন্য ইনফ্রাস্ট্রাকচার দরকার। বিগত সরকারের আমলে বার বার তঞ্চকতা করা হয়েছে এম.সি.আই.-এর প্রতিনিধির কাছে, সেটা হবে না এটা নিশ্চয় প্রত্যাশা করবো। বিদ্যুতায়নের প্রস্তাব এবং ৩৭৯ টাকার যে প্রস্তাব সেটা ওয়েলকাম প্রস্তাব। কিন্তু দারিদ্র্যসীমার নীচে যারা সি.ই.এস.সি.-র মধ্যে ডি.পি.এল., দিশেরগড় ইত্যাদি থেকে বিদ্যুৎ সরবরাহ করা হয় সেগুলিকেও এই আওতার মধ্যে আনা দরকার। আর যেটা দাবি সেটা হচ্ছে বি.পি.এল. তালিকা সম্পূর্ণ করা সুষ্ঠুভাবে, যৌথ বাহিনী প্রত্যাহার করা জঙ্গল মহল থেকে। নন্দীগ্রামে যাঁরা ক্ষতিপূরণ পাননি তাদের ক্ষতিপূরণের ব্যবস্থা করা এবং গত ৩৪ বছরে আন্দোলন দমনের নামে যে ক্রাইম হয়েছে এবং সেই ক্রাইম শাসক দলের বিভিন্ন স্তরের নেতা ও কর্মীরা করেছে তাদের বিরুদ্ধে তদন্ত করে শাস্তি দেওয়া দরকার এই প্রত্যাশা আমি সরকারের কাছে করছি।

ডাঃ এম. নরুজ্জামান : মাননীয় চেয়ারম্যান স্যার, আজ মাননীয় রাজ্যপালের ভাষণের উপর ধন্যবাদজ্ঞাপক আলোচনায় এই ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবকে সমর্থন করে আমি দু-একটি কথা নিবেদন করতে চাই। আজ আমার মনে পড়ছে বহু বরনীয়, স্মরণীয় এবং শ্রদ্ধেয় ব্যক্তিত্ব বিভিন্ন সময় গণতন্ত্রের পীঠস্থান এই বিধানসভাকে অলংকৃত করেছেন। এর গৌরব এবং মর্যাদাকে বৃদ্ধি করেছে। যদিও আমি নবীন এবং প্রথম বিধানসভার সদস্য হয়েছি। আমার মনে পড়ছে আমার বাবা প্রয়াত জননেতা এ.কে. হাসানুজ্জামান এই বিধানসভার সদস্য ছিলেন ১৯৭১ সালে, ৭৭ সালে এবং ৮৭ সালে। তার মধ্যে ১৯৭১ সালে উনি পশ্চিমবঙ্গ সরকারের শিল্প বাণিজ্য মন্ত্রী ছিলেন। আজকে তিনি নেই কিন্তু আমরা আছি। কাল হয়তো আমরা থাকবো না অন্য কেউ আসবেন এটাই পরিবর্তন। এটাই জগতের নিয়ম, কালের অমোঘ চক্র।" তমানিশার অবসানে নবারুণ আভায় যেমন পূর্ব দিগন্ত হয় জ্যোতির্ময়। তরুণ তপন বুকে জাগায় সোনালি আশা, অজানা অনিশ্চিতির পানে ধাওয়া পার্থিব এই দিনরাত্রির অষ্টপ্রহরে মাটির এই কান্না-হাসির দোল দোলানো খেলাঘরে আমরা জীবনের মালা গাঁথি সুখে দুঃখে, আঘাত-সংঘাতে, আলো আঁধারে, আশা নিরাশায়, হাসি-কান্নার হিরণে হরিতে।" তাই প্রয়োজন হয় আশ্বাসের, বিশ্বাসের পুনঃ অভিষেকের। আর সেই পথ ধরে আজ বাংলার মানুষ পরিবর্তনের পক্ষে রায় দিয়েছেন। মমতা ব্যানার্জির নেতৃত্বে মা-মাটি-মানুষের নতুন সরকার প্রতিষ্ঠিত হয়েছে। আমরা এই সরকারকে অভিনন্দিত করি এবং বাংলার মানুষ এই সরকারকে স্বাগত জানিয়ে বলছেন—"নবীন

আগন্তুক নব যুগ তব যাত্রার পানে চেয়ে আছে উৎসুক।" মাননীয় চেয়ারম্যান স্যার, মাননীয় রাজ্যপালের ভাষণে প্রতিফলিত হয়েছে নতুন সরকারের আশা-আকাঙ্ক্ষার কথা। সেখানে আমরা যদি বিগত ৩৪ বছরের বাম শাসনের কথা না বলি তাহলে আমার মনে হয় সত্যের অপলাপ করা হবে।

[4.30—4.40 p.m.]

কারণ এই বামফ্রন্টের শাসনে যেটা বারেবারে বিভিন্ন বক্তার মাধ্যমে কথা উঠে এসেছে যে বিগত ৩৪ বছরে পশ্চিমবাংলায় গণতন্ত্র ছিল না, তার একজন সাক্ষী আমি। ১০ বছর আগে ভোটে কারচুপি করে ৬৪ ভোটে আমাকে হারিয়ে দেওয়া হয়েছিল, তা না হলে ১০ বছর আগেই আমি বিধানসভায় পা রাখতে পারতাম। আজকে বামপন্থীরা তারা গণতন্ত্রের কথা বলছেন বিরোধী আসনে বসে। আমরা মা-মাটি-মানুষের সরকার মমতা বন্দ্যোপাধ্যায়, তিনি গণতন্ত্রকে মর্যাদা দিয়ে, বিরোধীদের মর্যাদা দিয়ে তিনি বলেছেন, কিন্তু বামপন্থীদের রাজত্বে কি হয়েছিল—আমরা দেখেছি সিঙ্গুর, আমরা দেখেছি নন্দীগ্রাম। কবি জয় গোস্বামী বলছেন 'ওই ১৪ই মার্চের পরে—ধুলোর উপরে রক্ত পড়ে, পুলিশ পা ধরে হিচড়ে নিয়ে যায় লাশ। আজকে ১৪ই মার্চ প্রচণ্ড ফাল্গুন, গাছে ঠিকই ফুটেছে পলাশ'। কবি শঙ্খ ঘোষ বলছেন 'দ্বিধা নয়, অন্ধকারে ঘিরেছে সময়, এসো আমরা হত্যা মন্ত্র নিয়ে অস্ত্র হাতে ঢুকে পড়ি অতর্কিত ঘুমন্ত শিবিরে।' এই তো ছিল বামপন্থীদের রাজনীতি, রক্তাক্ত রাজনীতি, হিংসার রাজনীতি। আর রবীন্দ্রনাথের কথায় যেটা বলতে হয় ওদের আমলে কি ছিল 'হিংসা উৎসবে আজি বাজে অস্ত্রে অস্ত্রে মরণের উন্মাদ রাগিণী ভয়ংকরী দয়াহীন সভ্যতা রাগিণী তুলেছে কুটিল ফণা, চাক্ষর নিমেষে গুপ্ত বিষ দন্ত তার ভরিছে প্রবিশে'। এই তো অবস্থা বামপন্থীদের রাজত্বে ছিল। আজকে পরিবর্তন এসেছে। মানুষ রায় দিয়েছে পরিবর্তন হয়েছে। আজকে মাননীয় রাজ্যপালের ভাষণে ১৬ নং অনুচ্ছেদ দেখে খুবই অবাক লাগছে। এখানে মাননীয় রাজ্যপাল বলছেন যে, পশ্চিমবঙ্গের সব গ্রামে পানীয় জল পাওয়ার সুযোগ নেই। তাহলে ৩৪ বছর বামপন্থী শাসকরা কি করলেন—মানুষের যে ন্যূনতম খাবার পানীয় জল পশ্চিমবঙ্গের মানুষ খেতে পায় না। আজকে তারা আবার বড় বড় কথা বলছেন। আজকে এই ক্ষেত্রে আমি ২১ নং অনুচ্ছেদের কথা বলবো। মাননীয় রাজ্যপাল বলেছেন ধর্মীয় ভাষাগত সংখ্যালঘুদের কথা। তাদের আশা আকাঙ্ক্ষার সঙ্গে সঙ্গতি রেখে ভারতবর্ষের সংবিধান অনুসারে তাদের অর্থনৈতিক, সামাজিক, শিক্ষাগত সংস্কৃতির রক্ষা কবচের কথা। আজকে এটা ঠিক এই পরিবর্তনে সংখ্যালঘু এবং তফশিলি মানুষ তারা উল্লেখযোগ্য ভূমিকা গ্রহণ করেছে। তাদের অবদান যদি কেউ অস্বীকার করে তাহলে সেটা ভুল করা হবে। আজকে সংখ্যালঘু মানুষ, তফসিলি মানুষ তাদের ৩৪ বছর কি অবস্থা ছিল। সাচ্চার কমিটি বলছেন, মাননীয় রাজেন্দ্র কুমার সাচ্চার তাঁর রিপোর্টে বলেছিলেন যে পশ্চিমবাংলায় সংখ্যালঘুদের অবস্থা তফসিলিদের চেয়েও খারাপ। তিনি বলেছিলেন ১,১৬১টি গ্রামে একটা প্রাইমারি স্কুল পর্যন্ত নেই। সাচ্চার সাহেব বলেছিলেন এক তৃতীয়াংশ গ্রামে স্বাস্থ্যের কোনো পরিকাঠামো নেই। সংখ্যালঘুরা যদি উন্নয়নে ভাগীদারি না হতে পারে, তারা তো এই দেশের মানুষ, এই রাজ্যের মানুষ তাদের বাদ দিয়ে পশ্চিমবাংলার উন্নতি হতে পারে না।

রবীন্দ্রনাথের কথায় বলি 'যারে তুমি নীচে ফেল সে তোমারে টানিবে যে নীচে, পশ্চাতে রেখেছ যারে সে তোমারে পশ্চাতে টানিছে'। আজকে সেইজন্য আমি বলছি ৩৪ বছরে বামফ্রন্ট সরকার যে সময় এবং সুযোগ পেয়েছিলেন, স্রেফ সদিচ্ছার অভাবে তারা কাজে লাগাননি। অজুহাত দিয়ে লাভ নেই। আজকে আপনাদের জিজ্ঞাসা করি একটাই কথা মৌলানা জাফর আলি খানের একটা লাইন আমার মনে পড়ে....

تو ادھر اُدھر کی نہ بات کر یہ بتا کہ قافلہ کیوں لوٹا
مجھے رہزنی سے غرض نہیں تیری رہبری کا سوال ہے

৩৪ বছর আপনারা রাজত্ব করলেন পশ্চিমবাংলাকে কোথায় নিয়ে এসেছেন ? সংখ্যালঘুদের, তফসিলি মানুষদের, আদিবাসীদের যারা পিছিয়ে পড়া মানুষ, তারা কেন পিছিয়ে পড়েছে ? আজকে আপনারা বলছেন ও.বি.সি. সার্টিফিকেট দিচ্ছেন। ও.বি.সি. যাদের করেছেন তাদের মধ্যে ৮৬% হচ্ছে মুসলমান তাহলে এই সংখ্যালঘুদের কে অধিক অনগ্রসর করলো কারা, কেন হল তারা—তার জবাবের দায় আপনাদের দিতে হবে না। আজকে মাদ্রাসার কথা বলছেন আমার খুব ভালো লাগলো যে রাজ্যপালের ভাষণে আমাদের নতুন সরকার বলেছে অননুমোদিত যেসব মাদ্রাসাগুলোকে অনুমোদন দেওয়া হবে। এই কাজটা তো বামপন্থীরা করতে পারতেন, বামফ্রন্ট করতে পারতেন। আজকে তারা বলছে ৭৭ সালে ৫ লক্ষ টাকা বাজেট ছিল এখন ৬০০ কোটি টাকা বাজেট হয়েছে ভাল কথা। সেই মাদ্রাসাগুলোর মধ্যে আপনারা হুগলি মাদ্রাসাকে বন্ধ করে দিলেন কেন ? হাজি মহম্মদ মহসীনের, হুগলি মাদ্রাসাকে বন্ধ করে দেওয়া হল বামপন্থীদের রাজত্বে। কিছু হাই মাদ্রাসাকে তুলে দিয়ে হাইস্কুল করা হল। আলিয়া মাদ্রাসাকে তুলে দিয়ে আলিয়া ইউনিভার্সিটি করা হল। আলিয়া ইউনিভার্সিটি হোক না, একটা কেন একাধিক হতে পারে কিন্তু আলিয়া মাদ্রাসাকে তুলে দিয়ে নয়। আজকে আমি সেই জন্য মমতা ব্যানার্জির নেতৃত্বে সংখ্যালঘু, তফসিলি সবাইকে নিয়ে বিকাশের যে নতুন কর্মযজ্ঞ চলছে তাকে আমরা স্বাগত জানাই। মমতা ব্যানার্জিকে বলি, "কদম কদম বাড়ায়ে যা, খুশি কী গীত গায়ে যা, এ জিন্দেগী হ্যায় কওম কি, তু কওম পে লুটায়ে যা।" আর বামপন্থী বন্ধুদের বলি, আপনারা সহযোগিতা করুন আমরা নতুন করে সোনার বাংলা গড়তে চাই। আর সেই জন্য বলি রবীন্দ্রনাথের কথায়—

অবসান হল রাতি
নিভাইয়া ফেল কালিমা মলিন ঘরের কোণের বাতি।
নিখিলের আলো পূর্ব আকাশে জ্বলিল পুণ্য দিনে
একসাথে যাহারা চলিবে, তাহারা সকলেরে দিক চিনে।

এইটুকু বলেই আমার বক্তব্য শেষ করছি।

শ্রী উমাপদ বাউরী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ১৩ই জুন মহামান্য রাজ্যপাল যে ভাষণ রেখেছেন, তাকে পূর্ণ সমর্থন জানিয়ে আমি কিছু কথা বলতে চাই। একটা কথা আছে যে ভগবান যার পতন চান, তার বুদ্ধিটা আগে কেড়ে নেন। তো ভগবান এই বামফ্রন্ট সরকারের বুদ্ধিটা আগেই কেড়ে নিয়েছেন। তবেই এই সরকারের পতন হয়েছে। তার জন্য এই বামফ্রন্ট সরকারের যারা বিরোধীদের আসনে বসে আছেন, তারা রাজ্যপালের ভাষণের বিরোধিতা করেছেন। এটা তো স্যার, একটা পরিকল্পনা। এখনও তো কাজ শুরু হয়নি। এখনই বিরোধিতা করার কি আছে ? বামফ্রন্ট সরকার গত ৩৪ বছর ধরে যেটা করতে পারেনি, মমতা বন্দ্যোপাধ্যায় সেটা ৩৪ দিনে করার চেষ্টা করছেন। এটা তো একটা বড় উদাহরণ। মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে বলতে চাই এই যে অনুচ্ছেদে যে বেতন বৃদ্ধি করার কথা বলা হয়েছে, একে আমরা ধন্যবাদ জানাই। কারণ এর আগে শিক্ষকেরা তাদের বেতন কখন পাবেন, তরা কিছু জানতেন না। এই ঘোষণাকে শিক্ষকেরা যখন ধন্যবাদ জানাচ্ছেন, তখন বিরোধীদের এতে বিরোধিতা করার কি আছে ? শিক্ষক সংগঠন—তারাও এটা সমর্থন করেছেন।

এর পরে আমি আমার 'পারা' বিধানসভা নিয়ে কিছু কথা বলতে চাই। সি.পি.এম. সরকার তথা বামফ্রন্ট সরকার ৩৪ বছর ধরে এই পারা বিধানসভার এলাকার জন্য তথা পুরুলিয়ার জন্য কি করেছেন ? পুরুলিয়ার একমাত্র গর্ব সাঁওতালডিহি পাওয়ার প্ল্যান্ট। অথচ এই পাওয়ার প্ল্যান্ট তৈরি হয়েছিল কংগ্রেসের আমলে। যেটা মাননীয় ইন্দিরা গান্ধীজি উদ্বোধন করেছিলেন। ৩৪ বছরে সি.পি.এম.-এর রাজত্বে সেটার চারটি ইউনিট অর্থাৎ সাঁওতালডিহি পাওয়ার প্ল্যান্টের চারটি ইউনিট বন্ধ হয়ে গেছে। এটাকে বাঁচানোর কোনো উদ্যোগ যদি এই সরকার না নেন তাহলে অনেক মানুষ কর্মহীন হয়ে পড়বে। মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আবেদন করব যাতে উনি এ ব্যাপারে একটু নজর দেন।

আমি সংখ্যালঘুদের বিষয় নিয়েও কথা বলতে চাই। যেটা বলা হচ্ছিল যে সংখ্যালঘুদের জন্য এই সরকার কিছু করেনি। পারা বিধানসভার একটি গ্রাম আছে, যেখানে কুড়ি হাজার সংখ্যালঘু মানুষ বাস করেন। অথচ সেখানে কোনো একটা মাদ্রাসার ব্যবস্থা নেই। সেখানকার অধিকাংশ মানুষ বিড়ি শ্রমিকের কাজ করেন। অথচ তাদের জন্য কোনো লোন বা অনুদানের ব্যবস্থা করা হয়নি। শিক্ষাক্ষেত্রে এই সরকার প্রচণ্ড দুর্নীতি করে এসেছে। শিক্ষা ক্ষেত্রে আমি বলব—বিশেষ করে প্রাইমারি শিক্ষার ক্ষেত্রে—প্রাইমারিতে একটা সংগঠন আছে এ.বি.পি.টি.এ.। কিন্তু শিক্ষাক্ষেত্রে কোনো উন্নতির কথা ভাবা হয়নি। শিক্ষকদের কাছ থেকে চাঁদা নেওয়া হয়েছে। তাদের শিক্ষাদানের যে টেন্ডেন্সি, সেই টেন্ডেন্সিকে দূরে সরিয়ে দেওয়া হয়েছে। বলা হয়েছে তোমরা শুধু পার্টি কর, পার্টি করলেই চলবে। শিক্ষা দেওয়ার কোনো দরকার নেই তোমাদের। এই ছিল বামফ্রন্ট সরকারের নীতি। এদের একটাই নীতি ছিল, সেটা হচ্ছে দুর্নীতি। মাননীয় স্পীকার মহাশয়ের মাধ্যমে আমি মাননীয়া মুখ্যমন্ত্রীকে বলতে চাই যে তিনি যেন এই সমস্ত অসুবিধাগুলি দূর করার নীতি গ্রহণ করেন। আর বেশি কিছু বলব না। সবাইকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

ডঃ সূর্য্যকান্ত মিশ্র : স্যার, একটা পয়েন্ট অফ ইনফরমেশান আছে। একটা উদ্বেগের খবর পেয়েছি। সেটা হচ্ছে বঙ্গোপসাগরের গভীর সমুদ্রে একটা নিম্নচাপ তৈরি হয়েছে। তাতে ৫০টি ট্রলার নিখোঁজ বলে খবর পাওয়া যাচ্ছে। একটি ট্রলার উল্টে একজন মৎস্যজীবী মারা গেছেন। পাঁচজন ওই ট্রলার থেকে রক্ষা পেয়েছেন। অভিযোগ হচ্ছে যে ওখানে কোনো পূর্বাভাস দেওয়া হয়নি। মাননীয় মন্ত্রী পার্থ চ্যাটার্জী এবং সিনিয়ার ক্যাবিনেট মিনিস্টাররা রয়েছেন। আমি অনুরোধ করব আমাদের ডিজাস্টার ম্যানেজমেন্ট যারা দেখেন, তাদের সঙ্গে যোগাযোগ করে আপনি বলার সময়ে বা বলার পরে কোনো সময়ে হাউসকে যদি কিছু অবহিত করা যায়। ধন্যবাদ।

[4.40—4.50 p.m.]

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় বিরোধী দলনেতা যে সংবাদ পেয়েছেন বলে এই মহতী সভায় জানিয়েছেন আমরা আপনার উদ্বেগের সঙ্গে আমাদের উদ্বেগ জানাচ্ছি। আপনার দেওয়া এই খবর জানার পরে এই হাউস বন্ধ হলে আমাকে ডিটেলস রিপোর্ট দেবেন। এখানে জেলারও সুভাষ নস্কর সহ অন্যরাও আছেন। ঘটনাটা কতটা, বিবরণ কতটুকু হয়েছে সমস্ত বিষয়টুকু প্রশাসন থেকে জেনেই এবং ইতিমধ্যেই প্রশাসনিক স্তরে সেই নির্দেশ চলে গেছে আমরা অপেক্ষা করছি এবং যাবতীয় এই ধরনের ঘটনা যদি ঘটে তাকে তাহলে মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী ইতিমধ্যেই, আপনাদের স্মরণে থাকতে পারে যে দায়িত্বভার গ্রহণের আগে থেকেই বিপর্যয়ের মোকাবিলা করবার এই দপ্তরকে এবং আবহাওয়া দপ্তরকে একই সঙ্গে নির্দেশ দিয়েছিলেন যাতে তৎপরতার সঙ্গে এই জিনিসগুলোকে আমরা দেখতে পারি। সুতরাং আপনি যেটা বলেছেন তা আদৌ কতটুকু হয়েছে আমাদের কাছে ততটা খবর আসবে না যতক্ষণ না প্রশাসনিক স্তরে আমাদের কাছে খবর আসে। তবে আপনি বলেছেন এই সভা শেষ হয়ে যাওয়ার পর আমরা নিশ্চয়ই দু-একজনের সঙ্গে কথা বলব, আমরা ইতিমধ্যেই খবর নেব। মাননীয়া মুখ্যমন্ত্রী যে প্রশাসনিক স্তরে নির্দেশ দিয়েছেন সেই খবরটা আজকে আপনাদেরও জানাব।

শ্রী তজমুল হোসেন : মাননীয় অধ্যক্ষ মহাশয় গত ১৩ই জুন মহামান্য রাজ্যপাল শ্রী এম.কে. নারায়ণন যে ভাষণ দিয়েছেন তার বিরোধিতা করে এবং আমাদের যে কাট মোশানের সমর্থনে এই সংশোধনী পেশ করছি। স্যার, এখানে ৭ নম্বরে লেখা আছে যে আমার সরকারের নীতি হল বিরোধী দলগুলো সহ সমস্ত রাজনৈতিক দলের ও জনগণের সব গণতান্ত্রিক সংস্থার অধিকার সুনিশ্চিত করা। আমার সরকার রাজনৈতিক প্রতিশোধ গ্রহণ ও দমনের পথে হাটবে না। কাজ করার এবং পরিবর্তনের রায়ে পুনর্গঠন করাই লক্ষ্য। এটা ৭ নম্বর পৃষ্ঠায় আছে কিন্তু স্যার আমরা দেখতে পাচ্ছি রাজ্যের বিভিন্ন স্তরে বামফ্রন্টের কর্মী সমর্থকরা ঘরছাড়া হচ্ছে বিভিন্ন জায়গায়। ১৬ জন বামফ্রন্টের কর্মী খুন হয়েছে। এটা কি পরিবর্তন ! পাশাপাশি, স্যার, আমরা অনেক জায়গায় দেখেছি যে তৃণমূল কর্মীরা জোরপূর্বক বামফ্রন্টের পার্টি অফিস ভেঙে দিচ্ছে এটা কি পরিবর্তন ! অস্ত্র উদ্ধারের নামে যে প্রচার চলছে বামফ্রন্টের কর্মীদের মিথ্যা কেসে ফাসানো হচ্ছে। এটা কি পরিবর্তন !

স্যার, এখানে একটা লেখা আছে স্কুল ও উচ্চ শিক্ষার সঙ্গে যুক্ত শিক্ষককুল মাসের প্রথমে বেতন পাবেন। এবং আন্তরিকতার সঙ্গে ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত কার্যকর করা হয়েছে। আমরা দেখেছি ১ তারিখে বেতন পাচ্ছে। কিন্তু অত্যন্ত দুঃখের সঙ্গে বলছি প্রতিবন্ধী ভাতা, বিধবা ভাতা, বার্ধক্য ভাতা—সময়মতো প্রদানের জন্য প্রয়েজনীয় ব্যবস্থা গ্রহণের কথা রাজ্যপালের ভাষণে কিন্তু নেই। এই সামান্য ভাতাটুকুর উপরে নির্ভর করে যেসব মানুষ, তাদের নিয়ে ভাবনা-চিন্তা কিন্তু রাজ্যপালের ভাষণে নেই। এটাই কি পরিবর্তন ? আরও দেখেছি স্যার, আরও লেখা আছে, রাজ্যের মাদ্রাসাগুলি, আমাদের রাজ্যপাল লিখেছেন যে, রাজ্যের সমস্ত মাদ্রাসাগুলিকে অনুমোদন দেওয়া হবে। বেশ ভাল অনুমোদন দেওয়া হবে। কিন্তু অর্থনৈতিক সুযোগ যদি না থাকে তাহলে অনুমোদন দিয়ে কি লাভ? তাহলে এটাই কি পরিবর্তন ? আর একটা দেখেছি স্যার, এখানে লেখা আছে 'পুলিশ কর্মচারীদের নিরপেক্ষভাবে মানুষের পাশে দাঁড়ানোর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা ইতিমধ্যেই নিয়েছি।' আমার সরকার নিরপেক্ষ ও গণতান্ত্রিকভাবে সরকার পরিচালনায় বিশ্বাসী। আমার বিধানসভা ক্ষেত্রের কথা বলছি স্যার, আজ পর্যন্ত আমাদের হরিশ্চন্দ্রপুর বিধানসভা কেন্দ্র কোনোদিন এই পুলিশি অত্যাচার হয়নি। এই গত নির্বাচনের পরে, ভোটের ফলাফলের পরে আমার বিধানসভা ক্ষেত্রে দেখেছি যে, একটা টালবাংলা গ্রামে দুজন প্রতিবেশীর মধ্যে ধানের জমিকে নিয়ে একটা বিবাদ হয়। সেই ধানের জমিকে কেন্দ্র করে দু-পক্ষ থানায় এফ.আই.আর. করে। দু-পক্ষের মধ্যে এক পক্ষ এস.এস.আই. ভট্টাচার্য পুলিশের নেতৃত্বে তাকে মোটা অঙ্কের টাকা দিয়ে সে আধাসামরিক বাহিনীকে প্রয়োগ করে জোরপূর্বক সেখানকার বাড়ির লোকজনকে বের করে দেয়, ৮০ বছরের বৃদ্ধ, স্কুল ছাত্র, স্কুল ছাত্রীকে বের করে দেয়। গত ৩.৬..... তারিখে এটা হয়েছে, এটা পেপারে প্রচার হয়েছে, এটা টি.ভি.-তে দেখানো হয়েছে। এই বিষয়টা দেখার জন্য আমি মাননীয় স্পীকারের মাধ্যমে বলছি। আরও একটা সংযোজনী বিষয় স্যার যে, আমরা দেখছি এই যে রাজ্যপালের ভাষণে অনেক লেখা আছে, অনেক লিখে দেওয়া হয়েছে কিন্তু সেখানে দেখছি, রবীন্দ্র মুক্ত বিদ্যালয়ে শিক্ষা মিত্রতে কাজের নিশ্চয়তার জন্য রাজ্যপালের ভাষণে কিন্তু এটা নেই। এটাকে একটু সংযোজন করার জন্য অনুরোধ করছি। আর একটা বিষয় স্যার, এই যে প্রাকৃতিক বিপর্যয়ের কথা লিখেছেন—বেশ ভাল, কিন্তু প্রাকৃতিক বিপর্যয় কিংবা আগুন লাগার সময় যে সমস্ত পরিবারগুলোর ক্ষয়ক্ষতি হয়, তাদের যেন অতি সত্বর—এখন এই নির্বাচনের পরে একটা পলিথিন দিতে পারছি না, একটা ঘরে জায়গা দিতে পারছি না। এই যে বিষয়গুলো এতদিন পর্যন্ত আমরা দিতে পারতাম কিন্তু এই নির্বাচনের পরে তাদের তা দিতে পারছি না। এই বিষয়গুলো যাতে দেখা যায় দেখবেন। আর একটা বিষয় হচ্ছে, এই যে প্রাণী বন্ধু, এই প্রাণী বন্ধুদের বিষয়ে ভাবার জন্য আপনারাও বলেছেন। এই প্রাণী বন্ধুদের বিষয়ে ভাবার বিষয়টা রাজ্যপালের ভাষণে নেই। এটাকে সংযোজন করার জন্য আমি অনুরোধ করছি। আর একটা বিষয় স্যার, এই বিধানসভা নির্বাচনের সময় দেখেছি স্যার, খরা এবং বন্যার ফলে প্রান্তিক চাষিরা, খরা কবলিত গরিব চাষিদের চাষের জন্য সার কিংবা বীজ সরবরাহ করার জন্য মাননীয় রাজ্যপালের ভাষণে এই বিষয়টি নেই, এটাকে সংযোজিত

করার জন্য আমি অনুরোধ করছি স্যার। আমি আর একবার মহামান্য রাজ্যপালের এই ভাষণকে বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

[4.50—5.00 p.m.]

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি রাজ্যপালের ভাষণের উপর বলবার আগে বিরোধী দলনেতা মাননীয় সূর্যকান্ত মিশ্র যে খবরটি, সংবাদটি এই হাউসে রেখেছেন, এই হাউসকে আশ্বস্ত করতে চাই মমতা বন্দ্যোপাধ্যায়ের মুখ্যমন্ত্রীত্বে ঘটনাটি ইতিমধ্যেই সরকারের দৃষ্টিতে এসেছে এবং সরকার সমস্ত বিষয়টিকে নজরে রাখছে ও তার প্রয়োজনীয় ব্যবস্থাও গ্রহণ করেছে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, ভারতীয় সংবিধানের ১৭৬ নং অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের পঞ্চদশ বিধানসভার প্রথম অধিবেশনে পশ্চিমবঙ্গের রাজ্যপাল শ্রী এম. কে. নারায়ণন কর্তৃক প্রদত্ত ভাষণ যে তিনি দিয়েছেন ১৩ জুন ২০১১ তারিখে, তার সমর্থনে এবং প্রায় প্রথম দিন ও দ্বিতীয় দিন মিলে প্রায় ৪০ জনের মতো বক্তব্য সরকারি পক্ষ ও বিরোধী পক্ষ না বলে বলি এই মহতি সভার বিধায়কেরা যা বক্তব্য রেখেছেন তাকে প্রনিধান করে দু-একটি কথা বলতে চাই। প্রথমেই বলি রাজ্যপাল মহোদয় তিনি তাঁর ভাষণে যা বলেছেন তা অত্যন্ত সময়োপযোগী, বাস্তব দৃষ্টিভঙ্গি এবং এই রাজ্যের মা-মাটি-মানুষের লড়াইয়ের প্রেক্ষিতে মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে যে বৃহত্তর মানুষের জোট, সেই জোটের প্রতি মানুষ কি ভাবে সাড়া দিয়েছে, অত্যাচার, নির্যাতন, খুন, সন্ত্রাসকে উপেক্ষা করে বিগত শাসক বর্গের বিরুদ্ধে প্রায় সাড়ে তিন দশক ধরে যাদের বিরুদ্ধে মানুষের ক্ষোভ ধীরে ধীরে জমছিল, সেই জমা ক্ষোভকে মমতা বন্দ্যোপাধ্যায়ের আন্দোলনের মধ্যে দিয়ে তারা বুলেটে নয় ব্যালটেই তার জবাব দিয়েছে। আমরা সেই কারণেই মনে করি আমার বক্তব্য শুরু হওয়া উচিত সেই সমস্ত সিঙ্গুর, নন্দীগ্রাম, নেতাই সহ গণতান্ত্রিক আন্দোলনে শাসক বর্গের হাতে নিপীড়িত, নির্যাতিত ঘরছাড়া অত্যাচারিত মহিলাদের উপর আক্রমণ যে সংগঠিত হয়েছে, তার বিরুদ্ধে যে তারা রায় দিয়েছেন আমি আমার বক্তব্যের প্রাক্কালে তাদের প্রতি শ্রদ্ধা জানাই, সেলাম জানাই এবং তাদের প্রণাম জানাই। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি পুরোটা না শুনলেও ঘর থেকে অনেকের বক্তব্য শুনেছি। সম্ভবত আরো বক্তব্য আগামীকাল শোনা যাবে এবং তার শেষে সমাপ্তি ঘটাবেন আমাদের প্রিয় মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যয়। কিন্তু যেহেতু আমি চলতি অধিবেশনে সরকারি দলের নেতা হিসেবে বক্তব্য রাখছি, তাই আমি আপনাদের যাদের যাদের বক্তব্য শুনেছি সেই বক্তব্যকে মুখ্যমন্ত্রীর কাছে পাঠানো এবং তিনি যখন বক্তব্য রাখবেন যেটা মনে হবে তার নেতা হিসেবে, নেত্রী হিসেবে তিনি তাঁর বক্তব্য রাখবেন। আমি তাঁর সহকারী হিসেবে হাউসে বসে বিধায়কদের বক্তব্য যা শুনেছি তা আমি লিপিবদ্ধ করেছি। এবং তাঁর হাতেও তা তুলে দেওয়া হবে এবং সময়মতো পড়ে তাঁর বক্তব্যে যেটা প্রয়োজন মনে করবেন বলবেন। আমার একটু অবাক লেগেছে। যারা বিগত ৩৪ বছর ধরে শাসক দল হিসেবে ছিলেন তাঁদের এই অধৈর্য্যতার জন্য। আমি দেখছিলাম পুরানো দিনের খাতা-কলমগুলো খুঁজে। এখানে অনেকেই এসেছেন যাঁরা আমাদের এদিককার মতোই নতুন। আমি ভাবছিলাম যে

সূর্যকান্তবাবুর নেতৃত্বে হয়তো তাঁরা প্রশিক্ষিত হবেন। কিন্তু দেখা গেল যখন তাঁরা বলছেন প্রশিক্ষণের ব্যাপারটা এখনও তাঁদের মাথায় ঢোকানো যায়নি। যদি যেত তাহলে তাঁরা বিধানসভার মধ্যে রাজ্যপালের আনীত বিষয়গুলির মধ্যে বক্তব্য রাখতে পারতেন না। অনেকেই রেখেছেন, সবাই যে রাখেননি তা নয়। অনেকেই তাঁদের বক্তব্য রাখতে গেছেন। বিধানসভাটা ভাল বিতর্কের জায়গা হোক। বিধানসভা শুধু আইন সভাই নয়, জনগণের যে ছবি আমরা বিগত নির্বাচনগুলোতে দেখেছি, জনগণ যে ছবিকে অপছন্দ করেছে, তা যদি কেউ বলতে আরম্ভ করে—আমরা যদি তাকে অশ্রদ্ধা করি তাহলে তা ঠিক হবে না। ঠিক একই ভাবে যদি আপনারাও কোনো কথা বলেন, যা ঘটনাত্মক, সেই ঘটনাত্মক কথা যদি এখানে আলোচনা হয়, আমাদের সদস্যদেরকেও বলবো, তা বলতে দেওয়ার জন্য আমরা সকলেই যেন ব্যবস্থা নিই। এবং অধ্যক্ষ মহোদয়কেও বলবো যে, আপনি আমাদের হাউসে রক্ষাকর্তা। আপনি সেই গণতান্ত্রিক রক্ষাকর্তা হিসেবে সেটাকে আপনি সুযোগ করে দেবেন। আমি বহু উদ্বেগের কথা শুনছিলাম আপনাদের মুখে। আমার তো মনে পড়ে না, আজকে ১০ বছর, ১১ বছর হয়ে গেল—বিরোধী নেতা হিসেবে আমি ৫ বছর কাজ করেছি, আমার তো কোনোদিন মনে পড়ে না যে, মুখ্যমন্ত্রী প্রথম দিন থেকেই আমাদের প্রতিনিধিদের ডেকে বলেছেন যে, আমি তোমাদের কথা শুনবো। অথচ মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের প্রথম কাজ—বিরোধী দলনেতা সূর্যকান্ত মিশ্র চিঠি দিলেন—'ডাকুন, আমি এক্ষুনি ওদের সঙ্গে কথা বলবো, দেরি করতে চাই না।' এটাই হচ্ছে গণতন্ত্রের পরম্পরা। এই রাজ্যের গঠনে, পুনর্গঠনে আমরা একমত কেন হতে পারছি না, তা বিশ্লেষণ করা এবং আত্মশুদ্ধির মধ্যে দিয়েই বিরোধী দলনেতা এবং তাঁর নেতৃত্বে যে দল পৌঁছেছিলেন—আমি মনে করি তাঁরা সঠিক সিদ্ধান্তই নিয়েছিলেন এবং সেই কারণে আমি বলবো যে, আগামী দিনেও আমরা সঠিকভাবে, একত্রিতভাবে বাংলার অর্থনৈতিক পুনর্গঠনে, বাংলার বেকারত্ব দূর করতে, বাংলার গণতান্ত্রিক পরিবেশকে—যা কলুষিত হয়েছে, তা আর কলুষিত হতে না দিয়ে, মানুষের রায়কে মাথা পেতে নিয়ে নতুন সরকারকে কাজ করতে দেওয়ার সহযোগিতা করবেন। মাত্র একমাসও পূর্ণ হয়নি এই সরকারের, কিন্তু যেরকম ভাবে সবাই বক্তৃতা দিলেন তাতে মনে হল আমাদের বয়স বোধহয় ৩৪ বছর। বিরোধী দলের প্রাক্তন মন্ত্রী, অত্যন্ত সম্মানীয় ব্যক্তি, আবদুর রেজ্জাক মোল্লা, বিরোধী দলনেতাও এখানে বসে আছেন, আপনারা মুখ্যমন্ত্রীর সঙ্গে কথা বলেছেন, আপনাদের চিঠিতেও কিছু আছে। ৪০ হাজার লোক বাড়ি ছাড়া হয়ে গেছে। আমাদের জানা নেই। তারা বিদেশ থেকে এদেশে আসতে চাইছে কিনা, না এদেশ থেকে বিদেশে চলে যাচ্ছে। ৩০ দিনে ৪০ হাজার লোক ঘরছাড়া হয়ে গেল—এতে টাইম তো লাগে। হয় বলতে হয় বলে বলা, না হয় এই সভাকে বিভ্রান্ত করা। আবার তার সঙ্গে সঙ্গে বলছেন ছেলেমেয়েদের লেখাপড়া বন্ধ।

[5.00—5.10 p.m.]

লেখাপড়াই তো এই রাজ্যে বন্ধ হয়ে গেছে, এটাকে খুলতে চাইছেন মমতা বন্দ্যোপাধ্যায়। বন্ধ হল কবে ? আমি এই কারণেই বলছি, যখন আমরা বক্তব্য রাখছি, আমরা যদি তথ্যের

উপর নির্ভর করে বক্তব্য রাখি, সত্য কথাটা হাউসকে জানাই,—আপনি যখন সুযোগ পাবেন তখন বলবেন। যে কোনো মৃত্যুই আমাদের কাছে মৃত্যু, এ কথা তো মমতা বন্দ্যোপাধ্যায় আজ থেকে বলছেন না, বহুদিন থেকেই বলছেন। আমার দলের লোক মারা যাচ্ছে বলে আমাকে রাস্তায় নামতে হবে, আর অন্য দলকে খুন করে রাস্তায় ফেলে দিলেও বলব এটা সঠিক, এটা বোধহয় নীতিগতভাবে ঠিক নয়। যে কোনো খুন, যে কোনো রক্তপাতই মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে এই সরকার কঠোর হাতে দমন করতে চায়। তাই যাঁরা অনেক কথা বলে গেলেন তাঁদের ইতিহাস জানা উচিত। ১৯৭২ থেকে ৭৭-এর ইতিহাস যেমন আছে, তেমনি ৭৭-এর পরের ইতিহাসটাও আমাদের কাছে আছে। এটা ভুলে গেলে চলবে না যে গত ৩৪ বছরে কয়েক হাজার লোক মারা গেছে। আমি আর বলছি না এই বিষয়ে। হাউস থেকে ৩০ মিনিটের যে সময়টা আমাকে দেওয়া হয়েছে সেটা শুধু ধ্বংসাত্মক আলোচনা না করে গঠনাত্মক আলোচনার দিকে মন দিতে চাই। আমি কয়েকজনের বক্তৃতা শুনেছি যাঁরা এখানে ছিলেন, তাঁদের বক্তৃতার মধ্যে দিয়ে তাঁরা যতই উষ্মা প্রকাশ করুন না কেন কিছু কনস্ট্রাকটিভ কথাও তার মধ্যে আছে, আমরা সেই কনস্ট্রাকটিভ কথাগুলোই বলি না কেন ? যেমন ধরুন কুমারী কুজুর একটু আগেই বললেন, আগের দিন মিঃ বাগদী বলেছিলেন, কিন্তু আপনাদের কথা শুনে মনে হচ্ছে আমরা ৩৪ বছর সরকারে আছি আর আপনারা বিরোধী পক্ষে আছেন। আপনারা নিজেরা যেটা বলছেন সেটা আপনারা নিজেরা করে দেখান। আপনাদের তো একটা স্টেবল গভর্নমেন্ট ছিল। সবাই কংগ্রেসকে দোষ দেয়, কংগ্রেসের স্টেবল গভর্নমেন্ট হয় না—সেন্ট্রালেও পারেন না, অন্য রাজ্যেও পারেন না। কিন্তু আপনারাও পারেননি। এটা স্বীকার করছেন চা বাগানের দুর্দশা। আমি খুব দায়িত্ব নিয়ে বলতে পারি, আমি কলকাতার বুকে তৎকালীন শাসকবর্গের একজন প্রতিনিধিকে জানাই, কিন্তু আপনাদের ঘুম ভাঙেনি। এই বিষয়ে এখানে বহুদিন আলোচনা হয়েছে। চা বাগানের সঙ্গে যুক্ত মানুষেরা—দেবপ্রসাদবাবু বসে আছেন, নির্মলবাবু ছিলেন, কারো নাম আলাদা করে বলতে চাই না—আমরা বলেছিলাম সকলে মিলে যাতে বন্ধ চা-বাগিচাগুলো খোলা যায় সেটা দেখতে হবে। আমরা বলেছিলাম চা বাগিচা শ্রমিকদের হাতে খাদ্য নেই, বস্ত্র নেই, শিক্ষা নেই, আলো নেই, জল নেই, কি করে সেইগুলো দেওয়া যায়। মাননীয় মুখ্যমন্ত্রীকে তখন বলেছিলাম, জানেন মৃত্যুর মিছিল হয়েছে চা-বাগিচায়, সুপ্রিম কোর্ট বলছে, অবস্থা তাই বলছে। কিন্তু তৎকালীন মুখ্যমন্ত্রী বলে গেলেন—না, না, সব বাজে কথা। এই যে জিনিসগুলো, এর মধ্যে না ঢুকে কথা বলা এবং রাজনীতি তাড়িত হয়ে উত্তর দেওয়া—আমাদের সরকার, আমাদের নেত্রীর উপর আস্থাশীল মুখ্যমন্ত্রীর উপর আস্থাশীল, আমরা সেই কাজ করব না। সেইজন্য মাননীয় কুমারী কুজুরকেও বলছি, আপনি সমালোচনার কথা যেটুকু বাদ দিলেন, হয়তো বা নিজেদের থুতু অন্য কারণে ব্যবহার করলেন, কিন্তু আমি ব্যবহার করতে চাই না। এখানে অভাব আছে। অভাব আছে বলেই আমরা এসেছি, মানুষের দুর্দশা আছে বলেই আমরা এসেছি, মানুষ খুন হয়েছে বলেই আমরা এসেছি, নারী পাচার হয়েছে বলেই তো আমরা এসেছি, নারীর ইজ্জত গেছে বলেই তো আমরা এসেছি, শিক্ষাক্ষেত্র নষ্ট হয়েছে বলেই তো আমরা এসেছি, শ্রমজীবী মানুষের

অধিকার কেড়ে নেওয়া হয়েছে বলেই তো আমরা এসেছি, কৃষিজীবীর লাঙ্গল কেড়ে নেওয়া হয়েছে বলেই তো আমরা এসেছি, শিল্প এগিয়ে যায়নি বলেই তো আমরা এসেছি। এই চরম ব্যর্থতার মধ্যে দিয়ে আমরা এখানে এসেছি। এই কারণেই আপনারা পরাজিত হয়েছেন, আমরা এদিকে এসেছি। কিন্তু এখন সেটা ভেবে লাভ নেই, এখন এগিয়ে যেতে হবে। এগিয়ে যাওয়ার সময়ে কি ভাবে উন্নয়ন করা যায়, কিভাবে বাংলাকে একত্রিত রেখে মমতা বন্দ্যোপাধ্যায়ের মুখ্যমন্ত্রীত্বে এই বাংলায় উন্নয়নের শপথ, গণতন্ত্রের শপথ নিয়ে শস্যশ্যামলা বাংলা করা যায় এটাই আমাদের লক্ষ্য। সরকারের লক্ষ্যই সেটা। লক্ষ্যও তাই, দিশাও তাই। মাদারিহাট আমি নিজেও যাই, আপনারা জানেন যে আমি একসময়ে চা-বাগানে জড়িত ছিলাম চাকরি সূত্রে। চা-বাগান সম্পর্কে আমি খুব দুঃখ পেলাম আপনার কথা শুনে যে চা-বাগান নিয়ে অনেক ভাবনা-চিন্তা আমাদের মধ্যে ছিল কিন্তু সেদিকে কেউ গেলেন না। শুধু চা-বাগান নয়, উত্তরবঙ্গের ৬টি জেলা বাঁকুড়া, পুরুলিয়া, পশ্চিম মেদিনীপুর, সুন্দরবন এই রাজ্যের অন্যান্য জেলার থেকে আর্থিকভাবে পিছিয়ে পড়া জেলা। প্রথম লক্ষ্য হওয়া উচিত কেন্দ্রীয় সরকার নয়, প্রথম লক্ষ্য হওয়া উচিত এই জেলাগুলো অন্য জেলাগুলোর সঙ্গে কিভাবে অর্থনৈতিকভাবে একই জায়গায় আসে সেটা দেখা যা আমাদের পূর্ববর্তী সরকার দেখেননি। তাই অভাব হয়েছে ঘনীভূত। উদয়নবাবু বললেন ওখানে আমাদেরও ১১ জন আছে। আপনাদের কেন এগারো জন হবে, ওখানে সকলের জনপ্রতিনিধি আছে। সেই জনপ্রতিনিধিদের মধ্যে আপনি এগারো হতে পারেন। কিন্তু আপনার কথাও শোনা হবে। আসলে আপনারা একটা বেল পাকারও সময় দিতে চান না। গাছের দিকে তাকিয়ে আছেন কখন বেলটা পড়বে নেব আবার যাব। এতো হয় না। মুখ্যমন্ত্রীর উপর আস্থা রাখুন, ভরসা রাখুন। মানুষ ভরসা রেখেছে কিন্তু আপনারা গুটিকয়েক লোক এসেছেন এখানে ভরসা রাখতে পারছেন না। ভরসা রাখুন। আমি কেন বলছি উত্তরবঙ্গের আপনি সদস্য ঘোষণা করা হয়েছে ? করা হয়নি। অথচ আপনি বলে দিলেন। আমাকে বাধা দেবেন না। আমি আপনাকেও জানি। আপনি বলছিলেন তখন বাধা দিচ্ছিল, আমি তাদের বলেছি বাধা না দিতে। একটু ধৈর্য্য ধরে শুনুন। অনেকদিন তো ধৈর্য্য ধরে শুনেছেন। আপনি কমলবাবুর সুপুত্র। সুতরাং আপনার কাছে আর একটু ধৈর্য্য আশা করব আমি। অবাক হয়ে গেলেন এবং আমার কাছে একটা ভাল জিনিস বলেছেন। এখানে তার রেকর্ডও আছে। আপনি বললেন মুখ্যমন্ত্রী আবার নতুন কথা কি বললেন ? বিদ্যুৎ ৩৭৯ টাকা করে দিলেই তো সবাই পাচ্ছে। হাজার হাজার লোক পাচ্ছে। আপনার হাজার হাজারের সঙ্গে সাড়ে আট কোটি মানুষ সেন্সাসে এখন আছে। যদি পরিবারগুলোকে ধরেন তারা কি পাচ্ছে ? আমরা যেন কুয়োর ব্যাঙ, নিজেরটুকুই জানি অন্যেরটুকু জানতে চাই না। তাই আপনি এখানে আপনার কথাটাকে রেকর্ড করাতে চেয়েছেন। হাজার হাজার বলেছেন নির্দিষ্ট সংখ্যা দিতে পারেননি। আপনারাও আমলাদের উপরে নির্ভর করে বলছেন। আর আপনারা এটা ভুলে গেলেন যে ৩৪ বছরে তো কমপ্লিটই করে দেওয়ার কথা ছিল। আমাদের হাতে তো কিছুই থাকার কথা ছিল না। কিন্তু এত বেশি আবর্জনা রেখে যাওয়ার ফলে প্রথমে আবর্জনাকে সরাতে হবে, তারপরে বাংলাকে নতুনপথে নিয়ে যেতে হবে। আমি আশ্বস্ত করতে চাই

কুমারী কুজুরকে যে চা-বাগান ডুয়ার্সবাসীর জীবনকে বিপন্ন করবেন না। আপনাদের জীবন বিপন্ন হবে না যতক্ষণ মমতা বন্দ্যোপাধ্যায় এই রাজ্যের মুখ্যমন্ত্রী আছেন। আমি একটু অবাকই হচ্ছি, আমি কারো নাম করছি না। একটু অবাকই হচ্ছি যখন সুখবিলাসবাবু এখানে বক্তৃতা রেখে কিছুটা হলেও আদিবাসী এবং তফসিলি জাতির সংখ্যা বলেছেন। আপনাদের এক মহিলা মন্ত্রী ছিলেন, এখনও সদস্যা আছেন, আমি খুঁজছি তাকে, তিনি আজকে এখানে নেই। তাঁর সঙ্গে এক কোটি চল্লিশ হাজার লোকের হিসাবটা পাচ্ছি না আর কি। ওটাও আমার একটু জানার ইচ্ছা ছিল। এখানে দাঁড়িয়ে হয়তো ক্ল্যারিফিকেশন দিতে পারতেন। এর পরে আসি আমাদের একমাত্র এস.ইউ.সি.আই.-এর একমাত্র সদস্য, অত্যন্ত সুবক্তা এবং তথ্য সমৃদ্ধ কথাবার্তা বলে থাকেন। তাঁকে আমি জানাই আপনি যে কথাগুলো বললেন আমার মনে হয়, রাজ্যপালের ভাষণের ১১ নম্বর অনুচ্ছেদ যদি পড়েন—শ্রমিক আন্দোলন। শ্রমিক আন্দোলন হয়েছে।

[5.10—5.20 p.m.]

জঙ্গি শ্রমিক আন্দোলন হয়েছে। আপনি বলতে পারেন তার থেকেও বড় ত্রুটিপূর্ণ শিল্পনীতি এবং শ্রমনীতি। তার কথা তো বলা আছে। রাজ্যপাল মহোদয় তো স্বীকার করেছেন। এমন তো নয়, তিনি বলেছেন এটা যে শ্রমিক আন্দোলনের জন্য এ রাজ্যের কলকারখানা বন্ধ হয়ে গেছে। তা তো বলেননি। রাজ্যপাল মহোদয় বলেছেন শ্রমিক আন্দোলন এবং ত্রুটিপূর্ণ শিল্পনীতি এবং শ্রমনীতির ফলে বহুসংখ্যক বড় এবং ছোট কলকারখানা বন্ধ হয়ে গেছে। আমাদের সরকার মমতা ব্যানার্জীর নেতৃত্বে শিল্পের পুনরুজ্জীবনে উৎসাহী। বন্ধ করে নয়, কি করে তা বাঁচানো যায়, কি করে শ্রমজীবী মানুষকে দু-মুঠো ভাত দেওয়া যায়, হাতে কাজ দেওয়া যায়, তার লক্ষ্যে এগিয়ে চলেছি। দ্বিতীয়তঃ আপনি আর একটি জিনিস বলেছেন তরুণবাবু উৎসাহিত হয়ে। আমি তাই দেখছিলাম আপনার কথা। খুন জখমের একটা প্রশ্ন তুলেছেন। এটাও রাজ্যপাল মহোদয়ের ভাষণে আমি নিজে পড়ছিলাম। সেখানেও দেখলাম আপনার এই উদ্বেগের কথা অত্যন্ত ভালোভাবেই বলা আছে। এবং ইতিমধ্যেই অনুচ্ছেদ '৯' পড়বেন। এবং অনুচ্ছেদ '৬' পড়বেন। আপনার উদ্বেগ অন্তত প্রশমিত হবে। এবং শ্রমজীবী মানুষের অধিকার সম্পর্কে অনুচ্ছেদ '৭' পড়বেন। এবার আসি কোন সময়ে বোধহয় আপনাদের সূর্যকান্তবাবুও বলতে পারেন। বা অন্য কোনো সদস্য আমি জানি না। সূর্য্যকান্তবাবু তো এখনও বলেননি, জানি না বিলের সময়ে বলেছেন কিনা, ভুলে গেছি। মার্জনা করবেন। আপনারা ৭৭ সালে এসে রাজনৈতিক বন্দীদের সব ছেড়ে দিলেন। খোল খোল দ্বার বলে সবাইকে মুক্তি দিয়ে দিলেন। প্রসিডিওর তো একটা ছিল বটে, নাকি না ছিল না ! এমনভাবে বললেন যে সব পূর্বতন সরকার সিদ্ধার্থবাবুর সরকার যে অন্যায় করেছে, সেই অন্যায় করে রাজনৈতিক বন্দীদের রেখে দিয়েছিল জেলে, 'আমরা এসে জেলের দরজা খুলে দিলাম।' তা তো নয় ! আমি তো দেখেছি আপনাদের সময়কার নথিপত্র। আমাদের মনে পড়ে যে, এই ৩৪ বছরের শাসনের সরকার শোষণের রাস্তা নিয়েছে। ক্ষমতার অপব্যবহার করেছে। রাজনৈতিক কর্মীদেরকে নিয়ে হার্মাদ বাহিনী তৈরি

করেছে। প্রশাসনের একাংশকে দলের কাজে ব্যবহার করেছে। গণতান্ত্রিক পরিবেশকে তারা কলুষিত করেছে। এটা একদিনে হয়নি। ঠিকই বলেছেন, ৩৪ বছরেতে হয়েছে। তাই মানুষ কি করে আপনাদেরকে ভোট দেয়। এটা হতে হতে হতে হতে সহ্যের সীমা ছাড়িয়ে গেছে। এবং তার থেকেও বড় কথা নেতৃত্ব দেবার কথা। মমতা ব্যানার্জী নেতৃত্ব দেবার ক্ষমতা দেখিয়েছে। হাজরার মোড়ে তাঁকে হত্যা করবার চেষ্টা করা হয়েছিল মাথায় ডান্ডা মেরে—থেমে থাকেনি। মহাকরণ থেকে চ্যাংদোলা করে নামিয়ে ফেলা হয়েছিল—থেমে থাকেননি। ২৬ দিনের জন্য অনশন করেছিলেন কৃষকের জমি রক্ষা করার জন্য সিঙ্গুরে থেমে থাকেননি। ১৫ দিনের জন্য ধরনা দিয়েছিলেন। ১৯৯৩ সালে যুব কংগ্রেসের নেত্রী হিসাবে তিনি বলেছিলেন নো আইডেনটিটি, নো ভোট। ১৩ জন পুলিশের হাতে নিহত হয়েছিলেন। আমরা এগুলিকে ভুলে যেতে চাই। কেন না এগুলিকে মাপতে মাপতে যদি সময় নষ্ট হয়, আমাদের কাছে সে সময় নেই। যে সময় নষ্ট করেছেন আপনারা। সুযোগ ছিল আপনাদের কাছে। ইউ হ্যাভ মিসড দ্য বাস। আমরা এখন অন্তত যদি একটা ছোটো মিনি পাই, তাতেই উঠে যাব। কেন না আমাদের এখন আর বাস মিস করবার সময় নেই। তাই আপনাদের কাছে ক্রেডিটটা বললেন আমার সরকার নিয়েছিলেন, না সেই সরকারের প্রধান হিসাবে অন্তত লাস্ট ১০ বছরে যা আমরা দেখলাম পুলিশই আপনাদের শ্রেষ্ঠ অস্ত্র হয়ে দাঁড়িয়েছিল। তাই জঙ্গলমহলে বুলেটের ঝনঝনি, বারুদের গন্ধ। চাল নেই। ভাত পাওয়া যায় না। আপনারাই এককালে বলতেন ফ্যান দাও। মা ফ্যান দাও মন্বন্তরের। জঙ্গলমহলের লোকরা বলে ভাত দাও মুরগা মা। ভাত দাও বুলেট দিয়ে আমাদের মেরে ফেল না। আমরা যেকোনো খুনের রাজনীতির বিরুদ্ধে। যে কোনো রক্তপাতের বিরুদ্ধে। গণতান্ত্রিক আন্দোলনে বিশ্বাসী আমাদের দল। বারেবারে নেত্রী যে সাহস দেখিয়েছেন, বিগত সরকারের আমলে আমরা সেই সাহস দেখিনি। আমরা তো আপনাদের ৩৪ বছরের কোনো হিসেবের খারাপ কথা কিছু বলিনি। রাজ্যপালের ওপর উষ্মা কেন ? অনেকে বললেন, এটা তৃণমূলের বোধহয় ইস্তাহার। আমি বলতাম বলে বোধহয় আপনারা বললেন, ওটা বললে বোধহয় সুট হয়। এটা তো ইস্তাহার নয়। ইস্তাহারে কর্মসূচির কথা থাকে, কর্মসূচির কথা থাকে। যে কর্মসূচি এবং কাজ আমাদের দিশা, আমাদের ওয়াচ ডগ্। এই প্রতিশ্রুতি মানুষকে দিয়েছি। সেই প্রতিশ্রুতি পালনটা বিধানসভায় এসে ভুলে যাওয়াটা হয়তো আপনাদের কাজ। মমতা বন্দ্যোপাধ্যায়ের সেই কাজ নয়, প্রতিশ্রুতি পালনটাই তাঁর কাছে প্রধান কাজ। সেই কারণে ছত্রে ছত্রে তাই বলেছেন। আমি আপনাদের কাছে বিনয়ের সঙ্গে বলব, আমি দেখছিলাম, আপনাদের ১৯৭৭ সাল। সরকার তো কোনোদিন ৭৭ সালে এসে শুধুমাত্র বিগত সরকারের গণতান্ত্রিক আন্দোলনে হত্যার কথা, এর কথা, তার কথা বলেছেন। কিন্তু কাজের কথা তো কিছু বলেননি। এখানে রাজ্যপাল মহোদয় মন্ত্রীসভার কাজকর্ম দেখে ১৪ দফার কথা বলেছেন। ১৪ দিনে ১৪ দফা। আপনাদের আমলে ১৪ বছরেও হয়নি তা। যা ১৪ বছরে হয়নি, তা তিনি ১৪ দিনে এখানে দেখালেন। কোথায়, আপনাদের থেকে তো সেই ব্যাপারে একটা অভিনন্দন পাওয়া দরকার ছিল। এই রাজ্য তো আপনাদেরও, এই রাজ্য তো সকলের। সেই অভিনন্দন তো আপনারা তাঁকে দেননি। আপনারা অনেকে বলেছেন এখানে আবার নির্বাচন নিয়ে। নির্বাচন নিয়ে রাজ্যপাল মহোদয় যে কথা বলেছেন, তার সঙ্গে

অসঙ্গতি কোথায় ? বিগত নির্বাচনে কারচুপির ঘটনা, সাইন্টিফিক রিগিং-এর ব্যাপারে একজন বলেও আবার জিভ কেটে ফেলেছেন যে, বললাম কেন ? আপনারাও জানেন এখানে বড় ধরনের কোনো ঘটনা ঘটেনি। নির্বাচনে আপনারা নিজেরাও বহুবার দিল্লি ঘুরেছেন, বহুবার কুরেশিজী সাহেবের কাছে গেছেন, বহুবার রাজ্য দপ্তরে গেছেন। কিন্তু বড় ধরনের কোনো গণ্ডোগোলের কথা, বড় ধরনের কোনো ভোটার তালিকায় ভুল আছে এটা প্রমাণও করতে পারেননি, বলেনওনি। সুতরাং স্বাভাবিকভাবেই রাজ্যপাল মহোদয় যে কথাটা বলেছেন তার সঙ্গে বাস্তবের যোগ আছে বলেই তিনি এটা বলেছেন, আমি তা পূর্ণ সমর্থন করি। আমরা আশা করেছিলাম যে, আপনারা কিছু ভাল ভাল কথা বলবেন। কেননা আপনারা তো "আমরা চলি সমুখ পানে, কে আমাদের রুখবে।" শিল্প আমাদের ভবিষ্যৎ, কৃষি আমাদের ভিত্তি। কি ভবিষ্যৎ করেছেন দেখুন তথ্য-প্রযুক্তির। আমি নিজে আপনাদের—আজকে এখানে বলব না। কালকে শিল্প মিট্ আছে। মুখ্যমন্ত্রী নিজেই সেটা বলবেন। আপনাদের এই যে গালভরা অসত্য ভাষণ তৈরি করে কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি ডিপার্টমেন্টকে দেওয়া, এ বোধহয় আপনাদের ফানুস আবার ফুটো করবার ব্যবস্থা হবে, এটা কতটা অসত্য ছিল। সত্য কথা সত্য ভাবেই বলা দরকার। আমি গরিব বলতে অসুবিধা কি আছে ? আমি পারিনি বলতে অসুবিধা কি আছে? আমি পারবো, এটা বলার দরকার ছিল। কিন্তু আপনারা তা বলেননি। কারণ আপনাদের ঔদ্ধত্য, আপনাদের সংখ্যাধিক্য, আপনাদের গণতন্ত্রের প্রতি অমর্যাদা, আর বিরোধী নেত্রীর প্রতি আপনাদের বিদ্বেষ ছাড়া কোনো কর্মসূচি ছিল না। তাই রাজ্যের মানুষ আপনাদেরকে রাজনৈতিকভাবে ব্যালটের মধ্যে দিয়ে তার ব্যবস্থা করেছেন। আপনারা এই ১৪ দফার মধ্যে কি কোনো ভুল পেয়েছেন ? কেউ তো একজনও বললেন না। কাল থেকে হয়তো আমার বলার পরে আপনারা বলবেন। এই যে ১৪ দফা, ইতিমধ্যেই আমার সরকার যে সমস্ত বিষয়ে সিদ্ধান্ত নিয়েছে, সেগুলো ১৪ দফায়। এটা কি রাজ্যপাল ইংরেজিতে বলেছেন বলে বুঝতে অসুবিধা হয়েছে ? কেননা ১৭ বছর ধরে ইংরেজি বন্ধ ছিল তাই ? এটা তো আমরা পড়েছি। আবার কি মুশকিল দেখুন, রাজ্যপাল আবার ইংরেজি ভার্সন চান, আপনারা আবার বাংলা ভার্সন চান এবং বাংলাটা থাকাই ভাল, সবাই বুঝতে পারে। ইংরেজি থাকুক। তা বাংলাটা ছিল, পড়লেন না কেন ? পড়ে বললেন না কেন ? বিনা বিচারে আটক রাজনৈতিক বন্দীদের মুক্তির ব্যবস্থা করা। সেই উদ্দেশ্যে আমার সরকার ইতিমধ্যেই একটি কমিটি গঠন করেছেন। আপনারা কি কমিটি চান না ? দাঁড়িয়ে উঠে বলুন না যে, আমরা কিছুই চাই না। তখন প্রশ্ন আছে। আমরা সহমতের ভিত্তিতে এই রাজ্যে মমতা ব্যানার্জীর নেতৃত্বে সুশাসন দিতে চাই। আপনারা সেই সুশাসনটা দিন। দিতে সাহায্য করুন, ভুল হলে বলুন। আপনাদের রাজনৈতিক চিন্তাবোধ, আদর্শবোধ আলাদা হতে পারে, কিন্তু রাজ্যের উন্নয়নের তো একটা বোধ আছে।

[5.20—5.30 p.m.]

মিঃ স্পীকার : মাননীয় মন্ত্রী মহোদয়ের আর কি সময় লাগবে ?

শ্রী পার্থ চ্যাটার্জী : আর ৫ মিনিট লাগবে। আমার সরকার জমি নীতি করার সিদ্ধান্ত নিয়েছে, কালকে দেখেছেন যে জমি নীতির সম্পর্কে ইতিমধ্যে খসড়া জমা পড়েছে মুখ্যমন্ত্রীর কাছে। প্রতিটি ইস্যুতে আপনারা ইস্যু-ওয়াইজ আলোচনা করতে পারতেন। আমার আপনাদের কাছে এইটুকুই আশা যে আপনারা শুধুমাত্র রাজনৈতিক অঙ্গনে সংবাদপত্রে শিরোনামে না গিয়ে বাংলায় কাজের মধ্যে দিয়ে শিরোনামে গেলে বোধহয় বাংলাটা সবচেয়ে বেশি উপকৃত হবে।

মিঃ স্পীকার : মাননীয় সদস্যগণ, মাননীয় মন্ত্রী আবেদন করলেন, আমি ৫ মিনিট সময় বাড়িয়ে দিলাম।

শ্রী পার্থ চ্যাটার্জী : দ্বিতীয়ত আপনাদের যা উৎকণ্ঠা, মাননীয়া মুখ্যমন্ত্রী সেই উৎকণ্ঠাগুলো দূর করতে পারেন তখনই যদি যে যাঁর অংশ বলে আপনারা বলছেন আমরা করছি—আজও আমাদের এক কর্মী মারা গেলেন—নিশ্চয় আপনি সেটা চান না। তীরে বিদ্ধ হয়ে পি.জি.-তে ছিলেন আজকে শেষ নিশ্বাস ত্যাগ করলেন। ওই যে ঘরবাড়ি ভাঙছে, লোক চলে যাচ্ছে তালিকা প্রস্তুত করে দিন, এতো মুখ্যমন্ত্রী বলেছেন। তা সত্ত্বেও এখানে কেউ বলতে হবে বলে বললেন। কেউ কেউ একেবারে রণং দেহি হিসাবে আসলেন, দৌড়ে আসতে হল। আমরা বলছি এই রাজ্যে যেন রক্তপাত না হয়। অনেক হয়েছে আর না। অনেক সন্ত্রাস হয়েছে আর না। অনেক খুন হয়েছে আর না। অনেক রক্ত বয়েছে, আর না। অনেক মায়ের কোল খালি হয়েছে, আর না। আপনারা আসুন, একত্রিত হয়ে বাংলাকে নতুন সরকারের নেতৃত্বে কাজ করবার সুযোগ করে দিন। আসলে অধৈর্য্যতার কারণ বুঝি, এতদিন ঘুরেছেন তো ৩৪ বছর ধরে লালবাতি-টালবাতি নিয়ে। এত তাড়াতাড়ি লালবাতি চলে যাবে, এখন তারা কি ভাবছেন ? ক্ষমতা হারানোর জন্য কি এইগুলো হচ্ছে ? হ্যা, সাইকোলজিস্টরা তাই বলে। কিন্তু আপনারা তার মধ্যে পড়বেন না। আমরা বলছি আপনাদের সাহায্য চাই, আপনাদের সহযোগিতা চাই, আপনাদের গঠনাত্মক আলোচনা নিয়ে যাবে এই বাংলাকে। আমি আবার বলি বিরোধীদের আনা সমস্ত অ্যামেন্ডমেন্টগুলো বাতিল করবার জন্য এবং রাজ্যপালের দেওয়া ভাষণকে অনুমোদন দেওয়ার জন্য আমি এই সভাকে সর্বসম্মতিক্রমে যাতে গৃহীত হয় তার আবেদন জানাই।

Adjournment

The House was then adjourned at 5.23 p.m. till 11.00 a.m. on Friday, the 17th June, 2011 at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Friday, the 17th June, 2011 at 11.00 a.m.

PRESENT

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 32 Ministers, 07 Ministers of State and 223 Members.

[11.00–11.10 a.m.]

...(Voice from the Opposition Benches : স্যার, কোরাম নেই। আজকে কোরাম নেই।)...

শ্রী পার্থ চ্যাটার্জী : কে বলল নেই ? কোরাম আছে। আপনাদের নিজেদের কোরাম আছে ? আজকে কোরাম আছে। চুপ করে বসুন। আগে শিখতে হবে। আগে শিখতে হবে। Leader of Opposition এখানে রয়েছেন।

Mr. Speaker : কোরাম আছে। Therefore, I take up the business.

Hon'ble Members, due to inclement weather I find several Members have not yet turned up. Therefore, election of Dy. Speaker which was fixed at 11 a.m. today, I shall take up the matter after discussion on Governor's address and adoption of the motion of thanks.

CALLING ATTENTION

Mr. Speaker : Today I have received three notices of Calling Attention on the following subjects, namely :

	Subject	Name
(i)	Steps taken by the Government to combat natural calamities in the State	: Shri Asit Kumar Mal
(ii)	Alleged non-delivery of Metro Dairy milk due to agitation by CITU on 15.06.2011	: Shri Kashinath Mishra and Shri Rabindranath Ghosh

(iii) Alleged ill treatment on the people of Harischandrapur, Malda by para-military forces : Shri Tajmul Hossain

(iv) Incident of trawler capsize in Bay of Bengal on 15.06.2011 : Shri Rabindranath Ghosh

I have selected the notice of Shri Rabindranath Ghosh on the subject of trawler capsize in the Bay of Bengal on 15.06.2011.

The Minister-in-Charge may please make a statement to day, if possible or give a date.

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি মাননীয়া মুখ্যমন্ত্রীর সঙ্গে পরামর্শ করেছি। আজকে তিনি সেকেন্ড হাফে এখানে আসছেন। তখন জানিয়ে দেব যে কোন দিন, তিনি যদি তখনও বলতে চান বলতে পারেন বা তিনি যদি সময় চান আপনাদের জানাবেন।

LAYING OF REPORT

The Audit Report on the Accounts of the West Bengal Comprehensive Area Development Corporation for the years 2006-2007 and 2007-2008.

Shri Chandranath Sinha : Sir, I beg to lay the Audit Report on the Accounts of the West Bengal Comprehensive Area Development Corporation for the years 2006-2007 and 2007-2008.

MENTION CASES

Mr. Speaker : Today I have received altogether 19 (nineteen) mention cases, sixteen from the ruling party and three from the Opposition party. Today being Friday all mention cases cannot be taken. Therefore I am taking some of them....(Pause).... A request has been made from the treasury bench to allow all the mention cases. Therefore I am allowing.

শ্রী অসিত কুমার মাল : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজ থেকে এক বছর আগে থেকেই পশ্চিমবাংলার আইনশৃঙ্খলার যখন চরম অবনতি ঘটে তখন আমরা যারা বিরোধী দলে ছিলাম, সরকারের কাছে একটা অনুরোধ করেছিলাম যে, আইন ব্যবস্থাটা, প্রশাসনের ব্যবস্থাটা একটা রাজনৈতিক দলের হাতে চলে গিয়েছে। রাজ্যের আইনশৃঙ্খলা বজায় রাখার জন্য আপনি অস্ত্র উদ্ধারের ব্যবস্থা করুন এবং আমরা যারা ভারতীয় জাতীয় কংগ্রেস এবং

সর্বভারতীয় তৃণমূল কংগ্রেস, অন্যান্য বিরোধী রাজনৈতিক দল যারা আছে তাদের কার্যত প্রথম আপনারা যদি কোথাও অস্ত্র পাওয়া যায় তাদের অস্ত্র উদ্ধার করুন এবং অ্যারেস্ট করুন বলেছিলাম। তারপরে আপনাদের পার্টির লোকজনের কোথায় যদি অস্ত্র পাওয়া যায় সেটা আপনারা দেখুন। এই করতে করতে চরমতম অবনতির পরেও রাজ্য সরকার কান দেয়নি, ইতিমধ্যেই নতুন সরকার মানুষের আশীর্বাদ নিয়ে, মা-মাটি-মানুষের সরকার এসেছে, আসার পরে দেখা যাচ্ছে, যারা রাজনৈতিক সন্ত্রাস তৈরি করেছিল এই রাজ্যে তাদের বাড়িতে, বাড়ির পাশে অনেক অস্ত্র উদ্ধার হচ্ছে। রাজনৈতিক দল বিরোধী দলে যারা আজকে আছেন তারা একটা দাবি করছেন যে, সরকার নতুনভাবে ক্ষমতায় আসার পরে, আমাদের অন্যায় করে অস্ত্র ভরে দিয়ে অস্ত্র উদ্ধার করা হচ্ছে। কিন্তু এখন দেখছি স্যার, অধিকাংশ রাজনৈতিক দলের নেতৃত্ব এমনকি এম এল এ কিংবা মন্ত্রী তাদের বাড়ির পাশে বহু মানুষের মৃত কঙ্কাল পাওয়া যাচ্ছে। এবং সে কঙ্কাল প্রতিদিন উদ্ধার করা হচ্ছে। আমি আপনার মাধ্যমে বলতে চাই, মাননীয়া মুখ্যমন্ত্রী তথা পুলিশমন্ত্রীর কাছে, সারা পশ্চিমবাংলায় যারা অরাজকতা সৃষ্টি করেছিল, যারা খুন করেছিল, জখম করেছিল, পার্টির হাতে অস্ত্র তুলে দিয়েছিল, মানুষকে খুন করে গর্তে পুঁতে দিয়েছিল, যে কঙ্কাল উদ্ধার হয়েছে (নয়েজ) সেই যাদের—তাদের আইনগত ব্যবস্থা নেওয়ার জন্য আমি অনুরোধ করছি।

Shri K. P. Singh Deo : Hon'ble Speaker, Sir, I would like to draw your kind attention about Purulia Sadar Hospital where I reside in my constituency. The Hospital consists of 500 beds and there is no intensive care unit, there is no burn unit although government has sanctioned the money, and the materials are there. And there is only one OT for the Hospital. As a result the gyne, ortho and the general treatment canot take place. My grandfather built it in 1990 with 100 beds. Today it is 2011 with 500 beds but with the same facilities. No service is being rendered. It is catering 20 blocks and so that is not sufficient. Under the present condition, it is very shabby and distressed. I draw the kind attention of the minister-in-charge to make immediately availability of certain facilities, otherwise everybody is referred to Bankura for every little bit of treatment. There's a homoeopathic college which catered the entire district which has been closed down by the previous government ; that needs to be re-opened for the immediate service in the block.

Mr. Speaker : Please, conclude, please.

Shri K. P. Singh Deo : Sir, also there's one block primary health service at Chainpur that had been demolished which was built up in 1972.

শ্রী তজমুল হোসেন : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয়া স্বাস্থ্যমন্ত্রী তথা মাননীয়া মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি স্যার। স্যার, আমি মফস্বল থেকে নির্বাচিত হয়ে এসেছি, কলকাতায় যে সমস্ত মেডিক্যাল কলেজ, হাসপাতালগুলো রয়েছে, যেমন, পি জি হাসপাতাল, আর জি কর মেডিক্যাল কলেজ হাসপাতাল, নীলরতন হাসপাতাল, কলকাতায় মেডিক্যাল কলেজ হাসপাতাল প্রভৃতি হাসপাতালগুলোতে, যখন গ্রামের রোগীরা আসেন, তারা কিন্তু সহজে ভর্তি হতে পারে না। এমন কি এমার্জেন্সিতে গিয়েও তারা ভর্তি হতে পারে না। তাদেরকে হয়রানির শিকার হতে হয়। স্যার, আপনি জানেন, রাজ্যের গ্রামাঞ্চলের সব হাসপাতালে উন্নতমানের চিকিৎসা না থাকার দরুন এই সমস্ত রোগীদেরকে কলেজ হাসপাতালে আসতে হয়। এমন কি বিধায়কের চিঠি আনা সত্ত্বেও তাদেরকে গুরুত্ব দেওয়া হয় না। তাই স্যার, আপনার মাধ্যমে আমার অনুরোধ, যে গ্রামের মানুষরা এই কলেজ হাসপাতালগুলোতে যাতে সহজে ভর্তি হতে পারেন এবং সুচিকিৎসা পায় তার বন্দোবস্ত করার জন্য মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ধন্যবাদ স্যার।

[11.10–11.20 a.m.]

শ্রী ভূষণ চন্দ্র দোলুই : মিঃ স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্রে কংসাবতী নদীর উপরে বহু আন্দোলনের ফলে একটা পাকা সেতু নির্মিত হয়েছে, আজ থেকে ১৪ বছর আগে এবং সেখানে পূর্বদিকে অ্যাপ্রোচ রোডটা হয়ে গেছে ; কিন্তু পশ্চিমদিকে অ্যাপ্রোচ রোডটা আজও পর্যন্ত হয়নি। ওখানে হেরিটেজ আছে—ময়না রাজবাড়ি, যেন ভারতবর্ষের একটা দারুণ নিদর্শন, ডাবল পরিখা দিয়ে সেখানে রাজবাড়ি আছে। প্রাচীন নিদর্শনও অনেক আছে। শেষ পর্যন্ত, একটা ফ্লাই ওভার দিয়ে পশ্চিমদিকে অর্থাৎ ময়নার অংশে সংযোগকারী রাস্তার একটা পরিকল্পনা নেওয়া হয়েছে এবং বিগত ২০০৯ সালে সেটা আমাদের ওখানকার একজিকিউটিভ ইঞ্জিনিয়ারের কাছ থেকে চিফ ইঞ্জিনিয়ারের কাছে এসেছে। আজ পর্যন্ত সেটা রূপায়ণের জন্য কোনো উল্লেখযোগ্য পদক্ষেপ নেওয়া হয়নি। আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবিলম্বে সেখানে আমাদের অ্যাপ্রোচ রোডটি হয়, কারণ এটার অভাবে মানুষ খুব দুর্ভোগে পড়েছেন, অ্যাকসিডেন্ট হচ্ছে অনেক, সেখানে স্কুল আছে, মেয়েদের স্কুল আছে, ছেলেদের স্কুল আছে, কলেজ আছে, হাসপাতাল আছে।

শ্রী বাসুদেব খান : মাননীয় অধ্যক্ষ মহোদয়, শিক্ষার পরিবেশ বজায় রাখা এবং ছাত্রছাত্রী শিক্ষকমণ্ডলীর নিরাপত্তার স্বার্থে মাননীয় স্পীকার আপনার মাধ্যমে মাননীয় শিক্ষা, উচ্চ শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। বিধানসভার নির্বাচনের ফল প্রকাশের পর থেকেই বিভিন্ন এলাকায় শিক্ষা, শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে যেভাবে ছাত্রছাত্রীর উপর আক্রমণ হচ্ছে, তার জন্য আমরা উদ্বেগ প্রকাশ করছি। ইতিমধ্যেই বর্ধমানে তিনটে নির্বাচিত ছাত্র সংসদ দখল করেছে। দুর্গাপুরে তিনটি ছাত্র সংসদ নির্বাচিত, সেখানেও দখল করা হয়েছে। বর্ধমানে বিবেকানন্দ ছাত্র সংসদে মনীষীদের ফটো সেখান থেকে নামিয়ে দিয়ে ব্যক্তিগত রাজনৈতিক ফটো সেখানে তোলা হচ্ছে। যারা হচ্ছে, আগামী দিনে পরীক্ষা দেবে

কলেজগুলিতে, ছাত্রছাত্রীরা, বামপন্থী যারা মনোভাবাপন্ন আছে তারা অ্যাডমিটকার্ডগুলি নিতে পারছে না, তাদেরকে ভয় ভীতি পরিবেশন করা হচ্ছে। ধন্যবাদ।

শ্রী গুলশন মল্লিক : মাননীয় স্পীকার মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্রে দুইটি ব্রিজ—একটা রাজাপুর ক্যানেলের ওপর সুভর আড়া গ্রাম পঞ্চায়েত সাহাপাড়ার কাছে এবং অপরটা কানা নদীর ওপরে তেঁতুলবেড়িয়া গ্রামের কাছে, এই দুইটি ব্রিজ সম্পূর্ণভাবে ভেঙে নষ্ট হয়ে পড়ে গেছে দীর্ঘ দু-আড়াই বছর। সেই ব্রিজ দুটি আজও নির্মাণ হল না। বাম জমানায় এত কাজ করেছে সেইজন্য মানুষকে এখন প্রায় অনেক দূর দিয়ে যাতায়াত করতে হচ্ছে। স্কুলের ছাত্রছাত্রী এবং সাধারণ মানুষ হাসপাতালে যাবে, সেখানে যাবার জন্য তাদের রাস্তার অনেক দূর দিয়ে যাতায়াত করতে হচ্ছে। তাই আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি অবিলম্বে এই ব্রিজ দুটি নির্মাণ করার জন্য।

শ্রী স্বপন দেবনাথ : সম্মানীয় অধ্যক্ষ মহোদয়, আমি বর্ধমান জেলার পূর্বস্থলী দক্ষিণ কেন্দ্র থেকে নির্বাচিত। আমার পঞ্চায়েত সমিতিও তৃণমূল কংগ্রেস পরিচালিত। সেই অপরাধেই প্রায় দু বছর আর্সেনিক কবলিত এলাকার মানুষ আমি। আমার বিধানসভা কেন্দ্রে নাদাই গ্রাম পঞ্চায়েতে একটি জল প্রকল্প জমা পড়েছে নিয়মমাফিক। সামনে পঞ্চায়েত সমিতি তা দাখিল করেছেন, পি এইচ ই-ও তাদের রিপোর্টের কাজ সম্পন্ন করেছেন। কিন্তু একমাত্র বিরোধী বলেই সেই জল প্রকল্পটা আজও শুরু হয়নি। সে বিষয়ে আমি বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ধন্যবাদ।

শ্রী তপন চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি পূর্বস্থলী উত্তর কেন্দ্রের বিধায়ক। পূর্বস্থলী বি পি এইচ সি-তে ৩০টি শয্যার ব্যবস্থা থাকলেও তার কোনোরূপ পরিষেবা মানুষ পায় না। নামেই তিনজন ডাক্তার আছেন। ডেন্টাল ডাক্তার থাকা সত্ত্বেও দাঁতের চিকিৎসার কোনো ব্যবস্থা নেই। এই বি পি এইচ সি-র অধীনে যে সমস্ত পি এইচ সি আছে সেখানেও কোনো পরিষেবা নেই। ডাক্তার অনিয়মিত। এই করুণ অবস্থার পরিবর্তন চেয়ে সাধারণ মানুষের চিকিৎসার সুব্যবস্থা করার জন্য বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। নমস্কার।

শ্রী বাসুদেব মেটে : মাননীয় স্পীকার এবং মাননীয় রাজ্যপাল এবং আজকের এই বিধানসভায় সকল সদস্যবৃন্দ। আমি আমার এলাকায় একটি বিশেষ বিষয় তুলে ধরতে চাই। নির্বাচন ঘোষণার পর থেকে নির্বাচনকে কেন্দ্র করে আমার ঘরে হামলা হয়। আমার ছেলে মেয়ে এবং এবং আমার স্ত্রী আপনাদের শাসকদলের নেতৃত্বে যে বিজয় মিছিল হয় তাতে আক্রান্ত হয়। আমি আশঙ্কা বোধ করছি। সেখানে বি ডি ও সাহেব এবং আই সি থেকে আমাকে নিরাপত্তা দেওয়া হয়েছিল। কিন্তু আমি ঘর থেকে বেরোতে এখনো নিরাপত্তার অভাব বোধ করছি। আমার বিধানসভা এলাকায় দেবশলা গ্রাম পঞ্চায়েত, গত ১২ তারিখে আমার মাস্টারমশাই আক্রান্ত হয়েছেন। তিনি স্কুল করতে পারছেন না এবং আটটি বাড়ি ভাঙচুর হয়েছে, দুটি গাড়ি ভাঙচুর হয়েছে। এরকম একটি পরিস্থিতি এলাকায় বিরাজ করছে। এই

বার্তাটি আমি মাননীয় স্পীকারের মাধ্যমে মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে পাঠিয়ে দিতে চাই। ধন্যবাদ।

শ্রী সমীর কুমার জানা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর কাছে আমার এলাকার একটি গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমি পাথরপ্রতিমা বিধানসভা কেন্দ্রের বিধায়ক। বঙ্গোপসাগরের একেবারে উপকণ্ঠে জি প্লট গ্রাম পঞ্চায়েত সহ ১৫টি গ্রাম পঞ্চায়েতের মধ্যে ১০টি গ্রাম পঞ্চায়েত রিভারিং জোনের মধ্যে অবস্থিত, ১২টি দ্বীপ নিয়ে ১০টি গ্রাম পঞ্চায়েত। এই জায়গাতে দীর্ঘ ৩৪ বছর ধরে যারা বাম জমানায় দায়িত্ব পালন করে গেছেন তারা যদি সঠিক দায়িত্ব পালন করতেন তাহলে আয়লার মতো বিধ্বংসী বন্যা পাথরপ্রতিমা এলাকাকে নিঃশেষ করে যেতে পারত না। ৩৪ বছরে ৩৪ ইঞ্চি যদি মাটি পড়ত তাহলে বোধহয় আজকে এই অবস্থা হত না। আমি আনন্দিত যে বর্তমান নতুন সরকারে দায়িত্বে আসার পরে মাননীয় সেচমন্ত্রী ইতিমধ্যে ওই এলাকার সমস্যা নিরসনের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করেছেন। মাননীয় শ্যামলবাবু তিনিও ইতিমধ্যে আধিকারিকদের নিয়ে এই ভালনারেবল পয়েন্টগুলোকে যাতে কার্যকরী করা যায় তার জন্য ব্যবস্থা নিয়েছেন। কিন্তু ইতিমধ্যে গোবর্ধনপুর সেখানে প্রায় ১২০০ ফুটের মতো একটা নদী বাউন্ডারি সেটা ভেঙে নষ্ট হয়ে গিয়েছে। এই বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে ব্যবস্থা গ্রহণ করা হয়।

[11.20–11.30 a.m.]

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় জনস্বাস্থ্য দপ্তরের মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। বিগত সরকারের যিনি জনস্বাস্থ্য দপ্তরের মন্ত্রী ছিলেন তিনি খরাপ্রবণ এলাকাগুলিতে—বিশেষ করে বাঁকুড়া, পুরুলিয়া ও পশ্চিম মেদিনীপুর জেলার বিভিন্ন জায়গাগুলোকে উপেক্ষা করেছিলেন। তার ফলেই আজকে ওইসব এলাকাগুলিতে জলকষ্ট দেখা দিয়েছে। তারা একটার পর একটা পরিকল্পনা গ্রহণ করেছেন, আবার বাতিল করেছেন। কখনো তারা বলেছেন পঞ্চাশ কিলোমিটার দূরে কংসাবতী থেকে জল নিয়ে আসবেন বাঁকুড়া শহরে, আবার কখনো বলছেন ৩৭ কিলোমিটার দূরে দামোদর থেকে জল নিয়ে আসবেন। দামোদর ভ্যালি থেকে জল নিয়ে এলে যদি ওই এলাকার মানুষের উপকার হত তাহলে ৩৪ বছরে তারা সেই কাজটা করতে পারতেন। কিন্তু বিগত সরকারের আমলে সেইসব কিছুই হয়নি। তার ফলে ওইসব এলাকার মানুষরা জলকষ্টতে ভুগছে। আজকে বাঁকুড়ার মত জায়গায় পানীয় জলের হাহাকার দেখা দিয়েছে, তার প্রতিকার করার জন্য আমি মাননীয় মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী আবু তাহের খান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মুর্শিদাবাদ জেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি খুবই খারাপ। দুদিন আগে মুর্শিদাবাদ জেলায় একজন কংগ্রেস কর্মী খুন হয়েছে, সেই ব্যাপারে গতকাল আমি হাউসে মেনশান করেছি। আবার গতকাল মুর্শিদাবাদ জেলার বেলডাঙায় একজন কংগ্রেস প্রধানের বাড়ি আক্রমণ করা হয় এবং প্রধান না থাকাতে তার

বাড়ির একজন গৃহবধূ জাহানারা বিবিকে মর্মান্তিকভাবে সি পি এমের দুষ্কৃতকারীরা খুন করেন। আজকে মুর্শিদাবাদ জেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি সাংঘাতিকভাবে খারাপ। প্রত্যেকটা এলাকায়, প্রত্যেকটা গ্রামে যেখানে সি পি এম দলের পায়ের তলায় মাটি সরে গেছে ; তখন নতুন করে তারা মুর্শিদাবাদ জেলায় খুন ও সন্ত্রাসের রাজত্ব তৈরি করার চেষ্টা করছে। একের পর এক মুর্শিদাবাদ জেলায় সি পি এমের দুষ্কৃতকারীদের দ্বারা কংগ্রেস কর্মীরা এবং গৃহবধূরা খুন হচ্ছে। স্যার, আপনার মাধ্যমে মাননীয়া মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, এই খুনের প্রতিকার করা হোক এবং দুষ্কৃতকারীদের কঠোর শাস্তির দাবি করছি।

শ্রী এমানি বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয়া মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। উমরাপুর অঞ্চল একটি পিছিয়ে-পড়া অঞ্চল, সেই অঞ্চলে বিগত ৩৪ বছর ধরে রাস্তা, বিদ্যুৎ, স্বাস্থ্য কোনো কিছুরই উন্নতি করা হয়নি। কারণ ওই এলাকার মানুষ প্রায় ছয়মাস ধরে স্কুলের সঙ্গে যোগাযোগ করতে পারছেন না এবং ব্লকের সঙ্গেও যোগাযোগ করতে পারছেন না। কারণ ওই এলাকাটা ছয়মাস ধরে জলে ডুবে থাকে এবং অন্যান্য এলাকার সঙ্গে বিচ্ছিন্ন হয়ে থাকে। এই ব্যাপারে ব্যবস্থা গ্রহণের জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী মইনুল হক : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয়া মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। আমার বিধানসভা এলাকা ফারাক্কা, সেখানে গত ১৩ তারিখ রাত এগারোটা থেকে বারোটার মধ্যে পকেটমারকে সন্দেহ করে, কয়েকজন দুষ্কৃতকারী—এটাকে গণধোলাই বলা যাবে না—যারা ওই ঘটনার সঙ্গে যুক্ত তারা হচ্ছে অরুণ দাস, কালু, এরা হচ্ছে এলাকার ত্রাস। তারা এমনভাবে মারধোর করেছে যে হাসপাতালে নিয়ে যেতে হয়েছে, তার মধ্যে একজন দীপক দাস, তার বাড়ি বিহারে সে মারা গেছে। আমি চাইছি প্রকৃত যারা দোষী তাদের বিরুদ্ধে যাতে করে কঠোর ব্যবস্থা নেওয়া হয়। এই ঘটনাকে যেহেতু একটু অন্যভাবে সাজানোর চেষ্টা করা হচ্ছে এবং ঘটনাটিকে ধামা চাপা দেওয়ার চেষ্টা করা হচ্ছে। তাই আমি চাইছি, সি আই ডি বা উচ্চ পর্যায়ের কাউকে দিয়ে এই ঘটনার তদন্ত করা হোক।

শ্রী মন্টুরাম পাখিরা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি আমাদের মা-মাটি-মানুষের সরকারের শ্রদ্ধেয়া মুখ্যমন্ত্রী এবং আমাদের মাননীয় মৎস্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহোদয় আপনার মাধ্যমে একটি উদ্বেগজনক ঘটনা আমাদের সরকারকে জানাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনি নিশ্চিত জানেন যে কাকদ্বীপ একটি মৎস্যজীবী এলাকা। হাজার হাজার মৎস্যজীবী ভাই এই বর্ষাকালে গভীর সমুদ্রে তারা মাছ ধরতে যান। ইতিমধ্যেই আমাদের রাজ্যের শ্রদ্ধেয়া মুখ্যমন্ত্রী তিনি উদ্বেগজনক অবস্থায় সমস্ত মৎস্যজীবীদের খবরাখবর নিয়েছেন। গতকাল গৌতম দাস নামে এক মৎস্যজীবী গভীর সমুদ্রে মারা গেছে মা রাধারাণী ট্রলারে। মাননীয় অধ্যক্ষ মহোদয় আরো উদ্বেগের সঙ্গে

জানাচ্ছি এ পর্যন্ত ২৯টি ট্রলার, প্রতিটি ট্রলারে কমপক্ষে প্রায় ১৮ জন করে মাঝি, মাল্লা আমার মৎস্যজীবী ভায়েরা রয়েছেন। ২৯টি ট্রলারের এখনো কোনো খোঁজ পাওয়া যায়নি। শ্রদ্ধেয়া মুখ্যমন্ত্রী মহোদয়া গতকাল তিনি জেনেছিলেন ৫০টি ট্রলার নিখোঁজ মৎস্যজীবীদের নিয়ে, এবং তার মধ্যে কেন্দুয়া দ্বীপ-সহ বিভিন্ন দ্বীপে সেখানে অবস্থান করছে। বাকিগুলোর কোনো যোগাযোগ ব্যবস্থা নেই। প্রায় ৫৪০ জন মৎস্যজীবী-সহ ২৯টি ট্রলার এখনো নিখোঁজ রয়েছে। এক্ষেত্রে তাদের কাছে ওয়ারলেস এবং জি পি এস সমস্ত গুরুত্বপূর্ণ যন্ত্রাংশ থাকা সত্ত্বেও যোগাযোগ করা যাচ্ছে না। তাই আপনার মাধ্যমে মৎস্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং সমস্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য আবেদন জানাচ্ছি। স্যার, আপনার মাধ্যমে আবারও আমি মাননীয় মৎস্য মন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি এক্ষেত্রে যাতে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হয়।

শ্রী অপূর্ব সরকার : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমরা সকলে জানি যে এই জুন মাস এবং আগস্ট ও সেপ্টেম্বর মাসে গোটা পশ্চিমবঙ্গের বিভিন্ন জায়গায় বন্যা দেখা দেয়। তার মধ্যে কান্দি মহকুমা অন্যতম। খুব স্বাভাবিকভাবেই, কান্দি মহকুমার বিভিন্ন বাঁধগুলো এখনো খোলা পড়ে আছে। এই বর্ষাকালে সেখানকার মানুষের যে কষ্ট, সেই কষ্ট মাথায় রেখে আমি মাননীয় সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই, স্যার, আপনার মাধ্যমে বলতে চাই যে অতি দ্রুত খোলা বাঁধগুলো মেরামত করার ব্যবস্থা গ্রহণ করা হোক। নাহলে আগামী দিনে, আগামী জুন মাসে সেখানকার মানুষের অবস্থা শোচনীয় হবে এই বিষয়ে আপনার মাধ্যমে মাননীয় সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে দ্রুত বাঁধগুলো মেরামত করা হোক।

শ্রী রবীন্দ্রনাথ ঘোষ : মাননীয় স্পীকার স্যার, কোচবিহারে রাজ আমলের একটা এয়ার পোর্ট রয়েছে। কিন্তু গত ১৯৯৫ সাল থেকে সেই এয়ার পোর্টটি বন্ধ হয়ে রয়েছে। অর্থাৎ বিমান পরিষেবা বন্ধ হয়ে রয়েছে। আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহোদয়ের কাছে আবেদন করতে চাই অবিলম্বে এই বিমান পরিষেবা চালু করা হোক। কারণ কোচবিহার রাজ্যের সব শেষ প্রান্তের জেলা। অতি দ্রুত জরুরি ভিত্তিতে যদি কোনো কাজের জন্য কলকাতায় যোগাযোগের প্রয়োজন হয় তখন কলকাতায় আসা খুব শক্ত হয়। ট্রেনেও প্রায় ১৬-২০ ঘণ্টা সময় লাগে। তাই আপনার মাধ্যমে আমি আবেদন করছি রাজ আমলের এই বিমান পরিষেবা চালু করা হোক।

Dr. Rohit Sharma : Hon'ble Speaker, Sir, I would like to address through you to the concern Ministry. Sir, this morning in the early hours a heavy land slide occurred in Kurseong which is in my constituency in the district of Darjeeling killing four members of a family including one infant just over 45 days old. His body is yet to be traced. Sir, We have been demanding regular unit of disaster management for the last so many years and recent Aila also took thirty two lives. Now this demands immediate relief to

the victims and we also pray for regular disaster management keeping in view the monsoon which has just knocked the door and we are in for much bigger disaster. I request this may kindly be treated urgent because it involves human lives.

[11.30–11.40 a.m.]

Smt. Mamtaz Begam : Sir, I Mamtaz Begam, Constituency, 157–Metiaburuz, subject–Sir, I am going to inform you that the people are suffering from transport problem in my constituency. There are only three bus routes–No. 241 from Akraphatak to Dharamtola, No. 12 & 12A from Bajartola bus stand to Dharamtola. There are no alternative bus routes to reach Salt Lake and Howrah. Therefore, I am requesting the Transport Minister through you that we need bus routes from Rabindranagar to Howrah via Santoshpur, from Sophikathgola to Amtala, from Akraphatak to Salt Lake via Gariahat. Please, kindly give attention and arrange for new bus routes in all the above mentioned areas to solve the transport problem of the people.

শ্রী জয়ন্ত নস্কর : মাননীয় অধ্যক্ষ মহোদয়, ২৫.০৫.২০০৯-এ বিধ্বংসী আয়লায় আমার বিধানসভা কেন্দ্রে ১১টা দ্বীপ সম্পূর্ণ প্লাবিত হয়েছিল এবং বহু ঘরবাড়ি ধ্বংস হয়েছিল, সেখানে আমাদের লিস্ট অনুযায়ী যা ডিমান্ড ছিল ৫৭ কোটি টাকা, আমরা পেয়েছি মাত্র ২৫ কোটি টাকা। বহু লোক এখন ত্রিপলের নিচে বাস করছেন নদী বাঁধের উপরে তাদের আশ্রয় নেই। এখন দু-বছর পার হয়ে গেলেও তারা সেই টাকা পায়নি এবং সেই টাকা যাতে পায় তার জন্য আমি আপনার মাধ্যমে মাননীয়া মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। সেই সাথে আজ দু-বছর সেখানে কোনো চাষ হয়নি নোনা জলে সম্পূর্ণ এলাকাগুলি প্লাবিত হয়েছিল এবং সেখান দু-বছর চাষ নেই। সেখানকার অধিকাংশ মানুষ গ্রাম ছেড়ে অন্যত্র চলে গেছেন কাজের সন্ধানে। তাদের এই নিয়ে আমরা বারবার বলেছিলাম কিন্তু কোনো রকম তারা সাহায্য পায়নি, সাহায্য করা যায় কিনা সেই ব্যাপারে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, ধন্যবাদ স্যার।

श्री जोसेफ मुण्डा : माननीय स्पीकर सर मै आपके माध्यम से माननीय मुख्य मंत्री का ध्यान आकर्षित कराना चाहता हूँ, जिस प्रकार से जंगल महल मे गरीब आदिवासी के लिए चावल की बात कही गई है उसी तरह से उत्तरबंगाल के चाय वगान में बहुत सारे मजदूर श्रमिक आदिवासी 2001 से 2010 के बीच मे मारे जा चुके है अगर उसी तरह से चाय वगान के गरीब मजदूरो को भी इस तरह से चावल की सुविधा दिया जाए तो मै बहुत आभारी रहूँगा।

শ্রী অশোক ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় দৃষ্টি আকর্ষণ করতে চাইছি, মাননীয় পরিবেশে মন্ত্রী, হাওড়া স্টেশন-সহ এলাকা থেকে উত্তর হাওড়া দিয়ে বেলুড় যেতে হয়, হাজার হাজার মানুষ বেলুড় মঠে যাই, বহু পর্যটক আসেন সেখানে, কিন্তু ঢোকার মুখেই পূতিগন্ধময় হাওড়া স্টেশনে মাছের বাজারটি আছে, সবজি বাজার আছে, সেখানে মানুষ যেতে পারে না এবং বাইরের মানুষ, বিশেষত ফরেন থেকে যারা আসছেন তাদের কাছে অদ্ভুত বার্তা পৌঁছছে, আমি চাই স্যার, পরিবেশ মন্ত্রী অবিলম্বে সেখানে গিয়ে এই নরককুণ্ড। পশ্চিমবাংলা যেমন নরককুণ্ড, মানুষ উদ্ধার করেছেন, আমাদের ঠিক তেমনি পরিবেশ মন্ত্রী উদ্ধার করুক ওই নরককুণ্ড থেকে, এই সমস্ত আবর্জনা দূর করে, যাতে সেখানকার মানুষ শুধু নয়, যারা যাতায়াত করেন বিভিন্ন রাস্তা দিয়ে, গাড়িতে, বাসে তারা যাতে ভালোভাবে যেতে পারেন। স্যার, এই ব্যাপারটা আপনার নজরে রেখে মাননীয় পরিবেশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই।

ZERO HOURS

শ্রী স্বপন দেবনাথ : সম্মানীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটা বিশেষ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি বিভাগীয় মন্ত্রীর। কৃষির পরেই বাংলার তাঁত একটা গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করে বাংলার অর্থনীতিতে। আর তাঁতের সঙ্গে জড়িয়ে থাকে সবচেয়ে গরীব মানুষেরা। যে তাঁত বোনে, শুধু তাই নয়—যে নলি পাকায়, যে গোবিন ঘোরায়, যে সুতো রং করে, যে ড্রাম করে, এরাই প্রকৃত গরীব। কেন্দ্রীয় সরকারের একটা নির্দেশ থাকা সত্ত্বেও গরীব তাঁতিদের পরিচয় পত্র দেওয়ার কাজ সম্পন্ন হয়নি। কিছুটা বা হয়ে থাকলে, আব্দুল রেজ্জাক সাহেবের কথাই ফিরিয়ে দিচ্ছি, "উদোর পিন্ডি বুদোর ঘাড়ে"। তার মানে যে তাঁত বোনে না, তার নাম তালিকায় অন্তর্ভুক্ত হয়ে গিয়েছে। যার জন্য কেন্দ্রীয় সরকারের স্বাস্থ্য বিমার সুযোগ একটাও তাঁতি পাচ্ছে না, বঞ্চিত হচ্ছে। তার ফলে তাঁত শিল্পীদের পরিচয় পত্র দানের বিষয়ে আমি বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ধন্যবাদ।

শ্রী তজমুল হোসেন : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয়া স্বাস্থ্যমন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, অস্বাভাবিক মৃত্যুর কারণে ময়না তদন্ত করা হয়। হরিশচন্দ্রপুর, চাঁচল, রতুয়া এই এলাকার সমস্ত পরিবারের মানুষদের ১০০ কিলোমিটার দূরে মালদা শহরে যেতে হয়। যাতায়াতের খরচ এবং সময়ের জন্য এই সমস্ত পরিবারের লোকজনদের নাজেহাল অবস্থা হয়। এই তিনটি থানার মধ্যস্থ স্থান হচ্ছে চাঁচল মহকুমা হাসপাতাল। সেখানে যদি একটা মর্গ স্থাপন করা হয় তাহলে এই তিনটি থানার জনসাধারণের এক বিশাল সমস্যার সমাধান হবে। তাই স্যার আপনার মাধ্যমে অবিলম্বে যাতে চাঁচল মহকুমা হাসপাতালে একটা মর্গ স্থাপন করা হয় তার জন্য আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ার দৃষ্টি আকর্ষণ করছি। ধন্যবাদ।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয় এই হাউসের কাছে রাখছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন আমাদের নেত্রী

এবং আমাদের মুখ্যমন্ত্রী সারা জঙ্গলমহলে আদিবাসী এবং নিম্ন আয়ের মানুষদের জন্য দুই টাকা কেজি দরে চালের ব্যবস্থা করেছেন। আজকে আমরা প্রত্যেকে যেভাবে গরীব মানুষগুলোকে রক্ষা করার চেষ্টা করছি, অনাহারক্লীষ্ট মানুষদের রক্ষা করার চেষ্টা করছি, আজকে সেই দুই টাকা কেজি দরে চাল সর্বত্র যাতে দেওয়া যায়, বাঁকুড়া এক এবং দুই নং ব্লক সহ বাঁকুড়া জেলার আরও অন্যান্য জায়গায় যেখানে মানুষ অনাহারে দিনে কাটাচ্ছে, ৩৪ বছর ধরে বি.পি.এল. থেকে আরম্ভ করে অন্ত্যোদ্বয় অন্নপূর্ণা যোজনা থেকে আরম্ভ করে সমস্ত সুযোগ সুবিধা থেকে তাদের বঞ্চিত করা হয়েছে, তাদের প্রতিকারের জন্য আপনার কাছে আবেদন জানাচ্ছি।

শ্রী অসিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, গত ৩৪ বছরে ডিজাস্টার ম্যানেজমেন্ট নামে পশ্চিমবাংলায় একটা দপ্তর আছে, সেই দপ্তর সম্পর্কে কোনো কার্যকরী ব্যবস্থা নেওয়া হয়নি। শুধুমাত্র যখন ঝড় জল বৃষ্টিতে তাণ্ডব চলত, অনেক লোকের মৃত্যু হতো, তখন ডিজাস্টার ম্যানেজমেন্টের নাম শোনা যেত। স্যার, গতকাল ট্রলার ডুবেছে এবং একটি মানুষ মারা গিয়েছে। আমি ধন্যবাদ দেব বর্তমান সরকারের মুখ্যমন্ত্রী এবং গতকাল পার্থবাবু এই হাউসে বলেছেন যে ডিজাস্টার ম্যানেজমেন্ট বিল নতুন করে চিন্তাভাবনা করছেন। ডিজাস্টার ম্যানেজমেন্টের ওপর গতকাল মুখ্যমন্ত্রীও রাইটার্স বিল্ডিং-এ কিছু কথা বলেছেন। আমি স্যার অনুরোধ করব দেখতে, এই ট্রলার ডুবি নিয়ে শুধুমাত্র এখন নয়, প্রায়ই দেখা যায় এই ধরনের ঘটনা ঘটছে। আমি আগেই উল্লেখ করেছি যে, বামফ্রন্ট সরকারের অবহেলার জন্য এটা কার্যকরী হয়েছে বেশি করে। আমি আপনাদের একটা কথাই বলব স্যার, সব থেকে বিপজ্জনক ঘটনা ঘটে বাংলাদেশে এই ট্রলার ঢুকে পড়ার সময়। আমি স্যার অনুরোধ করব মাননীয়া মুখ্যমন্ত্রীকে অবিলম্বে বাংলাদেশের সঙ্গে যোগাযোগ করে এর সুষ্ঠু বন্দোবস্ত যাতে করা যায়। যাতে কোনো বিপর্যয় না ঘটে তার ব্যবস্থা করার জন্য আবেদন জানাচ্ছি।

[11.40–11.50 a.m.]

ডঃ তরুণকান্তি নস্কর : মাননীয় স্পীকার স্যার, আপনার মধ্য দিয়ে আমি দৃষ্টি আকর্ষণ করছি যে দক্ষিণ ২৪ পরগনা যেহেতু খুবই নীচু জমি, ফলে এখানে এই যে ঝড় এবং বৃষ্টি হচ্ছে, তার জন্য বেশ কিছু ক্ষতি ইতিমধ্যেই হয়েছে এবং যেভাবে বৃষ্টি বাড়ছে তাতে ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা বেশি। ফলে আপনার মধ্য দিয়ে সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে যাতে ডি.এম., এস.ডি.ও.—এদেরকে রিলিফের ব্যবস্থা করার জন্য নির্দেশ দেন। দ্বিতীয় প্রশ্ন হচ্ছে গতকাল এই বিষয়ে বিতর্ক হয়েছিল যে রাজ্যপাল, যিনি বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর, তিনি কোনো ইউনিভার্সিটিকে নির্দেশ দিতে পারেন কিনা। এখানে আমার যেটা বক্তব্য যেহেতু রাজ্যপাল বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর, ফলে তিনি বিশ্ববিদ্যালয়ের অ্যাডমিনিস্ট্রেটিভ সিস্টেম-রই একজন পার্ট। ফলে তিনি কোনো নির্দেশ বিশ্ববিদ্যালয় অথরিটিকে দেন, তাহলে সেটা কখনও অ্যাক্টস, স্ট্যাটিউটের বিরোধি হয় না। এটাই আমার বক্তব্য এবং যেভাবে বিশ্ববিদ্যালয়গুলো চলছে গত ৩৪ বছর ধরে, তাতে বিশ্ববিদ্যালয়ের যে অ্যাক্টস, স্ট্যাটিউট আছে সেটা রিভাইজ করা অত্যন্ত জরুরি এবং আপনার মধ্য দিয়ে আমি মাননীয় সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রীকে এই বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। ধন্যবাদ।

মি: স্পীকার : মাননীয় সদস্যগণ আমি আপনাদের কাছে একটা আবেদন করব যাঁরা মেনশন কেসেস দিচ্ছেন, তাঁরা দয়া করে জিরো আওয়ারটা যদি না দেন তাহলে ভাল হয়। কেননা একই জন দুবার করে বলছেন, অনেক সময় একই সাবজেক্ট উল্লেখ করা হচ্ছে। এটা আপনাদের কাছে আবেদন।

DISCUSSION ON GOVERNOR'S ADDRESS

শ্রী আনিসুর রহমান : আমরা যখন এই ঠাণ্ডা ঘরে সভা করছি তখন বাইরের অবস্থা খুব খারাপ। আমাদের বিধানসভার পাশে যে মেইন রাস্তাটা আছে, সেখানে এক হাঁটু জল। অনেক গাড়ি বন্ধ হয়ে গেছে। বিধানসভার ভেতরেও প্রায় জল ঢোকার মতো অবস্থা হয়ে আছে। অনেকগুলো জেলার অবস্থাও ভীষণ খারাপ। আমার প্রস্তাব আমরা যারা জনপ্রতিনিধি আছি, সবার সমস্ত আলোচনা বন্ধ করে দিয়ে আমাদের মনে হয় এলাকায় যাওয়া উচিত এবং মানুষের পাশে দাঁড়ানো উচিত। সরকারের যেমন দায়িত্ব আছে, তেমনি প্রত্যেকটি জেলার জনপ্রতিনিধিদেরও দায়িত্ব আছে। আমার মনে হয় যে সেই দায়িত্ব পালন করা উচিত। এটা আমার আবেদন।

শ্রী পার্থ চ্যাটার্জী : আমি মাননীয় বিরোধী সদস্য এবং প্রাক্তন মন্ত্রী আনিসুর রহমানের সঙ্গে সহমত হয়ে বলি এটাই এতদিনের অবস্থা ছিল। যে অবস্থা ১৫ দিনে কাটানো যায় না। এখানের এই আসনে মাননীয় অধ্যক্ষ প্রায় ইতিহাস তৈরি করে গেছেন। কিন্তু বিধানসভার মধ্যে জল বের করবার কোনো ব্যবস্থা করেননি এবং এটা কলকাতা পুরসভার ভেতরে ঢোকে না।

(...গোলমাল)....

আমাকে স্যার বলতে দিন। আমি অনুরোধ করব বিরোধী দল নেতাকে যে, সভার সৌজন্যবোধ যেমন সরকারি দলের কাছে আপনারা এক্সপেক্ট করেন তেমনি বিরোধী দলের যাঁরা সদস্য, যাঁরা নতুন এসেছেন, তাঁরা যে ধরনের আচরণ করছেন তাঁদের সংযত করতে বলুন। দ্বিতীয়ত এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। হাউসের মধ্যে জল কমানোটা পৌরসভার দায়িত্ব কিনা, পি.ডব্লু.ডি-র দায়িত্ব এইটুকু না জানবার অজ্ঞতা যাদের আছে—হাউস বিলংস টু স্পীকার—স্পীকারের কাছে উনি বলছেন, আমি মনে করি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়টি আপনি বলেছেন। আমি অনুরোধ করব স্পীকার মহোদয়কে হাউসের মধ্যে যে অব্যবস্থা এতদিন ধরে ছিল তাকে ত্রুটিমুক্ত করে এবং সংশ্লিষ্ট দপ্তরকে আলাপ-আলোচনার মধ্যে যুদ্ধকালীন ভিত্তিতে এটা করার ব্যবস্থা হোক।

শ্রী সূর্য্যকান্ত মিশ্র : মাননীয় স্পীকার স্যার, লিডার অফ দ্য হাউস, শ্রী পার্থ চ্যাটার্জী যা বললেন, প্রথমত দুটি কথা বলেছেন। আমি দুটি ব্যাপারে কেবলমাত্র সংক্ষিপ্ত বলতে চাই। একটা হচ্ছে, বিরোধী দলের সদস্য তাদের আচার-আচরণ, বিধি সম্পর্কে আমাকে কি করতে হবে উপদেশ দিয়েছেন, উপদেশ শিরোধার্য। কিন্তু কারা বেশি গোলমাল করছে তা আপনি

প্রত্যক্ষ করেছেন। আমি আপনার কাছে আবেদন করতে চাই যে, এরা কি ওরা এরকম না করে আপনি কালকে যেরকম বলেছেন, যে কোনো পক্ষ যারা এই হাউসের শিষ্টাচার লংঘন করেন তাদের আপনি বিরত করবেন। আমাদের সবসময় সহযোগিতা থাকবে। দ্বিতীয়ত স্যার, আজ আপনি একটা রুলিং দিন। আপনার চত্বরে এখানে যদি জল জমা হয় এটা আপনার দায়িত্ব হবে ? এটা আমায় শুনতে হচ্ছে লিডার অফ দ্য হাউসের কাছ থেকে। এখানে জল আপনি কোথায় ফেলবেন ? এখানকার জল-নিকাশি সমস্যা এই চত্বরের ? বা কলকাতায় আরও এরকম অনেক বিল্ডিং আছে। আমি কি বলব যে রাইটার্স বিল্ডিং-এর চারপাশে যে জল জমা হয়, এটা অমুকের দায়িত্ব ? আর এখানে অ্যাসেমব্লি বিল্ডিং-এর অমুকের দায়িত্ব ? সেচ ভবন যেখানে আছে সেখানে জল জমা হলে তা অমুকের দায়িত্ব ? এটা সামগ্রিক সমস্যা—কলকাতার জল নিকাশি সমস্যা। আপনি রুলিং দিন। উনি বললেন, এটা নাকি স্পীকারের দায়িত্ব। আপনি যদি দায়িত্ব নিতে চান তাহলে আমি বলে দিই যে, এর পর থেকে জল নিকাশি হলে... যদি দায়িত্ব না নিতে চান সেটাও বলে দিন।

মিঃ স্পীকার : আমি আলোচনা করব এই ব্যাপারে।

শ্রী পার্থ চ্যাটার্জী : আমার মনে হয় সুদীর্ঘ দিনের অভিজ্ঞতা থেকে বর্তমানের অভিজ্ঞতা গ্রহণ করতে অসুবিধা হচ্ছে। আমি বলেছি হাউস administratively belongs to Speaker. স্পীকারকেই এই সভার সম্মান রক্ষা করবার কথা, বিধায়কদের রক্ষা করবার কথা, কর্মচারীদের রক্ষা করবার কথা যাঁরা এই সভার মধ্যে থাকেন। বিষয়টি যেহেতু সভাকে ঘিরে তাই অধ্যক্ষকে সংশ্লিষ্ট দপ্তরকে জানাবার জন্য জরুরিকালীন ভিত্তিতে ব্যবস্থা গ্রহণের ব্যাপারে আপত্তি করেছি। আমি জানি না বিরোধী দল নেতার কর্ণে এটা প্রবেশ করাতে পেরেছি কিনা।

মিঃ স্পীকার : Let us stop discussion on this. Dr. Mishra, it will go on, please. please... Dr. Mishra and Mr. Chatterjee I will request both of you... আপনাদের উভয়কে অনুরোধ করছি যে দেখুন আজকে আমাদের অনেক বিজনেস রয়েছে। দরকার হলে পরে আপনারা যখন ব্যাপারটা বলেছেন তখন নিশ্চয় আমি অনুধাবন করব, আমি দেখব। এটা যেমন মাননীয় বিরোধী দলের নেতা বলেছেন এবং মাননীয় মন্ত্রী মহাশয় উল্লেখ করেছেন আমি ব্যাপারটা বিবেচনা করব। আনিসুর রহমান একটা কথা বলেছেন, আজকে এই দুর্যোগপূর্ণ পরিস্থিতিতে এটা মাথায় রেখে যদি আপনারা আলোচনা সংক্ষিপ্ত করেন। যাদের যাদের নাম ডাকব তারা যদি একটু কম সময়ে বলেন, আমার মনে হয় সবারই সুবিধা হবে।

[11.50 a.m.–12.00 Noon]

শ্রী আনিসুর রহমান : মাননীয় অধ্যক্ষ মহোদয় আমি কম টাইমে বলি। প্রথমত আমি বলি, মাননীয় রাজ্যপাল ১৩ তারিখে এসেছিলেন এখানে। তিনি বক্তৃতা করেছেন। আমি তার

জন্য ধন্যবাদ জানাই। কিন্তু যে বিষয় বলেছেন তাকে আমি সমর্থন করতে পারি না। সমর্থন করতে পারি না কেন তা আপনারা ভালোভাবে জানেন। আমি সময় নষ্ট করতে চাই না। কিন্তু এর ফাঁকে আমাদের রাজ্যের মাননীয় মুখ্যমন্ত্রী তাঁকে তিনটি অভিনন্দন জানাই। প্রথম অভিনন্দন জানাই তিনি বিধানসভায় এসে ৩ তারিখে বলেছিলেন এটা হচ্ছে মন্দির, এটা গণতন্ত্রের মসজিদ। আমি গর্বিত হয়েছি, আনন্দিত হয়েছি। যদিও খচ্ খচ্ করে বাজছিল, এই মন্দিরের মূর্তিগুলো যখন ভাঙা হচ্ছিল তখন মমতা ব্যানার্জী সাক্ষী ছিলেন। দ্বিতীয় কারণ আমি জানাই, তিনি টি.ভি.-তে বললেন যে, আমাকে মুখ্যমন্ত্রী বলে ডাকবেন না। আমাকে মমতা ব্যানার্জী বলে ডাকবেন। আমার ভালো লেগেছে, আমরা মাঝে মাঝে মমতা ব্যানার্জী বলে ডাকব। তার সঙ্গে আমরা অভিনন্দন জানাই। তিন নম্বর হচ্ছে, উনি একটা বাস্তব সত্য স্বীকার করেছেন। এটার জন্য বাড়তি অভিনন্দন জানাই, যেটা অনেকে করেন না। উনি বলেছেন, আমি লোকসভা বুঝি, বিধানসভা বুঝি না। এই যে চরম নিষ্ঠুর সত্য স্বীকার করেছেন এর জন্য অভিনন্দন জানাই।

কিন্তু বাস্তবে পরীক্ষা দিতে হবে। পরীক্ষা দিতে হবে কারণ এটা কোথাও লেখা নেই যে মন্ত্রী হওয়ার জন্য কী ডিগ্রি লাগে। মন্ত্রী হওয়ার জন্য কোনো ট্রেনিং লাগে না, শিক্ষা লাগে না, যোগ্যতা লাগে না। কিচ্ছু লাগে না। যে কেউ হতে পারে। তার না জানাটা কোনো অপরাধ না। কিন্তু তাকে জানানোর জন্য হাজারও কর্মচারী আছে। আই.এ.এস., আই.পি.এস. অফিসার আছে। তারা বলতে পারে না। This cannot be the excuse for them. যা মুখ্যমন্ত্রী বলবেন তা জেনে নিয়ে বলবেন। এই যে আমরা দেখলাম কাগজে, এটা কখনই হয় না। ২০ বছর আগে এই বিধানসভায় ঢুকেছি মন্ত্রী হিসাবে কিন্তু আমি ২০ বছরে দেখিনি, একথা কখনও শুনিনি একটা অডিন্যান্স হয়ে গেল অথচ বিধানসভা জানল না। তাতে নাকি রাজ্যপালের সই হয়ে গেল। যদি নোটিফিকেশন হয়ে যেত তাহলে মাননীয় রাজ্যপালের চাকরি চলে যেত। এটা হতে পারে না কিন্তু হয়েছে। আমি বলছি না-জানা অপরাধ নয় কিন্তু জেনে নেওয়াটা দায়িত্ব বলে মনে করি।

আরেকটা বিষয় আমার বলার আছে, সেটা হচ্ছে মমতা ব্যানার্জী সম্পর্কে আমার ব্যক্তিগত একটা দুর্বলতা আছে। আমি যখন জন্মলাভ করি তখন আমাকে যে ছোট্ট মেয়েটি হাঁটা শিখিয়েছিল পা পা করে, যে ছোট্ট মেয়েটি আমাকে কোলে নিয়েছিল, যে আমাকে বড় করেছিল সে আমার এক দিদি। আমরা তাকে বড় বোন বলতাম। তাঁর নামও মমতা। সে মারা গেছে ছোটবেলায়। এই জন্য একটা দুর্বলতা আছে। তাই ব্যক্তিগতভাবে তাঁর সম্পর্কে কিছু বলার ইচ্ছা আমার নেই, প্রবৃত্তিও নেই, বলতে আমি চাইও না। আজকের এই আলোচনা সভায় দাঁড়িয়ে তৃণমূলের যে নতুন সরকার হয়েছে যার নাম কেউ বলছেন 'মা-মাটি-মানুষ', কেউ বলছেন 'তৃণমূল'। যাই হোক। Whatever it may be. সরকার একটা হয়েছে। সরকারের এখনও এক মাস হয়নি। এখন কোনো আলোচনা করতে চাই না। এখন সরকারের একটা সমালোচনাও করব না। সরকারের বিরুদ্ধে একটা কথাও বলব না। শুধু দেখতে চাই, দু'বছর অপেক্ষা করব। আমার পশ্চিমবাংলার লক্ষ লক্ষ বেকার ছেলেরা অপেক্ষা করে বসে আছে। '২ বছরে ১০ লক্ষ ছেলে চাকরি পাবে'—যেদিন এটা পূরণ হবে

সেদিন একটা বড় ফুলের মালা, সবুজ রঙের একটা বড় মালা মমতা ব্যানার্জীর বাড়িতে আমি নিজে পৌঁছে দিয়ে আসব আমার পার্টি না চাইলেও।

তিনি বলেছেন দার্জিলিং সমস্যার সমাধান হবে তিন মাসে। আমি তো অবাক হয়ে গেলাম। বিধানসভা চলছে, বিধানসভার কেউ জানল না। একটা নাকি চুক্তি হয়ে গেল কাগজে, দার্জিলিং ঠাণ্ডা। অফিসারদের একটা মিটিং হল। সেই মিটিংয়ে ঠিক হল কোন্ কোন্ এলাকা নিয়ে এটা হবে, স্বশাসিত সংস্থা এটা ঠিক করবে। কিছুই চূড়ান্ত হল না। প্রচার হয়ে গেল দার্জিলিংয়ের সমস্যা মিটে গেছে। আমি সভায় দাঁড়িয়ে বলে যাচ্ছি তিন মাসের মধ্যে সমাধান হলে আরো একটা বড় ফুলের মালা মমতা ব্যানার্জীর গলায় পরিয়ে দেব। কিন্তু শুনতে খারাপ লাগছে। মোর্চা নেতারা কী বলছেন ? 'আমাদের মূল দাবি ঠিকই আছে। আমাদের রাজ্যের দাবি আরো স্ট্রেনদেন হয়ে গেল।' স্ট্রেনদেন মানে বাংলা ডিকশনারিতে নাকি 'শক্তিশালী' হওয়া। স্ট্রেনদেন হয়ে গেল। আর, আমাদের এই পক্ষ বলছে কিনা মিটে গেল। কী মিটল ? কে জানবে ? কী উত্তর দেব আমি জনপ্রতিনিধি ? আমার এলাকার মানুষ যখন জিজ্ঞাসা করবে তখন আমি কী উত্তর দেব বলতে হবে। সেটা বলার ব্যবস্থা হয়নি।

তিন নম্বর হচ্ছে মাওবাদী সমস্যা। আজকে একটা ভালো খবর যে মাওবাদীরা বলেছিল 'মমতা ব্যানার্জ্জীকে মুখ্যমন্ত্রী দেখতে চায়।' দেখতে পেয়েছে। ভালো খবর। এখন আপনারা যে ঠাণ্ডা হয়ে আছেন ভালো। তিনি বলেছেন 'সমাধান করে দেব।' যেদিন শুনব চিদাম্বরম সাহেব বলছেন মাওবাদী সমস্যা মিটে গেছে তখন আরো একটা ফুলের মালা মমতা ব্যানার্জ্জীকে দিয়ে আসব। সেই সময়ের দিকে তাকিয়ে আছি। তার আগে কোনো সমালোচনা করব না।

কিন্তু একটা কথা বলতেই হচ্ছে। মহামান্য রাজ্যপালের ভাষণে মূলত তিনটে বিষয় উল্লেখ আছে। একটা হচ্ছে, গণতন্ত্রের পুনরুদ্ধার হয়েছে। গণতন্ত্র ছিল না। ঠিক বলেছেন। আমিও বিশ্বাস করি। আচ্ছা গণতন্ত্র না থাকলে কেউ চেয়ার ভাঙতে পারে আমাদের অ্যাসেমব্লির, টেবিল ভাঙতে পারে, চেয়ার ভাঙতে পারে ? গণতন্ত্র না থাকলে গাছ কাটা যায় ? গণতন্ত্র না থাকলে অবরোধ করা যায় ? গণতন্ত্র না থাকলে ভাঙচুর করা যায় ? গণতন্ত্র না থাকলে অফিসারের গলায় কালি মাখিয়ে দেওয়া যায় ? গণতন্ত্র ছিল না ? তিনি কী বললেন ? ...এতকাল যত নির্বাচন হয়েছে সব বোগাস। এই প্রথম একটা নির্বাচন হল।... আমি অন্য নির্বাচন বাদ দিলাম। ২০০১ ভোটে দাঁড়িয়েছিলেন কে ? কংগ্রেস-তৃণমূল একসঙ্গে। কী আশা করেছিলেন ? জিতবেন। কে নির্বাচন পরিচালনা করেছিলেন ? ভারতের নির্বাচন কমিশনার। তিনি কী বলবেন ? পশ্চিমবাংলায় সবচেয়ে ভালো নির্বাচন হয়েছে। জিতলাম আমরা অতএব খারাপ। ২০০৬ সাল। কে কে ছিলেন ? কখনও তৃণমূল-বি.জে.পি. কখনও কংগ্রেস-তৃণমূল একসঙ্গে। সব ঠিক হয়ে গেল। ঘোষণা হয়ে গেল মুখ্যমন্ত্রী হবেন, শপথ নেবেন, রাইটার্সে যাবেন। সেখানে সাংবাদিক সম্মেলন হবে। আবির কেনা হয়ে গেল, সব হয়ে গেল। কিন্তু ফল খারাপ হয়ে গেল। কী না রিগিং হয়েছে। এবার ভাল হয়েছে কেন

না জিতেছি। এত দ্বিচারিতার কি মানে আছে আমি বুঝি না। রাজ্যপালকে দিয়ে বলালেন এত বড় মিথ্যা কথা ? এটা কি করা উচিত হয়েছে ? দুই নং, উনি বলেছেন পশ্চিমবাংলায় নাকি কিছুই উন্নতি হয়নি, কিচ্ছু হয়নি সব শুকিয়ে গেছে। ঠিক, ঠিক বলেছেন। আমি দু-তিনটে কোলাজ বলব, কোনো ঘটনা বলব না, তথ্য দেব না। এক হচ্ছে আমার শহর এলাকা, দুই হচ্ছে আমার গ্রাম এলাকা। শহর এলাকার দিকে তাকান ২০ বছর আগে আমি যখন এখানে ঢুকলাম, মন্ত্রী হিসাবে ওই চেয়ারে বসতাম ওইদিকে। এই গেট দিয়ে আমার মন্ত্রীর গাড়ি ঢুকল, তাকিয়ে দেখলাম কয়েকখানা সরকারি গাড়ি আছে সব অ্যাম্বাসাডার। এই পাশে এসে দেখলাম সিদ্ধার্থবাবুর একটি গাড়ি আর দু-তিনখানা বাস। আজকে বেরিয়ে দেখছি যতগুলো এম.এল.এ. ততগুলো গাড়ি, সব বিদেশি। কিছুই উন্নতি হয়নি ? আমাদের পশ্চিমবাংলার এম এল এ-রা সব বিদেশ থেকে এসেছে। তাদের উন্নতি হয়নি ? অবস্থা পাল্টায়নি ? গাড়ি কেনার ক্ষমতা বেড়েছে এমনি এমনি। ২০ বছর আগে আমি যখন এসেছিলাম কলকাতায়, আমি গাঁয়ের ছেলে, আমার বাড়ি একেবারে পদ্মা নদীর ধারে বাংলাদেশ বর্ডারে। ২০ বছর আগে এসে আমি দেখলাম কলকাতায়, হাঁ করে তাকিয়ে দেখতাম একখানা বিদেশি গাড়ি। ভাবতাম সেটা আমেরিকা কিংবা ইংল্যান্ডের। এখন আমি মাঝে মাঝে যখন রাস্তায় হাঁটতে আসি তখন তাকিয়ে দেখতে হয় দেশি গাড়ি আছে কিনা। পরিবর্তন হয়নি ? আমার পশ্চিমবাংলায় ৩৫ বছর আগে মাত্র ১৯ ভাগ লোক শহরে বাস করত। এখন ৩০ ভাগ লোক শহরে বাস করে। উন্নতি হয়নি ? এগুলো যদি অনুন্নয়নের মানে হয় তাহলে আমরা সবথেকে ব্যর্থ। লিখে রাখুন আমরা ব্যর্থ। গ্রামের দিকে তাকান গ্রামে কি দেখব। গ্রামে প্রথম কাজ আমরা কি বলেছি। প্রথম কাজ বলেছি—আমরা মানুষের অধিকারের প্রশ্নে বললাম আমার গ্রামের গরীব মানুষ তার ভূমি সংস্কার করতে হবে। সারা পশ্চিমবাংলায় ৩০ লক্ষ বিঘে জমি ৩০ লক্ষ চাষীর হাতে বিনা পয়সার পাট্টা তুলে দেওয়া হয়েছে—খারাপ কাজ ? একটা রাজ্যের নাম বলুন আমি পদত্যাগ করে চলে যাব। একটা রাজ্যের নাম যদি করতে পারেন যেখানে এই রকম ভূমি সংস্কার হয়ে থাকে তাহলে আমরা বলব অন্যায় করেছি, ব্যর্থ হয়েছি। ১৫ লক্ষ বর্গাদার বর্গা রেকর্ড করেছে। পরে জমি রেকর্ড দেখে সেই জমিতে লোন নিয়ে আজকে দাঁড়িয়েছে। আমার পশ্চিমবাংলার খাওয়ার উৎপাদন আজকে তিনগুণ হয়েছে। আজকে হাহাকার নেই, খাবারে ঘাটতি কেউ এই কথা বলতে পারে না। এটা আমরা ব্যর্থ হয়েছি। দ্বিতীয় আমরা বলেছিলাম, পঞ্চায়েত। পঞ্চায়েতের সাফল্য নিয়ে অনেকে ঠাট্টা করেন। আমি রাজ্যপালের ভাষণে একটা লাইন দেখে অবাক হয়ে গেলাম যে পঞ্চায়েত কোনো বিষয়ই নয়। বেশি তথ্য বলার দরকার নেই। পশ্চিমবাংলার পঞ্চায়েতের আগে কি ছিল ? আমি প্রধান হয়েছিলাম আজ থেকে ৩৪ বছর আগে। কি ছিল তখন ? শেষ ভোট হয়েছিল ১৯৬৪ সাল। তারপর ১৩-১৪ বছর ভোট হয়নি। ১৩-১৪ বছর ভোট হয়নি। তারপর ৭ বার ভোট হয়েছে পঞ্চায়েতে, ৭ বার ভোট হয়েছে পৌরসভার—অন্যায় হয়েছে ? প্রতিবার নিয়মিত ভোট করে অন্যায় হয়েছে। আপনারা করেননি ওটা ভাল ছিল। এইজন্য আমরা খারাপ। আমরা যুক্ত করেছি সব মানুষকে। সিডিউল কাস্ট, সিডিউল ট্রাইব যুক্ত হয়েছে, রিজারভেশান হয়েছে। মহিলাদের তিন ভাগের একভাগ রিজারভেশান ছিল। এই কদিন আগে আমরা আইন করে বাড়িয়ে দিয়েছি অর্ধেক। আমরাই প্রথম করেছি। ভারত

সরকার ঘোষণা করেছে, এখনও আইন করেনি আমরা করেছি। শুধু তাই নয়, আপনারা খুশি হবেন আপনাদের মাননীয়া মুখ্যমন্ত্রী মাঝে মাঝে মুসলিমদের কথা বেশি বলেন। মাঝে মাঝে আল্লা, ভগবানকে ডাকেন, খোদাকেও ডাকেন ভাল লাগে। মাঝে মাঝে মাথায় পর্দার কাপড় দেন ভাল লাগে। কিন্তু আমরা প্রথম করেছি যারা ও.বি.সি. মুসলিম তাদের জন্য সংরক্ষণ হবে পঞ্চায়েতে। এই ব্যবস্থা আমরা করেছি। এই ব্যবস্থা তো আগে ছিল না। আমি শেষে যেটা বলতে চাই পঞ্চায়েতের একটা উদাহরণ। সেই তারিখটা আমার মনে আছে ২৩ তারিখ। ব্রাত্যবাবু আছেন তার কেন্দ্রে আমাদের মাননীয় প্রধানমন্ত্রীর জনসভা। জনসভায় দাঁড়িয়ে বলে গেলেন কলকাতার মাঠে পশ্চিমবাংলার পঞ্চায়েত ব্যর্থ। পরের দিন সকালবেলায় বিজ্ঞান ভবন দিল্লিতে, আমার ভোট ছিল আমি যেতে পারলাম না আমার রাষ্ট্রমন্ত্রীকে পাঠালাম। সব কাগজে বেরলো ছবি, পুরস্কার নিচ্ছে কে ? ১ কোটি টাকার পুরস্কার নিচ্ছে রাষ্ট্রমন্ত্রী পশ্চিমবাংলার। পুরস্কার দিচ্ছেন কে প্রধানমন্ত্রী, পাশে কে সোনিয়া গান্ধী। খারাপ লেগেছে ? কষ্ট হয় ? পশ্চিমবাংলার মাথা উঁচু হলে কষ্ট হয় ? আমরা তো কোনোদিন বলি না। আজকে তো সেই বিচারটা মানুষকে করতে বলি। আজকে অন্যান্য ক্ষেত্রের দিকে তাকিয়ে দেখুন। কৃষির ক্ষেত্রে কোথায় ছিলাম আমরা। আপনারা তো সবাই তো শহরের লোক বুঝতে কম পারবেন কিন্তু গ্রামের অনেকেই বুঝবেন। শিক্ষার কথা নিয়ে প্রশ্ন উঠছে। কি ছিল ? আমার ব্যক্তিগত জীবনের দুটি ছোট্ট ঘটনা। সাধারণ বাড়ির ছেলে আমরা, আমাদের তখন খুবই অভাব। আমার একটা ভাই দুবার পরীক্ষা দিল। টিউশান ফি মাত্র আড়াই টাকা। আড়াই টাকা ক্লাস ফাইভ-সিক্স। সাড়ে তিন টাকা ক্লাস সেভেন-এইট এবং সাড়ে চার টাকা ক্লাস নাইন-টেন।

[12 Noon–1.30 p.m. (including adjournment)]

দুবছর পরীক্ষার ফি দিতে পারেনি, রেজাল্ট পেলেন না। পাশ করেও ফল পেলেন না। এই ছিল আমাদের ব্যবস্থা। আমার মনে আছে আমার দুই ভাই মাধ্যমিক পরীক্ষা দেবে। টাকা নেই বাবার হাতে। ধার করতে গিয়েছেন মহাজনের কাছে। বললেন একশো টাকা দিলে তিন মাসের মধ্যে একশো টাকা দিতে হবে, একশো কেজি পাট দিতে হবে। বাবা চোখের জল ফেলে একশো টাকা দিয়ে এলেন। আর একশো কেজি পাট দিয়ে এলেন বিনা পয়সায়। এই ছিল আমাদের শিক্ষার হাল। আজকে বারো ক্লাস পর্যন্ত ফ্রি। আমাদের শিক্ষামন্ত্রী জানেন না ওটা কবে চালু হয়েছে ? এখন বলছেন চালু করবেন। কবে চালু হয়েছে জানেন না। আমি এই জন্য বলব একটু ভাল করে আপনারা দেখে নেবেন। আমরা এই কথা বলি যে শিক্ষার যে হাল ছিল, আজকে তার পরিবর্তন হয়েছে। বিশেষ করে আমি একটি বড় বিষয় বলতে চাই, সেটা হল মাইনরিটি ডেভেলপমেন্টের ব্যাপারে। অনেকের মুখে দরদ শুনি। আমাদেরকে নিয়ে সমালোচনা হত। আমি আর রেজ্জাক সাহেব দুজনে মুসলিম ছিলাম সি পি এমের। ঠাট্টা করে বক্তৃতা শুনছিলাম অনেক জায়গায়। সি.পি.এমের মুসলমানের দরদ দেখ। একটা মন্ত্রীর নাম হচ্ছে আব্দুর রেজ্জাক মোল্লা, কোথায় আছে—জঙ্গলে। আর একটা মন্ত্রীর নাম হচ্ছে আনিসুর রহমান, কোথায় আছে—গরু-ছাগলে। আজকে কি বলবেন ? আজকে কি বলবেন বলুন ? এই যে এইখানে আমি দেখলাম রিপোর্ট পেশ করা হয়েছে। মাইনরিটি

ডেভেলপমেন্ট নিয়ে কি বলা হয়েছিল ? তাড়াতাড়ি সার্টিফিকেট দিতে হবে। কাদের ? এস সি, এস টি, নট ও বি সি, নট মাইনরিটি। দেখুন, কি লেখা আছে ? not minority, দেখুন কি লেখা আছে ? এই কথাটা উল্লেখও করলেন না। কি ডেভেলপমেন্ট করেছেন বললেন না। আমি শুধু বিনীতভাবে বলব কোনো তথ্য আমি দিতে চাই না। আমার বাড়ি মুর্শিদাবাদ। ৬৫ ভাগ মুসলমান সেখানে বাস করে। এর ভাল মন্দ সবটাই তো মুসলমানের উপর নির্ভর করে। আমি যখন প্রধান হয়েছিলাম, তখন আমি প্রথম রিপোর্ট দেখেছিলাম যে আমার জেলায় সাক্ষরতার হার কি। তখন ১৯৭১ সালের রিপোর্ট পেলাম। ১৯৭১ সাল মানে ইংরেজের দুশো বছর। আর কংগ্রেসের ২৪ বছর। এই যোগ করলে হয় ১৯৭১ সাল। মুর্শিদাবাদ জেলায় সাক্ষরতার হার ছিল কত ? ১৬ ভাগ, ১৬%। আজকে এটা ৭০ ছাড়িয়ে গেছে। খারাপ হয়ে গেছে। মুর্শিদাবাদের গ্রামের একটা ছেলে আরিফ মহম্মদ—সারা পশ্চিমবাংলায় মাধ্যমিকে প্রথম হয়েছে, অন্যায় হয়ে গেছে। মুর্শিদাবাদের ছেলে আজকে জয়েন্ট এন্ট্রান্সে পাশ করছে, ডাক্তারি পাশ করছে, খারাপ হয়ে গেছে। আরও দরকার। আমাদের এত আত্মসন্তুষ্টি নেই যে আমরা সব করে ফেলেছি। আমরাই করেছি দশভাগ রিজারভেশানের ব্যবস্থা। কেন্দ্র ঘোষণা করেছে ? করেনি এখনও। আমরা করেছি, আরও আমরা করতে চাই। কিন্তু এই কথা আমরা স্পষ্টভাবে বলি যে একথা মনে করার কারণ নেই যে শুধু মুসলিমরা পিছিয়ে আছে। আমি মুসলমান হয়ে বলতে চাই মুসলিমরা পিছিয়ে আছে এ ব্যাপারে কোনো সন্দেহ নাই। কিন্তু পিছিয়ে গেছে যদি কেউ বলে আমি তার বিরোধী। কিন্তু এ কথা বলতে চাই এখনও সিডিউল কাস্ট, সিডিউল ট্রাইব, এখনও পিছিয়ে পড়া অনেক মানুষ আছে, যাদের যা প্রয়োজন, তা পায় না, অসহায় অবস্থার মধ্যে আছে, দেখতে হবে। পঞ্চায়েতের কথা উঠছে বি পি এলের তালিকা নিয়ে। কে দায়ি ? আমরা দায়ি ? বি পি এলের তালিকা আমরা করেছি ? কত বি পি এল হবে কে ঠিক করেছে ? ভাল করে খোঁজ নিয়ে নিন।

(গোলমাল)

বি পি এলের তালিকা ঠিক করে—বি পি এলের সংখ্যা ঠিক করে দিয়েছে কেন্দ্র।

(গোলমাল)

আমি বহুবার বলেছি, দিল্লির দরবারে বার বার আলোচনা করেছি। যে পদ্ধতিতে মাপা হয়, মাপা যায় না। গরম কাপড় থাকলে বি পি এল হবে না। আমার দার্জিলিংয়ের একজন গরীব মানুষ, তার গরম কাপড় আছে, সে বি পি এল হবে না। যে ইন্দিরা আবাস যোজনায় ঘর পেয়েছে—পাকা বাড়ি, সে বি পি এল হবে না। কে ঠিক করেছে ? ১৩টি ক্রাইটেরিয়া কারা ঠিক করেছে ? বলুন আমরা করেছি ? তারপরে আমরা দায়িত্ব নেব যে এই রকম কাজ করা হয়েছে। আমরা বলেছিলাম বারে বারে। আমি আনন্দিত হলাম যে পঞ্চায়েত মন্ত্রী ঘোষণা করেছেন আবার লিস্ট তৈরি হবে, আবার অ্যাসেস হবে। আমরা খুব খুশি। সেটা আমরা করাতে চাই। আমি শেষে আর দুটি কথা বলতে চাই। সেটা হচ্ছে রাজ্যপালের ভাষণে আট-দশটি বিষয় বলা আছে। মাননীয় স্পীকারের কাছে আমার ছোট্ট প্রশ্ন রাজ্যপালের

ভাষণে যে দশটি বিষয় বলা আছে, তার বেশিরভাগ বিষয়গুলো বাইরে ঘোষণা করা হয়ে গেছে। বিধানসভা চলাকালীন মুখ্যমন্ত্রী বা কোনো মন্ত্রী—পার্থবাবুরা ভাল করেই জানেন, এখানে বসতেন, তখন বারে বারে চিৎকার করতেন। আজকে বলতে হবে যে মুখ্যমন্ত্রী বাইরে দাঁড়িয়ে বিধানসভা চলাকালীন এই রকম প্রোগ্রাম ঘোষণা করতে পারেন কিনা। যদি করতে পারেন তাহলে আমরা ভুল শিখেছি। রুলিং দিয়ে দিন যে হ্যাঁ করতে পারে। কি বললেন ? এমন অনেক বিষয় বলেছেন জানেন না। ১লা তারিখে মাষ্টার মহাশয়দের বেতন দেবেন ঠিক আছে। আমরা কি বলেছিলাম ? আজকে ভাব দেখে মনে হয়েছে বেতন বেড়ে গেল। কি ছিল বেতনের হার ? আমি একজন মাদ্রাসার শিক্ষক। ১৪৯ টাকা বেতন শুরু হয়েছিল কংগ্রেস আমলে। আজকে কোথায় ৫০ হাজার টাকা বেতন হয়ে গেছে। আমি বলতে চাই মাদ্রাসা নিয়ে একটা কনফিউশান আছে। মাদ্রাসা নিয়ে একটা বক্তৃতা করা আছে। আর একটা বলা আছে পেনশান নিয়ে। মাননীয়া মমতা ব্যানার্জী জানতেন না যে পেনশান ব্যবস্থা ব্যাঙ্কে কবে চালু হয়ে গেছে। যাঁরা পেনশান পান তাঁরা ভাল করে জানেন যে তাঁরা ব্যাঙ্কের মাধ্যমে পেনশান পান এবং মাসের শেষ দিনে পান। উনি জানতেন না আমি জানিয়ে দিলাম। মাদ্রাসা নিয়ে বলেছিলেন—১০ হাজার মাদ্রাসাকে অনুমোদন দেব। কেন্দ্রের খবর রাখেন না। এটা আমাদের আমলে প্রস্তাব দিয়েছিলাম। অর্জুন সিংকে আমরা প্রস্তাব দিয়েছিলাম। মাধব রাও সিন্ধিয়াকে আমরা প্রস্তাব দিয়েছিলাম। তাঁরা বলেছে আমরা টাকা দেব, যে মাদ্রাসা ইংরেজি, অঙ্ক পড়াবে ৩ জন শিক্ষককে টাকা দেব।

(এস সময় মাইক অফ হয়ে যায়)

...(at this stage the House was adjourned till 1.30 p.m.)...

[1.30–1.40 p.m.]

ডাঃ আশীষ ব্যানার্জী : মাননীয় স্পীকার স্যার, মাননীয় রাজ্যপাল শ্রী এম.কে. নারায়ণন মহোদয়ের ভাষণের জন্য যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব মাননীয় শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় এনেছেন, তাঁর প্রতি পূর্ণ সমর্থন জ্ঞাপন করছি। কারণ মাননীয় রাজ্যপাল তাঁর ভাষণে বিগত বামফ্রন্ট সরকার যে শোচনীয় অবস্থার সৃষ্টি করেছে, তা থেকে বর্তমান সরকার রাজ্যকে মুক্ত করবার যে পরিকল্পনা গ্রহণ করেছে, তার একটা পূর্ণাঙ্গ চালচিত্র দিয়েছেন। স্যার, যদিও উনি সভায় বক্তব্য রেখেছেন কিন্তু এখন এখানে উপস্থিত নেই মাননীয় প্রাক্তন মন্ত্রী, তিনি মাননীয় রাজ্যপালের ভাষণের উপরে বলতে গিয়ে নানা কথা বলেছেন। তাঁকে স্মরণ করিয়ে দিই যে, রাজ্যপালের ভাষণের উপরে বলতে গিয়ে ১৯৭৭ সালে প্রাক্তন তদানীন্তন মুখ্যমন্ত্রী বলেছিলেন—'ভাল নির্বাচন হয়েছে'। আমি মাননীয় প্রাক্তন মন্ত্রীকে—এখন যিনি বক্তা ছিলেন, তাঁকে আমি প্রশ্ন করি—আগের সমস্ত নির্বাচন কি খারাপ হয়েছিল ? আমি তাঁর উদ্দেশ্যেই বলছি, বঙ্কিমচন্দ্র একটা কথা বলেছিলেন যে,—'আপনার ঢাক আপনি না পিটাইলে পিটাইবে কে ?' সুতরাং তাঁর উদ্দেশ্যে বলব—আনিসুর সাহেব এসে গেছেন, তাঁর উদ্দেশ্যে বলব, বঙ্কিমচন্দ্র যেটা বলেছিলেন যে,—'আপনার ঢাক আপনি না পিটাইলে পিটাইবে কে ?' সুতরাং আমি অনুরোধ করব যে, আপনি পিটাইয়া যান। কিন্তু

জনগণ প্রত্যাখ্যান করিয়াছেন। কি করিবেন ? একটু বিশ্রাম গ্রহণ করুন। আনিসুর সাহেব গণতন্ত্র সম্বন্ধে অনেক কথা বলছিলেন। আমি আপনাকে প্রশ্ন করি মাননীয় স্পীকারের মাধ্যমে যে, গণতন্ত্র না থাকিলে আপনি মুরগি চিবাইয়াছেন কিন্তু মুরগির রোগ প্রতিরোধ করিতে পারেন নাই। সুতরাং আনিসুর সাহেব এক্ষুণি প্রায়শ্চিত্তের সময় আসিয়াছে, উহা করুন, জ্বালাময় হৃদয়ে একটু শান্তি লাভ করিবেন এবং আমি বলি যে, এখন বিরোধীরা নানা কথা বলছেন, আমি নজরুলের একটি কথা স্মরণ করিয়ে দিয়ে বলি যে, আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এসেছেন। নজরুলের একটি কবিতায় আছে যে,—'তোরা সব জয়ধ্বনি কর, ঐ নতুনের কেতন ওড়ে কালবৈশেখীর ঝড়, তোরা সব জয়ধ্বনি কর'। আপনাদেরও বলি একটু জয়ধ্বনি করুন, বিরোধিতা ছেড়ে জয়ধ্বনি করুন। আমি দুদিন আগে শুনছিলাম আর একজন সদস্য বলছিলেন—এস.এম.সাদী, তিনি উল্লেখ করেছিলেন—রবীন্দ্রনাথের সার্ধশতবর্ষ চলছে—একটু শেখাবেন আপনি মাননীয় বিরোধী দলনেতা, আপনি একটু শিখিয়ে দেবেন যে, রবীন্দ্রনাথের সার্ধশতবর্ষে রবীন্দ্রনাথকে অপমান কেন ? আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী একটি কথা বলেছিলেন—'আমরা সবাই রাজা আমাদের এই রাজার রাজত্বে।' তাৎপর্যটা বুঝেছিলেন কি ? সেই ক্ষমতা আছে ? উনি আর.টি.এ.-তে ছিলেন, তো রসেবসে ছিলেন। এখন চলে যাচ্ছে, এই রসেবসে আর থাকতে পারবে না। স্বাভাবিকভাবেই ওর জ্বালা হচ্ছে। কিন্তু আমি বলব একটু সংযত হোন। রবীন্দ্রনাথের গানের লাইন তার একটু মর্মার্থ অনুভব করুন, তারপরে এইসব কথা বলবেন। লজ্জা লাগা উচিত রবীন্দ্রনাথের সার্ধশতবর্ষে—এই হচ্ছে সি পি আই এম দলের অর্ঘ্যপ্রদান। রাজ্যের যে অবস্থার কথা এখানে উল্লেখ করেছেন আমাদের মাননীয় রাজ্যপাল, সেই রাজ্যের অবস্থাটা এতটুকু ভুল বলেননি। রাজ্যের যে অবস্থা বামফ্রন্ট সরকার করে গেছে, সেটাই আপনি অনুধাবন করুন। ইণ্ডিয়া টু ডে নভেম্বর ২৯, ২০১০ লেটেস্ট রিপোর্ট স্টেট অফ স্টেটস, তাতে দেখা যাচ্ছে পশ্চিমবঙ্গের ২০টা বড় রাজ্যের মধ্যে সার্বিক অগ্রগতির ক্ষেত্রে স্যার এই রাজ্য ১৩তম। মোট নম্বর ছিল ৮। পেয়েছেন কত ? ২.১ সূচক। কৃষিতে কততে আছেন ? ৩৪ বছরে দারুণ উন্নতি করেছেন ! কৃষিতে ১১তম স্থানে, বামফ্রন্টের নাকি ভিত্তি ছিল। প্রাথমিক স্বাস্থ্যে ১১তম। প্রাথমিক শিক্ষায় ১১তম। আর্থিক সমৃদ্ধিতে ১৩তম। পরিকাঠামোয় ১৩তম। ভোগ্যপণ্য বাজারের বিস্তৃতিতে ১৪তম। আইন-শৃঙ্খলায় সবার নিচে, সবার পিছে ২০টা রাজ্যের মধ্যে ২০তম স্থানে। আর সার্বিক অগ্রগতিতে ১৪তম স্থানে। একটু শিখে নিন। নতুন এসেছেন তো একটু শিখে নিন। পশ্চিমবঙ্গের থেকে আয়তনে অনেক ছোটো পাঞ্জাব, পাঞ্জাব প্রথম স্থানে। হিমাচলপ্রদেশ দ্বিতীয় স্থানে। কেরালা চতুর্থ স্থানে। গুজরাত পঞ্চম স্থানে। হরিয়ানা ষষ্ঠ স্থানে। কর্নাটক সপ্তম স্থানে। জম্মু-কাশ্মীর নবম স্থানে। উত্তরাখণ্ড একটা ছোটো রাজ্য, সেটাও ১১তম স্থানে। আর তারও পিছনে রয়েছে পশ্চিমবঙ্গ, আপনারা ৩৪ বছরে এগিয়ে নিয়ে গিয়েছেন ! দারিদ্র্যে দেখুন পরিকল্পনা কমিশনের সর্বশেষ হিসেবে পশ্চিমবঙ্গের গ্রামীণ দারিদ্র্য হচ্ছে ২৮.৬ শতাংশ। এই দারিদ্র্যে ২০টা রাজ্যের থেকে—মিনি বাসে বলেনা পিছন দিকে এগিয়ে যান—তো পিছন দিকে এগিয়ে যাচ্ছেন। এগিয়ে দিয়েছেন আপনারা ! দারিদ্র্যে ২০টা রাজ্যের থেকে আপনারা এগিয়ে আছেন। শহরের দারিদ্র্য ১৪.৮ শতাংশ, ১২টা রাজ্যের চেয়ে

এগিয়ে। বামফ্রন্ট এগিয়ে চলেছে ! গ্রাম শহর মিলে দারিদ্র্য যেটাকে বলে কমবাইন্ড পভার্টি, এই কমবাইন্ড পভার্টিতে কত ? ২৪.৭ শতাংশ। ২০টা রাজ্যের থেকে বেশি। তাই ২ কোটি ১০ লক্ষ মানুষ দারিদ্র্যের শিকার। এটা আমার নয়, সরকারি হিসাব। ন্যূনতম শিক্ষা, স্বাস্থ্য, জ্বালানী, বস্ত্র এই সবের ভিত্তিতে অক্সফোর্ড পভার্টি অ্যান্ড হিউমেন ডেভেলপমেন্ট ইনিসিয়েটিভ সংস্থা ২০০৭ সালের ভিত্তিতে একটি মাল্টি-ডাইমেনশনাল পভার্টি ইন্ডেক্স, যেটাকে বলে এম পি আই তৈরি করে, যা অনুযায়ী পশ্চিমবঙ্গে ৫৮.৩ শতাংশ মানুষ গরীব। আমি বলছি না, সরকারি রিপোর্ট বলছে, আমি বলছি না সমীক্ষা বলছে। আর্থিক অবস্থার কথা মাননীয় রাজ্যপাল সঠিকভাবে তুলে ধরেছেন। দুই লক্ষ কোটির উপর দেনা। মাথাপিছু কত দাঁড়ায় ? পশ্চিমবঙ্গের দেনা যার অভ্যন্তরীণ উৎপাদন—আপনার দারিদ্র্যে বামফ্রন্ট এগিয়ে এবং ২ লক্ষ কোটির উপর দেনা, মাথাপিছু হচ্ছে ২৪ হাজার টাকা। একটা শিশু যে আজকে জন্মগ্রহণ করছে ২৪ হাজার টাকা দেনা নিয়ে সে জন্মগ্রহণ করছে। পশ্চিমবঙ্গের দেনা যার অভ্যন্তরীণ উৎপাদন আয়ের প্রায় ৪৯.৪ শতাংশ। উত্তরপ্রদেশে কত ? ৪৫ শতাংশ। মহারাষ্ট্রে কত ? ২৬.৬ শতাংশ। আর পশ্চিমবঙ্গ প্রায় ৫০ শতাংশ।

[1.40–1.50 p.m.]

এই তো এগিয়ে চলেছে। ৩৪ বছরে এই এগিয়ে দিয়েছেন রাজ্যকে। এর ফলে পশ্চিমবঙ্গে যোজনা বরাদ্দ অত্যন্ত কম ছিল এবং তাও আবার সঠিকভাবে ব্যবহৃত হয়নি। যে যোজনা বরাদ্দ ছিল সেটাও ব্যবহার করতে পারলেন না। ২০১০-১১, অর্থাৎ গতবার পশ্চিমবঙ্গের যোজনা বরাদ্দ ছিল ১৭,৯৮৫ কোটি টাকা, মহারাষ্ট্রে ছিল ৩৭,৯১৬ কোটি টাকা, উত্তরপ্রদেশে ছিল ৪২ হাজার কোটি টাকা। এর মধ্যে মূলধনি ব্যয় ছিল পশ্চিমবঙ্গে ১১,৭৮৯ কোটি টাকা, মহারাষ্ট্রে ২১,৮০১ কোটি টাকা, উত্তরপ্রদেশে ২৯,৬৮৩ কোটি টাকা। প্রাক্তন অর্থমন্ত্রী প্রায়ই দেখাবার চেষ্টা করতেন পশ্চিমবঙ্গের দেনা অন্য রাজ্যের থেকে বেশি। এইজন্য উল্লেখ করলাম যে, ঐ বছরে বেতন, পেনশন, সুদ বাবদ পশ্চিমবঙ্গের নিজ আয়ের ১০৩ শতাংশ ঢুকে গিয়েছিল। ওখানেও ধার করতে হয়েছিল। যেখানে উত্তরপ্রদেশ ৬৩.৮ শতাংশ আর মহারাষ্ট্র ৪৫.৩ শতাংশ। এই বাধ্যতামূলক খরচে বৃহত্তম অংশ ৫৯.৬ শতাংশ, প্রায় ৬০ শতাংশ সুদ দিতে চলে গিয়েছিল। যেখানে বেতন দিতে লেগেছিল মাত্র ১৬.৮ শতাংশ। তাহলে প্রাক্তন অর্থমন্ত্রী নাকি দারুণ নিয়োগ বৃদ্ধি করেছিলেন ? এই বাগাড়ম্বর ধোপে টেঁকে ? আপনি পারেননি। উন্নয়নের টাকা স্বভাবতই কমে গেছে। একদিকে বিপুল যোজনা বহির্ভূত ব্যয়, অন্যদিকে কম হারে কর, রাজস্ব আদায়, সেটা রাজ্যকে ধীরে ধীরে—যেটা মাননীয় মমতা বন্দ্যোপাধ্যায় বলছেন—দেউলিয়া করে দিয়েছে। মাননীয় মুখ্যমন্ত্রী বারবার ঘোষণা করছেন, রাজ্যের আর্থিক অবস্থা শোচনীয়, শূন্যে পরিণত করেছেন। আর্থিক বছরের শেষে রাজস্ব আদায় ছিল ৩৫,২৩৪ কোটি টাকা। সেখানে উত্তরপ্রদেশ আদায় করেছিল ৪২,৩০৬ কোটি টাকা। সর্বভারতীয় সংস্থা National University of Primary Education and Administration বলেছে শিক্ষায় কি করেছেন। ব্রাত্যদা একটু শুনে নিন কি করে দিয়েছিল এরা। অ্যাডমিনিস্ট্রেশন দ্বারা তৈরি ২০০৫-০৬, ২০০৬-০৭-এ দুটো

শিক্ষা উন্নয়ন সূচক, Educational Development Index অনুযায়ী পশ্চিমবঙ্গ ৩৫টা রাজ্য ও কেন্দ্র শাসিত অঞ্চলের তুলনায় ছিল ৩২তম স্থানে। কোথায় হ'ল দারুণ উন্নতি ? ৩২ থেকে নামিয়ে আনালেন ৩৩-এ, ৩৫টা রাজ্যের মধ্যে তৃতীয়, পেছন দিক থেকে তৃতীয়। আর বই প্রকাশ করে বললেন—আমরা চলি সমুখ পানে। বরং এটা লিখুন—আমরা চলি পেছন পানে, কে আমাদের জেতাবে ? কেউ আপনাদের জেতাবে না। গ্রামীণ স্বাস্থ্যে লজ্জাজনক ঘটনা। গ্রামীণ জনসংখ্যার ২৪ শতাংশ, এই রাজ্যে ৩৪ বছর শাসনের পরও যাদের দশ কিলোমিটার পথ পাড়ি দিয়ে স্বাস্থ্যকেন্দ্রে যেতে হয়। ১৯৭৮ সালে এই রাজ্য ছিল ষষ্ঠ স্থানে, সেটা চলে গেছে ২০টা রাজ্যের মধ্যে ১৬তম রাজ্যে। আর প্রাথমিক শিক্ষায় আমাদের রাজ্য যেখানে ছিল তৃতীয় স্থানে, সেটা চলে গেছে তেত্রিশতম স্থানে। তারপরও আপনারা নির্লজ্জের মতো চিৎকার করেন ! এটা হ'ল আপনাদের নির্লজ্জ দলবাজির ফল। মমতা বন্দ্যোপাধ্যায় যেটা বলেন দলতন্ত্রকরণের ফল। এই দলতন্ত্রকরণের ফলে পশ্চিমবঙ্গ শিক্ষা, স্বাস্থ্য, কৃষি সমস্ত কিছুতেই পিছিয়ে গেছে। তারপরও আপনারা বড় বড় কথা বলেন ! সারা দেশের শিক্ষিত বেকারের প্রায় ১১ শতাংশই রয়েছে পশ্চিমবঙ্গে। গ্রামীণ দারিদ্র্যে দশম স্থানে পশ্চিমবঙ্গ, আর সার্বিক দারিদ্র্যে একাদশতম স্থানে। ২০১০ সালে রাজ্যপালের ভাষণের উপর বলতে গিয়ে আমি তদানীন্তন মুখ্যমন্ত্রীকে বলেছিলাম একটা গান করুন, 'আমার যাবার সময় হ'ল দাও বিদায়।' সেই গান তিনি গেয়েছিলেন এবং বিদায় নিয়েছেন। আর একটা গানও করতে বলেছিলাম, 'এসো মুক্ত কর মমতা বন্দ্যোপাধ্যায়'। বাংলার মানুষ সেই মুক্তির গান গেয়েছিলেন এবং গেয়েছিলেন বলেই মমতা বন্দ্যোপাধ্যায় আজ মুখ্যমন্ত্রীর পদে আসীন হয়েছেন এবং পশ্চিমবঙ্গে নবদিগন্ত উন্মোচিত হয়েছে, তার বিরোধিতা নয়, তাকে স্বাগত জানান। এই কটি কথা বলে মাননীয় রাজ্যপালের ভাষণের উপর যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী অক্ষয় ঠাকুর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মহামান্য রাজ্যপাল গত ১৩ই জুন এই পবিত্র বিধানসভায় যে ভাষণ রেখেছেন সেই ভাষণকে আমি সমর্থন করতে পারতাম যদি ১৩ই মে ফল ঘোষণার পরে গোটা রাজ্যে হিংসাত্মক ঘটনাগুলো না ঘটত। তিনি যে ভাষণ রেখেছেন সেই ভাষণের বিরোধিতা করে আমি কিছু কথা বলতে চাই। স্যার, এই বিধানসভায় গত দুদিন ধরে শুনছি ৩৪ বছরে বামফ্রন্ট পশ্চিমবঙ্গে কিছু করেনি, ৩৪ বছরে পশ্চিমবঙ্গে বামফ্রন্ট শ্মশানের রাজত্ব কায়েম করেছে। এই কথাগুলো দুদিন ধরে শুনছি। এর উত্তরে আমাদের বিরোধীপক্ষের মাননীয় সদস্য চৌধুরী মহম্মদ হিদায়েতুল্লা গতকাল, গত ৩৪ বছরে বামফ্রন্ট সরকারের যে সাফল্য তার খতিয়ান তুলে ধরেছেন। আমি নতুন করে আজকে তার পুনরাবৃত্তি করতে চাই না। স্যার, মহামান্য রাজ্যপাল ভাষণে বলেছেন আমার সরকার রাজনৈতিক প্রতিশোধ গ্রহণ ও দমনের পথে হাঁটবে না। একথাটা শুনতে খুব ভাল। এই কথা যদি বাস্তবায়িত হত তাহলে ধন্যবাদ জানাতম। কিন্তু ঘটনা ঠিক উল্টো ঘটছে। বাস্তব সত্যটা হল যে আমরা আরও কিছুদিন অপেক্ষা করব। এই সরকারের মেয়াদ মাত্র এক মাস। এই এক মাসে ভাল মন্দ বোঝা যাবে না। আর কিছুদিন হলে বুঝতে পারব যে মহামান্য রাজ্যপাল

যে ভাষণ দিয়েছেন তার কতটা বাস্তবায়িত হয়। কিন্তু এই এক মাসের মধ্যে এই সরকারের একটি অংশে বিশেষ করে তৃণমূল কংগ্রেসের বন্ধু যাঁরা আছেন, গত একমাসে ফল ঘোষণার পরে যে হিংসাত্মক ঘটনাগুলো গোটা রাজ্যে ঘটছে, যে ভয়ংকর আচার আচরণ প্রকাশ করছেন এটা যদি অব্যাহত থাকে তাহলে মাননীয়া মুখ্যমন্ত্রী গোটা রাজ্যে যে প্রত্যাশা জাগিয়েছেন সেটা কতটা পূরণ হবে সেই বিষয়ে আমার নিজের সন্দেহ আছে। বাস্তবায়িত করতে পারলে ভাল। আমরা সাধুবাদ জানাব। এই সরকার যদি সেটা করতে পারেন আমরা সাধুবাদ জানাব। কিন্তু স্যার, ১৩ই মে ফল ঘোষণার পরে গোটা রাজ্যের সাথে আমার কোচবিহার জেলায়, কোচবিহার জেলায় ১২টি ব্লকের মধ্যে ৫টি ব্লকে যে সন্ত্রাসের বাতাবরণ তৈরি হয়েছে সেটা কল্পনাতীত। ইতিমধ্যে আমরা আমাদের বামফ্রন্টের পক্ষ থেকে ৩রা জুন মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে স্মারকলিপি দিয়েছি। আমি শুধু আমার নির্বাচন কেন্দ্র কোচবিহার দক্ষিণ বিধানসভা কেন্দ্রের কয়েকটি ঘটনা এখানে আমি উত্থাপন করতে চাইছি। ১৩ই মে ফল ঘোষণা হওয়ার পরে এখনও পর্যন্ত সেখানে বাড়িঘর ভাঙচুর হয়েছে। আপনারা বলেছেন দমনের জায়গায় যাবেন না। পদদলিত করবেন না।

[1.50–2.00 p.m.]

আমার বিধানসভা এলাকায় এখনও পর্যন্ত বাড়িঘর ভাঙচুর হয়েছে ১৫টি। পার্টি অফিস ভেঙেছেন ৭টি। পার্টি অফিসে তালা বন্ধ করে দিয়েছেন ৭টি। ৬৯টি পরিবারকে বাড়ি ছাড়া করেছেন। চাঁদার জুলুম করে জরিমানা করেছেন ৫০০০ টাকা থেকে ১ লক্ষ টাকা পর্যন্ত। যারা টাকা দিতে পারেনি তাদের মারধর করা হয়েছে। এমন কি মা বোনেদের সঙ্গে কি ব্যবহার করেছেন। মা বোনদের সম্মানের কথা আপনারা বলছেন ! আমার নির্বাচন কেন্দ্রের সাহেরা বিবি, তিনি একজন গৃহবধূ, তার স্বামীকে পায়নি বলে রাত্রিবেলা ঘর থেকে টেনে বের করে হাসপাতালে পাঠিয়ে দেওয়া হয়েছে। মহিমা বিবি, হাঁড়িভাঙা গ্রামপঞ্চায়েতে বাড়ি। একজন বিধবা, তিনি টাকা দিতে পারেননি বলে তাকে মারধর করা হয়েছে। তাকে হাসপাতালে চিকিৎসা করতে হচ্ছে। এই সমস্ত শুনে রাখুন। এই সমস্ত অপকর্মের বিরুদ্ধে সোচ্চার হয়েছিলেন এই জোট সরকারের আর একটি সঙ্গী কংগ্রেস, কংগ্রেস দলের অত্যন্ত প্রভাবশালী নেতা হামিদুর রহমান এবং ললিত বর্মণ দুজনে প্রাইমারি শিক্ষক, কংগ্রেসের এই প্রভাবশালী দুজন নেতা, তাঁরা এই অপকর্মের বিরুদ্ধে প্রতিবাদ করেন। তার ফলস্বরূপ তাঁদের কপালেও দুর্ভোগ ঘটেছে। তাঁদেরকে নিগৃহীত করা হয়েছে। এবং এই নিগ্রহের ফলে থানায় এফ আই আর করেছেন। আপনারা কোচবিহারের কংগ্রেসের যিনি সভাপতি শ্যামল চৌধুরীকে জিজ্ঞাসা করলে জানতে পারবেন, ঘটনার সত্যতা কতটা। শুধু তাই নয়, এই থানায় ডায়েরি করলেও আর একটি বিপদ ঘটে যাচ্ছে। সেখানে বলা হচ্ছে যাদের নামে মামলা করা হয়েছে, তাদের জামিনের টাকার জন্য হালের বলদ নিয়ে যাওয়া হচ্ছে। এই ঘটনা গোটা আমার নির্বাচন কেন্দ্রে চলছে। আমি দায়িত্ব নিয়ে বলছি ২০০১ সাল থেকে আমি ওই কেন্দ্রের বিধায়ক। কোনো তৃণমূল কংগ্রেসের কোনো নেতা কর্মী বন্ধু যদি বলতে পারেন যে এই ১০ বছরে ওই এলাকতে তৃণমূল কংগ্রেসের কেউ কোনোদিন ঘরবাড়ি ছাড়া ছিলেন,

চোখের জল ফেলেছেন। চাঁদার জুলুমে ভুগেছেন, অশান্তিতে ভুগেছেন। যদি এই কথা বলতে পারেন, তাহলে আমি দায়িত্ব নিয়ে বলছি এই বিধানসভাতে এই সদস্যপদ ত্যাগ করব। এই ঘটনা ঘটেনি। অথচ এই নির্বাচনের পরে এই ঘটনাগুলি ঘটেছে। পাশাপাশি বলতে চাই আপনারা বলছেন গণতন্ত্রকে পুনঃপ্রতিষ্ঠা করবেন। গণতন্ত্রকে প্রতিষ্ঠা করুন, আমাদের আপত্তি নেই, আরও ভালো। ভালো কাজ করুন সমর্থন করব। কিন্তু এটা কোন গণতন্ত্র যে আমার নির্বাচন কেন্দ্রে একটি জনসভা ডাকা হয়েছিল। সেই জনসভাকে বন্ধ করবার জন্য তৃণমূল কংগ্রেসের কিছু উচ্ছৃঙ্খল যুবক সেই জনসভাকে ভণ্ডুল করবার জন্য মিছিলের উপরে আক্রমণ করে ৬ জনকে হাসপাতালে পাঠিয়ে দেওয়া হয়। শুধু তাই নয় এই সভায় যারা এসেছিল, তারা যাতে বাজারের কোনো চা বা অন্য কিছু না খেতে পারে, তারজন্য সমস্ত বাজার বন্ধ করে দেওয়া হয়েছে। পিপাসা পেলে যাতে জল না পায়, তারজন্য কলের মাথাগুলিকে খুলে নেওয়া হয়েছে। ইলেকট্রিক বাতি না পায়, তারজন্য ইলেকট্রিকের কানেকশন বন্ধ করে দেওয়া হয়েছে। মহরমের সময়ে যাতে তারা নামাজ না পড়তে পারে তার ব্যবস্থা করে রেখেছিল। অর্থাৎ ওজু করবার জল পর্যন্ত পায়নি মানুষ টিউবওয়েল ছিল না বলে। এই ভয়ঙ্কর অবস্থা সৃষ্টি করেছেন। অথচ বলছেন আপনারা গণতন্ত্র প্রতিষ্ঠা করবেন। গণতন্ত্রকে পদদলিত করবেন না। আমরা সেইজন্য বলছি কথাগুলি শুনতে ভাল। এটাকে বাস্তবায়িত করতে পারলে সাধুবাদ জানাব। বাস্তবায়িত করতে পারলে ধন্যবাদ জানাব। যার জন্য আমরা বলেছি আমরা কিছুদিন অপেক্ষা করব। আরও আমরা দেখব। আরও ভালো করুন। কিন্তু পাশাপাশি এই কথা বলি মাননীয়া মুখ্যমন্ত্রী যে প্রত্যাশা জাগিয়েছেন, সেই প্রত্যাশা যদি পূরণ করবার ক্ষেত্রে দায়িত্ব নিশ্চয় বাংলার মানুষের আছে, সেটা যে জায়গায় যাচ্ছে তাতে আপনারা এই প্রত্যাশা পূরণ করতে পারবেন না। মানুষ আবার আপনাদের বিরুদ্ধে এই জায়গায় পৌঁছে যাবে। সেদিন আপনারাই বলবেন যে যে কাজ করেছেন সেই কাজ সঠিক নয়। এই আচরণ আমাদের আগে না শিখিয়ে আপনারা আগে শিখুন। তারপরে গণতন্ত্রকে কারা পদদলিত করছেন সেটা বিচার করবেন। আমি আর বলতে চাই না। আজকে এই সভায় এই কথা বলে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী অজয় দে : মাননীয় অধ্যক্ষ মহোদয়, গত ১৩ই জুন আমাদের এই পঞ্চদশ বিধানসভায় মহামান্য রাজ্যপাল মহাশয় যে ভাষণ রেখেছেন এবং তার পরিপ্রেক্ষিতে আমাদের সরকারি দলের মুখ্য সচেতক শোভনদেব চট্টোপাধ্যায় মহাশয় যে ধন্যবাদসূচক প্রস্তাব এনেছেন, আমি এই প্রস্তাবকে পূর্ণ সমর্থন করে কয়েকটি বিষয়ে এই পবিত্র সভায় অবতারণা করতে চাইছি আমার বক্তব্যের মধ্যে দিয়ে। প্রথমেই বলি যে এবারের যে বিধানসভা অধিবেশন শুরু হয়েছে, খুব স্বাভাবিকভাবেই আমি মনে করি যে, একটা নতুন সরকার যে যাত্রা শুরু করেছে, ৩৪ বছরের কি হাল-হকিকত এই সরকারের, সমস্ত ক্ষেত্রে আমরা কোথায় গিয়ে পৌঁছেছি, গোটা ভারতবর্ষের রাজ্যগুলির মধ্যে আমাদের কোথায় স্থান, কোন অবস্থায় আমরা দাঁড়িয়ে আছি এই কথা ব্যক্ত করেছেন, আমি পুনরাবৃত্তি ঘটাতে চাই না। আমার সময় খুব অল্প। আমি শুধু বলতে চাই তিনটি বিষয়ের মধ্যে আমি বক্তব্য

সীমাবদ্ধ রাখার চেষ্টা করব। প্রথম হচ্ছে যে, গোটা বাংলার মানুষ যে রায়ের মধ্যে দিয়ে প্রমাণ করেছেন যে, আমাদের গণতন্ত্র যেভাবে পদদলিত হয়েছিল, যে দমন-পীড়নের মধ্যে দিয়ে পশ্চিমবাংলার যে পূর্বতন সরকার ক্ষমতাটাকে কাজে লাগিয়ে, পুলিশ প্রশাসনকে নিয়ে গোটা রাজ্যে যে অবস্থা তৈরি করেছিল, মানুষের কথা বলার অধিকার কেড়ে নিয়েছিল—বিরোধীরা তো দূরের কথা। সেই জায়গায় দাঁড়িয়ে মানুষ যারা এই কাজ করেছিলেন, তাদের বর্জন করেছেন। আজকে এইরকম একটা অবস্থায় দাঁড়িয়ে বিরোধীরা যারা এখানে এখনও সন্ত্রাসের কথা বলছেন, আমার কথা নয়, এই সরকারের কথা, মাননীয়া মুখ্যমন্ত্রীর কথা, রাজ্যকে যে অবস্থায় দাঁড় করিয়েছিল, গণতন্ত্রকে পুনঃপ্রতিষ্ঠিত করতে হবে যে কোনো মূল্যে। আমরা এখানে যখন ছিলাম, এর আগে যখন একাদশ বিধানসভা থেকে সদস্য হয়েছে, বারবার আমরা বলেছি যে, আপনাদের ক্ষমতা আছে, কিন্তু ক্ষমতাটাকে কাজে লাগানোর ক্ষেত্রে গণতন্ত্রকে ধ্বংস করতে পারেন না আপনারা। আমরা বারবার বলেছি, যে অস্ত্র পুলিশের কাছে থাকবে, মিলিটারির কাছে থাকবে, সেই অস্ত্র যদি সাধারণ মানুষের কাছে চলে যায়, সেই অস্ত্র যদি শুধু শাসক দলের তকমা নিয়ে সাধারণ মানুষের ওপর প্রয়োগ করা হয়, গণতন্ত্র ধ্বংস হ'তে বাধ্য। আজকে আমরা বারবার বলেছি যে কেন অস্ত্র উদ্ধার হবে না ? ওই চেয়ারে বসে সেদিন কোনো সাড়া আমরা পাইনি। প্রথামাফিক আমরা কাজ করি, ওটা পুলিশ দেখবে—এইভাবে ফুঁৎকারে আমাদের বিষয়গুলিকে উড়িয়ে দেওয়া হয়েছে। কিন্তু আজকে আমরা কি দেখছি ? বাংলার মানুষ কি দেখছে ? সমস্ত জায়গায় এত অস্ত্র কোথা থেকে আসে ? অস্ত্র উদ্ধার হচ্ছে, একটা পার্টি অফিস থেকে পুলিশের পোশাক উদ্ধার হচ্ছে। এটা ভাবা যায় ? এ রাজ্যের কলঙ্ক। মাটির তলা থেকে কঙ্কাল উঠছে, গড়বেতার ঘটনার পর এই আনিসুরবাবুর পাশের যে সদস্য, যার আসন, কেন তাকে আমরা দেখতে পাচ্ছি না ? কি ইঙ্গিত বহন করছে ? এটা বাংলার মানুষের কাছে চাপা দেওয়া যাবে না। একটার পর একটা ঘটনা ঘটেছে, মানুষ বিচার পেয়েছে ? পুলিশকে পূর্ণ ক্ষমতা দিয়ে দেওয়া হয়েছে। আমার মনে পড়ে সেই ঘটনার কথা, অনেক ঘটনা—এখানকার ফুটপাথে নেহারবানু—একজন পুলিশ অফিসার নীলপদ ঘোষ ধর্ষণ করলেন। কোনো বিচার হয়েছে ? আমার পাশে বসে আছেন রবীন্দ্রনাথ চ্যাটার্জী, কাটোয়ার। একজন পুলিশ অফিসার গুলি করলেন প্রকাশ্যে। তার কোনো বিচার হয়েছে ?

[2.00–2.10 p.m.]

তাকে প্রোমোশান দিয়ে আর একটা জায়গায় নিয়ে যাওয়া হয়েছে। এটা প্রশাসন ? এই প্রশাসনে আঘাত হানবার জন্য মমতা ব্যানার্জী মাত্র কয়েক মাসের মধ্যে একটার পর একটা ঘটনার মধ্যে দিয়ে প্রমাণ করতে চাইছেন—এটাকে মেনে নিতে হয়তো তাঁদের কষ্ট হচ্ছে, কিন্তু বাংলার মানুষ এটা চায়। কোনো মুখ্যমন্ত্রী বলতে পেরেছেন আমার দলের লোক হোক, তৃণমূল হোক, কংগ্রেস হোক তার বিরুদ্ধে ব্যবস্থা নিতে হবে। বলতে পেরেছেন তৎকালীন মুখ্যমন্ত্রী কোনোদিন ? কোনোদিন পারেননি। কারণ কি ? আজকে যিনি মুখ্যমন্ত্রীর চেয়ারে বসেছেন সাধারণ মানুষের কি পালস্ সেটা তিনি জানেন। আর সন্ত্রাসের কথা বলে সভাকে বিভ্রান্ত করার চেষ্টা করছেন। আমি মনে করি শুধু সাঁইবাড়ির ঘটনা নয়, শুধু কল্লোল

শূরের ঘটনা নয়, অনেক ঘটনা আছে। রি-ওপেন করতে হবে কেসগুলোকে, তদন্ত করতে হবে। এই তদন্তের কথা শুনে আলিমুদ্দিন অফিস থেকে স্টেটমেন্ট দিয়ে বলা হচ্ছে যে তাদের পার্টির লোককে হেয় প্রতিপন্ন করার জন্য নাকি ব্যাখ্যা করা হচ্ছে। বিচার পেয়েছে মানুষ ? কল্লোল শূরের মা-বাবা বলেনি, মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করেনি ? আগের মন্ত্রিসভার অনেক সদস্য আজ এখানে আছেন, একদিন বলেছেন ? আজকে অপরাধ করে ফেলছেন মমতা ব্যানার্জী ? সেগুলিকে তদন্ত করতে চাইছেন, সঠিক তথ্য মানুষের কাছে তুলে ধরতে চাইছেন। যারা বিচারের আশায় ঘুরে ঘুরে বেড়িয়েছেন, তার পাশে দাঁড়াতে চাইছেন। এই রকম একটা অবস্থার মধ্যে দিয়ে মাত্র এক মাসের মধ্যে যে ঘটনাগুলো ঘটানোর চেষ্টা করা হচ্ছে তা মানুষের স্বার্থে করা হচ্ছে। শুধু সন্ত্রাস নয়, একটা সরকার বিভিন্ন রকম কর্মসূচি নেয়। আমরা এখান থেকে আইন পাশ করি, কিন্তু সেগুলিকে যে ইমপ্লিমেন্ট করতে হবে, সেগুলি কারা করবে ? সরকারি কর্মচারীরা করবে। কি করে গেছেন কর্মসংস্কৃতি। মাঝে মাঝে নাটক করে গেছেন। কখনও বলেছেন ডু ইট নাউ শ্লোগান তুলেছেন। কখনও গিয়ে বলেছেন আমি কি চেয়ার-টেবিলকে কাজ করতে বলব। করবে কি করে ? এতো ইতিহাস তৈরি করেছেন। মহাকরণের বুকে সমস্ত ইউনিয়নের মানুষগুলোকে নিয়ে তাদের কথা শুনবার মতো সময় দিয়েছেন মুখ্যমন্ত্রী। আপনারা সমর্থন জানাবেন না ? শুধু আপনাদের সভা-সমাবেশে গেছে আর সাত খুন মাফ হয়ে গেছে ? এই রকম একটা অবস্থার মধ্যে দিয়ে কর্মসংস্কৃতিকে যারা ধ্বংসের মুখে নিয়ে গেছেন। সেই জায়গাটাতে আজকে সময় দিতে হবে। আজকে বিভিন্ন রকম পদক্ষেপের মধ্যে দিয়ে চলছেন। আমি শুধু এই সরকারের কাছে আশা করব কেন্দ্রের ৪৫টা প্রকল্প গোটা গ্রামবাংলার মানুষের যে অর্থনৈতিক মান বাড়ায়, রুজি-রোজগারের পথ এনে দেয়, সেই কর্মসূচিগুলো পড়ে পড়ে মার খেয়েছে। এন.আর.ই.জি.এস. প্রোগ্রামে ২৭ দিনের বেশি কাজ হয়নি। প্রধানমন্ত্রী সড়ক যোজনায় কোনো কাজ হয়নি। রাজীব গান্ধী বিদ্যুৎ যোজনায় আমরা ২৭তম স্থানে। এই কাজগুলোকে করতে হবে সরকারকে। তাই অপেক্ষা করুন। আপনি দার্জিলিং-এর কথা বলছিলেন, তিন মাস বাদে গিয়ে মালা দেবেন। আপনার মুখ্যমন্ত্রী একদিনের জন্য দার্জিলিং গেছেন ? শিলিগুড়িতে মিটিং হলে অশোক ভট্টাচার্যকে পাঠিয়ে দিয়ে নিজের দায়িত্ব এড়িয়ে গেছেন। আর আজকে যখন এই বিষয়টা ওপেন হচ্ছে, একটা ডায়লগ শুরু হচ্ছে, আপনারা সমালোচনা করছেন, ব্যঙ্গ করছেন। তিন মাস নয়, আপনাদের অপেক্ষা করতে হবে। ৩৪ বছর যা করে গেছেন, তাকে সংশোধন করার জন্য সময় দিতে হবে। যাঁর শুরুর মধ্যে দিয়ে সেটা প্রমাণ করেছেন তাঁর কি সদিচ্ছা, তাঁর সরকারের ঐকান্তিকতা। (এই সময় মাইক অফ্ হয়ে যায়।)

শ্রী আলি ইমরান রামজ : Hon'ble Speaker!

১৩ তারিখ কو گورنر صاحب نے اسمبلی میں جو اشعار کو پڑھا اس اشعار کو
میں بھی بڑے غور سے سن رہا تھا اور اس کے بعد اس دستاویز کو پڑھ کر دیکھا تو میری
سمجھ میں یہ بات نہیں آئی اور آج بھی میں اس ہاؤس میں کھڑے ہو کر کہی ہوں کہ I am Confused

گورنر صاحب نے جس دستاویز کو ہاؤس میں پیش کیا وہ دستاویز گورنر صاحب نے اپنی طرف سے
جو بیان بازی کی اور ترنمول کانگریس کے الیکشن کا جو مینوفسٹو تھا۔ جو وعدہ ترنمول کانگریس
نے اس وقت کیا تھا وہی مینوفسٹو کو چھاپ کر گورنر صاحب کے ہاتھ میں پکڑا دیا گیا ہے اور
اس کو گورنر صاحب نے یہاں پر پڑھا ہے اور میں کہنا چاہوں گا کہ آپ تمام لوگوں سے
میری بات غور سے سنئے۔ گورنر صاحب نے جو بات کہی ہے اس میں بولا گیا ہے کہ
صفحہ نمبر ۲ پیراگراف ۴ میں بولا گیا ہے کہ Democratic Rights اور citizens
were often jeopardized۔ یہ jeopardized جو لفظ استعمال کیا گیا ہے
اس کا نمونہ اسمبلی ہاؤس میں ہمیں دیکھنے کو ملا۔ یہاں پر بات کی گئی ہے Democratic
Rights کی جو Rights آپ لوگوں نے اپنے اسپیکر کو دیا۔ ان کو منتخب کر کے آپ
لوگوں نے Hon'ble speaker بنایا۔ ان کو یہ اختیار تک آپ لوگوں نے ہی دیا کہ
جب بدھان سبھا میں کوئی بل پاس کیا جاتا ہے یا کوئی نیا بل لایا جاتا ہے تو وہ announce
کیا جاتا ہے اسپیکر کے ذریعے اور اس کو تین دن پہلے Members of legislature کے ہاتھ میں
دیا جاتا ہے۔ اور Select committee کے ذریعے پاس کرا کر ہاؤس میں لایا جاتا ہے
یہ Democratic Rights کی بات آپ لوگ کر رہے ہیں۔ آج Democratic
Rights کا کھلے عام عزت اتاری ہے اس کا نمونہ یہاں پر دیکھنے کو ملتا ہے۔

بنگلہ .....

I like to request Hon'ble speaker, let me finish first.

Page No. 3 — صفحہ نمبر ۳ کے پیراگراف ۵ میں بولا گیا ہے۔

আপনি আগামী দিনে ডেপুটি স্পীকার হতে যাচ্ছেন। সেই সম্মানটা রাখুন। আপনি এখন বিরোধী দলের নেত্রী নন, যে চিৎকার করবেন।

'My Government will take every means to see that anti-social forces and other unscrupulous persons do not interfere in law and order matters.'

*** ([redacted]) اگر یہ دیکھا جائے
یہ بات بولا گیا ہے۔ یہ جو بار
تو جتنے ترنموں کانگریس میں اس کی تعداد سب سے زیادہ ہے۔ اسلئے اسپیکر بات
ہم لوگوں کو یہ بتانے کی ضرورت نہیں ہے۔ میری بات ..... (Voice).

Mr. Speaker: Please do not use any unparliamentary word. These words would be expunged...voice....

Ali Imran Ramz: "Restoration of democratic Rights to all citizens and freedom of individuals, I would all ensure democratic rights to all political parties including those in the opposition."

یہ بات کہی گئی ہے۔ اور یہاں 'We are the opposition' ہمارے لوگ
میں ہیں لیکن جب یہاں کوئی بولنا چاہتا ہے ہمارے ممبر کو بولنے تک کا اختیار نہ
دیا جارہا ہے۔ ہمارے ممبروں سے بار بار کہا گیا کہ آپ بیٹھ جائیں یہاں پر لیڈر آف اپوزیشن ہیں۔
آپ لوگ Leader of opposition کو اپنے میں نہیں کر رہے ہیں اور آپ کی لیڈر شپ
محترمہ نسرین نے بات Hon'ble speaker سے کہا تھا کہ اپوزیشن کو
زیادہ وقت اور موقع دیا جائے گا مائیک میں بولنے کے لئے لیکن آپ یہاں پر
دکھائی نہیں دے رہا ہے، میں کہوں گا کہ آپ کی Hon'ble chief Minister
نے جو بات کہی ہے۔ ان کے کہنے اور کرنے میں کافی فرق ہے۔
پیپر اگر نمبر 19 Page No.8 ۔ اس میں بولا گیا ہے کہ ہمارے بنگال میں جو
illiteracy rate ہے اس کو جڑ سے اکھاڑ کر پھینک دیا جائے گا اور پورے بنگال کو
Hon'ble chief Ministers educated کر دیا جائے گا۔ تو میں جاننا چاہوں گا
شریمتی محترمہ نسرین سے کہ وہ کہہ رہی ہیں کہ literacy rate کو یہاں کے بڑھایا
ہے میں بتانا چاہوں گا Before independence ہمارے دیش کی تعداد کتنی
۳۵ کروڑ ان ۳۵ کروڑ میں انگوٹھا چھاپ کی تعداد کتنی ۲۷ کروڑ اور آج
ہمارے دیش ~~کو~~ میں دیش کی آزادی کے ۶۴ سالوں کے بعد ایک سو

*** Have been expunged.

بیس کروڑ لوگ رہتے ہیں۔ اور آج ہمارے دیس میں ۴۱ کروڑ لوگ
رنگوٹھا چھاپ ہیں۔ تعداد رنگوٹھا چھاپوں کی بڑھ رہی ہے پورے دیس میں
کل ۳۲ کروڑ تھی آج ۴۱ کروڑ میں پہنچ گئی ہے اور ۴۷ سال میں
۵۷ سال آپ کی سرکار مرکز میں ہے۔ جس کی سرکار میں آپ ریل منتری
تھیں وہی سرکار آج دیس میں جہالوں کی تعداد میں اضافہ کر رہی ہے اور
آپ بنگال میں یہ دعویٰ کر رہی ہیں کہ آپ جہالت کو جڑ سے اکھاڑ کر پھینک
دیں گی۔ آپ کی باتوں پر پورے بنگال کے عوام کو بھروسہ نہیں ہے۔ اگر آپ
آپ ایسا کرتی ہیں تو ہم آپکے تہہ دل سے شکریہ ادا کریں گے۔

Page No. 11 پیراگراف نمبر ۲ میں کہا گیا ہے کہ

'My Government has tentatively worked out a peaceful solution to the problem of Darjeeling Hills.

یہ بات کہی گئی ہے۔ دارجلنگ کا جو Problem ہے ہم لوگوں نے یہ دیکھا کہ
دارجلنگ میں گورکھا لینڈ کے نیتا جمل گورنگ کا جو مانگ ہے وہ گورکھا لینڈ کی
ایک الگ ریاست کی مانگ کرتے آئے ہیں۔ بایاں محاذ نے اس کا سمرتھن
نہیں کیا کیونکہ ہم بنگال کو ٹکڑا ہوتے ہوئے نہیں دیکھ سکتے تھے لیکن اس وقت
سیاسی الو سیدھا کرنے کے لئے اپنا ووٹ بینک بڑھانے کے لئے محترمہ ممتا بنرجی
نے اس وقت ان کے اندولن کی حمایت کی اور میں کہنا چاہوں گا کہ ... Voice
مجھے بولنے دیجئے ... گورکھا لینڈ کے اندولن کو سمرتھن کیا اور انھوں نے
... Voice ... جمل گورنگ کو بلا کر بند کمرے میں اس سے کیا بات کی گئی
اور یہاں پر صرف چار لائن میں لکھ دیا گیا کہ Peaceful Solution
دارجلنگ کا ہو چکا ہے۔ تو یہ Peaceful Solution کیا ہے یہ جاننا ہوں گا
گو میں گورکھا کے جو Hon'ble members چن کر یہاں پر آئے ہیں۔ میں ان سے یہ
سوال کرنا چاہوں گا کیا اس کے بارے میں ان کو کوئی جانکاری ہے کہ کیا

فیصلہ ہوا ہے کیا ان کو ویگ راجیہ دینے کی جو مانگ تھی کیا وہ اس مانگ
سے پیچھے آ رہے ہیں یا اس مانگ پر ابھی بھی اڑے ہوئے ہیں۔ اگر اس مانگ
پر وہ اڑے ہوئے ہیں تو کیا ہماری ممتا بنرجی ہمارے پچھم بنگال کا ٹکڑا کرنا
چاہتی ہے۔ اس کا جواب ان کو یہاں دینا ہوگا۔ میں جاننا چاہوں گا۔ اسی میں
بولا جا رہا ہے کہ ایک unemployment بینک بنے گا۔ ہم لوگوں نے بینک کے بارے میں
یہی جانکاری دی جو بینک ہے وہاں پر economical بینک ہوتا ہے۔ یہ un-
employment بینک Dictionary میں ایک نیا لفظ آیا ہے۔ یہ ہم لوگوں کی
دکشنری میں نہیں تھا۔ ہم لوگ جانتے تھے کہ ایک employment exchange ہے۔
employment exchange کے ذریعے unemployed لوگوں کو نوکری دی جائے گی۔
... voice ... یہ unemployment بینک کیا ہے۔ اس کے بارے میں میں چاہوں گا
کہ اس کے بارے میں detail سے ہاؤس میں بتایا جائے کہ unemployment
بینک کیا چیز ہے۔ ... voice ... ...

Page no 10 آخری پیراگراف — اس میں بولا گیا ہے climatic disaster
management کے بارے میں جو بات رکھی گئی ہے اس میں 'Aila' کو شامل کیا گیا ہے
جبکہ اتر بنگال میں پچھلے دنوں "Tornado" آیا اور اس 'Tornado'
کا جائزہ لینے کے لئے ہمارے Hon'ble Minister پارتھو چیٹرجی (noise)
آ گئے اور وہ وہاں جا کر اس کا جائزہ لئے لیکن یہاں پر گورنر صاحب کے
سامنے جو دستاویز پیش کی گئی اس میں اتر بنگال میں جو 'Tornado' ہوا
اس میں ہزاروں لوگوں کا گھر ٹوٹا، ہزاروں لوگ بے گھر ہو گئے کئی لوگوں
کی جانیں گئیں لیکن اس کے بارے میں کوئی بات یہاں پر نہیں کی گئی۔ میں
چاہوں گا Hon'ble Speaker ان کو اس بات پر بھی دھیان دینا چاہئے۔

Mr. Speaker: Please conclude, please conclude.

Ali Imran Ramz:

اور ساتھ ساتھ اپنی بات ختم کرنے سے پہلے ایک سوال کرنا چاہتا ہوں کہ



[2.10–2.20 p.m.]

শ্রী ব্রজমোহন মজুমদার : মাননীয় অধ্যক্ষ মহোদয়, গত ১৩ই জুন, ২০১১ ; পশ্চিমবঙ্গের রাজ্যপাল শ্রী এম কে নারায়ণন কর্তৃক প্রদত্ত ভাষণের সমর্থনে আমি কিছু বলতে চাই। সেইটা বলার আগে আমি গত দুইদিন ধরে যে বক্তব্য শুনছি এবং যে ধরনের দৃশ্য দেখছি, তাতে মনে হয়েছে, বিশেষ করে আমার লোহিতবাদী বিরোধী শিবিরের বক্তব্যকে, তাঁরা কখনো কখনো যন্ত্রণা অনুভব করছেন, এই যন্ত্রণার অনুভব—আমি আন্তরিকভাবে—আমিও অনুভব করছি। কারণ যে ক্ষমতার অলিন্দে তারা এতদিন ছিলেন সেই ক্ষমতার অলিন্দ থেকে তাঁরা আজকে বিরোধী আসনে বসতে বাধ্য হয়েছেন, তাঁদের যন্ত্রণা, মনোবেদনা খুবই স্বাভাবিক। যে সংখ্যায় ছিলেন সেই সংখ্যা থেকে অত্যন্ত স্বল্পতায় তাঁরা পরিণত হয়েছেন তাঁদের মনোবেদনা স্বাভাবিক। তাঁদের মনোবেদনা যে আমাদের ক্ষমতার অলিন্দে গণতান্ত্রিক অধিকারের যে মর্যাদা আমরা ভোগ করতাম, সেই মর্যাদা এখন সরকারি পক্ষ থেকে মা-মাটি-মানুষের সরকার ভোগ করছেন। 'আমারি বধূয়া আন.বাড়ি যায় আমারি আঙিনা দিয়া, সই কেমনে ধরি বহিয়া', তাদের ক্রন্দন আমরা বুঝি। আমি বুঝি। মমতা বন্দ্যোপাধ্যায় যে অন্ধকার থেকে আলোর কুটূতির মতো পশ্চিমবঙ্গকে একটা আলোর রাজ্যে নিয়ে এসেছেন, কি দুঃসহ যন্ত্রণা, কি জীবনের মধ্যে কি নির্যাতন সহ্য করে প্রাণে, মানে সর্বত্র বিপদবরণ করে মমতা বন্দ্যোপাধ্যায় পশ্চিমবঙ্গকে ধ্বংসের একটা জায়গা থেকে উত্তরণের তীরে উত্তরিত করেছেন। তিনি কিভাবে উত্তরিত করেছেন, তার কথা আমরা বার বার বলছি। আমরা বলছি, ৩৪ বছরের বাম শাসনের কথা, আমরা বলছি ৩৪ বছরে বাম অপশাসনের কথা। রবীন্দ্রনাথের সার্ধশতবর্ষ জন্মবর্ষে একে উপলক্ষ করে অনেক কথা বলা হচ্ছে। অনেক গান গাওয়া হচ্ছে। অনেক কবিতা উদ্ধৃতি করা হচ্ছে। আমি শুধু বলতে চাইছি, এই একটি কথা, যে রবীন্দ্রনাথ ঠাকুর বলেছিলেন, যখন রাষ্ট্রীক সন্ত্রাস মানুষের উপর চেপে ধরে, মানুষের উপর অত্যাচারের রথ তারা চালিয়ে দেয়, ঠিক তখন, অত্যাচারীদের মধ্যে দুটো জিনিস দেখা যায়। দুটো লক্ষ্মণ ফুটে ওঠে। প্রথম লক্ষ্মণ, ত্রাস জনত্ব। মানুষ ভয় পায়। কথা বলতে ভয় পায়। ভয় পেয়েছি, এই কথাটাও বলতে ভয় পায়। কারণ, তখন মানুষের সেই রাষ্ট্রীক অপশাসন, রাষ্ট্রীক দানবটাকে আজাদ করবে, পর্যুদস্ত করবে। সেই জায়গা থেকে, ত্রাস জনত্ব থেকে মুক্তির জন্য মমতা বন্দ্যোপাধ্যায় দীর্ঘ দু' দশক ধরে যুদ্ধ করেছেন। এবং যখন সেই ত্রাস জনত্ব থেকে আমরা মুক্ত হলাম, যখন পশ্চিমবঙ্গের নির্বাচকমণ্ডলী বলল, সময় এসেছে, দাঁড়াবার জন্য, ঠিক সেই সময় গণতান্ত্রিক অধিকারকে প্রয়োগ করার জন্যে রাষ্ট্রীক সেই সন্ত্রাসের বিরুদ্ধে তারা মোকাবিলা করবার জন্যে যখন এগিয়ে এল, তখন জয় অনিবার্য হল।

আমাদের গণতান্ত্রিক অধিকার স্থাপিত হল। ২০১১-য় বিধানসভার ফলাফলই তার প্রমাণ। এবং এই জায়গায় যারা নিপীড়িত পর্যুদস্ত তাদের মধ্যে আর একটা লক্ষ্মণ ফুটে ওঠে, সেই লক্ষ্মণটি হচ্ছে, গুপ্তক্রূরতা। এতদিন ধরে যারা মার খেয়েছেন, এতদিন ধরে শুধু যারা গুমরে গুমরে বলেছেন—কবে উঠবে, 'মরিয়ার বুকে মারণের বাণী', তাদের মধ্যে গুপ্তক্রূরতা দানা বাঁধে। সেই জায়গায় দাঁড়িয়ে মমতা বন্দ্যোপাধ্যায় এখন দ্বিতীয় কর্তব্য সাধন করছেন।

[2.20–2.30 p.m.]

'শুধুমাত্র ভয় হয় এই নায়ে, বিষম তরীর বায়ে।'

আমাদের গণতন্ত্রের সাধনা শুধু তিনি করেননি, তারপরে কি করে মানুষের মনের মধ্যে অবদমিত ইচ্ছাগুলো যাতে পূরণ হয়, পশ্চিমবঙ্গের গণতান্ত্রিক বাতাবরণ ফিরে আসে, তার জন্য তিনি সচেষ্ট হয়েছেন। এবং সেজন্য এখনো পর্যন্ত কোনোরকম সেই ধরনের হিংসার দাবানল ছড়িয়ে পড়েনি। আমরা মমতা বন্দ্যোপাধ্যায়কে ঠিক সেই কারণে পশ্চিমবাংলার শুধুমাত্র অগ্নিকন্যা নয়, যারা শুধু দহন করে, অগ্নিকন্যা বলার চেয়ে তাকে বলা উচিত আলোককন্যা, যিনি আলো দেখান। তাকে বলা উচিত পশ্চিমবঙ্গের মুক্তি ভাগীরথী, যিনি তার স্পর্শ দিয়ে পশ্চিমবঙ্গকে মুক্ত করছেন। আমি সেই কথাটা নিঃসন্দেহে বলতে চাই। কিন্তু কোন্ বঙ্গ ছিল ? ৩৪ বছরের কি রাজত্বে আমরা ছিলাম ? আমরা মহেঞ্জোদাড়ো, হরপ্পার কথা পড়েছি। রাখালদাস বন্দ্যোপাধ্যায়ের কথা জানি। আমরা দেখেছি মহেঞ্জোদাড়ো, হরপ্পার সভ্যতা পুনরাবিষ্কার হয়েছে। আমরা জেনেছি একটা মানুষ তখন কত সুসভ্য ছিল। আজ ৩৪ বছরের বাম অপশাসনের ইতিহাস ঘাঁটতে গিয়ে যদি কোনো প্রত্নতত্ত্ববিদ একবার মাটি খোঁড়েন তখন তারা দেখতে পাবেন শুধু কংকাল, কংকাল আর কংকাল। সেই বর্বরতার ইতিহাস, সেই বীভৎস কাদার পিণ্ড চির চিহ্ন দিয়ে গিয়েছিল পশ্চিমবাংলার অপমানিত ইতিহাসে। সেই ইতিহাস আজকে নতুন করে আমাদের কাছে আবিষ্কৃত হচ্ছে। তাকে আমরা লজ্জা পেতে পারি। কিন্তু সত্য কথা বলা হচ্ছে না কি করে বলব ? আমরা জানি যে আমরা যা বলব তাকে বলা হবে নাট্টিকতা। আমরা যা বলব তাকে বলা হবে কাব্যিকতা, আমরা যা বলব তাকে বলা হবে বাচালতা। কিন্তু সেই সবার মধ্য থেকে সত্য কথাটুকু ভেসে উঠছে এবং উঠবে। আমার বলার সময়ও সংক্ষিপ্ত হয়ে আসছে। আমি শুধু বলতে চাই, কি আছে এই রাজ্যপালের ভাষণে ? যার জন্য রাজ্যপালের ভাষণে বিরোধিতা করতে হবে সমর্থন না করে। আমি তো দেখেছি ২৪টি অনুচ্ছেদ আছে। ২৪টি অনুচ্ছেদের মধ্যে ২-৩টি অনুচ্ছেদে শোক প্রস্তাব আছে, ভূমিকা আছে। সেই ভূমিকা বাদ দিলে ২০টি অনুচ্ছেদের মধ্যে কিছু কথা বলা আছে এবং তার পরবর্তী ১৪টি পার্টে কাজের প্রসঙ্গে বলা হয়েছে। সেই কথাগুলি যখন নতুন করে আবার আমাদের সামনে এই সরকার প্রতিপন্ন করার চেষ্টা করছেন, তখন তাকে সমর্থন না জানাবার কি হেতু আছে ?

(মাইক বন্ধ)

শ্রী প্রবোধ চন্দ্র সিন্‌হা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, পশ্চিমবঙ্গের মাননীয় রাজ্যপাল গত ১৩ই জুন এই বিধানসভায় যে ভাষণ প্রদান করেছেন তাকে সেই ভাষণের জন্য ধন্যবাদজ্ঞাপক যে প্রস্তাব উত্থাপিত হয়েছে আমি সেই সম্পর্কে আমার বক্তব্য আপনাদের সামনে তুলে ধরছি। গত দু দিন ধরে আমরা আলোচনা শুনছিলাম—এ পক্ষ, ও পক্ষ। আলোচনার মূল কেন্দ্র কি ? ৩৪ বছর। ৩৪ বছরটা আসছে কেন ? স্বাভাবিক কারণে নতুন সরকার এসেছে, তারা আগের সরকারের কাজের সমালোচনা করবে। রাজ্যপালের ভাষণের মধ্যে কয়েকটি অনুচ্ছেদে ৩৪ বছরের কথা বারে বারে উল্লেখ করা আছে। ৩৪ বছরে কিছু হয়নি এইসব প্রশ্ন যখন ও পক্ষ থেকে উঠছে, তখন এ পক্ষ থেকে নিশ্চয়ই জবাব হিসাবে যাবে যে ৩৪ বছরে কি হয়েছে। এটা খুব স্বাভাবিক। সেই বিস্তারিত তথ্য এঁরা দিয়েছেন, আমি তার মধ্যে যাচ্ছি না। আমি শুনে অবাক হচ্ছিলাম ডাঃ আশিস ব্যানার্জী তিনি কিছু তথ্য তুলে দিলেন, রাজ্য কোন্ জায়গাটায় আছে ? আচ্ছা আপনারা চিন্তা করে দেখুন তো এটা কি বিজ্ঞানভিত্তিক পর্যালোচনা হল ? ভারতবর্ষের কতগুলো রাজ্যের সাথে একটা রাজ্যকে বলা হচ্ছে তুমি কোন কোন জায়গায় আছো ? অর্থাৎ তুমি পিছিয়ে গেছ, তোমার অগ্রগতি ঘটেনি। কিন্তু অগ্রগতির মাপকাঠিটা কোথায় হবে ? আমি ৭৭ সালে রাজ্যটাকে কোন অবস্থায় পেয়েছিলাম এবং আজকে আমি রাজ্যটাকে কোন অবস্থায় নিয়ে গেছি। যুক্তি দিয়ে ব্যাপারটাকে বুঝতে হবে। দেখতে হবে ১৯৭৭ সালে নিরক্ষরতায় আমরা কোথায় ছিলাম, আজকে কোথায় আমরা এসেছি। দেখতে হবে, ১৯৭৭ সালে কৃষি উৎপাদনে আমরা কোথায় ছিলাম, আর আজকে আমরা কোথায় এসে হাজির হয়েছি। দেখতে হবে ১৯৭৭ সালে আমাদের রাজ্যে সেচ কতখানি ছিল, এখন কোন জায়গায় আমরা এসে পৌঁচেছি। শিক্ষা-স্বাস্থ্যতে আমরা কোন জায়গায় ছিলাম, আজকে কোন জায়গায় এসেছি। যেটা অগ্রগতির মাপকাঠি—আজকে কেন্দ্রীয় সরকারের ব্যাপার, রাজ্য সরকারের ব্যাপার—সেটা কিসের উপরে ভিত্তি করে করা হয় ? জি.ডি.পি.-র উপরে ভিত্তি করে মাপকাঠি করা হয়। গ্রস ডোমেস্টিক প্রোডাক্ট—কেন্দ্রীয় সরকার বলছে আমরা নাইন পারসেন্ট করতে হবে, টেন পারসেন্ট করতে হবে। আর রাজ্য সরকার বলছে, আমাকে সাত পারসেন্টে যেতে হবে। এটা কিসের উপরে ভিত্তি করে হচ্ছে ? এটা গ্রস ডোমেস্টিক প্রোডাক্টের উপরে ভিত্তি করে হচ্ছে। ১৯৭৭ সালে গ্রস ডোমেস্টিক প্রোডাক্ট পশ্চিমবাংলায় কত ছিল, আর ২০১১ সালে গ্রস ডোমেস্টিক প্রোডাক্ট কোন জায়গায় গিয়ে হাজির হয়েছে সেটা দেখতে হবে। এটা যদি আমরা সঠিকভাবে ও সদিচ্ছার মধ্যে দিয়ে ভাববার চেষ্টা না করি, বুঝবার চেষ্টা না করি তাহলে রাজ্য সম্পর্কে যে মূল্যায়নটা আমরা করছি সেটা কিন্তু সঠিক মূল্যায়ন হবে না। আর যদি আপনি বলেন, পশ্চিমবঙ্গের এত হাজার কোটি টাকা ঋণ আছে, সুতরাং একটা শিশু জন্মাচ্ছে এত টাকা ঋণের বোঝা মাথায় নিয়ে, তাহলে পাল্টা প্রশ্ন কি আসবে না। কেন্দ্রীয় সরকারের যে ঋণটা আছে তার ফলে ভারতবর্ষের একটা শিশু যখন জন্মাচ্ছে সে কত টাকার ঋণ মাথায় নিয়ে জন্মাচ্ছে ? এই প্রশ্ন আসতেই পারে। আজকে আপনি বলছেন যে বাজেট করতে পারছেন না। পণ্ডিত নেহেরু ভারতবর্ষের প্রথম প্রধানমন্ত্রী, তিনি ভারতবর্ষের অর্থনৈতিক বুনিয়াদটাকে শক্তপোক্ত করার জন্য সোসালিস্ট প্যাটার্ন অফ সোসাইটির কথা বলেছেন এবং

রাষ্ট্রীয় উদ্যোগে বৃহৎ কাল-কারখানাগুলো তৈরি করে দিয়ে গিয়েছিলেন। আজকে আমরা কেন্দ্রীয় সরকারে বসে কি করছি ? এটা আমি সমালোচনার জন্য বলছি না, বাস্তব অবস্থাটা বুঝতে হবে। আজকে সরকার আমি চালাতে পারছি না, বাজেটারি সাপোর্ট দেওয়ার জন্য সেই কল-কারখানাগুলো বিক্রি করে দিতে হচ্ছে, বে-সরকারিকরণ করে দিতে হচ্ছে। আপনারা এটা ভাববেন না ? আমি এর জন্য কাউকে দায়ী করছি না। কিন্তু মাপকাঠিটা কি ? কোন আর্থ-সামাজিক পরিস্থিতির প্রেক্ষাপটে, কোন আন্তর্জাতিক অর্থনৈতিক অবস্থার প্রেক্ষাপটে আমার রাজ্যটাকে পরিচালনা করতে হচ্ছে সেটা যদি আমরা উপলব্ধি করতে না পারি, সমস্ত জিনিসটাকে যদি মূল্যায়ন করার চেষ্টা না করি, তাহলে সেটা খারাপ হবে। আজকে একথা কিন্তু বিধানসভায় দাঁড়িয়ে আমি স্পষ্টভাবে বলতে চাই ১৯৭৭ সালে যখন রাজ্যে বামফ্রন্ট সরকার ক্ষমতায় এসেছিল সেই অবস্থা থেকে রাজ্যটাকে এগিয়ে নিয়ে গেছে। আপনি তো এগোনোর দুটো দিক দেখছেন। একটা বলছেন গণতন্ত্র, আরেকটা বলছেন বৈষয়িক উন্নয়ন। উন্নয়নের ক্ষেত্রে আগে গ্রামগঞ্জের অবস্থা কি ছিল, বিদ্যুতের অবস্থা কি ছিল, স্কুল-কলেজের অবস্থা কি ছিল, এর বিস্তারিত তথ্যে আমি যাব না। আপনি বলতে পারেন, যতটা আমাদের এগোনো উচিত ছিল, ততটা পারেননি, তাহলে কিন্তু আপনার সঙ্গে আমি একমত। আপনি যদি বলেন, আরও আপনাদের উন্নতি করা দরকার ছিল, তাহলে আপনার সঙ্গে আমি একমত হতে পারি। কিন্তু যদি আপনি বলেন বামফ্রন্ট সরকার কিছুই করেননি এই ৩৪ বছরে তাহলে সেই কথায় কিন্তু সহমত হওয়া যাবে না। ভুল কথা, অন্যায় কথা আপনারা বলছেন। মানুষকে বিভ্রান্ত করার কথা বলা হচ্ছে পবিত্র বিধানসভার কক্ষে। গোটা পশ্চিমবঙ্গের মানুষকে ভুল তথ্য দিয়ে বিভ্রান্ত করার জায়গা এটা নয়। দয়া করে এটা মানবেন। দয়া করে এটা মনে রেখে কথা বলবার চেষ্টা করবেন। We are all hon'ble members, We are all committed to the people, people-এর কাছে আমাদের কমিটমেন্ট হচ্ছে, মানুষকে প্রকৃত তথ্য দিয়ে, মূল্যায়ন করে তাকে সঠিক পথে চালানো। আর গণতন্ত্রের কথা যদি বলেন—তাহলে আমি আইন-শৃঙ্খলার কথায় যাচ্ছি না—গণতন্ত্রের মৌলিক পরিকাঠামো ১৯৭৭ সাল পর্যন্ত ছিল represented democracy.

[2.30–2.40 p.m.]

রিপ্রেজেনটেটিভ ডেমোক্রেসিকে পার্টিসিপেটরি ডেমোক্রেসিতে কনভার্ট করে গণতন্ত্রটাকে তৃণমূল স্তরে পৌঁছে দেওয়ার যে কৃতিত্ব সেইটা যদি আপনি আজকে বামফ্রন্ট সরকারকে না দেন সত্যের অপলাপ করবেন। গায়ের জোর আছে ক্ষমতা আছে বলে, বলে যেতে পারেন, কিন্তু মানুষ আপনার এই কথা সঠিকভাবে মেনে নেবে না। এই পার্টিসিপেটরি ডেমোক্রেসিতে কনভার্ট করার জন্য আপনারা যে দলের উত্তরসূরি হিসাবে এখানে বসেছেন সেই কেন্দ্রীয় সরকার পশ্চিমবঙ্গ সরকারকে প্রশংসা করে সার্টিফিকেট দিয়েছে, স্বীকৃতি দিয়েছে। ...(নয়েজ)... দলতন্ত্র, ওইটাই তো শিখে এসেছেন। গণতন্ত্রটাকে বোঝবার চেষ্টা করুন। এটা অত সোজা জিনিস নয়। ...(নয়েজ)... পার্টিসিপেটরি ডেমোক্রেসি, কতটা থাকলে, কতটা কমিটমেন্ট থাকলে ক্ষমতাটাকে হস্তান্তর করা যায় সেই কাজটা ওরা করেছে।

...(নয়েজ)... আমি এসব বিতর্কে, এ চলবে, এটা হতে পারে। কিন্তু আজকে কথাটা কি ? আপনারা ক্ষমতায় এসেছেন। আমরা বামফ্রন্টের পক্ষ থেকে উদাত্ত কণ্ঠে আপনাদের বলেছি আপনারা গঠনমূলক কাজ করলে আমরা নিশ্চয় সহযোগিতা করব। আমরা চাই যে আজকে রাজ্যে আর্থিক, সামাজিক, রাজনৈতিক কর্মসূচিগুলোকে আপনারা বাস্তবায়িত করুন, রাজ্যকে এগিয়ে নিয়ে যান আমরা তার বিরোধী নই। আমরা আপনাদের সমস্ত উন্নয়নমূলক কাজে, যেগুলো গঠনমূলক কাজ সমাজের কল্যাণের জন্য যে কাজ, রাজ্যের হিতের জন্য যে কাজ আমরা সেগুলোকে সমর্থন করব। কিন্তু আমরা চাই যে সেই কাজগুলো যেন সঠিকভাবে গণতান্ত্রিক পদ্ধতিতে, শান্তি শৃঙ্খলা রক্ষা করে হয়, এবং তারজন্য প্রথম যে কাজটা আপনাদের করা দরকার নির্বাচনোত্তর পরিস্থিতির পরে সারা পশ্চিমবঙ্গে যে অশান্তির পরিবেশ তৈরি হয়েছে, শান্তি শৃঙ্খলা যেভাবে বিঘ্নিত হয়েছে সেক্ষেত্রে আগে আপনারা শান্তি শৃঙ্খলাটাকে রক্ষা করুন। শান্তি শৃঙ্খলাটাকে প্রতিষ্ঠিত করে কর্মসূচি গ্রহণ করুন আমরা গঠনমূলক কাজের জন্য কোনো ক্ষেত্রে, উন্নয়নমূলক কোনো কর্মসূচির ক্ষেত্রে অন্তরায় তৈরি করব না। কারণ গণতন্ত্রে এটা রীতি একটা সরকার যাবে আর একটা আসবে। আজকে আপনারা আছেন আবার দশ বছর পরে কি পরিস্থিতি তৈরি হবে কেউ বলতে পারে না। সুতরাং এটা তো গণতন্ত্রে সাইক্লিকালি চলতেই থাকবে। কিন্তু দায়িত্ব হচ্ছে আমাদের সকলের কমিটমেন্ট, সরকার পক্ষের লোকেরও কমিটমেন্ট আর বিরোধীপক্ষের লোকেরও কমিটমেন্ট। রাজ্যের কল্যাণ, মানুষের উন্নয়ন, মানুষ যাতে শান্তি-শৃঙ্খলার সঙ্গে বসবাস করতে পারে, গণতান্ত্রিক অধিকার ভোগ দখল করতে পারে তার জন্য সকলকে চেষ্টা করতে হবে। সেই কাজটা আপনাদের সরকার করবে এই প্রত্যাশা করে আপনাদের সমস্ত উন্নয়নমূলক কাজে শুভ প্রচেষ্টায় আমাদের সমর্থন থাকবে যে কথা বামফ্রন্ট বলেছে সেই কথা বলে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী দিব্যেন্দু অধিকারী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, পশ্চিমবঙ্গের মাননীয় রাজ্যপাল শ্রী এম কে নারায়ণন গত ১৩ জুন এ রাজ্যের নব-নির্বাচিত বিধায়কদের সামনে যে মূল্যবান ভাষণ রেখেছেন তাকে আমি পূর্ণ সমর্থন করছি এবং ধন্যবাদ জানাচ্ছি। আমি আপনার মাধ্যমে বাংলার মা মাটি মানুষের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে ধন্যবাদ জানাচ্ছি। মহামান্য রাজ্যপাল এ রাজ্যের একটি সামগ্রিক পরিস্থিতি, চিত্র অতি সংক্ষিপ্ত অথচ তাৎপর্যপূর্ণভাবে তুলে ধরেছেন। তারজন্য তিনি ধন্যবাদার্হ। বিগত দীর্ঘ ৩৪ বছর ধরে এই রাজ্যকে পরিকল্পিতভাবে পিছিয়ে রেখে যে রাজনৈতিক, সামাজিক ও অর্থনৈতিক অবক্ষয়ের পরিস্থিতি তৈরি হয়েছে তার থেকে এই রাজ্যকে উদ্ধার করে ভারতবর্ষে অন্যান্য রাজ্যের মধ্যে প্রথম স্থানে নিয়ে আসার উদ্দেশ্যে তিনি যে গঠনমূলক পরিকল্পনা ও রূপরেখার কথা বলেছেন তার জন্য তাঁকে ধন্যবাদ জানাই। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি উদ্ধার শব্দটি বিশেষ ব্যঞ্জনার সঙ্গে উচ্চারণ করছি। কেবলমাত্র কথার হিসাবে নয় এই রাজ্য যেন অন্ধকারে বন্দি আছে, এ রাজ্য অনুন্নয়নে বন্দি আছে, এ রাজ্য দলতান্ত্রিক শাসনে ও দলতন্ত্রে বন্দি আছে। এ রাজ্য নিম্ন ও মধ্য মেধার কতৃত্বে বন্দি আছে। এই বন্দি দশা থেকে এ রাজ্যকে উদ্ধার করে মুক্তি দিতে হবে। মাননীয় রাজ্যপালের ভাষণে সেই দিকে স্পষ্ট ইঙ্গিত রয়েছে। সেজন্য আমি তাকে

ধন্যবাদ জানাই। মাননীয় রাজ্যপাল তাঁর ভাষণে সঠিকভাবেই সরকারের অভিমুখ স্থির করে দিয়েছেন যে, আমলাতন্ত্রকে সঙ্গে নিয়ে জনগণের সহযোগিতা নিয়ে উন্নয়ন ও প্রশাসন পরিচালনা করা, তার ভিত্তি হবে দক্ষতা, স্বচ্ছতা এবং নিরপেক্ষতা। দীর্ঘ ৩৪ বছর কাল এই রাজ্যে অধিবাসীরা ভুলেই গেছেন এই মৌলিক দৃষ্টিভঙ্গিটি। বিশেষ করে শান্তি-শৃঙ্খলা রক্ষায় এবং অন্যায়ের বিরুদ্ধে ন্যায় ও নীতির প্রতিষ্ঠার যে অঙ্গীকার পুলিশ প্রশাসন সম্পর্কে করা হয়েছে তার জন্য মহামান্য রাজ্যপালকে ধন্যবাদ জানাই। মাননীয় স্পীকার স্যার, বিচারাধীন বন্দি, দণ্ডপ্রাপ্ত বন্দি, বিনা বিচারে আটক রাজনৈতিক বন্দিদের মুক্তির ব্যাপারে যে পদক্ষেপ নেওয়া হয়েছে আমি তাকে স্বাগত জানাই। পূর্বতর সরকারে দলতান্ত্রিক পদ্ধতিতে পুলিশকে পরিচালনা করা, বহু মানুষদের জীবন কেড়ে নিয়েছে, বহু সন্তানকে পিতৃহারা, মাতৃহারা করেছে, বহু মায়ের কোল খালি করেছে, বহু পরিবারে অকথ্য রাজনৈতিক নির্যাতনের মধ্যে ছুঁড়ে দিয়েছে। এই নির্দয়, নিষ্ঠুর হিংস্রতা থেকে মানুষকে প্রতিবাদী, মানুষকে শান্তিপ্রিয়, মানুষকে দিশেহারা, আশ্রয় দেওয়ার প্রতিশ্রুতি মহামান্য রাজ্যপালের ভাষণে ধন্যবাদসূচিত আছে। এ রাজ্যে যুব সমাজ ছাত্রাবস্থায় রাজনীতির অন্ধ কানাগলি ঘুরে বেড়ায়, শিক্ষার শেষে এদের কর্মসংস্থানের অভাব, বিড়ম্বনায় কেউ দিকভ্রষ্ট হয়। কেউ চোরা বালিতে প্রবেশে বাধ্য হয়। এমপ্লয়মেন্ট ব্যাঙ্ক তৈরির মাধ্যমে বেকারত্ব ঘোচানোর এই অভূতপূর্ব পরিকল্পনার জন্য ধন্যবাদ জানাই মহামান্য রাজ্যপালকে। ক্রমাগত দ্রব্য মূল্যবৃদ্ধি এ রাজ্যে মানুষের জীবনকে ওষ্ঠাগত করেছে। মাননীয় রাজ্যপাল যে বিষয়টি উপযুক্ত ও সময়োচিত গুরুত্ব দিয়েছেন তার জন্য তাঁকে ধন্যবাদ জানাই। মাননীয় স্পীকার স্যার, এই রাজ্যে শিক্ষা ক্ষেত্রে ব্যাপক অরাজকতা এবং দলবাজি দীর্ঘকাল অব্যাহত, অপরিকল্পিতভাবে চলেছে, মাননীয় রাজ্যপাল সেই দিকে নজর দিয়েছেন। শিক্ষা প্রতিষ্ঠানগুলি রাজনৈতিক আস্তাকুঁড়ে পরিণত হয়েছে, শিক্ষার পরিবেশ সম্পূর্ণ লুপ্ত। মাননীয় রাজ্যপাল শিক্ষাক্ষেত্রে এই প্রার্থিত অনুকূল পরিবেশ ফিরিয়ে আনার প্রতিশ্রুতি দিয়ে সকলের কৃতজ্ঞতা ভাজন হয়েছেন। মাননীয় স্পীকার স্যার, মাননীয় রাজ্যপালের এই ঘোষণা আপামর কৃষক জনতা আশীর্বাদ পুষ্পিত হবে, যে রাজ্য সরকার একটি জমি নীতি প্রণয়ন করবেন। সিঙ্গুরের অনিচ্ছুক কৃষকদের জমি ফেরত এই ঘোষণাটি তাঁর ভাষণে ২৪ ঘণ্টার মধ্যেই বাস্তবায়িত করা হয়েছে। এটা স্বাভাবিক প্রমাণ করে যে এই সরকার তাঁর দেওয়া প্রতিশ্রুতি পূরণে তৎপর এবং অভিষ্ঠ লক্ষ্যে দ্রুত পৌঁছাতে চান। রাজ্যবাসীর কাছে এর থেকে মহৎ এবং গ্রহণীয় প্রতিশ্রুতি আর কিই বা হতে পারে। মাননীয় স্পীকার স্যার, তার সমস্যা সমাধানে তৎপরতা আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের উদ্যোগে উত্তরবঙ্গে সচিবালয় প্রতিষ্ঠার সিদ্ধান্ত উত্তরবঙ্গে এলাকার ব্যয় বরাদ্দ বৃদ্ধি করে ২০০ কোটি টাকা করা হয়েছে। এই সরকারের শুধু রাজ্য সমস্যাগুলি সম্পর্কে সচেতনতার প্রকাশ তাই নয়, তার সমাধানে বাস্তব সৎইচ্ছা প্রকাশ করা, যা এই রাজ্যে, মাননীয় চেয়ারম্যান স্যার, অত্যন্ত পরিতাপের বিষয় যে বিগত সরকার ৩৪ বছরেও এ রাজ্যে মানুষের জন্য পানীয় জল, বিদ্যুতের ব্যবস্থা করতে পারেনি। রাজ্যে বন্যা পরিস্থিতি নিয়ন্ত্রণে পূর্বতন সরকার সম্পূর্ণরূপে ব্যর্থ ছিল। সেচ যুক্ত করে, জমিতে ফসল বৃদ্ধির দিকটিও অবহেলিত হয়েছে। মাননীয় রাজ্যপাল ভাষণে এই দিকটির প্রতিও উপযুক্ত গুরুত্ব

দিয়েছেন, তার জন্য তাকে ধন্যবাদ জানাই। এই সরকারের সব থেকে বড় অসুবিধার দিকটি মহামান্য রাজ্যপাল আর ভাষণে অষ্টম পংক্তিতে উল্লেখ করেছেন চিত্রটি অত্যন্ত করুণ। দেশের মানুষ এ বিষয়ে সম্যক অবহিত নন। মাননীয় রাজ্যপাল শ্বেতপত্র প্রকাশ করার প্রতিশ্রুতি দিয়ে দেশের মানুষের চোখ খুলে দেওয়ার ব্যবস্থা করে অশেষ কৃতজ্ঞতা ভাজন হয়েছেন। মাননীয় চেয়ারম্যান স্যার, রাজ্যের সামাজিক রাজনৈতিক, অর্থনৈতিক অবস্থা সাম্প্রতিকতম সমস্যার চিত্র তুলে ধরে এবং প্রতিটি ক্ষেত্রে সমস্যাগুলি নিরসনে উপযুক্ত ব্যবস্থা গ্রহণের উল্লেখ করেছেন। কয়েকটি ব্যবস্থা ইতিমধ্যে গৃহীত হয়েছে। আমি সর্বাত্মকরণে তাই ভাষণটির সম্পূর্ণ সমর্থন জানাচ্ছি এবং আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রীর নেতৃত্বে যে নতুন সরকার প্রতিষ্ঠিত হয়েছে এই সরকারের মাধ্যমে বাংলার মানুষ সুশাসন, বিচার পাবে, বাংলার মানুষ আগামীদিনে নতুন একটা দিশা পাবে এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি, নমস্কার স্যার।

[2.40–2.50 p.m.]

শ্রী রঞ্জিত কুমার মণ্ডল : মহামান্য রাজ্যপাল এই মহতী বিধানসভায় যে ভাষণ দিয়েছেন, আমি তাঁর ভাষণে কয়েকটি জায়গায় কিছু সংশোধনী এনে কিছু আলোচনা করতে চাই। প্রথম যে বিষয়টি নিয়ে আমি যেতে চাই, তা ১৯ ধারায় ১৯ অনুচ্ছেদে তিনি যে বক্তব্য রেখেছেন সেটা ১৯তম অনুচ্ছেদে। সেক্ষেত্রে পশ্চিমবাংলার শিক্ষা সম্বন্ধে তিনি যে বক্তব্য রেখেছেন সেই বক্তব্যের আমি বিরোধিতা করছি এবং আমি আমার সম্মানীয় সদস্যদের একটু ফিরে যেতে বলি অতীত দিনে এই বিধানসভায় ১৯৭৪ সালে ১৭ই মার্চ তৎকালীন কংগ্রেস বিধায়ক তুহিন সামন্ত, তিনি বক্তব্য রেখেছেন, প্লিস নোট ইট। ১৯৭৪ সালে বিধানসভার বক্তৃতায় তৎকালীন কংগ্রেস বিধায়ক তুহিন সামন্তর বক্তব্য। "আজকে শিক্ষা জগতে এতো নৈরাজ্য, এতো হতাশা জীবনে আর কোনোদিন আসেনি।" এই বক্তব্য বামপন্থী বিধায়কের নয়। এই বক্তব্য তৎকালীন কংগ্রেস বিধায়ক তুহিন সামন্তর বক্তব্য যা বিধানসভার প্রসিডিংসে আছে, নোটে আছে। আপনারা সেটা দেখে নিতে পারেন। আমি এই জায়গায় বলতে চাই, বহু চর্চিত একটা কবিতার লাইন দিয়ে। সেটা হচ্ছে এই, "রাখাল গরুর পাল নিয়ে যায় মাঠে, শিশুগণ মন দেয় নিজ নিজ পাঠে"। এটাই ছিল বিগত দিনের ১৯৭৭ সালের আগের প্রজন্ম, এটাই ছিল গ্রামবাংলার চিত্র। রাখালরা গরুর পাল নিয়ে মাঠে গিয়েছে। আজকে গ্রামবাংলার চিত্রের পরিবর্তন ঘটেছে। সেই রাখালরা আজকে বই নিয়ে বিদ্যালয়ে যাচ্ছে। তাই ক্ষেতমজুর, বর্গাদারদের ছেলেমেয়েরা স্টার পায়, তারা ডাক্তারী ইঞ্জিনিয়ারিং পড়বার সুযোগ পায়। এই চিত্র ভারতবর্ষে কোন রাজ্যে আছে, কটি রাজ্যে আছে ? মহামান্য রাজ্যপালের বক্তব্যে এই বিষয়ে কোনো দিশা উল্লিখিত হয়নি। আমি উদাহরণ দিয়ে বলতে পারি ১৯৭৭ সালে মাধ্যমিক পরীক্ষায় পরীক্ষার্থীর সংখ্যা ছিল ২ লক্ষ ৫ হাজার। আর এই ২০১১ সালে যা রেজাল্ট বার হলো সম্প্রতি, তার সংখ্যা হল ৯ লক্ষ ৯৮ হাজার ৬৭। আর আগামী দিনে কবে পরীক্ষা হবে সেটাও বলে দেওয়া হয়েছে। আগামী ২৪.২.২০১২ তারিখে পরীক্ষা হবে। আপনারা জানেন ১৯৭৭ সালে উচ্চমাধ্যমিক পরীক্ষায়

পরীক্ষার্থীর সংখ্যা ছিল মাত্র ৫৮ হাজার। আর ২০১১ সালে সেই সংখ্যা দাঁড়িয়েছে ৫ লক্ষ ৩৩ হাজার ২১১। আর ১৫ই মার্চ ২০১২ সালে আগামী বছরের উচ্চমাধ্যমিক পরীক্ষা হবে। এর থেকে সুষ্ঠুভাবে পরীক্ষা ব্যবস্থার সততা রক্ষা করা এবং পঠন-পাঠন তার মান উন্নয়নের প্রশ্নে সারা ভারতবর্ষে দ্বিতীয় রাজ্য নেই। আমি বলতে চাই এই জায়গায় দাঁড়িয়ে যে, মহামান্য রাজ্যপাল যে বক্তব্য, ৮৫ লক্ষ প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা যা বহির্মূল্যায়ন পরীক্ষায় বসে যা ভারতবর্ষের বেশ কয়েকটি রাজ্যে টোটাল জনসংখ্যার চেয়ে বেশি। একই চিত্র ৯৯ শতাংশ ছেলেমেয়ে যা ড্রপ আউট হয় না। প্রাথমিক স্তরে ৯৯ শতাংশ ছেলেমেয়ে বিদ্যালয়ে আসে। এই চিত্র ভারতবর্ষের অন্য রাজ্যে নেই। মহামান্য রাজ্যপালের বক্তব্যে সমস্ত বিষয়টা অরাজকতার জায়গায় দাঁড় করানো হয়েছে। আমি আপনাদের কাছে বলতে চাই, এই জায়গায় দাঁড়িয়ে বলতে চাই যে, এখানে যেটা বলা হয়েছে আমি তাতে খুশি হয়েছি, সন্তুষ্ট হয়েছি। আমি নিজে একজন শিক্ষক, দীর্ঘদিন ধরে শিক্ষকতার লাইনে আছি। স্বাভাবিকভাবে যখন এখানে ৪৬ হাজার নতুন শিক্ষক নিয়োগের কথা বলা হয়েছে, আমি ধন্যবাদ জানাই যে সরকার ৪৬ হাজার নতুন শিক্ষক নিয়োগ করবেন। আমি এও ধন্যবাদ জানাই যে সরকার শিক্ষকদের মাস পয়লা বেতন দেবেন। কিন্তু আমি আমার সদস্যদের অবগতির জন্য জানাচ্ছি ইতিপূর্বেই মাস পয়লা বেতন চালু আছে, গ্রামীণ ব্যাঙ্ক মাস পয়লা বেতন দেয়। এটা আপনাদের অবগতির জন্য জানিয়ে রাখলাম। তা সত্ত্বেও এই সরকার ঘোষণা করেছেন তার জন্য সাধুবাদ জানাই। কিন্তু গত আর্থিক বছরের তথ্য নিলে জানতে পারব, গত আর্থিক বছরে পশ্চিমবাংলায় ৫৫ হাজার ২৮১ জন শিক্ষক নিয়োগ হয়েছে। তার মধ্যে ৪২৩৫০ জন প্রাথমিক স্তরে ১২৯৩১ জন নিয়োগ হয়েছেন মাধ্যমিক স্তরে। অর্থাৎ এই সংখ্যা হচ্ছে ৫৫২৮১। আমি তথ্য দিয়ে বলছি। আমি যে কথা বলতে চাই, স্কুল সার্ভিস কমিশন, কলেজে সার্ভিস কমিশন, প্রাথমিক শিক্ষক নিয়োগের ক্ষেত্রে স্বচ্ছতার উদাহরণ রেখেছে বামফ্রন্ট সরকার। মাননীয় চেয়ারম্যানের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই সারা বিশ্বের ১৭ শতাংশ মানুষ বাস করে ভারতবর্ষে, সারা বিশ্বের ৩১ শতাংশ নিরক্ষর মানুষ বাস করে সারা ভারতবর্ষে। ৬৪ বছর দেশ স্বাধীন হয়েছে। এর জন্য কি বিগত ৩৪ বছরের বামফ্রন্ট সরকার দায়ী ? এই বছর যে সেনসাস রিপোর্ট প্রকাশিত হয়েছে তাতে জানা গেছে সারা দেশে সাক্ষরতার হার ৭৪ শতাংশ আর পশ্চিমবাংলায় সেই সংখ্যা হচ্ছে ৭৭ শতাংশ। এইগুলো কি উন্নয়নের লক্ষ্য নয় ? আমি পরবর্তী যে বিষয়ে যেতে চাই সেটা হচ্ছে সংস্কৃতি। আমি এটা বলতে চাই এই জন্য যে আজকে এই মা-মাটি-মানুষের সরকারে অনেক বুদ্ধিজীবী মানুষ, বিদ্বজ্জন, সুশীল সমাজের অনেক মানুষ এসেছেন। আমি তাদের উদ্দেশে. বলতে চাই এই রাজ্যপালের ভাষণ আমি পুঙ্খানুপুঙ্খভাবে পড়ে দেখেছি এবং আপনাদেরও দৃষ্টি আকর্ষণ করছি। রাজ্যপালের ভাষণের কোনো একটি জায়গায় সংস্কৃতি শব্দটি কি একটিবারও উচ্চারণ আছে ? নেই। দেখুন আপনারা, কোন জায়গায় উচ্চারণ নেই। 'সংস্কৃতি' শব্দের শাস্ত্রীয় সম্বন্ধে এই সরকারের দৃষ্টিভঙ্গি কি আছে ? আমি বলতে চাই সুস্থ সংস্কৃতির পক্ষে এই সরকার আরও দৃষ্টি দিক। আজকে বিশেষ করে ভৌগলিকীকরণের যুগে যেভাবে আমাদের নিজস্ব সংস্কৃতি—বিদ্যাসাগর, বিবেকানন্দ, রবীন্দ্রনাথের আউল বাউল দরবেশের এই বাংলায়

যভাবে সংস্কৃতির উপর আক্রমণ হচ্ছে, সেই সংস্কৃতির বিরুদ্ধে সুস্থ সংস্কৃতির পক্ষে এই সরকার একটা দৃষ্টিভঙ্গি গ্রহণ করুক। আমি এবার স্বাস্থ্য সম্পর্কে বলতে চাই। আমাদের মাননীয় একজন সদস্য অনেক তথ্য দিয়েছেন। আমি পাল্টা তথ্য দিয়ে বলতে চাচ্ছি যে সারা ভারতবর্ষে এখনও অবধি আউটডোরে অ্যাটেন্ড রোগীর সংখ্যা, সেই সংখ্যাটা হচ্ছে ৮০% মানুষ পশ্চিমবাংলার হসপিটালে আউটডোরে অ্যাটেন্ড হন। সেই তুলনায় ভারতবর্ষের গড় যে চিত্র তা হচ্ছে ৫০.৫০% মাত্র। সুতরাং আমি এটা বলতে চাই আপনাদের কাছে দাঁড়িয়ে যে ৪ ও ৫ নং অনুচ্ছেদে আমাদের মাননীয় রাজ্যপাল বক্তব্যে যেটা বলেছেন সেটা খুবই ভাল কথা—একটা সুশাসন উপহার দেবেন এই সরকার। পুলিশের ক্ষেত্রে একটা নিরপেক্ষ ভূমিকা পালন করবে এই সরকার। খুবই ভাল কথা। আমি দ্ব্যর্থহীন ভাষায় বলছি তাপসী মালিককে যারা খুন করেছে তার মৃত্যু যেমন দুঃখজনক, নিন্দনীয়, বর্বরোচিত। তেমন কেন বন্ধু, কেন হবে না সুশীল মাহাতোর মৃত্যুটা দুঃখজনক, কেন হবে না সুমনা মান্ডি, ঝর্না মান্ডির মৃত্যুটা দুঃখজনক ? আমার এখানেই বক্তব্য। হত্যা যাই হোক, তা কালার নয়, সে হত্যারই নিন্দা করা উচিত। ওই সরকারে বলেছেন—We should take steps against them. আমরা যেটা বলতে চাই যে সরকার সেই দায়িত্ব পালন করুন। তাহলে মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে আমাদের নেতৃত্ব যে রিপোর্ট প্লেস করেছেন যা after election যেখানে মারা গিয়েছেন বেশ কিছু মানুষ তাদের সম্পর্কে পূর্ণাঙ্গ তদন্ত করে হাউসকে জানান। আমি যে এলাকায় বসবাস করি আমার বিধানসভায় গত ১৩.০৬.-এ প্রায় ২০০ মানুষ, যারা পাট্টা প্রাপক, সেই সব জমি থেকে উচ্ছেদ করা হয়েছে। ওখানে সর্বজনীন একটা সভা চলছিল এস.ডি.ও., বি.ডি.ও.-দের সামনেই এবং এস.ডি.পি.ও. স্যার ছিলেন। সেখানে আমাদের মহিলা প্রধান মা-মাটির সরকার, একজন মহিলা হচ্ছেন আমাদের মুখ্যমন্ত্রী। তাঁর প্রতি শ্রদ্ধা জানিয়েই বলছি সেখানে এস.ডি.পি.ও., এস.ডি.ও.-র সামনেই ওই মহিলা প্রধানের কাপড় খুলে নিয়ে তাকে যেভাবে অত্যাচার করা হয়েছে আপনারা এটা নিরপেক্ষ তদন্ত করুন। আমি দৃষ্টি আকর্ষণ করছি মাননীয় অভিনেত্রী আমাদের মাননীয়া সদস্য দেবশ্রী রায়ের। আমি কাগজে আপনার পশু প্রেমিকের ছবি দেখেছি। অন্তত ওনাকে দিয়ে 'ওয়ান ম্যান কমিশন' করে আমার এই বক্তব্য সত্যি কি সত্যি নয়—মহিলা প্রধান যেভাবে নির্যাতিত হয়েছেন, যেভাবে অপমানিত হয়েছেন—শুধু এটার একটা তদন্ত হোক, ওয়ান ম্যান কমিশন করে করা হোক। তাহলে আমরা বুঝব আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী যেটা বলছেন, আমাদের মাননীয় রাজ্যপাল যেটা বলছেন সেটার প্রতি দায়িত্ব রাখার—পরিশেষে আলোচনা না বাড়িয়ে এই কথা বলতে চাই যে আমার সময় সম্পূর্ণ হয়েছে, নতুন সরকারের যাত্রা শুরু হচ্ছে। ৫ই সেপ্টেম্বর শিক্ষক দিবস। উচ্চশিক্ষামন্ত্রী মাননীয় ব্রাত্য বসু বসে আছেন আমি তার দৃষ্টি আকর্ষণ করে বলি ৫ই সেপ্টেম্বর টিচার্স ডে। দিবাকর মাহাতো কলম নিয়ে ক্লাসের মধ্যে গুলিতে ঝাঁঝরা হয়ে গেলেন। দিবাকর মাহাতো সহ ৪১ জন শিক্ষক খুন হয়েছেন। সমস্ত ক্ষেত্রে দেখা হোক। যেসব শিক্ষক খুন হয়েছেন তাদের কথা ভাবা হোক।

[2.50–3.00 p.m.]

শ্রী অভিজিৎ মুখার্জী : অনারেবল চেয়ারম্যান স্যার, আমি মাননীয় রাজ্যপালের ধন্যবাদসূচক প্রস্তাবকে সমর্থন করছি এবং আমি আমার বক্তব্য রাখছি। আমি বর্তমান ক্ষমতাসম্পন্ন জোট সরকারের একজন নবনির্বাচিত সদস্য। বামফ্রন্ট বিরোধী মানুষের আশা ও ভরসা নিয়ে নির্বাচিত হয়ে মনে শঙ্কা ও দুশ্চিন্তা নিয়ে আজকের এই ঐতিহ্যমণ্ডিত গণতন্ত্রের পীঠস্থানে পদার্পণ করেছি। একদিকে যখন খাদ্য, বস্ত্র, শিক্ষা, বাসস্থান ইত্যাদি ব্যবস্থার ভয়াবহতা আমাকে যেমন ভাবিয়ে তুলেছে, তখন আরেক দিকে উদ্ধার হওয়া অস্ত্রের সম্ভার এবং আর একদিকে মাটির নীচ থেকে আবিষ্কৃত হওয়া বাংলার প্রতিবাদী মানুষের কঙ্কাল আমার মনে শঙ্কা সৃষ্টি করেছে। আমি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি যে মানুষ যেমন ৩৪ বছরে অত্যাচারী খুনি সরকারকে ক্ষমা করেনি, ঠিক সেইভাবে ৩৪ বছরের অত্যাচারিতদের সঠিক বিচার ও শাস্তি যদি ঐক্যবদ্ধ জোট সরকার দিতে না পারে তাহলে বাংলার মানুষ আগামীদিনে আমাদেরও ক্ষমা করবেন না। আমি নলহাটি বিধানসভার কেন্দ্রের প্রতিনিধি হিসাবে মাননীয় মুখ্যমন্ত্রী এবং স্বরাষ্ট্রমন্ত্রীর নিকট আবেদন রাখতে চাই যে হারিয়ে যাওয়া প্রাণ মানুষের কাছে ফিরিয়ে দিতে পারব না ঠিকই, কিন্তু সঠিক এবং স্বচ্ছ বিচারটা যেন বাংলার মানুষকে দিতে পারি, সেটা আপনাকে দেখতে হবে। একদিকে লক্ষ লক্ষ কোটি টাকার দেনা মাথায় নিয়ে সরকারের দায়িত্ব নেওয়া, অপরদিকে পরিকল্পনা মাফিক কর্মোদ্যোগী সরকারকে আইনী এবং প্রশাসনিক সমস্যায় জর্জরিত করার যে চক্রান্ত শুরু হয়েছে তার দিকে আপনি সজাগ দৃষ্টি রাখুন। এই ব্যাপারে আমি আপনার এবং মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পাশাপাশি নলহাটি কেন্দ্রে সার্বিক উন্নয়ন কার্যকরী করা এবং বিধানসভা কেন্দ্রে পাথুরে অঞ্চলের মানুষকে প্রবল জল কষ্ট থেকে মুক্তি দেওয়ার জন্যে যুদ্ধকালীন তৎপরতায় শহর থেকে প্রত্যেকটি গ্রামে ফ্লোরাইড এবং আর্সেনিক মুক্ত পানীয় জল পৌঁছে দেওয়া এবং সেচ-ব্যবস্থার প্রকল্পকে কড়া নজরদারীতে বাস্তবায়িত করার জন্য রাজ্য সরকারকে অনুরোধ করছি। প্রসঙ্গত বলা যায় নলহাটি শহরের প্রাণ কেন্দ্রে যানজটের সমস্যা দূর করতে সঠিক পরিকল্পনা রূপায়ণ করে রেলপথের উপরে রেল ওভারব্রিজের যে প্রয়োজনীয়তা—যেটা কেন্দ্রীয় রেলমন্ত্রীর প্রকল্পের মধ্যেই আছে তা অতি দ্রুত কার্যকরী করতে কেন্দ্রীয় সরকারের সাথে কথা বলার জন্য আমি মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি। দীর্ঘ ৩৪ বছরে বামশাসনে তামাম পশ্চিমবাংলার স্বাস্থ্য-ব্যবস্থায় দালাল চক্র এবং অসাধু ব্যবসায়ীদের অনুপ্রবেশে আমি আতঙ্কিত। আমার নলহাটি কেন্দ্র সহ সমগ্র বীরভূম জেলার ভগ্ন প্রায় স্বাস্থ্য ব্যবস্থাকে আধুনিক এবং উন্নত মানে পৌঁছে দিতে আমি মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বৃদ্ধ এবং অনুন্নত মানুষদের উন্নয়নের জন্য কেন্দ্রীয় সরকারের দেওয়া টাকা সঠিক এবং স্বচ্ছ ব্যবস্থার মধ্যে দিয়ে পৌঁছে দেওয়ার জন্য আবেদন রাখছি। সংখ্যালঘু সম্প্রদায়ের শিক্ষা এবং মান উন্নয়নের জন্যে কেন্দ্রীয় সরকারের সাথে সাথে রাজ্য সরকারকেও উদ্যোগী হওয়া উচিত বলে আমি মনে করি। এই সম্পর্কে রাজ্য সরকার অলরেডি পদক্ষেপ নিয়েছেন। তার জন্য তাদের ধন্যবাদ দিই এবং আরও আশা করব এটা সঠিকভাবে dovetail করে কেন্দ্রীয়

সরকারের প্রোপোজালের সঙ্গে যেন সঠিকভাবে রূপায়ণ করা হয়। বর্তমান সরকারের তৈরি করা অস্বচ্ছ বি.পি.এল. কার্ডের যে তালিকা সেটাকে ইমিডিয়েটলি বাতিল করা হয় এবং স্বচ্ছ প্রক্রিয়ায় প্রকৃত বি.পি.এল.-দের নাম ঢোকানো হয় তার জন্য মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কারণ কেন্দ্রীয় সরকারের এবং রাজ্য সরকারের যাবতীয় প্রকল্প আছে, কিন্তু বি.পি.এল. কার্ড না থাকলে সেগুলো পেতে পারেন না। আমরা বিভিন্ন জায়গায়, আমার নিজের এলাকায় দেখেছি বি.পি.এল. কার্ড না থাকায় অনেকে বার্ধক্য-ভাতা, বিধবা-ভাতা এবং নানা রকমের ভাতা পান না। এটা ইমিডিয়েটলি হতে পারে এবং কারণ এটা করা যেতে পারে এবং বর্তমান সরকারের আশু কর্মসূচির মধ্যে থাকা প্রয়োজন বলে আমি মনে করছি। সেটা দেখার জন্য মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বাংলার মানুষের যন্ত্রণাকে নিজেদের যন্ত্রণা মনে করে অতর্কিতে মুখ্যমন্ত্রীর বিভিন্ন দপ্তর পরিক্রমাকে আমি স্বাগত জানাই। পাশাপাশি এই পরিক্রমা ও নজরদারির ধারাবাহিকতাকে অব্যাহত রাখার জন্য মুখ্যমন্ত্রীর কাছে আবেদন রাখছি। আমি মাননীয় মুখ্যমন্ত্রীকে সাধুবাদ এবং বৈপ্লবিক অভিনন্দন জানাই কারণ, সিঙ্গুরে অনিচ্ছুক কৃষকদের জমি ফেরত দেওয়ার পদক্ষেপ নেওয়ার জন্যে। এই প্রসঙ্গে আমি দাবি করে বলতে পারি যে, দ্রুততার সঙ্গে এই জটিল সমস্যাকে সমাধানের সিদ্ধান্ত নিয়েছেন তা বড় বড় করপোরেটদেরকে হার মানায় এবং তা নিতে পারে না। মুখ্যমন্ত্রীর first decision making spirit-কে আমি স্যালুট জানাই। আমাকে সভায় বক্তৃতা দেওয়ার সুযোগ করে দেওয়ার জন্য মাননীয় অধ্যক্ষ মহাশয় এবং মাননীয় চেয়ারম্যান মহাশয়কে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী বেচারাম মান্না : ভারতীয় সংবিধানের ১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের পঞ্চদশ বিধানসভার প্রথম অধিবেশনের সূচনা করে ১৩ জুন, ২০১১ মহামান্য রাজ্যপাল শ্রী এম. কে. নারায়ণন যে ভাষণ দিয়েছেন সেই ভাষণকে স্বাগত জানাই, শ্রদ্ধা জানাই এবং আমাদের মুখ্যসচেতক শ্রীশোভনদেব চট্টোপাধ্যায় যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এনেছেন তাঁকেও সমর্থন ও শ্রদ্ধা জানাই।

দীর্ঘক্ষণ ধরে আলোচনা শুনছি। নতুন নির্বাচিত হয়েছি। আমাদের সিঙ্গুরের অনিচ্ছুক কৃষকদের জমি ফেরত দেওয়ার বিষয়টি আইনে প্রতিষ্ঠা লাভ করার জন্য এই সভার সমস্ত মাননীয় সদস্যকে আমার আন্তরিক শ্রদ্ধা এবং কৃতজ্ঞতা জানাই এবং যাঁরা এই বিলকে সমর্থন না করে চলে গিয়েছিলেন তাঁদেরকেও আমি শ্রদ্ধা জানাই।

দীর্ঘক্ষণ ধরে শুনছি। ওঁরা 'বদলা নয় বদল চাই'-র কথাও বললেন। খুব আতঙ্কগ্রস্ত হয়ে গেছেন। মমতা বন্দ্যোপাধ্যায় যে দুটি স্লোগানকে সামনে রেখে বাংলার মানুষের সামনে এসেছিলেন তার (১) হচ্ছে, 'মা-মাটি-মানুষ', আর দুই 'বদলা নয় বদল চাই'। এই দুটো স্লোগানে বামফ্রন্ট নামক বস্তুটি ধরাশায়ী হয়েছে। আজকে আমার এক বন্ধু বললেন যে ১৬ জন খুন হয়ে গেছে। দীর্ঘ বাম শাসনের খুনের ইতিহাস যদি বলা হয় তাহলে আজকের বিধানসভা শেষ হবে না। আমি শুধু দু-একটি কথা উল্লেখ করব। আমাদের খানাকুলের যুধিষ্ঠির দলুই। তার অণ্ডকোষ কেটে মা-মনসার বেদীতে তাকে পাঠাবলির মতো বলি দেওয়া

হয়েছিল। আমার বন্ধুরা এটা বলেননি। ক্ষুদিরাম হেমব্রম, ধনিয়াখালি। তাকে মেরে নদীর চরে পুঁতে দেওয়া হয়েছিল। বন্ধুরা বলেননি। ওনারা বলেছেন ঝর্ণা মাণ্ডি, সুমনা মাণ্ডির কথা। খুব দুঃখ লেগেছে ওনাদের। ঘটনা হচ্ছে, রান্না করতে গিয়ে একটা দুর্ঘটনা ঘটে পুড়ে গিয়েছিল।... (গোলমাল)... সেই ঘটনাকে রাজনৈতিক রঙ লাগানোর জন্য তারা কী করলেন ? উল্টোদিকে নিয়ে গেছেন তৃণমূলের নামে দোষ দেওয়ার জন্য। আমি বন্ধুদের কাছে প্রশ্ন করছি, যাকে দিয়ে থানায় এই ঘটনার অভিযোগ দায়ের করা হয়েছিল সেই লঞ্চ মান্ডি কোথায় ? মাননীয় চেয়ারম্যানের মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর কাছে এটা আমি জানতে চাই। তাকে খুঁজে বার করা হোক। তাহলে আসল রহস্য খুঁজে পাওয়া যাবে। তাকে সি.পি.এম. পার্টি গুম করে দিয়েছে। আজও পর্যন্ত তাকে পাওয়া যায়নি। আমার তো খুব কষ্ট হচ্ছে। যে কোনো দলের কর্মী খুন হওয়াটা কষ্টের। তৃণমূলের হলেও হয় আবার সি.পি.এম.-এর হলেও হয়। তবে আমাদের সন্দেহ জাগছে। কথায় বলে 'কাক কাকের মাংস খায় না'। কিন্তু সি.পি.এম. সি.পি.এমের মাংস খায়, বামফ্রন্ট বামফ্রন্টের মাংস খায়। তার কয়েকটা ইতিহাস তুলে ধরছি। দমদমের চেয়ারম্যান ছিলেন শৈলেন দাস। খুন করল কে ? প্রাক্তন চেয়ারম্যান সুধীর ভট্টাচার্য। গ্রেপ্তার হয়েছে। অশোকনগরের কালীপদ বিশ্বাস প্রকাশ্য দিবালোকে বাজারে খুন হয়েছে। কারা খুন করেছে ? হিন্দমোটরের শ্রমিক নেতা মলয় ঘোষ। কারা খুন করেছে ? তদন্ত হওয়া দরকার। পঞ্চায়েত নির্বাচনের সময় এক মন্ত্রীর বাড়িতে বিস্ফোরণ হল। গৌরী নস্কর নামে একজন মারা গেল। তদন্ত হল না। কেন ? তার কারণ কাক কাকের মাংস খায় না কিন্তু সি.পি.এম. সি.পি.এমের মাংস খায়, বামফ্রন্ট বামফ্রন্টের মাংস খায়। তাই আমরা যদি মনে করতাম মমতা বন্দ্যোপাধ্যায়ের নির্দেশকে অগ্রাহ্য করব তাহলে ওনারা বিধানসভায় এসে পৌঁছতে পারতেন না ৩৪ বছরে যে হত্যাকাণ্ড করেছেন। আসলে আমাদের তৃণমূল কংগ্রেসের কর্মীরা ধৈর্যের পরিচয় দিয়েছে। নির্বাচনের পরেও আমাদের আরামবাগের রমেশ পণ্ডিতকে খুন করে গাছে ঝুলিয়ে দেওয়া হয়েছে। বন্ধুরা তার কথা একবারও বলেননি। আজকে আমরা এখনও নেত্রী মাননীয়া মুখ্যমন্ত্রীর নির্দেশে বদলা নয় বদল চাই-এর দিকে এগিয়ে যাচ্ছি। ধৈর্য ধরুন, দেখতে থাকুন। আমরা এখানে অনেকেই বলছি চাষীর ব্যাটা। কি করেছেন চাষীর ব্যাটা ? আমাদের কেন আলু বীজ পাঞ্জাব থেকে আনতে হবে ? ৩৪ বছরে পশ্চিমবাংলায় অনেক কৃষি গবেষণাগার কেন্দ্র ছিল। কেন আমরা আলু বীজ উৎপাদন করে বাংলার আলু চাষীদের হাতে দিতে পারিনি কেন ? কেন উত্তরপ্রদেশ থেকে ইফকো আর কিফকো সার আনতে হবে বেশি মূল্য দিয়ে পশ্চিমবঙ্গের কৃষককে—জবাব দিন ? জবাব দিতে পারবেন না। আজকে সংরক্ষণের অভাবে ৩০% ফসল নষ্ট হয়ে যায় পশ্চিমবাংলার। আমাদের কৃষকরা যখন টমেটো ২ টাকা কেজি দরে বিক্রি করে, লস করে, আর তখন সংরক্ষণের অভাবে নষ্ট হয়ে যায়। কি ব্যবস্থা করেছেন ? আসল কি জানেন, মমতা বন্দ্যোপাধ্যায় মা-মাটি-মানুষ-এর সরকার গড়ে যে দ্রুত পথে এগিয়ে যাচ্ছে তাতে ওনারা বিভ্রান্ত হয়ে যাচ্ছেন, দিশেহারা হয়ে যাচ্ছেন। তাই আপনার মারফতে আমরা বিশেষ করে আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রী, মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে আর একটি আবেদন করছি। পশ্চিমবঙ্গের অনেক মেডিকেল কলেজগুলোকে অপশাসন থেকে মুক্ত করছেন, করার চেষ্টা করছেন। তার সাথে

আর একটা করতে হবে। মানকুণ্ডু মানসিক হাসপাতালকে। কাজ যে গতিতে এগোচ্ছে তাতে অনেক বামফ্রন্ট নেতাকে মানসিক ভারসাম্যহীন হতে হবে। তখন রাখার জায়গা পাওয়া যাবে না। সেইজন্য আমি প্রস্তাব রাখছি, মানসিক হাসপাতালকে আমাদের তৈরি করতে হবে। আর ওরা পুলিশের কথা বলছে। এই হাউসে যতজন নির্বাচিত হয়ে এসেছে তার চেয়ে বেশি মিথ্যা মামলা দেওয়া হয়েছে আমাকে। এটা সর্বকালীন রেকর্ড। আজকে পুলিশকে দলদাস বানিয়েছেন। আজকে পুলিশের গল্প করছেন। জেনে রাখুন, মমতা বন্দ্যোপাধ্যায় যে নীতি নিয়েছেন পুলিশের স্বার্থে তাতে পুলিশ ফুটবল খেলবে আপনাদের মতো অন্যায় কাজে সমর্থন করবে না। আগামী দিন দেখতে থাকুন আপনারা। আর বলছেন দার্জিলিং সমস্যা। দার্জিলিং সমস্যা আমার মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় আমার গোর্খা বন্ধু বিমল গুরুং, ডঃ হরকা বাহাদুর ছেত্রীর সাথে আলোচনা করে একটা সুষ্ঠু মীমাংসা, শান্তির পথে যাচ্ছেন। তখন ওরা বিশৃঙ্খলা করছে। তার কারণ শুনে রাখুন কেন্দ্রীয় সরকার যে জেলাকে মাওবাদী ঘোষণা করে সেখানে ১৫ কোটি টাকা করে দেয়। সেই টাকার কোনো অডিট হয় না। তাই ওরা গোর্খাল্যাণ্ডের মতো সমস্যাকে জিইয়ে রেখে আইন শৃঙ্খলার অবনতি দেখিয়ে কেন্দ্র থেকে টাকা আদায় করার ওটা ফন্দি। তাই ওদের নীতি গোয়েবেলসীয় কায়দায় মিথ্যা কথা বলা, ভাল কাজকে বাধা দেওয়া, সমস্যাকে জিইয়ে রাখা। আর মেশিন, বন্দুক ও কঙ্কাল নিয়ে খেলা করা হচ্ছে বামপন্থী বন্ধুদের কাজ। দেখতে থাকুন উন্নয়ন, শুনতে থাকুন উন্নয়ন, ধন্যবাদ।

[3.00–3.10 p.m.]

শ্রী নর্মদা চন্দ্র রায় : মাননীয় চেয়ারম্যান স্যার, গত ১৩ই জুন মহামান্য রাজ্যপাল মহাশয় এখানে যে তাঁর অভিভাষণ ব্যক্ত করেছেন তার উপর তিন দিন ধরে বিতর্ক চলছে। আমি এই বিতর্কে অংশগ্রহণ করে—আমার সময় কম, সংক্ষিপ্ত কিছু বক্তব্য এই হাউসে উপস্থিত করতে চাই। মাননীয় চেয়ারম্যান স্যার, আমরা লক্ষ্য করলাম এই পঞ্চদশ বিধানসভা নির্বাচনের পর নতুন সরকার গঠন হয়েছে, নতুন বিধানসভার পথ চলা শুরু হয়েছে। যাত্রার শুরুতেই আমরা উদ্বেগের সঙ্গে লক্ষ্য করছি যে, এই হাউসে গত ৩০ তারিখে মাননীয় স্পীকার মহোদয় সর্বসম্মতভাবে নির্বাচিত হলেন। নির্বাচিত হওয়ার পরে তিনি এখানে ঘোষণা করলেন যে আগামী ২৪ তারিখে এখানে বিধানসভা বসবে। আমরা অদ্ভুতভাবে লক্ষ্য করলাম যে আমরা কিভাবে বিধানসভার যে গণতান্ত্রিক রীতি এবং সাংবিধানিক যে বিধি, সেই বিধিকে লংঘন করে বিধানসভা অধিবেশনের তারিখ এগিয়ে এনে বিল পাশ করার একটা প্রচেষ্টা করা হল। আমরা এও লক্ষ্য করলাম যে বিধানসভা কবে বসবে, তার দিন ঘোষণা করলেন। নতুন সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রী—তিনি ঘোষণা করে দিলেন ১১ দিন এগিয়ে এনে বিধানসভা বসবে। আমরা এও মাননীয়া মুখ্যমন্ত্রীর মুখে শুনলাম যে কোন দিন কি বিল আসবে, সেটাও তিনি এখানে ঘোষণা করলেন। অথচ ৩০ তারিখেই এই পবিত্র অধিবেশনে মাননীয় অধ্যক্ষ মহোদয় ঘোষণা করেছিলেন কবে বিধানসভা বসবে। আমরা সমন পেয়েছিলাম। কিন্তু আমরা কাগজে পড়ে জানলাম বিধানসভার অধিবেশন ১৩ তারিখে

রাজ্যপালের ভাষণের মধ্য দিয়ে শুরু হচ্ছে। আমি স্যার, মনে করি যে গণতন্ত্রের পীঠস্থান হচ্ছে এই বিধানসভা। এখানে গণতন্ত্রকে রক্ষা করা হচ্ছে বিধানসভার কাজ এবং এখানে কবে বিধানসভা বসবে, সেই ঘোষণা একমাত্র মাননীয় অধ্যক্ষ মহাশয় করতে পারেন। তিনি যা রুলিং দেন, তার বিরুদ্ধে চ্যালেঞ্জ করা যায় না। সুতরাং আমরা এখানে লক্ষ্য করছি যে আজকে সরকার এবং রাজনৈতিক দলের চাপের কাছে নতি স্বীকার করে বিধানসভার যে গণতান্ত্রিক রীতি এবং সংসদীয় রীতিনীতি, সেটাকে আজকে লংঘন করা হচ্ছে। আজকে সেই কারণেই এখানে যে রাজ্যপালের ভাষণের উপর ধন্যবাদ সূচক প্রস্তাব আনা হয়েছে, তার সম্পূর্ণ বিরোধিতা করে আর কয়েকটি বিষয় নিয়ে আমি কথা বলতে চাই। সেটা হচ্ছে এই যে আমরা শুনলাম যে মাননীয় মুখ্যমন্ত্রী মহাকরণে মিটিং করছেন। আর সংবাদপত্রের মাধ্যমে এসে এক একটা পরিকল্পনার কথা ঘোষণা করছেন। খুব ভাল, নতুন সরকার, নতুন উদ্যোগ। তার ঘোষণার মধ্য দিয়ে আমরা দেখতে পাচ্ছি আজকে দার্জিলিং সমস্যা নিয়ে আমরা পাঁচ বছরে যেটা পারিনি, তিনি ১৭ দিনে সমস্যার সমাধান করলেন। দার্জিলিংয়ের সমস্যা নিয়ে বিমল গুরুংয়ের সঙ্গে সরকারের কি চুক্তি হল, সেই চুক্তির কথা আমরা আজও জানতে পারিনি। খবরে প্রকাশ তরাই, ডুয়ার্স অঞ্চলের যে ২৬৫টি এলাকা অন্তর্ভূক্তিকরণ করা হবে তার যে কমিটি, সেই কমিটি কিভাবে হবে ? পাহাড় শান্ত হোক, পশ্চিমবাংলা অখণ্ড থাকুক, তার জন্য পূর্বতন বামফ্রন্ট সরকার পাহাড়ে শান্তি আনবার জন্য বহু রক্তের বিনিময়ে সেখানে পার্বত্য পর্ষদ গঠন করে এবং সেই স্বশাসনকে আরও বেশি গুরুত্ব দিয়ে সেই পাহাড়ে শান্তি ফিরিয়ে আনা হয়। পরবর্তীকালে বিমল গুরুংয়ের নেতৃত্বে আবার পাহাড়কে অশান্ত করা হয়। আমরা লক্ষ্য করেছি নির্বাচনের আগে তাদের সঙ্গে কিভাবে গাঁটছড়া বেঁধে নির্বাচনে লড়াই করেছিলেন এই পাহাড়ে আজকে তাদের সঙ্গে কি চুক্তি, সেই চুক্তি আমরা জানতে পারলাম না। পাহাড়ে শান্তি আসুক, আমরা নিশ্চয় সাধুবাদ জানাই। সেই সঙ্গে মাননীয় শিক্ষামন্ত্রী—তিনি ঘোষণা করে দিলেন—ঘোষণা কি ? যে আজকে কেন্দ্রীয় সরকারের প্রস্তাব অনুসারে পশ্চিমবাংলায় দশম শ্রেণি পর্যন্ত শিক্ষাকে অবৈতনিক করা হবে। আমার মনে হয় তিনি বোধ হয় জানেন না যে ১৯৮০ সালের জানুয়ারিতে পূর্বতন বামফ্রন্ট সরকার দশম শ্রেণি পর্যন্ত শিক্ষাকে যে অবৈতনিক করার কাজটা পূর্বতন সরকার করে গিয়েছেন। তারপরে পরেই দ্বাদশ শ্রেণি পর্যন্ত নিখরচায় শিক্ষাদানের ব্যবস্থা করে গিয়েছে। সুতরাং এই যে একটার পর একটা ঘোষণা এখানে দিচ্ছেন এবং আজকে যে ঘটনাগুলি এই কয়েকদিনের মধ্যে এখানে আমরা দেখতে পেলাম তাতে আমরা মনে করি যে নতুন সরকারের যে শুরুটা সেই শুরুটা ভাল হল না। একটা কথা আছে মর্নিং শোজ দ্য ডে। সকালবেলাটা দেখলে বোঝা যায় সারা দিনটা কিভাবে চলবে। নতুন সরকার আগামী পাঁচ বছর কিভাবে কাজ করবেন সেটা আজকে নতুন হিসাবে আমরা দেখতে পাচ্ছি যে, আজকে বিরোধীদের এখানে কথা বলবার জন্য আপনারা তার কণ্ঠরোধ করবার চেষ্টা করছেন। এখানে পরিষদীয় রীতিনীতি সাংবিধানিকভাবে গণতন্ত্রের যে মর্যাদা সেই মর্যাদাকে আজকে সেখানে ক্ষুন্ন করবার চেষ্টা হচ্ছে। আমি সব শেষে যে কথাটা বলতে চাই সেটা হচ্ছে এই পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার ৩৪ বছর ধরে ছিল। একটা সরকার সাত-সাতবার নির্বাচিত হয়েছে পরপর। এটা পৃথিবীর ইতিহাসে নজির।

কোনো দেশে নেই একটা সরকার ৩৪ বছর ধরে ক্ষমতায় আছে। এই সরকারকে এমনি এমনি বাংলার মানুষ ক্ষমতায় আনেনি। এই সরকার কিছু ভাল কাজ করেছে। এই সরকার কিছু ইতিবাচক পথ দেখিয়েছে। ৭৭ সাল থেকে কিছু নীতি গ্রহণ করেছে। যা সারা ভারতবর্ষকে পথ দেখিয়েছে। আজকে সেখানে ভূমিসংস্কার, পঞ্চায়েতের যে আইনের অধিকার সেই অধিকার সাধারণ মানুষকে পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার দিয়েছে। ফলে সামগ্রিকভাবে পশ্চিমবাংলার যে উন্নয়ন সেই উন্নয়নকে আজকে এগিয়ে নিয়ে গেছে। পশ্চিমবাংলার আইন শৃঙ্খলা আজ নির্বাচনের পরে কি অবস্থা। আমার দক্ষিণ দিনাজপুর জেলা, আমি দায়িত্ব নিয়ে বলছি, হরিরামপুরে মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী তিনি মুখে বলছেন পুলিশ নিরপেক্ষ থাকবেন এবং দলের নেতা কর্মিরা আইন হাতে তুলে নেবেন না। কিন্তু সেখানকার তৃণমূলের দলীয় কর্মীর নেতৃত্বে আজকে C.I.T.U. অফিস ভাঙচুর করছে। হরিরামপুরে U.T.U.C.-র অফিস বেদখল করতে চেষ্টা করছে। সুদেব বর্মনকে সেখানে খুন করল ওই কংগ্রেস আশ্রিত দুষ্কৃতিরা। কিন্তু পুলিশ সেখানে চোখে ঠুলি, কানে তুলো দিয়ে বসে আছেন। আজ পর্যন্ত খুনের কিনারা করতে পারলেন না, এই তো হচ্ছে নতুন সরকারের আইন শৃঙ্খলা। (এই সময় মাইক অফ হয়ে যায়)

[3.10–3.20 p.m.]

শ্রী শেখ পারভেজ রহমান : মাননীয় চেয়ারম্যান মহোদয়, ভারতীয় সংবিধানের ১৭৬ নম্বর অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের পঞ্চদশ বিধানসভার প্রথম অধিবেশনে মহামান্য পশ্চিমবঙ্গের রাজ্যপাল শ্রী এম. কে, নারায়ণ যে ভাষণ দিয়েছেন সেই ভাষণের পক্ষে শ্রদ্ধা জ্ঞাপন করে যে প্রস্তাব এনেছেন সরকার পক্ষের মুখ্য সচেতক মাননীয় শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় মহাশয় তার প্রতি পূর্ণ আস্থা এবং সমর্থন জানিয়ে বিরোধী দলের সদস্যদের এই প্রস্তাবের পক্ষে আনা বিভিন্ন রকম অগঠনমূলক সংশোধনী প্রস্তাবকে খারিজ করার জন্য আপনার কাছে আবেদন জানিয়ে দু একটা কথা বলি। প্রথমেই আমি যে কথাটা বলতে চাই সেটা হল ১৩ই জুন প্রথম অধিবেশনে পশ্চিমবঙ্গের মাননীয় মুখ্যমন্ত্রী তিনি বলেছিলেন, পবিত্র গণতন্ত্রের পীঠস্থান এই জায়গায় বিরোধীরা বিশেষ করে যেন মর্যাদা পায় এবং এখানকার মাননীয় অধ্যক্ষ মহোদয়ের কাছে তিনি অনুরোধ এবং আবেদন রেখেছিলেন তাদেরকে যেন বলার ক্ষেত্রে বেশি সময় দেওয়া হয় সরকার পক্ষের সদস্যদের থেকে। তাই আমার প্রথম দিন থেকে এখানে আসার সৌভাগ্য হয়েছে, নতুনভাবে নির্বাচিত হয়ে মানে নবনির্বাচিত সদস্য হয়ে প্রথম দিন থেকেই সরকার পক্ষ এবং বিরোধীদলের অনেকে আমার সতীর্থদের কথা আমি শুনে আসছি। কিন্তু আমার মনে হয়েছে একটা কথা যে, ৩৪ বছর ধরে আমরা বিরোধী দলের সহকর্মীরা পশ্চিমবাংলার মানুষকে যেরকমভাবে মিথ্যা কথা শুনিয়ে কিংবা দৃষ্টিটাকে অন্যদিকে ঘুরিয়ে কালা, বোবা করে রেখে দিয়েছিলেন, অন্ধ করে রেখে দিয়েছিলেন, আজকের দিনে এই পবিত্র কক্ষে তারা যখন প্রবেশ করছেন, আমার মনে হয়েছে তারা তাদের সেই শ্রবণ শক্তি অর্থাৎ কান এবং দৃষ্টিশক্তি অর্থাৎ চোখ—এই দুটোকে বাড়ির কোনো জায়গায় রেখে এসেছেন। তার কারণ আমাদের সরকার পক্ষ থেকে যারাই বলতে

উঠছে আমাদেরকে ৫ মিনিট, ৭ মিনিট বা ১০ মিনিট সময় দেওয়া হলেও আমরা লক্ষ্য করছি, বিরোধী দলের মাননীয় সদস্য, সদস্যরা যাদের বলতে দেওয়া হচ্ছে অন্তত আমাদের থেকে ১ মিনিট, ২ মিনিট হলেও বেশি বলতে দেওয়ার সুযোগ দেওয়া হচ্ছে। তাই যারা এখানে দাঁড়িয়ে বলছেন—মাননীয়া মুখ্যমন্ত্রী তিনি যে কথা এখানে বলেছিলেন, সেই কথার অনেক দ্বিচারিতা করছেন বা অনেক কথার সঙ্গে কাজের মিল হচ্ছে না। তাই আমি স্মরণ করিয়ে দিতে চাই এই কথা। আর একটি কথা বলি, এখানে অনেকেই বলে গেছেন অনেক কথা, যেমন সংখ্যালঘু সম্প্রদায়ের আমি একজন সদস্য বা একজন মানুষ। অনেক সংখ্যালঘু সম্প্রদায়ের ভাই, আমার সহকর্মীরা বলে গেছেন সংখ্যালঘুদের উন্নয়নের কথা। আমি তৎকালীন সময়ে বামফ্রন্টের একজন বিধায়ক মাননীয় রমজান আলির পুত্র এখানে উপস্থিত আছেন, তার কথা আমি শুনছিলাম, খুব খারাপ লাগল। তিনি অনেক কথা বলছিলেন। খারাপ লাগছে আমার এইজন্য যে, তার পিতা এখানকার সরকারি যে এম.এল.এ. হোস্টেল, সেই হোস্টেলে রহস্যজনকভাবে খুন হয়েছিলেন। কিন্তু সেই খুনের এখনও কোনো বিচার হয়নি বা তার পরিবার বিচার পায়নি। তাই আমার মনে হয়েছে যে, সেই এলাকা থেকে তাকে ভোট দিয়ে জিতিয়েছে বামফ্রন্টের একজন সদস্য থেকে, তার পিতার মৃত্যুর বিচার হয়নি, সেই লোককে সেখানকার মানুষ তাকে ভোট দিয়ে জিতিয়েছে। তিনি যখন এখানে কথা বলবেন একটু বুঝেশুনে কাদের পক্ষে এবং কাদের বিপক্ষে বলা উচিত সেটা যেন স্মরণে রাখেন। আর এক ভাই বললেন—তিনি পাণ্ডুয়া থেকে নির্বাচিত হয়ে এসেছিলেন, তিনি সংখ্যালঘুদের খুন হওয়ার কথা বলেছেন। গত লোকসভা নির্বাচন থেকে পুড়শুরা বিধানসভা পর্যন্ত ৯ জন খুন হয়েছে। তারমধ্যে ৪ জন সংখ্যালঘু, ৩ জন তফশিলি। এই বিষয়গুলোকে নজর দেওয়ার জন্য আমি বিরোধী সদস্যদের অনুরোধ করব, এই বিষয়গুলো দেখে তারা যেন বক্তব্য পেশ করেন। এই কথা বলে সকলকে শ্রদ্ধা জানিয়ে আমার বক্তব্য শেষ করলাম। নমস্কার।

[3.20–3.30 p.m.]

শ্রী আব্দুর রহিম বক্সি : মাননীয় চেয়ারম্যান সাহেব, গত ১৩ই জুন তারিখে মহামান্য রাজ্যপাল যে অভিভাষণ এখানে পাঠ করেছেন, নীতিগতভাবে তার বিরোধিতা করে আমি কিছু কথা আজকের এই পবিত্র হাউসে রাখতে চাইছি। আমরা লক্ষ্য করে দেখেছিলাম নির্বাচনের সময়ে মাননীয়া মুখ্যমন্ত্রী মাইনরিটি সম্পর্কে, সংখ্যালঘুদের সম্পর্কে প্রতিশ্রুতি দিয়েছিলেন। কিন্তু আমরা রাজ্যপালের যে অভিভাষণ, সেই অভিভাষণে মাইনরিটি সম্পর্কে সুস্পষ্ট কিছু লক্ষ্য করতে পারিনি। আমরা কিছুদিন আগে মাননীয়া মুখ্যমন্ত্রীর বিবৃতি পত্রিকায় দেখেছি এবং রাজ্যপালের যে অভিভাষণ, সেখানে আমরা দেখতে পেয়েছি যে, ১০ হাজার মাদ্রাসাকে সরকারি অনুমোদন দেওয়া হবে। আমার প্রশ্ন ১০ হাজার কোন শ্রেণির মাদ্রাসাকে অনুমোদন দেওয়া হবে ? আমরা জানি সংখ্যালঘুরা যে মাদ্রাসায় শিক্ষা পাঠ করেন সেখানে নিজামিয়া মাদ্রাসা, হিপজুল কোরান, মোক্তব, সিনিয়ার মাদ্রাসা গোটা পশ্চিমবঙ্গ জুড়ে এই মাদ্রাসার যদি পরিসংখ্যান করা যায় তার সংখ্যা দাঁড়াবে ২৫-৩০ হাজার। তাহলে ৩০ হাজার

মাদ্রাসার মধ্যে কোন ১০ হাজার মাদ্রাসাকে সরকারি অনুমোদন দেওয়া হবে, এটা কিন্তু পরিষ্কারভাবে এখানে বলা নেই। মোক্তব ও মাদ্রাসা, নিজামিয়া মাদ্রাসা, সিনিয়ার মাদ্রাসা, হাই মাদ্রাসা ও মাদ্রাসা এবং তার সাথে সাথে এটাও ঘোষণা করা হয়েছে সরকারি আর্থিক সাহায্য করা হবে না, সরকারি অনুমোদন দেওয়া হবে। আমরা এটা পরিষ্কারভাবে বুঝতে পারছি না। মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে আমি আবেদন করব একটা শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক থাকছেন, শিক্ষা কর্মী থাকছেন। সেখানে যদি আর্থিক সহযোগিতা করা না যায় তাহলে তার পরিকাঠামো, তার বাড়িঘর, শিক্ষকের বেতন, শিক্ষা কর্মীদের বেতন কিভাবে সেখানে দেওয়া হবে ? আদৌই সেটা দেওয়া হবে না সংখ্যালঘুদের সহানুভূতির জন্য শুধু যেটা নির্বাচনী প্রচারে বলা হয়েছিল, সেই কারণেই ১০ হাজার মাদ্রাসাকে সরকারি স্বীকৃতির কথা বলা হয়েছে—এটা যদি পরিষ্কার করা হয় তাহলে আমাদের পক্ষে সুবিধা হবে। মাননীয়া মুখ্যমন্ত্রীকে বিবৃতি দিতে দেখেছিলাম যে আলিয়া বিশ্ববিদ্যালয়ের সাথে মাদ্রাসা শব্দটা যুক্ত করা হবে। আজকে যে সমস্ত বিশ্ববিদ্যালয়গুলো আছে সেই বিশ্ববিদ্যালয়ের সাথে কি স্কুল শব্দটা যুক্ত করা যাবে ? আমরা এটা পরিষ্কার হতে পারিনি। আজকের দিনে দাঁড়িয়ে স্কুল এবং মাদ্রাসা একই জিনিস। স্কুল যা এবং মাদ্রাসাও তা। ইউনিভার্সিটির সাথে যদি স্কুল যুক্ত করা যায় তাহলে কিন্তু মাদ্রাসা শব্দটা আলিয়া ইউনিভার্সিটির সাথে যুক্ত হয়ে যাবে। বলা হচ্ছে মাইনরিটির লোকেরা পশ্চিমবঙ্গের বুকে সবচাইতে বেশি পিছিয়ে পড়া। মাদ্রাসা শব্দটার জন্য অনেক ছাত্র হীনমন্যতায় ভুগছেন। যদি আজকে আলিয়া বিশ্ববিদ্যালয়ের সাথে মাদ্রাসা শব্দটা যুক্ত করা হয়, অনেক ছাত্র এগিয়ে আসতে পারছে না, আজকে বিশ্ববিদ্যালয় ছেড়ে দেওয়ার কথা ভাবছেন। সেই জায়গায় দাঁড়িয়ে আমরা লক্ষ্য করে দেখেছি মাননীয়া মুখ্যমন্ত্রীকে সাধুবাদ জানাচ্ছি, তিনি সাচার কমিটিকে ডেকেছিলেন পশ্চিমবঙ্গের বুকে। সেখানকার মেম্বার অফ সেক্রেটারি জনাব সরিফ সাহেব, তিনি এখানে এসেছিলেন। তিনি এখানে আসার পরে এখান থেকে ঘুরে যাওয়ার সময় তিনি এখানে বলে গেছেন যে আলিয়া ইউনিভার্সিটির সাথে মাদ্রাসা শব্দটা যোগ করার কোনো যুক্তিকতা থাকতে পারে না। সেটা অনুমোদন করা হবে কি হবে না তা রাজ্যপালের ভাষণে আমরা দেখতে পাইনি। পাশাপাশি আজকে একটা জিনিস জানার আছে বিগত বামফ্রন্ট সরকার মাইনরিটিদের যে ও.বি.সি.-দের ক্রাইটেরিয়া ভিত্তিক সেই সংখ্যার মধ্যে সার্টিফিকেট দেওয়ার কথা বলেছিলেন। কিন্তু আমরা আজকে রাজ্যপালের ভাষণে সেটা দেখতে পারছি না। তাহলে কি তাদেরকে বাদ দেওয়া হয়েছে ? যাদেরকে মাইনরিটি থেকে ও.বি.সি. করেছিল, বামফ্রন্ট সরকার যাদেরকে রিজারভেশনে রেখেছিলেন আজকে কি এই সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রী তাদেরকে ও.বি.সি. থেকে বাদ দিয়েছেন ? এখানে কিন্তু ও.বি.সি.-দের শংসাপত্র দেওয়া হবে এটা কিন্তু এখানে বলা নেই। ফলে এটাকে পরিষ্কার করার জন্য মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আবেদন রাখব।

আমরা দেখেছি বন্যা নিয়ন্ত্রণের ক্ষেত্রে সব চাইতে বড় সমস্যা দেখা দিয়েছে মালদহ জেলার ক্ষেত্রে। সরকারি পক্ষের যে বিধায়ক মাননীয় সমর মুখার্জী সাহেব বলেছেন যে ৭৫ হাজার মানুষ ফুলহর এবং গঙ্গা ভাঙনে বন্যা কবলিত। গঙ্গা ভাঙনের ফলে মালদহ এবং

মুর্শিদাবাদ জেলা যখন প্লাবিত হবে তখন কিন্তু লক্ষ লক্ষ মানুষ গৃহহীন হবে। তার সম্পর্কে কিন্তু রাজ্যপালের ভাষণে কিছু বলা নেই। আমি আবেদন করব বন্যা নিয়ন্ত্রণের জন্য একটা আলোচনা এখানে রাখবেন। আজকে আমরা লক্ষ্য করে দেখছি মাননীয়া মুখ্যমন্ত্রী আর্থিক অবস্থার উন্নতির জন্য আমাদের যিনি দেশের অর্থমন্ত্রী আছেন তাঁর সঙ্গে ঘন ঘন বৈঠক করছেন, যাতে করে পশ্চিমবঙ্গের আর্থিক অবস্থার উন্নয়ন ঘটে। কিন্তু একবারও আমরা লক্ষ্য করে দেখছি না যে অর্থমন্ত্রী ....(এই সময় মাইক অফ হয়ে যায়)

শ্রী সুজিত বসু : মাননীয় চেয়ারম্যান, ভারতীয় সংবিধানের ১৭৬ নং অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবঙ্গের পঞ্চদশ বিধানসভার প্রথম অধিবেশনে পশ্চিমবঙ্গের মাননীয় রাজ্যপাল এম. কে. নারায়ণন ১৩ জুন ২০১১ তারিখে যে ভাষণ প্রদান করেছেন তাকে সম্পূর্ণ সমর্থন জানিয়ে আমি শুধু দু-একটি কথা বলতে চাই, কারণ আমার সময় খুব কম।

বিগত তিন দিন ধরে এখানে আলোচনা চলছে, বিভিন্ন বক্তারা বক্তব্য রাখছেন। বিগত ৩৪ বছর ধরে একটা বাম শাসন এখানে ছিল, সাধারণ মানুষের রায়ে আজকে সেই বাম শাসন পরাজিত হয়েছে। আমি এই বিধানসভায় দ্বিতীয়বারের জন্য এসেছি। একবার উপ নির্বাচনে জিতে এসেছি। অনেক আগেই আমার আসা উচিত ছিল এখানে। কারণ একটু আগেই আমি জানলাম, একজন অনেক পুরনো সদস্য মাননীয় আনিসুর রহমান ২০০১, ২০০৬ সালের নির্বাচনের কথা বলছিলেন। আমি বলি গণতন্ত্রের কথা যদি বলেন আপনারা। গণতন্ত্র হচ্ছে বিরোধীদের বলতে দেওয়ার সুযোগ, যেটা আপনারা এখন চাইছেন এবং আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী প্রথম দিনই বলে দিয়েছেন দরকার হলে বিরোধীদের বেশি বলবার সুযোগ দেবেন। আপনারা গণতন্ত্র, সমাজতন্ত্রের স্লোগান দেন। আমি ১৭ বছর কমিউনিস্ট পার্টি করেছি, ...(নয়েজ)... ছেড়ে দিয়েছি কেন পরে বলছি, শুনুন ধৈর্য্য ধরে। একটা কথা আপনাদের বলতে চাই, গণতন্ত্র এবং সমাজতন্ত্রের কথা মুখে বললে হবে না, বাস্তবে প্রয়োগ করতে জানতে হবে। মুখে গণতন্ত্রের কথা বলব আর নির্বাচনের সময় বহিরাগতদের নিয়ে, পুলিশের সাহায্য নিয়ে ভোট লুঠ করব, দুটো একসঙ্গে হতে পারে না। ২০০১ সালের রেফারেন্স আমি দিচ্ছি। স্টেডিয়াম কান্ডের কথা আপনারা জানেন। তখন যে অবজার্ভার এসেছিল তাকে আমি বলেছিলাম স্টেডিয়ামে বহিরাগতরা ভর্তি হয়ে গেছে, সমস্ত রাজ্যের ক্রিমিনালদের এখানে সংগঠিত করা হয়েছে, যা যাদবপুর স্টেডিয়ামে রাখা হয়েছে, তা সল্টলেক স্টেডিয়ামেও রাখা হয়েছে। নির্বাচনের দিন কিন্তু কোনো কথায় কর্ণপাত করা হয়নি। আপনারা জানেন প্রাক্তন ক্রীড়া মন্ত্রীর সঙ্গে আমার ভোটের ব্যবধান ছিল খুব কম, বারোটার পরে বিধাননগরের সমস্ত বুথ লুঠ হয়ে গেছে। নির্বাচনের পরে ওই স্টেডিয়াম থেকে হুমায়ুন কবীরের নেতৃত্বে থেকে যে সমস্ত ক্রিমিনালদের ধরা হয়েছিল তাদের মধ্যে অন্যতম ছিল পলাশ, যে কিছুদিন আগে মারা গেছে। পলাশ, দিলীপ থেকে শুরু করে বিভিন্ন সমাজবিরোধী, উত্তর ২৪ পরগনার বুল্টন, আর একটা রুমা ঝাওয়ারের অপহরণকারী ছিল এবং যে মিঠুন বলে একটা বাচ্চা ছেলে, তার বাবা দশ লক্ষ টাকা দিতে পারেনি বলে আটকে রেখেছিল সেই গুঞ্জন এবং সেই সমস্ত সমাজবিরোধীরা সেদিন ধরা পড়েছিল। একথাগুলো

একটু জানবেন আপনারা। ...(নয়েজ)... সরকারই ধরেছিল। তারপরের গল্পটা শুনলে আরও ভালো লাগবে। মাননীয় মুখ্যমন্ত্রী জ্যোতি বসু তখন সুভাষবাবুকে বলেছিলেন, সুভাষবাবু বলেছিলেন, আমি তো জিতেছি সমাজবিরোধীদের দ্বারা, তাহলে বুদ্ধবাবু কাদের ভোটে জিতল, কোন সংস্কৃতি প্রেমিক তারা ? এ কথাটা মনে রাখবেন। কোন সমাজ বিরোধীদের ভোটে জিতলেন ? এই কথাটা মনে রাখবেন। তাহলে যিনি বুদ্ধবাবু প্রাক্তন মুখ্যমন্ত্রী তিনিও জিতেছিলেন কিভাবে এবং অন্যান্য যাঁরা মন্ত্রী জিতেছিলেন তাঁরাও জিতেছিলেন কিভাবে আজকে তার প্রমাণ তো, একটু তো শুনতে হবে। অত গায়ে জ্বালা ধরলে কি হবে। গণতন্ত্র, গণতন্ত্র মুখে বলবেন আর প্রকৃত গণতন্ত্র জানবেন না এটা তো হবে না। জানতে হবে শুনুন। আর একটু শুনুন। সিঙ্গুর, নন্দীগ্রাম, নেতাই প্রমাণ করে দিয়েছে। কি প্রমাণ করেছে সিঙ্গুরে ? সিঙ্গুরে প্রমাণ করে দিয়েছে তাপসী মালিকের মতো একটা বাচ্চা মেয়েকে আপনারা হত্যা করে তাকে পুড়িয়ে মেরেছেন ধর্ষণ করবার পরে। প্রথমদিন থেকে আমাদের মুখ্যমন্ত্রী চেয়েছিলেন যে এটা সি.বি.আই. এনকোয়ারি হোক। সি.বি.আই. এনকোয়ারি হবার পরে যাঁরা ধরা পড়লেন তাঁরা আপনাদের দলের নেতা। তাঁরা আপনাদের দলের সম্পদ। নন্দীগ্রামে ১৪ই মার্চ যে ১৪ জনকে আপনারা খুন করলেন। তাতেও তপন ঘোষ এবং শুকুর আলি যারা ধরা পড়েছিল কাঁথি জেলে তাদের নাম বদল করে ভেবেছিলেন পার পেয়ে যাবেন কিন্তু তপন ঘোষ, শুকুর আলিকে মালা পরিয়ে এনেছিলেন দীপক সরকার পশ্চিম মেদিনীপুরের যিনি জেলা সম্পাদক। আজকে গাড়ির কথা বলছেন ? কোন গাড়িটা আপনাদের মন্ত্রীরা চড়ে না ? আপনাদের দীপক সরকার ১৭ লক্ষ টাকা দামের গাড়ি চড়ে। তার নাকি এত ভয় ! বুলেট প্রুফ গাড়ি তাকে চড়তে হয়। সময় সুযোগ কম। আজকে বললাম কম। আজকে শুনতে হবে। ধৈর্য্য ধরুন। আলোচনা করুন। গঠনমূলক আলোচনা করুন। কিছু শুনতে হবে। পাঁচ বছর একটু শুনুন। মুখ্যমন্ত্রী বলেছেন পশ্চিমবঙ্গে শান্তি থাকবে। শান্তি থাকবে। এত বড় জেতবার পরেও কোথাও বিজয় মিছিল হয়নি। এটা মুখ্যমন্ত্রী বলেই সম্ভব এবং মুখ্যমন্ত্রী বলেছেন বলে তার সমস্ত কর্মীরা দায়িত্ব পালন করেছে। (মাইক অফ)।

[3.30–3.40 p.m.]

শ্রী আনিসুর রহমান : স্যার, আমার একটা পয়েন্ট অব অর্ডার, মাননীয় অধ্যক্ষ মহাশয়, সুজিতবাবু যা বললেন তার বক্তব্য নিয়ে আমার কিছু বলার নেই। কিন্তু আমার একটা কথা হল নিয়ম এটা আছে যে এবং গতকালও আলোচনা হয়েছে যারা সভাতে নেই তাদের নাম করা যায় না। এটা নিয়মের কথা, নিয়মটা পাল্টে দিন। আমি আপনার বক্তব্য নিয়ে কিছু বলিনি। যিনি সভাতে নেই তার নাম করা যায় না।

শ্রী গৌরাঙ্গ চ্যাটার্জী : মাননীয় স্পীকার স্যার, মাননীয় রাজ্যপাল মহোদয় যে বক্তব্য রেখেছেন, যে ভাষণ রেখেছেন আমি সেই ভাষণকে সর্বান্তকরণে সমর্থন করতে পারছি না এবং এই প্রশ্নে আমার যে বক্তব্য আমি সেই বক্তব্য আপনাদের কাছে রাখছি। আমি এই বিধানসভার একজন নব নির্বাচিত সদস্য। আমি প্রথমে আমার পক্ষ থেকে আপনাদের

সকলকে নমস্কার এবং অভিবাদন জানাচ্ছি। যে বিষয়টি আমার বলার তার মধ্যে হল, প্রথমেই যে শোক প্রস্তাব আছে তার মধ্যে অনেক কিছু লেখা থাকলেও বিগত কয়েক বছরে জঙ্গলমহলে এবং পশ্চিমবাংলার অন্যান্য জায়গাতে মাওবাদী এবং তাদের সহচরদের দ্বারা নৃশংসভাবে যাঁরা নিহত হয়েছেন যাঁরা খুন হয়েছেন তাঁদের নাম এই প্রস্তাবের মধ্যে সংক্ষিপ্ত আকারে হলেও রাখা উচিত ছিল। আমি মনে করি, আমি যে বিধানসভা কেন্দ্র থেকে নির্বাচিত হয়ে এসেছি সেটা হল পান্ডবেশ্বর বিধানসভা কেন্দ্র এবং ই.সি.এল.-এর যতগুলো কোলিয়ারি পশ্চিমবাংলায় চালু আছে তার মধ্যে ৪০ শতাংশেরও বেশি কয়লা খনি আমাদের এই এলাকাতে—পান্ডবেশ্বর বিধানসভা কেন্দ্রে রয়েছে।

আমাদের এই এলাকাতে আমার পান্ডবেশ্বর বিধানসভা কেন্দ্রে রয়েছে। চিরাচরিত শক্তির অন্যতম ক্ষেত্র হিসাবে কয়লাখনির ক্ষেত্রে ৪০% এরও বেশি কয়লাখনি আমার বিধানসভা কেন্দ্রের মধ্যে রয়েছে। এই কয়লাখনি এখন বি আই এফ আরের মধ্যে রয়েছে। চিরাচরিত শক্তির অন্যতম উৎস হিসাবে কয়লার অবদানকে আমরা কেউই ভুলতে পারি না। কিন্তু এই কয়লাখনিগুলিকে বন্ধ করে দেবার যে চক্রান্ত চলছে এবং বি আই এফ আর থেকে বার করার জন্য রাজ্য সরকারের ভূমিকা নেওয়ার যে কথা আমরা তা এর মধ্যে দেখতে পেলাম না। আমি যে এলাকা থেকে নির্বাচিত হয়ে এসেছি সেই এলাকার যে বার্ণ স্ট্যান্ডার্ড-এর রানীগঞ্জের রিফ্যাক্টরী ডিভিশনে ২৪০২ জন শ্রমিক ছিল। গোটা কারখানাটাই বন্ধ। শ্রমিকরা বেকার। এই কারখানা চালু করার কথা আমি মাননীয় রাজ্যপালের বক্তব্যের কোনো জায়গাতে দেখতে পেলাম না। এম এ এম সি কারখানার ৭০০০ শ্রমিক ছিলেন। ৭০০০ শ্রমিকই বেকার। নানারকম বক্তব্য নির্বাচনের সময়ে শুনেছি। কিন্তু এম এ এম সি কারখানা খোলার ব্যাপারে রাজ্যপালের ভাষণের মধ্যে কোনো বক্তব্য দেখতে পেলাম না। হিন্দুস্থান কেবলস-কে নিয়েও ঠিক একই ধরনের চক্রান্ত চলছে। হিন্দুস্থান কেবলসের ব্যাপারেও আমরা কোনো বক্তব্য রাজ্যপালের ভাষণের মধ্যে দেখতে পেলাম না। আসানসোলের কাঁচ কারখানা সেনরালে অনেক পুরানো কারখানা। এবং আমাদের রাজ্যের গর্ব এটা। (গোলমাল) আমি আর একটি বিষয়ে মাননীয় স্পীকার আপনার মাধ্যমে আমাদের সমস্ত মাননীয় সদস্যদের কাছে তুলে ধরছি যে ই সি এলের আসানসোল দুর্গাপুর শিল্পাঞ্চলের ই সি এলের অবৈজ্ঞানিক কয়লা খনন এবং তার ফলে ১৭১টি মৌজা আজকে ধ্বংসের মুখে। আমাদের জি টি রোড বার্ণপুর কারখানা দুর্গাপুর কারখানার কিছু অংশ, ইণ্ডিয়ান আই ও সি-র পাইপ লাইন এবং ১৭১টির বেশি মৌজা আজকে ধ্বংসের মুখে। এই ১৭১টি মৌজা এবং সেই এলাকার গ্রামগুলিকে কিভাবে বাঁচানো যায় তার কোনো পরিকল্পনার বিষয় মাননীয় রাজ্যপালের ভাষণের মধ্যে দেখতে পেলাম না। ই সি এল ভারত সরকারের যে কোল বিয়ারিং অ্যাক্ট সেই অ্যাক্টের মাধ্যমে মানুষের ইচ্ছার বিরুদ্ধে জোর করে জমি দখল করছে। আমার পাণ্ডবেশ্বর বিধানসভায় ১২০৪.৮৫ হেক্টর জমি অর্থাৎ প্রায় সাড়ে এগারো স্কোয়ার কিলোমিটার এলাকা জুড়ে জোর করে ও সি পি করার চেষ্টা চলছে। আজকে সেখানে ৫০০-৬০০ মহিলা পুলিশ দিয়ে জোর করে মাটি কাটা চলছে। এলাকার মানুষ বাধা দিচ্ছেন। এবং আমরা জানি যে, জোর করে এই জমি দখল যে চলছে, তার কথা আমাদের রাজ্যপালের যে বক্তব্য তার মধ্যে

কোনো কিছু পেলাম না। আসানসোল এলাকায় ভয়ঙ্কর আইন-শৃঙ্খলার অবনতি হয়েছে। এবং এই এলাকাতে দিনদুপুরে প্রোমোটার খুন এবং বিভিন্ন জায়গায় লুঠপাট চলছে। এই বিষয়ে আমি মাননীয়া মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। অসংগঠিত শ্রমিকদের সামাজিক নিরাপত্তা প্রশ্নে বিগত রাজ্য সরকারের যে সমস্ত সুযোগ-সুবিধাগুলি দেওয়া হয়েছিল এবং সেইগুলিকে আরও কিভাবে বর্ধিত করা যায়, এই ব্যাপারে রাজ্যপালের বক্তব্যের মধ্যে খুঁজে পেলাম না। এখানে অনেকেই কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের কথা বললেন। কথায় কথায় ছত্রে ছত্রে রবীন্দ্রনাথ ঠাকুরের কথা শুনতে পাই। কিন্তু মাননীয় রাজ্যপালের বক্তব্যের মধ্যে একটা জায়গাতেও তাঁর কথা লেখা নেই। কোনো জায়গাতে বলা হয়নি। আমরা যে সার্ধশতবর্ষ পালন করব সেই সম্বন্ধে কোনো পরিকল্পনার কথা লেখা নেই। এমনকি আচার্য পি সি রায় তাঁরও জন্ম সার্ধশতবর্ষ সম্বন্ধেও এখানে কোনো কথা লেখা নেই। এখানে স্বামী বিবেকানন্দের ২০১২-১৩ সালে জন্ম সার্ধশতবর্ষ হবে সেই সম্বন্ধেও কোনো বক্তব্য রাজ্যপালের ভাষণের মধ্যে নেই। কবি নজরুলের জন্মস্থান চুরুলিয়া, সেখানে বেআইনী কয়লা খাদান। ব্যক্তিগত কয়লা খাদানের ফলে সেই এলাকার পরিবেশ দারুণভাবে ধ্বংস হচ্ছে। ফলে সেই ধ্বংসের হাত থেকে ওখানকার প্রাকৃতিক পরিবেশকে কিভাবে রক্ষা করা যায় সেই সম্বন্ধে কোনো কিছু রাজ্যপালের বক্তব্যের মধ্যে বলা হয়নি। আমলাতন্ত্রকে নিয়ে, আপনারা বলছেন আমলাতন্ত্রকে নিয়ে সরকারি কর্মসূচি রূপায়ণ করা হবে জনগণের। মা-মাটি-মানুষের সরকারের কথা বলছেন, মা-মাটি-মানুষকে ভুলে গেলেন, ভুলে গিয়ে লিখলেন যে, আমলাতন্ত্রকে সঙ্গে নিয়ে সরকারের কর্মসূচি রূপায়ণ করা হবে এবং এই আমলাতন্ত্র—জেনে রাখবেন যে আগামী দিনে গণতন্ত্রকে ধ্বংসের পথকেই সূচিত করবে। আমার যেটা মনে হয়েছে যে, গণতন্ত্রকে ধ্বংস করার জন্যই এই সমস্ত কথাবার্তা লেখা হয়েছে। আমি আরেকটি বিষয় বলতে চাই। সেটা হচ্ছে, একটা লাইনও খেলাধুলার বিষয়ে বলা নেই। ক্রীড়ামন্ত্রী, রোজ টেলিভিশনে ভাষণ, বক্তব্য এক লাইনও দেখতে পেলাম না, খেলাধুলোর বিষয়ে কোনো কথা। মূল্যমান স্থিতিশীল রাখা হবে, ভাল কথা। মূল্যমান যে বাড়ছে, সেটা কমানোর কোনো কথা এখানে বলা নেই। আরেকটি কথা যেটা ঘন ঘন শুনতে পাই যে, কলকাতাকে নাকি—সামনের বছর তো আমাদের কোর্ট-আলোয়ান গায়ে দিয়ে আসতে হবে, কারণ লণ্ডন হবে। তা লণ্ডনের কোনো কথা রিপোর্টের মধ্যে লেখা নেই, কোনো জায়গাতে রাজ্যপালের ভাষণে দেখতে পেলাম না। আর দার্জিলিং সুইজারল্যাণ্ড হবে। কোনো কথাও তার মধ্যে পেলাম না দেখতে। যাইহোক, আমার যে বক্তব্য ছিল, সেগুলো আমাকে রাখতে দেওয়ার জন্য এবং সরকার পক্ষের মাননীয় যাঁরা রয়েছেন, তাঁরাও রাখতে দিলেন, তার জন্য প্রত্যেককে ধন্যবাদ। কিন্তু আরেকটি কথা বলি। গোটা বর্ধমান শহর জুড়ে একটা ঠাণ্ডা সন্ত্রাস চলছে। মানুষজনকে বেরোতে দেওয়া হচ্ছে না এবং তাদের ওপরে হামলা করা হচ্ছে বিভিন্ন জায়গায়। পার্টি অফিসকে বন্ধ করে দেওয়া হচ্ছে। ...(গোলমাল) এবং এর বিরুদ্ধে যে সন্ত্রাস, এই সন্ত্রাসের বিরুদ্ধে আমি মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে এই বক্তব্য রাখছি, যাতে এই সন্ত্রাস বন্ধ হয়। কারণ, একদিকে বলবেন শান্তির কথা, অন্যদিকে সন্ত্রাস চালাবেন, একদিকে রবীন্দ্র সংগীতের কথা বলা হবে, আরেকদিকে স্বৈরতান্ত্রিক কার্যকলাপ চলবে...

(এই সময় মাইক অফ করে দেওয়া হয়)

[3.40–3.50 p.m.]

মিঃ চেয়ারম্যান : মাননীয় সদস্য, দেখে দেখে না পড়াটাই ভাল।

শ্রী কালীপদ মণ্ডল : মাননীয় চেয়ারম্যান স্যার, পশ্চিমবঙ্গের রাজ্যপাল এম. কে. নারায়ণন ১৩ই জুন যে প্রদত্ত ভাষণ দিয়েছেন, আমি পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য রাখছি। আজকে খুব খারাপ লাগছে এই কারণে আমরা যখন ঐদিকে ছিলাম, ঐদিকের যন্ত্রণা, ব্যথা, কষ্ট আমরা অনুভব করেছি। আপনারা যেমন আজকে অনুভব করছেন। আমার খারাপ লাগছে এই কারণে, আস্তিন গুটিয়ে ওয়েলে নেমে যাঁরা আমার দিকে আক্রমণ করতে যাওয়ার চেষ্টা করতেন, আজকে তাঁরা কোথায় ? এখন কোথায় ? এই কথা ভেবে খুব দুঃখ লাগছে। যাইহোক, আনিসুর সাহেব অনেক কথা বলেছেন—গণতন্ত্র আছে বলেই অ্যাসেম্বলি ভাঙচুর হয়েছে। এই কথা বলেছেন। আমি শুধু এটার ওপরে আপনাকে বলব। গণতন্ত্র আর এই ভাঙচুর। আমার সময় খুব কম। মা যখন নির্যাতিতা, অত্যাচারিতা, নিপীড়িতা হন, সন্তানেরা তখন চুপ করে বসে থাকতে পারে না। এই রকম একটা ঘটনা ঘটেছিল অ্যাসেম্বলিতে। আমাদের নেত্রী মমতা ব্যানার্জী এসেছিলেন। আমরা বিধায়করা আমাদের দলনেতা পার্থ চ্যাটার্জীর নেতৃত্বে এই বিধানসভায় অধ্যক্ষ মহাশয়ের কাছে পয়েন্ট অফ অর্ডার তুলে আমাদের মনোবেদনা জানানোর চেষ্টা করেছিলাম। সেদিন কিন্তু বিরোধী নেতাকে বলতে দেওয়া হয়নি। এতবড় একটা অমানুষিক নির্যাতন, এত বড় একটা অত্যাচার, চুলের মুঠি ধরে সিঙ্গুরের আন্দোলনকে স্তব্ধ করে দেওয়ার জন্য রাস্তায় অ্যাসেম্বলির সামনে তাকে ছেড়ে দেওয়া হয়েছিল তাকে গাড়িতে করে। এই লজ্জাকর ঘটনা ঘটেছিল ঠিক কথা, আপনারা প্রতিহিংসা নিতে কি করেছিলেন ? অ্যাসেম্বলি তিনদিন খুলে রেখেছিলেন জনগণের জন্য। জনগণ কি রায় দিল আপনাদের ? তৃণমূলের ব্যভিচার, তৃণমূলের ভ্রষ্টাচার, তৃণমূলের অত্যাচার ? কি রায় দিল জনগণ ? জনগণ উল্টে আপনাদের প্রত্যাখ্যান করে বুঝিয়ে দিল যে মমতা ব্যানার্জীর নেতৃত্বে তৃণমূল কংগ্রেসের আন্দোলনকে আমরা সমর্থন করি এবং তাঁর নেতৃত্বে সরকার পরিচালিত হোক সেটা চাই। এই রকম একটা গল্প বলি, নির্যাতিতা, নিপীড়িতা মেয়ে, মা বিবেক বিবেক করে সারা গ্রাম ঘুরে বেড়াচ্ছে, খুঁজে পাচ্ছে না। বিবেক এবং তার ভাইকে খুঁজে পাওয়া যাচ্ছে না। বাড়িতে এসে সে তখন তার তিন বন্ধু ছিল সত্য, ধর্ম এবং নীতিশ, তাদের সন্ধান করতে গেল এবং সন্ধান করতে গিয়ে বলল বিবেককে পাওয়া যাচ্ছে না। বিবেকের সন্ধানে তারাও বেরিয়ে পড়ল। কিছুক্ষণ পরে আলো-আঁধারে সেই চারজন ফিরে এল। তার ভাই গণতন্ত্র ফিরে এল না, বিবেকের রক্তাক্ত দেহ। ছিন্ন কাপড়, ছিন্ন বস্ত্র, ছিন্ন প্যান্ট সব কিছু, অবিন্যস্ত কেশ, কাঁদতে কাঁদতে বলল গণতন্ত্রের সলিল সমাধি হয়েছে। কারণ পঞ্চায়েতে দুর্নীতির বিরুদ্ধে, স্বজনপোষণের বিরুদ্ধে, অত্যাচারের বিরুদ্ধে পঞ্চায়েত সংসদে বলতে গিয়ে তার অপমৃত্যু ঘটিয়েছে সি পি এম পরিচালিত পঞ্চায়েত, সি পি এমের গুন্ডাবাহিনী। সেই বীরাঙ্গনা মা তখন কি বলেছিল, বিবেককে জাগ্রত করে গণতন্ত্রকে বাঁচাতে হবে। জেনে রাখুন সেই বীরাঙ্গনা মা হচ্ছেন মমতা ব্যানার্জী। বিবেককে জাগ্রত করে গণতন্ত্র প্রতিষ্ঠা করবার জন্য এবং সত্যের ধ্বজা ধরে ধর্ম স্থাপন করে

নীতি বিবর্জিতা না হয়ে একটি দলকে পরিচালনা করছেন শৃংখল ভাবে। এটা আপনাদের জানতে হবে, এটা আপনাদের বুঝতে হবে। আনিসুরবাবু বলছিলেন বি পি এল তালিকার কথা। আপনাদের কটা কথা বলব, সময়টা আমার কম। বি পি এল-এ ১২টা পয়েন্ট পশ্চিমবাংলাকে দিয়েছিল কেন্দ্রীয় সরকার। এই বাইরে তো কিছু করেনি। পাকা ঘরের মালিকের নাম বি পি এল-এ উঠে গেল, সে ইন্দিরা আবাসন পাচ্ছে, এগুলি কারা করেছিল ? কারা করেছিল ? পঞ্চায়েতে একবার নাম কেটেছেন গরীব মানুষের তৃণমূল করার অপরাধে, পঞ্চায়েত সমিতিতে একবার কেটেছেন, আবার কম্পিউটার সেন্টার থেকে একবার। ৫ বার বি পি এল তালিকা বেরিয়েছে, বারে বারে নাম কমে কমে গেছে, এমন ইতিহাস আছে ? পঞ্চায়েতে বি পি এল তালিকার স্কোর ৩৩, আবার ২৯ এখন বি পি এলের কানেকশান দেওয়া হচ্ছে, এমন কোথাও আছে বি পি এল তালিকা ? আপনারা সংশোধন করতে পারলেন না ? ২০০৬ সাল থেকে বুদ্ধদেব ভট্টাচার্য বলেছেন যে এই বি পি এল তালিকা অসংশোধিত, এই তালিকা সংশোধন করতে হবে। আজ পর্যন্ত গরীব মানুষদের পাশে আপনারা কি দাঁড়াবেন ? ইন্দিরা আবাসন পায়নি গরীব মানুষ। বার্ধক্যভাতা পায়নি, প্রতিবন্ধী ভাতা পায়নি, সেন্ট্রালের টাকা পায়নি আপনাদের কারসাজিতে, বি পি এল তালিকা না হলে তো পাবে না। ২৯টা ৩০ কি কৈফিয়ত দেবেন আপনি, আপনি তো পঞ্চায়েত মন্ত্রী ছিলেন আপনি বলুন। আপনার কিছু বলার থাকলে বলুন ? আমি এখানে হাওড়া জেলার কথা বার বার আপনার দৃষ্টি আকর্ষণ করেছি। আপনি একটার উত্তর দিন, পশ্চিমবাংলায় ২৯, ৩০ কেন দু-রকম বৈষম্যের স্বীকার পশ্চিমবাংলার মানুষ হবে ? আপনি বলতে পারবেন। আজকে কৃষকদের কথা বলছেন, ওই যে কনফেড, বেনফেড নামক সংস্থা এটা ঘুঘুর বাসা, বাস্তুঘুঘুর বাসা। কোটি কোটি টাকা লুঠপাট করছে। কোটি কোটি টাকা লুঠপাট করছে। আপনারা কোনোদিন ব্যবস্থা নিতে পারেননি। আজকে চাষীদের অভাব নিবারণের জন্য যে ন্যায্য মূল্য নির্ধারণ করেছেন। চাষীরা পাচ্ছে ? কারা পাচ্ছে ? যাদেরকে দায়িত্ব দিচ্ছেন, ওই কনফেড, বেনফেড বলুন, তারাই খেয়ে নিচ্ছে। সব দিক থেকে আপনাদের বঞ্চনার স্বীকার হয়েছেন। আজকে শহিদের মায়ের ক্রন্দন এখানে পৌঁছায়নি। এই শহিদের মা কিন্তু জিতে এসেছিল। বুদ্ধদেবের কানে পৌঁছায়নি। আপনাদের অনুকম্পা পায়নি শহিদের মা। আজকে এখানে ফিরোজা বিবি এখানে আছে, জিতে এসেছে জনগণের সমর্থন নিয়ে। আপনারা অনুকম্পা দেখাননি, সহানুভূতি দেখাননি, কোনোরকম স্বাগত জানাননি তার বক্তব্যর সত্যতাকে। একজন সন্তানহারা মায়ের বেদনা শুনতে পাননি। মমতা ব্যানার্জী প্রতিষ্ঠিত করেছেন। দেখে শিখুন না। দেখে শিখুন আপনারা অন্তত পক্ষে। আমি বিনীতভাবে আপনাদের বলব, আপনারা অন্তত দেখে শিক্ষালাভ করার চেষ্টা করুন। মমতা ব্যানার্জীর নেতৃত্বে আজকে যে গঠিত হয়েছে, তারপর সিঙ্গুর আন্দোলন হল, চাষীরা জমি ফেরত পাবে। খুব ভালো কথা। বরাবর তা সমর্থন করে গেলেন কিন্তু 'য পলায়তি স জীবতি'। ঠিক যখন বিলটা পাশ হবে, পালিয়ে গেলেন। কি বার্তা যাচ্ছে আপনাদের, আপনারা যদি ঘুরে দাঁড়াতে চান তাহলে একটু মানুষের বেদনা, মানুষের চিন্তা, মানুষের প্রতি সমবেদনা, অন্তত পক্ষে আপনারা সিমপ্যাথেটিক হোন। আজকে কঙ্কাল পাওয়া যাচ্ছে। একটা বিষয়ে আপনিও দুঃখি আমিও

দুঃখি—আপনাদের এখানে বলি, মানস সেন খুন হয়েছিল। আমার পিছনে দেখবেন শহিদের ছেলে আজকে জিতে এসেছে। আমি আপনাদের বিনীতভাবে বলি, যে আপনারা প্রত্যেকটা জিনিসের একটা বিচার-বিশ্লেষণ করার চেষ্টা করুন। আজকে সিঙ্গুরের চাষীদের জমি ফেরত দেবে, একটা আনন্দের কথা। আপনি বলছিলেন, আপনার দুঃখে আমি সমব্যথী, আপনি বলছিলেন তখনকার দিনে ১০০ টাকার জন্য আমি পরীক্ষা দিতে পারছিলাম না, আমি আমার ভাই এক কুইন্টাল পাট দিয়েছিলাম। আমি আপনাকে বিনীতভাবে বলি যে, তখন আপনার স্ট্যাটাস কোথায় ছিল আর এখন আপনার স্ট্যাটাস কোন জায়গায়। আমি আপনাকে শুধু বলছি না। পরিবর্তনটা মানে কি ? আপনাদের যারা বিড়ি ফুকে চলত, রাস্তাঘাটে ভবঘুরের মতো চলত, ৩৪ বছরে তাদের এখন পাকা অট্টালিকা। এই বাস্তব সত্যকে আজকে অন্তত বোঝবার চেষ্টা করুন। বাস্তব সত্যটা, আপনাকে আমি দেখে বলছি না। আপনার স্ট্যাটাস একই থাকতে পারে, আমি আপনাকে কটাক্ষ করছি না। কিন্তু একটা জিনিস আপনাকে বলতে হবে, আপনি বলছেন বলে বললাম, যে আমি ১০০ টাকার জন্য পরীক্ষা দিতে পারছিলাম না, আপনার স্ট্যাটাস কোন জায়গায় পৌঁছেছে। মাননীয়া মমতা ব্যানার্জী অনেক দিনের মন্ত্রী। যান গিয়ে দেখে আসুন, কালীঘাটে মা দর্শন করে আসুন। তাহলে বুঝতে পারবেন কোন জায়গায়, কোন পার্টি কিভাবে গেছে। আজকে বাস্তব চিত্রটা কি ? যারা ৩৪ বছর আগে ভবঘুরের মতো ছিল আজকে তাদের প্রাসাদোপম বাড়ি। এটা একটু বিশ্লেষণ করুন। পরিশেষে মাননীয় রাজ্যপালের ভাষণকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি। নমস্কার।

[3.50–4.00 p.m.]

CALLING ATTENTION TO MATTER OF URGENT PUBLIC IMPORTANCE

মিঃ স্পীকার : আজকে সকালে ডিপ্রেশানের ফলে একটি ট্রলার ক্যাপসাজড হয়েছে। একজন মৎস্যজীবী মারা গেছেন এবং সেই ব্যাপারে আমাদের এখানে সভায় বিরোধী দলের নেতা এবং অনেকেই উদ্বেগ প্রকাশ করেছিলেন। আমি সেইজন্য মাননীয় পরিষদীয় দলের মন্ত্রীকে বলেছিলাম, এই ব্যাপারে আপনি একটা বিবৃতি দেবেন। উনি এখানে উপস্থিত আছেন। আমি ওনাকে অনুরোধ করব যদি এই ব্যাপারে উনি বিবৃতি দেন।

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই গুরুত্বপূর্ণ বিষয়টি নিয়ে মাননীয়া মুখ্যমন্ত্রী নির্দেশ দিয়েছেন। আমাদের বিপর্যয় মোকাবিলাসহ সিভিল ডিফেন্স ফায়ার যিনি দেখেন, তিনি পূর্ণমন্ত্রী জাভেদ আহমেদ খান। এবং আবু হেনা যিনি আমাদের মৎস্য দপ্তরের মন্ত্রী, তাঁরা যৌথভাবে য়ে রিপোর্ট সংগ্রহ করেছেন, আমি অনুরোধ করব জাভেদ আহমেদ খান মহাশয়কে, তা এই সভায় পেশ করবার জন্য।

শ্রী জাভেদ আহমেদ খান : মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে, মাননীয় রবীন্দ্রনাথ ঘোষ মহাশয় কলিং অ্যাটেনশানের সময় একটি নোটিস দিয়েছিলেন। আমি তার

উত্তরে বিবৃতি দিচ্ছি। আমি আপনাদের কাছে এবং সব মেম্বারের কাছে এই রিপোর্টটা পেশ করছি।

(নয়েজ)

মিঃ স্পীকার : আপনি বসুন মিঃ রহমান, আপনি বসুন, সকালবেলা এই প্রসঙ্গটা উঠেছে, আপনারা অনেকেই উদ্বেগ প্রকাশ করেছেন-সেইজন্য আমি নির্দেশ দিয়েছিলাম। প্লিজ, আপনি ওনাকে বলতে দিন। ওনাকে বলতে দিন, প্লিজ, আপনি ওনাকে বলতে দিন।

(নয়েজ)

শ্রী জাভেদ আহমেদ খান : বিপর্যয় ডিপার্টমেন্ট, আপনারা জানেন, এই সব তো (নয়েজ) স্যার, আপনার মাধ্যমে হাউসে প্রত্যেকটা মেম্বারকে আমি জানাতে চাই, ডিজাস্টার ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট আপনারা জানেন গত ৩৪ বছরে সব ডিপার্টমেন্টের যে হাল হয়েছে এই ডিপার্টমেন্টের হালও সেই অবস্থায় আছে। এখানে ডিজাস্টার হয়—ম্যানেজমেন্টের জন্যে কিছু নেই। কিন্তু আমরা যখনই বিপর্যয় কালকে হয়েছে, তার আগেই আমরা অনেক প্রস্তুতি নিয়েছিলাম, আমাদের মুখ্যমন্ত্রী প্রথম দিন যখন আমরা ফার্স্ট ক্যাবিনেট মিটিং হয় সেদিনই ডিজাস্টার ম্যানেজমেন্টের জন্যে নির্দেশ দিয়েছিলেন যে, তারা সব রকমের প্রিপেয়ার্ডনেস নেবে এবং সেই হিসাবে আমরা জেলায় জেলায় যে ব্যবস্থাটা নিয়েছিলাম, কিন্তু এই ন্যাচারেল ক্যালামিটির এই সময় সব জায়গায় হয়, বঙ্গোপসাগরে ১৫ তারিখে একটা ডিপ্রেশান হয়েছিল, এবং সেটাও আমরা সন্ধ্যেবেলায় খবরটা সব ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট এবং ব্লক পৌঁছিয়ে দিয়েছিলাম এবং সতর্কবার্তাও রেডিও মাধ্যমে এবং তার সঙ্গে টি ভিতেও ঘোষণা করা হয়েছিল। এবং এই যে ১৬ তারিখ সকালে আবার আমরা কিন্তু রিপিট করেছিলাম। কিন্তু তার আগেই ১০ তারিখ থেকে ১৩ তারিখের মধ্যে এই ট্রলারগুলো হাই সি'তে বঙ্গোপসাগরের মধ্যে মৎস্যজীবীরা যারা মাছ ধরতে যান তারা গিয়েছিলেন। এবং তারপরে যখন এই ডিপ্রেশান হয়, এবং তার সঙ্গে এই উইন্ড একটা মারাত্মকভাবে ঝড় আসে সেখানে প্রায় ৫০ খানা ট্রলার আমরা দেখেছি কাকদ্বীপে ওইখানে ট্রলারগুলো এই ঝড়ের মধ্যে পড়ে যায়। এবং তার মধ্যে প্রায় ৩০টা ৩৫টা ট্রলার তারপরে হাই সি'তে কনট্যাক্ট করতে পারি, ফিরে এসেছে এবং এখনও ১৫-২০টা ট্রলার আমাদের কন্ট্যাক্টে নেই। আপনাদের জন্য জানাই যে, আমরা অলরেডি ইন্ডিয়ান নেভিকে তার সঙ্গে কোস্ট গার্ডকে আমরা রিকোয়েস্ট করেছি। ইন্ডিয়ান নেভির একটা জাহাজ পারাদ্বীপ থেকে সে রওনা হয়েছে। ওয়েদারটা খুব খারাপ আছে এখনও কোস্ট গার্ড কিছু করতে পারছে না। কিন্তু কোস্ট গার্ড চেষ্টা করছে হেলিকপ্টারের মাধ্যমে যাতে এই সারভাইলেন্সটা করে রেসকিউ করা যায় তার ব্যবস্থা করছে। তার সঙ্গে পারাদ্বীপ থেকে যে নেভির জাহাজ আসছে, তারা ওখানটায় সেল করেছে, আশা করা যাচ্ছে, আমরা যখনই পাব হাউসকে আমরা জানাব, তার মধ্যে আমরা ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট, আমাদের আধিকারিক তাদের সব জায়গায় পাঠিয়ে দেওয়া হয়েছে এবং আমাদের কাছে খবর আছে, কিছু খাড়ির মধ্যে ওই ট্রলারগুলো আটকে আছে, সেই কারণে আমরা রিকোয়েস্ট করেছি কোস্ট গার্ডকে এবং তার ইন্ডিয়ান নেভিকে তাদের সারভাইলেন্স করতে, খবর নিয়ে তার সঙ্গে যোগাযোগ করে আমাদের খবর পেতে গেলে আমরা আপনাকে এই

হাউসকে জানিয়ে দেব। এর মধ্যে দুটো ট্রলার দীঘাতে তাদের কন্ট্যাক্ট করতে পারছিল না, কিন্তু কালকে একটা আমরা ট্রলারকে কন্ট্যাক্ট করতে পেরেছি, সে ঠিকঠাক আছে, আর একটা ট্রলারের সঙ্গে কন্ট্যাক্ট করা যাচ্ছে না। এর মধ্যে একজন মারা গেছে, গৌতম দাস তার নাম, সে মারা গেছে। সে রাধালক্ষ্মী নামে একটি ট্রলারের একজন মৎস্যজীবী ছিল। সে ট্রলারের যে হুইল ছিল, তাতে ধাক্কা লাগে। সে পড়ে যায়, তাকে সঙ্গে সঙ্গে তোলা হয়েছিল, কিন্তু তারপরে সে মারা যায়। এছাড়া এখনও পর্যন্ত আমাদের কাছে কোনো খবর নেই যে, আর কেউ মারা গেছে। এখনও পর্যন্ত কোনো খবর নেই। এবং আমরা তারসঙ্গে ওইখানে জেলা লেভেলে কন্ট্রোল রুম খুলেছি, এবং আমাদের এইখানে রাইটার্সেও কন্ট্রোল রুম ২৪ ঘণ্টা কাজ করছে। এর আগে ২০ তারিখে একটা চীফ সেক্রেটারী লেবেলে মিটিং হয়েছিল ২০/৪ তারিখে। সেখানে নির্দেশ দেওয়া হয়েছিল, প্রত্যেকটি ডিপার্টমেন্টকে, তার সঙ্গে ডিজাস্টার্স ম্যানেজমেন্ট ছিলেন, এগ্রিকালচার ডিপার্টমেন্ট, ইরিগেশান ডিপার্টমেন্ট, ফুড ডিপার্টমেন্ট তার সঙ্গে ফিশারি সবকে এক করে একটা মিটিং করা হয়েছিল, চীফ সেক্রেটারী মিটিংটা করে একটা প্রিপেয়ার্ডনেস কমিটি করেছিলেন। কিন্তু দুর্ভাগ্যজনক ব্যাপার, যখন আমরা ক্ষমতায় আসি ২০ তারিখে, তারপরে আমি নিজে ভিজিট করেছিলাম কন্ট্রোল রুমে যেটা রাইটার্সে ছিল, সেটা লেখা আছে ২৪×৭ কাজ করবে। কিন্তু সেইখানে গিয়ে দেখা গেল সেটা ১০টা ৫টা কাজ করছে—মানে ১০টা থেকে ৫টা—তাহলে কন্ট্রোল রুমের কোনো গুরুত্ব ছিল না, আমরা সেটা উদ্যোগ নিয়ে ২৪×৭ করেছি। এবং সব ডি এম-দেরকে সব রকম ব্যবস্থা নেওয়ার জন্য নির্দেশও দেওয়া হয়েছে। গতকাল আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী তিনি যখন এই ট্রলারের ব্যাপারে খবর পান তখনই একটা মিটিং উনি ডেকেছিলেন এবং সেখানে চীফ সেক্রেটারী এবং সেক্রেটারী ডিজাস্টার্স ম্যানেজমেন্ট, সেক্রেটারী সিভিল ডিফেন্স, সেক্রেটারী ফিশারিজ সবাই উপস্থিত ছিলেন। এবং একটা কোর কমিটি করা হয়েছে। সেই কোর কমিটি—আজকে থেকে—রোজ সকাল ১১টা থেকে বসবে, সব প্রস্তুতির অবস্থা দেখে যে রকম ব্যবস্থা নেওয়া হয় সেই রকম ব্যবস্থা নেওয়া হবে। এর মধ্যে আমাদের কাছে যেটা খবর এসেছে, আমাদের আধিকারিক যাঁরা আছেন তাঁরা ওই কন্ট্রোল রুম খুলে বসে আছেন এবং তারা যোগাযোগ রাখছেন, ইন্ডিয়ান নেভির সঙ্গে এবং কোস্ট গার্ড-এর সঙ্গে। এবং যে মারা গেছে তাকে ফিশারিজ ডিপার্টমেন্ট এবং ডিজাস্টার্স ম্যানেজমেন্ট যেটা নিয়মমাফিক হয় সেই কমপেনসেসান দেওয়ার ব্যবস্থা সরকার করছেন। এই রিপোর্টটা আপনার কাছে আমি পেশ করছি, এবং আরো যদি আমাদের কাছে ইনফর্মেশান আসে আমি হাউসকে জানাব। ধন্যবাদ।

[4.00–4.10 p.m.]

শ্রী অরুণ মহাপাত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে রাজ্যপালের যে ধন্যবাদসূচক ভাষণ আছে সেই সম্পর্কে কয়েকটি কথা বলতে চাই। যেমন রাজ্যপালের ভাষণে আমাদের দেশের বৃহৎ সেচ সম্পর্কে কোনো কথার উল্লেখ নেই। আমি সভাকে অবহিত করতে চাই, আমাদের পশ্চিম মেদিনীপুর জেলায় সুবর্ণরেখা ব্যারেজ প্রকল্প কেন্দ্রীয় সরকারের অনুমোদন পেয়ে কিছুটা কাজ শুরু হয়েছিল। সেই কাজ যাতে অবিলম্বে শুরু হয়

তার চেষ্টা করা দরকার। এবং ক্ষুদ্র সেচ ডিপার্টমেন্টে অনেকগুলি কাজ মঞ্জুর হয়ে টেন্ডার হয়ে পড়ে আছে। সেই কাজগুলো যাতে তরান্বিত হয় তার ব্যবস্থা নেওয়ার জন্য বিভাগীয় মন্ত্রী মহোদয়কে অনুরোধ করছি। দ্বিতীয় কথা হচ্ছে, রাজ্যপালের যে প্রদত্ত ভাষণ আছে, এই ভাষণে বলা আছে যে আমাদের দেশের আইন-শৃঙ্খলার পরিস্থিতি খুব ভাল এবং ভালোর দিকে চেষ্টা করা হচ্ছে এবং আমাদের রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় তিনি বলেছেন, আমি তাঁকে ধন্যবাদ জানাচ্ছি যে বদল হয়েছে, কিন্তু বদলা নেওয়া হবে না। কিন্তু আমরা দেখতে পাচ্ছি, গ্রামে বদলা চলছে এবং খুব জোরালোভাবে চলছে। আমি অন্য জায়গার কথা ডিটেলসে বলতে পারব না। কিন্তু আমাদের যে দাঁতন কন্সটিটিউয়েন্সি তাতে ১০৬ জন লোক ঘরছাড়া হয়েছেন, তাতে একজন ব্যক্তি আবদুল রহিম, যার বাইপাস সার্জারি হয়েছিল, তার উপরও আক্রমণ হয়েছে। তাঁকে আবার বাইপাস সার্জারি করতে হচ্ছে। তিনি হাসপাতালে ভর্তি আছেন। বাবলু পান্ডা, তাঁর মাথা ফাটিয়ে দেওয়া হয়েছে, তিনি এখনও হাসপাতালে ভর্তি আছেন, এই অবস্থা চলছে। আমি অনুরোধ করব যাতে এই অবস্থাগুলি বন্ধ হয়। দ্বিতীয় কথা, আমাদের এলাকার কিছু হসপিটাল আছে যাদের অবস্থা খুবই খারাপ। আমি এই ব্যাপারে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই হসপিটালগুলো তৈরি হয়। তাদের মধ্যে উল্লেখযোগ্য একটি হসপিটাল হচ্ছে সাউকিয়া প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র। এখন মুখে এক কথা বলা হচ্ছে, কাজে আর একরকম হচ্ছে—এর জন্য রাজ্যপালের এই যে প্রস্তাব এই প্রস্তাবকে আমি বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী শিউলি সাহা : মাননীয় স্পীকার স্যার, আজকের এই মহতী ঐতিহাসিক সভাস্থলে মহামহিম রাজ্যপালের অভিভাষণের উপর ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবে আমাকে বলতে দেওয়ার জন্য আমি কৃতজ্ঞ। মহামহিম রাজ্যপালের অভিভাষণের উপর আমি পূর্ণ সমর্থন জানিয়ে মা-মাটি-মানুষের সরকারের উপর আস্থা ও বিশ্বাস রেখে আমি কিছু কথা বলতে চাই। যখন অবরুদ্ধ ছিল বায়ু, দৈত্য সম পুঞ্জ মেঘ ভার ঘিরেছিল সূর্যের দ্বার, ক্ষীণ আশ্বাসে বেঁচে থাকার তাগিদে যখন বদ্ধ প্রায় আঁখিপাতা, তখন নবীন তরুণ আলোকে উদ্ভাসিত হয়ে জয়ের শংখ বাজিয়ে মুক্তির মন্ত্র নিয়ে নিপীড়িত, নির্যাতিত, অসহায়, বঞ্চিত মানুষের পাশে গিয়ে যিনি জুগিয়ে ছিলেন বেঁচে থাকার ভাষা, তিনি হলেন আজকের মা-মাটি-মানুষের মুখ্যমন্ত্রী বাংলার জননেত্রী মমতা ব্যানার্জী। তাকে আমি এখান থেকে সশ্রদ্ধ প্রণাম জানাতে চাই। দীর্ঘ ৩৪ বছরে বাম অপশাসনের অবসান ঘটিয়ে পূবের আকাশে নব স্বাধীনতার যে নতুন সূর্য উদয় হয়েছে সেখানে কারোর প্ররোচনায় প্ররোচিত না হয়ে বাংলার মানুষ নব আনন্দে জেগেছে। সেখানে প্রতিটি মানুষ আজ সন্ত্রাসমুক্ত, স্বাধীন, তার স্বাধীন রাজত্বে। সিঙ্গুরের যে ঐতিহাসিক বিল মা-মাটি-মানুষের সরকারের পক্ষ থেকে পাশ করানো হয়েছে তাকে আমি অভিনন্দন জানাই, আমি ধন্যবাদ জানাই। আমরা দেখেছি—তুমি যত বড় হও, তুমি মৃত্যুর চেয়ে বড় নও—এই শপথ নিয়ে গোটা বাংলার চাষী সমাজের মুখে হাসি ফোটানোর জন্য ২৬ দিন অনশন করে তিনি দৃষ্টান্ত স্থাপন করেছিলেন। আজকের চাষী সমাজ শুধু বাংলার নয়, গোটা ভারতবর্ষের চাষীরা আজকে বেঁচে থাকার নতুন উন্মাদনা পাচ্ছে।

তাই এই সিঙ্গুর বিলকে আমি অভিনন্দন জানাই। আমি মনে করি, আজকের প্রশাসন দক্ষ এবং নিরপেক্ষতার পরিচয় দেবে এবং দিচ্ছে। আমি বিরোধীদের উদ্দেশ্যে বলতে চাই, আজকে যদি ২২৭ আপনারা হতেন, আমরা যদি বিরোধী মঞ্চে বসতাম তাহলে আজকে কি নতুন করে সিঙ্গুর হত না, নতুন করে নন্দীগ্রাম হত না, নতুন করে চমকাইতলা হত না, গড়বেতা হত না, শাসন হত না, মঙ্গলকোট হত না, কেতুগ্রাম হত না, সাঁইবাড়ি হত না, বিজন সেতু হত না, রাইটার্স বিল্ডিং অভিযান হত না ? আমি বলতে চাই, আমাদের নেত্রী তিনি গণনার আগেই তিনি বলেছিলেন—বিজয় মিছিল হবে না—তোমার আনন্দ অন্যকে যেন আঘাত না করে। আমরা তার বীর সৈনিক। আমরা তা অক্ষরে অক্ষরে পালন করেছি। আমাদের ২২৭টি বিধানসভার প্রত্যেকটি জায়গায় আমরা নিরপেক্ষতার সঙ্গে কাজ করেছি। প্রশাসনও নিরপেক্ষতার সঙ্গে কাজ করছে। দিদি ডি এম, এস পি-কে ডেকে ইতিমধ্যেই নির্দেশ দিয়েছেন—কোনোরকম দল না দেখে আপনারা নিরপেক্ষতার সঙ্গে কাজ করুন। আমরা আমাদের বিধানসভাতে তা প্রত্যক্ষ করছি। আমরা গর্বিত এই সরকারের জন্য। আমি বলতে চাই, দার্জিলিংয়ের পাহাড়ে যেখানে অনবরত রক্তক্ষয় ঘটত, স্নেহ ভালবাসা দিয়ে আলাপ-আলোচনার মধ্য দিয়ে, শান্তি স্থাপনের মধ্য দিয়ে এগিয়ে চলেছে পাহাড়ের সমস্যা মেটাতে। আমি হলদিয়া বিধানসভার নির্বাচিত প্রতিনিধি। শেঠ রাজত্বের অবসান ঘটিয়ে—স্বাধীনতার আগে ছিল জগৎ শেঠ, আর স্বাধীনতার পরে বিশ্বাসঘাতক লক্ষ্মণ শেঠ—সেই শেঠ জমানার অবসান ঘটিয়ে আমি এখানে এসেছি মা-মাটি-মানুষের আশীর্বাদ নিয়ে। সেখানে পৌর এলাকা আপনাদের বিরোধী দলের ছিল। সেই পৌর এলাকার অনেক জায়গায় এখনও পর্যন্ত বিদ্যুৎ ঢোকেনি, পানীয় জল নেই, শিক্ষার কোনো ব্যবস্থা নেই, নেই সেখানে স্বাস্থ্যের পরিষেবা। বামফ্রন্ট সরকার তার স্বৈরতান্ত্রিক চাবুকে ক্ষত-বিক্ষত করেছে বাংলার মাকে। বাংলা মায়ের উপরে চাপিয়ে দিয়েছে দু লক্ষ কোটি টাকার উপরে ঋণ। বঙ্গমাতা আজকে আর্তনাদ করে কাঁদছে এক কোটি বেকারের জ্বালা নিয়ে। ৩৪টা বছর ধরে আপনারা এই রাজ্যে কি করেছেন ? বর্তমানে যিনি বিরোধী দলনেতা, যিনি পূর্বতন স্বাস্থ্যমন্ত্রী ছিলেন, তারই সামনে তার দলের সদস্য যখন ওই বেঞ্চে দাঁড়িয়ে দুদিন আগে স্বাস্থ্যকেন্দ্রের বেহাল অবস্থা সম্বন্ধে বলছিলেন, তখন আমার হাসি লাগছিল। পূর্বতন স্বাস্থ্যমন্ত্রীর সামনে দাঁড়িয়ে তাদেরই দলের সদস্য এই অভিযোগ করছিলেন। আমি নন্দীগ্রামের মেয়ে। মা-মাটি-মানুষের সরকারের পক্ষ থেকে রাজনৈতিক বন্দীদের মুক্ত করার জন্য যে উদ্যোগ নেওয়া হয়েছে আমি তাকে অভিনন্দন জানাই। আমি সেখানে প্রত্যক্ষ করেছি, কত অসহায় মানুষ, যারা কিছুই জানে না, তাদের অনুগত না হওয়ার জন্য তাদের বিরুদ্ধে মিথ্যা কেস দিয়ে তাদের ফাঁসানো হয়েছে। এই ব্যাপারে পদক্ষেপ নেওয়ার জন্য আমি ধন্যবাদ জানাই এই সরকারকে। আমি তপশিলি জাতিভুক্ত একজন মহিলা, আমি মনে করি এই সরকার তপশিলি-জাতি-উপজাতি এবং সংখ্যালঘুদের জন্য যে পদক্ষেপ নিয়েছেন তাতে আগামী দিনে এদেরকে সঠিক জায়গায় পৌঁছে দেবে। আমি আদিবাসী সম্প্রদায়ের এক সদস্যাকে বলতে চাই, যিনি দুদিন আগে বক্তব্য রাখতে গিয়ে অনেক কিছু বলেছিলেন, আমি তাকে প্রশ্ন করতে চাই, জঙ্গলমহলে এখনও কেন মানুষ পাতা সেদ্ধ করে, পিঁপড়ের ডিম খেয়ে, জঙ্গলের কাঠ কেটে ক্ষুধা নিবারণ

করে। ওনারা যদি এতই উন্নয়ন করে থাকেন তাহলে ওখানকার মানুষের অবস্থা এই রকম কেন। (এই সময় মাইক বন্ধ হয়ে যায়)

[4.10–4.20 p.m.]

শ্রী নারায়ণ মুখোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় রাজ্যপালের ভাষণের উপরে যে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব এসেছে তাকে আমি সমর্থন করতে পারছি না। কারণ রাজ্যপালের ভাষণের মধ্যে যে কথাগুলো বলা হয়েছে তার সঙ্গে আমরা একমত হতে পারছি না। (নয়েজ) আমরা যা বলব, সেই কথাগুলো আপনাদের পছন্দ নাও হতে পারে, আবার আপনারা যা বলবেন সেগুলো আমাদেরও পছন্দ নাও হতে পারে। যেমন রাজ্যপালের ভাষণের তিন নম্বর অনুচ্ছেদে বলা হয়েছে, অনেক বছরের মধ্যে এই প্রথম ভোট গ্রহণ ও ফলাফলের ব্যাপারে কারচুপির কোনো অভিযোগ পাওয়া যায়নি। এটা ঠিক নয়, ২০০৬ সালে নির্বাচন হয়েছিল, সেখানেও কারচুপির কোনো অভিযোগ পাওয়া যায়নি। ২০০৮ সালে যে নির্বাচন হয়েছিল সেখানেও কারচুপির কোনো অভিযোগ পাওয়া যায়নি। এবারেও আমরা কারচুপির কোনো অভিযোগ করিনি। একথা বলা ঠিক হয়নি। আর সবচেয়ে বড় ব্যাপার হচ্ছে, মহামান্য রাজ্যপাল কয়েক মাস আগে এই সভায় দাঁড়িয়ে তদানীন্তন সরকারের সাফল্যের যে চিত্রগুলো তুলে ধরেছিলেন, কয়েক মাস পরে তা নিষ্প্রভ হয়ে গেল, সব অসত্য হয়ে গেল। এতে বিস্ময়ের কিছু নেই, এতে অবাক হওয়ার কিছু নেই। কারণ রাজ্যপালকে ভাষণ সরকার লিখে দেন, আর মহামান্য রাজ্যপাল সেটা পাঠ করেন। উনি ইচ্ছা করলেই হস্তক্ষেপ করতে পারেন। সাধারণত করেন না। এতে কিছু ব্যাপার নেই, এটা হচ্ছে প্রথম কথা। সুতরাং, এইজন্যই বলছি, যে লেখা আছে মা-মাটি-মানুষের সরকারের গড়ার পক্ষে। আরে মা-মাটি-মানুষের সরকার তো একটা নির্দিষ্ট রাজনৈতিক দলের স্লোগান। এমনকি ওদের জোট সরকারের জোট সঙ্গী যারা, তাদেরও স্লোগান না। তারাও কখনও বক্তৃতায় বলেছে আমি শুনেছি। এটা আনা ঠিক হয়নি। ...(নয়েজ)... আপনারা মা-মাটি-মানুষের সরকার বলুন আপত্তি নেই। ভালো কথা, কিন্তু সরকারটা যে পশ্চিমবঙ্গ রাজ্য সরকার। সরকারটা পশ্চিমবঙ্গ রাজ্য সরকার এটা মনে রাখতে হবে। আমরা তো বামফ্রন্ট সরকার বলিনি। বামফ্রন্ট সরকার বক্তৃতায় বলতাম। রাজ্যপালের ভাষণে কখনও বামফ্রন্ট সরকার ছিল না। কখনোই ছিল না। পশ্চিমবঙ্গ রাজ্য সরকার। মাই গভর্নমেন্ট, মাই গভর্নমেন্ট যদি বলতেন। এরকম বলতেন না। দ্বিতীয় কথা বলা হয়েছে যে একমাত্র এই সরকার গণতন্ত্র সম্প্রসারিত করবেন। গণতন্ত্র বলতে কিছু ছিল না, ইত্যাদি। উন্নয়ন কিছু হয়নি। ৩৪ বছরে কিছুই হয়নি। একটু মনে করিয়ে দিই, আপনারা বয়স্ক অনেকে আছেন, পুরনো সদস্য আছেন আমি চিনি। আমিও এই সভায় অনেকদিন আছি, জটু দা আছেন। ৩৪ বছর আগে এই সরকার যখন হয়েছিল তখন পশ্চিমবঙ্গের অবস্থাটা কি ছিল একটু মনে করুন ...(নয়েজ)... কি ছিল ? গণতন্ত্রের কি অবস্থা ছিল ? কোনো গণতান্ত্রিক সংস্থা নির্বাচিত হত ? এই তো অজয়বাবু পাশে বসেছিলেন, পুরসভার ১৪ বছর নির্বাচন হয়নি। আইনে ছিল তখনকার দিনে ৪ বছর, এখন ৫ বছর হয়েছে। পঞ্চায়েত ১৩ বছর নির্বাচন হয়নি। স্কুলের

ম্যানেজিং কমিটির নির্বাচন হত না। আইন ছিল। সিনেট, সিন্ডিকেটের নির্বাচন হত না। ...(নয়েজ)... হই, হই করবেন না, আপনার পছন্দমতো কথা আমাকে বলতে হবে ? তা নাহলে বলতে দেবেন না। তাহলে তো বসে থাকতে হয় চুপ করে। এটা হয় না, আমরাও পারি না, আপনারাও পারেন না। আমি যেটা বলছি সত্যি কিনা তাই দেখতে হবে। এ হয়নি, এবং ৩৪ বছর আগে বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হওয়ার পরে এই পঞ্চায়েত নির্বাচন আবার শুরু হল আইন সংশোধন করে। পুরসভার আইন সংশোধন করে আবার নির্বাচনের ব্যবস্থা করা হল এবং তারপর থেকে প্রতি ৫ বছর অন্তর ৩৪ বছরের মধ্যে প্রতি ৫ বছর অন্তর এই পুরসভা, পঞ্চায়েত-এ নির্বাচন হয়ে আসছে এবং জনসাধারণের হাতে ক্ষমতা দেওয়া হয়েছে পুরসভায় কি উন্নয়ন হত তা আমরা জানি। আমি একটানা ৪৭ বছর কাউন্সিলার ছিলাম। আমি, আমি বলছি ১ তারিখে, একমাসের মধ্যেও আমরা পুরসভার মধ্যে যেতে পারতাম না। কেন ? কর্মচারীরা মাইনে পেতেন না। আর নাগরিকরা জানত এখানে কিছু হয় না। বলে কি লাভ ? একটা ইটের রাস্তাও হয় না তো পাকা রাস্তা। ....(নয়েজ).... শুনুন, শুনুন পূর্বতন সরকার পুরসভার আইন সংশোধন করে ক্ষমতা দিয়ে কর্মচারীদের বেতনের ব্যবস্থা করে, পেনশনেরও ব্যবস্থা করে। ...(নয়েজ)... কর্মচারীরা পেনশনও পান। পঞ্চায়েতেও ঠিক তাই, কাদের হাতে ক্ষমতা ? আজকে আপনি পঞ্চায়েতের কথা বলছেন। পঞ্চায়েতের ক্ষমতার ব্যবস্থা কে করেছিল ? পূর্বতন বামফ্রন্ট সরকার। তারা এই আইন সংশোধন করে প্রকৃত মানুষের হাতে ক্ষমতা, জনগণের হাতে ক্ষমতা তারাই দিয়েছিল। হতে পারে কোথাও দেখা যাচ্ছে যে বামফ্রন্ট নেই। কোথাও আপনারা আছেন, কোথাও অন্যরা আছে। কিন্তু এটা প্রতিষ্ঠা করার মূলে ছিল কিন্তু বামফ্রন্ট সরকার। একটা কথা মনে রাখতে হবে, একটা কথা মনে রাখতে হবে সরকার তার সুনির্দিষ্ট কর্মসূচি অনুযায়ী কিছু উন্নয়ন ঘটান। একটা সরকার, ...(নয়েজ)... ভুল বলি, ঠিক বলি শুনে নিন আমি যা বলছি ঠিক কিনা। একটা সরকার উন্নয়নের ধারা অব্যাহত রেখে, উন্নয়ন অব্যাহত সরকারি কর্মসূচি অনুযায়ী কাজ করেন। ...(নয়েজ)... আমরাও কিছু কাজ করে গেছি। অনেকটা পরিকাঠামো তৈরি করে গেছি, পরিষেবামূলক পরিকাঠামো তৈরি করে গেছি। আপনারাও কিছু করবেন। আপনারা থাকবেন না, আর একটা সরকার আসবে সেও কিছু করবে। এইভাবে উন্নয়নের ধারা অব্যাহত থাকে। তার ভেতরেই আলোচনা-সমালোচনা ইত্যাদি হয়। শুধু এই করলে হবে কেন ? ৩৪ বছরে কিছু হয়নি বললে হবে কেন ? আমি বহুকাল শিক্ষকতা করেছি, ৩৬ বছর শিক্ষকতা করেছি। ৫ মাসের বেতন পাইনি মাধ্যমিক স্কুলে। শিক্ষকরা ৫ মাস ৬ মাস মাইনে পেতেন না। শুনে রাখুন শিক্ষার পরিকাঠামো বলতে ছিল নাকি কিছু ? বেতন বলতে কিছু ছিল না। ৫ মাস ৬ মাস অন্তর বেতন পেতাম। যা টাকা দিত, ভাগ করতাম। ছাত্রদের কাছে নাম ডাকতাম, বলতাম টাকা এনেছিস ? বেতনটা এনেছিস ? লজ্জা লাগত। ও টাকা দেবে, তবে তো আমি পাব। এই সরকার ৩৪ বছর আগে বামফ্রন্ট সরকার গঠন করে শিক্ষকদের বেতন কাঠামো, বেতন কমিশনের সুপারিশ মানা, শিক্ষকদের মাসে মাসে বেতন দেওয়া, পেনশনের ব্যবস্থা করা, এখানে আপনারা অনেকেই শিক্ষক আছেন—এটা কি আগে ছিল ? ...(গোলমাল)... মিথ্যা কথা বলছি, স্বাস্থ্য পরিকাঠামো কি ছিল ? আপনারা জানেন না।

[4.20–4.30 p.m.]

মিঃ স্পীকার : মাননীয় সদস্য, দয়া করে শেষ করুন।

শ্রী নারায়ণ মুখার্জী : পশ্চিমবঙ্গ ছাড়া কোথাও বিনামূল্যে চিকিৎসার ব্যবস্থা নেই, কয়েকটি রাজ্য ছাড়া। রাজ্য হাসপাতাল, জেলা হাসপাতাল, মহকুমা হাসপাতাল, প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র, এই যে স্তর যদিও উল্লেখটা এখানে বিশেষ জরুরি নয়। ....(গোলমাল).... বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হওয়ার পর ....(গোলমাল)....

মিঃ স্পীকার : আপনার সময় শেষ হয়ে গেছে।

শ্রী নারায়ণ মুখার্জী : স্যার, এক মিনিট, হয়ে গেছে—এই কথা বলছেন উন্নতির, যে পরিকাঠামোগত বৈষম্যমূলক অনেক কাজ হয়েছে, এই হয়েছে বলেই আজকে আমরা এখানে এসেছি, আপনারা বলতে পারছেন, আজকে যাঁরা বলছেন আগামী দিনে দেখা যাবে আপনারা নেই। সুতরাং এই জন্যই রাজ্যপালের ভাষণকে সমর্থন করতে পারছি না, এতে অসত্য কথা আছে....(এই সময় মাইক অফ হয়ে যায়)

শ্রী গোলাম রাববনী :

Hon'ble Speaker Sir. Respected members,

Newly formed ہونے کے بعد welcome کرتے ہوئے Address یہ گورنر نے
newly elected ہیں۔ Support کرتے ہوئے کچھ باتیں رکھنا چاہتا ہوں۔
ممبر کی تعداد پر کہ بدھان سبھا میں ہے۔ اس سب ڈویژن میں پانچ بدھان سبھا میں جو
State Rehabilitation Commission کے تحت بہار سے بنگال میں ۱۹۵۷ کو
ہوا۔ بہار سے بنگال میں آنے کا مزدور کو اور لوگ - بہت ہی اچھا لگ رہا تھا کہ
بہار سے بنگال میں آنے کے بعد اور بنگالی ہونے کا فخر بھی محسوس کرتے تھے لیکن یہ
پچھلے سال حکومت اس نئے بلاک کے بارے میں کیا کیا اس طرح سے سروے کیا کہ اس کی
ایک رپورٹ ہمارے پاس ہے۔ یہ UNDP کی رپورٹ ہے۔

Human development Report (2005) has ranked all the 341 Blocks in West Bengal taking into account the various developmental Criteria. According to this ranking condition of the 7 lowest blocks in the State is worse than that of even poorest Sub-Sahara Countries.

Africa or Kalahandi in Orissa. Among the lowest 7 blocks, Goalpokhar I, Goalpokhar in North Dinajpur is the worst and it a minorities dominated block from where I have been elected.

آج اس بلاک میں علاقہ کا Seperated ہونے کا یہی Condition ہے
صرف یہ لنگویج جو ہے یہاں گورنر کے address میں ایک پوئنگ
note down کیا گیا ہے Page No. 9 میں linguistic Minority
بول کر کے - ہم یہاں Leader of opposition ہمارے ڈاکٹر صاحب سے
پوچھنا چاہتے ہیں کہ جب 1997 میں SSC گٹھن ہوا تو اس وقت Rule-5
کوڈ کیا گیا - Rule-5 کا explanation ہوتا ہے اور G.O.No.S376
explanation ہوتا ہے کہ وہ علاقہ تین لنگویج کا تھا - بنگالی اردو اور ہندی
لیکن افسوس کے ساتھ کہنا پڑ رہا ہے کہ ہر state میں State
لنگویج کو Compulsory کیا جاتا ہے - لیکن ہمارے ویسٹ بنگال ہے
جہاں بنگالی کو کسی بھی غیر بنگالی کے لئے اسپیکٹ لنگویج Compulsory
کے طور پر impose نہیں کیا گیا ہے - لیکن جب Competitive exam. ہوتے
ہیں تو ..... میں پوچھنا چاہتا ہوں ڈاکٹر صاحب سے کہ ان کی First
language شاید بنگالی ہے ان کا Second language کیا ہونا چاہئے - یقیناً
English - میں غلام ربانی ہوں میری First language اردو ہے لیکن
Second language ہمارے لئے کیا ہونا چاہئے — انگلش - Via-Versa ہے
لیکن جب Rule-5 quote کیا جاتا ہے جب Competitive exam. ہوتا ہے
جب ربانی کوئی Form بھرنے جاتا ہے تو اس وقت اس سے demand
کیا جاتا ہے کہ تمہاری لنگویج — Second Language اگر بنگالی ہے اور Third
اگر ہے "Than you will be applicable" - اس طرح کے ظلم ایک لنگویج پر
۳۴ برسوں تک ڈھاتے رہے - لیکن ۳۴ سال گورنمنٹ کان میں روئی دیئے
سوئے رہا - آج تک اس Problem کا حل نہیں کیا، اس کا نتیجہ یہ ہوا کہ



[4.30–4.40 p.m.]

শ্রী খগেন্দ্রনাথ সিনহা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিধানসভায় গত ১৩ই জুন মহামান্য রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন, তার উপর মাননীয় সদস্য যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব এনেছেন সেই সম্পর্কে আমি কিছু বলতে চাই। আমি প্রথমে যে কথাটা বলব সেটা হল রাজ্যপালের ভাষণে পুরোটাতে, বিগত বামফ্রন্ট কিছু করেনি সেটা প্রতিভাত হয়েছে। এটা যে

ঠিক নয় তার জন্য আমি কয়েকটি কথা আপনাদের সামনে তুলে ধরব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই যে পঞ্চায়েত ব্যবস্থা নিয়ে কথা বলছি, বামফ্রন্ট সরকার ১৯৭৭ সালে সরকারে আসার পর পঞ্চায়েত ব্যবস্থা কায়েম করবার জন্য পঞ্চায়েত আইন সংশোধন করে পঞ্চায়েত নির্বাচনের ব্যবস্থা করেছিল। তার উদ্দেশ্যটা কি ছিল ? আগেও পঞ্চায়েত ছিল। দীর্ঘদিন ধরে পঞ্চায়েতে নির্বাচন হত না এবং মনোনীত হতেন পঞ্চায়েত সদস্য। গ্রামের যারা মাতব্বর মানুষ তাদেরকে কংগ্রেসের নেতারা মনোনীত করতেন গ্রাম পঞ্চায়েতের মেম্বার হিসাবে। কখনও ইলেকশান হত না। বামফ্রন্ট প্রথম বললেন যে নির্বাচনের মধ্য দিয়ে আমরা গ্রামের পঞ্চায়েত ব্যবস্থাকে কায়েম করব এবং পরবর্তীতে যারা অনুন্নত সম্প্রদায়ের মানুষ—সিডিউল কাস্ট / সিডিউল ট্রাইব—এমন কি মহিলারা পর্যন্ত যাতে পঞ্চায়েতের সঙ্গে যুক্ত হতে পারেন তার ব্যবস্থা করলেন এবং শেষের দিকে এই সপ্তম বামফ্রন্ট এই সিদ্ধান্ত গ্রহণ করেছেন যে পঞ্চায়েতে ৫০% মহিলাকে নির্বাচিত করতে হবে, পঞ্চায়েত ব্যবস্থার মধ্যে আনতে হবে। বামফ্রন্টের উন্নয়নের অভিমুখ কী ছিল ? বামফ্রন্টের পশ্চিমবাংলার উন্নয়নের অভিমুখটি ছিল এই, যে আমরা গ্রামের গরীব মানুষকে, গ্রামের খেত-মজুর মানুষকে আমাদের সরকারের কাজের সঙ্গে যুক্ত করতে না পারি, মহিলাদেরকে সরকারের কাজের সঙ্গে যদি যুক্ত করতে না পারি তাহলে এই বিধানসভায় বসে বড় বড় কথা বললে তো হবে না। গ্রামের মানুষ কী ভাবছে, গ্রামের মানুষের জন্য আমরা কী করছি, এটা করে দেখাতে হবে। সেইজন্য আমরা চাইছিলাম গ্রামের মানুষকে সরকারের কাজের সঙ্গে যুক্ত করতে হবে। এই পরিকল্পনা আমরা করেছিলাম। কিন্তু আপনারা সেদিন বিরোধিতা করেছিলেন। আপনারা কোর্টে গিয়েছিলেন। পঞ্চায়েত নির্বাচন যাতে না হয় তার জন্য আপনারা কোর্টে গিয়েছিলেন। তাহলে গণতন্ত্রের কথা আপনারা মুখে বলেন অথচ গণতান্ত্রিক ব্যবস্থার বিরোধিতা করেন। কখনও গণতন্ত্রকে আপনারা মান্যতা করেন না। এখনও দেন না। আপনাদের মুখে অন্তত গণতন্ত্রের বুলি আওড়ানো শোভা পায় না। তাই যদি হত এই যে আপনারা রাজ্যপালকে দিয়ে যে ভাষণ পড়িয়েছেন, যাঁরা দুষ্কৃতীদের হাতে খুন হয়েছেন তাঁদের জন্য শোকজ্ঞাপন করেছেন রাজ্যপাল। কিন্তু যাঁরা বামপন্থী কর্মী খুন হয়েছেন তাঁদেরকে বাদ দিয়েছেন। এটা কি গণতন্ত্র ? আপনারা রাজ্যপালকে দিয়ে যে ভাষণ পাঠ করিয়েছেন, এর নাম কি গণতন্ত্র ? কাজেই আপনারা কখনই গণতন্ত্রের কথা বলবেন না। এই পঞ্চায়েত ব্যবস্থার মধ্যে দিয়ে যে গর্ব করি বামফ্রন্ট, যে পঞ্চায়েত ব্যবস্থার মধ্যে দিয়ে গ্রামীণ অর্থনীতিতে গতি আনা গেছে, আজকে গ্রামে যান, গ্রামের মানুষের যে আর্থিক উন্নতিটা ঘটেছে সেটা আপনারা করতে পারেননি। শুধু তাই নয়, আপনারা গ্রামের মানুষকে চিরদিন মূর্খ করে রাখার জন্য গ্রামগুলোতে স্কুল ছিল না। আমি নিজের কথা বলছি। আমায় ২৫ মাইল দূরে সাইকেল নিয়ে স্কুল করতে হয়েছে। আর আজকে যান গ্রামে গ্রামে, হাইস্কুল হয়েছে, উচ্চমাধ্যমিক স্কুল হয়েছে। কে করেছে এগুলো ? বামফ্রন্ট করেছে। আপনারা করেননি। আর বলছেন ৩৪ বছর ধরে বামফ্রন্ট কিছুই করেনি ? দেখে আসুন গ্রামে গ্রামে গিয়ে, হাইস্কুল হয়েছে, উচ্চমাধ্যমিক স্কুল হয়েছে। আজকে গ্রামের ছেলেমেয়েদের দেখে আসুন ছাত্র সংখ্যা বেড়েছে। শুধু তাই নয়, মহিলারাও গ্রামের স্কুলে যেত না। আজকে যান, ৫০% মহিলা ছাত্রী আছে। এই ক্ষেত্রে অগ্রগতি ঘটিয়েছে বামফ্রন্ট। আর

আমরা কিছুই নাকি করিনি ? মাননীয় অধ্যক্ষ মহোদয় আমি খুব দুঃখের সঙ্গে জানাচ্ছি যে মহামান্য রাজ্যপালের এই ভাষণকে সমর্থন করতে পারছি না। ধন্যবাদ।

শ্রী রাজীব বন্দ্যোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহোদয় এবং উপস্থিত সম্মানীয় সদস্য ও সদস্যাগণ ১৩ জুন মহামান্য রাজ্যপাল মহোদয় যে বক্তব্য পেশ করেছেন আমি তাকে পূর্ণ সমর্থন জানাই এবং ধন্যবাদ জানিয়ে মা-মাটি-মানুষের সরকার যে সত্যি প্রতিষ্ঠিত হয়েছে, গণতন্ত্র প্রতিষ্ঠিত হয়েছে পশ্চিমবঙ্গে। কারণ দীর্ঘ ৩৪ বছর ধরে আমরা এমন একটা সরকারকে দেখেছি যে সরকার গণতন্ত্রকে বিপন্ন করে তুলেছে, মানুষের কথা বলার অধিকার ছিল না। একটা সময় পশ্চিমবাংলাবাসী হিসাবে যখন আমরা গর্ব করে বলতাম What Bengal thinks to-day India thinks tomorrow. আজকে এমন অবস্থা ৩৪ বছরে এনে দিয়েছেন যেখানে মানুষ তার কথা বলার অধিকার হারিয়েছে, বিরোধীদের কণ্ঠ রোধ করা হয়েছে। একটা উদাহরণ এটার জন্য যথেষ্ট, আপনারা দেখেছেন আজকের যিনি মাননীয় মুখ্যমন্ত্রী তখন তিনি বিরোধী নেত্রী ছিলেন, তাঁর কণ্ঠ রোধ করার জন্য কতোবার আক্রমণ করা হয়েছে, কতোবার তাঁকে মেরে ফেলে দেওয়ার জন্য চেষ্টা করা হয়েছিল, কতোবার তাঁকে খুন করবার জন্য চক্রান্ত করা হয়েছিল। অথচ আজকে এখন যখন মা-মাটি-মানুষের সরকার প্রতিষ্ঠিত হয়েছে তখন আমরা দেখছি কোথাও বদলা নয়, শান্তি প্রতিষ্ঠিত হয়েছে, সবাই এখানে রয়েছে। এরা বলেন গণতন্ত্রের কথা। দলতন্ত্র প্রতিষ্ঠা হয়েছে। আমি আজকে দেখতে পাচ্ছি না এখানকার সদস্য প্রাক্তন মন্ত্রী তিনি কোথায় ? যার বাড়ির পাশ থেকে কঙ্কাল উদ্ধার হচ্ছে। আজকে উনি এখানে নেই, তাই কিছু বলতে পারছি না। এতদিন পরে তাঁর বাড়ির সামনে দিয়ে কঙ্কাল উদ্ধার হচ্ছে। কেন উনি সভায় নেই আমি জানি না। আমার এটা প্রশ্ন জাগতে বিরোধী দলের সদস্য, আছেন তাঁদের কাছে। তিনি দিনের পর দিন কোথায় আছেন একটু দয়া করে আমাদের যদি বলেন। সর্বোপরি, বিগত ৩৪ বছর ধরে পুলিশকে নিজেদের ক্যাডার বানিয়েছিলেন। আর আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী দেখিয়ে দিয়েছেন পুলিশকে নিরপেক্ষ কিভাবে থাকতে হয়। কিভাবে শান্তি প্রতিষ্ঠা করতে হয় এ রাজ্যে। আপনারা বেকারত্বের কথা, আমি একজন যুবক, বেকারত্বের জ্বালায় যখন সবাই যুব-সমাজ জ্বলছে, আপনারা কী করেছেন আজ শিল্পের নামে ? আপনারা বিভিন্ন জায়গায় বিশেষ করে আমি আমার এলাকার ডোমজুড় কেন্দ্রের সবক বলে একটা জায়গার উদাহরণ তুলে ধরতে চাই। সেখানে শিল্পের নামে ন্যাশনাল হাই-ওয়ের ধারের জমি কোথাও ৬ হাজার, কোথাও ৯ হাজার টাকায় মানুষের কাছ থেকে কেড়ে নিয়ে শিল্প করতে চেয়েছিলেন। কিন্তু শিল্প করেননি ফাইভ-স্টার আবাসন তৈরি করেছেন। একজন বেকার যুবকেরও চাকরি হয়নি। আপনারা বলেন শিল্পের কথা। ৩৪ বছর ধরে বেকারত্বের জ্বালায় মানুষ মরছে। তার উপরে ক্ষুদ্র ও মাঝারি শিল্প ছিল সেগুলো বন্ধ হয়ে গিয়ে নতুন করে বেকারত্বের সৃষ্টি করেছেন। একটু আগে মাননীয় সদস্য পঞ্চায়েতের কথা বলছিলেন। আপনারা পঞ্চায়েত নির্বাচনে কী করেছিলেন, পঞ্চায়েত নির্বাচন হয়েছে—রিগিং ছাপ্পা হয়েছে সেখানে। আপনারা জোর করে ক্ষমতা দখল করেছেন। কয়েকটি বুথে যেখানে ৯০০ ভোট সেখানে আপনারা পান ৮৮০টা ভোট, আর বিরোধীরা

পায় ১০টি ভোট। এটা কোন গণতন্ত্রের ইতিহাসে আছে। পশ্চিমবঙ্গে কখন ঘটেছে, কবে ঘটেছে আপনারা একবার দেখুন। আপনাদের ইতিহাসে রয়েছে। যে মানুষ এখানে ভোট দিতে পারে না। ভোটাধিকার মানুষ এখানে প্রয়োগ করতে পারে না। আপনারা স্বাস্থ্য পরিষেবার কথা বলছেন, স্বাস্থ্যের হাল এমন একটা জায়গায় এসেছে যে ভুলে যাবেন যে ৩৪ বছর ক্ষমতায় ছিলেন। এখানে রুগির পাশে কুকুর শুয়ে থাকে, রুগির খাবার বিড়ালে খেয়ে নেয়। একটা বাচ্চা রুগির আঙুল ইঁদুরে কেটে নিয়ে গেছে, এই হচ্ছে আপনাদের স্বাস্থ্য পরিষেবা। মানুষ পরিষেবার কথা ভুলে গিয়েছিল। কিন্তু আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী যবে থেকে আসন গ্রহণ করেছেন তবে থেকে তিনি বিভিন্ন হাসপাতাল পরিদর্শন করছেন। সেখানে গিয়ে তিনি দেখতে পাচ্ছেন প্রকৃত অবস্থা। ৩৪ বছরে স্বাস্থ্যের বেহাল অবস্থা ফুটে উঠেছে। আনিসুর সাহেব বলছিলেন শিক্ষার হাল খারাপ। একটু আগে শিক্ষা নিয়ে মাননীয় সদস্য বলছিলেন যে ওনারা যখন দায়িত্ব নিয়েছিলেন তখন শিক্ষার অবস্থা খুব খারাপ ছিল। আমি মনে করি আমার জ্যাঠামশাই প্রাক্তন শিক্ষক ছিলেন। এখানকার উনি সদস্য ছিলেন। সে সময় পশ্চিমবঙ্গের স্থান দ্বিতীয় ছিল। কিন্তু ৩৪ বছরে আপনারা কোথায় নিয়ে গিয়েছেন। এক নম্বর তো করতেই পারেননি—আপনারা বিজ্ঞাপন দিতেন আমার সরকার আমার পাশে। আপনাদের সরকার আমাদের পাশে কি রকম ? ধর্ষণে প্রথম তাই আপনার সরকার আপনাদের পাশে। খুনে আপনারা প্রথম তাই আপনাদের সরকার আপনাদের পাশে। বেকারত্বে আপনারা প্রথম তাই আপনার সরকার আপনাদের পাশে। রাস্তায় গাড়ি পার্ক করতে পারেননি, আনিসুর সাহেব বলছিলেন এম.এল.এ.-রা নাকি অনেকে গাড়ি চড়ে ঘোরেন। আমি বলতে চাই আপনাদের পার্টি অফিসগুলোর অবস্থা দেখুন। এক একটা পার্টি অফিস—আমাদের হাওড়া জেলার যে পার্টি অফিস কত কোটি টাকা খরচা করেছেন সেখানে, কোথায় পেলেন এত টাকা আগে সেটার উত্তর দিন। তারপরে আপনারা অন্য কথা বলবেন। আর, মাননীয়া মুখ্যমন্ত্রী বেঙ্গল প্যাকেজে যে জাতীয় সড়ক তৈরি করেছিলেন আমি নিজে জানি সেটা। আপনারা তো একটা স্টেট হাইওয়ে তৈরি করতে পারেননি। জাতীয় সড়কের সঙ্গে যে যোগাযোগ ব্যবস্থা সেই যোগাযোগ ব্যবস্থা বিচ্ছিন্ন। কোনো স্টেট হাইওয়েজ নেই। আমার কেন্দ্রে এখনও এমন জায়গা আছে, আজকে এই বর্ষার মধ্যেও আমার কাছে ফোন এসেছিল, কাঁচা রাস্তা, কর্দমাক্ত হয়ে গেছে, মানুষ হাঁটতে পারে না। ৩৪ বছরে রাজ্যটাকে আপনারা এই করেছেন। তাই আমি দায়িত্ব নিয়ে বলছি মহামান্য রাজ্যপালের বক্তব্য যথার্থ এবং উনি (মুখ্যমন্ত্রী) প্রমাণ করে দেখিয়ে দেবেন, যে কথা আগে বলেছি "What Bengal thinks to-day, India thinks tomorrow." এটা তিনি প্রমাণ করে দেবেন আগামীদিনে যে আজকে বাংলা আবার নতুন করে জেগে উঠেছে, নবজাগরণ হয়েছে, উন্নয়ন হয়েছে। ভারতবর্ষ আগামীদিনে বলবে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের পশ্চিমবঙ্গ সত্যিকারের জনগণের পশ্চিমবঙ্গ। সেটা প্রমাণ হবে। ধন্যবাদ।

[4.40–4.50 p.m.]

ডাঃ রুদ্রনারায়ণ ভট্টাচার্য : মাননীয় স্পীকার মহোদয়, গত ১৩ই জুন মহামান্য

রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন এবং আমাদের দলের মাননীয় মুখ্যসচেতক শ্রীশোভনদেব চট্টোপাধ্যায় যে ধন্যবাদকসূচক প্রস্তাব এনেছেন তাকে পূর্ণ সমর্থন জানিয়ে কয়েকটি কথা বলতে চাই। সবার আগে ধন্যবাদ জানাই 'মা-মাটি-মানুষ'-এর সরকারের যিনি মুখ্যমন্ত্রী, আমাদের সবার প্রিয় মাননীয়া শ্রীমতী মমতা ব্যানার্জীকে।

আমার আগে এখানে বিরোধী পক্ষ থেকে গরম গরম কয়েকটি কথা শুনছিলাম। Participatory democracy. কিন্তু সেটা উনি ডিফাইন করতে পারেননি, বোঝাতে পারেননি Participatory democracy কাকে বলে। সেটা দিয়েই শুরু করছি। বিরোধী পক্ষের, লেফ্‌ট্‌ফ্রন্টের মতে মানুষ যখন আপনাকে চায় না তখন তাকে জোর করে নিজের কাছে নিয়ে আসুন, ধর্ষণ করুন, মেরে দিন গুলি করে, পুকুরে পুঁতে দিন, ঘর পুড়িয়ে দিন। এই জন্য নির্বাচনের আগে মাঝে মাঝে আমরা খবরের কাগজে পড়তাম যে 'আমরা ভুল করেছি, মানুষের বাড়ি বাড়ি গিয়ে বোঝান, ক্ষমা করতে বলুন।' আমি তো দেখিনি। আমি উত্তরবঙ্গের লোক, শিলিগুড়ির বিধায়ক, শিলিগুড়ি শহরের অনেক মানুষকে আমি জিজ্ঞাসা করেছি 'বলুন আপনাদের কার কার বাড়িতে বামফ্রন্টের লোকেরা এসে বলেছে তারা বিগত ৩৪ বছরে কি কি ভুল করেছে ?' কেউ তো যাননি আপনারা ! কেউ যায়নি বাড়ি বাড়ি ক্ষমা চাইতে। কিন্তু আপনাদের রাজ্যস্তরের বড় বড় নেতারা এই কথাগুলো বলেছেন।

আদিবাসীদের জন্য আপনাদের কান্না পায় ? বিরোধীপক্ষের মাননীয় বিধায়িকা এখানে আছেন। উনি গতকাল বলছিলেন যে বর্তমান সরকার আদিবাসী মহিলাদের জন্য, তাদের জন্য কোনো কিছু করছেন না। আপনারা কী কী করেছেন ? উত্তরবঙ্গে চা-ঘোষিত এলাকা, ডুয়ার্স এবং আমাদের তরাইতে বহু চা-বাগান আছে। বিগত ১০/১৫ বছর ধরে এক-একটা বাগান বন্ধ হয়েছে, অনাহারে মানুষ মারা গিয়েছে এবং দুঃখের বিষয়, কান্না পায় বলতে আমার, প্রতি বছর চা-বাগান থেকে যে হারে আদিবাসী মেয়েদের পাচার করা হয়, যার জন্য ভারতবর্ষে পশ্চিমবঙ্গ হচ্ছে নারী পাচারে সর্বপ্রথম। এটা জেনে রাখা দরকার। নারী পাচারে পশ্চিমবঙ্গ হচ্ছে প্রথম। তার শ্রেষ্ঠত্বও তো আপনাদের নিতে হবে ! ....(গোলমাল).... আদিবাসীদের নিয়ে বলেন আপনারা ! উত্তরবঙ্গে যদি আপনি যান, আমরা তো শুনেছি এখানে জঙ্গলমহলের আদিবাসীরা পিঁপড়ের ডিম খাচ্ছে, পাতা সিদ্ধ করে খাচ্ছে। ...(গোলমাল)... উত্তরবঙ্গের চা-বাগানে যেসব আদিবাসী মহিলারা কাজ করেন, বাড়ীর লোকরা, আপনারা জানেন চা গাছে সাদা সাদা ফুল হয়। যখন চা-বাগান বন্ধ থাকে সেই চা-পাতার সাদা ফুল আর লঙ্কা ভেজে ভাত দিয়ে মেখে খান। এই তাদের খাদ্য ! এটা আপনারা আদিবাসীদের জন্য করে দিয়েছেন। শিক্ষা নিয়ে বলেন, শিক্ষা নিয়ে অনেক বড় বড় কথা শুনছিলাম। শিক্ষাতে আমরা কিছু করিনি। স্বাস্থ্যতে পরে আসছি। শিক্ষার ক্ষেত্রে শিলিগুড়ি শহরের মতো জায়গায়, একটা মিউনিসিপ্যাল কর্পোরেশানের মতো জায়গায় একটা হিন্দি স্কুল আড়াই হাজার ছাত্রছাত্রী পড়ে। সাড়ে ৩ লাখ করে তিন কিস্তিতে সাড়ে ১০ লক্ষ টাকা গত ডিসেম্বর মাসে জমা হয়েছে এ.সি.আর. ফান্ডে অ্যাডিশনাল ক্লাস রুমের জন্য। সেখানে ক্লাস হয়নি, ক্লাস বন্ধ। তাদের বলা হয়েছে ১৮ই জুলাইয়ের পরে খোঁজ নিতে কবে

ক্লাস চালু হবে। সাড়ে ১০ লক্ষ টাকা পড়ে আছে, একটা পয়সা খরচ হয়নি। আপনারা বলেন নাকি ম্যানেজমেন্ট কমিটির মিটিং হয় না। সেই স্কুলে ম্যানেজমেন্ট কমিটি তৈরি হয়েছে ২০০৮ সালে। ২০১০ সালে পাঠানো হল অ্যাপ্রুভালের জন্য। এখনও পর্যন্ত একটা মিটিং হয়নি। এটা জেনে রাখা দরকার। স্বাস্থ্য পরিষেবা নিয়ে কথা বলেন। পশ্চিমবঙ্গে ১০ হাজার ৩৫৬টি উপস্বাস্থ্য কেন্দ্র, ৯২৪টি স্বাস্থ্য কেন্দ্র, ২৫৩টি ব্লক স্বাস্থ্য কেন্দ্র, ৯৫টি গ্রামীণ হাসপাতাল, ৯টি মেডিকেল কলেজ, আয়ুর্বেদ কলেজ, হোমিওপ্যাথি কলেজ এত সব থাকা সত্ত্বেও এখনও হাসপাতালে গিয়ে হালগুলো দেখুন। প্রাক্তন স্বাস্থ্যমন্ত্রী এখানে আছেন, ওনাকে সম্মান জানিয়ে বলি এক একটা মেডিকেল কলেজে গভর্নিং বডি তৈরি হয়েছে। গভর্নিং বডিতে কারা থাকবেন। স্বাস্থ্য বিভাগ, অর্থ বিভাগ, অন্যান্য বিভাগ, জেলার সভাধিপতি, মেডিকেল কলেজের প্রিন্সিপ্যাল, সুপারিনটেন্ডেন্ট, শিক্ষক প্রতিনিধি। লজ্জা করে বলতে আমার, আমি সেই কলেজে ২২শে মার্চ অবধি চাকরি করেছি ইস্তফা দেওয়ার আগে অবধি। গত সাড়ে চার বছরে গভর্নিং বডির এক্সিকিউটিভ কাউন্সিলের একটা মিটিংও হয়নি। কে জবাব দেবে ? একটা মেডিকেল কলেজ—লজ্জা করে বলতে আমার সেখানে সাহেবদের পেল্লাই বিল্ডিং নেফ্রোলজি, কার্ডিওলজি, নিউরোলজি, সেখানে একটি নার্সিং কলেজ চলছে এখন কার অনুমতিতে ? কার প্ল্যানে ? সব আন প্ল্যান্ড ওয়েতে আন প্লান্ড অ্যাকটিভিটিস। এই জন্য স্বাস্থ্য ব্যবস্থার এই অবস্থা আজকে। আজকে বলতে আমার দুঃখ লাগে উত্তরবঙ্গে যখন চা বাগানে ম্যালেরিয়া হল ২০০০, ২০০৫ সালে ৪০ জন মানুষ মারা গেলেন। তারা কারা ? নকশাল বাড়ি অঞ্চলের বেশিরভাগ চা বাগানের শ্রমিকরা। স্বাস্থ্য বিভাগ কোথায় ছিল ? কারণ ওখানে গত তিন বছর ধরে ডি.ডি.টি., তার আগে বছরে যে দুবার ছয় মাস ইন্টারভেলে ডি.ডি.টি স্প্রে করা হবে, সেটা করা হয়নি। আজকে উত্তরবঙ্গের ফুসফুস ন্যাশানাল হাইওয়ে ৩১-এ চাঁদমণি বাগান ছিল। সবুজের একটি গালিচা ছিল। ২০০১ সালে সেটা অধিগ্রহণ করে সেখানে গুলি চালিয়ে দুজন শ্রমিককে মারা হল। এই হচ্ছে আদিবাসীদের প্রতি প্রেম। আমি সবার শেষে রাজ্যপালের প্রদত্ত ভাষণ, তাকে সম্পূর্ণভাবে সমর্থন জানিয়ে আপনাকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করছি।

[4.50–5.00 p.m.]

শ্রী ধীরেন বাগদি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের যে ভাষণ তার উপর আলোচনা চলছে। আমি সেই আলোচনায় অংশ নিয়ে কয়েকটি কথা এই পবিত্র বিধানসভায় তুলে ধরতে চাই। এখন সিঙ্গুর বিল পাশ হয়েছে। যেটা আপনারাও বলছেন যে আগের মুখ্যমন্ত্রী ওরা-এরা এই যে কথা বলতেন সেদিনও আমাদের বর্তমান মুখ্যমন্ত্রী দুই-তৃতীয়াংশের সংখ্যাগরিষ্ঠতার কথা বলছেন। সত্যি ঘটনাই বলেছেন। এটাকে আমরা মেনে নিয়েছি এবং নিশ্চয় যে কারণগুলির জন্য হয়তো আমাদেরকে আজকে এখানে বসতে হয়েছে সেই কারণগুলোও আমরা খুঁজে সামনে চলার চেষ্টা করছি। এই প্রসঙ্গে বলতে চাই, পশ্চিমবাংলায় এখন আমরা ৪১ ভাগ মানুষের সমর্থন নিয়ে আছি বিরোধী পক্ষে। এখানে শতকরা ৫০ ভাগ সমর্থনের যে সংখ্যা গরিষ্ঠ মত এখনও বর্তমান সরকারের নেই। ৪৮ ভাগ। সেইজন্য যে

কথাটা আমি বিশেষ করে বলতে চাই যে আজকে, যদিও এই প্রতিবেদনে শ্রমনীতি, শিল্পনীতি আমাদের ভ্রান্ত থাকার জন্য আজকে শিল্প বন্ধ হয়ে আছে। শ্রমিকদের দুরবস্থা—আমি এই প্রসঙ্গে—মাননীয়া মুখ্যমন্ত্রী আছেন। আমাদের রাজ্যে আগামী দিনে শিল্পনীতি, শ্রমনীতি কি হবে, সেটাও নিশ্চয় আমরা জানতে পারব। সেটা ঠিক হবে নিশ্চয় রাজ্যের স্বার্থে, রাজ্যের মানুষের স্বার্থে। এটা আশা করি। সেই ক্ষেত্রে আমি যে কথাটা বলতে চাই যে আজকে যে শিল্পপতিরা শিল্পে বিনিয়োগ করতে পশ্চিমবাংলায় এগিয়ে আসছে, আজকে যেটা প্রতিবেদনে উল্লেখ আছে যে কিছুই হয়নি পশ্চিমবাংলায়। আমি সেই প্রসঙ্গেই বলতে চাই আমি গ্রাম বাংলার ছেলে। গ্রামগুলির দিকে যদি তাকান তাহলে আজকে দেখা যাবে যেটা, গ্রামের মানুষের আজকে আর্থ-সামাজিক পরিবর্তন ঘটেছে, মানুষের কেনাকাটার ক্ষমতাটা বেড়েছে। মানুষের চাহিদা বেড়েছে। চাহিদা বাড়ার জন্য আজকে সেই চাহিদার জিনিসপত্র শিল্পেই হবে। সেইজন্য শিল্পের প্রয়োজন হচ্ছে, হবে। এটাই সত্যি ঘটনা। আজকে এটা, এই পরিস্থিতিটা হওয়ার মূলে কি আছে ? আজকে শতকরা ৮৪ ভাগ জমি ক্ষুদ্র-প্রান্তিক কৃষকদেরকে হাতে। ক্ষুদ্র-প্রান্তিক কৃষকদের হাতে থাকার জন্য আজকে কৃষির উৎপাদন বেড়েছে। কৃষকের ক্রয় ক্ষমতা বেড়েছে। খেত মজুরদের মজুরি বৃদ্ধি—তাদের আন্দোলন হচ্ছে, খেত মজুরদের আজকে ক্রয় ক্ষমতা বেড়েছে। তার জন্য আজকে অভ্যন্তরীণ বাজারটা সৃষ্টি হচ্ছে। দেখুন গ্রাম গঞ্জে—সমস্ত গঞ্জগুলোয়, দোকানপাটে আজকে ভরে গেছে। হাট-বাজারে আজকে কারা বেশির ভাগ কেনাকাটা করে ? গ্রামের গরীব মানুষ, শ্রমজীবী মানুষ, খেত মজুর, কৃষক। সেইজন্য আমি এই প্রতিবেদনে সেই শ্রমিকদের বিশেষ করে খেত মজুরদের—আজ পর্যন্ত খেত মজুরদের জন্য এটা কোনো আইন হয়নি। আজকে সরকারি কর্মচারীরা—অন্যান্য স্তরে কেন হয় নাই ? কেন্দ্রীয় আইন এখনও পর্যন্ত হয়নি। আজকে আমাদের রাজ্যে অসংগঠিত শ্রমিকের সংখ্যা, আমাদের রাজ্যে অসংগঠিত ক্ষেত্রে শ্রমিকের সংখ্যা ১ কোটি ২১ লক্ষ। এই অসংগঠিত ক্ষেত্রে শ্রমিক দিনদিন বাড়ছে। এই অসংগঠিত ক্ষেত্রটা বাড়ছে। এই অসংগঠিত ক্ষেত্রের শ্রমিকদের জন্য যদি তাদের সামাজিক মর্যাদা, তাদের মজুরি, তাদের কাজের নিরাপত্তা, তাদের ভবিষ্যনিধি প্রকল্প, এইগুলোর ক্ষেত্রে যদি বিগত বামফ্রন্ট সরকার যে নীতি গ্রহণ করেছিল, সেই নীতি যদি গ্রহণ না করা হয়, তাহলে এই যে শ্রমশক্তি, যেটা দিন দিন বাড়ছে, বাড়বে। সংখ্যাটা বাড়ছে, বাড়বে। এটাই বাস্তব। কিন্তু সেই শ্রমিকদের স্বার্থে আজকে বামফ্রন্ট সরকার যে নীতি গ্রহণ করেছিল বিশেষ করে তাদের ভবিষ্যনিধি প্রকল্প, সামাজিক নিরাপত্তা, সেই দিকটাকে আমার মনে হয় আগামী দিনে লক্ষ্য রাখা দরকার। আজকে সামাজিক নিরাপত্তা, নিরাপত্তাহীনতা আজকে যদি আমাদের পশ্চিমবাংলায় থাকে তাহলে সব থেকে বেশি ক্ষতি হয়ে যাবে শ্রমজীবী মানুষের, গরীব মানুষের, কৃষকের। এই জন্য আমি বলতে চাই যে আজকে গণতান্ত্রিক ব্যবস্থার কথা যেটা বলা হচ্ছে, নিশ্চয় মাননীয়া মুখ্যমন্ত্রী যে কথা বলেছেন, আমরা সেটাকে ধন্যবাদ জানাই। আমি সেইজন্য বলব এখনও যেখানে আমাদের কর্মী সমর্থকদের উপরে আক্রমণ হচ্ছে, ঘরছাড়া হচ্ছে, সেটাকে বন্ধ রাখা দরকার। আমি আমার জেলার কথা বলছি।

(গোলমাল)

আমি আমার জেলার কথা বলছি। বীরভূম জেলায় এখনও ১৯১টি পরিবার—তারা ঘরছাড়া। তার সংখ্যাটা হচ্ছে ৯৪৩ জনের মতো। এরপরে দুজন নির্বাচনের পরে পরে খুন হয়ে গেল। আমাদের সেখানে প্রাক্তন বিধায়ককে খুন করা হয়েছিল। তাদের নাম আমি বলছি, খোদারাখা শেঠ, জয়দেব মাঝি নির্বাচনের পরে পরেই খুন হয়ে গেল। সুতরাং আজকে যদি সামাজিক নিরাপত্তা, গণতন্ত্র, সুস্থিতি না থাকে রাজ্যে তাহলে উন্নয়ন এগিয়ে যাবে না। এই জন্য আমি বলতে চাই, যে আজকে গণতন্ত্রের স্বার্থে, শান্তির স্বার্থে, উন্নয়নের স্বার্থে, শ্রমজীবী মানুষের স্বার্থে শান্তি ফেরানো দরকার। আশা করি সেই কাজ নিশ্চয়ই এই সরকার করবে। আমাদের এই কথাগুলো এই প্রতিবেদনে উল্লেখ নেই বলেই আমি সমর্থন করতে পারলাম না। ধন্যবাদ।

শ্রী মহম্মদ সোহরাব : মাননীয় অধ্যক্ষ মহোদয়, সাংবিধানিক রীতি অনুযায়ী গত ১৩ই জুন মহামান্য রাজ্যপাল যে ভাষণ দিয়েছেন এবং সেই ভাষণের উপরে সরকার পক্ষের মুখ্যসচেতক শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় যে ধন্যবাদসূচক প্রস্তাব এনেছেন আমি তাকে সর্বান্তকরণে সমর্থন করছি। এবং সঙ্গে সঙ্গে বিরোধী পক্ষের যে সমস্ত সংশোধনী প্রস্তাব নিয়ে এসেছেন তাঁরা আমি তার বিরোধিতা করছি। কেন আমি এই প্রস্তাবকে সমর্থন করছি, কেন এই ভাষণের মধ্যেই বামফ্রন্ট সরকারের ৩৪ বছরের যে কলঙ্কিত ইতিহাস, ৩৪ বছর তারা পশ্চিমবাংলায় যে দলবাজির রাজত্ব কায়েম করেছে পশ্চিমবাংলাকে অনেক পিছিয়ে দিয়েছে সর্বক্ষেত্রে। তার একটা চিত্র এখানে পরিস্ফুট হয়েছে। সেইজন্য একে আমি সমর্থন করছি। ৩৪ বছরের মধ্যে পশ্চিমবাংলার মানুষ সন্ত্রস্ত হয়ে যেমন তুষের আগুন ধূ-ধূ করে জ্বলে পশ্চিমবাংলার মানুষের মনে সেই রকম আগুন জ্বলছিল। তারা অবলম্বন খুঁজছিল। অবলম্বন তারা পেল একজন মহিলা নেত্রী মাননীয়া মমতা ব্যানার্জীকে, তাঁর জীবনের সমস্ত রকমের ঝুঁকি নিয়ে এক প্রান্ত থেকে অপর প্রান্ত পর্যন্ত বাংলার মাটিকে অত্যাচারের বিরুদ্ধে, অনাচারের বিরুদ্ধে আন্দোলন করলেন। পশ্চিমবাংলার মানুষ ভাবলেন যে ইনি একজন নেত্রী, যার উপর নির্ভর করা যায়। তাই তার নেতৃত্বে যে নির্বাচন হল সেই বদল হল, আজকে পরিবর্তন হয়েছে। পশ্চিমবাংলা থেকে বামফ্রন্ট আজকে দূর হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহোদয় কিছুক্ষণ আগে আমাদের বিরোধীপক্ষের বর্ষীয়ান নেতা বলছিলেন পঞ্চায়েত আইনের কথা। পঞ্চায়েত আইন ১৯৭৩ সালে—আমাদের তখন সুব্রত মুখোপাধ্যায় পঞ্চায়েত মন্ত্রী ছিলেন—পাশ হয়েছিল। আর একজন শিক্ষাক্ষেত্রে বলছিলেন, আমি ৪০ বছর প্রধান শিক্ষকতা করেছি। আমি ৩০ বছর ধরে, ব্রজবাবু জানেন, আমাদের মাননীয় স্কুল শিক্ষামন্ত্রী জানেন, শিক্ষক সমিতিকে আমরা শিক্ষা আন্দোলনকে নিয়ে জড়িত আছি। বিভিন্ন সময়ে এই সরকারের শিক্ষা নীতি নিয়ে আমরা কত আন্দোলন করেছি, কত রকম নতুন কথা বলেছি। এইভাবে যদি আপনারা না করেন পশ্চিমবাংলা পিছিয়ে যাবে। আপনারা কম্পিউটারের বিরুদ্ধে আন্দোলন করেননি, যে পশ্চিমবাংলায় কম্পিউটার ইন্ট্রোডিউস করা হবে না। আপনারা নবোদয় বিশ্ববিদ্যালয় পশ্চিমবাংলায় ইন্ট্রোডিউস করতে দেননি। এগুলি কিসের লক্ষণ ? আপনারা পিছিয়ে দিয়েছেন শিক্ষাকে। আজ আনিসুর রহমান সাহেব আছেন।

মুর্শিদাবাদ জেলায় কত প্রাইমারি স্কুলে কত ছাত্র, এক একটা হাইস্কুলে চার হাজার—সাড়ে চার হাজার করে ছাত্র। কত জন শিক্ষক আছেন, কিরকমভাবে ফিল্ডে যাচ্ছেন, পরিকাঠামো কি রকম অবস্থা ? আপনারা জানেন না আরো কত স্কুল করা দরকার। যেটুকু করেছেন সেটুকুতো সর্বশিক্ষা অভিযান, সর্বশিক্ষা মিশনের টাকা তাও সেই টাকা সব খরচ করতে পারেননি। উনি বলছিলেন স্কেলের কথা। ডাক্তার বিধানচন্দ্র রায় প্রথম চালু করেছিলেন, সিদ্ধার্থ রায় পে-স্কেল চালু করেছিলেন। একটার পর একটা স্কেল ধাপে ধাপে শিক্ষাক্ষেত্রে এসেছে। আমার বেশি সময় নেই আমি আর একটি কথা বলব। আলিয়া মাদ্রাসা নিয়ে বলছিলেন।

[5.00–5.10 p.m.]

রহিম সাহেব, গতকালও দু'জন সদস্য বলেছিলেন আলিয়া মাদ্রাসা'র ব্যাপারে। মমতা ব্যানার্জী সিঙ্গুরের কৃষকদের জমি ফেরত দেওয়ার কথা বলেছিলেন, অঙ্গীকার করেছিলেন, সেটা তিনি বাস্তবে রূপায়ণ করার জন্য বিল পাশ করেছেন। গোটা পশ্চিমবাংলার কৃষক সমাজ, মানুষ তাকে আজকে শ্রদ্ধা জানাচ্ছে। তিনি আর একটা অঙ্গীকার করেছিলেন আলিয়া মাদ্রাসায়। সেই আলিয়া মাদ্রাসার নাম রাখার জন্য যখন সেখানকার ছাত্ররা অনশন করেছিল, আপনারা কেউ যাননি, মমতা ব্যানার্জী সেখানে গিয়ে বলেছিলেন যে, আমরা যদি ক্ষমতায় আসি, আমরা মাদ্রাসাকে ইম্প্রুভ করব। তিনি অ্যানাউন্স করেছেন আলিয়া মাদ্রাসা বিশ্ববিদ্যালয় হবে। একটু আগে বলছিলেন মাদ্রাসা কি করে হবে ? তাহলে আলিয়া বিশ্ববিদ্যালয় যদি হয় তার মানেটা কি হয় ? উচ্চ বিশ্ববিদ্যালয়। আপনারা আলিয়া মাদ্রাসার ইতিহাস জানেন ? গোটা ভারতবর্ষের মধ্যে ওয়ারেন হেস্টিংস তখন তিনি প্রথম ২০০ বছরের বেশি আগে এই প্রতিষ্ঠান তৈরি করেছিলেন। তখন প্রেসিডেন্সি কলেজ হয়নি, মেডিকেল কলেজ হয়নি। তখন সেখানে মেডিকেল পড়ানো হত, ইংরেজি পড়ানো হত, আরবি পড়ানো হত, সমস্ত কিছু পড়ানো হত। তারপর যখন মেডিকেল কলেজ হল, তখন মেডিকেল উঠে গেল। আজকে আপনি জানেন কি অবস্থা আপনারা করে দিয়েছেন ? সেই আলিয়া মাদ্রাসায় একজন মাত্র পার্মানেন্ট শিক্ষক, কোনো প্রিন্সিপাল নেই। আপনারা তো কিছু করেননি। কেবল একটা আলিয়া মাদ্রাসা। আলিয়া মাদ্রাসাটা তুলে দিলে বাহাদুরী হয়ে গেল ? আজকে মমতা ব্যানার্জী সেখানে যে প্রতিশ্রুতি দিয়েছিলেন, তা রক্ষা করার জন্য কেবল সেখানকার ছাত্রসমাজ নয়, গোটা পশ্চিমবাংলার মুসলিম সমাজ, গোটা ভারতবর্ষের মুসলিম সমাজের যে আবেগ, সেই আবেগকে তিনি সম্মান দিয়েছিলেন বলে আজকে সমস্ত সমাজ তার কাছে কৃতজ্ঞ। আপনারা কি করেছেন হুগলী মাদ্রাসার ? হুগলী মাদ্রাসার কথা মনে আছে আপনাদের ? হাজি মহম্মদ মহসিন সেই মাদ্রাসা প্রতিষ্ঠা করেছিলেন। সেই মাদ্রাসার আজকে কি অবস্থা করেছেন আপনারা ? সেখানকার লাইব্রেরির কি অবস্থা করেছেন ? আপনাদের লজ্জা লাগে না ? আজকে কে বলছিলেন মুসলমানদেরকে আপনারা অনেক করেছেন। কি করেছেন ? ১৯৭৭ সালে সিদ্ধার্থ রায় যখন যান, তখন সেখানে মুসলমান সরকারি কর্মচারির সংখ্যা ছিল ৭.৮, আর আজকে আপনার সেখানে ২.১। সাচার কমিটির রিপোর্টের পর

আজকে আবার মমতা ব্যানার্জী সাচার সাহেবকে ডেকেছেন বলে আপনারা বলছেন মুসলমানদেরকে অপমান করা হবে ? সাচার সাহেব বললেন হ্যাঁ নিশ্চয়ই তাঁর স্ট্যাটিসটিক্স দিয়েছেন সমস্ত কিছু। সেইদিন আপনারা বলছেন ভুল, আজকে তাকে ডেকে আনা হচ্ছে আবার এটা পর্যবেক্ষণ করে পর্যালোচনা করে আবার নতুন কিছু করা যায় কিনা। এইখানেই তো একটা কথা আজকে আপনারা বলছেন যে, এই গভর্নরের রিপোর্ট আজকে আপনার যে কর্মসূচি গ্রহণ করা হয়েছে—আমি ১৯৭৭ সালে এই সভার সদস্য ছিলাম, তখন আপনারা সরকারে যখন এলেন বামফ্রন্ট সরকার, তখন আপনাদের যে গভর্নরের রিপোর্ট, আজকে দেখুন তো মমতা ব্যানার্জীর আজকের এই সরকারের গভর্নর অ্যাড্রেসের সঙ্গে তার কত তফাত। এর মধ্যে অসঙ্গতি ছিল কিছু ? আর একজন আবার বর্ষীয়ান সদস্য বলছিলেন, ৬ মাস আগে উনি বললেন এক কথা, আজকে বলছেন আর এক কথা। এটা তো কনস্টিটিউশান প্রসেডিওর, যে যখন সরকারে থাকবেন, সেই সরকারের যে কর্মসূচি সেটাই তো গভর্নর অ্যাড্রেসে তা প্রতিভাত হয়। তখন আপনারা ছিলেন আপনাদের কথাই আছে। আজকে দুজনের তফাত মানুষ বুঝেছে, তাই পশ্চিমবাংলার মানুষ আজকে আপনাদের অনেক দূরে ফেলে দিয়েছে বিদায় করে দিয়েছে পশ্চিমবাংলা থেকে। আমি আর একটা কথা বলে শেষ করব। মুর্শিদাবাদ জেলা আর্সেনিক প্রবণ ডিস্ট্রিক্ট। ২৬টা ব্লকের মধ্যে ২২টি আর্সেনিক প্রবণ। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী এখানে আছেন, তাই সেখানে যাতে মানুষ আর্সেনিক মুক্ত জল মানুষ পান তার যেন ব্যবস্থা করেন। আমি আর একটি কথা বলব, জঙ্গীপুরে ৬৭ কোটি টাকা সেন্ট্রাল গভর্নমেন্ট মঞ্জুর করে আর্সেনিক মুক্ত জলের জন্য কিন্তু এরা ৬ বছর ধরে এগজিকিউট করতে দেরি করছে। টাকা দিয়েছে সেন্ট্রাল গভর্নমেন্ট জঙ্গীপুরের উড়ালগঞ্জে, এরা খরচ করছে না, এটা যাতে তাড়াতাড়ি এগজিকিউট করা হয়, এটা আমি মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ করছি। আমি আবার এই গভর্নরের অভিভাষণের উপরে যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে, তাকে আমি সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী অজিত ভূঞ্যা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, পশ্চিমবঙ্গের পঞ্চদশ বিধানসভার প্রথম অধিবেশনে পশ্চিমবঙ্গের রাজ্যপাল মাননীয় শ্রী এম কে নারায়ণন যে ভাষণ রেখেছেন, সেই ভাষণকে সমর্থন করে আমাদের সরকার পক্ষের চিফহুইপ মাননীয় শোভনদেব চট্টোপাধ্যায় যে ধন্যবাদসূচক সমর্থনের কথা বলেছেন তাকে আমি সমর্থন জানিয়ে যে কথাটা বলতে চাইছি, গত তিন দিন যাবৎ এই ভাষণের উপর আলোচনা চলছে। বিরোধী পক্ষের মাননীয় সদস্যগণ তারা প্রথমেই বলেছেন যে রাজ্যপালের ভাষণে কোনো সারবত্তা নেই। এই ভাষণকে তাঁরা কটাক্ষ করে বিভিন্ন বিষয়গুলো তুলে ধরবার চেষ্টা করছেন। আমরা যেটা বলতে চাইছি এই ভাষণ তারাও আজকে ৩৪ বছর ধরে বিধানসভায় পেশ করছে। আমরা যখন আজকে সেই ভাষণটাকে প্রকৃত অর্থে সারবত্তা ভাষণ হিসেবে হাজির করতে সক্ষম হয়েছি, তখন তারা সেটা সহ্য করতে পারছে না। আমাদের এই ভাষণ শুধু বিধানসভার মধ্যেই সীমাবদ্ধ নয়, বিধানসভার বাইরেও আজকে সমগ্র মানুষ বলছে এতদিন পরে-যেটা ওনাদের গায়ে লাগছে, প্রথম একটা নির্বাচন হল, যে নির্বাচনটা প্রকৃত গণতান্ত্রিক, অবাধ ও সুষ্ঠু নির্বাচন। যে নির্বাচন নিয়ে তাঁরা বার বার প্রশ্ন তুলে বোঝাবার চেষ্টা করছেন যে বিগত

দিনের নির্বাচনগুলোও অবাধ এবং সুষ্ঠু নির্বাচন ছিল। সেটা আপনি গলা ফাটিয়ে বললে হবে না। গণতান্ত্রিক অধিকার শুধু আপনাদের নেই, সারা দেশের প্রত্যেকটা মানুষের আছে। বার বার প্রমাণিত হয়েছে পশ্চিমবাংলার অবাধ ও সুষ্ঠু নির্বাচন হয়নি। যার জন্য নির্বাচন কমিশন এবারে তারা একটা গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করার পরে এই নির্বাচন হওয়া সম্ভব হয়েছে এবং সঙ্গে সঙ্গে আপনাদের ৩৪ বছরের মুখোশটা খুলে পড়েছে। আজকে আপনারা ক্ষমতায় নেই। এই নির্বাচনটা যদি আরো ২৫ বছর আগে করা সম্ভব হত, ২৫ বছর আগেই আপনারা ক্ষমতায় থাকতে পারতেন না। এটাই হচ্ছে প্রথম কথা। আপনারা চেষ্টা করছেন, বলছেন আমরা ঘুরে দাঁড়াব। ঘুরে দাঁড়াবার জন্যে আপনারা দীর্ঘদিন ধরে চেষ্টা করছেন। ২০০৮ সালে আপনাদের প্রথম পতনটা শুরু হয়েছিল। তারপর ঘুরে দাঁড়াবার চেষ্টা করতে গিয়ে আপনাদের এক নেতা আপনাদের মহিলা কর্মীদের উদ্দেশ্যে বললেন যে বিরোধীদেরকে আপনারা পাছা দেখাবেন, তাহলে নাকি ঘুরে দাঁড়ানো যাবে। এইরকম ভাষা আপনারা বলেছেন। আপনাদের এক নেত্রী বললেন যে দমদম দাওয়াই দিতে হবে, তবে ঘুরে দাঁড়ানো যাবে। আর ঘুরে দাঁড়াবার জন্যে আপনাদের এক বড় নেতা তিনি কি করলেন ? সেখানে কেন্দ্রীয় সরকারকে ফেলে দিয়ে নতুন করে একটা ৭৭-এর সরকার গঠন করবার স্বপ্ন দেখলেন। সিদ্ধান্ত গ্রহণ করেছিলেন কিন্তু সেটা ফলপ্রসূ হয়নি। আজকে ঘুরে দাঁড়াতে গিয়ে ২০১১ সালের নির্বাচনে আপনারা ধপাস করে পড়ে গেলেন, হাড়গোড় ভেঙে গেল। এখন বলছেন খেত-মজুররা আমাদের পাশে আছে। খেত-মজুররা যদি আপনাদের পাশে থাকে, কৃষক ভাই, শ্রমিক ভাই যদি আপনাদের পাশে থাকে ২০০৬ সালে বিধানসভা নির্বাচনে জয়লাভ করার পর প্রথমে আপনাদের তৎকালীন প্রাক্তন মুখ্যমন্ত্রী ফুলের মালাটা পরিয়েছিলেন একটি বহুজাতিক সংস্থার কর্তার মালিকের গলায়। এটা পশ্চিমবাংলর মানুষ দেখেছে যে, এরা মুখে বলছে গরিবের বন্ধু, শ্রমিকের বন্ধু, আদতে তা কিন্তু নয়। সেইজন্য সেদিন যার গলায় মালা পরিয়েছিলেন তিনিও জীবনপণ চেষ্টা করেছিলেন। তিনি বলেছিলেন যে আমার কপালে বন্দুক ঠেকালেও আমাকে কেউ আটকাতে পারবে না, আমি এখানে কারখানা গড়ে তুলব। কিন্তু প্রমাণ হয়ে গিয়েছে মানুষ শেষ কথা বলবে, বন্দুক শেষ কথা বলবে না। আমরা যে কথাটা বলতে চাইছি, বলছেন যে নির্বাচনের পরে সারা বাংলায় নাকি আপনাদের উপর অত্যাচার করছে তৃণমূলের কর্মীরা কিংবা অন্যান্য মানুষ। আপনারা কতটা অত্যাচার করেছেন গত ৩৪ বছর ধরে ? বিধানসভা নির্বাচন, লোকসভা নির্বাচন, পঞ্চায়েত নির্বাচন, স্কুল কমিটির নির্বাচন—কোনো নির্বাচনে পশ্চিমবাংলার ঘর-বাড়ি জ্বালাতে বাকি রাখেননি। থান কাপড় পাঠিয়ে দিয়েছেন, পঞ্চায়েতে যাতে প্রার্থী হতে না পারে। আজকে আমাদের নেত্রী, পশ্চিমবাংলার জনগণের মুখ্যমন্ত্রী ঘোষণা করেছেন বিজয় মিছিল হবে না। আমরা শান্তি চাই। সমস্ত মানুষকে সঙ্গে নিয়ে আমরা বাংলার উন্নয়ন করব। এই কথা বলার সাহস আপনারা ৩৪ বছর ধরে দেখাতে পারেননি। আর আপনারা বলছেন—আমরা গণতন্ত্রে বিশ্বাস করি। গণতন্ত্রের ব্যাখ্যা দিচ্ছেন—আমরা নাকি গণতন্ত্র বুঝি না, আপনারা বোঝেন। আজকে বলা হচ্ছে ৪৬ হাজার শিক্ষক নিয়োগ করা হবে, ১০ হাজার মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তুলতে চাই। আপনারা বলছেন, এত শিক্ষক নিয়োগ করা হবে কোথায় ? আপনারা

আতঙ্কিত হয়ে যাচ্ছেন। তখন একটা পয়েন্ট তুলেছেন—কিসের শিক্ষক, হাই স্কুলের, না কলেজের না প্রাথমিক স্কুলের শিক্ষক ? কিন্তু ভুলে গেলে চলবে না। আপনাদের শিক্ষা গ্রহণ করবার যে প্রয়োজন আছে, তার জন্য যে শিক্ষার প্রয়োজন সেটা পশ্চিমবাংলা এবং ভারতবর্ষে আর পাবেন না। সেই শিক্ষা পেতে গেলে আপনাদের চীনে যেতে হবে, রাশিয়ায় যেতে হবে। ৬৪ সালের আগে একবার সেই শিক্ষা নিয়েছিলেন এবং পার্টিটাকে ভাগ করে দিয়েছিলেন। একজন বললেন—চীনের চেয়ারম্যান আমাদের চেয়ারম্যান, আর একজন বললেন ভারতবর্ষ চীনকে আক্রমণ করেছে। আবার যদি শিক্ষা গ্রহণ করতে সেখানে ছুটে যান তাহলে পার্টিটা আবারও ভাগ হবে, দশ ভাগ হয়ে যাবে, আপনাদের সত্তাটাই বিপন্ন হবে। ফরোয়ার্ড ব্লকের দাদা বললেন সেখানে নাকি আক্রমণ হচ্ছে। দিনহাটার হত্যাকাণ্ড তো তৃণমূল করেনি, বলুন সেটাতে কেন কমিশন হয়নি ? সেই দাবি রাখুন তাহলেই পরিষ্কার হয়ে যাবে। আপনারা বলছেন, আমাদের উপর আক্রমণ হচ্ছে, আমরা বামফ্রন্ট ছেড়ে চলে আসব, কিন্তু আবারও সেখানেই থাকছেন। আমি আশা করব আপনাদের ভাবের উদয় হবে এবং আজকে যে ধন্যবাদসূচক প্রস্তাব এসেছে মাননীয় রাজ্যপালের ভাষণের উপর তাকে সমর্থন করবেন। আমি এই প্রস্তাবকে সমর্থন করে এবং আপনাদের কাট মোশানের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[5.10–5.20 p.m.]

শ্রী নাজমুল হক : মাননীয় অধ্যক্ষ মহাশয়, সম্মানীয় রাজ্যপাল মহাশয় এই মহতী সদনে যে বক্তব্য রেখেছেন সরকারের পক্ষে এবং সেই বক্তব্যের উত্তরে ধন্যবাদজ্ঞাপক যে প্রস্তাব মাননীয় গভর্নমেন্ট চিফ্ হুইপ উত্থাপন করেছেন, আমি তার বিরুদ্ধে এবং বিরোধীপক্ষের মাননীয় সদস্যদের আনা সংশোধনী প্রস্তাবগুলোর পক্ষে সংক্ষেপে কয়েকটা কথা সম্মানীয়া মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি।

স্যার, আমাদের এই দেশটাতে এই প্রথা তো ৬০/৬২ বছর ধরেই চলছে—সরকার পক্ষের বক্তব্য সম্মানীয় রাষ্ট্রপতি বা রাজ্যপাল বলে থাকেন, আগামীদিনে সরকারের কাজের রূপরেখা কি হবে, কি কি কাজ করবেন তাই জানানো হয়। এই নিয়ে বিবাদ বিসম্বাদের তো কিছু নেই। কিন্তু কিছু গুরুত্বপূর্ণ পয়েন্ট উল্লেখ থাকে সেই বক্তৃতায়, যার মধ্যে দিয়ে তাকে সত্য বা বাস্তবায়িত করার একটা দায়-দায়িত্ব বর্তায়। আমি সেই প্রশ্নে মাননীয় রাজ্যপালের ভাষণের ২নং পৃষ্ঠার ৭নং পয়েন্টের প্রতি সম্মানীয়া মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে নিবেদন করতে চাই। এখানে লেখা ছিল, 'আমার সরকার সমস্ত নাগরিককে গণতান্ত্রিক অধিকার ও ব্যক্তি স্বাধীনতা ফিরিয়ে দেওয়ার জন্য এবং শ্রমজীবী জনগণের অধিকার রক্ষা করার জন্য কার্যক্রম গ্রহণ করবে। আমার সরকারের নীতি হল বিরোধীদলগুলি সহ সমস্ত রাজনৈতিক দলের এবং জনগণের সব গণতান্ত্রিক সংস্থার অধিকার দৃঢ়ভাবে সুনিশ্চিত করা। গত ৩৪ বছরে বিরোধীদের অধিকার যে রূপ পদদলিত করা হয়েছিল আমার সরকারের কার্যক্রমে তার অবসান ঘটবে। আমার সরকার রাজনৈতিক প্রতিশোধ গ্রহণ ও দমনের পথে হাঁটবে না।

সকলকে নিয়ে কাজ করা ও পরিবর্তনের রায়ে রাজ্যের পুনর্গঠনই আমার সরকারের মূল লক্ষ্য, সাধু অঙ্গীকার স্যার। আমি আন্তরিকভাবে সমর্থন করি একে বাস্তবায়িত করার প্রশ্নেই একটা দৃঢ় মানসিকতা এবং আন্তরিকতার প্রয়োজন। এই কারণে যে গত ৩রা জুন আমাদের বামফ্রন্টের পরিষদীয় দলের নেতৃবৃন্দ সম্মানীয় মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করে রাজ্যের যে সমস্ত জায়গায় তৃণমূল কর্মী সমর্থনকরা বিচ্যুতি করছেন, বিশৃঙ্খলা করছেন, আক্রমণ করছেন এই ব্যাপারে দাবি জানিয়েছিলেন। উনি বিষয়টি গ্রহণ করেছেন। সুনির্দিষ্টভাবে খুঁটিনাটি বিষয় লিখিত চেয়েছিলেন যা তার কাছে দেওয়া হয়েছে। আমি এই প্রশ্নে স্যার আমার জেলার কথা বলছি। আমার জেলা পশ্চিম মেদিনীপুর। নির্বাচনের ফল ঘোষণার পর থেকে তিনজন তো খুন হয়েই গেছেন। তার মধ্যে একজন ট্রাইবাল মানুষ আছেন, একজন লোধা মানুষ আছেন, একজন প্রাথমিক শিক্ষক আছেন। এমন মানুষ অত্যাচারিত হয়েছেন যার বয়স ৭৬ বছর। ক্যান্সারের রোগী। আমাদের দলের রাজ্য কমিটির সদস্য, তাঁর নাম শেখ ইসরায়েল। ৭৬ বছর বয়স। আর একজন আবদুর রহিম-এর হার্টে বাইপাস সার্জারি হয়েছিল, ৬৫ বছর বয়স। বাদল রাণা নামে একজন জেলা কমিটির সদস্য অত্যাচারিত হয়ে হাসপাতালে রয়েছেন। বামফ্রন্টের ৩৫৩ জন সদস্য কর্মী হাসপাতালে আছেন। ২৫৫ জন টি.এম.সি. কর্মীদের চাপে পুলিশের হাতে গ্রেপ্তার হয়েছেন। গণতন্ত্রের এই মন্দিরে স্যার গণতন্ত্রের শ্রাদ্ধ হবে না গণতন্ত্র রক্ষা পাবে সেটা নির্ভর করছে আপনার নেতৃত্বের উপরে। আমাদের ৮শো পার্টি অফিস বেদখল হয়ে গেছে। জোনাল অফিস, এল.সি. লেভেল অফিস, জোনাল কমিটি লেভেল অফিস, দুশো কুড়িটা পার্টি অফিস সশস্ত্রভাবে আক্রমণ করা হয়েছে। ২০টি লোকাল কমিটি অফিস, ৬০টি জোন অফিস পুলিশ টি.এম.সি. কর্মীদের সঙ্গে নিয়ে বিনা সার্চ ওয়ারেন্টে তল্লাশী চালিয়েছে। আমি আপনার কাছে বলতে চাই স্যার যে আমাদের জেলাতে তৃণমূল কংগ্রেস মিলিত জোট ৪৮ শতাংশ ভোট পেয়েছেন। বামফ্রন্ট ৪৪ শতাংশ ভোট পেয়েছেন। আর এটাই তো হয় সংসদীয় গণতন্ত্রে। ওই পাশ আর এই পাশ বদল হতে থাকে। কিন্তু বাংলা তো বাংলাতেই থাকে। বাঙালীর স্বার্থ তো তার জায়গাতেই থাকে। পরিবর্তনের স্লোগান দিলেন। কিন্তু যা ঘটছে আর এই রিপোর্টে যা আছে তা বাস্তবসঙ্গত নয়। বাস্তবের সঙ্গে তার সঙ্গতি নেই ; মিল নেই। অর্থাৎ নেত্রী যা নির্দেশ দিচ্ছেন সেই নির্দেশ তলাতে কার্যকর করার লোক নেই। নিয়ন্ত্রণ করার লোক নেই। এটাই তো আমরা বারবার বলতাম। এটাই আমরা বারবার বলতাম। যখন এইখানে ছিলেন আপনারা ৩০ জন, মাননীয় স্পীকারকে রক্ষা করার জন্য ১০ জন নিরাপত্তা কর্মী ওইখানে দাঁড় করিয়ে রাখতে হত। তখনও ঘন্টা নিয়ে বাঁশি নিয়ে এখানে আসতেন। আজ এতবড় সংখ্যাগরিষ্ঠতা নিয়েও নিজেরাই ধৈর্য্য হারাচ্ছেন ? উল্টো কথা আমাদের বলছেন। স্যার, আমি আর একটা দুটো কথা বলব। আপনি বলেছেন সংক্ষিপ্ত করতে সবাইকে সেটা স্মরণে রেখেই বলছি— অনেকগুলি কর্মসূচি আছে তাই বাংলা পিছিয়ে গেছে এই কথা মানা যায় না। কোনো একটা তথ্য বা পরিসংখ্যান থেকে হয়তো বলছেন। কিন্তু সেই তথ্য পরিসংখ্যান কতটা নির্ভরযোগ্য, কোন সংস্থা থেকে নেওয়া সেটা বিচার করার বিষয় আছে। (গোলমাল) হিন্দু পত্রিকা লিখছে আর বি আইয়ের বক্তব্য। রিজার্ভ ব্যাঙ্ক অফ ইণ্ডিয়া ভারত সরকারকে বলছে ওয়েক আপ

কল টু দ্য সেন্টার। কেন ? ৪৯ লক্ষ কোটি টাকা দেনা। চার লক্ষ টাকার বেশি ড্রেন হয়ে বাইরে চলে গেছে। খোঁজ রাখেন না। এখানে বক্তৃতা করেন। পশ্চিমবাংলাকে থার্ড ইকনমিক স্টেট বলা হয়। ৩০ হাজার কোটি টাকার অভ্যন্তরীণ বাজার তৈরি হয়েছে এই রাজ্যে। এই ভীত এই ক্রয়ক্ষমতার সৃষ্টি হয়েছিল বলেই বিগত দুটো বছর ২০০৯-১০ এবং ২০১০-১১ এই বাংলাতে ব্যবসায়ীরা লগ্নি করছেন ৮৪০০ কোটি টাকা, ১৫ হাজার ৫২ কোটি টাকা। মাননীয় শিল্পমন্ত্রী আছেন, ওঁনার দপ্তরে কাগজ আছে, দয়া করে দেখে নেবেন। এই কথা বলে এই প্রস্তাবের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[5.20–5.30 p.m.]

শ্রী তাপস রায় : মাননীয় স্পীকার মহোদয়, আমি ভারতীয় সংবিধানের ১৭৬ নাম্বার অনুচ্ছেদ অনুসারে পশ্চিমবাংলায় পঞ্চদশ বিধানসভায় প্রথম অধিবেশনে মহামান্য রাজ্যপাল শ্রী এম কে নারায়ণন ১৩ই জুন ২০১১-তে যে ভাষণ প্রদত্ত করেছেন তাকে সমর্থন করে মাননীয় সদস্য শোভনদেব চট্টোপাধ্যায়ের আনা ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবকে সমর্থন করছি এবং বিরোধীপক্ষের আনা সব কটি সংশোধনী বিরোধিতা করে স্বল্প সময়ের মধ্যে আমি আমার কয়েকটি কথা সকলের সামনে আপনার অনুমতি নিয়ে রাখছি। আমি অবাক হয়ে গেলাম এখানে বসে ভাবছিলাম যে মানুষ অভ্যাসের দাস। নতুন সদস্যরা তারা ভুল করে আমি বুঝতে পারি। কিন্তু পুরনো সদস্যরা এবং প্রাক্তন মন্ত্রীরা কেউ ১৫ বছর কেউ ২০ বছরের মন্ত্রী তারা যখন এই সোয়া নয় পৃষ্ঠার ভাষণটা ঠিকভাবে না পড়েন, এবং তারা যখন সংশোধনীকে ছাঁটাই প্রস্তাব বলেন এবং তারা যখন মাননীয় রাজ্যপালকে বলেন রেজ্জাক সাহেব থেকে আরম্ভ করে প্রবোধবাবু পর্যন্ত রাজ্যপালকে কটাক্ষ করেন এবং তারা বলেন যে মাননীয় রাজ্যপাল ভুল কথা বলেছেন। এটা অসত্য বলেছেন। ৩৪ বছরের পর আমি এর আগেও ১০ বছর এই সদনে ছিলাম। এই সভায় ছিলাম। ৩৪ বছর পরে এই প্রথম একটি সত্যনিষ্ঠ বস্তুনিষ্ঠ চিত্র সঠিক প্রতিবেদন রাজ্যপালের ভাষণে প্রতিফলিত হয়েছে। আপনারা কথা বলেন কেন ? কিছুদিন তো চুপ করে থাকতে পারেন ? মানুষ আপনাদের যেভাবে প্রত্যাখ্যান করেছে, আমার তো দুঃখ হয়, যে আমি আর রবীন্দ্রনাথের কবিতা বলার মানুষটাকে দেখতে পাচ্ছি না। আমি জীবনানন্দের ভুল কবিতা পাঠ আর শুনতে পাব না। আমি সুকান্তের কবিতা আর শুনতে পাব না। আমার দুঃখ হয় যে, আমি...ডক্টরেট-এর জাগলারী অফ স্ট্যাটিসটিক্স আমি শুনতে পারব না। আমার দুঃখ হয় যে লেনিন লেনিন ভাব যার মধ্যে ছিল, তার বক্তৃতা আর শুনতে পারব না। মনোনয়ন না পাওয়া, দাড়ি ছিল তার, নিজেকে কার্ল মার্কস ভাবত তার বক্তৃতাও আমি আর শুনতে পাব না। আমার দুঃখ হয়। কিন্তু যারা এখানে উপস্থিত হয়েছেন তারা কি বলবেন যে একটা সমীক্ষা আমি তুলে ধরব কেন না এরপরে মাননীয়া মুখ্যমন্ত্রী বলবেন, মাননীয় বিরোধী দলনেতা বলবেন। একটা সমীক্ষা হয়েছিল যেটা বেরিয়েছিল স্টেট অব স্টেটস যেটা ২৯শে নভেম্বর ২০১০-এ। ইণ্ডিয়া টু'ডে করেছিল। আপনারা অনেকেই অনেক কথা বললেন। আপনারা একথাও বললেন, আমরা ২৮৭, আপনারা তখন পার্সেন্টেজ খুঁজছেন। আর যখন ২৩৫, তখন তো পার্সেন্টেজের

কথা বলেননি ? কতটা পিছিয়ে ছিলেন তখন আপনারা ? আজকে পার্সেন্টেজ কযছেন ? কৃষিতে আজকে আমরা ১১, বাংলা এগিয়েছে ! বলছিলেন না কে ? নজমুল সাহেব ? রেজ্জাক সাহেব ? আনিসুর রহমানকে দেখতে পাচ্ছি না। সূর্যকান্তবাবু কোথায় গেলেন ? এই যে সুভাষ নস্করও বলছিলেন, প্রবোধবাবুও বলছিলেন। ১১ নম্বরে। প্রাথমিক স্বাস্থ্যে ১১, প্রাথমিক শিক্ষায় ১১, আর্থিক সমৃদ্ধি ১৩, পরিকাঠামো ১৩, ভোগপণ্য বাজারের বিস্তৃতিতে ১৪, আইন-শৃঙ্খলায় ২০, সার্বিক অগ্রগতিতে ১৪। এরপরেও আপনারা কথা বলবেন ? দুটো বছর চুপ করে থাকুন। মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে সহযোগিতা করুন। মা-মাটি-মানুষের সরকারকে সহযোগিতা করুন। আমি জানি, এর আগেও আমি শুনেছি, নির্বাচনের সময়ও শুনেছি, মা-মাটি-মানুষ নিয়ে গত তিনদিন ধরে ৬৫-৬৬ জন বলেছেন। আমাদের নেত্রী বলেছিলেন যে তিনি বিরোধীদের কথা শুনবেন, বেশি সময় দেবেন। পরিষদীয় মন্ত্রী এবং স্পীকার সাহেব ১৫ ঘণ্টার মধ্যে ৮ ঘণ্টা আপনাদের দিয়েছেন। ৭ আমাদের। ৮ আপনাদের ৬২ জনকে দিয়েছেন। কি বলবেন আপনারা ? কখনো দিয়েছেন ? এই সভায় কখনো দেখা গেছে ? বলুন আপনারা, যারা এখানে পুরনো সদস্য। আপনারা মা-মাটি-মানুষ নিয়ে কটাক্ষ করছেন ? মা-মাটি-মানুষ শুধু একটা রাজনৈতিক দলের স্লোগান নয়, মা-মাটি-মানুষ হচ্ছে একটা কমিটমেন্ট, মা-মাটি-মানুষ একটা প্রেস, মা-মাটি-মানুষ একটা বিশ্বাস, একটা লক্ষ্য, একটা আবেগ, একটা অনুভূতি। যে অনুভূতি ৩৪ বছর ক্ষমতায় থেকে সেই সূক্ষ্ম অনুভূতিগুলো আপনাদের ভোঁতা হয়ে গেছে। মা-মাটি-মানুষকে স্পর্শ করতে পারেননি। সেই কম্পন আপনারা হৃদয়ঙ্গম করতে পারেননি, শুনতে পারেননি। যিনি শুনতে পেরেছেন সেই মা-মাটি-মানুষের ডাক, মা-মাটি-মানুষদেরকে চিনেছেন, তিনি আজকে বাংলার মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায়। তাই আজকে আপনাদের ওইখানে অবস্থান, আর আমাদের অবস্থান এখানে। এটা খুব দুঃখের, এটা খুব পরিতাপের, এটা খুব লজ্জার বিষয়। আজকে তাই তিনি আন্দোলনের যে শপথ নিয়েছিলেন, আন্দোলনের শপথে তিনি বলেছিলেন, "সিঙ্গুর কৃষকদেরকে ফিরিয়ে দেবো।" তাই তো সিঙ্গুরের কৃষক বিল আপনাদের যন্ত্রণা দেয় এবং আপনারা মুখে বলতে না পারলেও বিল তখন গৃহীত হচ্ছে, হাউস ছেড়ে আপনারা চলে যান। লজ্জা করে না ? আপনারা কৃষকের দরদী ? কৃষকের দল ? আজকে তাই মা-মাটি-মানুষের কথা মাথায় রেখে সিঙ্গুর বিল এবং আমাদের আগামি দিনের বাংলার উন্নয়ন। মা-মাটি-মানুষকে মাথায় রেখেই প্রতিটি কর্মসূচি এবং প্রতিটি কর্মযজ্ঞ আমাদের থাকবে। আপনারা কোথায় রেখেছেন ? আজকে পশ্চিমবাংলায়—আমি আসি, এটা না বললে পরে বলাই কমপ্লিট হবে না। আপনারা যারা বলছেন, তারা বাংলাটাকে কোথায় রেখে গেছেন। আর্থিক ঘাটতি। আয় বাড়াননি। আজকে ২ লক্ষ ৩ হাজার ৪৮৮ কোটি টাকা দাঁড়াবে। এর মধ্যে ৩১শে মার্চ পর্যন্ত ১ লক্ষ ৮৫ হাজার ৬০.৪৭ টাকায় পৌঁছে গেছে। কি বলবেন আপনারা ? কি বলবেন মাননীয় বিরোধী দলনেতা ? এটা কি আপনাদের পাপের প্রায়শ্চিত্ত বাংলার মানুষকে করতে হচ্ছে না ? আমাদের করতে হবে না ? আর মাননীয়া মুখ্যমন্ত্রীকে আজকে তার জন্য ছুটতে হচ্ছে না ? দৌড়োতে হচ্ছে না ? ৯ হাজার কোটি টাকা, ৯ হাজার কোটি টাকা আপনারা এবারে ২০১১-১২ আর্থিক বছরে ঘাটতির সম্মুখীন হবেন। আর ৩

হাজার কোটি টাকা আপনাদের ঘাটতি হবে, যেখানে আপনারা মানব উন্নয়নের ক্ষেত্রে প্রয়োজনের তুলনায় কম বরাদ্দ করেছেন। কেন ? কেন করতে হল এই কম বরাদ্দ ? কোথায় কোথায় কম বরাদ্দ করেছেন আপনারা ? তারপরেও আপনি উঠে দাঁড়িয়ে এখন বক্তৃতা করবেন, করে বলবেন। পরিবার কল্যাণ, খাদ্য সরবরাহ, স্বাস্থ্য, সংখ্যালঘু বিষয়ক—এই সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষরা বক্তৃতা করছিলেন আপনাদের দলের। সংখ্যালঘু, বিদ্যালয় শিক্ষা, জনস্বাস্থ্য কারিগরি, পরিবহণ, নগরোন্নয়ন, নারী-শিশু উন্নয়ন এর মধ্যে অন্তর্ভুক্ত নয় ? আজকে ম্যাগনিচিউড্ অফ ডেথ, জানেন তো আপনি। কোথায় গিয়ে দাঁড়িয়েছে ? পার ক্যাপিটা ২১ হাজারেরও বেশি, যেটা হাইয়েস্ট ইন্ দ্য কান্ট্রি, হাইয়েস্ট ইন্ দ্য কান্ট্রি। ইয়েস, অফ কোর্স। আপনি বলবেন আপনার সময়, ঘাড় নাড়লে তো চলবে না। স্বাস্থ্যটার ১০ বছর আপনি সর্বনাশ করেছেন, পঞ্চায়েত সর্বনাশ করেছেন, এবার পরিষদীয় দলটার সর্বনাশ হবে। আপনার নেতৃত্বে বিরোধী দলের ভূমিকা, সেটাও আমরা দেখব।

[5.30–5.40 p.m.]

রেভিনিউ ডেফিসিট ১৬ হাজার কোটি টাকা, রেভিনিউ ডেফিসিট ১৬ হাজার কোটি টাকা অ্যাকর্ডিং টু আর.বি.আই.। আপনি সেটা কী বলবেন ? আপনাদের কাছে কোনো উত্তর আছে ? That is also highest in India, That is also highest in our country. আপনি কী কথা বলবেন ? তাই আপনারা যখন কথা বলেন, তখন মার্ক্স কবরে নড়ে, আর আপনারা যখন বলেন তখন লেনিন ক্রন্দন করে, বেঁচে থাকলে এসে বলত তোরা দয়া করে বাবা আর যাই করিস নিজেদেরকে কমিউনিস্ট বলিস না। আপনারা খুশি, আনন্দিত যে মানুষগুলো আর বেঁচে নেই। আজকে কোথায় এনে আপনারা দাঁড় করিয়েছেন সে কথা ভাবতে হবে। আপনারা এখানে বললেন যে মানুষ মারা যাচ্ছে। দুঃখের, যে মানুষই মারা যাক। আমাদের দলের যিনি নেত্রী, দলের সুপ্রিমো মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় দুভাবে দলের রাজ্যস্তরে, জেলাস্তরে, ব্লকস্তরে নির্দেশ দিয়েছেন, কঠিন নির্দেশনামা দিয়েছেন প্রতিটি এম.এল.এ.কে, প্রতিটি নেতাকে, প্রতিটি দলের নেতৃত্বকে এবং যাঁরা উঠে এসেছেন বিভিন্ন জনপ্রতিনিধি হিসাবে এবং এস.পি., ডি.এম. থেকে শুরু করে সার্কুলেট করেছে ডাউন টু দা গ্রাসরুট লেভেল, সেটাও থানা পর্যায় পর্যন্ত। কিন্তু শুধু আপনাদের মারা গেছে ? ১৬ জুন এ পর্যন্ত মারা গেছে—১৪ই মে থেকে ১৬ই জুন পর্যন্ত যার মধ্যে সি.পি.এমের ৮ জন, আমি দুঃখিত, আমি দুঃখ প্রকাশ করি, এ মৃত্যু যেন কালকের পর থেকে আর না ঘটে, আমাদের সকলকে সেটা দেখতে হবে। টি.এম.সি.-র ৬ জন, আই.এন.সি.-র ২ জন, এবং গোর্খা মুক্তিমোর্চার ১ জন। কই তাদের কথা তো আপনারা বললেন না ? আমি তো দুঃখ প্রকাশ করছি, আমার যে বন্ধুরা মারা গেছে তার জন্য, পাশাপাশি সি.পি.এম.-এর যে বন্ধুরা যে বামপন্থী বন্ধুরা মারা গেছে তাদের জন্যও দুঃখ প্রকাশ করছি। কিন্তু যে নরকঙ্কালগুলো পাওয়া যাচ্ছে ? যে নরকঙ্কালগুলো পাওয়া যাচ্ছে, যে অস্ত্র উদ্ধার হল, যে নরকঙ্কালগুলো পাওয়া যাচ্ছে সেগুলো আমাদের ভাই-বোনেদের নরকঙ্কাল। সেগুলো পুঁতে রেখেছেন। কোথায় আপনার সুশান্ত ঘোষ ? কেন সে হাউসে উপস্থিত নেই ? গত কয়েকদিন ধরে

কেন তাঁকে দেখতে পাওয়া যাচ্ছে না ? গ্রেফতারের ভয়ে ? আজকে তাই নরকঙ্কালগুলো আমাদের ভাই-বোনেদের নরকঙ্কাল, সাংকেতিক, প্রতীকী। ওই নরকঙ্কালগুলো আপনাদের রাজনৈতিকভাবে কঙ্কালসার চেহারায় পরিণত করবে তার জন্য আপনারা অপেক্ষা করুন। আপনাদেরকে তাই আমি বলি আসুন আমরা একসঙ্গে সকলে মিলে আগামী দিনে আমাদের সাধের, স্বপ্নের, সুখের, সমৃদ্ধির বাংলাকে গড়ে তুলি। আমরা মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায়ের পাশে আসুন, আমরা দল, মত, ধর্ম, বর্ণ নির্বিশেষে ৩৪ বছরের পিছিয়ে যাওয়া বাংলাকে চলুন আমরা আগামী দিনে আস্তে আস্তে ধীরে ধীরে মুখ্যমন্ত্রী যে পরিশ্রম করছেন, যে সময় দিচ্ছেন, তিনি যা অ্যাড্রেস করছেন তার দিকে আমরা সকলে সময় দিয়ে আমরা সহযোগিতার হাত বাড়িয়ে দিই। এই বলে আমার বক্তব্য শেষ করছি। নমস্কার, ধন্যবাদ।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় স্পীকার স্যার, পশ্চিমবঙ্গের রাজ্যপাল এম.কে. নারায়ণন যে ভাষণ পাঠ করেছেন এখানে, সেই ভাষণকে অভিনন্দন জানিয়ে যে প্রস্তাব এই বিধানসভায় সকল সদস্যর পক্ষে আমি এনেছিলাম, তারই স্বপক্ষে দু-একটি কথা আমি এখানে রাখছি। গত তিন দিন ধরে এই বিধানসভায় বিভিন্ন রাজনৈতিক দলের বক্তারা বক্তব্য রেখেছেন, আমরাও সকলের বক্তব্য খুব ভালোভাবে শুনেছি। আমি আগে এখানে সূর্য্যবাবু আছেন, তাঁকে জিজ্ঞাসা করতে চাই যাঁরা এই ভাষণের উপর ধন্যবাদসূচক প্রস্তাবের বিরোধিতা করলেন, কেউ অর্ধেক বিরোধিতা করলেন, কেউ আবার কিছুটা বিরোধিতা করলেন, কিছুটা পক্ষে বললেন। অ্যাকচুয়ালি যদি বিরোধিতা করেন তাহলে সবটাই বিরোধিতা করেছেন, আর না হলে বিরোধিতা না করলে সমর্থন করেছেন। কিন্তু এই বামফ্রন্ট নামক যে বস্তুটি সেটি কি ঐক্যবদ্ধ আছে এখনও ? এই বিরোধ পরাজয়ের পরেও আপনারা সকলে কি একমত এই ভাষণটি নিয়ে ? আমার এটা শুনে মনে হয়নি। কেউ বললেন সমর্থন করছি, কেউ বললেন সমর্থন করতে পারছি না। কেউ বললেন অর্ধেক সমর্থন করছি। যাই হোক, আমাদের একটা গল্প জানা আছে। যে এক চাষির গরু হারিয়ে গিয়েছিল। সে গরু হারিয়ে যাবার পর, সে সারাদিন গরু খুঁজে যখন বাড়িতে এল, তখন তার স্ত্রী তাকে জিজ্ঞাসা করল এতক্ষণ কোথায় ছিলে ? সে বলল, আর বলোনা সারাদিন গরু খুঁজে বেড়াচ্ছি। তারপর ছেলে জিজ্ঞাসা করল, যে বাবা কোথায় ছিলেন সারাদিন ? আর বলিস না সারাদিন গরু খুঁজে বেড়াচ্ছি ? আমার ধারণা আপনাদের সেই গরু হারিয়ে যাওয়ার মতো অবস্থা হয়েছে। রাজ্যপালের ভাষণের উপর কী বলবেন সেটা এখনও পর্যন্ত ঠিক করে উঠতে পারেননি। যাই হোক, আমি দেখলাম আপনাদের খুব উষ্মা প্রকাশ পাচ্ছে। মা-মাটি-মানুষ এই কথাটার উপরে। মা-মাটি-মানুষ কথাটার উপর উষ্মা প্রকাশের কোনো যুক্তিসম্মত কারণ আমি খুঁজে পাচ্ছি না। কারণ, বিগত পশ্চিমবাংলায় মানুষ একটি স্বাধীনতার যুদ্ধ চালাচ্ছিল। আজকের যিনি মুখ্যমন্ত্রী, মাননীয়া মমতা ব্যানার্জ্জীর নেতৃত্বে। ভারতবর্ষ স্বাধীনতা যুদ্ধ করে ১৯৪৭ সালে স্বাধীনতা পেয়েছিল। বাংলাদেশ স্বাধীনতার যুদ্ধ করেছে, মুক্তিযুদ্ধ করে বাংলাদেশ স্বাধীন হয়েছিল। আর পশ্চিমবাংলায় স্বৈরাচারী শাসনের বিরুদ্ধে, পশ্চিমবাংলার মানুষ যে

লড়াই করেছিল, আজকে মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জ্জীর নেতৃত্বে, ২০১১ সালের মানুষ সেই মুক্তিযুদ্ধে জয়লাভ করেছে। সেই জয়লাভ তৃণমূল করেনি। সেই জয়লাভ কংগ্রেস করেনি। সেই জয়লাভ এস.ইউ.সি.আই. করেনি। সেই জয়লাভ জনমুক্তি মোর্চা করেনি। সেই জয়লাভ করেছে বাংলার মা-মাটি-মানুষ। তাই সেই মা-মাটি-মানুষের সরকার আজকে পশ্চিমবাংলায় প্রতিষ্ঠিত হয়েছে। এটা উপলব্ধির ব্যাপার, এটা হৃদয়ের ব্যাপার, হৃদয় দিয়ে উপলব্ধি করবার প্রয়োজন ছিল। যে মা-মাটি-মানুষের সরকার বলার জন্যে নারানদার মতো সিনিয়ার মানুষ থেকে শুরু করে, অনেকেই উষ্মা প্রকাশ করেছেন। কারণ এই মাটিটাকে মার্কসবাদী কমিউনিস্ট পার্টি কখনো মা বলে ভাবেনি। একসময় রাশিয়ার ইঙ্গিতে চলেছেন, চিরদিন বৈদেশিক ইঙ্গিতে চলেছেন। কোনোদিন ভারতবর্ষের মাটিকে মা বলে ভাবতে পারেননি। তাই মা শব্দে এত আপত্তি, মাটি শব্দে এত আপত্তি, মানুষ শব্দে এত আপত্তি। আপনারা গণতন্ত্রের কথা বলছিলেন। আপনারা গণতন্ত্রের কথা বলছিলেন। রাজ্যপালের ভাষণের নয় নাম্বার অনুচ্ছেদে বলা আছে এই সরকার যত রাজনৈতিক হত্যা, কারাগারে হত্যা, অত্যাচার, সর্বোচ্চ পর্যায়ের দুর্নীতি ও জনগণের দুর্দশার সমস্ত অপরাধ সংগঠিত হয়েছে সেগুলির তদন্ত করবে। আমাদের রাজ্যের মুখ্যমন্ত্রী যিনি আছেন তিনি জানেন, তিনি লড়াই করেছেন দীর্ঘদিন ধরে, তাকে নতুন করে বলার দরকার নেই। কিন্তু আমরা চাই, বাংলার মানুষ চায় যে মরিচঝাঁপিতে যেখানে দু হাজার মানুষ কোথায় হারিয়ে গিয়েছিল আজও কেউ জানে না। কিছু মানুষকে কুমীরে খেয়েছে, কিছু মানুষকে কামটে খেয়ে নিয়েছে আর বাদবাকি মানুষকে গুলি করে হত্যা করেছিল সেদিনের যুক্তফ্রন্ট সরকার। বাড়িতে আগুন জ্বালিয়ে দিয়েছিল, গরিব উদ্বাস্তু মানুষের বাড়িতে আগুন জ্বালিয়ে দিয়েছিল—তার তদন্ত হোক। কারা সেদিন সেই ঘটনা সংগঠিত করেছিলেন, কারা সাঁইবাড়ি হত্যাকান্ড সংগঠিত করেছিলেন—তার তদন্ত হোক। ছোট আঙারিয়া থেকে শুরু করে, নানুর, আনন্দমার্গী হত্যা, সিঙ্গুরের হত্যা, নন্দীগ্রামের হত্যা, নেতাই হত্যার নতুন করে তদন্ত হোক। তদন্ত হোক বানতলা এবং বিরাটিতে যে মালিকদের উপরে অত্যাচার হয়েছিল তার বিরুদ্ধে। তদন্ত হোক আমরা এটা চাই। আমি দুটো ঘটনার কথা উল্লেখ করব আপনাদের কাছে। বড় মর্মন্তুদ ঘটনা। আমাদের মুখ্যমন্ত্রী তখন যুব কংগ্রেস করতেন। সাতগাছিয়া, তৎকালীন মুখ্যমন্ত্রীর কেন্দ্র ছিল। সেই কেন্দ্রের একজন তরুণকে একটি গাছের ডালে, গাছের সঙ্গে বেঁধে এই মার্কসবাদী কমিউনিস্ট পার্টির কশাই বাহিনী তার মুখের মধ্যে জীবন্ত কই মাছ পুরে দিয়েছিল। আর সেই মানুষটা দগ্ধে দগ্ধে মারা গিয়েছিল। সেদিন কেউ ছুটে যায়নি। যিনি গিয়েছিলেন তাঁর নাম মমতা ব্যানার্জ্জী। এটা মনুষ্যত্বের কথা, এটা মানবিকতার কথা। আর একটি ঘটনার কথা উল্লেখ করব, মেদিনীপুরের আদিকান্ত দলুইয়ের কথা। আপনাদের লোকেরা গিয়ে একটি ফল্‌স মাস্টার রোল দিয়েছিল তাঁকে সই করার জন্য। বি.ডি.ও.-র স্টাফ ছিলেন তিনি। সে বলেছিল এ অন্যায়, আমি সই করতে পারব না। এরা কেউ কাজ করেনি, মাস্টার রোলে এদের ভুল নাম ছিল। আমি সই করব না। তার জন্য আদিকান্ত দলুইকে মার্কসবাদী কমিউনিস্ট পার্টির গুণ্ডাবাহিনী তাঁকে বি.ডি.ও. অফিস থেকে টেনে বার করে এনে একটা বস্তার মধ্যে ভরে, তার গায়ে কেরোসিন তেল ঢেলে, পুলিশের সামনে তাকে জীবন্ত পুড়িয়ে

মেরেছিল। তার স্ত্রী পুলিশকে বলেছিল, তোমরা আমার স্বামীকে বাঁচাও। সেদিন জ্যোতিবাবুর পুলিশ বলেছিলেন, ওটা মানুষ নয়। ওটা কুকুর। আমরা জানি মার্কসবাদী কমিউনিস্ট পার্টি মানুষকে কুকুর হিসেবে দেখেছিল, আজকে মানুষ তাদের সেই শিক্ষা দিয়ে ওইখানে পাঠিয়ে দিয়েছে যে, মানুষ কুকুর হয় না মানুষ মানুষ হয়। আমি আপনাদের কাছে আর একটি দু'টি কথা বলব, সেটা হল এই যে, এই ভাষণে আপত্তির কি আছে ? এই ভাষণে বলা হয়েছে যে, সরকার একটি এমপ্লয়মেন্ট ব্যাঙ্ক করবেন। এখানে একজন তরুণ সদস্য বলছিলেন যে, এমপ্লয়মেন্ট ব্যাঙ্ক কেন হবে। আপনাকে শিখতে হবে, তাহলে ল্যান্ড ব্যাঙ্ক কেন হবে ? এই ল্যান্ড ব্যাঙ্ক নিয়ে তো আপনারাও কথা বলেছেন। ল্যান্ড ব্যাঙ্ক হতে পারে এমপ্লয়মেন্ট ব্যাঙ্ক হতে পারে না ? আসলে মাথাটাকে আর একটুখানি পরিষ্কার করতে হবে। একবার মিশন চাই একবার ভিশন চাই। বামফ্রন্টের না আছে মিশন না আছে ভিশন। তাই মানুষ আপনাদের আস্তাকুঁড়ে নিক্ষেপ করেছে। আর যত বিরোধিতা করবেন এই বইয়ের এই বক্তব্যের সঙ্গে আসতে আসতে আরো সংক্ষিপ্ত হয়ে যাবেন, আরো ছোটো হয়ে যাবেন। এর প্রত্যেকটি বক্তব্যে কোথায় অসুবিধা আছে ? বি পি এল তালিকাভুক্ত মানুষদের নিখরচায় বিদ্যুৎ দেওয়া হবে। আপত্তি আছে আপনাদের ? বিরোধী দলনেতা, বিরোধী দলনেতা দাঁড়িয়ে বলবেন যে, বি পি এল তালিকাভুক্ত মানুষকে বিদ্যুৎ দেওয়ার কথা বলা হচ্ছে এর মধ্যে আপনার আপত্তি আছে ? ৪৬০০০ শিক্ষক নিয়োগ করবেন বলেছেন আপনার আপত্তি আছে ? আপনার আপত্তি আছে ? যে, এখানে রাজনৈতিক বন্দি যারা আছে, যাদের বিনা বিচারে আটকে রেখে দেওয়া হয়েছে, তাদেরকে মুক্ত করে দেওয়া হবে। তার জন্য কমিটি হয়েছে, ল্যান্ড ব্যাঙ্কের জন্য কমিটি তৈরি হয়েছে, এর কোথায় আপত্তি আছে ? একটা লাইনও এর মধ্যে নেই যেখানে আপনার আপত্তি আছে। অথচ শুধু রাজনৈতিক কারণে আপনারা আপত্তি করছেন। তাই আপনাদের আনা সংশোধনীর বিরোধিতা করে এই ধন্যবাদসূচক প্রস্তাবের পক্ষে বক্তব্য রেখে আমার বক্তব্য শেষ করলাম।

[5.40–5.50 p.m.]

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি মাননীয় রাজ্যপাল শ্রী এম কে নারায়ণন এই সভায় যে ভাষণ দিয়েছেন এবং তার জন্যে এখানে যে ধন্যবাদ প্রস্তাব উত্থাপিত হয়েছে তার বিরোধিতা করে এবং আমাদের বিরোধী পক্ষের থেকে যে সমস্ত সংশোধনী আনা হয়েছে সেগুলি সমর্থন করে কয়েকটা কথা সংক্ষেপে নিবেদন করতে চাই। তবে আমার প্রথমে বোধহয় বলা উচিত হবে স্যার, আমি আপনার মাধ্যমে সরকারি মুখ্যসচেতক শ্রী শোভনদেব চট্টোপাধ্যায়কে বলতে চাই যে, সত্যি সত্যি আমাদের গরু হারিয়ে গেছে। কিন্তু গরুটা যে কি করে আপনার কাছে গিয়ে পৌঁছল সেইটা খালি বুঝতে পারছি না। আমি স্যার, এইজন্য এইটা বলছি যে, আপনার এই হাউসে, (নয়েজ) হাউসের এতদিনের একটা প্রথা ছিল যে মুভার অফ দি রেজোলিউশান, রাজ্যপালকে ধন্যবাদ জানাবেন। তারজন্য এখানে প্রস্তাব আনতে হয়, বিতর্ক হয় এবং যিনি রেজোলিউশান মুভ করেছেন, প্রস্তাব যিনি এনেছেন, তিনি জবাবী ভাষণ দেবেন। জবাব তো আপনার দেওয়ার কথা ছিল। আপনি আগে

বললেন। এটাও দেখছি অনেক কিছু নতুন শিখতে হবে, পরিবর্তন অনেক কিছু হচ্ছে, তার মধ্যে এটাও একটা। আমি এই জন্যই বিরোধিতা করছি, তার জন্য আমাদের যা সংশোধনী আছে আমি আপনাদের বলতে চাই মাননীয় স্পীকার স্যার, সেই সংশোধনীগুলি নিয়ে আমাদের ডিভিশান চাইতে হবে। আপনি নিশ্চয় সেই ব্যবস্থা নেবেন। এটা সেই সংশোধনীগুলো বলে দেবে যে কেন আমরা ডিভিশান চাইছি। আর তখন উনি বুঝতে পারবেন বামফ্রন্ট আছে কি নেই, সেটা আগের চাইতে দুর্বল হয়েছে কি শক্তিশালী হয়েছে, তখন উনি তার জবাব পাবেন। কিন্তু আমি কেন আনতে চাচ্ছি, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীকে কয়েকটা বিষয়ে তাঁর নজরে আনতে চাই, এবং কয়েকটা বিষয়ে আমি আশা করি তাঁর কাছ থেকে সুনির্দিষ্টভাবে সদুত্তর পাওয়া যাবে বা আমরা প্রত্যাশা করি ইতিবাচক সাড়া পাওয়া যাবে। এবং তার উপরে নির্ভর করবে যে, এই সংশোধনীগুলি তারা গ্রহণ করছেন কি গ্রহণ করছেন না। প্রথম কথা হচ্ছে এটাই যে, এটা ঠিক যে এই নির্বাচনে আমরা পরাজিত হয়েছি এবং বিরোধী পক্ষে বসেছি। কিন্তু আমি আবারও বিনীতভাবে মনে করিয়ে দিচ্ছি, সব শেষ হয়ে যায়নি, বামফ্রন্ট আছে। ৩৪ বছরে আমাদের দেশের ইতিহাসে যা নেই, পৃথিবীর সংসদীয় গণতন্ত্রের ইতিহাসে যা নেই, ৩৪ বছরের বামফ্রন্টে সরকারের যে অবস্থান, সেই ইতিহাস ও তার অভিজ্ঞতা চিরকাল তা লিপিবদ্ধ থাকবে। তার সাফল্য তার অভিজ্ঞতা কেউ মুছে দিতে পারবে না। আমি খালি বিনীতভাবে এই কথাও স্মরণ করিয়ে দিতে চাই যে ১ কোটি ৯৬ লক্ষ নির্বাচকমণ্ডলীর সদস্যরা বামফ্রন্টের পক্ষে ভোট দিয়েছে, ৪১ শতাংশ ভোট আমরা পেয়েছি। আর সরকার পক্ষের জোট তাঁরা পেয়েছেন ৪৮ শতাংশ ভোট। তাঁরা বেশি ভোট পেয়ে সরকার গড়েছেন এবং তাঁরা সরকার চালাবেন। এবং আমরা বলেছি যে আমরা এই রায় মেনে নিয়ে সরকার যে সমস্ত ইতিবাচক জনস্বার্থবাহী নীতি গ্রহণ করবেন আমরা তাকে সমর্থন জানাব। জনবিরোধী নীতির সেগুলির বিরোধীতা করবার অধিকার অবশ্যই আমরা তা প্রয়োগ করব। আমি মাননীয় মুখ্যমন্ত্রী কালকে আমাদের মাননীয় পরিষদীয় মন্ত্রী লিডার অফ দি হাউস তিনি কালকে একদফা জবাবী ভাষণ দিয়েছেন এবং সেখানে তিনি বলেছেন মুখ্যমন্ত্রীর সঙ্গে আপনারা দেখা করতে চেয়েছিলেন, তিনি সঙ্গে সঙ্গে তারিখ দিয়েছেন। দিয়েছেন—ধন্যবাদ জানাচ্ছি মুখ্যমন্ত্রীকে। পার্থক্য হচ্ছে এটাই যে মুখ্যমন্ত্রীর সঙ্গে আমরা দেখা করতে গিয়েছিলাম, দেখা করে কথা বলেছি। এর পরে যদি উনি ডাকেন, যাব, কথা বলব। না ডাকেন তো যাব না। যদি আমার কিছু বলার থাকে আবার নিশ্চয় অ্যাপয়েন্টমেন্ট চাইব। কিন্তু পার্থবাবুর তাদের মুস্কিল হচ্ছে যে তাঁদের আমরা যখন ডাকতাম ওঁরা আসতেন না। এটাই হচ্ছে পার্থক্য আর কি। যাই হোক, আমি যখন মুখ্যমন্ত্রীর কাছে গিয়েছিলাম তখন মুখ্যমন্ত্রীকে আমি বলেছি যে আমাদের তিন তারিখ পর্যন্ত, দুই তারিখের আগে পর্যন্ত যে খবরাখবর ছিল সেটা নিয়ে আমরা আমাদের একটা স্মারকলিপি দিয়েছিলাম। আমি দুঃখিত যে তারপরেও এখনো খুন, আক্রমণ, সন্ত্রাস এইসব ঘটনাগুলি যা ঘটছে রাজ্যজুড়ে, সেগুলি কমেনি, বাড়ছে। বাড়ছে। প্রত্যেকদিন বাড়ছে। মাননীয় সদস্য শ্রী তাপস রায় বলছিলেন, ১৬ জন খুন হয়েছেন, আমার মনে হয় বেশি। কারণ তিনি যা বললেন অন্যান্য দল ইত্যাদি নিয়ে বামফ্রন্টের ১৬ জন কর্মী খুন হয়েছেন। এবং শেষ হচ্ছে এই

ঘটনায় ঝাড়গ্রামের পাটাশিমূলে হয়েছে এবং সবর সম্প্রদায়ের মানুষ প্রিমিটিভ ট্রাইব, বড় ভাই, ছোট ভাই দুইজন তাদের মারা হয়। এবং বড় ভাই-এর সামনে ছোট ভাইকে পিটিয়ে মেরে ফেলা হয় আর তাকে বাধ্য করা হয় তাকে চিতায় পোড়াতে। বলা হয় তোমাকে চিতায় আগুন দিতে হবে এবং ২৪ ঘণ্টা সেই খবর পাওয়া যায়নি। ২৪ ঘণ্টা পরে, সরকার-প্রশাসন, পুলিশ কর্তারা জেনেছে। (গোলমাল) আপনারা যখন বলেছেন, আমি একটাও কথা বলিনি। (গোলমাল) এই রকম হলে আমায় বসে পড়তে হবে। এই রকম, ১৭ জন ছাড়া ; আহত হয়েছেন, হাসপাতালে আছেন অনেকে।

[5.50–6.00 p.m.]

....(গোলমাল).....

৬১৭ জন হাসপাতালে আছেন। আর মহিলাদের ওপর আক্রমণ, শ্লীলতাহানির ঘটনা ১৮৯ জন। পার্টি অফিস ভাঙচুর ৬২৮। দখল হয়েছে ১৯৩টি পার্টি অফিস। আমি বলেছিলাম ঘরছাড়া ৭ হাজার, যখন মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করি। এখন হয়েছে ১১ হাজার ২১৩ জন যারা আমাদের আশ্রয়ে....

....(গোলমাল)

৪০ হাজার আমাদের মাননীয় সদস্যরা বলেছেন। অর্থাৎ এই ১১ হাজারের সঙ্গে যুক্ত অনেক মানুষ যাদের বাড়ি ছেড়ে চলে যেতে হয়েছে কোনো আত্মীয়ের বাড়ির কাছে। যারা আমাদের কাছে আশ্রয়ের জন্য আসেনি। মিথ্যা মামলায় আমাদের শতাধিক কর্মীকে গ্রেপ্তার করা হয়েছে। ৩৫৪ জন—যেগুলো অভিযোগ দায়ের করা হয়েছে—এগুলো আমি বলছি। ৫৪ জন পাট্টাদার, বর্গাদার, তাদের জমি থেকে উচ্ছেদ করা হয়েছে। হাজার হাজার মানুষকে জরিমানা করা হচ্ছে এবং সাজানো অস্ত্র উদ্ধারের নাটক তৈরি করা হচ্ছে।

....(গোলমাল)....

আমি মাননীয়া মুখ্যমন্ত্রীকে আপনার মাধ্যমে বলতে চাই, আমাদের প্রত্যাশা আমি তখনও বলেছিলাম, আজকেও আবার বলছি যে কেন সরকার পারবে না সাতদিনের মধ্যে খুনিদের গ্রেপ্তার করতে। তারা যে কোনো দলেরই হোক না কেন, যারা খুনি হয়েছে, তাদের গ্রেপ্তার করতে হবে। ...(গোলমাল) দুই, কেন সরকার পারবে না এই হাজার হাজার ঘরছাড়া মানুষদের ঘরে ফেরাতে। ...(গোলমাল)... স্যার পারবেন কি পারবেন না সেটা মুখ্যমন্ত্রী বলবেন। এদের কাছ থেকে আমাকে শুনতে হবে ? সাতদিনের মধ্যে কেন এটা সম্ভব হয় ঘরছাড়া যারা তারা ঘরে ফিরে যাবে, একটা নিরাপত্তার পরিবেশ তৈরি হবে। এবং অফিসগুলো যেগুলো দখল করা হয়েছে সেখানে অফিসগুলোতে কাজ করতে পারবে যাদের কাজ করার কথা।

....(গোলমাল)....

আমি বলতে চাই এটাই যে এইসব বিবরণ, কারা কারা ঘরছাড়া, তার গ্রাম, তার নাম, তার ঠিকানা—আমি তিনটি জেলার তালিকা মাননীয়া মুখ্যমন্ত্রীকে দিয়ে এসেছি। সমস্ত কিছু এই

জেলা প্রশাসন জানে। তাদের কাছে তালিকা আছে। থানা, প্রশাসন পর্যন্ত জানে, ব্লক প্রশাসন পর্যন্ত জানে। তাদের কাছে তালিকা আছে। সরকারে আছে, আর তালিকা আমাদের দিতে হবে ? সরকার জানে না যে কোথায় হয়েছে—সরকার নিশ্চিতভাবে জানে। এইজন্যে তারা এই ব্যবস্থা নিতে পারেননি।

....(গোলমাল)....

তিন নম্বর, ৫নং অনুচ্ছেদ পর্যন্ত যা যা বলা হয়েছে আমি সেইসব কথাগুলো বলছিলাম। আমি সব অনুচ্ছেদে যাচ্ছি না। সব অনুচ্ছেদ নিয়ে যে আমার বিতর্ক আছে এমনটি নয়। কিন্তু যেখানে আমার বিরোধিতা সেখানে আমাকে বলতে হবে। রাজ্যের অর্থ ব্যবস্থা নিয়ে অনেক বক্তৃতা হয়েছে এখানে। এটা ঠিক যেটা লেখা হয়েছে এখানে, একেবারে ঠিক কথা। ২০১১ সালের ৩১শে মার্চ পর্যন্ত ১,৮৫,৬৬০.৪৭ কোটি টাকা, এটা হচ্ছে ঋণ, আমাদের রাজ্যের ঋণ। কিন্তু রিজার্ভ ব্যাঙ্কের কাছে যে তথ্য আছে তার থেকে দেখা যাচ্ছে যেখানে আমাদের ছিল ১ লক্ষ ৮৫ হাজার ৬০৭ কোটি ৪৭ পয়সা, সেই সময় মহারাষ্ট্রের ছিল ২ লক্ষ ৩৬ হাজার কোটি টাকা, উত্তরপ্রদেশের ছিল ২ লক্ষ ৩৫ হাজার কোটি টাকা, অন্ধ্রপ্রদেশের-গুজরাটেরও সেই একই অবস্থা। এইভাবে সমস্ত রাজ্যের মোট পুঞ্জীভূত ঋণের পরিমাণ ছিল ৩৯ হাজার কোটি টাকা।

(নয়েজ)

মিঃ স্পীকার : দয়া করে ওনাকে বলতে দিন, allow him to speak.

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : আমি কি মাননীয়া মুখ্যমন্ত্রীকে অনুরোধ করতে পারি, দিল্লির কাছে যেটা আমাদের পাওনা, সুপ্রীম কোর্ট যে ব্যাপারে রায় দিয়েছে, সেই কয়লার রয়ালটি বাবদ আমাদের পাঁচ হাজার কোটি টাকা যা পাওনা, সেই পাঁচ হাজার কোটি টাকা কি আপনি দিল্লির কাছে চাইবেন। মাননীয়া মুখ্যমন্ত্রী কি সার্ভিস ট্যাক্সের ব্যাপারে কেন্দ্রীয় সরকারকে বলবেন ?

(নয়েজ)

লোকসভা নির্বাচনের সময়ে তৃণমূলের ইস্তাহারে লেখা ছিল, রাজ্যগুলোর কাছ থেকে কেন্দ্র যে কর বা রাজস্ব আদায় করে তার পঞ্চাশ শতাংশ রাজ্যগুলোকে ফেরত দিতে হবে। যে কথা তাদের নির্বাচনী ইস্তাহারে লেখা ছিল সেই ব্যাপারটা নিয়ে তারা কি দিল্লির কাছে দরবার করবেন ? যদি সেই দাবি নিয়ে আপনারা দিল্লির কাছে যান তাহলে একশো ভাগ আপনার সঙ্গে আমরা থাকব। যদি এইগুলো আপনারা দিল্লির কাছ থেকে আদায় করতে পারেন তাহলে কোনো ঘাটতি আপনার থাকবে না।

মাননীয় রাজ্যপালের ভাষণের ৯ নম্বর অনুচ্ছেদে আপনারা সরকার যেসব কাজে হাত দেবে তা লেখা হয়েছে। ৩৪ বছর ধরে যে রাজনৈতিক হত্যা ইত্যাদি হয়েছে সেগুলো নিয়ে তারা তদন্তের ব্যবস্থা করবেন। করুন, আমরা তার বিরোধিতা করছি না। সংবাদপত্রে একটা খবর বেরিয়েছে সাঁইবাড়ি গণহত্যার বিচার-বিভাগীয় কমিশন ঘোষণা করলেন মাননীয়া

মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তিনি জানিয়েছেন এই হত্যাকাণ্ডের তদন্ত হবে এবং দোষীদের চিহ্নিত করে তাদের আইনি বিচার হবে। অতীতে তদন্তের নামে প্রহসন হয়েছে, সত্যকে ধামা চাপা দেওয়া হয়েছে।

(নয়েজ)

মিঃ স্পীকার : ওনাকে বাধা দেবেন না, ওনাকে বলতে দিন।

[6.00–6.10 p.m.]

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : মাননীয়া মুখ্যমন্ত্রী এদিন কমিশনের নাম ঘোষণা না করলেও জানা গেছে অবসরপ্রাপ্ত বিচারপতি অরুনাভ বসুর নেতৃত্বে এই তদন্তের কাজ হবে। আমি জিজ্ঞাসা করছি, ওই তদন্ত কমিশন গঠনের ব্যাপারে কি কোনো গেজেট নোটিফিকেশান করা হয়েছে ? যদি গেজেট নোটিফিকেশান না হয়ে থাকে এবং মাননীয়া মুখ্যমন্ত্রী নাম না বলা সত্বেও তা কি করে সংবাদপত্রে বেরোল এবং বিধানসভার অধিবেশন চলাকালীনও আমরা সেই কথা জানতে পারলাম না কেন। ১৯৭০ সালের ১৭ মার্চ, বর্ধমান শহরের তিনজনের দুঃখজনক মৃত্যুর ঘটনার কথা বলা হয়েছে। ১৯৭০ সালে কলকাতা হাইকোর্টের প্রাক্তন বিচারপতি তারাপদ মুখার্জীর নেতৃত্বে একটা ওয়ান ম্যান কমিশন গঠিত হয়েছিল। ১৯৭০ সালে যখন রাষ্ট্রপতির শাসন চলছিল তখন এই কমিশন গঠন হয়েছিল। ১৯৭২ সালের ২৫ ফেব্রুয়ারি সেই কমিশনের ব্যাপারে কলকাতা গেজেটে নোটিফিকেশান প্রকাশিত হয়েছে। একটা কমিশন হওয়ার পরে আবার একই ঘটনার ব্যাপারে আরেকটা বিচার বিভাগীয় কমিশন কি করা যায় ? এই ব্যাপারে কি আপনি জবাব দেবেন। ...(নয়েজ)... আমি জিজ্ঞেস করছি। ...(নয়েজ)... আমি জিজ্ঞেস করছি। ...(নয়েজ).... দার্জিলিং, দার্জিলিং সমস্যার সমাধান নিয়ে এখানে অনেক কথা আমরা শুনতে পাচ্ছি। স্যার আমি আপনার কাছে বলতে চাই, হাউস যখন চলছে, যখন হাউস সিটিং হচ্ছে তখন আমাদের জানবার অধিকার প্রিভিলেজ অফ্ দিস হাউস নট অনলি অপজিশান বাট দ্য এন্টায়ার হাউস, হাউসের পুরো এক্তিয়ার আছে জানবার যে কি চুক্তি হয়েছে। পশ্চিমবাংলার মানুষের জানবার অধিকার আছে। কি চুক্তি হয়েছে দার্জিলিং নিয়ে, সেই দার্জিলিংয়ের চুক্তি যা হয়েছে বিধানসভায় এখানে পেশ করা হোক সারা পশ্চিমবাংলার মানুষের জানবার জন্য। সরকারের যদি সাহস থাকে, সৎ সাহস থাকে, সদিচ্ছা থাকে প্রকাশ করে দেওয়া হোক। আমি জিজ্ঞেস করছি, আপনি কি নিশ্চিত মাননীয়া মুখ্যমন্ত্রী মহাশয়া, আপনি কি নিশ্চিত যে আপনি যা করছেন তাতে দার্জিলিং সমস্যার সমাধান হবে ? নাকি দার্জিলিং সমস্যার জটিলতা বৃদ্ধি পাবে। ...(নয়েজ)... স্যার, এটা শুনলে ভালো হবে, সরকারের ভালো হবে। ...(নয়েজ)... আমি বলতে চাচ্ছি, যখন ত্রিপাক্ষিক আলোচনা এর আগে হয়েছে—কেন্দ্র, গোর্খা জনমুক্তি মোর্চা এবং রাজ্য এই ত্রিপাক্ষিক চুক্তিতে এটাই আমরা বলেছিলাম, দুই পক্ষ থেকে বলেছিলাম গোর্খা জনমুক্তি মোর্চার পক্ষ থেকে এবং রাজ্য সরকারের পক্ষ থেকে তখন বলেছিলাম যে কেন্দ্রই একটা আইন খসড়া করুক। আমরা দুই পক্ষ সেটা ভিত্তি করে আলোচনা করবো।

কেন্দ্র একটা আইন খসড়া করেছিল, এবং কেন্দ্র যে আইন খসড়া করেছিল তাতে পরিষ্কার লেখা ছিল, দার্জিলিংয়ের পাহাড় এলাকার তিনটে মহকুমা হবে, এই আলোচ্য বিষয়, এই আইনের এলাকাভুক্ত হবে। আর তার বাইরে তরাই, ডুয়ার্স এইটা নিয়ে কোনো আলোচনা হবে না। এটাই আমরা বলেছিলাম। ...(নয়েজ)... আমি খালি এই আশঙ্কার কথা ব্যক্ত করতে চাই যে আমরা বলেছিলাম কেন্দ্র যে খসড়া আইন দিয়েছে সেইটাই আলোচনার ভিত্তি হোক। তার বাইরে আমরা অন্য ব্যাপারে যেতে চাই না। আমি আশঙ্কা প্রকাশ করছি, এই যে ৯ জনের কমিটি ইত্যাদি কি করা হয়েছে, কি করা হয়েছে আমরা জানি না। তার যদি গেজেট নোটিফিকেশান হয়ে থাকে সেটার যদি কোনো প্রেস নোট থাকে হাউসে দেওয়া হোক। হাউসের জানবার অধিকার আছে। পশ্চিমবাংলার মানুষের জানবার অধিকার আছে। কিন্তু এটা হচ্ছে প্যান্ডোরা বক্স, যেটা আপনি খুলতে যাচ্ছেন। আপনি সমস্যার সমাধান করবেন ? না জটিল হবে ? এইটা আপনি একটু ভেবে দেখবেন। আমার নিশ্চয় একথা বলবার অধিকার আছে। ....(নয়েজ).... আপনি একটা জমি নীতি, একটা জমি নীতি আমি দেখলাম কাগজে। মুশকিল হচ্ছে সাংবাদিকরা আমাকে জিজ্ঞেস করেন, মন্তব্য চান। কি বলব ? জমি নীতি নিয়ে একটা কমিটি করেছেন, তারা একটা রিপোর্ট দিয়েছেন। ভালো। সরকার বিবেচনা করবে। তো আমাদের যদি সেটা পাবলিক ডোমেইনে দেওয়া হয়, যদি আমরা সেটা পাই তাহলে আমরাও আমাদের মতামত দিতে পারব। অন্যরা মতামত দিতে পারে। সরকারই চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়ার অধিকারী। কিন্তু আমি বলছি, হাউস চলছে, এগুলো আমরা কিছু জানতে পারছি না। হাউসের প্রিভিলেজ এটা আমরা বার বার আপনার দৃষ্টি আকর্ষণ করছি। ...(নয়েজ)... আমরা বলছি যে আপনি শিক্ষা নিয়ে একটা এক্সপার্ট কমিটি করেছেন। এক্সপার্ট কমিটি করেছেন তারা নিশ্চয় কিছু সুপারিশ করবেন সরকারের কাছে। কিন্তু এক্সপার্ট কমিটি করেছেন বলে আপনি চ্যান্সেলারকে বাধ্য করতে পারেন ? আপনি গভর্নরকে বাধ্য করতে পারেন ? বিশ্ববিদ্যালয়ের যে স্বাধিকার রয়েছে তাদের কোর্ট, সিন্ডিকেট, এসব যা রয়েছে সেইসব অধিকার তারা প্রয়োগ করবে না ? আর রাজ্যপাল বললেন যে আপনি মিটিং ডাকুন। চ্যান্সেলার বললেন মিটিং ডাকা হোক, মিটিং ডাকা হলে সেই মিটিং যখন চলছে তখন এখান থেকে চিঠি গেল যে এই মিটিংটা বন্ধ করে দিন। আপনি রাজ্যপাল, চ্যান্সেলারকে যে অধিকার আছে সেখানেও হস্তক্ষেপ করছেন এবং আপনার বিশ্ববিদ্যালয়ে যে অধিকার আছে সেখানেও হস্তক্ষেপ করছেন। আপনি করুন কিন্তু আমি বলছি কি নীতি, কি এক্সপার্ট কমিটি, বক্তব্যটা কি ? এটাই আমরা জানতে চাই। আমরা জানতে চাই যে তাদের কোনো সুপারিশ কিসের ভিত্তিতে এই সব জিনিস করা হচ্ছে ? আমি তার সঙ্গে সঙ্গে ....(গোলমাল).... আমি বলছি যে এখানে BPL নিয়ে অনেক কথা হয়েছে। এই হাউসে সর্বসম্মত প্রস্তাব হয়েছে। যে আমরা দিল্লিতে গিয়ে প্ল্যানিং কমিশন, গ্রাম উন্নয়ন দফতরের মন্ত্রী তার সঙ্গে দেখা করব। আমরা গিয়েছিলাম যখন বামফ্রন্ট সরকার ছিল এবং এখানে কংগ্রেসে সদস্য যাঁরা আছেন। তাঁরাও গিয়েছিলেন। আমরা বলেছিলাম BPL যে মাপকাঠিতে ঠিক হচ্ছে তা ভুল। যে মাপকাঠির উপরে কে APL, কে BPL ঠিক করা হচ্ছে তা ভুল, এটা সংশোধন চাই। আমাদের বলা হয়েছিল প্ল্যানিং কমিশন থেকে এবং কেন্দ্রীয় মন্ত্রী আমাদের বলেছিলেন সেগুলো পুনর্বিবেচনা

হবে। আমি কি মাননীয়া মুখ্যমন্ত্রীকে বলতে পারি, আপনি উদ্যোগ নেবেন ? এই যে ভ্রান্ত কার্ডে BPL নির্ধারণ নীতি, এই নীতি পরিবর্তনের জন্য আপনি কেন্দ্রকে বলবেন, আমরা সমর্থন করব। আর আপনি যদি মাথা পেতে মেনে নেন যা বলছে, আমরা নিশ্চয় আগেও বিরোধিতা করেছিলাম তার বিরোধিতা করে। আমি দুঃখিত বলতে দেওয়া হয়নি, তার মধ্যে যেটুকু বলতে পেরেছি তার সঙ্গে আমি এইটা বলে শেষ করতে চাই যে, এই সব কারণে সুনির্দিষ্ট সংশোধনী প্রস্তাবের ভিত্তিতে আমরা এই ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাবের বিরোধিতা করছি, সবাই করছি যারা আমরা এখানে বিরোধীরা আছি বামফ্রন্টে।

মিঃ স্পীকার : মাননীয় সদস্যগণ আমি সকলের অনুমতি নিয়ে সভাকে এক ঘণ্টা বাড়িয়ে দিলাম। এখন বলবেন, মাননীয়া মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা ব্যানার্জ্জী।

[6.10–6.20 p.m.]

শ্রীমতী মমতা ব্যানার্জ্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আবার আপনাদের কৃতজ্ঞতা জানাচ্ছি। নতুন সরকার, নতুন বিধানসভা, প্রায় ৩৪ বছর বাদে বাংলার মা-মাটি-মানুষ যে পরিবর্তন বাংলায় এনেছেন, পরিবর্তনের সকাল এনেছেন, সেই সকালকে স্বাগত জানিয়ে আমাদের মাননীয় রাজ্যপাল মহাশয় যে ভাষণ, অর্থাৎ তিনি যে বক্তব্য পেশ করেছেন, রাজ্যপালের বক্তৃতা এবং তাকে ধন্যবাদ জানিয়ে বিধানসভার চিফ্ হুইপ শোভনদেব চট্টোপাধ্যায় যে বক্তব্য পেশ করেছেন তাকে সমর্থন জানিয়ে মাননীয় রাজ্যপালের বক্তব্যকে শুধু ধন্যবাদ নয়, কৃতজ্ঞতা জানিয়ে প্রণাম এবং সেলাম জানিয়ে দু-একটি কথা আপনাদের সকলকে বলতে চাই। যদিও বিধানসভায় প্রবেশ করার সুযোগ আমার হয়নি আগে। আমি দীর্ঘদিন দিল্লিতে প্রায় সাতবার ইলেকটেড হয়েছি এবং পার্লামেন্টের পলিটিক্স আমরা করেছি, মানে পার্লামেন্টের ভেতরে কাজ করার সুযোগ আমার হয়েছে। দীর্ঘদিন লোকসভায় আমি দেখেছি, লক্ষ্য করেছি রাষ্ট্রপতির ভাষণ হয়, তারপরে ধন্যবাদসূচক প্রস্তাব গৃহীত হয়। আমি কোনোদিন কিন্তু দেখিনি মাননীয় রাষ্ট্রপতির ভাষণের উপর এক সাথে অনেকগুলো দল, যাঁরা বিরোধী দল হিসাবে জাহির করেন, যাঁরা গণতন্ত্রের বড় অঙ্গ, যে সমস্তটাই আমরা বিরোধিতা করছি, এ রকম আমি কখনও দেখিনি। এখানে আইন হয়তো অন্য হতে পারে আমি জানি না। আমার হয়তো অভিজ্ঞতা কম, কিন্তু সাংবিধানিক কতগুলি পোস্ট আছে আমাদের দেশে, রাষ্ট্রপতি বলুন, রাজ্যপাল বলুন সেই সংবিধান পোস্টগুলোকে আমরা শ্রদ্ধা করি এটাই আমাদের গণতান্ত্রিক কাঠামো। কোনো কোনো ক্ষেত্রে আমি একমত হতে পারি আবার নাও হতে পারি। ...বিচারপতি, কোনো বিচারপতির রায় আমার পছন্দ হতে পারে, আমার পছন্দ নাও হতে পারে। কিন্তু এটা কারো দায়িত্ব বা কর্তব্যের মধ্যে পড়ে না, "বিচারপতি লালা বাংলা থেকে পালা"। এটা কোনো রাজনৈতিক দলের কাজ হতে পারে না। আমি আবার বলছি এই হাউজের সবাইকে যাঁরা ৭৫-৭৬ জন বন্ধু, দুপক্ষের পক্ষ থেকে, যাঁরা এপার এবং ওপার, এপক্ষ ওপক্ষ সবাই আছেন সরকারি পক্ষ, বিরোধী পক্ষ, অংশগ্রহণ করেছেন তাঁদের সকলকে আমি ধন্যবাদ জানাচ্ছি। ধন্যবাদ জানাচ্ছি এই কারণে, কেউ

আলোচনা করেছেন, কেউবা সমালোচনা করেছেন। যাঁরা সমালোচনা করেছেন আগামী দিনে আরও বেশি করে সমালোচনা করুন। সমালোচনার মধ্যে দিয়ে কখনও কখনও আলোচনার আলো দেখতে পাবেন। কিন্তু সে আলোচনা যেন শুধু সংকীর্ণ কারণে সব অপশনকে বন্ধ করে না দেয়। আলোচনারও দরকার আছে, সমালোচনারও দরকার আছে। কনস্ট্রাকটিভ ক্রিটিসিজমেরও দরকার আছে। আর ডেসট্রাকটিভ ক্রিটিসিজম যাঁরা করে মানুষ তাদের ক্ষমা করে না। আমি আবার আপনাদের বলি আজকে এই তিনদিন ধরে যে আলোচনা হচ্ছে এই আলোচনা খুবই গুরুত্বপূর্ণ আলোচনা। মাননীয় রাজ্যপাল মহাশয় তাঁর নতুন সরকার সম্বন্ধে মাত্র ছোট্ট আকারে কয়েকটা বক্তব্য পেশ করেছেন। কেউ কেউ বলছেন তৃণমূল লিখে দিয়েছে, কংগ্রেস লিখে দিয়েছে। আপনারা কি করতেন ? আমরা তো এই প্রথম। মা-মাটি-মানুষের একটা সরকার এসেছে আফটার থার্টিফোর ইয়ার্স। আমি যদি প্রত্যেকটি রাজ্যপালের ভাষণ দেখি আগের টার্মগুলোতে, সেই ভাষণগুলো আপনারা তৈরি করতেন, না রাজ্যপাল নিজে হাতে লিখতেন ? আমি শুধু রেকর্ডটা একটু খুঁজে দেখতে বলব, তার পরে সমালোচনা করবেন। আয়নায় ফার্স্ট নিজের মুখ দেখুন, চ্যারিটি বিগিনস্ অ্যাট হোম। দিস কলড ডেমোক্রেসি, দিস কলড কার্টসি। বোঝবার চেষ্টা করুন। একটা সরকার, তার কর্মসূচি রাজ্যপালকে দিয়ে বলায়। মাত্র এক মাসতো এখনও হয়নি, কত তারিখ আজকে ? ২০ তারিখে আমরা শপথ গ্রহণ করেছি, এখনও পর্যন্ত এক মাসও হয়নি। আমি জানি না বামপন্থী বন্ধুরা, যদিও ওই বামপন্থী বন্ধুরা বলতে সবটা আমি বুঝি না সি.পি.এম. বা অন্য পার্টিকে, আমি বামপন্থী অ্যাটিচিউট মানুষদের সম্মান করি। কিন্তু যাঁরা সি.পি.এম. পার্টি সংকীর্ণ পথ নিয়ে করে তাঁদের সম্বন্ধে আমার অন্য ধারণা আছে। এটা আপনাদের নিজস্ব প্রেরোগেটিভ, এটা নিয়ে আমি কথা বলতে চাই না। এক মাসও ধৈর্য্য ধরতে পারেন না, এক মাসও সহ্য করতে পারেন না ? সত্য কথা বলুন, কনস্ট্রাকটিভলি বলুন। আমাদেরও মনে আছে, অনেকে এখানে, জোর করে আমাদের হারিয়ে দেওয়া হয়েছে। কিন্তু আমরা কোনোদিন আপনাদের ২, ৩ বছর কাজ করতে বাধা দিয়েছি তা হয়নি। ৩৫ বছর আপনারা সরকারে ছিলেন, আমরা কবে আন্দোলন করেছি জমি নিয়ে ? রাজারহাটে যখন লক্ষ লক্ষ মানুষ—আমি নিজেও জানতাম না, আমি এয়ারপোর্টে যেতাম আর দেখতাম ধানগুলোকে পুড়িয়ে দিয়েছে, ধানগুলো জ্বলছে। আমি গিয়েছিলাম একদিন সবেবরাতে রাজারহাটে। সেদিন বাড়ীতে বাড়ীতে কান্নার রোল, আমি এটা আজকে নয় আগেও বলেছি, আমি জিজ্ঞাসা করেছিলাম সবেবরাতের দিন তোমরা তোমাদের আত্মা-আত্মীয়দের মোমবাতি জ্বালাতে যাবে না কবরখানায় যেখানে বেরিয়াল গাউন্ড আছে ? আমাকে তারা বলেছিলেন, দিদি আমাদের কবরখানাটা পর্যন্ত নেই। কোথায় গিয়ে দাঁড়াব ? কাকে সম্মান জানাব ? তাদের চোখে দেখেছিলাম জল, সেইদিন আমি জিজ্ঞাসা করেছিলাম কি হয়েছে একচুয়াল ঘটনা ? যখন শুনেছিলাম, আমি স্তম্ভিত হয়ে গিয়েছিলাম, এইভাবে হাজার-হাজার হাজার-হাজার একর জমি বিলিয়ে দেওয়া হয়েছে, গরীব মানুষের থেকে লুঠ করে নেওয়া হয়েছে। সেদিন থেকে সিদ্ধান্ত নিয়েছিলাম, হয় জমি থাকবে, নয় মানুষ বাঁচবে, নয় নিজে থাকব, নয় বাঁচব। এর জন্যই ২৬ দিনের অনশনে আমি গিয়েছিলাম। বার বার আপনাদের বোঝাবার চেষ্টা করেছিলাম আগের সরকারকে, এইভাবে

জমি দখল করবেন না, এইভাবে মানুষের উপর অত্যাচার করবেন না। কেউ আমাদের কথা কানে দেয়নি। হ্যাঁ, আপনি বলছেন আমরা ডাকলে আপনি আসছেন আপনারা ডাকলে আমি যাইনি। ইট ইজ রং। ১৯৯৩ সালে আমরা তো আন্দোলন করেছিলাম—তখন আমি কংগ্রেস করতাম, আমি যুব কংগ্রেসের প্রেসিডেন্ট ছিলাম—চাকরির দাবিতে এবং আই.ডি. কার্ডের দাবিতে। ১৩ জন ছেলে গুলিতে মারা গিয়েছিল, ১০০ জন গুলিবিদ্ধ হয়েছিল। স্পীকার স্যার, আপনি শুনলে দুঃখ পাবেন, আশা করি আগে আপনি নিজেও জানেন এই ঘটনা, তখন আপনি স্পীকার ছিলেন না, দেখেছেন, একটা ডেড-বডি পর্যন্ত আমরা কেউ হাতে পাইনি। পুলিশের গাড়িতে করে নিয়ে গিয়ে রাতের অন্ধকারে জ্বালিয়ে দেওয়া হয়েছে। এইসব ঘটনা মর্মস্পর্শী ঘটনা। আপনি যদি আমায় সময় দেন আমি রাতের পর রাত করুণ কাহিনীর কথা বলতে পারি। একজন চিতায় মারা গেছে। আমাদের লোকেরা জ্বালিয়েছে ? আমি আপনাকে চ্যালেঞ্জ করে বলছি the incident is not correct. আমি এখনও মনে করি মৃত্যু মৃত্যুই। মানুষের রক্ত নিয়ে আমার পার্টি তোমার পার্টি হয় না। মানুষের জীবন নিয়ে আমার পার্টি তোমার পার্টি হয় না। এই রাজনীতির খেলা বন্ধ করুন। উত্তেজনার খেলা বন্ধ করুন সবাই। আমাদের কর্মীরা—আমি এখনও আপনাদের বলি, বাংলার মা-মাটি-মানুষের কৃতজ্ঞতার—তাদের আমরা ধন্যবাদ জানাচ্ছি। কেন জানাচ্ছি ? যেদিন এত বড় রায় হল, অনেকে ভেবেছিল বাংলার মাটিতে রক্ত স্নান হবে আবার। আবার বাংলা একটা বধ্যভূমি হবে। সেদিন আমরা বলেছিলাম কেউ কোনো বিজয় মিছিল করবে না। রবীন্দ্রসংগীত বাজাও। বাংলার কালচার রবীন্দ্রসংগীত। রবীন্দ্র, নজরুল সন্ধ্যা করো। আমি উত্তেজনাটাকে থামিয়ে দেবার চেষ্টা করেছিলাম। আপনারা কৃতজ্ঞতা জানালেন না। এত মানুষদের উত্তেজনাটাকে স্তব্ধ করে দিয়ে সুন্দর একটা সকাল নিয়ে এসে সুন্দরভাবে শান্তি বাতাবরণ তৈরি করেছে। আপনারা বললেন না ? এতবড় একটা জয়ের পরেও মনে রাখবেন—আপনারা প্রথম যখন ক্ষমতায় এসেছিলেন তখন আমরা ছোট ছিলাম—আমি দেখেছি রাস্তার লাইটগুলোতেও লাল লাইট লাগিয়ে দিয়েছিলেন। ভুলে যাইনি। আমরা তখন ছাত্র রাজনীতি করতাম। সবে পাশ করেছি আমি জানি। দেখেছি রাস্তায় বেরিয়ে। আমি দু-তিন আগে মোহরকুঞ্জের পাশ দিয়ে আসছিলাম। আমি দেখলাম দু-তিনটি তৃণমূলের পতাকা উড়ছে। আমি আমার লোক পাঠিয়ে বললাম ওই পতাকা তিনটি খুলে নিয়ে এসো। তার কারণ যদি কেউ লাগিয়েও থাকে, কোন জায়গায়, পাবলিক প্লেসে এইভাবে পার্টির পতাকা লাগানো উচিত নয়। আমি নিজে দাঁড়িয়ে খুলে নিই। এটা আপনাদের মাথায় রাখতে হবে। আপনারা একবারও বললেন না যে আমরা কন্ট্রোল করেছি দলীয় কর্মীদের, একবারও বললেন না একটা বিজয় মিছিল করেনি এই পার্টিটা, একবারও বললেন না ৩৫ বছর পরেও বাংলার মানুষ শান্তিতে হাসছে। শুধু বলে গেলেন সন্ত্রাস, সন্ত্রাস। কে সন্ত্রাস করেছে ? কোনো সন্ত্রাস করতে আমরা এখানে আসিনি। আর সন্ত্রাস কাউকে করতেও দেব না। এটাও জেনে রাখুন। করতে দেব না। আমি যথেষ্ট মানবিক, মানবিকতা নিয়ে কাজ করি। কিন্তু আপনারা যদি মনে করেন—as an administrator I am very much more than army head. I am rough and tough to control the administrative situation. আমি মনে করি এটা।

কেন করবেন ? আমি কালকে শুনেছি তিনটে—আমি স্যার ক্যাজুয়ালি বলছি স্যার, ঘটনাটা প্রত্যেকটা সত্য—কালকে আমার কাছে খবর এসেছে তিনটে হিমঘর বন্ধ। আমি নিজে খবর দিয়ে লোক তুলিয়ে পুলিশ পাঠিয়ে খুলিয়ে দিয়েছি সঙ্গে সঙ্গে। মনে রাখবেন স্পন্টেনাস কোনো ঘটনা ঘটনা ঘটে গেলে সেটায় পার্টি ইনভলভ্ হয় না। স্পন্টেনাস এলাকার কোনো একটা সংগঠন, কোনো দু-একটা লোক এদিক ওদিক করে কখনও কখনও। সেটাও ঠিক নয়। সেটাকেও আমরা কন্ট্রোল করে রেখেছি। আপনি দেখেছেন আপনার কর্মী খুন হয়েছে। আমার কর্মী খুন হয়নি ? খুন হয়নি কংগ্রেসের কর্মীরা ? কালকেও মুর্শিদাবাদে কংগ্রেস কর্মী খুন হয়েছেন। আমি প্রত্যেকটা নিউজ রাখি। ক'দিন আগেও খুন হয়েছেন একজন মহিলা মুর্শিদাবাদে কংগ্রেসের। আমার তিনজন কর্মী খুন হয়েছেন। আমাদের তৃণমূল যুব কংগ্রেসের প্রেসিডেন্ট খুন হয়েছেন। বাড়ি থেকে ডেকে নিয়ে গিয়ে একই দিনে চাপড়াতে খুন হয়েছে। কেন করছেন এসব আপনারা ? আমি সবাইকে বলছি। কেউ করবেন না এইসব। তৃণমূল কংগ্রেস বদলা চায় না। তাই বন্দুক নিয়ে এবার ঢুকে পড়া হবে না। বন্দুক ঢুকতে দেওয়া হবে না বাংলায়। বন্দুক ঢুকিয়ে দিয়ে বাংলার সর্বনাশ হয়ে গেছে। আজ মানুষের জীবন নিরাপত্তা—কেন চমকাইতলা দিয়ে বন্দুক ঢুকবে ? বলুন, কি উত্তর আছে। বলুন কেন বৈতাল দিয়ে ঢুকবে ? বলল কেন গোঘাট দিয়ে ঢুকবে ? বলুন কেন কেশপুর দিয়ে ঢুকবে ? কেন গড়বেতা দিয়ে ঢুকবে ? কেন কোতলপুর দিয়ে ঢুকবে ? কেন জয়রামপুর দিয়ে ঢুকবে ? কেন বিক্রমপুর দিয়ে ঢুকবে ? কেন শাসন দিয়ে ঢুকবে ? কেন দেগঙ্গা দিয়ে ঢুকবে ? কেন ক্যানিং দিয়ে ঢুকবে ? No. no chance. কোনো বন্দুক কাউকেই ঢোকাতে দেওয়া হবে না। সে আমিই হই আর আপনি হন। বন্দুকের রাজনীতি করা যাবে না। প্রথম দিন আমার কাজ ছিল এটাই পুলিসকে বলা—গণতন্ত্র ফিরিয়ে আনুন, দলতন্ত্র নয়। এখনও আমি কিন্তু চেঞ্জ করিনি মনে রাখবেন। একই set-up এ কাজ করছি। একটা দুটো অফিসিয়াল কেউ হয়েত তার টাইম পেরিয়ে গেছে বা সেখানে হয়ত একজন নতুন কাউকে দিতে হবে বা পোস্টটা খালি পড়ে আছে। সেসব জায়গায় অ্যাডমিনিস্ট্রেটিভ ডিসিশান নিতে হয়েছে। আমি কিন্তু করিনি এ রকম। কারণ আমি আগের দিনও বলেছিলাম আকাশ থেকে তো আমি সবাইকে নিয়ে আসব না। এই set-up-এর মধ্যে দিয়েই আমাদের কাজ করতে হবে। আর আমার পুরো বিশ্বাস আছে অ্যাডমিনিস্ট্রেশানের উপরে। তারা করবে। স্যার, আজকে একটা বড় দুর্যোগ হয়ে গেছে, গতকাল থেকে। আমার একজন মৎস্যজীবী ভাই মারা গিয়েছেন কালকে। আমি ডিজাস্টার ম্যানেজমেন্ট খুঁজতে গিয়ে দেখলাম কিছুই নাই। ডিজাস্টারই ডিজাস্টার। একটা set-up পর্যন্ত নাই। গতকাল আমরা ইরিগেশান ডিপার্টমেন্ট, ফিশারিজ ডিপার্টমেন্ট, ফায়ার বিগ্রেড, সিভিল ডিফেন্স ওদিকে আমাদের অ্যাডমিনিস্ট্রেশন থেকে শুরু করে সমস্ত ডিপার্টমেন্টগুলো—ডিজাস্টার্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট, আমরা বললাম তোমরা একটা মনিটরিং সেল করো।

[6.20–6.30 p.m.]

আমাদের গভর্নমেন্টের কাছে কিছুই নেই। ইমিডিয়েট কোনো একটা বড় ঘটনা ঘটলে কি ঘটবে, কিন্তু নেই বলে জেনে রাখুন, কাকদ্বীপে ২০০ জন মারা গিয়েছিল লঞ্চডুবিতে।

গভর্নমেন্টের কাছে কিছু ছিল না। কোলাঘাটে যারা মারা গিয়েছিল পরে সেটা জানা যায় তারা উল্টোডাঙার ছেলে। আজও মাত্র একটা-দুটো ডেড-বডি ছাড়া কোনো ডেড-বডি আজ পর্যন্ত রেসকিউ হয়নি। তারা ভেসে কোথায় চলে গেছে কেউ জানে না। আপনারা তো জানেন এগুলো খুব দুঃখের ঘটনা। যখন কোনো ডেড-বডি মানুষ পায় না, এমনকি তাদের পরিবারের নামে যে ইনসুয়েরেন্সের টাকাটাও থাকে, সেটাও তারা ক্লেম করতে পারে না। এটা স্যার আপনি জানেন, আপনি একজন বিখ্যাত আইনজীবী। কাজেই অনেক প্রবলেম হয় ডেড-বডি না পাওয়া গেলে। তার পরিবারটা ধনে, মানে, প্রাণে শেষ হয়ে যায়, প্রাণও যায়। ধনে, মানে, সম্মানেও শেষ হয়ে যায়। এটা সব চেয়ে মর্মান্তিক ঘটনা। সেই সিস্টেম জাভেদকে আমি কালকে ডেকে বলেছি যে, তুমি ইমিডিয়েট যাও দিল্লিতে এবং গিয়ে ওখানে আমাদের যে ন্যাশনাল ডিজাস্টার ম্যানেজমেন্ট সিস্টেম আছে তাদের সাথে কো-অর্ডিনেশান করে একটা স্টেটের ব্যাপারে প্যাচ আপ করার প্রয়োজন আছে। স্যার, আমি দু-তিন দিন আগে ফুড ডিপার্টমেন্টে যখন গিয়েছিলাম, ফায়ার ব্রিগেডের অফিসটায়ও গিয়েছিলাম দেখতে, ফায়ার ব্রিগেডের হেড কোয়ার্টারে। জানেন আপনি ? দেখলাম আট-দশটা দমকল দাঁড়িয়ে আছে। দমকলগুলি নাকি কেনা হয়েছিল, কিন্তু সেগুলো আজ পর্যন্ত চলেনি, রেজিস্ট্রেশানও হয়নি। কোনো কোনো দমকলের গায়ে আবার ঘাসও জন্মে গেছে। অর্থাৎ সরকারি টাকায় কেনা হয়েছে, কাজে লাগেনি। কিন্তু দেখুন দমকলের প্রয়োজন আছে অথচ ইউজ হয়নি। এই পরিস্থিতির মধ্যে পড়ে আছে। হিসেব ? অঙ্ক ? অর্থ ? মহারাষ্ট্র থেকে আমি এগিয়ে আছি না আমি মহারাষ্ট্র থেকে পিছিয়ে আছি—দ্যাট ইজ নট দ্য ম্যাটার। এখানে কোনো সিস্টেমই কাজ করেনি। বলুন তো আই.টি ইন্ডাস্ট্রি অনেক করেছেন ? তাই যদি করেন তাহলে পশ্চিমবাংলার গভর্নমেন্ট আজ পর্যন্ত ই-গভর্নেন্স সিস্টেম কেন চালু করেননি ? কত রেশন কার্ড ? আমি নিজে খাদ্যমন্ত্রীকে বলেছি.... (এই সময় বিরোধী দলনেতা কিছু বলার চেষ্টা করেন) যত মন্ত্রী আছে, যতগুলো ডিপার্টমেন্ট আছে....

মিঃ স্পীকার : প্লিজ বলতে দিন উনাকে। প্লিজ ডোন্ট ডিসটার্ব।

শ্রীমতী মমতা ব্যানার্জ্জী : আমি যেটা জানি সেটা আমি বলছি। আপনার নলেজে হয়তো আছে আমার নলেজে নেই। ইউ ক্রশ চেক। আমি যেটা আপনাকে বলছি প্লিজ শুনুন। ...(গোলমাল)... না, না। উনি বলতেই পারেন। বক্তব্য নিশ্চয়ই রাখতে পারেন। উনার বলার অধিকার আছে। উনি বলবেন, নিশ্চয়ই বলবেন। আমি আপনাকে যেটা বলছিলাম বন্ধু, মাননীয় বিরোধী দলনেতা এবং আমার সমস্ত সম্মানীয় সদস্য ও সদস্যাদের বলছি যে আমি গিয়েছিলাম ফুড ডিপার্টমেন্টে। জিজ্ঞেস করলাম রেশন কার্ড কত ? কি হয়েছে জানেন ? লোকে খেতে পাচ্ছে না। যা জনসংখ্যা রেশন কার্ড তার থেকে অনেক বেশি। রেশন যাচ্ছে তাদের নামে, গভর্নমেন্টের টাকা। খাদ্য চলে যাচ্ছে। সেই টাকা জনগণের কাছে যাচ্ছে না। খাদ্য পৌঁছচ্ছে না জঙ্গলমহলে। খাদ্য পৌঁছচ্ছে না গরিব মানুষদের কাছে। সেই খাদ্যগুলো কারো কারো পকেটে চলে যাচ্ছে এবং রেশনকার্ড বেশি থাকার জন্য সেই রেশনকার্ড-এর

টাকা কোথায় ? আমি বলেছি এই নিয়ে ইমিডিয়েট তদন্ত করুন। তদন্ত করে অ্যাকচুয়াল কত রেশন কার্ড আছে এবং ডেটা-বেস করে ইমিডিয়েট আমাদের জানাতে হবে। এসব অ্যালাও হবে না। গভর্নমেন্টের পাই পয়সাটা পাবলিক মানি। আমি দু-দিনের জন্য এসেছি কাজ করতে, দু-দিন পরে চলে যাব। আপনি দু-দিনের জন্য এসেছিলেন, আপনি করে চলে গেছেন। মনে রাখবেন পলিটিশিয়ানস মে কাম অ্যান্ড পলিটিশিয়ানস মে গো বাট দ্য ডেমোক্র্যাসি উইল কনটিনিউ ফর এভার। অ্যান্ড দ্য পাবলিক উইল কনটিনিউ ফরএভার। আমি এলাম বলে তচ-নচ করে দিয়ে যাব না। আমরা এলাম বলে আমরা চেষ্টা করব। কতখানি ডেডিকেশান নিয়ে, কতটা ডিটারমিনেশান নিয়ে কাজ করতে পারা যায়। কতটা সিস্টেম রং আছে, সিস্টেমটাকে কারেক্ট করা যায়। আমি নিজে লেবার ডিপার্টমেন্টে ভিজিট করতে গিয়েছিলাম। দেখলাম স্যার, কাগজের পর কাগজ, ফাইলের পর ফাইল। কোথায় পাবেন অসংগঠিত শ্রমিকদের লিস্ট ? আর শ্রমিকদের লিস্ট ? কত ইউনিয়নের লোকেরা রেজিস্ট্রেশান করতে আসে সেই ফাইলগুলোকে এমনভাবে ফেলে রেখে দিয়েছে যেন ইয়াও হয়, ওয়াও হয়। যে ফাইলের কোনো ভ্যালু নেই। কত মানুষ একটা রেজিস্ট্রেশান করবে বলে দিনের পর দিন ছুটে ছুটে আসে। এই অবস্থা দেখে আমি সঙ্গে সঙ্গে পূর্ণেন্দু বসুকে বলেছি আপনাদের লেবার ডিপার্টমেন্টের ডেটা ইমিডিয়েট করবার প্রয়োজন আছে ই-গভর্নেন্স বেস। তার কারণ হচ্ছে ডাটা না থাকলে আপনি জানবেন কি করে ? কতগুলো ইউনিয়ন এল ? ক'টা রেজিস্ট্রেশন পেল ? কোনটি পেল না ? কতজন মেম্বার ? কি করে পেল ? কেন পেল না ? কি প্রবলেম ? কতজন প্রভিডেন্ট ফান্ডের টাকা পাচ্ছে ? কতজন পাচ্ছে না ? সিস্টেমই নেই। আজকে বাংলায় এই জন্যই আমার সবচেয়ে বেশি মনে হয় প্রভিডেন্ট ফান্ডের টাকা আমাদের শ্রমিকরা পায় না, গ্র্যাচুইটির টাকা পায় না। এই সমস্ত প্রবলেম আছে। আপনি যখনই তাকে ই-গভর্নেন্সের মধ্যে দিয়ে নিয়ে আসবেন, নিয়ে এসে সুন্দরভাবে তৈরি করবেন তখন দেখবেন আপনাকে ছুটে বেড়াতে হবে না। আপনি হাতের সামনে চাইলেই ডাটাটা আপনার হাতের সামনে আসবে। এর সুফল প্রত্যেকে ইউজ করবে। আমি এটা বিশ্বাস করি। হ্যাঁ বন্ধু আমাদের বিরোধী দলনেতা এবং অন্যান্য বন্ধুরা যা বলেছেন, মাননীয় সদস্য এবং সদস্যারা, তাঁরা কয়েকটি বিষয়ে বলেছেন। যেমন, সাঁইবাড়ী কেসের কথা জানতে চেয়েছেন। আমি মনে করি এটা আমার জানানো উচিত। এই সিদ্ধান্তটা আমরা নিয়েছিলাম প্রথম ক্যাবিনেট মিটিংয়ে। সেদিন আমাকে কেউ জিজ্ঞাসা করেছিল তাই আমি সেটা রিপিট করেছিলাম। আমি জানি অ্যাসেম্বলি চললে, পার্লামেন্ট চললে কী নিয়ম-কানুন আছে কেননা আমি ২৩ বছর ধরে পার্লামেন্ট পলিটিক্স করি, পার্লামেন্টের সিস্টেমটা আমি জানি। আমাদের সিদ্ধান্ত সাঁইবাড়ীর ব্যাপারে তদন্ত হবে। কল্লোল শূর, বি.ডি.ও. যিনি মারা গিয়েছেন, তাঁর বাবা-মা বলেছেন তাঁকে খুন করা হয়েছে। তদন্ত হবে। আমরা কাশীপুর গণহত্যার ব্যাপারে কাগজ-পত্র দেখছি, কাগজ-পত্র দেখে বলব। মরিচঝাঁপি নিয়ে শোভনদেব চট্টোপাধ্যায়, আজকেই আমি শুনছিলাম, তিনি একটা প্রস্তাব রেখেছেন যে, মরিচঝাঁপি-ই বা কেন হবে না ? তিনি কোশ্চেন করেছেন। মরিচঝাঁপিও আমরা নিশ্চয় করব। কারণ মরিচঝাঁপির অনেক উদ্বাস্তু মানুষ, আমরাও শুনেছি, অনেক অত্যাচারিত হয়েছে। আর সাঁইবাড়ী কেসে, ইয়েস,

'মুখার্জি কমিশন' তৈরি হয়েছিল। মুখার্জি কমিশন রিপোর্টও দিয়েছিল। কাউকে কাউকে দোষীও সাব্যস্ত করেছিল কিন্তু কোনো অ্যাকশন গভর্নমেন্ট নেয়নি। যদি কোনো কমিশন হয়েও থাকে আর তার অ্যাকশন না নেওয়া হয় তাহলে তো সেটা inaction হয়ে যাচ্ছে। Action তো মানুষ চাইতেই পারে। তাই সাঁইবাড়ীর পরিবারের অনুরোধ অনুযায়ী আমরা এগোব। তাছাড়াও আমার একজন মাননীয় বিধায়ক, বিধায়ক হবার পরে যিনি অত্যন্ত মর্মান্তিকভাবে মারা গিয়েছেন, মোস্তাক ভাই, তাঁর পরিবারও একটা তদন্ত চেয়েছিলেন এবং তার জন্য আমরা জুডিসিয়াল কমিশন অ্যালাউ করেছি। কারণ আমার মনে হয় উনি একজন ভালো বিধায়ক ছিলেন। তাঁর সারা জীবন, শিক্ষা জীবন, তাঁর সাংস্কৃতিক জীবন, তাঁর পারিবারিক জীবন আমাকে মুগ্ধ করেছে। আমি পরে অনেক খোঁজ নিয়ে জানতে পেরেছি এবং আমরা নিশ্চয় চাই তাঁর পরিবার সত্যিকারের ঘটনা জানতে পারুক। তাঁর পরিবারের রিকোয়েস্ট অনুযায়ী এটাও আমরা করেছি। এছাড়া আমি মনে করি মাত্র কয়েকদিনের মধ্যে কিছু কিছু কাজের কথা বলেছি। দার্জিলিংয়ের কথা আপনারা বলেছেন। চুক্তি জানতে চান। আপনি যে কোনোদিন আসবেন আপনাকে চুক্তি দিয়ে দেব। কোনো অসুবিধা নেই।

ডা: সূর্য্যকান্ত মিশ্র : আমাকে যেতে হবে কেন হাউজে দেবেন।

শ্রীমতী মমতা ব্যানার্জ্জী : No problem, tripartite হয়ে গেলে আপনি পেয়ে যাবেন তো। গভর্নমেন্টের একটা সিস্টেম আছে তো। Tripartite-টা এখনও হয়নি। অফিসার লেভেলে দুটো মিটিং হয়ে গেছে। আমরা এটা অফিসিয়ালি জানিয়ে দিয়েছি এবং তারপরেও প্রেস যাঁরা যাঁরা জানতে চেয়েছিলেন ডিটেলস চিফ-সেক্রেটারি নিজে তাঁদের ডেকে ঘরে ডিটেলস-টা বলেছেন। আপনি যদি মনে করেন আপনি জানতে চান, আপনার কোনো প্রয়োজন আছে, notihing is hide and seek এবং আমরা জাস্ট ওয়েট করছি, এটাও জেনে রাখুন, যেদিন অফিসারদের লেভেলে এগ্রিমেন্ট হয়েছে সেদিনই আমরা সেন্ট্রাল গভর্নমেন্টকে জানিয়েছিলাম tripartite agreement-টা immediate হোক। কেন্দ্রীয় সরকার গতকাল আমাদের কাছে একটা কয়ারি চেয়েছিল সেটা আমরা দিয়ে দিয়েছি। আমরা আশা করছি যে কোনোদিন তারা আমাদের ডেট দিলেই, মানে as early as possible আমরা গিয়ে পৌঁছতে পারব। আমাদের সবকিছুই রেডি আছে। যেহেতু tripartite agreement-এ সেন্ট্রাল গভর্নমেন্টের প্রতিনিধিদের থাকার দরকার আছে এবং আমরা মনে করি, আমরা একটা প্রস্তাব দিয়েছি, এটা রাজনৈতিক লেভেলেই করা উচিত। কারণ যাঁরা অফিসার্স আছেন তাঁরা তো সই করবেন কিন্তু রাজনৈতিক নেতৃবৃন্দও থাকবেন। এই প্রোপোজাল আমরা অলরেডি দিয়েছি। অনেকদিন দার্জিলিংয়ে উন্নয়নের কাজ থেমে আছে। দার্জিলিংয়ে আজকে একটা ধ্বস-ও নেমেছে। চারজন আমার ভাই মারা গিয়েছেন। তাঁরা সম্ভবত বিহারে থাকেন, বিহারের অধিবাসী। একটা ট্রাক পড়ে গিয়ে এই দুর্ঘটনা ঘটেছে। সুতরাং এই সব রাস্তাঘাট আমাদের ভালো করে করতে হবে, উন্নয়ন করতে হবে, ব্রিজ থেকে শুরু করে ইন্ডাস্ট্রি থেকে শুরু করে, দার্জিলিংয়ের ডেভেলপমেন্ট থেকে শুরু করে আমাদের এগুলো করতে হবে। আমরা মনে করি যত তাড়াতাড়ি সম্ভব সেন্ট্রাল গভর্নমেন্ট আমাদের

ডেট দিলে আমরা করব এবং আমি সবাইকে আমন্ত্রণ জানাব এই সুন্দর দিনগুলোতে আপনারা সবাই থাকবেন।

জঙ্গলমহল। জঙ্গলমহলে অলরেডি আমি আমার খাদ্যমন্ত্রীকে পাঠিয়েছিলাম এবং ফুড ডিপার্টমেন্ট থেকে অনেক অফিসার গিয়েছিলেন। এখনও জঙ্গলমহলে যেটা আমি করেছি, আমাদের মাননীয় রাজ্যপাল সেটা উল্লেখ করেছেন। ২৪০০০ টাকা থেকে যে সিলিং-টা আছে তা ৪২০০০ টাকা পর্যন্ত বাড়ানো হয়েছে ট্রাইবল ভাই-বোনেদের জন্য এবং যেহেতু টাকার দাম, দ্রব্যমূল্য বৃদ্ধি এসব ব্যাপার আছে সুতরাং তাদের যাতে অসুবিধা না হয় সেদিকে লক্ষ্য রাখা হয়েছে। এছাড়া আমি মনে করি অনেক গরিব মানুষ যারা ট্রাইবল নয়, অন্যান্য কমিউনিটিরও অনেক গরিব মানুষ আছে, তাদের জন্যও আমরা দু'টাকা কিলো চাল অ্যালাউ করেছি ওইসব ব্লকগুলোতে, জঙ্গলমহলের অধিগৃহীত সব ব্লকে এবং সেখানে ৩৬০০০ টাকা, ট্রাইবলদের জন্য যেটা ৪২০০০ টাকা রাখা হয়েছে, এখানে সিলিং-টা ৩৬০০০ টাকা করে রেখে আরেকটা স্কীম আমরা চালু করেছি যাতে ওখানকার মানুষরা সুযোগ পায়।

[6.30–6.40 p.m.]

আমরা আর একটা ইন্সস্ট্রাকশান দিয়ে দিয়েছি, চিফ সেক্রেটারি নিজেও দিয়েছেন, আমরা নিজেরাও দিয়েছি ডি.এম.-এর সাথে মিটিং করে। যদি মনে করেন কেউ অনাহারে আছে, ডি.এম.-কে জানাবেন। ডি.এম. সঙ্গে সঙ্গে তার ব্যবস্থা করবেন। আমরা বলেছি তারা হয়তো অনেকেই আছে বি.পি.এল. কার্ডের রাজনীতির শিকার হয়েছেন, সেই সময় যে বি.পি.এল. কার্ড থিওরি হয়েছিল কেন্দ্রীয় সরকার যখন দেবে নিশ্চয় করব এটা নিয়ে অলরেডি আমরা কথা বলছি। কিন্তু কথা হচ্ছে সেই সময় যদিও কেউ ভিক্টিমাইজ হয়ে থাকে, গরিব খেতে পারছে না, তার বি.পি.এল. কার্ড নেই জঙ্গলমহল এলাকায়। ডি.এম.-কে বলে দেওয়া হয়েছে যে আপনাকে একটা স্পেশাল পাওয়ার দেওয়া হল আপনি এটাকে দেখে সঙ্গে সঙ্গে তাকে একটা কার্ড ইস্যু করে তার পরিবার যাতে পায় সেটা আপনি দেখবেন। এটা আমরা ইন্সট্রাকশান অলরেডি দিয়ে দিয়েছি। আমি সকলকে বলি যে জঙ্গলমহলে আমরা খুব শীঘ্রই যাব এবং জঙ্গলমহল এলাকাতেও উন্নয়ন প্যাকেজ নিয়ে আমার যাবার ইচ্ছা আছে। আমরা দার্জিলিংয়ের ট্রাইপার্টাইট এগ্রিমেন্টের জন্য ওয়েট করছি। তাছাড়া আমি আপনাদের জানাচ্ছি যে হাউস সেশানে আছে আমাকে একটু দিল্লিতে যেতে হবে অর্থ মন্ত্রকের সাথে এবং প্ল্যানিং মিনিস্টারের সঙ্গে কথা বলতে হবে কারণ না হলে হয়তো বেতন দেওয়া যাবে না এমন একটা পরিস্থিতির মধ্যে আছে। সুতরাং আমাকে উন্নয়নের টাকা—হ্যাঁ, এটা ফ্যাক্ট ৬-৭ মাস ধরে সম্ভবত বিধবা ভাতা বন্ধ করে দেওয়া হয়েছে। এমবার্গো করে দেওয়া হয়েছে। বিধবা ভাতার টাকা নেই। বার্ধক্য ভাতার টাকা দেওয়া হয়নি। সমস্ত কিছু বন্ধ ছিল। এই অবস্থায় এমবার্গো আমরা তুলে দিয়েছি কিন্তু টাকাগুলো আমাদের জোগাড় করতে হবে। খুব অসহনীয় অবস্থা, এর মধ্যে দাঁড়িয়ে এত অর্থনৈতিক অবস্থা খারাপ জানলে সত্যি ভাবতাম পাঁচবার আমরা যে কি অবস্থার মধ্যে দিয়ে আসতে হয়েছে। সরি, আনফরচুনেট অ্যাফেয়ার্স বাট আমাদের এগুলোকে দেখে ঠিকমত করতে হবে। রাজবন্দি মুক্তি কমিটি আমরা একটা করেছি।

আপনারা জানেন যে, বিনা বিচারে বন্দি আছে বা পলিটিক্যালি ভিকটিমাইজ হয়েছে কতগুলো ক্লজ দিয়ে সেটাও অলরেডি আমাদের ফার্স্ট মিটিংয়ে ক্যাবিনেট মিটিংয়ে অ্যানাউন্স হয়েছিল এবং এগুলো সব ক্যাবিনেটের সিদ্ধান্ত ছিল তারপরে আস্তে আস্তে ডিপার্টমেন্ট অনুযায়ী করবে। প্রাথমিক শিক্ষকদের ক্ষেত্রে তাদের আমরা ১ তারিখে মাইনে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছি এবং গতমাসে দিয়েছি। আমরা চাই আস্তে আস্তে ব্যাঙ্কিং, যারা ব্যাঙ্ক লিড করে ওখানে ইউ.বি.আই. ব্যাংক তাদের ডেকে কথাও আমি বলেছি। অমিত মিত্র আমার ফাইনান্স মিনিস্টার খুব ভাল কাজ করছেন এবং কনটিনিউয়াস করছেন, আমাদের সকল মিনিস্টাররা চেষ্টা করছেন। আমরা কথা বলেছি যে আপনারা ব্যাঙ্কের ইনফ্রাস্ট্রাকচারটা বাড়ান এবং আমরা চাই প্রত্যেকে তার বেতন সেপ্টেম্বর মাস থেকে স্টেট ব্যাঙ্কের অ্যাকাউন্টের মাধ্যমে পাক। তার কারণ ব্যাঙ্কের অ্যাকাউন্টের মধ্যে থাকলে একটা ট্রান্সপারেন্সী, অ্যাকাউন্টে-বেলিটির ব্যাপার থাকে, না হলে হয় না। যেমন কিছুদিন আগে আমি একটা সার্ভে করতে গিয়ে একটা রিপোর্ট পেয়েছিলাম। একটা জায়গায় দেখা যাচ্ছে যে একজন বলেছে ১ কোটি সামথিং লক্ষ আমার বিধবা ভাতা যাচ্ছে। কিন্তু যখন আমি দেখলাম গিয়ে টাকাটা ব্যাঙ্কের মাধ্যমে করলাম ওটা ১ কোটি ৮৭ লক্ষ থেকে ব্যাঙ্কের মাধ্যমে করার পর আমি জানতে পারলাম ওটা ১ কোটি ৮৭ লক্ষ নয় ওটা ১ কোটি ৩০ লক্ষ। অর্থাৎ বাদবাকিটা কেউ কেউ নিয়ে চলে যাচ্ছিল। এই রকম ব্যাঙ্কের অ্যাকাউন্টের মধ্যে দিয়ে করলে এবং টাকাও ব্যাঙ্কের মধ্যে দিয়ে করলে এই প্রবলেমগুলো আসবে না বলে আমি বিশ্বাস করি। আমরা প্যারা টিচার, পি টি টি আই নিয়ে আগেও বলেছি আপনাদের অনেক প্রবলেম আছে। যারা এলিজেবেল এবং ২০০৩-০৪ সালে এন সি আর টি থেকে অ্যাপ্রুভড্ করেনি সেটা নিয়ে আমি একটা চিঠি লিখেছি অলরেডি। আমি হিউম্যান রিসার্চ ডেভেলপমেন্ট ডিপার্টমেন্টকে চিঠি লিখেছি যে ২০০৩-০৪ সালে আপনারা পারমিশান দেননি কিন্তু দিন, তাহলে আমাদের ছেলেমেয়েদের আর একটা সুযোগ আমরা দিতে পারি। যারা সেই সময়টায় সুযোগ পায়নি, যারা এলিজেবেল হয়নি সেই ইয়ারটা নষ্ট হয়েছে তাদের সুতরাং তাদের একটা স্পেশাল পারমিশান দেওয়া হোক। এছাড়াও আমরা বলেছি পি টি টি আই আর প্যারা টিচারের যারা প্রাইমারি টিচার হবার কোয়ালিফিকেশান আছে, কোয়ালিফাই করবে তাদের আমরা আস্তে আস্তে ৩ বছরের মধ্যে এলিজেবেল পি টি টি আই—এটা নয় যে ওই ৪৬ হাজার থেকে ১০% রেখেছি শুধু এটা তা নয়। ৪৬ হাজার যেটা নিউ রিক্রুটমেন্ট হবে তার মধ্যে ১০% রেখে দেওয়া হয়েছে এক্সট্রা কিন্তু আরো ৩ বছরের পরিকল্পনা নেওয়া হয়েছে যারা এলিজেবেল মানে পি টি টি আই তার ৫০% পাস করে তার কোর্স শেষ করার পরে এলিজেবেল হবে তারা এবং প্যারা টিচার তারা যারা প্রাইমারি টিচারের চাকরি করতে কোয়ালিফাই করবে তাদের সকলকেই আমরা ৩ বছরের মধ্যে নিযুক্ত করে দেব প্রাইমারি টিচারে। কেন জানেন তো, একটা শিক্ষার মধ্যে যদি ১০টা ছাতা থাকে কাজ করতে অসুবিধা হয়। আমরা মনে করি যে, স্কুল এডুকেশান এবং হায়ার এডুকেশান এই দুটোই থাকা উচিত। স্কুল এডুকেশানে স্কুল এডুকেশানগুলো ঢুকে যাবে, হায়ার এডুকেশানে হায়ার এডুকেশানগুলো ঢুকে যাবে—এটা একটা ব্যাপার আছে। যে কোনো ডিপার্টমেন্ট এক্সপার্ট কমিটি করতে পারে।

এটার সাথে আমি মনে করি না, অন্য কোনো ব্যাপার, সাংবিধানিক কোনো ব্যাপার জড়িত আছে যেটা হাউসে পাস করাতে হয়। এক্সপার্ট কমিটি যে কোনো ডিপার্টমেন্ট—আপনারা নিজেরাও অনেকে মন্ত্রী ছিলেন আপনারা জানেন। এক্সপার্ট কমিটি কেউ করতে পারে। আর আমি তো গর্বিত যে অমর্ত্য সেনকে—প্রেসিডেন্সি কলেজের সিলেবাস তৈরি হচ্ছিল না, প্রায় এই রকম একটা অবস্থা, সব তো বলা যাবে না। যতটুকু বলতে পারি অমর্ত্য সেনের মতো একজন বিখ্যাত মানুষ, তিনি তো আমার সমর্থকও নন। তিনি একজন ভাল মানুষ, তাও আমি মনে করি। তাকে আমরা চিফ মেন্টার করেছি প্রেসিডেন্সি কলেজের জন্য। সুগত বোস, তাকে একটা এক্সপার্ট কমিটির চেয়ারম্যান করা হয়েছে। সে ইন্ডিয়ান, সেও হাভার্ড ইউনিভার্সিটিতে আছে। বাট গুড এডুকেশানিস্ট। সেখানে আই আই এম থেকে রাখা হয়েছে, আই আই টি থেকে রাখা হয়েছে, বিভিন্ন ইন্সটিটিউশানকে দিয়ে, যাদবপুরকে রাখা হয়েছে। বেসু-শিবপুর থেকে রাখা হয়েছে। ইট ইজ নট যে একটাও পলিটিক্যালর লোককে আমি রাখিনি। শুনলে আপনারা খুশি হবেন। পলিটিক্যাল লোকেদের দিয়ে এডুকেশন্যাল ইন্সটিটিউশান—হেলথ্, ফুড অ্যাডমিনিস্ট্রেশান চালালে অনেক সময় প্রবলেম হয়ে যায়। আমরা দেখেছি লক্ষ্য করে, একটা দৃষ্টিভঙ্গি আমাদের ফিরিয়ে নিয়ে আসা উচিত। সেটা হচ্ছে রাজনীতির উর্ধ্বে একটা জগৎ আছে। এই জগৎটাকে যদি আমরা নারচার করতে পারি, অনেক প্রতিভা আমরা আরও তৈরি করতে পারি। রাজনীতি যাঁরা করেন, আমি এটাও মনে করি তাঁদের আত্মত্যাগ অনেক বেশি। তাঁদের ডেডিকেশান অনেক বেশি। আমি মনে করি না রাজনীতিক মাত্রই চোর। এই থিয়োরিটা আমি মানতে রাজি নই। আমি এখনও মনে করি পলিটিক্যাল যারা ওয়ার্কার হয়, তাদের কম্পালশান মানুষের কাছে অনেক বেশি থাকে। ইনডিভিজুয়াল একজনকে দেখে হান্ড্রেডের বিচার করা উচিত নয়। ইনডিভিজুয়াল একজন খারাপ হতে পারে, সবাই খারাপ হতে পারে না। একটা পলিটিসিয়ান চোর হলেই আমরা মনে করি হান্ড্রেডই চোর। সেটা কিন্তু ঠিক নয়। সব জগতেই ভাল মানুষ আছে। সব জগতেই খারাপ মানুষ আছে। সেইভাবে মনে রাখবেন আমরা মনে করি যে যারা ভাল—পলিটিক্যাল ওয়ার্কাররা নিশ্চয় ডেডিকেশান নিয়ে কাজ করে। তাদের একটা জগৎ থাকে। আর যাঁরা বুদ্ধিজীবীরা আছেন, শিক্ষাজীবীরা আছেন, অনেক পলিটিসিয়ান তো টিচার আছেন। ম্যাক্সিমাম টিচার, প্রিন্সিপ্যাল, প্রফেসার—আমার তাঁদেরই ইউটিলাইজ করি, কোনো অসুবিধা নেই। কিন্তু রাজনীতিতে আমি মনে করি যে রাজনীতিগতভাবে শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষার ইন্সটিটিউশান, শিক্ষার চিন্তাধারা—আমরা একটা সিদ্ধান্ত নিচ্ছি খুব শীঘ্র। আমি গতকাল আলোচনা করেছি ডিটেলসে। আপনরা চান আমি হাউসে বলব। সেজন্য আমি কালকে বলিনি, আমি হাউসেই বলছি। একটা হচ্ছে রবীন্দ্রনাথ ঠাকুরের—একটা আমরা সার্ধ শতবর্ষ কমিটিও করেছি। রবীন্দ্রনাথ ঠাকুরের সার্ধ শতবর্ষ পালন হচ্ছে আপ টু ২০১২ হবে। সেই জন্য আমরা এই বছরটাই রবীন্দ্রনাথ ঠাকুরের উপরে এবং তার সাথে আমি নজরুল একাডেমিও করছি। নজরুল এবং রবীন্দ্রনাথ—দুজনেই সব চেয়ে বড় ঐতিহ্য বাংলায়। তার উপরে অনেক প্রোগ্রাম আমরা করব। কিন্তু একটা সিদ্ধান্ত আমি নিয়েছি মোটামুটি যে এই বছরে বাচ্চাদের—রবীন্দ্রনাথকে আরও বেশি ঘরে পৌঁছে দেওয়ার জন্য যে সহজপাঠ একদিন

বাতিল হয়েছিল, সেই সহজপাঠকে আমরা আবার ইনক্লুড করব সিলেবাসে। আমরা আবার মনে করি সিলেবাসের বোঝা কমানো উচিত। আমি দেখেছি এক একটা ছোট্ট বাচ্চা, তার কাঁধটা বেঁকে যায়, তার কাঁধটা বেঁকে যায়। একটা বইয়ের ব্যাগ নিতে নিতে সে ঝুলে পড়ে যাচ্ছে। বাচ্চাও পড়ছে, মাকেও বসে থাকতে হচ্ছে। একটা রাফ অ্যান্ড টাফ লাইফ হয়ে গেছে। বাচ্চাদের মুখে হাসি উড়ে গেছে। কালকে আমরা এই নিয়ে কথা বলেছি, আলোচনা করেছি, যে আমাদের সিলেবাস নিয়ে এক্সপার্ট কমিটি তৈরি করে ইমিডিয়েট বলা হোক যে বাচ্চাদের উপর পড়াশোনার যে ভার, সেই ভার আমরা লাঘব করব। আমরা সিলেবাসের বোঝা কমাব। এটা আমাদের গভর্নমেন্টের পক্ষ থেকে একটা আলোচনা আমরা করেছি। আমি হাউসকে জানালাম। উচ্চশিক্ষার ব্যাপারেও আমি মনে করি রাজনীতির উর্ধ্বে থেকে নিরপেক্ষ শিক্ষা ব্যবস্থা, উচ্চশিক্ষাতেও হোক, মধ্য শিক্ষাতেও হোক, প্রাথমিক শিক্ষাতেও হোক। আর আমি মনে করি বাংলা আমরা নিশ্চয় পড়ব। কিন্তু আমার কাছে অনেক সময় ছোট ছোট ছেলেমেয়েরা আসে। আমি জিজ্ঞাসা করি কি ব্যাপার বল। বলছে দিদি, খুব জেনুইন একটা কোশ্চেন করেছিল। বলছে দিদি দেখুন, আমরা বাংলা মিডিয়াম স্কুলে যতই ভাল রেজাল্ট করি না কেন, যখন আমি একটা কম্পিটিশানে যাচ্ছি ন্যাশানাল লেভেলে, ইন্টারন্যাশানাল লেভেলে, আমি খুব ভাল পড়াশুনায়—কিন্তু আমি ইংরাজিটা ভাল বলতে পারছি না। ফলে আমি ওই কম্পিটিশানে আমি পারছি না, অন্যরা পেরে যাচ্ছে। আমি মনে করি এটা খুব জেনুইন প্রবলেম দে আর ফেসিং। সত্যি কথাই তো, যার জন্যে রেলে চাকরিতে আমি বলেছিলাম রিজিওন্যাল ল্যাঙ্গুয়েজটাকে তুমি অ্যালাউ কর সব জায়গায়। কারণ কি হয়, ধরুন, পরীক্ষা হচ্ছে ন্যাশনাল লেভেলে। যে ইংরাজি মিডিয়াম থেকে এসেছে, সে কিন্তু বেশি নম্বর পায়। কারণ ছোট ছোট কোশ্চেনে পটাপট উত্তর দিতে পারে। যে হিন্দী ভাষী সে দিয়ে ফেলে। কিন্তু বাংলা ভাষা পড়েছে যে সে কিন্তু বাংলায় খুব স্ট্রং। আমরা যেমন বাংলা ভাষা ভাল বলতে পারি, অন্য ভাষা তো পারি না। এটা আমাদের দোষ নয়। এইভাবে আমরা অভ্যস্ত, এইভাবে মানুষ হয়েছি। এটা বলে যে দিদি, ইংরাজিটাও স্ট্রং করতে হবে। এটাও আমরা একটা সিদ্ধান্ত নিচ্ছি। বাংলাও চলবে, বাংলার সাথে সাথে ইংরাজিটাকেও একটু স্ট্রং করতে হবে। যাতে উচ্চশিক্ষার ক্ষেত্রে আমাদের ছেলেমেয়েরা পড়ে পড়ে মার না খায়। কেন বাংলা থেকে আই.পি.এস. হবে না, কেন আই.এ.এস. হবে না, কেন ডব্লু.বি.সি.এস. হবে না, কেন ইঞ্জিনিয়ার হবে না, কেন বড় বড় সায়েনটিস্ট হবে না ? কারণ আমি মনে করি মেধা আমার ঘরের মধ্যে আছে।

[6.40–6.50 p.m.]

রবীন্দ্রনাথ ঠাকুরের কিছু কিছু কোট আমরা ইউজ করি কারণ যেটা আমাদের সুট করে। ইউজ করতে পারেন আপনি সুখে, দুঃখে, ব্যথায় যে কোনো ব্যাপারে। আমার সবসময় মনে হয় ভাববার যে 'দেখিতে গিয়াছি পর্বতমালা দেখিতে গিয়াছি সিন্ধু, দেখা হয় নাই চক্ষু মেলিয়া ঘর হতে শুধু দুই পা ফেলিয়া, একটি ধানের শীষের উপর একটি শিশির বিন্দু।' অতএব আমার ঘরের সামনে অনেক কিছু আছে সেটাকে নারচার করে আসুন আমরা গড়ে

তুলি। আমি এখনো আমার সরকারি ও বিরোধী দলের সকলকেই যত পলিটিক্যাল পার্টি আছে, তরুণবাবু S.U.C.I.-এর একা আছেন, তাকে আমি সম্মান করি কেন জানেন তিনি একা হতে পারেন কিন্তু তার চিন্তাধারাকে আমি সম্মান করি। এবং এইভাবে আমি বলছি এই কারণে কেউ তুচ্ছ নয়, কেউ ছোট নয়। আসুন ভাল কাজগুলো—আমি তো পার্থ চ্যাটার্জীকে বলেছি পরিষদীয় দলের মন্ত্রীকে, যাঁরা ভাষণ দিয়েছেন যত মেম্বাররা অনেকের কিছু ভাল ভাল সাজেশান আছে, প্রত্যেকটা আমাকে দেবেন। কে বলেছেন, কোন সাজেশানটা দিয়েছেন। যেটা ভাল সাজেশান আমি দেখব সেখানে আমি ভাবব না এটা এপারের না ওপারের, এটা এই পক্ষের না ওই পক্ষের। আমি এখনো মনে করি ছোট বাচ্চারা ভাল সাজেশান দেয়। অনেক ছোট ছোট বাচ্চা আছে রাস্তায় গেলে টুক করে একটা কথা বলে দেবে দেখবেন। টুক করে একটা কথার মধ্যে যে কথার মাধুর্য আছে, কথার মালার মধ্যে দিয়ে একটা সুন্দর কথাবলা দেখা দেয়। এগুলি নিজস্বতার ব্যাপার আছে। এগুলি একটু দেখে নিতে হয়। এগুলি গ্রহণ করলে কখনো সে ছোট হয় না, গ্রহণ করলে সে বড়ই হয়। আমি এটা মনে করি মানুষকে গ্রহণ করা মানে মানুষের বড়ত্বকেই প্রমাণ করা। সিঙ্গুর নিয়ে অলরেডি তো আমরা—আপনারা সাপোর্ট না দিলেও সিঙ্গুর বিলে অংশ নিয়েছেন আপনারা—তাই সকলকে কৃতজ্ঞতা জানাই। Thanks জানাই। এছাড়াও যে সমস্ত সাবজেক্টগুলো আপনারা তুলেছেন মানে ডিপার্টমেন্টাল অনুযায়ী—যেমন রেজ্জাক সাহেব আমি শুনেছি আপনার ভাষণ, আমি ছিলাম না, সরি। আপনি একটা কৃষিভাতার কথা বলেছেন। কৃষিভাতা আরো বাড়াব। আমাকে একটুখানি স্টাডি করে নিতে দিন। তারপর আমি আস্তে আস্তে করব। প্রায়োরিটি আমার হচ্ছে স্বাস্থ্য, শিক্ষা এবং খাদ্য—দেখুন হসপিটাল—আমাদের বিরোধী দলনেতা ছিলেন জিজ্ঞেস করুন, স্বাস্থ্য হচ্ছে, আপনার যদি ইচ্ছে হয় প্রাইমারি হেলথ্ সেন্টারে কিছু নেই। এক্ষুনি ভাল করে করান। আপনি ওটা বন্ধ করে তো করতে পারেন না। কারণ যার কোনো সুযোগ নেই, ওইটুকু জায়গাতেই লোক কষ্ট করে আসে যে, আমায় একটা বড়ি দাও। সেটাও অ্যাভেলেবেল হয় না। এই অবস্থা হয়ে গেছে। সুতরাং আপনি যতক্ষণ না ক্রিয়েট করতে পারছেন নতুন সেটআপ, ততক্ষণ পুরনো সেটআপকে আপনাকে বজায় রাখতে হবে। স্বাস্থ্য এই নয় যে ঘর থেকে বার করে দিলাম, আর রঙ করে দিলাম স্বাস্থ্যে এই রকম হয় না। স্বাস্থ্য খুব টাচি ম্যাটার, সেনসেটিভ ম্যাটার। আমরা প্ল্যানিং করছি। ফাস্ট হচ্ছে এগজিসটিং ফেসিলিটির মধ্যে যেটা হবে, আমরা প্রায় এই বছর ৩৫০০ বেড বাড়াচ্ছি। আমরা সাতটা সাব ডিভিশনাল হসপিটালকে ডিস্ট্রিক হসপিটাল হিসেবে অলরেডি অ্যানাউন্স করেছি। আমি নিজে ব্লক লেভেল পর্যন্ত স্বাস্থ্য অধিকর্তা যারা ছিলেন, তাঁদের ডেকে এনে মিটিং করে কথা বলেছি এবং প্রয়োজনে মানুষকে সাহায্য যতটুকু এগজিসটিং ফেসিলিটির মধ্যে দেওয়া যায়, সেটা বলেছি। পরে আসবে—আমাদের উদ্দেশ্য আছে আমরা ডাইগনেস্টিক সেন্টার তৈরি করব ব্লকে ব্লকে। সেটার জন্য আমাদের টাকার জোগাড় করতে হবে। কারা করবে ? অনেক সময় টাকা জোগাড় হলেও কে করবে, কোন পদ্ধতিতে করবে, এটা একটা সিস্টেম ইনফ্রাস্ট্রাকচারের দরকার আছে। এগুলো আমরা ভাবছি। সুতরাং এগজিসটিং ফেসিলিটির মধ্যে সর্টটার্ম একটা, লং টার্ম একটা, এইভাবে ভেবে সেই কাজগুলো আমরা করছি। এছাড়াও আরও অনেক ইস্যু আসে কিন্তু যেহেতু সময় কম, মাননীয়

স্পীকারের কাছে আমি রিয়েলি কৃতজ্ঞ, কৃতজ্ঞ এই হাউসের কাছে তিনি-অনেকটা সময় আমাকে দিয়ে ফেলেছেন। আমি সত্যি একটু বেশি সময় নিয়ে ফেলেছি। আমি তার জন্য আপনাদের কাছে ক্ষমা চাইছি। আরো অনেক সাবজেক্ট আছে। কিন্তু আবার চলবে। বাজেট না ভোট অন অ্যাকাউন্ট—কি হবে আমি বুঝতে পারছি না, সেটা অমিতদা ক্লারিফাই করবেন। কারণ আমি ভুল বুঝছি কিনা জানি না, কিছুক্ষণ আগে শুনছিলাম আপনারা আবার বলবেন কিনা জানি না এটা আমি কিন্তু কারেক্টেড নই। আমার জেনে নিতে হবে আসল সত্যিটা কি। আমি শুনেছি বাজেটও নাকি হয়েছে, ভোট অন অ্যাকাউন্টসও হয়েছে। সে আমি জানি না। সেসব অমিতদা দেখবেন ফাইনান্স মিনিস্টার। ইট ইজ নট মাই জুরিসডিকশান। উনি দেখবেন আবার করবেন। কি করবেন দেখে নেবেন এবং তারপরে আবার বাজেটের সময় দেখা হবে। যা যা ক্যয়ারিস আছে অর্থমন্ত্রী আলোচনা করবেন, বলবেন। একটা কথা শুধু আপনাদের কাছে বলব রাজ্যপালের ভাষণের উপর—মানব না, সংশোধনী দিয়ে জাস্ট রাজনীতির স্বার্থে প্রতিবাদ করব এবং ওয়াকআউট করে চলে যাব—নিশ্চয়ই করতে পারেন, এটা বিরোধীদলের অধিকার আছে। আপনাদের নিশ্চয়ই অধিকার আছে গ্রহণ করবার। আপনাদের অধিকার আছে বর্জন করবার। নিশ্চয়ই করতে পারেন সেটা। এটা আপনাদের ব্যাপার, রাজনৈতিক সিদ্ধান্ত। আমি এখনো মনে করি আমাদের হাউসে রাজনৈতিক সিদ্ধান্ত নেওয়া উচিত। মাত্র এই কদিনের মধ্যে যে কাজ মা-মাটি-মানুষের সরকার করেছে তা কখনোই হয়নি, কখনো হবে না। আগামীদিনে আরো অনেক বেশি বেশি হবে। নমস্কার ধন্যবাদ।

মিঃ স্পীকার : ধন্যবাদ মাননীয়া মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায়কে। আমরা গভর্নরস অ্যাড্রেসের উপরে গত ৩ দিন ধরে আলোচনা করেছি। সাড়ে ১৫ ঘণ্টা আলোচনা হয়েছে। প্রথম দিন ১৯ জন আলোচনায় অংশগ্রহণ করেছিলেন মাননীয় সদস্যরা। ১৬ তারিখে ২৬ জন মাননীয় সদস্য অংশগ্রহণ করেছিলেন, আজকে মুখ্যমন্ত্রী সহ ৩২ জন অর্থাৎ সবসমেত মোট ৭৭ জন সদস্য রাজ্যপালের ভাষণের উপরে বিতর্কে আপনারা অংশগ্রহণ করলেন। সবাইকে আমি ধন্যবাদ জানাই। এখন ডিসকাশান There are 143 amendments to the Motion of Governor's address. Now, I will request the secretary to explain the procedure of voting.

মিঃ সেক্রেটারি : মাননীয় সদস্যগণ, যদি ডিভিশান চাওয়া হয় কোনো বিষয়ের মতামতের উপর, তাহলে আমাদের বিধানসভায় আপনাদের টেবিলে দেখবেন একটি করে যন্ত্র আছে, এই যন্ত্রের মাধ্যমে অটোমেটিক ভোটিং সিস্টেম আমাদের আছে। এই ভোট দেওয়ার পদ্ধতিটা আমি একটু আপনাদের বুঝিয়ে বলছি। আপনার সামনের টেবিলের উপরে এই যন্ত্রটি আছে এবং টেবিলের ডেস্কের নীচে একটি লাল বাটন আছে। একটু ভাল করে দেখে নেবেন, আপনার ভোট যন্ত্রের নীচে লাল রঙের বাটন আছে আর আপনার সামনে ভোটিং যন্ত্রটি আছে। আপনার ভোট যন্ত্রে ১, ২, ৩, ৪, ৫ নাম্বার দেওয়া আছে। তার থেকে ১, ২, ৩, ৪ ভোটের জন্য ৪টি বাটন। ভোট দেওয়ার নির্দেশ এলে তখন আপনার ভোট যন্ত্রের ১ নম্বর বোতামটি জ্বলতে, নিভতে থাকবে। তার মানে আপনার যন্ত্রটি ভোট দেওয়ার জন্য

তৈরি। তখন আপনি বাঁ হাতের বুড়ো আঙুল দিয়ে আপনার সামনের ডেস্কের নীচে লাল বাটনটি চেপে ধরবেন এবং চেপে রাখবেন ছেড়ে দেবেন না। একইসাথে ১ নম্বর বাটনটি ডান হাতের যে কোনো আঙুল দিয়ে চাপবেন। তাহলে আপনার মেশিনটি আপনার ভোট দেওয়ার জন্য তৈরি এবং তখন দেখবেন ২ এবং ৩ নম্বর, ৪ নম্বর বাটনের পাশে যে ছোট ছোট আলো সেগুলো মিটমিটি করে জ্বলতে থাকবে। তার মানে ওই বাটনটি রেডি। এরপর আপনি আপনার পছন্দমত যদি আপনি পক্ষে হন ২ নম্বর বাটন চাপবেন, যদি বিপক্ষে হন ৩ নম্বর বাটন চাপবেন আর যদি কোনো পক্ষেই না হোন—নিরপেক্ষ থাকতে চান তাহলে ৪ নম্বর বাটন চাপবেন। মনে রাখবেন ওই ২, ৩, ৪ নম্বর বাটনটি চাপার সময় বাঁ হাত দিয়ে নীচের লাল বাটনটি চেপে রাখতে হবে লুস করলে হবে না। না হলে কিন্তু ভোট রেকর্ডিং হবে না। এরপরে যখন আপনার যন্ত্রটির সবগুলো আলো নিভে যাবে তার মানে ভোটগ্রহণ পদ্ধতি শেষ হয়ে গেল। আমি আর একবার বলছি এই পদ্ধতিটা।

মি: স্পীকার : পরিষদীয় দলের নেতা শ্রী পার্থ চ্যাটার্জী কিছু বলতে চান, আমি তাঁকে অনুমতি দিচ্ছি বলার জন্য।

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের এই হাউসে এবারের বিধানসভায় প্রচুর পরিমাণে নতুন সদস্য উভয় পক্ষ থেকে এখানে এসেছেন। আগের বিধানসভায় আমরা লক্ষ্য করে দেখেছি যে, পরিণত হওয়া সত্ত্বেও আমাদের ভুলের পরিমাণ বেশি ছিল। আমি আপনাকে এর আগেও অনুরোধ করেছি, সচিব মহাশয়কে অনুরোধ করেছি, এখানে এই বিধানসভায় এই সময়কালে যদি ভোটগ্রহণের কোনো ব্যবস্থা হয়, তাহলে সেটা স্লিপে করে আপনারা করুন। তারপর প্রশিক্ষণের পরে এই ১, ২, ৩, ৪ করা যাবে। না হলে এদের মধ্যে একটা বিভ্রান্তি তৈরি হবে। আপনি সেই সময় বলেছিলেন—হ্যাঁ, আমি সেই ব্যবস্থাই রাখব।

[6.50–7.00 p.m.]

মি: স্পীকার : আমরা স্লিপের মাধ্যমে ভোট করাতে পারি। আমরা যে ১৪৩টা অ্যামেন্ডমেন্ট পেয়েছি তার ওপর ভোট হবে। আপনারা ডিভিশন চান কি না বলবেন।

....(pause)....

Hon'ble Members, now Voting on Amendments on Motion of Thanks to Governor's Address. There are 143 amendments to the Motion. All the Amendments are in order and taken as moved.

রাজ্যপালকে ধন্যবাদজ্ঞাপক প্রস্তাব

১৩ই জুন, ২০১১ তারিখে শ্রীশোভনদেব চট্টোপাধ্যায় কর্তৃক উত্থাপিত প্রস্তাব—

"রাজ্যপালকে তাঁহার ভাষণের প্রত্যুত্তরে নিম্নলিখিত মর্মে একটি সশ্রদ্ধ সম্ভাষণ পাঠানো হউক :

'মহামান্য রাজ্যপাল মহাশয় পশ্চিমবঙ্গ বিধানসভায় ১৩ই জুন, ২০১১ তারিখের অধিবেশনে যে ভাষণ প্রদান করিয়াছেন সেইজন্য এই সভা তাঁহাকে আন্তরিক ধন্যবাদজ্ঞাপন করিতেছে।'।''

উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের সংশোধনী

[সংশোধনী প্রস্তাবসমূহ অধ্যক্ষ মহোদয়ের বিবেচনাধীন]

1-11.

Shri Touab Ali : উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হোক :

কিন্তু দুঃখের বিষয় এই যে,—

1.

বর্তমান শাসকদলের মদতে সারা রাজ্যে প্রতিদিন বামপন্থী কর্মী ও সাধারণ মানুষের প্রাণহানি ঘটছে—এর কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

2.

মহাবিদ্যালয়গুলিতে নির্বাচিত সংসদের উপর আক্রমণ, ছাত্রদের উপর শারীরিক নিগ্রহ এবং শিক্ষার পরিবেশকে কলুষিত করা হচ্ছে—এ বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

3.

রাজ্যে আইন শৃঙ্খলার অবনতি রোধে এবং হাজার হাজার ঘরছাড়া মানুষদের ফিরিয়ে এনে তাঁদের নিরাপত্তা সুনিশ্চিত করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

4.

রাজ্যে মাওবাদী সমস্যা নিরসনে সরকারের ভূমিকা ও মনোভাবের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

5.

রাজ্যের বিভিন্ন প্রান্তে গণ-আদালতের নামে সমাজবিরোধীরা বিচারক সেজে সাধারণ মানুষের কাছ থেকে লক্ষ লক্ষ টাকা জরিমানা আদায় করছে—এর কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

6.

রেজিনগর থানার কাপাসডাঙা গ্রামে জনৈক মকবুল সেখ ও তার ছেলেকে নির্মমভাবে হত্যা এবং তার বাড়িঘর অগ্নিসংযোগ করে ধ্বংস করে দেওয়ার ঘটনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

7.

রাজ্যে আইনি শাসন প্রতিষ্ঠা করতে পুলিশের নিষ্ক্রিয়তার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

8.

বিড়ি শ্রমিক সহ অন্যান্য শ্রমিকদের ন্যায়সংগত ও অর্জিত অধিকার রক্ষা বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

9.

রানিনগর থানার জনৈক দিবারানি মণ্ডল সহ বহু মহিলার শ্লীলতাহানি ঘটনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

10.

জঙ্গিপুর মহকুমা এলাকায় ক্রমবর্ধমান আইন শৃঙ্খলা অবনতির কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ; এবং

11.

ধূলিয়ান সহ অন্যান্য এলাকায় গঙ্গা ভাঙন রোধে কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

12-51.

Shri Tajmul Hossain : উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হোক :

কিন্তু দুঃখের বিষয় এই যে,—

12.

হরিশ্চন্দ্রপুর বিধানসভা কেন্দ্রের অন্তর্গত ভালুকা বাঁধ থেকে জগন্নাথপুর হয়ে ভৈরবপুর পর্যন্ত রাস্তাটি পাকা করার কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

13.

হরিশ্চন্দ্রপুর গ্রামীণ হাসপাতালটির আধুনিকীকরণের জন্য কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

14.

হরিশ্চন্দ্রপুর বিধানসভা কেন্দ্রের অন্তর্গত ভালুকাতে নতুন থানা স্থাপনের কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

15.

হরিশ্চন্দ্রপুর বিধানসভা কেন্দ্রের অন্তর্গত উত্তর ভাকুরিয়া ও দক্ষিণ ভাকুরিয়ার বিচ্ছিন্ন এলাকায় বিদ্যুৎ পৌঁছে দিতে কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

16.

হরিশ্চন্দ্রপুর বিধানসভা কেন্দ্রের অন্তর্গত সুলতান নগর থেকে নানারাহী হয়ে মালসাবাদ পর্যন্ত রাস্তাটি পাকা করার কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

17.

হরিশ্চন্দ্রপুর বিধানসভা কেন্দ্রের অন্তর্গত কুমেদপুরের কাছে সূর্যপুড়াতে নতুন সেতু নির্মাণের কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

18.

হরিশ্চন্দ্রপুর বিধানসভা কেন্দ্রের অন্তর্গত তুলসীহাটা গ্রাম থেকে ছত্রক হয়ে সায়ারা গ্রাম পর্যন্ত রাস্তাটি পাকা করার কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

19.

হরিশ্চন্দ্রপুর বিধানসভা কেন্দ্রের অন্তর্গত হরিশ্চন্দ্রপুর বাজারে জল নিষ্কাশনের সুষ্ঠু ব্যবস্থার সুনির্দিষ্ট পরিকল্পনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

20.

হরিশ্চন্দ্রপুর বিধানসভা কেন্দ্রের অন্তর্গত ভৈরবপুরের কাছে ফুলহর নদীর উপর যোগাযোগের জন্য সেতু নির্মাণের কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

21.

হরিশ্চন্দ্রপুর বিধানসভা কেন্দ্রের অন্তর্গত সংখ্যালঘু অধ্যুষিত এলাকায় মাদ্রাসাগুলির উন্নয়নের কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

22.

হরিশ্চন্দ্রপুর বিধানসভা কেন্দ্রের অন্তর্গত প্রতিটি গ্রামে বিদ্যুৎ পৌঁছে দেওয়ার কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

23.

হরিশ্চন্দ্রপুর বিধানসভা কেন্দ্রের অন্তর্গত কবরস্থানগুলির প্রাচীর নির্মাণের কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

24.

হরিশ্চন্দ্রপুর বিধানসভা কেন্দ্রের অন্তর্গত বাঘমারার কাছে নাদিরপুরে সেতু নির্মাণের কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

25.

হরিশ্চন্দ্রপুর বিধানসভা কেন্দ্রের অন্তর্গত লখিয়া ঘাটে সেতু নির্মাণের কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

26.

হরিশ্চন্দ্রপুর বিধানসভা কেন্দ্রের অন্তর্গত এলাকায় অকেজো নলকূপগুলি মেরামতের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

27.

হরিশ্চন্দ্রপুর বিধানসভা কেন্দ্রের অন্তর্গত মসালদহ বাজার হাসপাতালটির আধুনিকীকরণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

28.

হরিশ্চন্দ্রপুর বিধানসভা কেন্দ্রের অন্তর্গত তুলসীহাটা বাঁধ রোড থেকে বাজনাতপুর পর্যন্ত বেহাল রাস্তাটি পাকা করার কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

29.

হরিশ্চন্দ্রপুর বিধানসভা কেন্দ্রের অন্তর্গত মিলনগড় রোড থেকে মাটিয়ারী পর্যন্ত রাস্তাটি পাকা করার কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

30.

হরিশ্চন্দ্রপুর বিধানসভা কেন্দ্রের অন্তর্গত ডাহুয়া রোড থেকে ওয়াহেদপুর, করকরিয়া হয়ে তালগাছি পর্যন্ত বেহাল রাস্তাটি পাকা করার কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

31.

হরিশ্চন্দ্রপুর বিধানসভা কেন্দ্রে তফশিলি জাতি ও তফশিলি উপজাতি অধ্যুষিত এলাকার উন্নয়নের জন্য সুনির্দিষ্ট কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

32.

হরিশ্চন্দ্রপুর বিধানসভা কেন্দ্রের অন্তর্গত হরিশ্চন্দ্রপুর হাইস্কুল থেকে তালবাংরায়া হয়ে ফতেপুর পর্যন্ত বেহাল রাস্তাটি মেরামতের কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

33.

হরিশ্চন্দ্রপুর বিধানসভা কেন্দ্রের অন্তর্গত তালগ্রাম হাট থেকে বেতাহাট পর্যন্ত রাস্তাটি পাকা করার কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

34.

হরিশ্চন্দ্রপুর বিধানসভার অন্তর্গত জগন্নাথপুর গ্রামের কাছে একটি সেতু নির্মাণের কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

35.

হরিশ্চন্দ্রপুর বিধানসভার অন্তর্গত টালবাংরায়া থেকে মহাজান্না পর্যন্ত রাস্তাটি পাকা করার কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

36.

হরিশ্চন্দ্রপুর বিধানসভার অন্তর্গত খোকা মোড় থেকে বস্তা হয়ে মোহরাপাড়া পর্যন্ত রাস্তাটি পাকা করার কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

37.

হরিশ্চন্দ্রপুর বিধানসভার অন্তর্গত বেড়াপুরা, মসানন্দপুর, কালিকাপুর-বৈরাট, ইলাম, চিতলিয়া প্রভৃতি গ্রামে পরিশ্রুত পানীয় জল সরবরাহে কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

38.

অন্যান্য অনগ্রসর সম্প্রদায়ভুক্ত (O.B.C.) মানুষদের শংসাপত্র প্রদানে হয়রানি রোধে যথাযথ ব্যবস্থা গ্রহণের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

39.

হরিশ্চন্দ্রপুর বিধানসভার অন্তর্গত ভালুকা বাঁধের ভাঙন রোধে কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

40.

হরিশ্চন্দ্রপুর বিধানসভা কেন্দ্রের অন্তর্গত উপস্বাস্থ্য কেন্দ্রগুলির উন্নয়নের কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

41.

চাঁচল মহকুমা হাসপাতালে একটি মর্গ (লাশঘর) নির্মাণে কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

42.

হরিশ্চন্দ্রপুর বিধানসভা কেন্দ্রের অন্তর্গত সংখ্যালঘু অধ্যুষিত এলাকায় অধিক সংখ্যক মাদ্রাসা স্থাপন করার কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

43.

হরিশ্চন্দ্রপুর বিধানসভা কেন্দ্রের অন্তর্গত রাড়িয়াল থেকে মাঘমারা পর্যন্ত কাঁচা রাস্তাটি পাকা করার কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

44.

হরিশ্চন্দ্রপুর বিধানসভা কেন্দ্রের অন্তর্গত বাংরায়া সেতু থেকে বাংরায়া হয়ে ভবানীপুর পর্যন্ত রাস্তাটি মেরামত করার কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

45.

রাজ্যে প্রতিবন্ধীদেরকে অবিলম্বে শংসাপত্র প্রদান করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

46.

হরিশ্চন্দ্রপুর বিধানসভা কেন্দ্রের অন্তর্গত পিপলী স্ট্যান্ড থেকে পিপলী হাইস্কুল পর্যন্ত কাঁচা রাস্তাটি পাকা করার কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

47.

প্রতিবন্ধী ভাতা, বিধবা ভাতা ও বার্ধক্য ভাতা সময়মতো প্রদানের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

48.

হরিশ্চন্দ্রপুর বিধানসভা কেন্দ্রের অন্তর্গত ভালুকা থেকে তেলজান্না হয়ে বস্তা পর্যন্ত বাঁধের রাস্তাটি চওড়া ও পাকা করার কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

49.

হরিশ্চন্দ্রপুর বিধানসভা কেন্দ্রের অন্তর্গত হরিশ্চন্দ্রপুর থেকে কলকাতা পর্যন্ত সরকারি বাস নিয়মিত যাতায়াতের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

50.

হরিশ্চন্দ্রপুর বিধানসভা কেন্দ্রের অন্তর্গত মিটনা হাইস্কুলের কাছে পুকুরটিতে একটি গার্ডওয়াল নির্মাণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ; এবং

51.

হরিশ্চন্দ্রপুর বিধানসভা কেন্দ্রের অন্তর্গত বেজপুরা থেকে চিতলিয়া গ্রাম হয়ে বৈরাট পর্যন্ত কাঁচা রাস্তাটি পাকা করার কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

52-55.

Shri Anisur Rahaman : উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হোক :

কিন্তু দুঃখের বিষয় এই যে,—

52.

মুর্শিদাবাদ জেলার বেলডাঙা থানার কাপাসডাঙা গ্রামে গত ২৩/৫/২০১১ তারিখে শরিক শাসকদল আশ্রিত সমাজবিরোধীদের আক্রমণে মহবুল সেখ ও তার পুত্র নটবর সেখ-এর নিহত হওয়া এবং একজনের অগ্নিদগ্ধ হয়ে মৃত্যুর ঘটনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

53.

গত ১৭/০৫/২০১১ তারিখে মুর্শিদাবাদ জেলায় রানিনগর থানার চর বাথানপাড়ায় সমাজবিরোধী কর্তৃক দীবারানি মণ্ডল নামে জনৈক মহিলার শ্লীলতাহানি ও নিহত হওয়ার ঘটনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

54.

মুর্শিদাবাদ জেলার ডোমকল থানার কুশাবেড়িয়া গ্রামে শরিক শাসকদল আশ্রিত সমাজবিরোধীরা দীর্ঘদিন ধরে খাস জমিতে বসবাস করা গরীব মানুষদের জোরপূর্বক উচ্ছেদ করছে এবং তাদের জমি দখল করছে—এ বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ; এবং

55.

মুর্শিদাবাদ জেলার জঙ্গীপুর থানার গিরিয়া গ্রাম পঞ্চায়েত এলাকায় সি. পি. আই. (এম) সমর্থকদের বাড়ীতে শরিক শাসকদল আশ্রিত সমাজবিরোধীদের আক্রমণের ফলে তাদের বাড়ীঘর ও অন্যান্য সম্পত্তি নষ্ট এবং তাজিয়া খাতুন নামে জনৈক ICDS কর্মীর গত ২১/৫/২০১১ তারিখে বাড়ী ছাড়া হওয়ার ঘটনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

56-57.

Shri Subhas Naskar : উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হোক :

কিন্তু দুঃখের বিষয় এই যে,—

56.

সুন্দরবন এলাকায় আয়লায় ক্ষতিগ্রস্ত পরিবারগুলির পুনর্বাসন সহ বিপন্ন নদীবাঁধ রক্ষণাবেক্ষণের জন্য কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ; এবং

57.

সুন্দরবনে পর্যটকদের রাত্রিবাসের ব্যবস্থা এবং ভ্রমণের জন্য সকল সুযোগ সুবিধা সুনিশ্চিত করার জন্য প্রয়োজনীয় পরিকল্পনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

58-60.

Smt. Debalina Hembram : উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হোক :

কিন্তু দুঃখের বিষয় এই যে,—

58.

বিধানসভা নির্বাচনের ফল প্রকাশের পর বাঁকুড়া জেলার বিভিন্ন ব্লকে গরিষ্ঠ শাসকদল আশ্রিত সমাজবিরোধীদের আক্রমণে গরীব মানুষদের গ্রাম থেকে বিতাড়িত হওয়ার ঘটনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

59.

বাঁকুড়া জেলায় বিগত দুই মাস যাবৎ গরীব আদিবাসীদের কাজ না থাকার ফলে তারা অনাহারে দিন কাটাচ্ছে—এ বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ; এবং

60.

বাঁকুড়া জেলার বিভিন্ন ব্লকে শাসকদল আশ্রিত সমাজবিরোধীরা পাট্টাপ্রাপ্ত গরীব আদিবাসীদের পাট্টার জমি থেকে উচ্ছেদ করছে—এ বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

LIST-II

61-89.

Shri Manoranjan Patra : উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হোক :

কিন্তু দুঃখের বিষয় এই যে,—

61.

রাজ্যে বিধানসভা নির্বাচনের ফল ঘোষণার পর রাজনৈতিক কারণে যেসব মানুষ ঘরছাড়া হয়েছে তাদেরকে ঘরে ফিরানোর কোনো পদক্ষেপ গ্রহণের উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

62.

রাজ্যে বন রক্ষা ও সামাজিক বন সৃজনে বনরক্ষক কমিটির অধিকার সুরক্ষিত করার বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

63.

অত্যাবশ্যকীয় পণ্যসামগ্রীর অস্বাভাবিক মূল্যবৃদ্ধি রোধের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

64.

রাজ্যে শান্তি-শৃঙ্খলা বজায় রাখার জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

65.

বাঁকুড়া জেলার অন্তর্গত দ্বারকেশ্বর ও গন্ধেশ্বরী নদী বাঁধ নির্মাণের জন্য কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

66.

বাঁকুড়া পৌরসভায় পানীয় জলের সঙ্কট নিরসনে কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

67.

রাজ্যে বিভিন্ন জেলায় শাসকদলের আশ্রিত সমাজবিরোধীরা I.C.D.S. কর্মী ও সহায়িকাদের কাজে যোগদানে বাধা দিচ্ছে—এ বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

68.

রাজ্যের বিভিন্ন জেলায় শাসকদলের পক্ষ থেকে কৃষি সমবায় সমিতির নির্বাচিত সদস্যদের জোরপূর্বক পদত্যাগ করতে বাধ্য করা হচ্ছে—এ বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

69.

রাজ্যে বেকার যুবকদের কর্মসংস্থানের জন্য সুনির্দিষ্ট কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

70.

রাজ্যের খরা কবলিত জেলায় গরিব কৃষকদের চাষের জন্য সার ও বীজ বিনামূল্যে সরবরাহ করার বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

71.

গত ৬ই জুন, ২০১১ তারিখে বাঁকুড়া জেলার তালডাংরা থানার বড়ডাঙা গ্রামের গরিষ্ঠ শাসকদল আশ্রিত সমাজবিরোধীরা সি.পি.আই.(এম) দলের সমর্থক ও গ্রাম উন্নয়ন কমিটির সচিব হওয়ার জন্য শ্রীলক্ষীন্দর টুডুর উপর শারীরিক অত্যাচার করে—এই ঘটনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

72.

গত ৩.৬.২০১১ তারিখে শাসকদলের আশ্রিত সমাজবিরোধীরা বাঁকুড়া জেলার অন্তর্গত তালডাংরা থানার শালতোড়া গ্রাম পঞ্চায়েত সদস্য বাবলু সোরেন-এর উপর শারীরিক অত্যাচার করে এবং ৮,০০০ টাকা জরিমানার পর তাকে গ্রামছাড়া করে—এই ঘটনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

73.

গরিষ্ঠ শাসকদল আশ্রিত সমাজবিরোধীরা অস্ত্র উদ্ধারের নামে বামপন্থী দলের বহু কর্মীদের ঘরবাড়ি ভেঙে দিয়েছে এবং তাদের গ্রামছাড়া করিয়েছে—এই ঘটনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

74.

বিধানসভা নির্বাচনের ফল ঘোষণার পর বাঁকুড়া জেলায় পূর্বতন জমিদাররা গরিষ্ঠ শাসকদল আশ্রিত সমাজবিরোধীদের সাহায্যে গরিব পাট্টাদারদের জমি থেকে উচ্ছেদ করছে—এই ঘটনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

75.

বিধানসভা নির্বাচনের ফল ঘোষণার পর বাঁকুড়া জেলার গরিষ্ঠ শাসকদল আশ্রিত সমাজবিরোধীরা বামপন্থী সমর্থক শিক্ষক / শিক্ষিকাদের বিদ্যালয়ে কাজে যোগদানে বাধা দেওয়ার ঘটনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

76.

বাঁকুড়া জেলার বিভিন্ন এলাকায় হত্যার ঘটনায় অভিযুক্ত ব্যক্তিদের বিরুদ্ধে পুলিশ প্রশাসন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করছে না—এ বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

77.

বাঁকুড়া জেলার ২২টি পঞ্চায়েত সমিতি ও ১৯০টি গ্রাম পঞ্চায়েত এলাকায় শাসকদল আশ্রিত সমাজবিরোধীদের অত্যাচারের ফলেকয়েক লক্ষ তফশিলি জাতি ও তফশিলি উপজাতি সম্প্রদায়ভুক্ত গরিব মানুষ প্রায় ২ মাস ১০০ দিনের প্রকল্পের কাজ পাচ্ছে না—এই ঘটনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

78.

রাজ্যে বিধানসভা নির্বাচনের ফল ঘোষণার পর ত্রিস্ত্র পঞ্চায়েতে কতজন সদস্য / সদস্যাদের জোরপূর্বক পদত্যাগ করানো হয়েছে তার কোনো পরিসংখ্যান মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

79.

বাঁকুড়া জেলার ইন্দাস, পাত্রসায়র, কোতুলপুর, জয়পুর, তালডাংরা, বিষ্ণুপুর থানা এলাকায় গরিষ্ঠ শাসকদল আশ্রিত সমাজবিরোধীরা কয়েক হাজার বামফ্রন্ট কর্মীদের ঘরছাড়া করেছে—এই ঘটনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

80.

বিধানসভা নির্বাচনের ফল ঘোষণার পর গরিষ্ঠ শাসকদল আশ্রিত সমাজবিরোধীরা বামপন্থী বিভিন্ন ট্রেড ইউনিয়ন, ছাত্র সংসদ এবং গণসংগঠনের অফিস জোরপূর্বক দখল করেছে—এই ঘটনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

81.

গত ১৪.৫.২০১১ তারিখে বাঁকুড়া জেলার কোতুলপুর থানা এলাকায় গরিষ্ঠ শাসকদল আশ্রিত সমাজবিরোধীরা বামফ্রন্টের মহিলা নেত্রী ঝর্ণা দোলুইকে রাস্তা থেকে তুলে নিয়ে যাওয়ার ঘটনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

82.

গত ১৪.৬.২০১১ তারিখে বাঁকুড়া জেলার তালডাংরা থানা এলকায় গরিষ্ঠ শাসকদল আশ্রিত সমাজবিরোধীরা জেলা পরিষদের পূর্ত কর্মাধ্যক্ষ প্রশান্ত দণ্ডপাট-এর উপর শারীরিক নির্যাতনের পর তাকে বাড়িছাড়া করেছে—এ বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

83.

বিধানসভা নির্বাচনের ফল ঘোষণার পর রাজ্যের বিভিন্ন জেলায় গরিষ্ঠ শাসকদল আশ্রিত সমাজবিরোধীদের দ্বারা ১৩ জন বামপন্থী নেতা ও কর্মী নিহত হয়েছে—এই ঘটনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

84.

বাঁকুড়া জেলার ইন্দাস থানা এলাকায় গরিষ্ঠ শাসকদল আশ্রিত সমাজবিরোধীরা গণতান্ত্রিক মহিলা সমিতির সম্পাদিকা কৃষ্ণা ব্যানার্জী ও তার পরিবারের উপর শারীরিক নির্যাতন ও তাদেরকে ঘরছাড়া করেছে—এই ঘটনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

85.

গত ১৫.৬.২০১১ তারিখে বাঁকুড়া জেলার তালডাংরা থানার খরখরি গ্রামের শাসকদল আশ্রিত সমাজবিরোধী দ্বারা সি.পি.আই.(এম) নেতা অজিত লোহার নিহত হয়েছে—এ বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

86.

গত ১১.৬.২০১১ তারিখে বাঁকুড়া জেলার কোতুলপুর থানার সাইবনী গ্রামে সি.পি.আই.(এম) কর্মী অলোক বেওড়া নিহত হয়েছে—এ বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

87.

গত ৫.৬.২০১১ তারিখে বাঁকুড়া জেলার তালডাংরা থানার মামড়া গ্রামে শাসকদল আশ্রিত সমাজবিরোধীরা সি.পি.আই.(এম) নেতা সমীর নাগের উপর শারীরিক নির্যাতন করে—এ বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

88.

বাঁকুড়া জেলার তালডাংরা থানার দৌনী গ্রামে ১.৬.২০১১ তারিখে গরিষ্ঠ শাসকদল আশ্রিত সমাজবিরোধীরা তফশিলি জাতিভুক্ত মেয়েদের জঙ্গলে নিয়ে গিয়ে শ্লীলতাহানি করে—এ বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ; এবং

89.

গত ৩.৬.২০১১ তারিখে বাঁকুড়া জেলার তালডাংরা থানার জয়পুর গ্রামের গরিষ্ঠ শাসকদল আশ্রিত সমাজবিরোধীরা সি.পি.আই.(এম) কর্মী জয়দেব পরমানিকের উপর শারীরিক নির্যাতন করে—এ বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

90-92.

Shri Akshay Thakur : উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হোক :

কিন্তু দুঃখের বিষয় এই যে,—

90.

রাজ্যের জঙ্গলমহল-সহ বিভিন্ন এলাকায় মাওবাদী কার্যকলাপের উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

91.

সারা বছর ক্ষেতমজুরদের কাজের ব্যবস্থা সুনিশ্চিত করতে কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ; এবং

92.

শাসকদলের আশ্রিত সমাজবিরোধীরা রাজ্য জুড়ে বামপন্থী দলের কর্মী ও নেতাদের কাছ থেকে জরিমানা আদায় করছে এবং তাদেরকে দল ছাড়ার হুমকি দিচ্ছে—এ বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

93-96.

Shri Bijoy Bagdi : উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হোক :

কিন্তু দুঃখের বিষয় এই যে,—

93.

রাজ্যের বিভিন্ন এলাকায় বামপন্থী দলের কর্মীদের উপর অত্যাচার বন্ধের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণে সরকারের ব্যর্থতার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

94.

রাজ্যে বিভিন্ন এলাকায় জোট সরকারের সমর্থকদের অত্যাচারে ঘরছাড়া বামপন্থী দলের কর্মীদের ঘরে ফেরানোর জন্য কোনো পদক্ষেপ গ্রহণের উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

95.

নতুন সরকার ক্ষমতায় আসার পর বিভিন্ন রাজনৈতিক দলের নেতা ও কর্মীদের নির্মমভাবে হত্যা করা হয়েছে—কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ; এবং

96.

রাজ্যে বিভিন্ন এলাকায় গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি এবং জেলা পরিষদে বামপন্থী দলের সদস্য ও সদস্যাদের জোরপূর্বক পদত্যাগ করানোর ঘটনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

97-98.

Shri Sk Amjad Hossain : উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হোক :

কিন্তু দুঃখের বিষয় এই যে,—

97.

হুগলি জেলার আরামবাগ এলাকায় বামপন্থী কর্মী-সমর্থকদের উপর অত্যাচারের ঘটনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ; এবং

98.

হুগলি জেলার অন্তর্গত তাঁতিশাল, উদনা, সামতা প্রভৃতি গ্রামে বামপন্থী কর্মী ও সমর্থকদের উপর অত্যাচারের ঘটনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

99-112.

Shri Upen Kisku : উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হোক :

কিন্তু দুঃখের বিষয় এই যে,—

99.

বিধানসভা নির্বাচন পরবর্তী সময়ে শাসকদলের আশ্রিত সমাজবিরোধীরা বাঁকুড়া জেলায় প্রায় ১৩০০ গরিব মানুষকে ঘরছাড়া করেছে ; এই ঘরছাড়া মানুষদের ঘরে ফেরানোর জন্য কোনো পদক্ষেপ গ্রহণের উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

100.

বাঁকুড়া জেলার তালডাংরা থানা এলাকায় খরখরি গ্রামে জনৈক অজিত লোহারকে হত্যা করার ঘটনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

101.

বাঁকুড়া জেলার কোতুলপুর থানা এলাকায় সাইবনী গ্রামে অলোক বেওড়াকে হত্যা করার ঘটনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

102.

জঙ্গলমহলে গরিষ্ঠ শাসকদল ও মাওবাদী কর্তৃক গণহত্যার ঘটনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

103.

বাঁকুড়া জেলার তফশিলি আদিবাসী ছাত্রাবাসের জন্য বরাদ্দ অর্থের প্রথম কিস্তি এবং বকেয়া অর্থ প্রদান না করার বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

104.

বাঁকুড়া জেলার তালডাংরা থানার মামড়া গ্রামে জনৈক সমীর নাগের উপর শারীরিক নির্যাতনের ঘটনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

105.

তালডাংরা থানা এলাকার শালতড়া গ্রাম পঞ্চায়েতে আদিবাসী সদস্য বাবলু সরেনের উপর শারীরিক নির্যাতন এবং জরিমানার পর গ্রাম ছাড়তে বাধ্য করার ঘটনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

106.

বাঁকুড়া জেলা পরিষদের পূর্ত কর্মাধ্যক্ষ প্রশান্ত দণ্ডপাটকে গ্রাম ছাড়া করার ঘটনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

107.

বাঁকুড়া জেলার শিক্ষক নেতা অলোক মুখার্জির উপর শারীরিক নির্যাতনের ঘটনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

108.

বাঁকুড়া জেলার পণ্ডিত রঘুনাথ মুর্মু স্মৃতি মহাবিদ্যালয়ের ছাত্রাবাসে আদিবাসী ছাত্রদের ভীতি প্রদর্শনের ঘটনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

109.

বাঁকুড়া জেলার সারেঙ্গা থানা এলাকায় বামপন্থী দলের কর্মী রণজিৎ সিং-এর উপর শারীরিক নির্যাতনের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

110.

আগামী শিক্ষাবর্ষ থেকে মাধ্যমিক স্তরের পাঠ্যসূচিতে সাঁওতালী ভাষা অন্তর্ভুক্ত করার বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

111.

রাণীবাঁধ থানার বাগডুবি গ্রামে গরিষ্ঠ শাসকদল আশ্রিত সমাজবিরোধী এবং মাওবাদীদের দ্বারা ৮২ বছরের বৃদ্ধ কমলা হেমব্রম ও তার কন্যা সরস্বতী হেমব্রম-এর নিহত হওয়ার ঘটনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ; এবং

112.

পণ্ডিত রঘুনাথ মুর্মু জন্মশতবর্ষে ঘোষিত অবশিষ্ট বিদ্যালয়গুলি স্থাপনের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

113.

Shri Badal Jamadar : উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হোক :

কিন্তু দুঃখের বিষয় এই যে,—

ভাঙড় বিধানসভা কেন্দ্রের অন্তর্গত বিভিন্ন গ্রামে গরিষ্ঠ শাসকদলের কর্মীরা সাধারণ মানুষের উপর অত্যাচার করছে এবং জরিমানা করে তাদের ঘর ছাড়তে বাধ্য করছে—এর কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

114-115.

Shri Id Mohammad : উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হোক :

কিন্তু দুঃখের বিষয় এই যে,—

114.

মহামান্য সুপ্রিম কোর্টের নির্দেশ অনুসারে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে প্রাপ্য বকেয়া কয়লার ওপর বর্ধিত হারে রয়ালটির বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ; এবং

115.

রাজ্যে নির্বাচনোত্তর পরিস্থিতিতে হত্যা, ভীতি, প্রদর্শন ও লুঠতরাজ-এর ঘটনা ক্রমবর্ধমান—এর কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

116-119.

Shri Insar Ali Biswas : উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হোক :

কিন্তু দুঃখের বিষয় এই যে,—

116.

গত ২৩/৫/১১ তারিখে গরিষ্ঠ শাসকদল আশ্রিত সমাজবিরোধীরা মুর্শিদাবাদ জেলায় সেকেন্দ্রা গ্রাম পঞ্চায়েতের অধীন শ্রীধরপুর গ্রামের অশান্তি মণ্ডলকে আক্রমণ করে এবং তার বাড়ির সম্পত্তি বিনষ্ট করে—এই ঘটনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

117.

গত ১৩/৫/১১ তারিখের পর রাজ্যে বিভিন্ন কলেজে S.F.I. ছাত্র-ছাত্রীদের উপর আক্রমণ করা হচ্ছে—এই ঘটনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

118.

মুর্শিদাবাদ জেলার সেকেন্দ্রা অঞ্চলে সমস্ত পুরুষ ঘরছাড়া—এই ঘটনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ; এবং

119.

মুর্শিদাবাদ জেলায় গুড়শী ও লোচনপুর গ্রামে প্রায় ৩০০ জন মানুষ গরিষ্ঠ শাসকদল আশ্রিত সমাজবিরোধীদের দ্বারা আক্রান্ত হয়ে ঘরছাড়া হয়েছে—এই ঘটনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

120.

Shri Dhiren Bagdi : উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হোক :

কিন্তু দুঃখের বিষয় এই যে,—

বিধানসভা নির্বাচনের পর বীরভূম জেলার নানুর ও রামপুরহাট ২নং ব্লকে গরিষ্ঠ শাসকদল আশ্রিত সমাজবিরোধীদের দ্বারা জনৈক জয়দেব মাঝি ও বৃদ্ধ কৃষক মহঃ খোদারাখা সেখ-এর নিহত হওয়ার ঘটনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

121-128.

Shri Susanta Besra : উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হোক :

কিন্তু দুঃখের বিষয় এই যে,—

121.

বান্দোয়ান বিধানসভা কেন্দ্র এলাকায় আদিবাসী গরিব মানুষদের জন্য B.P.L. তালিকা প্রকাশের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

122.

বান্দোয়ান বিধানসভা কেন্দ্র এলাকায় মানবাজার ২নং ব্লকের৫২টি মৌজায় পরিশ্রত পানীয় জল সরবরাহ করার বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

123.

বান্দোয়ান বিধানসভা কেন্দ্রে আদিবাসী অধ্যুষিত এলাকায় সেচ এবং পানীয় জল সরবরাহ করার বিষয়ে কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

124.

পুরুলিয়া জেলার "সিধু কানু বিশ্ববিদ্যালয়"-এর উন্নয়নের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

125.

পুরুলিয়া জেলার বিভিন্ন এলাকাতে রাজনৈতিক সংঘর্ষের ঘটনা ঘটছে—এই বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

126.

পুরুলিয়া জেলার "মেডিক্যাল কলেজ" স্থাপনের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

127.

বান্দোয়ান বিধানসভা কেন্দ্র এলাকায় রাস্তা উন্নয়নের জন্য কোনো পদক্ষেপ গ্রহণের উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ; এবং

128.

পুরুলিয়া জেলার সামগ্রিক উন্নয়নের জন্য কোনো সুনির্দিষ্ট পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

129-136.

Shri S. M. Sadi : উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হোক :

কিন্তু দুঃখের বিষয় এই যে,—

129.

নদীয়া জেলার গয়েশপুরে CPI(M) পার্টি অফিস ভাঙচুরের ঘটনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

130.

পলাশীপাড়া বিধানসভা কেন্দ্রে নতুন কলেজ স্থাপনের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

131.

পলাশীপাড়া বিধানসভা এলাকার চকবিহারী গ্রাম ও সাবডিভিশন সদর তেহট্ট-এর সাথে যোগাযোগের জন্য জলঙ্গী নদীর উপর সেতু নির্মাণের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

132.

নদীয়া জেলার কৃষ্ণনগর সরকারি কলেজ, দ্বিজেন্দ্রলাল রায় কলেজ ও কল্যাণী কলেজে গরিষ্ঠ শাসকদলের ছাত্র সংসদ এবং বহিরাগতদের দ্বারা সৃষ্ট বিশৃঙ্খলার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

133.

পলাশীপাড়া বিধানসভা কেন্দ্রে বার্নিয়াগঞ্জে জলের সমস্যা সমাধানের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

134.

পলাশীপাড়া বিধানসভা কেন্দ্রে চাঁদের ঘাট-এ R.L.I.-এর জন্য বিদ্যুৎ সংযোগের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

135.

পলাশীপাড়া বিধানসভা এলাকায় বিক্রমপুর গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত নাগাদি বাজার থেকে আরপাড়া পর্যন্ত রাস্তা নির্মাণের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ; এবং

136.

সম্প্রতি কল্যাণী বিশ্ববিদ্যালয়ে গরিষ্ঠ শাসকদল, ওই দলের ছাত্র সংসদ এবং বহিরাগতদের দ্বারা নৈরাজ্য সৃষ্টির ঘটনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

137-143.

Shri Gouranga Chatterjee : উক্ত ধন্যবাদজ্ঞাপক প্রস্তাবের শেষে নিম্নলিখিত কথাগুলি যোগ করা হোক :

কিন্তু দুঃখের বিষয় এই যে,—

137.

সম্প্রতি আসানসোল শহরে আইন-শৃঙ্খলার অবনতি এবং দিন-দুপুরে এক প্রমোটার ও তার সহযোগীর হত্যার ঘটনার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

138.

কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর ও আচার্য্য প্রফুল্ল চন্দ্র রায়-এর জন্ম সার্ধশতবর্ষ উদ্‌যাপনের বিষয়ে কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

139.

Coal Bearing Act-এর মাধ্যমে একতরফাভাবে E.C.L.-কর্তৃক জমি অধিগ্রহণ ঘোষণা করার ফলে কয়লাখনি অঞ্চলে অনিচ্ছুক জমিদাতা, তপশিল জাতি-উপজাতি, আদিবাসী ও সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষদের আর্থ-সামাজিক দূরবস্থার দূরীকরণের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

140.

গণবন্টন ব্যবস্থাকে আরো কার্যকরভাবে শক্তিশালী করা এবং রেশনিং ব্যবস্থার মাধ্যমে রাজ্যের সমস্ত গরিব মানুষকে ২ (দুই) টাকা কিলো দরে চাল সরবরাহ করার জন্য সঠিক পদক্ষেপ গ্রহণের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

141.

কলকাতা মহানগরীকে লন্ডন শহরের ন্যায় সুন্দর করে গড়ে তোলার কোনো পরিকল্পনার উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ;

142.

অসংগঠিত শ্রমিকদের সামাজিক নিরাপত্তার জন্য যে আইনগুলি রাজ্যে লাগু আছে সেগুলিকে সঠিকভাবে প্রয়োগ করার কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই ; এবং

143.

আসানসোলের সেনর‍্যালে সাইকেল কারখানা এবং হিন্দুস্থান পিলকিংটন কাঁচ কারখানা পুনরায় চালু ও উৎপাদন শুরু করার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের কোনো উল্লেখ মাননীয় রাজ্যপালের ভাষণে নেই।

I put all the Amendments to vote excepting Nos. 1, 2, 3, 5 of Shri Touab Ali, 80 of Shri Manoranjan Patra, 92 of Shri Akshay Thakur, 96 of Shri Bijoy Bagdi, 114 & 115 of Shri Id Mohammad and 140 of Shri Gouranga Chatterjee to vote on which I understand a Division will be demanded.

The motions (Amendment Nos. 4, 6 to 79, 81 to 91, 93 to 95, 97 to 113, 116 to 139 and 141 to 143), were then put and lost.

Mr. Speaker: I request to all the members to go to their seats, I have collected all the slips.

I put to vote the amendments (Nos. 1,2, 3, 5, 80, 92, 96, 114, 115 and 140) and a Division was taken with the following results :

The Ayes being 41 and Noes 181.

The amendments are lost.

The motion of Shri Sobhandeb Chattopadhyay that "মহামান্য রাজ্যপাল মহাশয় পশ্চিমবঙ্গ বিধানসভায় ১৩ই জুন, ২০১১ তারিখের অধিবেশনে যে ভাষণ প্রদান করিয়াছেন সেইজন্য এই সভা তাঁহাকে আন্তরিক ধন্যবাদজ্ঞাপন করিতেছে।"

was then put and agreed to.

[7.00–7.10 p.m.]

ELECTION OF DEPUTY SPEAKER

Mr. Speaker: Hon'ble Members, our present business is the election of Deputy Speaker. I have before me two notices of motion proposing the name of Smt. Sonali Guha (Bose) to be chosen as the Deputy Speaker of the House. The first notice is given by Shri Partha Chatterjee and seconded by Shri Sobhandeb Chattopadhyay and the other motion is given by Smt. Phiroja Bibi and seconded

by Smt. Usha Rani Mondal. Both the notices are in order. I first call upon Shri Partha Chatterjee to move his motion.

Shri Partha Chatterjee : Sir, I beg to move that Shrimati Sonali Guha (Bose), a member of this House be chosen as the Deputy Speaker of this House.

Shri Sobhandeb Chattopadhyay : Hon'ble Speaker, Sir, I second the motion moved by Hon'ble Minister, Shri Partha Chatterjee, in favour of Shrimati Sonali Guha (Bose).

Mr. Speaker : Since there is no other candidates for this post I do not think it is required to be put to vote and, therefore, I declare that the motion is carried.

I, therefore, declare Shrimati Sonali Guha (Bose) elected and chosen as Deputy Speaker of this House.

....(Thumping of benches)....

I congratulate Shrimati Sonali Guha (Bose) on her being elected as Deputy Speaker and I now request the leaders of the parties to conduct the Deputy Speaker to her seat.

[At this stage, Shrimati Sonali Guha (Bose) was conducted to the Chair of Deputy Speaker]

I now request Hon'ble Chief Minister to say something.

শ্রীমতী মমতা ব্যানার্জ্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, সোনালী গুহ এই বিধানসভাতে দীর্ঘদিন ধরে আছেন এবং বিধানসভার বিভিন্ন কার্যকলাপের সঙ্গে অভ্যস্ত আছেন। বিধানসভার নিয়মকানুনও জানেন। দীর্ঘদিন কাজ করেছেন। কাজ করতে করতে মানুষ অভ্যস্ত হয়ে যায়। অনেক সময় বইয়ের নিয়ম-কানুন আমাদের নিশ্চয় জানতে হয়। কিন্তু প্র্যাকটিক্যাল সেন্স আমাদের অনেক ক্ষেত্রেই কমনসেন্সের থেকে বেশি কাজ করে। জীবনের অভিজ্ঞতা দিয়ে, জীবনের বিধানসভার ভূমিকা দিয়ে তিনি সকলের সাথে সকলকে কনফিডেন্সে নিয়ে ভালো করে সরকার পক্ষ উভয়পক্ষ সকলকে নিয়ে এমনকি আমাদের যাঁরা বিধানসভার টেবিল স্টাফও আছেন বা আমাদের যাঁরা অন্যান্যরা আছেন, সকলকে নিয়ে সুন্দরভাবে কনফিডেন্স নিয়ে কাজ করবেন এই বিশ্বাস আমার আছে। তাঁর এই জয়যাত্রা আজকে যে শুরু হল আমাদের সকলের শুভেচ্ছা থাকবে যে তিনি তাঁকে দক্ষ হিসাবে প্রমাণ করবেন এবং বিশ্বাসযোগ্যতার সাথে কাজ করবেন। আর কথা বলতে ইচ্ছা হলেও বেশি কথা

বলবার আগে ভাববেন। সব সময় গম্ভীর থেকে তো লাভ নেই। আমি সোনালীকে আগেই অভিনন্দন জানিয়ে অ্যাডভান্স কনগ্র্যাচুলেশান জানিয়ে আগেই বলেছি যে কথা কম কাজ বেশি। এবং কথার মধ্যে দিয়েও কিন্তু কথাটা কথামালা। সোনালী গুহ আমি মনে করি সে একজন দক্ষ ডেপুটি স্পীকার হিসেবে আমাদের মাননীয় অধ্যক্ষের একজন সহযোগী হিসেবে গণতন্ত্রের যে সমৃদ্ধি, সেটাকে শক্তিশালী করবে এবং আমরা তো ওয়াচ করবই। নেকস্ট সেশনে আমরা দেখতেই পাব। সুতরাং আমরা খুব খুশি হব যদি সোনালী খুব ভাল করে করে এবং এই হাউসে একজন মহিলা ডেপুটি স্পীকার সম্ভবত এই প্রথম হয়েছেন। উইমেন এমপাওয়ারমেন্ট আমরা আসুন শুরু করি। আমরা খুব খুশি হয়েছি। আগে আমাদের হালিম সাহেব ছিলেন, আমরা খুব খুশি ছিলাম, সোনালী হয়েছে আমরা খুশি হয়েছি। বিমানদা হয়েছেন। মানুষ আসবেন, মানুষ যাবেন। তার মধ্যেও নতুনদেরও স্থান দিতে হবে। সব সময় যে নতুনরা হতে পারবে না, এটা ভাবা ঠিক নয়। যারা ইয়াং জেনারেশন, তাদের মধ্যে থেকেও চান্স দিতে হবে। কারণ পুরাতন এবং নতুনের মধ্যে দিয়ে আমাদের সুন্দর কাজের সেতু বন্ধন তৈরি হয়। অনেক অনেক শুভেচ্ছা রইল সোনালীকে, সোনালীর পরিবারকে, বন্ধু-বান্ধবদের-সকলকে এবং মাননীয় অধ্যক্ষ, অবশ্যই আপনাকে কৃতজ্ঞতা জানাই এই সুযোগ দেওয়ার জন্য।

[7.10–7.20 p.m.]

ডা: সূর্য্যকান্ত মিশ্র : মাননীয় স্পীকার স্যার, আমিও শ্রীমতী সোনালী গুহ ডেপুটি স্পীকার হিসেবে সর্বসম্মতভাবে নির্বাচিত হওয়ায় তাকে অভিনন্দন জানাচ্ছি। আমি খুব খুশি দুটো কারণে। যে, এই পরিবর্তন হয়েছে, তারপরে তিনি ডেপুটি স্পীকার হিসেবে নির্বাচিত হয়েছেন সর্বসম্মতিক্রমে। তিনি এক হচ্ছে স্থান পরিবর্তন করেছেন, এদিকে এসেছেন। আর দুই হচ্ছে, এইদিক থেকে চেঁচামেচি হলে আমাদের রক্ষা করবেন। আমি তার এই কাজের পুরোপুরি সাফল্য কামনা করি এবং সব রকম সহযোগিতার প্রতিশ্রুতি দিচ্ছি ও আবারও আমার শুভেচ্ছা, ধন্যবাদ জানাচ্ছি।

শ্রী মহঃ সোহরাব : মাননীয় স্পীকার স্যার, শ্রীমতী সোনালী গুহ ডেপুটি স্পীকার হিসেবে নির্বাচিত হওয়ার জন্য আমি আনন্দিত। আমি আশা করব, সি এবেল টু প্লে প্রপার রোল ইন দিস হাউস, আমি তার সাফল্য কামনা করে আমার বক্তব্য শেষ করছি।

ডঃ হরকা বাহাদুর ছেত্রী : Hon'ble Speaker, Sir, it's a great pleasure to have a lady Deputy Speaker in the House. My first experience with her–when I first came here and I was conducted to Hon'ble Speaker's room by her. She has been so hospitable. I knew her. But she offer a seat and kept me by her side. I think she will keep everybody by her side and see to it that the business of the House runs smooth. Thank you very much.

শ্রী বিশ্বনাথ কারক : মাননীয় স্পীকার স্যার, আজকে যে ডেপুটি স্পীকার নির্বাচন হ'ল, তাতে আমি আনন্দিত এবং মিসেস গুহকে ধন্যবাদ জানাই এবং তার সাথে সাথে আজকে আমরা ওনাকে আমাদের কাছে পেয়েছি। আগামীদিনে আমাদের সাথী হবেন এবং আমাদেরকে নির্দেশ দেবেন, এটাই আশা রাখছি, ধন্যবাদ স্যার।

শ্রী সুভাষ নস্কর : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে এই মুহূর্তটা আমাদের মনে রাখা এবং স্মরণীয়। শ্রীমতী মমতা ব্যানার্জী, মাননীয়া মুখ্যমন্ত্রী ঠিক কথাই বলেছেন, সেটাও আমাদের গর্ব, এই অগস্ট হাউসে এই প্রথম পশ্চিমবঙ্গের বিধানসভাতে একজন মহিলা উপাধ্যক্ষ নির্বাচিত হলেন। আরো একটা বিষয়, সুখের দিনেও মনটা একটু খারাপ লাগছে। আমরা সোনালী বলে ডাকতাম। দাদা বলে ডাকত, ও। আজকে থেকে স্যার আপনি আমাদের বঞ্চিত করলেন। আমরা সেটাই মনে রাখতে পারব। আরেকটা বিষয়, যেটা খুব ভাল লাগত, ওর মত গলা আর কারো ছিল না, এত জোরে চিৎকার করতে পারত। এত প্রাণবন্ত একজন মানুষকে আপনি নিশ্চুপ করে দিলেন। এজন্য আপনাকে ধন্যবাদ।

ডঃ তরুণ কান্তি নস্কর : সোনালী গুহ'র—আমার হয়তো সোনালীদি হবে, তার ডেপুটি স্পীকার হওয়ার জন্য আমি খুবই আনন্দিত এবং গত ৩০শে মে মাননীয়া মুখ্যমন্ত্রী এই হাউসে স্পীকারের যে ভূমিকা যা নির্দিষ্ট করে দিয়েছিলেন আমার প্রত্যাশা উনি মাননীয় স্পীকারকে সাহায্য করতে পারবেন এবং আরও একটা প্রত্যাশা যেহেতু এই বিধানসভা এবং এই সরকার একটা দীর্ঘ গণতান্ত্রিক আন্দোলনের মধ্যে দিয়ে প্রতিষ্ঠিত হয়েছে এবং মানুষের একটা বিরাট প্রত্যাশা নিয়ে আছে, বিধানসভাকে সেই প্রত্যাশা অনুযায়ী পরিচালনা করতে মাননীয় স্পীকারকে মাননীয়া ডেপুটি স্পীকার সাহায্য করবেন এই প্রত্যাশা রাখছি। ধন্যবাদ মাননীয়া ডেপুটি স্পীকার শ্রীমতী সোনালী গুহকে।

শ্রী আনন্দময় মণ্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি খুশি যা শুনলাম এই প্রথম বিধানসভায় একজন মহিলা উপাধ্যক্ষা নির্বাচিত হলেন, আমি তাঁকে শুভেচ্ছা জানাচ্ছি। আমি আশা করব তিনি আপনাকে সর্বতোভাবে সাহায্য করবেন এবং তিনি তাঁর কাজে সফলতা অর্জন করবেন। আমি আবার তাঁকে ধন্যবাদ জানাচ্ছি।

শ্রী প্রবোধ চন্দ্র সিনহা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা সকলেই খুবই আনন্দিত। আমাদের অনেকেরই একান্ত পরিচিত এবং খুব সক্রিয় সদস্যা তিনি এই হাউসে ছিলেন। তিনি কখনও স্থির হয়ে বসে থাকতে পারতেন না। তিনি অংশগ্রহণ করতেন হাউসে নানা ধরনের যে কর্মকাণ্ড, অর্থাৎ গণতান্ত্রিক প্রক্রিয়াতে বিধানসভাতে যে কাজগুলি করা যায়, আবার গণতান্ত্রিক প্রক্রিয়ার বিধানসভার বাইরে যে কাজ করা যায়, উভয় কাজই তিনি এই হাউসে করেছেন, আমার এই অভিজ্ঞতা আছে। আমার ওঁর সাথে ব্যক্তিগত সম্পর্কও খুব সহজ এবং সুন্দর। আমি যবে শুনলাম অনেক আগে আর কি, আমি মনে মনে মাননীয়া মুখ্যমন্ত্রী সম্পর্কে আমার আন্তরিক একটা শ্রদ্ধা তৈরি হল এবং আমি তাঁকে ধন্যবাদও জানিয়ে ছিলাম যে সত্যিই একটা ভালো সিদ্ধান্ত তিনি গ্রহণ করেছেন। পশ্চিমবাংলার বিধানসভাতে তিনি একজন মহিলাকে উপাধ্যক্ষার আসনে বসানোর যে সিদ্ধান্ত তাঁর, সেটা অত্যন্ত আনন্দদায়ক

সিদ্ধান্ত। আমি ওঁর সাফল্য কামনা করছি। উনি পারবেন এ বিশ্বাস আমার আছে, কারণ ওঁর সেই dynamism আছে এবং adaptability আছে। খুব সহজ সম্পর্ক তিনি তৈরি করতে পারেন। আমাদের তরফ থেকে আমরা তাঁকে সহযোগিতা করব এবং আমি তাঁর সাফল্য কামনা করে, ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী চাঁদ মহম্মদ : (হাউসে অনুপস্থিত)।

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই মহতী সভায় সর্বসম্মতিক্রমে বিধানসভার উপাধ্যক্ষা হিসাবে সোনালী গুহ বসুর সর্বসম্মতিক্রমে নির্বাচনকে ঠিক একই যেভাবে এই রাজ্যের প্রথম মহিলা মুখ্যমন্ত্রী হিসাবে মমতা বন্দ্যোপাধ্যায় নির্বাচিত হয়েছেন, আজকে এই সভার মধ্যে দিয়েই আর একটি ঐতিহাসিক সিদ্ধান্ত আমরা সকলে মিলে নিলাম মহিলা উপাধ্যক্ষ নির্বাচন করে। আমরা অত্যন্ত গর্বিত যে আমাদের সহকর্মী—বিরোধী দলনেতা থেকে সকলেই যেটা বলছেন তাঁর কর্মের মধ্যে দিয়ে তিনি কিন্তু কোনোদিন চুপ থাকবেন না। আমি একটু আপনাদের কাছে রসিকতা করেই বলতে চাই আপনাদের ওই বাঁদিক থেকে Nothing will go on record বলবে, তখন কি হবে। আমি আশা করব তাঁর এই সুদীর্ঘ দিন এই অভিজ্ঞতা এবং আমাদের যে ভূমিকা তিনি পালন করেছিলেন এক সময় বিরোধী দলের, আজকে দেখুন সেই বিরোধী দলেরই জায়গার একটি জায়গা যেটা নির্দিষ্ট হাউজের নিয়ম সেখানেই আমাদের সোনালী গুহ (বোস) বসবেন। আমার ভালো লাগছে যে দূর থেকে আর নিয়ন্ত্রণ করতে হবে না, কাছ থেকেই নিয়ন্ত্রণ করবেন। আমি তার পরিবারের সকলকে শুভেচ্ছা জানাই। এবং আমরা সকলে মিলে তাকে আশ্বস্ত করতে চাই, সভা পরিচালনার ক্ষেত্রে যখন তিনি থাকবেন, আমরা সরকারি দলের সমস্ত সদস্যরা বা আজকে যাঁরা এখানে তাঁকে সমর্থন করলেন, বিরোধী দলনেতাও বললেন আমি সমর্থন করব, তো আমার সেই সহযোগিতা ও সমর্থনের হাত নিশ্চয়ই বাড়িয়ে দেব। যাতে এই বিধানসভা সুরক্ষিত থাকে, গণতন্ত্র সুরক্ষিত থাকে, সংসদীয় রীতিনীতি সুরক্ষিত থাকে। আপনাকে অভিনন্দন ও ধন্যবাদ জানাই।

[7.20–7.26 p.m.]

মিঃ স্পীকার : Now reply of Honourable Deputy Speaker. I would request Hon'ble Deputy Speaker to say something.

ডেপুটি স্পীকার : মাননীয় স্পীকার স্যার, এই অগাস্ট হাউসে উপস্থিত আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা ব্যানার্জ্জী, মাননীয় বিরোধী দলনেতা ডাঃ সূর্যকান্ত মিশ্র, কংগ্রেস পরিষদীয় দলের নেতা সোহরাব সাহেব, মাননীয় পরিষদীয় দলের পরিষদীয় মন্ত্রী এবং শিল্পমন্ত্রী শ্রী পার্থ চ্যাটার্জী, আর.এস.পি. দলের শ্রী সুভাষ নস্কর, শ্রী প্রবোধচন্দ্র সিনহা, হরকাবাহাদুর ছেত্রী এবং সমস্ত মাননীয় সদস্যরা এবং যাঁরা বলেছেন তাঁদের সকলের নাম হয়তো মনে করে বলতে পারলাম না এবং এই সচিবালয়ের প্রত্যেককে আমার আন্তরিক নমস্কার ও কৃতজ্ঞতা জানাচ্ছি। আমি তৃতীয়বারের জন্য নির্বাচিত হওয়ার পর আমার দল আমাকে এই পদে অভীষিক্ত করবার সিদ্ধান্ত নেয়। আর তার জন্য আমার দলের কাছে,

মাননীয়া নেত্রীর কাছে কৃতজ্ঞতা জ্ঞাপন করি। এবং তারপর বিরোধী দলও সিদ্ধান্ত নেন তাঁরা কোনো প্রার্থী দেবেন না। সর্বসম্মতভাবে তাঁরা এই ইলেকসনকে সাপোর্ট করবেন। তারজন্য তাঁদের কাছেও আমার কৃতজ্ঞতা রইল। দীর্ঘ ১১ বছরের অভিজ্ঞতায় পথ চলতে চলতে আপনার আগে যিনি অধ্যক্ষ ছিলেন, মাননীয় শ্রী হাসিম আব্দুল হালিম তিনি শিখিয়েছিলেন ফ্লোর বিলংস টু দ্য অপোজিশান। আমরা যখন অপোজিশানে ছিলাম গণতান্ত্রিক পদ্ধতিতে আমরা ওয়েলে নেমে প্রতিবাদ করেছি। আমরা সিটে থেকে প্রতিবাদ করেছি, যে কথা সুভাষবাবু বলছিলেন। কিন্তু আজকে আমি উপাধ্যক্ষা। আমাকে নিশ্চয়ই আমার দায়িত্ব পালন করতে হবে। আমি বেশি কথায় যাব না। অনেক সময় হয়ে গেছে। আজকে দুর্যোগের মধ্যে সব এম.এল.এ.-দের তাড়াতাড়ি নিজের নিজের এলাকায় ফিরতে হবে। যাঁরা এখানকার প্রবীণ বিধায়ক, দীর্ঘদিনের বিধায়ক সুভাষবাবু বললেন, যে ওকে ম্যাডাম বলে ডাকতে হবে। আমি সুভাষবাবুকে বলব, মাননীয়া মুখ্যমন্ত্রীকেও বলব, যাঁরা সিনিয়ার আছেন প্রত্যেককে হাতজোড় করে বলছি, যে আমাকেও তো এই হাউসে শিখতে হবে। প্রত্যেকের শেখার সময় আছে, আমি প্র্যাকটিকাল লাইফে যতটা জানি আমাকে বই পড়ে আরো কিছুটা শিখতে হবে। সবার সহযোগিতা কামনা করি। কিন্তু আমি যখন টেবিলে থাকব তখন প্রোটোকল অনুযায়ী যা বলার তাই বলবেন। কিন্তু টেবিলের বাইরে যখন থাকব তখন আপনারা আমাকে যেভাবে আগে ডাকতেন সেভাবেই ডাকবেন। কারণ, এই উপাধ্যক্ষা পদটাতো আর চিরকালের নয়। কিন্তু মানুষ সোনালী গুহ তো আপনাদের জন্য চিরকাল থাকবে। তাই আমি নির্ভীকভাবে, সংবেদনশীলভাবে এই হাউসকে আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী যে কথা বলেছেন, যে বিরোধীদের মর্যাদা দিয়ে কাজ করতে হবে। সেইভাবে বিরোধীদের পূর্ণ মর্যাদা দিয়ে এবং আমাদের যাঁরা সহযোদ্ধা তাঁদেরকেও শ্রদ্ধা জ্ঞাপন করে, তাঁদেরও সমপরিমাণ মর্যাদা দিয়ে আমি হাউস চালানোর চেষ্টা করব। সবার থেকে আন্তরিকভাবে সহযোগিতা কামনা করে আমি সবাইকে আন্তরিক নমস্কার, সেলাম, প্রণাম জানিয়ে আমার বক্তব্য শেষ করলাম। ধন্যবাদ।

REPORT OF THE BUSINESS ADVISORY COMMITTEE

Programme of Business from the 24th to the 28th June, 2011 (as adopted by the House on the 2nd Report of the Business Advisory Committee presented on the 17th June, 2011)

Mr. Speaker: I beg to present the second report of the Business Advisory Committee. The Committee met in my chamber today and recommended the programme on business from 24th June to 28th June, 2011.

24.06.2011, Friday (2.30 p.m.)	: (ii)	Presentation of Statement of Estimated Receipts and Expenditure of the Government of West Bengal for the year 2011-2012
	(ii)	Motion for Vote-on-Account

27.06.2011, Monday :	Discussion and Voting on Motion for Vote-on-Account	... 4 hours
28.06.2011, Tuesday :	(i) The West Bengal Appropriation (Vote-on-Account) (No. 2) Bill, 2011 (Introduction, Consideration & Passing)	... 2 hours
	(ii) Resolution under Article 169 of the Constitution of India for creation of a Legislative Council of the state of West Bengal (Notice given by Shri Partha Chatterjee)	... 2 hours

N.B. : There will be no Question on 24th, 27th and 28th June, 2011.

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, কার্য উপদেষ্টা কমিটির দ্বিতীয় প্রতিবেদনে যে সুপারিশ করা হয়েছে, তা গ্রহণের জন্য সভায় প্রস্তাব উত্থাপন করছি।

The motion was then put and agreed to.

MOTION

Mr. Speaker : Before adjourning the House, I personally thank all the Hon'ble Members who have participated in the debate on the Motion of Thanks to Governor's Address. We had a fine Session and I will expect on the days to come in the similar fashion we shall run the House.

The House stands adjourned till 2.30 p.m. and Friday, the 24th June, 2011.

Adjournment

The House was then adjourned at 7.26 p.m. till 2.30 p.m. on Friday, the 24th June, 2011 at the Assembly House, Kolkata-700 001.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Friday, the 24th June, 2011 at 2.30 p.m.

PRESENT

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 31 Ministers, 9 Ministers of State and 239 Members.

[2.30—2.40 p.m.]

(At this stage Smt. Jahanara Khan wanted to speak something off the mike)

Mr. Speaker: Let us begin our today's business. We will have a discussion later on. After this session is over, you can come to my chamber and I will talk to you.

(Noise and interruptions)

PRESENTATION OF THE ANNUAL FINANCIAL STATEMENT OF THE GOVERNMENT OF WEST BENGAL FOR THE YEAR 2011-2012

ডঃ অমিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে আমি ২০১১-১২ আর্থিক বছরের বার্ষিক আর্থিক বিবরণী (AFS) এবং সেপ্টেম্বর, ২০১১-র শেষ পর্যন্ত আরও দুই মাসের ভোট-অন-অ্যাকাউন্ট্স উপস্থাপনা করতে চাই।

আমি কবিগুরু রবীন্দ্রনাথের একটি হৃদয়স্পর্শী কবিতা দিয়ে আজ আমার বক্তব্য শুরু করতে চাই—

"হবে হবে প্রভাত হবে
আঁধার যাবে কেটে
তোমার বাণী সোনার ধারা
পড়বে আকাশ ফেটে।"

মাননীয়া অধ্যক্ষ মহোদয়, আপনি অবগত আছেন যে ভারতীয় সংবিধানের সংস্থান অনুযায়ী বার্ষিক আর্থিক বিবরণের সঙ্গে একটি ভোট-অন-অ্যাকাউন্ট্স উপস্থাপিত হয়।

মাননীয় অধ্যক্ষ মহোদয়, এই নতুন সরকার অবগত আছে যে বিগত বামফ্রন্ট সরকারের ভূতপূর্ব অর্থমন্ত্রী বার্ষিক আর্থিক বিবরণের সঙ্গে একটি ভোট-অন-অ্যাকাউন্ট্স

উপস্থাপিত করেছিলেন এবং একটি ৪৫ পাতার বক্তব্য রেখেছিলেন। তাঁর সেই বক্তব্যে তিনি রাজনীতি, ভাবতত্ত্ব, সমাজবিজ্ঞান, ইতিহাস এবং কখনো কখনো দর্শনও আলোচনা করেছিলেন।

স্যার, সুদীর্ঘ আলোচনার মধ্যে না গিয়ে এবং কেতাবি পদ্ধতি পরিহার করে আমি আপনাকে এবং এই মহান সভার মাননীয় সদস্যবৃন্দকে হয়তো বা কিছুটা হতাশ করছি। আমাদের চিন্তাকে আলোচনার মাধ্যমে সমৃদ্ধ করার জন্য আমি বরং এই মহান সভার মাননীয় সদস্যবৃন্দের প্রাথমিক স্তরের বিপুল অভিজ্ঞতা ও জ্ঞানের উপরে অধিকতর নির্ভর করতে চাই।

সেই কারণে আমি সরাসরি মূল বক্তব্যে চলে যাচ্ছি।

স্যার, আমি প্রথমে আপনার মাধ্যমে এই সভার নিকট বার্ষিক আর্থিক বিবরণী পেশ করতে চাই, যা ভারতের মহাহিসাব নিয়ামক ও নিরীক্ষকের ২০১০-১১ সালের প্রাথমিক সম্ভাব্য হিসাব অনুযায়ী বাস্তবের সঙ্গে সঙ্গতি রেখে পুনর্বিনাস করা হয়েছে।

ভারতের মহাহিসাব নিয়ামক ও নিরীক্ষকের প্রাথমিক প্রতিবেদন অনুযায়ী বিগত বার্ষিক আর্থিক বিবরণী রাজস্ব সংগ্রহের ক্ষেত্রে গভীরভাবে অবাস্তব এবং অভূতপূর্বভাবে অতিরঞ্জিত। এই বিবরণী অনুযায়ী ২০১০-১১ আর্থিক বছরের রাজস্ব সংগ্রহের তুলনায় রাজ্যের নিজস্ব আর্থিক বৃদ্ধির হার মাত্র এক বছরের মধ্যে অবিশ্বাস্যভাবে ৩৯ শতাংশ অনুমান করা হয়। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনি এবং সভার মাননীয় সদস্যবৃন্দ স্বীকার করবেন যে এই ধরনের বৃদ্ধি অসম্ভব এবং বাস্তবের সঙ্গে সঙ্গতিহীন।

ভারতের মহাহিসাব নিয়ামক ও নিরীক্ষকের প্রাথমিক প্রতিবেদন নজরে রেখে এবং মা-মাটি-মানুষের সরকারের নেত্রী শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায়ের আশাবাদী উদ্যোগের সার্থক রূপায়ণের লক্ষ্যে আমরা এর মধ্যে কিছুটা বাস্তবতা আনার চেষ্টা করেছি।

[2.40—2.50 p.m.]

নতুন বার্ষিক আর্থিক বিবরণীতে আমরা জোর দিয়েছি সামাজিক এবং বাস্তব পরিকাঠামো উন্নয়নের উপর, মানবসম্পদ উন্নয়নের উপর এবং রাজ্যের সেই সব অঞ্চলের উপর যেগুলি বহু বছর ধরে অবহেলিত এবং বর্তমানে উন্নয়নের জন্য আশান্বিত।

সংখ্যালঘু, আদিবাসী এবং অনুন্নত সম্প্রদায়ের জনগণের উন্নয়নের লক্ষ্যে উপরোক্ত ব্যবস্থাগুলির মাধ্যমে ইতিবাচক পদক্ষেপ নেওয়া হবে, যা দারিদ্র্যসীমার নীচে বসবাসকারী মানুষজনের উন্নয়নের ক্ষেত্রেও ইতিবাচক ভূমিকা নেবে। গ্রামীণ জনগণের ক্ষেত্রেও তা নিশ্চিতভাবে ফলপ্রসূ হবে।

(Noise and interruption)

(ভয়েস : আপনাদের থেকে ভালো বলছেন শুনুন।)

Mr. Speaker : Please, আপনার বসুন, দয়া করে বসুন। দয়া করে বসুন। মাননীয় অর্থমন্ত্রীকে ওনার বক্তব্য রাখতে দিন। আপনারা দয়া করে একটু বসুন। আমি আপনাদের অনুরোধ করছি আপনারা দয়া করে বসুন। দয়া করে বসুন। Hon'ble members, I am on my legs, No interruption please. Let the Hon-ble Minister to continue. Please sit down. Please sit down. Please sit down. Please, please Hon'ble Members Please be seated. আমি মাননীয় সদস্যদের কাছে আবেদন করছি মাননীয় অর্থমন্ত্রী যখন বক্তব্য রাখবেন, আপনাদের কাছে কাগজ রয়েছে আপনারা দেখতে পাচ্ছেন। আপনারা দয়া করে কোনো টিকা-টিপ্পনি কাটবেন না, এটা আপনাদের কাছে অনুরোধ। এখানে মিডিয়া রয়েছে, প্রেস রয়েছে, আপনাদের কাছে অনুরোধ আপনারা কেউ কোনো টিকা-টিপ্পনি কাটবেন না। মাননমীয় অর্থমন্ত্রীকে তাঁর বক্তব্য রাখতে দিন। Please, মাননীয় অর্থমন্ত্রী আপনি বক্তব্য রাখুন। ওনাকে বলতে দিন। বসুন,বসুন। আমি কাউকে অ্যালাউ করব না। মিঃ মিত্র আপনি বলুন।

(At this stage Dr. Surjya Kanta Mishra rose to speak)

(Noise and inteerruption)

Mr. Mishra : I request you to take your seat.

যেমন ঃ

- আমরা দারিদ্রসীমার নীচে বসবাসকারী পরিবারগুলির চালের সরবরাহের জন্য অনুদানের বরাদ্দ বৃদ্ধি করেছি;
- আমরা রাজ্যের অংশ হিসাবে বর্ধিত অর্থ বরাদ্দ করেছি রাষ্ট্রীয় গ্রামীণ স্বাস্থ্য প্রকল্পে ;
- বর্ধিত অর্থ বরাদ্দ করেছি ক্ষুদ্র ও মাঝারি শহরের জন্য অখন্ড নগর উন্নয়ন প্রকল্পে (UIDSMT) ;
- বর্ধিত অর্থ বরাদ্দ করেছি রাষ্ট্রীয় গ্রামীণ পানীয় জল প্রকল্পে ;
- বর্ধিত অর্থ বরাদ্দ করেছি সর্বশিক্ষা অভিযানে ;
- বর্ধিত অর্থ বরাদ্দ করেছি রাষ্ট্রীয় মাধ্যমিক শিক্ষা অভিযানে ;
- বর্ধিত অর্থ বরাদ্দ করেছি মিড-ডে-মিল প্রকল্পে ;
- বর্ধিত অর্থ বরাদ্দ করেছি মহিলা ও শিশুদের জন্য সম্পূরক পুষ্টি সংক্রান্ত প্রকল্পে ;
- বর্ধিত অর্থ বরাদ্দ করেছি ইস্ট-ওয়েস্ট মেট্রো করিডোর এবং অন্যান্য পরিকাঠামো প্রকল্পে।

এছাড়াও তাৎপর্যপূর্ণভাবে আমরা জঙ্গলমহল-সহ পশ্চিমাঞ্চল, পার্বত্য এলাকা-সহ সমগ্র উত্তরবঙ্গ এবং সুন্দরবন এলাকার জন্য বরাদ্দ বৃদ্ধি করেছি, দীর্ঘকাল ধরে অবহেলিত অঞ্চলগুলিকে যা নতুন করে উৎসাহ এবং উদ্দীপনা যোগাবে।

কেন্দ্রীয় সরকারের দেওয়া অনুদান বৃদ্ধির লক্ষ্যে আমরা রাজ্যের আর্থিক আনুপাতিক বরাদ্দ ২,২০০ কোটি টাকারও বেশি বৃদ্ধি করেছি।

মাননীয়া মুখ্যমন্ত্রীর অনুপ্রেরণায় সরকারের লক্ষ্য হল সাধারণ, ক্ষুদ্র ও মাঝারি শিল্পগুলিকে উৎসাহিত করা। এ প্রসঙ্গে উল্লেখ করা যায় এ রাজ্যে ৫৬,০০০-এরও বেশি কারখানা বন্ধ হয়ে রয়েছে—যা জাতীয় কলঙ্ক বলে উল্লেখ করা যেতে পারে। একটি ইতিবাচক পদক্ষেপ হিসাবে সারা রাজ্যে ১৭টি ক্লাস্টারকে তাদের সম্ভাবনা অনুযায়ী চিহ্নিত করা হয়েছে যার ফলে ভবিষ্যতে ব্যাপক উৎপাদন ও কর্মসংস্থানের সম্ভবনা রয়েছে।

সরকারের লক্ষ্য সারা বাংলায় কৃষি বিপ্লব ঘটানো, যা গ্রামীণ উন্নয়নকে ত্বরান্বিত করবে। সেই লক্ষ্য পূরণের জন্য গ্রামীণ রাস্তা ও পরিকাঠামোর উন্নয়ন করা হবে।

(নয়েজ)

এই স্বল্প সময়ের মধ্যে নিশ্চিতভাবেই সমগ্র শিক্ষাব্যবস্থার পুনরুদ্ধার এবং পুনর্বিকাশের ব্যবস্থা নেওয়া হচ্ছে। এটা খুবই উদ্‌বেগজনক যে ভারতীয় প্ল্যানিং কমিশনের তথ্য অনুযায়ী পশ্চিমঙ্গে ২০,০০০ বিদ্যালয়ে ছাত্রীদেরে জন্য কোনো শৌচাগারের ব্যবস্থা নেই। এই অবস্থায় স্বাভাবিকভাবেই স্কুল-ছুট ছাত্রীসংখ্যা বহুলভাবে বৃদ্ধি পেয়েছে। সমানভাবে আশ্চর্যকর যে ৫৭,০০০ মিড-ডে-মিলেএর রান্নাঘর তৈরিই হয়নি। স্বভাবতই বিদ্যালয় শিক্ষা এবং উচ্চ শিক্ষাক্ষেত্রে আমূল পরিবর্তন প্রয়োজন।

(নয়েজ)

সরকারের পরবর্তী লক্ষ্য হল কর্মচারীদের দক্ষতা বৃদ্ধি করে তাদের উপযুক্ত করে গড়ে তোলা। নিচুস্তর থেকে মানবসম্পদকে উপযুক্ত করে গড়ে তোলাই সরকারের উদ্দেশ্য।

(নয়েজ)

একইভাবে স্বাস্থ্য এবং নাগরিক পরিষেবার উন্নয়নও সরকারের অগ্রাধিকারের মধ্যে পড়ে যা মাননীয়া মুখ্যমন্ত্রীর কাজকর্মেও প্রতিফলিত। দরিদ্র উদ্যোগীদের স্বনিযুক্তি (Self dependence) এবং উদ্যোগের ক্ষেত্রটিও সরকারের মনোযোগের বিষয়।

(নয়েজ)

সমাজের নিচুস্তরের জনমানবের কর্মসংস্থানের বিষয়টিও সরকারের কাছে গুরুত্বপূর্ণ। মাননীয় অধ্যক্ষ মহোদয় অত্যন্ত দুর্ভাগ্যজনক এটা আপনার কাছে রাখব যে আমাদের রাজ্যে ৮৫ লক্ষ কর্মহীন মানুষ রয়েছেন যার মধ্যে যুব সম্প্রদায়ই বেশি। গ্রামীণ ক্ষেত্রে আরও ১৫ লক্ষ ছদ্মবেকার রয়েছেন। সুতরাং প্রায় ১ কোটিরও বেশি মানুষ পশ্চিমবঙ্গে কর্মহীন রয়েছেন ; কী লজ্জার কথা !

[2.50—2.56 p.m.]

পশ্চিমবঙ্গে তথ্যপ্রযুক্তি তথা পরিষেবা ক্ষেত্রে প্রভূত সম্ভবনা রয়েছে। মাননীয়া মুখ্যমন্ত্রী তথ্যপ্রযুক্তি তথা পরিষেবার ক্ষেত্রে পশ্চিমবঙ্গকে দেশের মধ্যে প্রথম সারিতে আনার ইচ্ছা বারংবার ব্যক্ত করেছেন।

বর্তমানে রাজ্যের যুবসমাজের প্রযুক্তির প্রতি আকর্ষণ ও সৃষ্টিশীলতার কারণে রাজ্য সরকার নতুন পথে নতুন উচ্চতায় পৌঁছতে চান, যা রাজ্যে তরুণদের জন্য ব্যাপক কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করবে।

রাজ্য সরকারের কাছে গভীর চ্যালেঞ্জ হল অসংগঠিত ক্ষেত্রে যেখানে বহু মানুষের কর্মসংস্থান হয়। তথাপি এই অসংগঠিত ক্ষেত্রের মালিকদের প্রায় কোনো অধিকারই থাকে না এবং অসংখ্য সমাজবিরোধী, রাজনৈতিক ব্যক্তি এবং আমলাতান্ত্রিক ব্যবস্থা তাদের সামান্য মুনাফারও একটি বড় অংশ ছিনিয়ে নেয়। হার্নান্ডো ডে সোটের মতো ব্যক্তির হিসাব অনুযায়ী সমগ্র বিশ্বে ৯.৩ ট্রিলিয়ন ডলারের বেশি সম্পদ অসংগঠিত ক্ষেত্রের হাতে রয়েছে। অথচ তাঁরা সম্পদের এবং আইনগত অধিকার থেকে বঞ্চিত। রাজ্য সরকার এই অসংগঠিত ক্ষেত্রের উন্নয়নের জন্য দৃঢ়সংকল্প। এই সরকার অসংগঠিত ক্ষেত্রের উদ্যোগীদের সমস্যা নিরসনে প্রচেষ্টা চালাবে।

অর্থনীতি ও রাজনীতি গুরুত্বপূর্ণ হলেও জনজীবনে খেলাধুলো ও সংস্কৃতিও সমান গুরুত্বপূর্ণ। এই সরকার মানুষের আত্মিক উন্নতি ও গুণগত মানের উপরও নজর দেবে। বাংলার মহান সাংস্কৃতিক ঐতিহ্যের পুনর্গঠন এবং যুববৃন্দের ক্রীড়া নৈপুণ্যের উন্নয়নেও সরকার নজর দেবে।

ভবিষ্যতের বহুমুখী লক্ষ্যের ভিত্তিতে বহুতর নতুন বরাদ্দ এবং অধিকতর বাস্তবসম্মত রাজস্ব সংগ্রহ পূর্বানুমান করে, ভারত সরকারের সঙ্গে ১৩ তম অর্থ কমিশনের দুর্ভাগ্যজনকভাবে উল্লিখিত "Debt Stressed State of West Bengal"-এর উপর আলোচনার পর মাননীয়া মুখ্যমন্ত্রী পরবর্তী পদক্ষেপ স্থির করবেন।

(নয়েজ)

ভারতের মহাহিসাব নিয়ামক ও নিরীক্ষকের আয়-ব্যয়ের প্রাথমিক হিসাবের উপর ভিত্তি করে আমি এই মহান সভার সামনে ২০১১-১২ সালের বার্ষিক আর্থিক বিবরণী যথাযথ পরিবর্তন-সহ পেশ করছি।

আমার সংক্ষিপ্ত বক্তব্যের শেষে আমি আবার কবিগুরুকে স্মরণ করি :

'বিধি যেদিন ক্ষান্ত দিলেন
সৃষ্টি করার কাজে
সকল তারা উঠল ফুটে
নীল আকাশের মাঝে।''

শ্রী সুব্রত মুখোপাধ্যায় : স্যার, আমার একটা পয়েন্ট অফ অর্ডার আছে, আমাকে বলার অনুমতি দিন। স্যার, বলার দরকার হত না, যদি অপজিশন লিডার নিজেই না উঠতেন। এই হাউসে যা ঐতিহ্য যখন কোনো মিনিস্টার স্টেটমেন্ট পড়েন, তখন হাউসের লিডার অফ দ্য অপজিশন কোনো সময় পয়েন্ট অফ অর্ডার তোলেন না। ডিসটার্ব করেন কিন্তু পয়েন্ট অফ অর্ডার অফিসিয়ালি ওঠে না। আর উনি আমার মনে হয় বাংলা ভালো বোঝেন না, ইংরাজিতে যদি মন্ত্রী বলেন তাহলে উনি বেশি ভালো বোঝেন। আর ইংরাজি পরীক্ষার জন্য ওনাকে একটা প্রশ্ন করুন "আই ডোন্ট নো" এই শব্দটার মানে জিজ্ঞাসা করে নিন। যদি বলতে পারেন তাহলে পরের বার থেকে ইংরাজিতেই পড়া হবে।

(গোলমাল)

(এ ভয়েস : মানে বলুন আই ডোন্ট নো এর মানে বলুন)

(গোলমাল)

ডঃ সূর্য্যকান্ত মিশ্র : আমাকে বলতে দিন, আমি বলতে চাচ্ছি যে, এই হাউসে আমি উঠে দাঁড়াইনি। মাননীয়া মুখ্যমন্ত্রী আগে উঠে দাঁড়িয়েছেন- মাননীয়া মুখ্যমন্ত্রী আগে উঠে দাঁড়িয়েছেন।

মিঃ স্পীকার : প্লিজ মিস্টার মিশ্র যখন আমাদের আলোচনা, বিতর্ক হবে সেই সময় আপনারা সব বলবেন, বিতর্কের সময় আপনারা বলবেন। প্লিজ আপনি বসুন, আপনি বসুন বিতর্কের সময় বলবেন।

MOTION FOR VOTE ON ACCOUNTS

Dr.Amit Mitra : Sir, I beg to move that a sum not exceeding Rs.11,165,62,22,000 only will be granted to the Governor on account for or towards defraying the charges for the various services and purposes during the year ending on the 31st day of March,2012 as set out in budget Publicatilon No.2

Adjournment

The House was then adjourned at 2.56 p.m. till 11 a.m. on Monday the 27th June, 2011 at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Monday, the 27th June, 2011 at 11.00 a.m.

PRESENT

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 31 Ministers, 8 Ministers of State and 239 Members.

[11.00—11.10 a.m.]

ADJOURNMENT MOTION

Mr. Speaker : Today, I have received one notice of Adjournment Motion from Shri Anisur Rahaman on the subject of increase of prices of Petroleum Products.

The subject matter of the motion is not primarily concern of the State Government. As such the notice is out of order and I reject it.

Shri Anisur Rahaman : এটা আমাদের রাজ্যের শুধু নয়, সারা দেশের সঙ্গে জড়িত। দুদিন আগে সব জিনিসের দাম যে ভাবে বেড়ে গেছে.....।

Mr. Speaker : I have already given a ruling on this matter. So no further discussion can be allowed on it. I have given a ruling.

CALLING ATTENTION

Mr. Speaker : Today, I have received three notices of Calling Attention on the following subjects, namely :–

	Subject		Name
(i)	Alleged murder of one Bhabesh Shabar at village Lohasuaria in the district of Paschim Medinipur.	:	Shri Upen Kisku
(ii)	Floods in the districts of Bankura, Burdwan, Hooghly and Howrah due to huge release of water.	:	Shri Kashinath Mishra and Shri Ashutosh Mukherjee
(iii)	Alleged attack on the S.C. women at Taldangra, Bankura.	:	Smt. Debolina Hembram

I have selected the notice of Shri Kashinath Mishra and Shri Ashutosh Mukhopadhyay on the subject of Floods in the districts of Bankura, Burdwan, Hooghly and Howrah due to huge release of water.

The Minister-in-Charge may please make a statement today, if possible or give a date.

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, সংশ্লিষ্ট মন্ত্রীর সঙ্গে কথা বলে আমি এই হাউসকে সংশ্লিষ্ট মন্ত্রীর মাধ্যমেই সময় জানিয়ে দেব।

CALLING ATTENTION
TO THE MATTER OF URGENT PUBLIC IMPORTANCE

Mr. Speaker : Now, I call upon the Minister-in-Charge of the Parliamentary Affairs Department to make a statement on the subject of reported killing of Ajit Lohar, a worker of C.P.I. (M) at Taldangra in Bankura district on the 15th May, 2011.

(Attention called by Shri Upen Kisku on the 15th June, 2011)

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের সম্মানীয় বিধায়ক শ্রী উপেন কিস্কু আনীত দৃষ্টি আকর্ষণী প্রস্তাবের উপর স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী তথা মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা ব্যানার্জীর প্রদত্ত বিবৃতি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতিক্রমে বাঁকুড়া জেলার তালডাংরা থানার সি পি আই (এম) পার্টি নেতা শ্রী অজিত লোহার-এর খুন সম্পর্কে আনীত দৃষ্টি আকর্ষণী প্রস্তাবের উপর আমার বিবৃতি দিচ্ছি।

গত ১৫.৫.২০১১ তারিখে বিকেল তিনটে নাগাদ বাঁকুড়া জেলার তালডাংরায় সি পি এম নেতা অজিত লোহার ও সমীর নাগ আমডাঙ্গা থেকে বাড়ি ফেরার পথে একদল দুষ্কৃতীদের হাতে আক্রান্ত হন। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে গেলে দুষ্কৃতিরা পালিয়ে যায়। পুলিশ আক্রান্ত ব্যক্তিদের উদ্ধার করে স্থানীয় গ্রামীণ হাসপাতালে নিয়ে গেলে অজিত লোহারকে সেখানে মৃত বলে ঘোষণা করা হয়। সমীর নাগকে জেলা হাসপাতালে চিকিৎসার পরে ছেড়ে দেওয়া হয়। এই ঘটনায় দুষ্কৃতীদের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়। এখনও পর্যন্ত ছয়জনকে মামলায় গ্রেপ্তার করা হয়েছে। বাকিদের খোঁজে তল্লাশী চলছে। ঘটনার তদন্ত এখনও সম্পূর্ণ হয়নি। তদন্ত সম্পূর্ণ হলে বিশদ তথ্য জানানো যাবে। গ্রামে পুলিশ পিকেট বসানো হয়েছে। পরিস্থিতি এখন নিয়ন্ত্রণে।

Mr. Speaker : Now, I call upon the Minister-in-Charge of Parliamentary Affairs Department to make a statement on the subject of reported killing of two persons one each in the district of South 24 Paraganas and Paschim Medinipur on the 12th June, 2011.

(Attention called by Shri Kallol Khan and Shri Samir Kumar Poddar jointly on the 16th June, 2011)

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, দক্ষিণ চব্বিশ পরগনা জেলার ভাঙ্গরে তৃণমূল যুব কংগ্রেসের ভোগালি দুই অঞ্চল, সভাপতি মহিদ্দিন মোল্লার খুন সম্পর্কে সম্মানীয় বিধায়কদ্বয় শ্রী কল্লোল খাঁ এবং শ্রী সমীর কুমার পোদ্দার কর্তৃক আনীত দৃষ্টি আকর্ষণী প্রস্তাবের উপর স্বরাষ্ট্র (আরক্ষা) ভারপ্রাপ্ত মন্ত্রী ও মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায় প্রদত্ত বিবৃতি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতিক্রমে দক্ষিণ চব্বিশ পরগনা জেলার ভাঙ্গরের তৃণমূল যুব কংগ্রেসের সভাপতি মহিদ্দিন মোল্লার খুন সম্পর্কে আনীত দৃষ্টি আকর্ষণী প্রস্তাবের উপর আমার বিবৃতি দিচ্ছি। গত ১২.৬.২০১১ তারিখে বারাসাত থানার অধীন মুরারীডাঙ্গার মাঠে একজন অজ্ঞাতপরিচয় মুসলিম ব্যক্তির গুলিবিদ্ধ মৃতদেহ পাওয়া যায়। তদন্তে জানা যায় যে, মৃতদেহটি দক্ষিণ চব্বিশ পরগনা জেলার কাশিপুর থানার ভোগালি দুই অঞ্চলের তৃণমূল কংগ্রেসের যুব সভাপতি মহিদ্দিন মোল্লার। পেশাগতভাবে তিনি ইমারতী সরবরাহ ও জমি কেনা-বেচার সঙ্গে যুক্ত ছিলেন বলে জানা যায়। মৃতের ভাইপোর অভিযোগক্রমে দেগঙ্গা থানায় একটি খুনের মামলা শুরু হয়। ঘটনাটির তদন্ত চলছে। তদন্ত সম্পূর্ণ হলে বিশদ তথ্য জানানো যাবে।

মিঃ স্পীকার : শ্রী কল্লোল খাঁ একটি অতিরিক্ত প্রশ্ন করার জন্য অনুমতি চেয়েছেন। আমি তাঁকে অনুমতি দিলাম।

শ্রী কল্লোল খাঁ : মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে আমার জিজ্ঞাস্য, এই রাজ্যের বিধানসভা নির্বাচনের পর ক্রমাগতভাবে তৃণমূল কংগ্রেসের উপর নির্যাতন চলছে। ঘর-বাড়ি জ্বালিয়ে দেওয়া হচ্ছে। বহু তৃণমূল কর্মী খুন হয়েছে। এই রাজ্যে কোন জেলায় কত তৃণমূল কংগ্রেস কর্মী খুন হয়েছেন এটা যদি অনুগ্রহ করে জানান।

[11.10—11.20 a.m.]

শ্রী পার্থ চ্যাটার্জী : বিষয়টি ঘটনার সঙ্গে যুক্ত নয়। যে বিষয়ে দৃষ্টি আকর্ষণ করেছেন তার সঙ্গে সামগ্রিকভাবে যে কথা জিজ্ঞাসা করেছেন, যদিও যুক্ত নয়, কিন্তু আজকের এই সভায় আমরা সরকার পক্ষ থেকে মাননীয়া মুখ্যমন্ত্রী এবং স্বরাষ্ট্রমন্ত্রীর পক্ষ থেকে দ্ব্যর্থহীন ভাষায় বলতে চাই, সবাই মিলেই এই রাজ্যে যে কোনো মূল্যে আমাদের শান্তি প্রতিষ্ঠিত করতে হবে। এদিক-ওদিক দু-একটি বিক্ষিপ্ত ঘটনা ঘটছে বটে, কিন্তু তাও যাতে না ঘটে। তার জন্য প্রশাসন এবং সমস্ত বিধায়ক এবং রাজনৈতিক দলগুলির সহযোগিতা আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায় ইতিমধ্যেই চেয়েছেন এবং প্রশাসনকে সেইভাবেই নির্দেশ দেওয়া হয়েছে। নির্বাচনের পূর্বেও রাজনৈতিক খুনের সংখ্যা বেড়েছে যা এখন প্রায় নিয়ন্ত্রণে এসেছে। কিন্তু যে কোনো মৃত্যুই অত্যন্ত দুঃখের। রক্তের কোনো রঙ হয় না। এটা আমাদের বুঝতে হবে যে, মুখ্যমন্ত্রী হিসাবে তিনি প্রতিবার, প্রতি সময়, প্রতি জায়গায় এই কথা বলবার চেষ্টা করেছেন যে, সমস্ত রাজ্যের মানুষের তার রাজনৈতিক অধিকার, গণতান্ত্রিক অধিকার বজায় যেমন রাখতে হবে, তেমনি মানুষের নিরাপত্তা দিতেও প্রশাসনকে ব্যবস্থা নিতে হবে। আপনি যে প্রশ্নটি করেছেন, ইতিমধ্যে ডিপার্টমেন্টের কাছ

থেকে আমরা, যদিও জানি যে আমাদের এই রাজ্যে লোকসভা নির্বাচনের পর থেকে বিভিন্ন রাজনৈতিক দলের কর্মীরা, এমনকি তৃণমূল কংগ্রেসের কর্মীদেরও, প্রায় কয়েক শতাধিক কর্মী তাঁদের জীবন হারিয়েছেন। নির্বাচনের পর, বিধানসভা নির্বাচনের পর এখনও পর্যন্ত আমাদের তথ্যানুযায়ী ১৭ জন কর্মী খুন হয়েছেন। তার মধ্যে সি পি এম-এর ৮ জন, তৃণমূল কংগ্রেসের ৬ জন, জাতীয় কংগ্রেসের ৩ জন, জে এম এম-এর ১ জন। এই তথ্য আমাদের স্বরাষ্ট্র দপ্তরের সংশ্লিষ্ট আধিকারিকদের মাধ্যমে, জেলার মাধ্যমে আমাদের কাছে এসেছে। কিন্তু ঘটনা ১৭ বা ১৮ নয়। ঘটনা হচ্ছে মৃত্যু ! যে কোনো মূল্যে আমাদের এই রাজ্যে নির্বাচনের পরে মানুষের সাহায্যে, মানুষের সহযোগিতায় এই রক্ত বন্ধ হওয়া দরকার। খুন, হত্যার বিরুদ্ধে যে জনমত, সেই জনমতকে শান্তি, প্রগতি এবং উন্নয়নের পথে এগিয়ে নিয়ে যাওয়ার আহ্বান জানাই এবং সমস্ত রাজনৈতিক দলের কাছেও আমাদের আহ্বান, রাজ্যের মানুষের কাছে আমাদের আহ্বান, এই রাজ্যের কোথাও কোথাও বিক্ষিপ্ত ঘটনা ঘটলেও সেটাও যেন না ঘটে। সেদিকে প্রশাসন যেমন নজর দিচ্ছে নিরপেক্ষতার সাথে, সততার সাথে, দ্রুততার সাথে, স্বচ্ছতার সাথে, তেমনি রাজ্যবাসী এবং রাজনৈতিক দলগুলোকেও আমরা সেই আবেদন জানাব।

GOVERNMENT BUSINESS

RE-LAYING OF RULES

The West Bengal Fiscal Responsibility and Budget Management Rules, 2011

শ্রী পার্থ চ্যাটার্জী : The West Bengal Fiscal Responsibility and Budget Management Rules, 2011 সদস্যদের অবগতির জন্য টেবিল করা হল।

LAYING OF RULES

The Singur Land Rehabilitation and Development Rules, 2011

শ্রী পার্থ চ্যাটার্জী : The Singur Land Rehabilitation and Development Rules, 2011 যা কলকাতা গেজেটের এক্সট্রাঅর্ডিনারিতে ২৩শে জুন, ২০১১-তে প্রকাশিত হয়েছে তা আজকে এই মহতী সভায় প্রকাশ এবং লে করা হল।

Dr. Surjya Kanta Mishra : Mr. Speaker, Sir, আমার একটা পয়েন্ট অব অর্ডার আছে।

Mr. Speaker : Dr. Surjya Kanta Mishra, please বলুন।

ডঃ সূর্যকান্ত মিশ্র : Thank you, স্যার এটা ভালো দেখাচ্ছে না যে, স্বরাষ্ট্রমন্ত্রী, মুখ্যমন্ত্রী নিজে নেই, তবে আপনাকে বলতে হচ্ছে। আমি মাননীয় পরিষদীয় মন্ত্রীকে আপনার মাধ্যমে বলছি। অর্থমন্ত্রী নেই, তা নিয়ে আপনাকে লে করতে হচ্ছে। যাই হোক সেটা আপনি করতেই পারেন। আমি তার বিরোধিতা করছি না। কিন্তু আমি বলছি, এই যে The Singur Land Rehabilitation and Development Rules, এটা ২৩শে জুন গেজেট

নোটিফিকেশন হয়েছে। এটা হাউসে লে হতে পারত এর আগেই। গত দিন লে হতে পারত। ২৩শে জুনের পরে ওয়ার্কিং date ছিল, লে হতে পারত। নিয়মে বা আইনে বলা আছে যে, মূল আইন তাতে বলা আছে যে, হাউসে লে করতে হবে। গেজেট নোটিফিকেশন হল, হাউসে লে হল না। কিন্তু আমরা কাগজে দেখছি, সংবাদ মাধ্যমে দেখছি যে, Rules have become operative. এটা start হয়ে গেছে। এটা কখনো হতে পারে স্যার ? আপনি খোঁজ নেবেন হাউসের examine করার যথেষ্ট এক্তিয়ার আছে, এখানে যে রুলস, যে আইন পাশ হয়েছে তার সঙ্গে সঙ্গতিপূর্ণ কিনা। এর কোনোটাই আমাদের হাউসের যে অধিকার আছে.....

মিঃ স্পীকার : It has got no bearing so far as the execution of the rules is concerned. It has been simply laid. So far as the execution, that is absolutely the different procedure. So, it has got no connection so far this laying is concerned.

Dr. Surjya Kanta Mishra : Let it be recorded.

Mr. Speaker : It will not be on record.

LAYING OF REPORT

The 35th Annual Report containing the Annual Accounts along with Audit Report and Audit Certificate thereon, of the West Bengal Livestock Development Corporation Limited for the year 2008-2009.

শ্রী নূরে আলম চৌধুরী : Mr. Speaker, Sir, I beg to lay the 35th Annual Report containing the Annual Accounts along with Audit Report and Audit Certificate thereon, of the West Bengal Livestock Development Corporation Limited for the year 2008-2009.

MENTION

শ্রী তজমুল হোসেন : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে সংশ্লিষ্ট বিভাগের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার আপনি জানেনও, আজ সারা রাজ্যে বার্ধক্য ও বিধবাদের যে ভাতা প্রদান করা হয়, তা সঠিক সময়ে প্রদান করা হয় না। স্যার, আজ প্রায় ১০ মাস ধরে তাদের ভাতার টাকাগুলো বন্ধ হয়ে আছে। যেখানে সরকারি দপ্তর ও কর্মচারীর মাসিক বেতন একটা নির্দিষ্ট সময়ে প্রদান করা হয়, অথচ এই গরিব অসহায় পরিবারের লোকদের সামান্যতম টাকা সঠিক সময়ে দেওয়া হয় না। আমরা জনপ্রতিনিধি হিসাবে তাদের ক্ষোভের মুখে পড়তে হয়। আরও একটি বৈষম্য স্যার, বিধবাদের ক্ষেত্রে একটা ন্যূনতম বয়স ৪০ বছর ধার্য করা হয়েছে। সেটাকে কম করার প্রয়োজন বলে আমি মনে করি। কারণ, বিধবা হলেই যেন তারা ভাতার যোগ্য হয়। তাই আমি আপনার মাধ্যমে

বলতে চাই, অবিলম্বে এই বন্ধ ভাতার টাকাগুলো যেন চালু করা হয় এবং বিধবা হলেই তারা যেন ভাতার যোগ্য হয়। তাই আমি আপনার মাধ্যমে এই সংশ্লিষ্ট বিভাগের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ধন্যবাদ স্যার।

[11.20—11.30 a.m.]

শ্রী কেশবচন্দ্র রায় : মাননীয় স্পীকার স্যার, কোচবিহারের সিতাই বিধানসভার মাঝখানে একটা নদী। সেই নদীর ওপারে ৫টি গ্রাম পঞ্চায়েত আছে। সেখানে প্রায় ২ লক্ষ লোকের বাস। কিন্তু স্যার, সেখানে কোনো ফায়ার স্টেশন নেই, দমকল কেন্দ্র নেই। নদীর ওপারে এতগুলো লোক বসবাস করে। সেখানে প্রায় ১০টির মতো বাজার আছে। সেখানে কোথাও অগ্নি নির্বাপক কোনো ব্যবস্থা নেই। তাই সেখানকার মানুষ প্রায়ই ক্ষতিগ্রস্ত হচ্ছে। সেই জন্য স্যার, সিতাই বাজারে একটি দমকল কেন্দ্র যাতে অতি শীঘ্রই করা যায় সেই জন্য মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি বলেছি, ভারবালি বলেছি। তার সাথে দেখাও করেছি। তিনি যদি দয়া করে সেখানে একটি দমকল কেন্দ্রের ব্যবস্থা করেন মানুষের খুব উপকার হয়। ওখানে সিতাই থেকে মাথাভাঙ্গা প্রায় ৬৫ কিলোমিটার দূরত্ব। সেখান থেকে যদি দমকল আনা হয় তাহলে পুড়ে যাওয়া বাড়িঘর রক্ষা করা সম্ভব নয়। সেই জন্য অতি শীঘ্র প্রায় ৩৪ বছরের এটা একটা দাবি ওখানকার মানুষদের। বামফ্রন্ট সরকার তো কোনো দাবি মানুষের পূরণ করেনি। তারা নিজেদের স্বার্থসিদ্ধিটাই করেছেন। তাই সেখানে যাতে একটা দমকল কেন্দ্র হয় এটাই আমার আবেদন। ধন্যবাদ।

শ্রী জোসেফ মুন্ডা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। নাগরাকাটা বিধানসভা কেন্দ্রের মাটিয়ালি ব্লকের ইনডং প্রাইমারি হেল্‌থ সেন্টারটির দীর্ঘ ৪০ বছর ধরে কোনো পরিকাঠামোর উন্নতি হয়নি। ১১টি চা বাগান, পাহাড় এলাকা, প্রচণ্ড ম্যালেরিয়ার প্রকোপ রয়েছে। এই পরিকাঠামোটা যদি উন্নত করা হয় এবং ১০ শয্যার ব্যবস্থা করা হয় তাহলে এলাকার লোক খুব উপকৃত হবে। স্যার, বিধাননগর অঞ্চলে বিগত ৪ বছর ধরে পরিকাঠামো রয়েছে এবং ১০টি শয্যার ব্যবস্থা করা হয়েছে, কিন্তু ৪ বছর ধরে চালু করা হয়নি। স্যার, যদি স্বাস্থ্যকেন্দ্রটি চালু করা হয় তাহলে এলাকাবাসী উপকৃত হবে। ধন্যবাদ।

ডঃ তরুণকান্তি নস্কর : মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মধ্যে দিয়ে যেটা জানাতে চাইছি যে, কুকিং গ্যাসের উপর যে ট্যাক্স সেই ট্যাক্স এই রাজ্য সরকার উইথ ড্র করে নিয়েছেন তাকে স্বাগত জানাচ্ছি এবং জানিয়ে যেটা বলতে চাইছি যে, পেট্রোলিয়ামজাত অন্যান্য যে জিনিসগুলো আছে যেমন—কেরোসিন, ডিজেল, পেট্রোল তার উপরে যে ট্যাক্স আছে সেটাও যদি এই রাজ্য সরকার প্রত্যাহার করার সিদ্ধান্ত নেন তাহলে মানুষ উপকৃত হবে। তার সাথে আমি আরো একটি অনুরোধ করছি মাননীয় লিডার অফ দি হাউসের কাছে, যেহেতু মাননীয়া মুখ্যমন্ত্রী সংবাদ মাধ্যমে বলেছেন যে, এই বিষয় অর্থাৎ

এইভাবে পেট্রোলিয়ামজাত দ্রব্যের দাম বৃদ্ধি তিনি একেবারেই সমর্থন করেন না। যদি আমরা হাউস থেকে একটা সিদ্ধান্ত নিয়ে কেন্দ্রীয় সরকারের কাছে পাঠাতে পারি এই অনুরোধ আমি রাজ্য সরকারের কাছে করছি, সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রীর কাছে আপনার মাধ্যমে। ধন্যবাদ।

শ্রী এমানি বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার প্রতি দৃষ্টি আকর্ষণ করে বলছি, সূতি বিধানসভার ঔরঙ্গাবাদ শহরের মতো একটা জায়গা যেখানে গত ৩৪ বছর ধরে চক্রান্ত করে সেখানে পুরসভা গঠন করা হয়নি। ওখানে প্রায় ৪৫ হাজার ভোটার বাস করেন এবং খুব ঘনবসতিপূর্ণ এলাকা। গভর্ণমেন্ট রেভিনিউ মাসে প্রায় আড়াই কোটির মতো আসে। অতএব, পুরমন্ত্রীর কাছে দৃষ্টি আকর্ষণ করছি যাতে এটাকে পুরসভার জন্য চিন্তা-ভাবনা করেন। স্যার, আর একটা বিষয়ে বলছি, সূতি বিধানসভার অন্তর্গত ডি এন কলেজ। ২টি ব্লকের সাড়ে দশশোর বেশি ছেলেমেয়েকে অ্যাডমিশান করানো যাচ্ছে না। আমার এলাকায় ২৪০০-২৫০০ ছেলেমেয়ে পাশ করেছে। বাকি সাড়ে ১৪শো ছেলেমেয়েকে অ্যাডমিশান করানো যাচ্ছে না। এর জন্য শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটি কলেজ করার জন্য। ধন্যবাদ।

শ্রী শেখ আমজাদ হোসেন : মাননীয় অধ্যক্ষ মহোদয়, গত ১৭ই জুন মাননীয়া মুখ্যমন্ত্রী যে বিবৃতি দিয়েছেন কিন্তু একটা সিদ্ধান্ত নিয়েছি মোটামুটি যে এই, এই বছরে বাচ্চাদের আরো বেশি করে রবীন্দ্রনাথকে ঘরে পৌঁছে দেবার জন্য যে সহজপাঠ একদিন বাতিল হয়েছিল, সেই সহজপাঠকে ঘরে পৌঁছে দেবার জন্য সেই সহজপাঠকে আবার ইনক্লুড করব সিলেবাসে। আমি একজন প্রাথমিক শিক্ষক স্যার, খুব দুর্ভাগ্যের বিষয় যে মাননীয়া মুখ্যমন্ত্রী জানেন না এই সহজপাঠ আমাদের পাঠ্যক্রমে আছে। এই দেখুন সহজপাঠ প্রথম ভাগ এবং সহজপাঠ দ্বিতীয় ভাগ। যার ২০১০ সালের সংস্করণ আমার কাছে আছে। যদি হাউস দেখতে চায় আপনি চান যদি আমি দিতে পারি। মুখ্যমন্ত্রী হাউসকে বিভ্রান্ত করেছেন। মুখ্যমন্ত্রী ভুল তথ্য দিয়ে হাউসকে বিভ্রান্ত করেছেন। তাই আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই যে, সঠিক তথ্য দিয়ে হাউসকে সঠিকমতো যাতে পরিচালিত করেন আগামী দিনে। নতুন করে রবীন্দ্রনাথকে মনে করাতে হবে না। এই রবীন্দ্রনাথকে সারা পশ্চিমবঙ্গ তথা ভারতবর্ষে ৩৪ বছরে বামফ্রন্ট সরকার চিনিয়েছিল। ধন্যবাদ স্যার।

শ্রী উমাপদ বাউরি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি পুরুলিয়ার পারা বিধানসভার বিধায়ক। আমি ওখানকার রাস্তাঘাটের সমস্যা নিয়ে কিছু বলতে চাই। বিগত ৩৪ বছরে পারা বিধানসভায় রাস্তাঘাটের কোনো উন্নয়ন হয়নি। আমি পারা বিধানসভার পারা ব্লকের একটি রোডের কথা বলতে চাই। ওখানে একটি অহল্যাবাই রোড নামে একটি রোড আছে, যার কোনো উন্নয়ন হয়নি। এটি একটা খুবই গুরুত্বপূর্ণ রোড। এই রোডটি ঝাড়খণ্ডের সঙ্গে যুক্ত আছে। এই রোডটি সারানোর যাতে অবিলম্বে ব্যবস্থা নেওয়া হয় তার জন্য আমি সংশ্লিষ্ট মন্ত্রীর কাছে আবেদন রাখছি। ধন্যবাদ।

শ্রী শাজাহান চৌধুরী : মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে পরিবহন মন্ত্রী এবং মাননীয়া মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে, কাটোয়া-বর্ধমান ন্যারো গেজ থেকে ব্রড গেজে রূপান্তরিত করার জন্য প্রায় ৫০% কাজ কমপ্লিট হয়েছে। আগে আমাদের রাজ্য সরকার ৫০% এবং কেন্দ্রীয় সরকার ৫০% ইমপ্লিমেন্ট করেছিলেন অর্থ এবং বলবোনা থেকে কাটোয়া পর্যন্ত এই রেললাইনটির কাজ ইনকমপ্লিট অবস্থায় রয়েছে। সুতরাং হাফ ডান ওয়ার্ক ইজ এ ফেলিওর ওয়ার্ক। সেই জন্য আমি অনুরোধ করছি এই কাজটি তাড়াতাড়ি ত্বরান্বিত করলে এলাকার মানুষের খুবই উপকার হবে।

শ্রী নেপাল মাহাতো : মাননীয় স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় স্কুল শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। একটু আগে মাননীয় বিধায়ক বিশ্বাসবাবু বলছিলেন। স্যার, আমার এলাকাতেও ক্লাস ইলেভেনে ভর্তির খুব সমস্যা হচ্ছে। আর মূল সমস্যা যেটা সেটা হচ্ছে সিট এখন অ্যাভেলেবেল, সেটাও সরকার ২০% বাড়াতে বলছে। কিন্তু ২০% পরেও দরকার স্যার। এবং আরেকটা যেটা অসুবিধা সেটা হচ্ছে যে, অনেক মেরিটোরিয়াস স্টুডেন্ট আছে, যেটা আগেও বারবার বলেছি, তারা বিজ্ঞান বিভাগে পড়তে চাইছে। এত বেশি মেরিটোরিয়াস স্টুডেন্ট পাশ করে গেছে যে, বিজ্ঞান বিভাগে যে অ্যাভেলেবেল সিটগুলো আছে সেটা পূরণ করে আবার ২০% বাড়ানো হলেও আমার এলাকাতে ঠিক সঠিকভাবে সেগুলো অ্যাকোমডেট হচ্ছে না। স্যার, আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীকে বলতে চাই যে, মিনিমাম এক একটা ব্লকের বিশেষ করে আমার বাগমুণ্ডি বিধানসভাতে কল্মা বান্দুয়া লহর হাই স্কুল একদম জঙ্গলের ভিতরে সিডিউল ট্রাইব এরিয়া, সেখানটায় উচ্চমাধ্যমিক এবং বাগমুণ্ডি এরিয়াতে যে ধনুরি হাই স্কুল আছে সেটাকে উচ্চমাধ্যমিক করা এবং অ্যাট লিস্ট একটা স্কুলে স্যার পরিকাঠামো সমস্ত রকমের আছে, সেখানটায় বিজ্ঞান বিভাগটা খোলার অনুমতি দেওয়া। এই বছরে এই কাজটা না শুরু হলে প্রচণ্ড অসুবিধা হবে ছেলেমেয়েদের। আমি আপনার মাধ্যমে স্কুল শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বিষয়টি জানাচ্ছি স্যার। ধন্যবাদ।

শ্রী ভূষণচন্দ্র দোলুই : মিঃ স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বন্যার প্রাথমিক পর্যায়ে আমরা খুবই ভুক্তভোগী। আমার বিধানসভা কেন্দ্রে যখনই বন্যা হয় তখনই সংবাদের শিরোনামে এসে যায়। আমার বিধানসভা কেন্দ্র দুটি ব্লক নিয়ে, দুটি কম-বেশি ক্ষতিগ্রস্ত। আমরা দেখেছি আমাদের অভিজ্ঞতার আলোকে কংসাবতী নদীর নিম্নাংশ দেউভাগা পয়েন্ট থেকে উপরের দিকে কার্ভগুলোকে সিধে করে অবিলম্বে সেটা সিধে লাইনে স্রোতটা প্রবাহিত হওয়া দরকার এবং নদী ড্রেজিং করে নাব্যতা বাড়ানো দরকার। তাহলে নিম্ন কংসাবতী এইভাবে সংস্কার হলে আমাদের বন্যার ভয় শুধু ময়না বিধানসভা কেন্দ্র নয় পার্শ্ববর্তী পাঁশকুড়া, ডেবরা এতে লাভবান হবে। আমি তাই আপনার মাধ্যমে অনুরোধ জানাচ্ছি যে, আমাদের নিম্ন কংসাবতী সংস্কার করে এবং তার শেষ প্রান্তে ঢেউভাঙা পয়েন্টে একটা রাবার ব্যান্ড বা স্লুইস গেট যাতে জল সংরক্ষণ করা যেতে পারে সেটা কৃষিতে একটা সবুজ বিপ্লব ত্বরান্বিত হতে পারে এবং মাছ চাষের জন্য জল পাওয়া যেতে পারে। আপনার মাধ্যমে আমি দৃষ্টি আকর্ষণ করে এই প্রস্তাব রাখছি এবং সেই

সঙ্গে সঙ্গে ময়না ব্লক খুব গভীর এলাকা সেখানে অনেক খাল নালা আছে। যদি খালগুলিকে পরিকল্পিতভাবে সংস্কার করে সমস্ত নদীমুখের স্লুইস গেটগুলিকে মেরামত করা যায় তাহলে সেচের জল পাওয়া যাবে এবং মাছ চাষের জল পাওয়া যাবে। একদিকে রুপোলি বিপ্লব আর একদিকে সবুজ বিপ্লব আরো তরান্বিত হতে পারে। এই পয়েন্টটা মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[11.30—11.40 a.m.]

শ্রী সুনীলকুমার মণ্ডল : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে জলসম্পদ উন্নয়ন মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমি বর্ধমান জেলায় বংশী বিধানসভার সদস্য। আমরা সবাই জানি যে, বর্ধমান জেলা পশ্চিমবঙ্গের মধ্যে শ্রেষ্ঠ কৃষিপ্রধান এলাকা, কিন্তু কৃষিপ্রধান এলাকা হলেও বর্তমানে D.V.C. ভালোমতো জল দেয় না। এই জন্য আমার দুটি অঞ্চল দুর্গাপুর শহরের খুব কাছে বিদবিহার ও বনকাটি অঞ্চল, এই দুটি অঞ্চলে সব্জি চাষ করে আমরা গোটা দুর্গাপুর শহরকে সব্জি চাষে আমাদের এলাকা থেকে যায়। তার জন্য কিন্তু এই দুটি অঞ্চলের মাটি দোঁয়াশ। ফলে এখানে জল দাঁড়ায় না, ফলে জলের সমস্যা হয়। কৃষকরা মাঝে মাঝে সেচের জন্য, চাষের জন্য অসুবিধায় পড়েন। আমি মাননীয়া মুখ্যমন্ত্রী কৃষি কাজের জন্য যে সুন্দর বিধান করেছেন আমি মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে মন্ত্রী মহোদয়ের কাছে আবেদন রাখছি যে, আমাদের এলাকায় স্যালো অথবা গভীর নলকূপ বা ডিপ টিউবওয়েল বসিয়ে সেচের ব্যবস্থা করে দেওয়ার, তাহলে এলাকায় যেমন কৃষি কাজে উন্নত হবে, চাষির বেকারত্ব ঘুচবে, তাছাড়া দুর্গাপুর এলাকার কাছাকাছি যে বেকার যুবক-যুবতীরা আছে তারা সব্জি চাষ করে বেকারত্ব ঘুচাবে। সব দিক দিয়ে আমার এলাকায় সব্জি চাষ যেমন একদিকে হবে, গ্রামে জল সেচের ব্যবস্থা সুন্দরভাবে হবে, অন্যদিকে বেকারত্ব ঘুচবে, চাষীরা কাজ পাবে। এই জন্য আপনার মাধ্যমে আমি মন্ত্রী মহোদয়ের কাছে অতি সত্বর স্যালো বা ডিপ টিউবওয়েল বসিয়ে আমাদের এলাকায় চাষের সুযোগ্য ব্যবস্থা করে দেওয়া হয় সে ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী শীতলকুমার সর্দার : মাননীয় অধ্যক্ষ মহোদয় আমি আপনার মাধ্যমে মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার বিধানসভা কেন্দ্র সাঁকরাইল। সারেঙ্গা ব্রিজ থেকে ঢাকুরিয়া পর্যন্ত বিদ্যাসাগর সেতু হয়ে সরকারি বাস চালানোর জন্য অনুরোধ জানাচ্ছি। স্যার, এখানে অসংখ্য মানুষের বাস। মানুষ কীভাবে কলকাতায় পৌঁছবে আজ পর্যন্ত সেই ব্যাপারে যোগাযোগের কোনো ব্যবস্থা নেই। তাই স্যার, আপনার মাধ্যমে মাননীয় পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটি কারণে, যাতে জরুরিভিত্তিকভাবে এই দুটি বাস চালানো যায় তার ব্যবস্থা করার জন্য অনুরোধ করছি। ধন্যবাদ স্যার।

মিঃ স্পীকার : শ্রী রামেশ্বর দোলই যে বিষয়ে বক্তব্য রাখতে চেয়েছেন সেটা অলরেডি ইতিমধ্যে ডাঃ তরুণকান্তি নস্কর urge for withdrawal of tax from petroleum product বলেছেন। সুতরাং এর উপর আমি আর ফারদার অ্যালাউ করলাম না। .....(voice)..... This has already been mentioned by another member. He has already mentioned about this.

শ্রী আশুতোষ মুখার্জী : মাননীয় স্পীকার স্যার, দামোদর নদী যেটা বাঁকুড়া, হাওড়া, বর্ধমান এবং কিদংশ হুগলি পর্যন্ত বিস্তৃত রয়েছে। আমাদের বাঁকুড়া জেলায় আমার কনস্টিটিউয়েন্সির আন্ডারে বেশ কিছু এলাকা রয়েছে। যেখানে বড়জোড়ায় প্রায় ৩০ হাজার মানুষ এই বন্যায় ক্ষতিগ্রস্ত হয়। কিন্তু এই মুহূর্তে বর্তমান যে অর্থনৈতিক অবস্থা—আমি এত অবিবেচক নই যে আজকেই তার সমাধান করা সম্ভব, কিন্তু এই মুহূর্তে ডিজাস্টার ম্যানেজমেন্ট গ্রুপকে আমরা বলব যে, যাতে এই বন্যারত মানুষদেরকে নিরাপদ স্থানে পৌঁছে দেওয়া যায় তার জন্য বড়জোড়া ব্লকে একটি বা দুটি বোট দেওয়ার ব্যবস্থা করা যায়, সেই সাথে সাথে ডি ভি সি একটা স্বয়ংসম্পূর্ণ সংস্থা যাতে ডিস্ট্রিক্ট অ্যাডমিনিস্ট্রেশানের সাথে ডি ভি সি-র একটা যোগাযোগ স্থাপন করা যায় কারণ, অনেক সমুদ্রে গভীর রাতে জল ছেড়ে দেওয়ার ফলে মনার বিস্তীর্ণ এলাকা যেখানে ১০ থেকে ১৫ হাজার মানুষ বসবাস করে, সেই মানুষরা বিভ্রান্তির মধ্যে থাকে, ডিস্ট্রিক্ট অ্যাডমিনিস্ট্রেশান কোনো সদুত্তর দিতে পারে না। তাই ডিস্ট্রিক্ট অ্যাডমিনিস্ট্রেশানের সাথে ডি ভি সি যাতে যোগাযোগ রাখে এবং তাদের জল ছাড়ার নির্দিষ্ট নিয়ন্ত্রণ জেলা প্রশাসনকে জানিয়ে দেয় সেই ব্যাপারে সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রী—বিশেষ করে সেচমন্ত্রীকে আমি আবেদন জানাচ্ছি। নমস্কার।

মিঃ স্পীকার : শ্রী কাশীনাথ মিশ্র, আপনি যেটা জানতে চেয়েছেন, এটা কেন্দ্রীয় সরকারের রেল বিভাগের প্রশ্নের সাথে সংশ্লিষ্ট। আপনি বলেছেন যে, রিজাম্পশান অফ ৩১৫ ডাউন, ৩১৬ আপ শিরোমণি এক্সপ্রেস—জঙ্গলমহলে আপনি এটা রিজাম্পশান করতে বলেছেন। এটা কেন্দ্রীয় সরকারের এক্তিয়ারভুক্ত, এটা এখানে আলোচনা করা যাবে না।

শ্রী আনিসুর রহমান : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনি নিশ্চয়ই জানেন আমাদের রাজ্য এই পশ্চিমবঙ্গ ভারতবর্ষের মধ্যে অন্যতম পাট উৎপাদক রাজ্য। এবারে উত্তরবঙ্গে ভালো পাটের চাষ হয়েছে আর দক্ষিণবঙ্গে যে চাষ হয়েছে তাতে খরচ পড়ে গেছে অনেক বেশি। কিন্তু দুর্ভাগ্য হচ্ছে এই যে পাটচাষীরা রয়েছে—একে ডিজেলের দাম বেড়েছে, সারের দাম বেড়েছে, ফলে পাটের উৎপাদন খরচ অনেক বেড়ে গিয়েছে, অন্যদিকে পাটের দাম কমে গিয়েছে। এক্ষুণি যদি এই ব্যাপারে ব্যবস্থা না নেওয়া হয় পশ্চিমবঙ্গে যারা পাটচাষী আছে, তারা ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হবে। আমি আপনার মাধ্যমে কৃষিমন্ত্রীকে অনুরোধ জানাই যে, এখন থেকে উদ্যোগ নিয়ে কেন্দ্রের জি সি আই সি-র সঙ্গে কথা বলে নিয়ে কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনা করে যাতে পাটের দাম চাষীরা ঠিকমতো পায়, তারা যাতে পাট বিক্রির নিশ্চয়তা পেতে পারে তার ব্যবস্থা করার জন্য অনুরোধ জানাচ্ছি। ধন্যবাদ।

শ্রী অশোক ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনি জানেন যে, পশ্চিমবঙ্গে সংক্রামক ব্যাধি হসপিটাল দুটি আছে। একটি বেলেঘাটায় আর একটি হাওড়াতে। সংক্রামক ব্যাধি হসপিটাল—সত্যবালা আই ডি হাসপাতাল বলে আমরা জানি, বর্তমানে এখানে নারকীয় অবস্থার সৃষ্টি হয়েছে—কোনো ডাক্তার নেই, রোগী আসছে ফিরে যাচ্ছে এবং বর্তমান অবস্থাটা জলের তলায় আছে। এখানে জেনারেটার নেই এবং কেউ মারা গেলে

যেখানে রাখবেন, সেই মর্গের কোনো ব্যবস্থা নেই। তার ফলে মৃতদেহে পচন ধরছে, এলাকা দূষিত হচ্ছে। আমি স্যার আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গের স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি—এই অবস্থা যদিও একদিনে আসেনি, দীর্ঘদিন ধরে এই অবস্থা চলছে। আমি চাই অবিলম্বে স্বাস্থ্যমন্ত্রীর হস্তক্ষেপে এলাকার মানুষ বাঁচুক।

[11.40—11.50 a.m.]

শ্রী তোয়াব আলি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার বিধানসভা এলাকা গঙ্গার ধারে। ধুলিয়ান পৌরসভা গঙ্গার ভাঙনে জীর্ণদীর্ণ, তিন ভাগ ভেঙে গেছে। এই মিউনিসিপ্যালিটির চার নম্বর ওয়ার্ডে একটা বড় ভাঙন দেখা দিয়েছে। এই ভাঙন প্রতিরোধের প্রশ্নে দপ্তরের কাছে আমরা আবেদন করেছি, কিন্তু এখনও পর্যন্ত কোনো লোক দেখতে পর্যন্ত যায়নি। ভাঙনের সমস্যা হচ্ছে যে, এটা ফারাক্কা ব্যারেজ, কেন্দ্রীয় সরকার দায়িত্ব নিয়েছে। কিন্তু খুবই দুর্ভাগ্যের এবং খুবই বেদনার, এর আগেও আমি বিধানসভাতে বলেছি, কেন্দ্রীয় সরকার যে দায়িত্ব নিল অথচ সেই দায়িত্ব তারা পালন করে না। ফলে রাজ্য সরকারকেও এই দায়িত্ব পালন করতে হয় জনস্বার্থের জন্য। ইতিপূর্বেও এই দায়িত্ব পালন করেছে বিগত সরকার। কাজেই আমার আবেদন হচ্ছে, কেন্দ্রীয় সরকারের ১৮ মাসে বছর, ওরা কথাই শুনতে চায় না। আমাদের মিউনিসিপ্যালিটির পক্ষ থেকে গিয়েছিল ওদের কাছে কিন্তু ওরা কথাই শুনতে চায়নি। এখানে মাননীয় মন্ত্রী আছেন, উনি অভিজ্ঞ, পুরনো এবং জানেন। এই জন্য আমার আবেদন, রাজ্য সরকারের পক্ষ থেকেও দ্রুত ওই ভাঙন প্রতিরোধের ব্যবস্থা করুন। ওখানে এক লক্ষ মানুষের বসবাস। আপনি জানেন গঙ্গা ভাঙনের ভয়াবহতা। এই জন্য আপনার দপ্তরের লোকেরা সেখানে যাক এবং এখনই কি ব্যবস্থা করা যায় এই ভাঙন প্রতিরোধের তার উদ্যোগ নিন, এটি হচ্ছে আমার আবেদন।

ডঃ এম নুরুজ্জামান : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার কেন্দ্র দেগঙ্গা। বিদ্যাধরী নদী এবং পদ্মার খাল না সংস্কার হওয়ার ফলে দীর্ঘদিন ধরে মানুষ ক্ষতিগ্রস্থ হচ্ছেন। এর আগে আমার বাবা এ কে হাসানুজ্জামান সাহেব যখন বিধায়ক ছিলেন, তাঁর দীর্ঘদিনের প্রচেষ্টার ফলে বিদ্যাধরী ভবন তৈরি হয়েছিল এবং বিদ্যাধরী নদী সংস্কারের কাজ আরম্ভ হয়েছিল। কিন্তু গত ২০ বছর ধরে এক কোদাল মাটিও ওঠেনি। যার ফলে বিদ্যাধরী নদী সংস্কার হওয়া দরকার এবং পদ্মার খাল অবিলম্বে সংস্কার হওয়া দরকার। সেই জন্য মাননীয় সেচ এবং জলসম্পদ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীমতী মুমতাজ বেগম : রেসপেকটেড স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি জানাতে চাইছি, আমার গার্ডেনরিচ কনস্টিটিউয়েন্সির মধ্যে একটি স্টেট জেনারেল হসপিটাল আছে। নামে স্টেট জেনারেল হসপিটাল হলেও তাকে নরক বলা চলে। এখন ওখানে মানুষ চিকিৎসা পাচ্ছে না। ওখানে ডাক্তাররা আসতে চাইছে না। ডাক্তারদের থাকার কোয়ার্টার নেই। যারা ওখানে বসবাস করে তারা অতি গরিব মানুষ, বস্তিবাসী। তারা চিকিৎসা ঠিকমতো পাচ্ছে না, ওষুধ পাচ্ছে না। একটা ও টি আমরা তৈরি করে রেখেছি কিন্তু কোনো

ইনস্ট্রুমেন্ট নেই। রাতদুপুরে মানুষের অসুবিধা হলে অ্যাম্বুলেন্স পাওয়া যাচ্ছে না। যাদের ডেলিভারি হবে তাদের নিয়ে যেতে হয় মেডিক্যাল, এস এস কে এম, চিত্তরঞ্জন ইত্যাদি হসপিটালে। ১৯৯২ সালে এই হসপিটালটি ওপেন করা হয়েছিল। ১৯ বছর হয়ে গেল কিন্তু পূর্ণাঙ্গ হসপিটাল করতে পারলেন না। সেখানে কোনোরকম ব্যবস্থা নেই। মানুষ মারা গেলে কোথায় যাবে—সেই ব্যবস্থা করার জন্য চেষ্টা করেছিলেন। মানুষ কীভাবে বাঁচবে সেদিকে লক্ষ্য করলেন না। বারবার দরবার করবার পরেও আমরা কিচ্ছু পাইনি। সেই জন্য আপনাকে আমি জানাতে চাই এই হসপিটালটিকে যত শীঘ্র সম্ভব পূর্ণাঙ্গ হসপিটাল করা হোক এবং মানুষ উপকার পাক। আমরা এই গভর্নমেন্টকে বারবার বলছি, অনুরোধ করছি আপনারা গুরুত্ব দিন। মাননীয়া স্বাস্থ্যমন্ত্রীর কাছে দরবার করছি আমাদের গার্ডেনরিচ স্টেট জেনারেল হসপিটালটিকে পূর্ণাঙ্গ হসপিটাল করার জন্য।

ZERO HOUR

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এখানে একটি গুরুত্বপূর্ণ বিষয় উল্লেখ করতে চাই। আজকে দীর্ঘদিন পর মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এবং তাঁর মন্ত্রিমণ্ডলী এক মাসের মধ্যেই মানুষের মনে এক আশার সৃষ্টি করেছে। স্যার, আজকে প্রাকৃতিক বিপর্যয়ের ফলে গ্রামগুলোতে এক ভয়ঙ্কর অবস্থার সৃষ্টি হয়েছে এবং আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী ও তাঁর মন্ত্রিমণ্ডলী সেখানে জরুরি ভিত্তিতে ব্যবস্থা গ্রহণ করেছেন। ২২টা ব্লকে অবস্থা খুবই খারাপ, সেখানে হাজার হাজার মাটির বাড়ি ভেঙে গেছে। এরকম অবস্থার সৃষ্টি হয়েছে পূর্বতন বামফ্রন্ট সরকারের কাজের অনীহা এবং মানুষের পাশে না দাঁড়ানোর জন্য। যেসব মানুষের বাড়ি-ঘর ভেঙে গেছে তাদের অবিলম্বে হাউস বিল্ডিং গ্রান্টের ব্যবস্থা করা এবং অন্যান্য সুযোগ-সুবিধা প্রদান করা দরকার। আমাদের এম এল এ-দের পক্ষ থেকে এরকম পরিস্থিতিতে যে ত্রিপল দেওয়ার ব্যবস্থা আছে, সেখানে সংখ্যাটা ৫০০ থেকে ১০০০ করার জন্য আপনার মাধ্যমে মাননীয়া মুখ্যমন্ত্রী এবং তাঁর মন্ত্রিমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী তজমুল হোসেন : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে প্রাণীসম্পদ বিকাশ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। প্রাণীসম্পদ বিকাশে রাজ্য সরকারের পদক্ষেপগুলো নিঃসন্দেহে প্রশংসার দাবি রাখে। এর সুফল তৃণমূল স্তর পর্যন্ত পৌঁছে দেওয়া এবং প্রত্যন্ত গ্রামগুলোতে এর উন্নয়ন ও প্রসার ঘটাতে প্রাণীবন্ধুদের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। তাই এই সব প্রাণীবন্ধুদের সাম্মানিক ভাতা বৃদ্ধি করা ও তাদের স্থায়ীকরণের দাবি জানাচ্ছি।

শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনি জানেন যে খাদ্যশস্যের অস্বাভাবিক মূল্যবৃদ্ধির ফলে রাজ্যের সাধারণ মানুষ খুবই কষ্টের মধ্যে পড়েছে। রিজার্ভ ব্যাঙ্কের হিসাব অনুযায়ী গত ১১ই জুন যে সপ্তাহ শেষ হয়েছে সেখানে খাদ্যশস্যের উপরে মুদ্রাস্ফীতি ঘটেছে ৯.৩ শতাংশ। এবং এটা আশঙ্কা করা হচ্ছে, সম্প্রতি কেরোসিন তেল, ডিজেল এবং রান্নার গ্যাসের উপর যে মূল্যবৃদ্ধি ঘটানো হয়েছে তার ফলে খাদ্যশস্যের

মূল্যবৃদ্ধি ডবল ডিজিট অতিক্রম করে যাবে। আমরা সকলেই এই বিষয়ে খুব সচেতন এবং এটাও ঘটনা যে, আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী বিষয়টা উপলব্ধি করেছেন এবং রান্নার গ্যাস থেকে রাজ্যের যে প্রাপ্য কর সেটা প্রত্যাহার করে নিয়েছেন, এই জন্য তাঁকে সাধুবাদ জানাচ্ছি। এতদ্‌সত্ত্বেও কিন্তু রাজ্যে নিত্যপ্রয়োজনীয় জিনিস এবং খাদ্যশস্যের উপর যে মূল্যবৃদ্ধি ঘটেছে সেটা নিয়ন্ত্রণ করা যাবে না। তাই মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে অনুরোধ করছি, মূল্যমানকে নিয়ন্ত্রণে রাখার জন্য এবং আম জনতার জীবনযাত্রা যাতে একটু সুখের হয়, সহজ-সরল হয়, মুদ্রাস্ফীতি, মূল্যবৃদ্ধিজনিত সঙ্কটের মধ্যে দিয়ে যেতে না হয় সেই জন্য তিনি আরও উদ্যোগ গ্রহণ করবেন এবং সরকার মূল্যমানকে নিয়ন্ত্রণ করার জন্য প্রয়োজনীয় কার্যকরী ব্যবস্থা গ্রহণ করবেন। এই আবেদন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[11.50—12.00 noon.]

শ্রী সমর মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় সেচমন্ত্রী হাউসে আছেন তিনি যদি একটু শোনেন, মালদা জেলার রতুয়া থানার ফুলহর নদীর পূর্ব পাড় এবং পশ্চিম পাড় যেখানে দেবীপুর এবং কমলপুরে দেড় কিলোমিটার ফুলহরের ভাঙনে ভেঙেছে। ফুলহরের পশ্চিম পাড়—রুহি মারি এবং রামায়ণপুর সেখানে একশো বাড়ি ফুলহরের গর্ভে এবং গঙ্গা নদীর ভাঙনে জঞ্জালীটোলা, খাসমহল, খাকচাতলা এই গ্রামগুলোর প্রায় আড়াইশো বাড়ি এই সাতদিনের মধ্যে ভেঙে গেছে। মাননীয় সেচমন্ত্রীকে আমি আপনার মাধ্যমে বলতে চাই যে, বিধানসভায় কথা উল্লেখ করার মানে কি ? শুধু বলেই খালাস না এর কোনো রেমিডি আছে ? আপনার মাধ্যমে সেচমন্ত্রীকে বলতে চাই যে, মাননীয় সেচমন্ত্রী আপনি ওই এলাকা পরিদর্শন করে দেখুন যে মানুষের দুর্দশাটা কোথায়। মাননীয়া মুখ্যমন্ত্রী এখানে নেই আমি তাঁর সঙ্গে দেখা করার চেষ্টা করেছিলাম, আমি মাননীয় সেচমন্ত্রীকে বারবার বলছি যে, ফুলহরের ভাঙনে দেবীপুর, কমলপুর, ফুলহরের ভাঙনে রুহিমারি, রামায়ণপুর, গঙ্গার ভাঙনে জঞ্জালীটোলা, খাসমহল, খাকচাতলা নিমজ্জিত। অনতিবিলম্বে এর ব্যবস্থা করা হোক। আপনার মাধ্যমে সেচমন্ত্রীকে একটা বিষয়ে ধন্যবাদ জানাই যে, উনিশ কিলোমিটার ভুতনি চরের পরে যেটা ঝাড়খণ্ড বলে গত ৩৪ বছর ধরে বামফ্রন্ট সরকার দেখিয়ে এসেছে, আমি '৮২ সালের বিধায়ক, '৯৬-এর বিধায়ক তারপরে ২০১১ কিন্তু ৩৪ বছর বামফ্রন্ট সেটাকে ঝাড়খণ্ড দেখিয়ে দিল, জল বালু দেখিয়ে দিল। ওখানে ৭৫ হাজার লোকের বাস, ২৮ হাজার ভোটার। মাননীয় সেচমন্ত্রী সেটাকে বাংলার স্বীকৃতি দিলেন তা আমাদের এই আমলে। কিন্তু মাননীয় মন্ত্রীকে আমি যেটা করজোড়ে জানাতে চাই, আজকে ফুলহরের পূর্ব পাড় এবং পশ্চিম পাড় এবং গঙ্গার পশ্চিম পাড়—জঞ্জালীটোলা, খাসমহল, খাকচাতলা, রুহিমারি, রামায়ণপুর, দেবীপুর, সুজাপুরের আজকে ভয়ঙ্কর অবস্থা। এদিকে আড়াইশো গঙ্গায় এবং শ তিনেক বাড়ি ফুলহরে ভেঙে গেছে। মাননীয় সেচমন্ত্রীকে আপনার মাধ্যমে অনতিবিলম্বে এই ভাঙন রোধ করার জন্য অনুরোধ জানাচ্ছি। গঙ্গা, ফুলহরের ভাঙনে মালদা জেলা প্লাবিত হয়ে যাবে। অনতিবিলম্বে

ওখানে ইরোসন বন্ধ করে বালির বাঁধ দিয়ে যাতে জল আটকানো যায় তার জন্য ব্যবস্থা গ্রহণ করা হোক। এই কথা বলে আমি আপনার মাধ্যমে সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে আমার বক্তব্য শেষ করছি।

ডঃ মানস রঞ্জন ভুঞ্যা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য সম্মানীয় শ্রী সমর মুখার্জী-সহ বেশ কিছু সম্মানীয় বিধায়ক নিজ নিজ এলাকার জুন মাসের নিম্নচাপজনিত অতিবর্ষণের ফলে যে সমস্যার সৃষ্টি হয়েছে—নদী বাঁধে ভাঙন, ধস, ফাটল এবং মালদা ও মুর্শিদাবাদ জেলার ভাঙনের দীর্ঘদিনের যে করুণ ইতিহাস তার কথা তুলে ধরেছেন। ইতিমধ্যেই মাননীয়া মুখ্যমন্ত্রীর নির্দেশে আমরা বিভিন্ন জেলাতে পৌঁছে যাওয়ার চেষ্টা করেছি। আপনারা জানেন, মাননীয় সদস্যগণ, হঠাৎ করে দেড় দিনের বর্ষণে ৩২০ মিলিমিটার পর্যন্ত বর্ষা হয়েছে। একেবারে অভাবনীয় পরিস্থিতি। তবুও আমাদের সরকার, মুখ্যমন্ত্রীর নেতৃত্বে এবং নির্দেশে পরিস্থিতি মোকাবিলা করার চেষ্টা চালিয়ে যাচ্ছেন, আপনাদের সহযোগিতায়, মানুষের সহযোগিতায়। মাননীয় সদস্য সমরবাবু যে সমস্যাটার কথা বললেন সেটি অত্যন্ত গুরুতর সমস্যা। ইতিমধ্যেই আমার দপ্তরের বিভাগীয় উচ্চ পদস্থ ইঞ্জিনিয়ার এবং আধিকারিকদের আমরা ওই জায়গাতে পাঠিয়েছি। সরেজমিন তদন্ত হয়েছে। আর একটি বিষয়ে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে এই হাউসে জ্ঞাত করতে চাই যে, গতকাল সকালবেলার দিকে হঠাৎ করে ফারাক্কা ব্যারেজের ১০৯টি গেটের মধ্যে একটি গেট ১৩ নম্বর গেটটি ক্ষতিগ্রস্ত হয়। সেখান দিয়ে হঠাৎ করে জল বেরোতে থাকে। সেই ব্যাপারে আমার দপ্তরের সচিব এবং আমি নিজে ফারাক্কা ব্যারেজের জেনারেল ম্যানেজারের সঙ্গে সরাসরি কথা বলি এবং কেন্দ্রীয় সরকারের বিভাগীয় দপ্তরকে আমরা এই ব্যাপারে জ্ঞাত করি। কাজ শুরু হয়েছে। ভয়ের কোনো কারণ নেই। কিন্তু যে জায়গাগুলিতে ফাটল ধস এবং ভাঙন চলছে, আমরা নিশ্চিতভাবে এই কথা বলতে পারি যে, এই সরকারের পক্ষ থেকে আমার দপ্তরের পক্ষ থেকে আমাদের যা করণীয়, সেটুকু করার জন্য আমরা আপ্রাণ চেষ্টা চালিয়ে যাব। কিন্তু একসঙ্গে দীর্ঘদিনের যে কাজগুলি পড়ে আছে, বিভিন্ন জেলার বিভিন্ন নদীর এমব্যাংকমেন্টে, এই ধাক্কাটা এসেছে আমাদের কাছে। আমরা লক্ষ্য রেখেছি। নজর রেখেছি। একেবারে খোলা মন নিয়ে আমরা কোনোরকম এলাকার রঙ বাছাই না করে মানুষের কষ্টের দিকে তাকিয়ে আমাদের সরকার কাজ করবে। এটা আমরা জানাচ্ছি। আমাদের দপ্তরের পক্ষ থেকে যেটুকু করণীয় সেটুকু আমরা করব। আমাদের মাননীয় বিধায়কদের কাছে বিনীতভাবে আবেদন করছি নিজ নিজ এলাকার যে সমস্যাগুলি আছে, তাঁরা জানাবেন। আমাদের দপ্তরের পক্ষ থেকে সীমিত ক্ষমতার মধ্যে যেটুকু এমারজেন্সির ভিত্তিতে করণীয় আছে, যেগুলি লং টার্মে করণীয়, আমরা আমাদের এখানে পরিকল্পনা দপ্তরের সম্মানীয় মন্ত্রী শ্রী মণীশ গুপ্ত মহাশয় আছেন, অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র আছেন এবং সর্বোপরি মাননীয়া মুখ্যমন্ত্রী আছেন, আমরা সবাই মিলে বাংলার মানুষকে রক্ষা করার চেষ্টা করব। সম্প্রতি বন্যা এবং ভাঙনে ও ধসে মানুষ ক্ষতিগ্রস্ত হয়েছে। যেখানে যেখানে মানুষ ক্ষতিগ্রস্ত হয়েছে, সেখানে ডিজাসটার ম্যানেজমেন্ট দপ্তর, সাধারণ প্রশাসন, আমাদের দপ্তর, পঞ্চায়েতের ত্রিস্তরের মানুষ এবং বিধায়করা তারা নিজ নিজ এলাকাতে নেমে পড়েছে, তাঁরা কাজ করছেন, আমরা নজর রেখেছি। কাজ ফেলে রেখে আমরা বসে থাকব এটা হবে না।

শ্রী অসিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চশিক্ষা দপ্তরের মন্ত্রী শ্রী ব্রাত্য বসু মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। কিছুক্ষণ আগে আমাদের মাননীয় সদস্য শ্রী নেপাল মাহাতো মহাশয় আপনার মাধ্যমে বিদ্যালয় শিক্ষামন্ত্রীর কাছে উচ্চমাধ্যমিকের ভর্তির সমস্যা নিয়ে বলছিলেন এবং ২০% বাড়ানোর কথা মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রী অথবা তাঁর দপ্তর ঘোষণা করার পরেও সেই সমস্যার সমাধান হচ্ছে না। এই কথা আমিও উল্লেখ করছি। একই সঙ্গে আমি মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, কলেজগুলিতে যে কোনো বিভাগে অনার্স অথবা পাশ কোর্সে ভর্তির সমস্যা হচ্ছে। সেখানে একই নিয়ম-নীতি পালন করা হচ্ছে না। আমি জানি এই সরকারকে কোথাও কোথাও অপদস্থ করার উদ্দেশ্যে এখনও কিছু কিছু মানুষ চেষ্টা করে যাচ্ছেন। যাতে করে ছাত্ররা ভর্তি হতে না পারে তার জন্য তাঁরা চেষ্টা করে যাচ্ছেন এবং অভিভাবক ও অভিভাবিকারা ও ছাত্র-ছাত্রীরা যাতে বিক্ষুব্ধ হয় সেই চেষ্টা করে যাচ্ছেন। তাই উচশিক্ষা দপ্তরের দৃষ্টি আকর্ষণ করে বলব যে, দুটি বিষয়ের উপরে নজর রাখুন। (১) সেই কলেজে যে কলেজে ভর্তির কথা বলা হচ্ছে, নির্দিষ্ট অভিযোগ পেলে সেখানে ভর্তি হওয়ার অবকাশ আছে কিনা সেটা আপনার দপ্তর খতিয়ে দেখবেন এবং একই সঙ্গে ভর্তি ফি বিভিন্ন জায়গায় বিভিন্ন রকমের। আমি একটা কলেজের খবর পেয়েছি আমি আরও তদন্ত করছি যে ভূগোল অনার্সে ভর্তি হতে গেলে একটা ছাত্র অথবা ছাত্রীকে ১৩,০০০ টাকা তার প্রথম ভর্তির ফি দিতে হচ্ছে। আমি জানি না এটা বিধিসম্মত কিনা। যদি তা না হয় তাহলে আমি অবিলম্বে মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যাতে প্রত্যেক জায়গাতে একই নিয়ম-নীতি পালন করা হচ্ছে কিনা তিনি দেখবেন এবং সমস্ত ছাত্র-ছাত্রী যাতে ভর্তি হতে পারেন, তার ব্যবস্থা করবেন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

[12.00—12.10 p.m.]

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন এবং আমাদের সদস্যরা সকলেই জানেন যে পেট্রোপণ্যের দাম বৃদ্ধির পর এই রাজ্যের মুখ্যমন্ত্রী সাধারণভাবে মানুষের মধ্য থেকে কোনো দাবি ওঠার আগেই রান্নার গ্যাস থেকে সেস্ প্রত্যাহার করেছেন। অতীতের বিরোধী দলনেত্রী হিসেবে তিনি যে দাবিগুলো করেছিলেন, আজ সরকারে এসে তাঁর সেই নৈতিক দায়িত্ব তিনি পালন করছেন। আমরা এই রাজ্যে দেখেছি দীর্ঘ ৩৪ বছর ধরে যে, সরকার যা বলেন তা করেন না, যা করেন তা বলেন না। অর্থাৎ পলিটিক্স অফ হিপোক্র্যাসির কথাই আমরা এতদিন দেখে এসেছি। কিন্তু একটা নতুন নজির—একটু আগে প্রবোধ সিন্‌হা মহাশয় বলেছেন—একটা নতুন নজির এই পশ্চিমবঙ্গ তৈরি করার পর আজ ভারতবর্ষের বিভিন্ন রাজ্য তাকে অনুকরণ করছে, অর্থাৎ আজকে বাংলার মুখ্যমন্ত্রী যে দিশা দেখিয়ে দিলেন, যে রাস্তা দেখিয়ে দিলেন যে, ইচ্ছা যদি থাকে, তাহলে গরিব মানুষের উপকার করা যায়, গরিব মানুষকে রিলিফ দেওয়া যায়। সেই নজির নতুন করে তৈরি করলেন তিনি। বাংলা আজকে যা পথ দেখালো সারা ভারতবর্ষ সেই পথে হাঁটার চিন্তা-ভাবনা শুরু করেছে। তাই এই হাউস থেকে তাঁকে অভিনন্দিত করা হোক। দরিদ্র মানুষের কথা ভেবে, সাধারণ মধ্যবিত্তের কথা ভেবে তিনি যেভাবে রান্নার গ্যাসের ওপর

থেকে সেস্ তুলে নিয়ে এক একটা সিলিন্ডার পিছু ১৬ টাকা রিলিফ পাবে এক-একজন মানুষ, এই কথা অতীতে যে সরকার ছিল, কখনো ভাবতে পারেনি, আমার রাজ্য সরকার ভেবেছে, আমাদের মুখ্যমন্ত্রী ভেবেছেন। তাই আমি এই গোটা হাউসের পক্ষ থেকে তাঁকে অভিনন্দন জানাচ্ছি।

DISCUSSION AND VOTING ON MOTION FOR VOTE-ON-ACCOUNT

শ্রী সুভাষ নস্কর : মাননীয় অধ্যক্ষ মহোদয়, গত ২৪ তারিখ শুক্রবারের বারবেলায় এই সরকারের প্রথম মাননীয় অর্থমন্ত্রী মহোদয় ডঃ অমিত মিত্র মহাশয়ের প্রথম বিবৃতি আমরা এই সভায় সবাই শ্রবণ করেছি। কিন্তু তারপরে আর আমাদের হাতে সময় ছিল না তাঁর এই বিবৃতি শুধু পাঠ করা ছাড়া যে সমস্ত পুস্তিকাগুলো এখানে লে করা হয়েছে সদস্যদের মধ্যে, সেই বারবেলায় আর সংগ্রহ করার সময়ও ছিল না। আমি সেদিকে যাচ্ছি না। শুধু শুরুতেই একটা অভিনন্দন জানাই যে, ১১ হাজার ১৬৫ কোটি ৬২ লক্ষ ২২ হাজার টাকা ২ মাসের জন্য ভোট-অন-অ্যাকাউন্টস্ যে উপস্থাপনা করেছেন, রবীন্দ্রনাথ ঠাকুরের "হবে হবে প্রভাত হবে, আঁধার যাবে কেটে, তোমার বাণী সোনার ধারা, পড়বে আকাশ ফেটে।" —একটা সুন্দর উদ্ধৃতি দিয়ে। এই জন্য আমি শুরুতেই অভিনন্দন জানাচ্ছি। আমি আরো এক প্রস্থ অভিনন্দন জানাই রাজ্য সরকারকে। আমাদের বামফ্রন্টের পক্ষ থেকেও পূর্বাহ্নেই ধন্যবাদ জানানো হয়েছে। আমাদের এই মুহূর্তে যে কথাটা এই হাউসে ধন্যবাদ জানালেন আমাদের চিফ্ হুইপ মহাশয় যে, একেবারেই একসাথে ৫০ টাকা বেড়ে গেল গ্যাসের ওপর। রাজ্য সরকার শোনা মাত্রই ১৬ টাকা ট্যাক্সটা মকুব করলেন, কম কথা নয় ! আমরা অতীতের অধিক উদাহরণ দিতে চাই না, সভায় হৈচৈ করবেন বলে। ....(গোলমাল).... আমি তো বলছি, উদাহরণ দিচ্ছি না হৈচৈ করবেন বলে, তাহলে করছেন কেন ? ১৬ টাকা মকুব করলেন। এই ১৬ টাকা ৫০ টাকার কত ভাগ ? ৩ ভাগের একটু বেশি। তাহলে অভিনন্দনটা রইল তিন ভাগের একটু বেশি, একেবারে ১০০% অভিনন্দন দেওয়া যাচ্ছে না আপনাদের। বাকি ৩৪ টাকাটা কোথা থেকে আসবে ? গরিবদের জন্য এত যখন সত্যিই আপনারা করেছেন শুরুতেই, তাহলে তার একটা ইঙ্গিত দিন যে তার জন্য গরিব মানুষরা নিষ্কৃতি কোথা থেকে পাবেন ? সেইটার জন্য একটু অভিনন্দনযোগ্য কথা পেলে ভালো হত। আমি মূল বিবৃতির মধ্যে যাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে শুরুতেই বলা হয়েছে ভূতপূর্ব অর্থমন্ত্রীর আর্থিক বিবরণীর সঙ্গে ভোট অন অ্যাকাউন্টস্ ৪৫ পাতা বক্তব্য রেখেছিলেন। দীর্ঘ মহাভারতের সমান এবং সেই কারণে তিনি সাড়ে ৬ পাতার একটা বক্তব্য রেখেছেন, সময় নষ্ট করতে চাননি। রাজনীতি, ভাবতত্ত্ব, সমাজ বিজ্ঞান, ইতিহাস, দর্শন কিছুতেই এখানে রাখতে চাননি, ধন্যবাদ। কিন্তু কোন তত্ত্ব রাখতে চাইলেন না, একটা তত্ত্ব না দিলে কি অর্থতত্ত্ব হয় অর্থ দপ্তরের ? সংখ্যাতত্ত্বটা যদি না দেন তাহলে কি এই বাজেট ভাষণের পূর্ণাঙ্গটা আসে ? সংখ্যাতত্ত্ব ছাড়া কি অর্থ চলে ? সেটাই কি শুরুতে উল্লেখ করতে পারতেন না ? একটা ফিগার বলুন তো কোথায় আছে বিবৃতির মধ্যে ? আমরা কাগজে খুঁজে খুঁজে দেখেছি ১১ হাজার ১৬৫ কোটি ৬২ লক্ষ ২২ হাজার

টাকার এই দু মাসের ভোট অন অ্যাকাউন্ট উত্থাপন করলেন। এতটুকু কার্পণ্যতা দরকার ছিল না এক লাইন লেখার। মাননীয় অধ্যক্ষ মহোদয়, যদি সত্যিই ছোট করতে হত, আমি আমাদের কবিগুরু রবীন্দ্রনাথকে ছোট করে বলছি না, তবে অর্থ দপ্তরের বক্তৃতার মধ্যে এই দুটো উদ্ধৃতি অন্তত না রেখে, অন্য কোনো বিবৃতির মধ্যে এনে দিয়ে, এখানে আর দুটো লাইন যুক্ত করা যেতে পারত। অথবা যদি ছোট করতে চাইতেন তাহলে আরও কয়েকটি কথা বাদ দিলে সাড়ে ৬ পাতার জায়গায় সাড়ে ৫ পাতায় আসত। কি কি সেই কথাগুলো। দেখুন কিছুই লিখবেন না, কিছুই বলবেন না, একেবারে বললেন যে "এই সভার মাননীয় সদস্যবৃন্দ হয়তো বা কিছুটা হতাশ করছি", —কেন হতাশ করছেন কেন ? নতুন সদস্যের সংখ্যা বেশি, আবার এখানে লিখছেন পরের লাইনে "প্রাথমিক স্তরের বিপুল অভিজ্ঞতা ও জ্ঞানের উপরে অধিকতর নির্ভর করতে চাই"। একটু পরস্পর বৈপরীত্য হচ্ছে না কি ? প্রাথমিক স্তরে বিপুল অভিজ্ঞতা আসে কি করে ? দীর্ঘ স্তরে বিপুল অভিজ্ঞতা আসে। তা শুরুতেই বিপুল অভিজ্ঞতা ! এই যে পরস্পর বৈপরীত্য দুটো শব্দ ব্যবহার করা এটা বাদ দিলে তো আরও কয়েকটা শব্দ বাদ যেতে পারত, এই যে বড় পাতার থেকে ছোট করতে চাইছেন। দ্বিতীয়ত, ছোট করতে পারতেন, এই যে বারেবারে—আপনার সরকারের নাম "মা-মাটি-মানুষ" হয়তো কেউ স্বীকার করছেন, কেউ করছেন না। আমি সেই জন্যই শুরুতেই বলেছিলাম, একটা নির্দিষ্ট নামকরণ করলে ভালো হয়। যেমন উদাহরণ দিয়েছিলাম আমরা বামফ্রন্ট —(হইচই)— মা মাটি মানুষই হোক। কিন্তু প্রতিটা ছন্দে সেই কথাগুলো ঢুকিয়ে কয়েকটা লাইন বাড়ানো, এই কয়টা লাইন না বললেই তো আরও একটু ছোট করা যেত, বাজেট বিবৃতি সাড়ে ৬ পাতায় যেতে পারত না, দরকারও হত না। আমি আর একটা কথা উল্লেখ না করে পারছি না যে, বার্ষিক আর্থিক বিবরণীতে রাজস্ব সংগ্রহের ক্ষেত্রে গভীরভাবে অবাস্তব এবং অভূতপূর্ব অতিরঞ্জিত খুব সুন্দর সুন্দর একেবারে ভাবগম্ভীরভাবে এই অতি অভূতপূর্ব শব্দগুলো এখানে রাখা হয়েছে।

[12.10—12.20 p.m.]

কিন্তু একটু বুঝতে সাহায্য করবেন না আপনারা ? মাননীয় অর্থমন্ত্রী মহোদয়ের জ্ঞান সম্পর্কে আমি নিঃসন্দেহে অনেক শুনেছি এবং আমার জানা আছে। পরিচয়টা অতীতে ছিল না। সে সম্পর্কে কোনো প্রশ্ন নেই, অর্থনীতি সম্পর্কে। কিন্তু যাঁরা বা যিনি এইভাবে শব্দবন্ধগুলি সাজিয়ে লেখনীর মধ্যে আনলেন, সেখানে কি কয়েকটা কথা লেখা যেত না ? কি কি কারণে বিগত বার্ষিক বিবরণীর সঙ্গে আপনার এই ঘাটতিটা হচ্ছে ? অবাস্তব বলছেন, অতিরঞ্জিত বলছেন। এক, দুই, তিন করে কি দুটি-তিনটি কলমের মধ্যে রাখা যেত না ? তাহলে কি এত বড় বিবৃতি হয়ে যেত ? একটুও বলতে পারলেন না। তার মানে কি ? সবটা বলতে পারছেন না কেন, 'ডাল মে কুছ কালা হ্যায়, ডাল মে কুছ কালা হ্যায়'। বলতে পারছেন না। আমি আমার ভাষণ অতিরঞ্জিত করব না। আমি শুধু এই জন্য একটা দাবি করব মাননীয় অর্থমন্ত্রী মহোদয়, এই হাউসে মাননীয়া মুখ্যমন্ত্রী মহাশয়া তিনিও জানিয়েছেন যে, আমাদের বিরোধী পক্ষ সদস্যদের সাহায্য নেবেন, কথা বলার সুযোগ দেবেন, পরামর্শ নেবেন। আপনারা অনেক সময় বলে থাকেন যে, দলতন্ত্র নয় গণতন্ত্র।

সবকিছুই বলেছেন। কিন্তু আমাদের বিগত অর্থমন্ত্রী তাঁর সঙ্গে কি যৌথভাবে অর্থমন্ত্রী মহাশয় একসাথে একটু বৈঠক করে নিতে পারছেন না যে এই রাজ্য কত কোটি টাকা ঋণের দায়ে জর্জরিত। আমাদের বিগত সরকার রেখে গেলেন, না আপনারা শুধু জর্জরিত জর্জরিত বলে সাধারণ মানুষকে একটু দূরে থাকো—একটু দূরে থাকো, সময় লাগবে—সময় লাগবে—সময় লাগবে এটাই বোঝাতে চাইছেন। একটু ব্যাখ্যা রাখলে তো ভালো হত। আপনি তো আগে এই হাউসের সভ্য ছিলেন।

(গোলমাল)

মিঃ স্পীকার : বলতে দিন। বলতে দিন।

শ্রী সুভাষ নস্কর : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি এই কারণে অনুরোধ করলাম যদি সম্ভব হয়, আমাদের বর্তমান অর্থমন্ত্রী বিগত অর্থমন্ত্রী আপনারা পৃথকভাবে এই রাজ্যের আর্থিক চেহারা কি একটু বলুন, আমাদের সভায় আলোকিত করুন। জনসাধারণ উপকৃত হোক, তারা জানতে পারুক। আমরা আলোকিত হই যে, কতটা কি আছে। আমাদের সাহায্যের হস্তটা যে কত দূর, সেটা আমরা নিঃসন্দেহে সেখানে রাখব, আমাদের দিক থেকে সেটা আমরা আগেই বলে দিয়েছি। মাননীয় অর্থমন্ত্রী মহোদয়, একটা খুব সুন্দর সাধু প্রস্তাব। ১৪ দফা রেখেছেন। পরবর্তীকালে আরও কয়েকটা দফার কথা যুক্ত করার কথা বলেছেন। ওই যে যেমন করে তিন পাতার বক্তব্যের মধ্যে দারিদ্র্যসীমার নীচে বসবাসকারী পরিবারের চালের সরবরাহের কথা বলেছেন, তারপরে গ্রামীণ রাষ্ট্রীয় স্বাস্থ্য প্রকল্প তার জন্যে বর্ধিত অর্থের কথা বলেছেন। বলেছেন নগর উন্নয়নের জন্য বর্ধিত অর্থ, পানীয় জলের জন্য বলেছেন, সর্বশিক্ষার জন্য বলেছেন, মিড-ডে মিলের জন্য বলেছেন, মাধ্যমিক শিক্ষার ক্ষেত্রে বলছেন, মহিলা-শিশু আর ইস্ট-ওয়েস্ট মেট্রো করিডোরের আর্থিক বরাদ্দের কথা বলছেন। বর্ধিত আর্থিক বরাদ্দের কথা। তারপরে আরও বলেছেন, খুব ভালো। এটা ধন্যবাদ ও অভিনন্দনযোগ্য। দুই মাসের বাজেট তো, খুব বেশি আপনিও বলতে পারবেন না আর আমাদেরও বেশি বলার স্কোপও নেই। পরবর্তীকালে যদি আপনারা মনে করেন পূর্ণাঙ্গ বাজেট পেশ করে সভাকে আলোকিত করবেন, তাহলে খুশি হব। জানি না আপনাদের মর্জি কখন, কোথায় কি দাঁড়ায়। পরবর্তীকালে আপনারা ঠিক করে বলবেন, তখনই আলোচনায় অংশ গ্রহণ করব। কিন্তু একটি কথা বলি, এই যে ১৪ দফার কথা বললেন, একেবারে কি ১৪ দফার নীচে পশ্চিমাঞ্চল জুড়লেন, পার্বত্য এলাকা জুড়লেন, উত্তরবঙ্গ জুড়লেন, সুন্দরবন জুড়লেন সবটা বললেন। আর সব শেষে বলে দিলেন পরের প্যারাতে কেন্দ্রীয় সরকারের দেওয়া অনুদান বৃদ্ধির লক্ষ্যে আমরা রাজ্যের আর্থিক অনুমতি বরাদ্দ ২ হাজার ২০০ কোটি টাকা বেশি বরাদ্দ করেছি, এটুকু বললেন। মাননীয় অর্থমন্ত্রী মহোদয়, আপনি এবং স্যার আপনার মাধ্যমে বলছি, মাননীয়া মুখ্যমন্ত্রী কিছুদিন আগে এই রাজ্যের আর্থিক অবস্থার নিরিখে কেন্দ্রীয় সরকারের কাছে গিয়েছিলেন আলোচনা করতে। অভিনন্দনযোগ্য। আমরা আমাদের রাজ্যবাসীর পক্ষ থেকে এটুকু বলব। এই রাজ্য যতটা অর্থ সাহায্য পায়, অনুদান পায়, সেটাই আমাদের রাজ্যের ক্ষেত্রে উন্নয়নের পক্ষে একটা সুদৃঢ় হস্তক্ষেপ, পদক্ষেপ, একটা সোপানও বটে। কিন্তু একবারও আপনার এই ছোট্ট বক্তৃতার মধ্য দিয়ে একটু আলোকিত

করলেন না যে, কেন্দ্রীয় সরকারের কাছে কি আর্থিক সহায়তা পাচ্ছেন ? সেটা কি ঋণ ? নাকি দীর্ঘমেয়াদী ঋণ ? অনুদান ? অন্য কিছু ? একবারও কি একটা লাইনের মধ্য দিয়ে সেটা বলতে পারলেন না ? অন্তত এই হাউস আলোকিত হতে পারত। আলোচনায় আমরা জানতে পারতাম। কত শতাংশ ? এইটুকুর মধ্যে ১৪ দফা কেন আরো কয়েকটা দফা বলেছেন। কত শতাংশ এই এক একটা দপ্তরের যে বাজেট বরাদ্দটা বৃদ্ধি করেছেন তাতে কেন্দ্রীয় বরাদ্দের বৃদ্ধিটা কত থাকবে ? রাজ্য কত দেবেন ? কেন্দ্রীয় যেটা বৃদ্ধি পাবে সেটা ঋণ কি না ? অনুদান কি না ? অথবা সামগ্রিকভাবে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে কি পেলেন এত শর্টটাইম আলোচনার মধ্যে তার এতটুকু এখানে নির্দেশিত হল না ? এটুকু থাকলে হত। বই, আগে বলেছি বই। (গোলমাল) বই-এর মধ্যে সংখ্যা আছে। এতে নেই। দ্বিতীয় কথা হল, খুব শব্দ, আমরা বামপন্থীরা আমাদের মুখে শোনায় ভালো আপনাদের মুখে মানায় না। তবু বলছি, ভালো কথা। বাংলায়—সারা বাংলায় কৃষি বিপ্লব ঘটাবো, কৃষি বিপ্লব ঘটাবো। এত বড় বিষয়, বড় বিষয়। ছোটখাটো ব্যাপার নয়। আর এটা যদি চলতে থাকে তাহলে একটা সাংঘাতিক দিগন্ত খুলবে। এই এককথায় শেষ করেদিলেন ? শুধু বাংলায় কৃষি বিপ্লব ঘটাবো বলে, (গোলমাল) কাগজে এককথায় লিখে শেষ করলেন ? কি কি কাজে আপনারা আত্মনিয়োগ করলে, আর্থিক পরিকাঠামো কীভাবে বৃদ্ধি পেলে বা করবেন আগামীদিনে, তার একটা হিন্টস, তার একটা পূর্বলক্ষণ—শুধু বললেন যে, গ্রামীণ রাস্তার পরিকাঠামো উন্নয়ন করলে, সবুজ বিপ্লব হয়ে যাবে ? এইটুকু কি তাই ? আর কিচ্ছু করতে হবে না ? সেই জায়গাটার একটু ইঙ্গিতটা কোথায় রইল ? এটুকু অন্তত আশা করতে পারতাম। মাননীয় অধ্যক্ষ মহোদয়, এইরকম কিছু বিষয় পড়তে ভালো লাগে, শুনতে ভালো লাগে, তার উপরে ধন্যবাদ দিতে ভালো লাগে। কিন্তু বাস্তবের জায়গাটা যখন আমরা ধীরে ধীরে নেমে আসব, তখন কি জায়গায় দাঁড়াবে বুঝতে পারছি না। আমি সেই জায়গাটায় আরো পরে যাব। এই হাউসে আমিও পাঁচ বছর থাকব, সরকারও পাঁচ বছর থাকবেন—সেটা দূরে। কিন্তু একটা কথা আপনারা ভালো বলেছেন, ভালো কথা বলেছেন, অন্তত বিবৃতির মধ্যে বলেছেন, এই রাজ্যে ৮৫ লক্ষ কর্মহীন মানুষ। আমরা একসঙ্গে এক কোটি বলি, আপনারা এই আর একটা শব্দ ব্যবহার করেছেন, সুন্দর, 'সদ্য বেকার'। গ্রামীণ সদ্য বেকার। তাদেরকে যুক্ত করে বলেছেন এক কোটি। সংখ্যায় বোধহয় আপনাদের সঙ্গে আমাদের খুব একটা তফাৎ হচ্ছে না, উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। কিন্তু এই এক কোটির বেশি কর্মহীন মানুষের জন্যে কি—লজ্জার কথা বলেছেন, ভালো তো, ভালো। লজ্জা তো সারা পশ্চিমবঙ্গবাসীর লজ্জা। শুধু আমার দিকে বলছেন, লজ্জা কেন ? (গোলমাল) আরে এটা ওনার মুখ থেকে বলেছেন, রাজ্যবাসীর লজ্জা, রাজ্যবাসীর লজ্জা—আপনিও রাজ্যবাসী। (গোলমাল) শুধু একটা প্রসঙ্গ উল্লেখ রাখা উচিত, (গোলমাল)

মিঃ স্পীকার : প্লিজ ওনাকে বলতে দিন। মাননীয় সদস্য আপনারা বসুন, ওনাকে বলতে দিন।

শ্রী সুভাষ নস্কর : সরকার যা প্রতিশ্রুতি দিচ্ছেন, আর নির্বাচনী প্রতিশ্রুতিটাকে সামনে রেখে যেমন, অবিলম্বে হাইকোর্টের মামলাটা নিষ্পত্তি হবে কি হবে না, মানুষের দরবারে গিয়ে বার্তাটা পৌঁছে দিচ্ছেন সিঙ্গুরে, জমিটা তাড়াতাড়ি হাতে পাক, আমরা এখানে

সমর্থন জানিয়েছি, (গোলমাল) কিন্তু দ্রুততার সঙ্গে যে কাজটা চালিয়ে যাচ্ছেন, সেই পদক্ষেপ কোথায়—কর্মহীন যুবকদের জন্যে ? প্রতিশ্রুতি ছিল দু-বছরে দু-লক্ষ। দু-বছরে দশ লক্ষ। দু-বছরে দশ লক্ষ হলে, দু-বছরটাকে মাস দিয়ে ভাগ করুন, একটা সরকারের এক মাসের ভাগে কত পড়ে ? আর দু বছরের শুরু, এই এক মাস, এই এক মাসে যদি, প্রথম দু মাসের বাজেট প্রতিবেদনে (গোলমাল) বক্তৃতার মধ্যে বিন্দুমাত্র উল্লেখ না থাকে—তাহলে এটা কিসের লক্ষণ বোঝায় ? (গোলমাল) আমি ওই পুরনো কথা বলতে চাই না। তা সেটা পরে বলব, অন্য সময়, অর্থ দপ্তরের বাজেটের উপর বলব, এখন বলতে পারছি না, সময়টা কম, আমি এই জন্য আশাটা করেছিলাম, আরে ভাই শুনতে খারাপ লাগলে রেকর্ডটা হচ্ছে, পরে পড়ে নেবেন। এই কারণে আমি বলতে চেয়েছিলাম। এই কারণে আমি বলতে চেয়েছিলাম, আমরা আপনাকে তো অভিনন্দন জানিয়ে বলছি, একটা ইঙ্গিত দেবেন না ? আমার শেষ কথা হচ্ছে, আপনারা এই দুই মাসের যে বাজেটটা পেশ করেছেন এবং এর মধ্যে দিয়ে খুব বেশি প্রতিফলন ঘটানো যাচ্ছে না। শুধু মাননীয় অধ্যক্ষ মহোদয়, অনুরোধ করব যে, যা যা বলছেন, যা যা করছেন, এই প্রতিফলনটা যেন ঘটে। শুধু যেন বক্তব্যের মধ্যে দিয়ে নয়, তার প্রতিফলনটা ঘটান, আমরা আপনাদের পাশে আছি। দ্রব্যমূল্য বৃদ্ধি এটা বক্তৃতা ছাপানোর আগে একটা হিন্টস আমরা রাজ্যবাসীরা পেয়েছিলাম, এটা রাজ্যের ব্যাপার নয়, সারা দেশের ব্যাপার, সারা ভারতবর্ষের ব্যাপার। আমাদের রাজ্যের পক্ষ থেকে আমরা কতটা উদ্বিগ্ন, একটা শব্দ, শব্দগুচ্ছ নয়, একটা শব্দ, এই বিবরণীর মধ্যে সংযুক্ত হল না। শুধু এটাই দুঃখ রেখে আপনাকে স্যার, আমাকে বক্তব্য বলার জন্য সুযোগ দেওয়ায়, আজকে বেশি গোলমাল ওঁরা করেননি, এর জন্য পুনরায় ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[12.20—12.30 p.m.]

ডঃ আশীষ ব্যানার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র ২০১১-১২ আর্থিক বছরে, বার্ষিক আর্থিক বিবরণী এবং সেপ্টেম্বর ২০১১ শেষ পর্যন্ত, আরো ২ মাসের যে ভোট অন অ্যাকাউন্ট উপস্থাপনা করেছেন তাকে আমি পূর্ণ সমর্থন করছি। মাননীয় অর্থমন্ত্রী তাঁর বক্তব্যের প্রারম্ভে রবীন্দ্রনাথের গীতাঞ্জলি যাতে সুভাষবাবুর খুব রাগ হচ্ছে, গীতাঞ্জলির ১৩১৭ সালে ১৮ই জ্যৈষ্ঠ, তিনধরিয়ায় লিখিত ৭১ সংখ্যক গানটির উল্লেখ করেছেন, বামফ্রন্ট সরকারের বিপর্যস্ত আর্থিক অবস্থা থেকে মুক্ত করে আশার বাণী শুনিয়েছেন, ''হবে হবে, প্রভাত হবে, আঁধার যাবে কেটে।'' এই আত্মপ্রত্যয় কবিগুরুর ভাষায় প্রতিধ্বনিত করেছে। কিন্তু ওই গানেরই শেষাংশে বিরোধীদের মনে সংশয়, সেই আনন্দের দিনে যেদিন মুক্ত হয়ে যাবে বিপর্যস্ত অবস্থা, সেই আনন্দের দিনে সুভাষবাবুরা আনন্দ নিতে পারবেন কিনা মাননীয় ডেপুটি স্পীকার ম্যাডাম আমার সংশয় জাগছে। কারণ সেই গানের শেষাংশে আছে, ''তখন আমার পাখির বাসায় জাগবে কি গান, তোমার ভাষায়, তোমার তানে ফোটাবে ফুল আমার বনলতা।'' তাই বলছি, এই সুভাষবাবুর বক্তব্য শুনে ম্যাডাম আমার মনে হচ্ছিল যে, সুভাষবাবু গরুর রচনা পড়ে এসেছেন, এসে গেছে

শ্মশান। শ্মশান এসে গেছে, গরুর রচনা পড়ে গেছেন। স্বাভাবিকভাবে তার বক্তব্যের ধার ভার সমস্ত নষ্ট হয়ে শুধু লাইন খুঁজছেন। আপনাকে একটা কথা বলি, যদি একটা ইলেকট্রনিক্স বিষয়ে আপনি বক্তব্য রাখতে চান তাহলে সেই বিষয়ে জ্ঞান ও পরিধি আমাদের থাকা উচিত। মাননীয় অর্থমন্ত্রী তাঁর মূল বক্তব্যটা সঠিকভাবে জানিয়েছেন যে, ২০১০-১১ আর্থিক বছরে রাজস্ব সংগ্রহের তুলনায় রাজ্যের নিজস্ব আর্থিক বৃদ্ধির হার মাত্র এক বছরের মধ্যে অবিশ্বাস্যভাবে ৩৯ শতাংশ অনুমান করা হয়। তিনি সঠিকভাবেই মন্তব্য করেছেন। এই ধরনের বৃদ্ধি অসম্ভব এবং বাস্তবের সঙ্গে সঙ্গতিহীন। মাননীয় ডেপুটি স্পীকার ম্যাডাম, প্রাক্তন অর্থমন্ত্রী কীভাবে হিসাব করেছেন দেখুন। যেমন কয়লার রয়্যালটির মীমাংসা হয়নি। আপনারা জানেন যে, দ্যাট ইজ আন্ডার সাব-জুডিস। অথচ তিনি দুই হাজার কোটি টাকা রাজস্ব আদায় দেখিয়ে দিয়েছেন। আবগারি শুল্ক আদায় হয়নি। বকেয়া আছে। হিসাবে বকেয়াটা ঢুকিয়ে দিলেন। প্রাক্তন অর্থমন্ত্রীর কল্পনায় বলা যায় বা বলা যায় রোমান্টিকতার রাজ্যে বিচরণ করে, তিনি রাজস্ব আদায় বাড়িয়ে দিলেন যা বাজেটের সঙ্গে সঙ্গতিহীন। শুধু তাই নয়, এই রাজস্ব আদায় বেশি দেখিয়ে, যেটা বারবার আপনারা বলতেন কেন্দ্রের বঞ্চনা, সেই কেন্দ্রের কাছ থেকে বেশি টাকা আদায় করেছিলেন। ভ্যাটে আদায় হল কত— ৬০%। ৬০% ভ্যাটে আদায় করেছেন। ৪০% আদায় হল না। কিন্তু হিসেব যখন ধরলেন প্রাক্তন অর্থমন্ত্রী, তখন এই ৪০% টা ধরে দিলেন। ডিমান্ড রিয়ালাইজড—ডিমান্ড রিয়ালাইজড হল না, অথচ আদায় হিসেবে সেখা দেখাচ্ছেন। ম্যাডাম, আর্থিক হিসেবের ক্ষেত্রে এটা পেতাম বললে হবে না, যেটা পেয়েছি তার উপর হিসাব হয়নি। এইভাবে তিনি আদায় বৃদ্ধি দেখিয়েছেন। অর্থমন্ত্রী সঠিকভাবে আমাদের বলেছেন যে, এটা বাস্তবের সঙ্গে সঙ্গতিহীন। তার আগে বর্তমান অর্থমন্ত্রী সঠিকভাবেই বলেছেন যে, এই বৃদ্ধি অসম্ভব। ম্যাডাম, ১০০ টাকা যদি রাজ্যের আয় ধরা হয়, উৎপাদন থেকে আয় যা অভ্যন্তরীণ উৎপাদন তার মধ্যে ৪ টাকা মাত্র আদায় করেছেন, ওনলি ফোর পার্সেন্ট। এটাকে বলা হয় রাজ্যের নিজ কর প্রচেষ্টা, ওন ট্যাক্স অ্যাফার্ট। এইটা থেকেই বোঝা যায় যে রাজ্য কতটা অংশ নিজ আয় বৃদ্ধি করতে পারছে। ম্যাডাম, দেশের অর্থাৎ সমস্ত রাজ্য মিলিয়ে গড় আয় বৃদ্ধি হচ্ছে ১২%। সে ক্ষেত্রে আমাদের রাজ্যের প্রাক্তন অর্থমন্ত্রী তথা বিগত সরকারের কৃতিত্ব হচ্ছে ৪%। ১০০ টাকায় ৪ টাকা। ম্যাডাম, প্রাক্তন অর্থমন্ত্রী প্রায়ই অন্য রাজ্যের সঙ্গে তুলনা করতেন। আমরা এখানে বসে বসে ১০ বছর ধরে শুনেছি। ঠিকই তো বলছেন ডঃ মিত্র যে, বাস্তবের সঙ্গে সঙ্গতিহীন। উড়িষ্যার মতো ছোট রাজ্য তারাও ৭% আদায় করেছে। মহারাষ্ট্র, কর্ণাটক, তামিলনাড়ু ৯-১০%। এমনকি ম্যাডাম পিছিয়ে পড়া রাজ্য বলা হয় বিহারকে, তারাও বলছে আমরা পশ্চিমবঙ্গের থেকে এগিয়ে। তারাও আদায় করেছে ৫%। আমার পশ্চিমবঙ্গ সবার নীচে, সবার পিছে। তাহলে ৩৯% আয় বৃদ্ধির বিষয়টা যে ফাঁপা এবং প্রতিবেদনও ফাঁপাই এই বিষয়ে তো কোনো সংশয় নেই ম্যাডাম। ম্যাডাম আয় বৃদ্ধি তাহলে কি কি হত ? যদি আয় বৃদ্ধি হত তাহলে কি কি হত ? (১) কর বাড়ত, (২) কর্মসংস্থান বাড়ত। আয় বাড়লে শিল্প, কৃষি প্রভৃতিতে উন্নয়ন দেখা দিত। ম্যাডাম, রাজ্যে অভ্যন্তরীণ উৎপাদন বাড়েনি। অথচ আমাদের প্রাক্তন অর্থমন্ত্রী দেশের গড় আয় তুলে ধরতেন এবং

দেখাতেন যে গড়ের চেয়ে রাজ্যের আয় বেশি। অভ্যন্তরীণ উৎপাদন ৬-৭% বাড়লেও উনি দেখালেন আয় বেড়েছে ৯%। ফুলিয়ে-ফাঁপিয়ে একশেষ। ম্যাডাম, কেন্দ্রীয় সংস্থা সেন্ট্রাল স্ট্যাটিস্টিক্যাল অর্গানাইজেশান, সি এস ও, তাদের হিসেবে ৬-৭%-এর কথা বলেছেন এবং জানেন যে তারা পশ্চিমবঙ্গকে মাঝারি আয়ের রাজ্য, মিড ইনকাম স্টেট বলে উল্লেখ করেছেন। কিন্তু প্রাক্তন অর্থমন্ত্রী অসত্যের খোরাক ছুটিয়েই চলেছেন। ভদ্রলোকের এক কথা, ৯-১০% বলেই যেতেন। ম্যাডাম, স্টেট ডোমেস্টিক প্রোডাক্ট অর্থাৎ রাজ্যের অভ্যন্তরীণ উৎপাদন বাড়লে আয় বাড়ত, কর আদায় বাড়ত। তাই আমাদের অর্থমন্ত্রী ডঃ মিত্র ঠিকই বলেছেন যে, হিসাবে গন্ডগোল হয়েছে। রাজ্যবাসীর উৎপাদনের সঙ্গে আয়টা যুক্ত। কৃষি, শিল্প, ব্যবসা-বাণিজ্য ইত্যাদি। রাজ্যের আয় অর্থাৎ কর রাজ্যবাসীর আয়ের সঙ্গে যুক্ত। রাজ্যবাসীর আয় বাড়লে কর আদায় বাড়ত। রাজ্যের আয় বাড়লে পরিকাঠামো বাড়ত। আজ আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রীকে হাসপাতালে হাসপাতালে ছুটতে হচ্ছে, বিভিন্ন সংস্থায় যেতে হচ্ছে। কারণ শিক্ষা, স্বাস্থ্য সমস্ত কিছুতেই পরিকাঠামো বিনষ্ট হয়ে গেছে। পরিকাঠামো নেই। পরিকাঠামো তৈরি করতে পারেননি। ম্যাডাম, আসলে তাঁরা ভাবতে পারেননি—ওঁরা যাঁরা বসে আছেন—তাঁরা ভাবতে পারেননি যে পরিবর্তন হবে। তাই প্রাক্তন অর্থমন্ত্রী বলতেন, আর ওঁরা হাততালি দিতেন। এছাড়া ওঁদের কোনো দ্বিতীয় কাজ ছিল না। আর রাজ্যের প্রাক্তন অর্থমন্ত্রী হিসাবটা করতেন 'Bureau of Applied Economics and Statistics' ওঁদের মত অনুসারে। এই হিসাবটা মাননীয় অর্থমন্ত্রী করে দিতেন, আর ওঁরা বলতেন। এই বিষয়গুলো এখন ধরা পড়ছে। আর ধরা পড়ছে বলেই আলিমুদ্দিনে কেউ কেউ চার হাত তুলে ত্রাহি ত্রাহি রব ছোটাচ্ছে। ম্যাডাম, রাজ্যের যদি ৩৯% কর আদায় বাড়ে, তাহলে রাজ্যের দু-লক্ষ কোটি টাকার উপরে দেনা বাড়ল কেন ? কর আদায়ও বাড়ছে, আর দেনাও বাড়ছে। তাহলে বিজ্ঞানটা ফেল ! উপরকা গাড়ি চলতা হ্যায় দিল্লি, আর নীচেকা গাড়ি চলতা হ্যায় কলকাত্তা—একই সঙ্গে এটা হয় নাকি। বেকার সমস্যার বিষয়ে কোনো কথা বলতেন না। তাই সঠিকভাবেই আমাদের অর্থমন্ত্রী বলেছেন, প্রাক্তন অর্থমন্ত্রী যেটা বলতেন সেটা ফাঁপানো, ফোলানো, অসত্য, মিথ্যাচারে ভরা। ১৯৬৫ সালে গোটা দেশে শিল্প উৎপাদন—যেটাকে বলা হয় শিল্পের ভ্যালু অ্যাডেড—পশ্চিমবঙ্গে তার পরিমাণ ছিল ৩৬%। এর পরে আপনারা বন্‌ধ, হরতাল-সহ নানা অরাজকতা শুরু করলেন। তার ফলে ১৯৭৭-৭৮ সালে এটা নেমে এল ১৮%। ২০০৭-২০০৮ সালে এটা গোটা দেশের শিল্প উৎপাদনের মাত্র চার শতাংশ। অবনতি নয় এটা ? পশ্চিমবঙ্গের তদানীন্তন অর্থমন্ত্রী Empowered Committee of Finance Minister of States-এর চেয়ারম্যান ছিলেন। উনি সারা দেশের সমস্যা দেখেছেন, কিন্তু রাজ্যের একটুও উন্নতি করতে পারেননি। উনি সারা দেশের সমস্যা নিয়ে বিব্রত ছিলেন, কিন্তু রাজ্যের বিষয়টা দেখতে পেলেন না। আবার আমি বলি—

"দেখিতে গিয়াছি পর্বতমালা, দেখিতে গিয়াছি সিন্ধু,
দেখা হয় নাই চক্ষু মেলিয়া, ঘর হতে শুধু দুই পা ফেলিয়া,
একটি ধানের শিসের উপর, একটি শিশির বিন্দু।"

জানি এসব শুনে রাগ হচ্ছে সুভাষবাবুর। একদিকে বিপুল যোজনা বহির্ভূত ব্যয়, আর অন্যদিকে কম হারে কর রাজস্ব আদায়ের জন্য রাজ্যটাকে আপনারা ধীরে ধীরে দেউলিয়া করে দিয়েছেন। অস্বীকার করতে পারবেন এটা ? ২০১০-২০১১ আর্থিক বছরের শেষে কর রাজস্ব আদায় ছিল ৩৫,২১৪ কোটি টাকা। সেখানে উত্তরপ্রদেশ আদায় করেছিল ৪২,৩০৬ কোটি টাকা, আর মহারাষ্ট্র আদায় করেছিল ৬৩,৮০৮ কোটি টাকা। এই দুটো রাজ্যের কথা আমি বললাম, কারণ আমি গত দশ বছর ধরে এই দুটো রাজ্যের সঙ্গেই প্রাক্তন অর্থমন্ত্রীকে তুলনা করতে দেখেছি। আমাদের বর্তমান অর্থমন্ত্রী শিল্প সম্পর্কে যে বিবৃতি দিয়েছেন তাতে রাজ্যের বাস্তব চিত্রই পরিস্ফুট হয়েছে এবং সঠিকভাবেই তিনি বলেছেন এত কল-কারখানা বন্ধ। এটাকে জাতীয় কলঙ্ক বলে উল্লেখ করে তিনি সঠিক চিত্রই সারা দেশবাসীর কাছে তুলে ধরেছেন। একদিকে ভয়াবহ বেকারত্ব বৃদ্ধি, অন্যদিকে কৃষি ও শিল্পোন্নয়নে শোচনীয় ব্যর্থতা, রাজ্যের আর্থ-সামাজিক অবস্থাকে শোচনীয় করে তুলেছে। ৫৬ হাজারেরও বেশি কল-কারখানা যেমন বন্ধ হয়ে রয়েছে, পাশাপাশি বারো হাজার মাঝারি ও বড় কারখানায় তালা ঝুলছে। ফলে নতুন করে বেকার হল প্রায় ৬০ লক্ষ মানুষ। পি এফ-এর টাকা না পেয়ে অনেকে আত্মহত্যা করেছেন। এটা আপনারা অস্বীকার করবেন ? আর এই পি এফ-এর টাকা আত্মসাৎ করার পরিমাণ প্রায় পাঁচ হাজার কোটি টাকা ছাড়িয়ে গেছে। অথচ আপনাদের দোর্দণ্ডপ্রতাপ সিটু তারা নাকি এই ব্যাপারে সদাজাগ্রত। তারা সদাজাগ্রত এই জন্য যে, তোমরা মেরে খাও, আমরা আছি। রাজ্যের কৃষিতে একর প্রতি গড় লাভ বা উদ্‌বৃত্তের পরিমাণ কত ? মাত্র ৪১৫ টাকা। এটা আমার নয়, বলবেন কোথা থেকে পেলেন, বলছে ন্যাশনাল এগ্রিকালচারাল অথরিটির সমীক্ষা। এই কারণে রাজ্যে ৫৫ শতাংশ কৃষকই ঋণগ্রস্ত যার বার্ষিক মাথাপিছু গড় পরিমাণ ৫২৩৭ টাকা। এই কারণে গত ১০ বছরে পশ্চিমবঙ্গে গ্রামের ক্ষুদ্র ও প্রান্তিক চাষীর সংখ্যা কমেছে সাড়ে সাত লক্ষ। অন্যদিকে ক্ষেতমজুরের সংখ্যা দাঁড়িয়েছে ২৪ লক্ষ। অপর্যাপ্ত সেচ ব্যবস্থা, গ্রামীণ সড়ক, বিদ্যুতের অপর্যাপ্ততা এবং সর্বোপরি কৃষি বিপণন কেন্দ্রের স্বল্প সংখ্যা কৃষককে নিদারুণ হতাশার দিকে ঠেলে দিয়েছে। আপনারা জেনে রাখুন, রাজ্যের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী রাজ্যপালের ভাষণের বিতর্কের দিনে বলেছিলেন, ''আমরা সবাই রাজা, আমাদের এই রাজার রাজত্বে''। এত হতাশার মধ্যে রাজ্যকে ফেলে দিয়ে গেলেও এই বামফ্রন্ট জেনে রাখুন, ''মোরা মরব না কেউ বিফলতার বিষম আবর্তে / নইলে মোদের রাজার সনে মিলব কি শর্তে।'' আপনারা জেনে রাখুন, একবার বর্ধিত বিষয়গুলি দেখুন, খুব গায়ে লাগছিল দুই মাসও সরকার হয়নি। অথচ এই যে দারিদ্রসীমার নীচে বসবাসকারী পরিবারগুলির চাল সরবরাহ অনুদানের বরাদ্দ বৃদ্ধি অন্যায় করেছে, ...(নয়েজ).... কিসের ব্যাখ্যা, কী ব্যাখ্যা চাইছেন যে, বর্ধিত হয়ে যাওয়ার ব্যাখ্যা কী। আপনি বলছেন বই পাননি, আপনার বই সংগ্রহ করার কোনো আগ্রহই ছিল না। এই বইগুলি এ বছরের পেয়েছি, কিন্তু আপনাদের বক্তা হিসাবে আগে ঠিক করেননি ওরা সেই জন্য বোধহয় বইটা নেওয়ার আগ্রহ প্রকাশ করেননি। রাজ্যের অংশগুলি বর্ধিত বিষয়গুলি বলেছেন, সে বর্ধিত বিষয় রাষ্ট্রীয় গ্রামীণ পানীয় জল প্রকল্পে, এই গ্রামীণ পানীয়

জল প্রকল্পে ৩৪ বছর থাকলেন, আজও তো আপনারা জানেন যে, আজও ফ্লোরাইড আক্রান্ত হয় মানুষ। আজও আর্সেনিক অবস্থায় জল খাচ্ছে, কিসের জন্য ৩৪ বছর একটা গ্রামীণ মানুষের পানীয় জল দিতে আপনারা পারলেন না। সেখানে মমতা বন্দ্যোপাধ্যায় এসে গ্রামের মানুষকে পানীয় জলের ক্ষেত্রে এগিয়ে দেওয়ার জন্য মাননীয় অর্থমন্ত্রীকে দিয়ে যে বরাদ্দ বৃদ্ধি করেন তাহলে অন্যায়টা কোথায়, তাদের অন্যায়টা কোথায়। সর্বশিক্ষা অভিযানে, এই সর্বশিক্ষা অভিযান আপনারা যা করে রেখেছেন সেটা সবাই জানে, আর জেনে রাখুন, শেষ কথা বলি যে, পূর্বাঞ্চলে যে জ্যোতির্ময়ী কন্যার আবির্ভাব হয়েছে তিনি মাননীয়া মমতা বন্দ্যোপাধ্যায়। আপনারা আনিসুর সাহেব আপনারা একটু জেগে উঠুন।

ম্যাডাম ডেপুটি স্পীকার : ব্যানার্জীবাবু আপনি শেষ করুন।

ডঃ আশীষ ব্যানার্জী : "আমরা নিয়েছি দাঁড়, তুলেছি পাল, তুমি এখন ধরবে হাল ওগো কর্ণধার / মোদের মরণ বাঁচন ঢেউয়ের নাচন ভাবনা কিবা তার, তোমারে করি নমস্কার।" এটা খুব গায়ে লাগছে। আমি আপনাদের কাছে এই অর্থমন্ত্রীর প্রদত্ত যে ভাষণ তাকে পরিপূর্ণভাবে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[12.40—12.50 p.m.]

শ্রী নেপাল মাহাতো : মাননীয় ডেপুটি স্পীকার ম্যাডাম, আজকে ডঃ অমিত মিত্র ২৪শে জুন ২০১১ যে বার্ষিক আর্থিক বিবৃতি এবং দুই মাসের জন্য ভোট অন অ্যাকাউন্ট সেপ্টেম্বরের লাস্ট পর্যন্ত দিয়েছেন তার সমর্থন করে আমি ম্যাডাম দুই-একটি কথা বলছি। একটু আগে আমাদের বিরোধী বন্ধু বললেন সংখ্যাতত্ত্ব দিয়ে, আশিসবাবু অনেক সংখ্যাতত্ত্ব দিয়েছেন আমি ওই বিষয়ে যাচ্ছি না। মাননীয় গভর্নমেন্ট চিফ হুইপ এই সভাতে উল্লেখ করেছেন যে, আন্তর্জাতিক কারণে পেট্রোলিয়াম দ্রব্যের দাম বাড়লেও মাননীয়া মুখ্যমন্ত্রী যেভাবে সেস এবং রাজ্য সরকারের যা করণীয় সেখান থেকে সেটা প্রত্যাহার করে অনেকটা লাঘব করেছেন এলাকার মানুষকে। আজকে এই প্রসঙ্গে একটি কথা বলতে চাই যে, ম্যাডাম, এই বিধানসভাতে আমি একদিন প্রাক্তন অর্থমন্ত্রীকে বলেছিলাম যে, আমাদের এলাকায় ঝাড়খন্ড বর্ডারে, আমি ওনাকে বলেছিলাম যে, স্যার, ঝাড়খন্ডে পেট্রোল এবং ডিজেলের দাম কম, আমাদের এলাকাতে বেশি। এর কারণটা কী ? আপনি সেস প্রত্যাহার করুন ? প্রত্যাহার করলে মানুষ কিছুটা সুবিধা পাবে। এর উত্তরে উনি কী বলেছিলেন, মাননীয় সদস্যরা শুনলে হাসবেন। তিনি বলেছিলেন যে, ঝাড়খন্ডের অর্থমন্ত্রীকে তিনি টেলিফোন করে বলে দেবেন যেন সেস তারা বসায় এবং দামটা সমতুল্য রাখে। এই কথাটা মাননীয় অর্থমন্ত্রী এই পবিত্র বিধানসভায় বলেছিলেন, সেটা রেকর্ডে আছে। আজকে তাই আমি মাননীয় সদস্যকে বলতে চাই, আপনি একটা রক্ষা করেছেন যে এই বাজেটের বিরোধিতা করেননি, তিনি ওয়াচ করবেন বলেছেন, তার জন্য তাঁকে ধন্যবাদ জানাই। এই যে আর্থিক বিবরণী মাননীয় অর্থমন্ত্রী দিয়েছেন তাতে কয়েকটা সংখ্যা তিনি ভালোভাবে প্রকাশ করেছেন। এটা আমরা বিরোধী থাকাকালীন বারবার বলেছি। কিন্তু মাননীয় অর্থমন্ত্রী তখন যিনি

ছিলেন তিনি সেইগুলো অস্বীকার করে এসেছেন। এখন এটা সরকারি ডকুমেন্ট স্যার, আজকে ৫৬ হাজার কল-কারখানা বন্ধ। আমরা এই কথা বারবার বলতাম, উনি এটা হেসে উড়িয়ে দিতেন। এখন এই বক্তব্য পশ্চিমবঙ্গের মাননীয় অর্থমন্ত্রী দিচ্ছেন। এটা একটা সরকারি ডকুমেন্ট যে ৫৬ হাজার কল-কারখানা বন্ধ। আমি মাননীয় বিরোধী সদস্য যিনি পরবর্তীকালে বক্তব্য রাখবেন তাঁকে জিজ্ঞাসা করতে চাই, এই ৩৫ বছরে ৫৬ হাজার কারখানা, প্রাক্তন অর্থমন্ত্রী বন্ধ করতে সাহায্য করেছিলেন এবং এর হিসাব যদি ধরা হয় তাহলে এই ৩৪ বছর প্লাস যেটা, প্রতিদিন আপনারা ৪টি করে কারখানা বন্ধ করেছিলেন। যদি হিসাব ধরা হয় তাহলে প্রতিদিন ৪টি করে কারখানা বন্ধ করেছিলেন। ৩৫ বছরে ৫৬ হাজার, তার মানে বছরে প্রায় দেড় হাজার এবং সেটা ভাগ করলে দেখা যায়, প্রতিদিন আপনারা ৪টি করে কারখানা বন্ধ করেছিলেন। আজকে এই হচ্ছে আপনাদের শিল্প-প্রেম। আপনারা তো বলেন মাঝে মাঝে যে, এই সরকার নাকি শিল্প ভালোবাসে না। আজকে ৩৫ বছর ধরে আপনারা কী কী করেছেন ? মাননীয় মন্ত্রী বলেছেন আর্থিক প্রতিবেদনে যে ২০ হাজার বিদ্যালয়ে ছাত্রীদের শৌচাগার নেই। কেন নেই ? কী করছিলেন আপনারা ? ৫৬ হাজার মিড-ডে মিলের রান্নাঘরের শেড নেই। ৩৫ বছর ধরে কী করছিলেন আপনারা ? দেখার যে ব্যাপারটা, আমি বর্তমান মাননীয় অর্থমন্ত্রীকে ধন্যবাদ দিতে চাই। আমরা বারবার এই কথা বলেছিলাম যে ৮৫ লক্ষ বেকার সরকারিভাবে অনুমোদিত এবং সুপ্ত বেকার ১৫ লক্ষ। আজকে একটা রাজ্যে ১ কোটি বেকার। এটা ভাবা যায় ? আপনি তুলনা করুন ভারতবর্ষের প্রতিটি রাজ্যের সঙ্গে। এই যে বেকারের সংখ্যা এই সংখ্যার নিরিখে পশ্চিমবাংলার পরিস্থিতি কী ছিল ? আর এই সরকারের ১ মাসও হয়নি, তার আগে আপনারা ১ কোটি বেকার তৈরি করে গিয়েছেন। কোথায়, আপনাদের বলার মুখ আছে কিছু ? সারা পশ্চিমবাংলায় বেকারদের যে পরিস্থিতি আপনারা করেছেন এটা মানুষ কোনোদিন ভুলবে না। আমি বলতে চাই, মাধ্যমিক পরীক্ষা দিতে ৩ ঘণ্টা সময় লাগে সবার, ভালো ছেলে হোক আর খারাপ ছেলে হোক। ৩ ঘণ্টা পরে তার নম্বরটা আসে। আজকে ২০-২৫ দিন সরকার হয়েছে, এখনই আপনারা কী হল কী হল বলে চিৎকার করছেন। এই সরকারকেও ৩৫ বছর থাকতে দিন তারপর দেখবেন আপনারা কোথায় আছেন। ৩৫ বছর থাকতে দিন এই সরকারকে, তারপর বিচার হবে। সবাইকে সমান সময় দিতে হবে। আজকে ম্যাডাম, আপনার মাধ্যমে আমি বলতে চাই, আজকে জঙ্গলমহলে বিশেষ প্যাকেজের কথা ঘোষণা করেছেন মাননীয় অর্থমন্ত্রী। মাননীয়া মুখ্যমন্ত্রী আগেই বলেছেন যে, জঙ্গলমহলের জন্য বিশেষ গুরুত্ব দেওয়া হবে। বর্তমান সরকারে যিনি এসেছেন, এই সরকার ২ টাকা কেজি চালের ব্যবস্থা করেছেন।

(এ ভয়েস : আগে ২ টাকা কেজি দরে চাল দেওয়া হত)

২ টাকা করে কেজি, বেশি জঙ্গলমহলের মানুষকে স্পেশাল প্যাকেজ হিসাবে দেওয়া হবে। আপনারা দেননি, আপনারা কী করেছেন বলছি। এই পুরুলিয়াতে ম্যাডাম, পুরুলিয়াতে বি পি এল-এর যে গম, সেই গমের ১ লক্ষ মেট্রিক টন পুরুলিয়া থেকে পাচার হয়েছিল সেটা প্রমাণিত হয়েছিল, প্রাক্তন খাদ্যমন্ত্রী সেটা জানেন এবং এই নিয়ে তদন্ত পর্যন্ত হয়নি। সব থেকে বড় ঘটনা এখানে, ১ লক্ষ মেট্রিক টন গম পুরুলিয়া থেকে পাচার

হয়েছিল বি পি এল-এর। আগে জঙ্গলমহলে এই পরিস্থিতি তৈরি হয়েছিল বিগত সরকারের যিনি মন্ত্রী ছিলেন সেই সময়, আজকে তাদের মুখে এই কথা মানায় না। আজকে এই বিষয়ে আমি একটা শেষ কথা বলে আমার বক্তব্য শেষ করছি। এই অর্থমন্ত্রীর আমলে—আমরা শিক্ষকতা করি, অনেক প্রাথমিক শিক্ষক ছিলেন, এমন একটা সময় হয়েছিল ম্যাডাম, যাদের নিজের গচ্ছিত টাকা, সেই টাকা সরকারি দপ্তর থেকে তোলার জন্য শিক্ষক-শিক্ষিকাদের মিথ্যার আশ্রয় নিতে হয়েছিল। তাদেরকে সরকারি অফিসাররা বলেছিল (শিক্ষা দপ্তরের) যে, আপনাদের এই টাকা যদি তুলতে হয় তাহলে মেয়ের বিবাহের কার্ড আপনাদেরকে জমা দিতে হবে। আপনার মেয়ের যেদিনই বিবাহ হোক, তার বাচ্চা যাই থাক না কেন, একটা ফল্‌স কার্ড সেখানে জমা দিতে হবে। তবেই টাকাটা পাওয়া যাবে। ওই সরকার করেছিল। আমাদের মাননীয় সদস্যগণ নেই, তার ছেলে এখানে আছেন, তার বাবা এম এল এ ছিলেন। তাকে তিনি বললেন যে আমার মেয়ে নেই। তাকে উত্তর দেওয়া হল যে আপনার মেয়ে যদি না থাকে তাহলে আপনার নিজেরই বিবাহের কার্ডটা এখানে প্রোডিউস করুন, তাহলে আপনি টাকাটা পাবেন। এই ছিল ওই সরকারের অর্থমন্ত্রীর কাজ। তাই এই বাজেট বিবৃতিটাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা : মাননীয়া উপাধ্যক্ষ মহোদয়া, মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র যে বাজেট বক্তব্য এবং পুস্তিকা এই সভায় পেশ করেছেন, সেই সম্পর্কে আমি আমার বক্তব্য পেশ করছি। প্রথম যে কথাটা আমি বলতে চাইছি সেটা হচ্ছে, এই হাউসে দীর্ঘদিনের যে কনভেনশন বা রীতি বাজেট পেশ করার সময় ছিল, এবারের বাজেটে সেই প্রথা থেকে বা রীতি থেকে মাননীয় অর্থমন্ত্রী দূরে সরে চলে গিয়েছেন। কী বিষয়ে বক্তব্য বলতে চাইছি ? দয়া করে শুনুন, বোঝবার চেষ্টা করুন। বাজেট বক্তব্যের শেষে এখানে শেষ পৃষ্ঠায় রাজ্যের আর্থিক আয়-ব্যয়ের হিসাবের একটা সংক্ষিপ্ত সার দেওয়া থাকত। যেটাকে আমরা বাজেট অ্যাট দি গ্ল্যান্স বলি। এর প্রয়োজনীয়তাটা কোথায় ? বক্তব্যের সাথে এই বইটা ধরে সারা বছরের আর্থিক চিত্রটা যে কোনো সাধারণ নাগরিক বুঝতে পারেন। একদম সাধারণ নাগরিক তো গন্ধমাদন এতগুলো বই নিয়ে ঘেঁটে পড়বার চেষ্টা করবেন না বা বোঝবার চেষ্টা করবেন না। আপনি ত্রিপুরার কথা বলছেন। Budget is not the only property of the Member's. It is a property of the entire people. How can they understand the budget by reading this book if the total income / expenditure (receipts and accounts) are not appended to at the end of the budget speech. সুতরাং এখান থেকে, উনি একটু কনভেনশন থেকে সরে চলে গিয়েছেন। এটা থাকলে ভালো হত। আমি এটা বলছি। তার জন্য আমি আপনাকে অন্য কিছু বলছি না। কারণ কনভেনশনে অনেক সময় একটা ফোর্স অফ ল থাকে এবং এটা এই যে বাজেট পেশ হবে, রীতি-নীতি অনেক কিছু, যদিও আইন হিসাবে লেখা থাকে না, কিন্তু মোটামুটি এস্টিমেট্‌স কমিটির একটা সিদ্ধান্তের উপরে ভিত্তি করে বাজেট বিধানসভায় পেশ হয়। সেই কথাটা মানলে ভালো হত।

ম্যাডাম ডেপুটি স্পীকার : মিঃ সুলতান সিন্‌হা, please ওনাকে ডিসটার্ব করবেন না, ওনাকে বলতে দিন।

[12.50—1.00 p.m.]

শ্রী প্রবোধচন্দ্র সিন্‌হা : আমি মাননীয় সদস্যকে বলতে চাইছি, হয় উনি আমার কথাটা শোনেননি অথবা বোঝেননি, অথবা বোঝবার চেষ্টা করেননি। দ্বিতীয় যে কথাটা বলতে চাইছি, এটা একটা অন্তর্বর্তী বাজেট। দু মাসের জন্য বাজেট পেশ করা হয়েছে এবং এই দু মাসের মধ্যে মাননীয় অর্থমন্ত্রী আবার পূর্ণাঙ্গ বাজেট সারা বছরের জন্য আরেকবার তিনি পেশ করবেন। সেই সময় সেই বাজেট সম্পর্কে আমাদের বলার বা পর্যালোচনা করে বক্তব্য থাকবে। সাধারণত ভোট-অন-অ্যাকাউন্ট বাজেটে দু মাসের নিত্য-নৈমিত্তিক খরচ চালানোর জন্য, আর সামান্য কিছু উন্নয়নমূলক কাজকর্ম করার জন্য যে ব্যাপার থাকে এটাতে রীতি অনুযায়ী আমরা আপত্তি করি না, অপোজ করি না। সেই কারণে এই ভোট-অন-অ্যাকাউন্ট্স অপোজও করছি না। কিন্তু কয়েকটি কথা সম্পর্কে কিছু বিতর্ক তৈরি হয়েছে। সেই বিতর্কটি কি ? এক নম্বর হচ্ছে যে, রাজস্ব বৃদ্ধির ক্ষেত্রে ৩৯ শতাংশ যে কথাটি উনি বলেছেন যে, সি এ জি রিপোর্ট অনুযায়ী এটা অবিশ্বাস্য। আপনারা দেখলে দেখবেন যে, উনি যে পুস্তিকাটি দিয়েছেন, বাজেট অ্যাট এ গ্লান্স তাতে দেখা যাচ্ছে যে রিভাইজ্‌ড বাজেট ২০১০-২০১১-তে টোটাল স্টেট ট্যাক্স রেভেনিউ ছিল ২১,৩০০ কোটি টাকা। আর উনি বাজেটে যে প্রস্তাবটি রেখেছেন স্টেট ট্যাক্স রেভেনিউ যত আদায় হবে তার পরিমাণ হচ্ছে ২৭,৬৯০ কোটি টাকা। অর্থাৎ এটাতে দেখলে দেখা যাচ্ছে যে বৃদ্ধিটা ঘটেছে ৬,৩৯০ কোটি টাকা। আর এই যে ৩৯ শতাংশ যে কথাটা বলা আছে, সেই ৩৯ শতাংশতে পৌঁছতে গেলে অর্থটা কত লাগবে—২৯,৬৩০ কোটি টাকা। যদি রাজ্যে নিজস্ব রেভেনিউ আয় হত তাহলে আমরা ৩৯ শতাংশতে যেতে পারতাম এবং এই ক্ষেত্রে পূর্বতন অর্থমন্ত্রী যে প্রভিশনটা রেখেছিলেন সেটা হচ্ছে কিনা কয়লার রয়েলিটি বাবদ একটা রাজ্য দীর্ঘদিন ধরে কেন্দ্রীয় সরকারের কাছে দাবি করে আসছে সেই টাকাটা পাওয়া যাচ্ছে না। সেইটা যদি পাওয়া যায় তাহলে ৩৯ শতাংশে যাওয়া যাবে। ঠিক আছে, এই বিতর্কের মধ্যে যেতে চাইছি না। কিন্তু বিতর্কের প্রসঙ্গ সম্পর্কে উল্লেখ করলাম। কিন্তু আমি চাইব যে, বর্তমান সরকার কয়লার রয়েলিটি বিষয়কে কেন্দ্র করে দীর্ঘদিন ধরে কেন্দ্র এবং রাজ্যের মধ্যে যে বিতণ্ডা চলছে বা মতপার্থক্য আছে সেটাকে নিশ্চয় রাজ্যের স্বার্থের কথা মাথায় রেখে এবং রাজ্যের রাজস্বের কথা লক্ষ্য রেখে এবং এদিকে লক্ষ্য রেখে, কারণ আমরাও বহুবার অল পার্টি ডেপুটেশন দিয়েছি কিন্তু সমস্যার সুরাহা হয়নি। এই সরকার এই সমস্যাটাকে রাজ্যের স্বার্থে সুরাহা করবেন। এই বিষয়টা মাননীয়া উপাধ্যক্ষের মাধ্যমে আমি অর্থমন্ত্রীর কাছে রাখছি। আরেকটা ক্ষেত্র এটা একটু রাজ্যের, আশিসবাবু বললেন বাজেট নিশ্চয় অনুধাবন করে দেখেছেন। বাজেট অ্যাট এ গ্লান্স-এ দেখবেন গ্র্যান্ট-ইন-এড ফ্রম দ্য সেন্টার কেন্দ্রের কাছ থেকে ২০১০-২০১১-তে কত টাকা অনুদান পাওয়া গেছে আগের সরকারে। সেখানে ফিগার আছে কত ? ৯৯৫৪.২৩। আর এবারের বাজেটে দেখানো হচ্ছে কত ? ১৫৭৯৬। ১৫৭৯৬ হলে এই সরকার এখুনি আশা করছে কেন্দ্রের কাছ থেকে বাড়তি অনুদান কত পাবে ? ৫৮৪২ কোটি টাকা। খুব ভালো কথা। রাজ্যের জন্য টাকা আসবে, রাজ্যের উন্নয়ন হবে—এর চাইতে

আনন্দের কিছু নেই। কিন্তু এখানে যে প্রশ্নটা বিগত বামফ্রন্ট সরকার বারেবারে করেছে। কিভাবে আমাদের দেখেছে, কিভাবে সহযোগী দল সরকারের দিকে তাকাচ্ছে। এর থেকে বিষয়টা পরিষ্কার হয়ে যায়। আমরাও যদি কেন্দ্রীয় সরকারের সহযোগিতা পেতাম, সহানুভূতিপূর্ণ সহযোগিতা পেতাম তাহলে এগনো সম্ভবপর ছিল। তৃতীয় যে বিষয়টিকে কেন্দ্র করে বিতর্ক হচ্ছে সেটা হচ্ছে কিনা, রাজ্যের ঋণ—ডেবট ট্র্যাপ যে কথাটি উনি বলেছেন। এটা ঘটনা, এত হাজার লক্ষ, এত হাজার কোটি টাকা রাজ্যের ঋণ রয়েছে। এর আগের দিনেও মাননীয় সদস্য ডঃ আশিস বন্দ্যোপাধ্যায় এই কথাগুলি বলেছিলেন। তিনি কোন রাজ্যের কত অংশ, কত নম্বর, কিন্তু ওখানে ওটা যায় না, ওটা হচ্ছে র‍্যাংকিং। আপনার পারফরমেন্সটা কোন জায়গায় সেইটা দেখানো হচ্ছে। কিন্তু আপনাকে ভাবতে হবে আপনি একই লেভেল থেকে যাত্রাটা শুরু করেননি। মহারাষ্ট্র তার আর্থ-সামাজিক, উন্নয়ন যে জায়গা থেকে শুরু করেছিল স্বাধীনতার সময় ১৯৪৭ সালে, পশ্চিমবঙ্গ কি সেই জায়গায় শুরু করেছে ? মহারাষ্ট্রকে পার্টিসানের বোঝা বইতে হয়নি। মহারাষ্ট্রকে ১৯৭১ সালের বাংলাদেশের ওয়ার বইতে হয়নি। পশ্চিমবঙ্গ বর্ডার—স্টেট হিসাবে প্রতিনিয়ত যে ইনফিলট্রেসান-এর সমস্যার ভিতর দিয়ে যেতে হচ্ছে সেই সমস্যার সমাধান করতে হয়নি। উত্তরপ্রদেশ সেই অবস্থা থেকে করেনি। ফলে ভিন্ন ভিন্ন রাজ্য, ভিন্ন ভিন্ন লেভেল অফ ডেভেলপমেন্ট থেকে সে এগোবার চেষ্টা করছে। ফলে অ্যাকশান ও কাউন্টার অ্যাকশান-এর ফলে যে পরিস্থিতি সেটা দেখাচ্ছে। .....(গোলমাল).....

আমি মাননীয় অর্থমন্ত্রীকে বলছি, আপনাকে পরিষ্কার করে বলতে হবে, এই কনটেনশনটা আমরা মেনে নেব যদি ভারতবর্ষের অন্য কোনো অঙ্গরাজ্য এর চাইতে বা এর কম কোনো ঋণ গ্রহণ না করে থাকে। আমাদের কেন্দ্রীয় সরকার-সহ ভারতবর্ষের সমস্ত অঙ্গরাজ্যকে আজকে যদি কম-বেশি ঋণের বোঝা বহন করে চলতে হয়ে থাকে তাহলে পশ্চিমবঙ্গের মতো একটা অঙ্গরাজ্য তারও ঋণের বোঝা তৈরি হয়েছে। এতে অস্বাভাবিকতা কিছু নেই। তবে ঋণ না হলে আমরাও খুশি হতাম।

আর, বাকি আপনি যে কথা বলেছেন, উন্নয়নের কথা, কোন কোন খাতে কি ধরনের উন্নয়ন করবেন তাতে আমরা সম্পূর্ণ সহমত। এতে একটা রাজ্যে সরকারে আসতে গেলে, আপনাদের যা কমিটমেন্ট আমাদের তাই কমিটমেন্ট—মানুষের কল্যাণ। কৃষিতে উন্নয়ন করতে হবে, শিক্ষা বাড়াতে হবে, পরিকাঠামো বাড়াতে হবে, জঙ্গলমহলের উন্নয়ন করতে হবে, দার্জিলিং পাহাড়ের সমস্যার সমাধান করতে হবে, উত্তরবঙ্গের সমস্যার সমাধান করতে হবে—এই সব ব্যাপারগুলোতে কোনো দ্বিমত নেই। আপনি যত বেশি পারুন উন্নয়ন করুন তার জন্য আমাদের সমর্থন আছে। আপনি যত দ্রুত বেকার সমস্যার সমাধান করতে পারবেন করুন। তার জন্যও আমাদের সমর্থন আছে। কিন্তু সেই সমস্যাগুলোর সমাধানের প্রক্রিয়াটি তো আপনি বললেন না।

আপনার বাজেটে আরেকটা দিক থেকে একটু ত্রুটি থেকে গেছে। সেটা হচ্ছে, আজকে পশ্চিমবঙ্গের মানুষের যে জ্বলন্ত সমস্যা সেটা কিন্তু আপনি এড়িয়ে গেছেন, উল্লেখ করেননি, কৌশলে এড়িয়ে গেছেন। সেটা কী ? না, মূল্যবৃদ্ধি। মানুষ আজকে যেভাবে মূল্যবৃদ্ধিজনিত

কারণে সঙ্কটের মধ্যে পড়েছেন তার থেকে আপনি রাজ্যের মানুষকে রিলিফ দেওয়ার জন্য কী ব্যবস্থা করছেন ? আপনি কোথাও নিয়ন্ত্রণ করার চেষ্টা করছেন ? কিম্বা গণবণ্টন ব্যবস্থাকে সম্প্রসারিত করে তার মাধ্যমে নিত্যপ্রয়োজনীয় জিনিসের সরবরাহ করে, মূল্যমানকে নিয়ন্ত্রণের চেষ্টা করবেন বা জনসাধারণকে রিলিফ দেওয়ার চেষ্টা করবেন—সেই কথাগুলো থাকার দরকার ছিল। সুতরাং আপনার বাজেটে আমাদের রাজ্যের একটা জ্বলন্ত সমস্যা অনুল্লেখিত থেকে গেছে এটা আমি আপনার দৃষ্টিতে আনছি। আশা করি আপনি সে ব্যাপারে আলোকপাত করবেন।

আর, বাকি যে কথাগুলো বলেছেন, যেমন ধরুন কারখানা বন্ধের কথা ; কিছু কারখানা নিশ্চয় বন্ধ হয়েছে, বি আই এফ আর-এ গেছে। এগুলো তো এককথায় বলে শেষ করা যাবে না। কেন কারখানা বন্ধ হচ্ছে ? কেন্দ্রীয় সরকারের অর্থনৈতিক নীতির ফলে পশ্চিমবঙ্গ কতখানি বঞ্চিত হয়েছে, সেই যে ইক্যুয়ালাইজেশন, যে নীতি ছিল, তার ফলে পশ্চিমবঙ্গের কতখানি ক্ষতি হয়েছে তা আপনি নিশ্চয় জানেন। প্রখ্যাত সাংবাদিক রঞ্জিত রায় যে বই লিখেছিলেন, কীভাবে একের পর এক কেন্দ্রীয় সরকারের নীতির ফলে ষাটের দশকে, সত্তরের দশকে পশ্চিমবঙ্গ বঞ্চিত হয়েছে অর্থনৈতিক দিক থেকে সেই কথাগুলো আমাদের স্মরণ করতে হবে ! একদিনে, একটা কারণে তো কারখানা বন্ধ হয়ে যায় না, অর্থনীতিটাকে কম্পার্টমেন্টালাইজ করা যায় না। এটা একটা চলমান প্রসেস। আগেরদিনে যা হয়েছে তার কিছু অবশ্যম্ভাবী প্রতিক্রিয়া বা প্রতিফলন পরের দিকে ঘটবে। সুতরাং এ সবের কারণে ঘটেছে। আপনাদের মাধ্যমে, আপনার সরকারের উদ্যোগে যদি এই কল-কারখানা পুনরুজ্জীবিত হয়, আপনার সরকারের উদ্যোগে যদি বেকার সমস্যার সার্বিক সমাধান হয়, নিশ্চয় আমরাও আপনাদের সাথে সহমত পোষণ করব, আপনাকে সমর্থন করব। কিন্তু কোন পদ্ধতিতে, কোন প্রক্রিয়াতে আপনি এগুলো করবেন তা আপনার বক্তব্যের মধ্যে কোনো স্পষ্ট ইঙ্গিত নেই।

যাই হোক, আপনি দু মাসের জন্য ব্যয়-বরাদ্দ চেয়েছেন। আমরা সেটা সমর্থন করছি। আপনার পূর্ণাঙ্গ বাজেটে এই সব বিষয়ে আমরা আরো স্পষ্ট ধারণা করতে পারব এই প্রত্যাশা রেখে বক্তব্য শেষ করছি।

[1.00—1.10 p.m.]

শ্রীমতী ফিরদৌসি বেগম : মাননীয় ডেপুটি স্পীকার মহাশয় মা-মাটি-মানুষের সরকারের পক্ষ হতে মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র মহাশয় ২০১১-১২ আর্থিক বছরের বার্ষিক আর্থিক বিবরণী এবং ৩০শে সেপ্টেম্বর ২০১১ পর্যন্ত যে ভোট-অন-অ্যাকাউন্ট এই মহান সভায় পেশ করেছেন তাকে আমি সর্বান্তকরণে সমর্থন করছি। বাম শাসনে রাজ্যের অর্থনীতিকে এমনভাবে পঙ্গু করে দেওয়া হয়েছে যে, নতুন সরকার চেষ্টা করলেও এই স্বল্প সময়ের মধ্যে পূর্ণাঙ্গ বাজেট পেশ করা যায়নি। তবুও মা-মাটি-মানুষের নেত্রী শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায়ের আশাবাদী উদ্যোগের সার্থক রূপায়ণের লক্ষ্যে মাননীয় অর্থমন্ত্রী যেভাবে সংখ্যালঘু, আদিবাসী এবং অনুন্নত সম্প্রদায়ের উন্নয়নের স্বার্থে যে সমস্ত ইতিবাচক ব্যবস্থা

গ্রহণ করেছেন, এককথায় অভূতপূর্ব এবং সাধারণ মানুষ এর জন্য অভিনন্দন জানায়। ম্যাডাম, মা-মাটি-মানুষের সরকারের তরফে দারিদ্র্যসীমার নীচে বসবাসকারী পরিবারগুলি চালের সরবরাহের জন্য অনুদানের বরাদ্দ বৃদ্ধি, রাষ্ট্রীয় গ্রামীণ স্বাস্থ্য প্রকল্পে রাজ্যের রাজস্ব হিসাবে বর্ধিত অর্থ বরাদ্দ, রাষ্ট্রীয় গ্রামীণ পানীয় জল প্রকল্পে বর্ধিত অর্থ বরাদ্দ, সর্বশিক্ষা অভিযান, রাষ্ট্রীয় মাধ্যমিক শিক্ষা অভিযান, মিড-ডে মিল প্রকল্পে বর্ধিত অর্থ বরাদ্দ, মহিলা ও শিশুদের জন্য পুষ্টি সংক্রান্ত প্রকল্পে বর্ধিত অর্থ বরাদ্দ এবং নগর উন্নয়ন ও পরিকাঠামো প্রকল্পে বর্ধিত অর্থ বরাদ্দ করার যে সিদ্ধান্ত নিয়েছেন, সে জন্য আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীকে জানাই অভিনন্দন। ম্যাডাম, আপনার মাধ্যমে এই সভায় আরো জানাতে চাই যে, রাজ্যের ভয়াবহ আর্থিক পরিস্থিতির জন্য দায়ী ৩৪ বছরের বাম সরকারের প্রতি বছর চমকদারী ঘাটতিশূন্য বাজেট পেশ করা। এই রাজ্যে রাজস্ব আদায়ের পরিমাণ বেশি হত এবং খরচ কম দেখানো হত। অথচ বাস্তবে যেটা হত, রাজস্ব আদায়টা কম হত, কিন্তু খরচটা বেশি হত। অথচ প্রতি আর্থিক বছরের শেষে এই সভায় অতিরিক্ত ব্যয়-বরাদ্দের দাবি পেশ করা হত, যা কিনা মোট বাজেটের ৮ থেকে ৯ শতাংশ। এই সব চালাকির নীট ফল হল, পশ্চিমবঙ্গের ঘাড়ে দু লক্ষ তিন হাজার কোটি টাকার দেনা। মহাশয়া, আপনার মাধ্যমে আরো জানাতে চাই যে, চলতি আর্থিক বছরে অনুমোদিত ১৭ হাজার কোটি টাকার ঋণের মধ্যে নির্বাচনের আগেই ৯ হাজার কোটি টাকা খরচ করে ফেলেছে আগের বামফ্রন্ট সরকার। নির্বাচনের আগে বামফ্রন্ট সরকার জনগণের ট্যাক্সের টাকায়, কেন্দ্রীয় সরকারের টাকায়, বিভিন্ন সংবাদপত্র, টিভি চ্যানেল এবং এফ এম রেডিওতে ঢালাও বিজ্ঞাপন দিয়েছেন, কত কথাই না বলেছেন। ঔদ্ধত্যের জোরে সেখানে পশ্চিমবঙ্গ সরকারের জায়গায় বামফ্রন্ট সরকার লিখেছেন এবং বামফ্রন্ট সরকার বিভিন্ন খাতে তিন হাজার কোটি টাকা বিল বকেয়া রেখে গিয়েছেন। সেখানে এককথায় বলা যেতে পারে বিপুল করের বোঝা চাপিয়ে রেখে গিয়েছে তৃণমূল জোট সরকারের উপর। একজন মহিলা হিসাবে মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে এই প্রসঙ্গে দু-একটি কথা উল্লেখ করতে চাই।

বামফ্রন্ট সরকার দ্বারা সৃষ্ট রাজ্যের এই বেহাল আর্থিক দশার মধ্যে ৭৫ কোটি টাকার ক্ষতিস্বীকার করেও সাধারণ মানুষের কথা, তথা মহিলা সমাজের কথা চিন্তা করে মা-মাটি-মানুষের নেত্রী, আমাদের প্রিয় মুখ্যমন্ত্রী গ্যাসের দাম কমিয়ে দিয়েছেন। তার জন্য পশ্চিমবঙ্গের আপামর মহিলা সমাজ আপনার মাধ্যমে প্রিয় মুখ্যমন্ত্রীকে জানায় আন্তরিক অভিনন্দন ও কৃতজ্ঞতা। অধ্যক্ষ মহোদয়, বামফ্রন্ট সরকার বার্ধক্য ভাতা, বিধবা ভাতা এবং প্রতিবন্ধীদের ভাতা দেওয়ার মতো সামাজিক প্রকল্পগুলি প্রায় বন্ধ করে দিয়েছিল। আমাদের প্রিয় মুখ্যমন্ত্রী ক্ষমতায় এসে সেগুলি ফের চালু করে দিয়েছেন। কেন্দ্র-রাজ্য যৌথ প্রকল্পগুলিতে কেন্দ্রীয় সরকার অর্থ দিলেও ম্যাচিং গ্রান্ট হিসাবে রাজ্য সরকার অর্থ জোগাতে না পারায় এক বিরাট সঙ্কটের সৃষ্টি হয়েছে। যেমন জনস্বাস্থ্য খাতে ৪৭২ কোটি, স্বাস্থ্য ও পরিবার কল্যাণে ১২৭ কোটি, সংখ্যালঘু উন্নয়নে ৭৮ কোটি, পুর দপ্তর ১৫১ কোটি, বিদ্যালয়

শিক্ষায় ১৪২১ কোটি, নগর উন্নয়ন ২২৬৩ কোটি, খাদ্য সরবরাহ ৩২৯ কোটি, পরিবহণ ১৫০ কোটি, নারী ও শিশু কল্যাণ ৩৭৯ কোটি, মোট ৫৪৪৮ কোটি টাকা বামফ্রন্ট সরকারের দেওয়ার কথা ছিল। কিন্তু বামফ্রন্ট সরকার দিতে পারেনি। এই ঘাটতি রেখে গিয়েছে বামফ্রন্ট সরকার। মা-মাটি-মানুষের সরকারের কাছে এই ঘাটতি পূরণ করাই বড় চ্যালেঞ্জ। আমাদের প্রিয় মুখ্যমন্ত্রী এই চ্যালেঞ্জের মোকাবিলা করে সফল হবেন, এই আশা রেখে দৃঢ়ভাবে এই সভায় ব্যক্ত করছি। যা ইতিমধ্যেই তাঁর এক মাসের কাজকর্মে প্রতিফলিত হচ্ছে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয়া মুখ্যমন্ত্রীর অনুপ্রেরণায় বর্তমান সরকার রাজ্যের ১ কোটি বেকারের কর্মসংস্থানের লক্ষ্য সামনে রেখে একটি আর্থিক পরিকল্পনা তৈরি করার যে সিদ্ধান্ত নিয়েছেন, তার জন্য মাননীয়া মুখ্যমন্ত্রী এবং মাননীয় অর্থমন্ত্রীকে ধন্যবাদ জানাচ্ছি। অধ্যক্ষ মহোদয়, মা-মাটি-মানুষের সরকার এই স্বল্প সময়ের মধ্যে শিক্ষা ব্যবস্থার পুনরুদ্ধার এবং পুনর্বিকাশের জন্য যে সিদ্ধান্ত নিয়েছে তাকে আমি সাধুবাদ জানাই। এই প্রসঙ্গে আমি বলতে চাই যে, ২০ হাজার বিদ্যালয়ে ছাত্রীদের শৌচাগার নেই এবং ৫৭ হাজার বিদ্যালয়ে মিড-ডে মিলের রান্নাঘর নেই। আমাদের মা-মাটি-মানুষের সরকার এই ঘাটতি দ্রুত পূরণ করবে, এই আশা রেখে আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী অক্ষয় ঠাকুর : মাননীয়া উপাধ্যক্ষ মহোদয়া, গত ২৪শে জুন মাননীয় অর্থমন্ত্রী যে অন্তর্বর্তী বাজেট পেশ করেছেন তাতে কবিগুরুর দুটি কবিতার উদ্ধৃতি, কিছু কথা এবং কিছু প্রতিশ্রুতির কথা বলা হয়েছে। তাঁর বাজেট বক্তৃতা পড়ে যেটা মনে হয়েছে এটা অসম্পূর্ণ। সেই বাজেট বক্তৃতায় তিনি কোনো আর্থিক বিবরণী উল্লেখ করেননি। এটা বিস্তারিত না হলেও সংক্ষিপ্ত আকারে তিনি এটা দিতে পারতেন। তাহলে আমরা বুঝতে পারতাম এই দুই মাসের বাজেট বরাদ্দে কেন্দ্র কত টাকা এবং রাজ্য কত টাকা দেবে এটাও বোঝা যেত। মাননীয় অর্থমন্ত্রী শিক্ষা, স্বাস্থ্য, কৃষি ও শিল্প—এইগুলিতে উন্নয়নের বরাদ্দ বৃদ্ধির কথা বলেছেন। বাংলার উন্নয়ন হোক এটা তো খুবই ভালো কথা, কিন্তু এই উন্নয়নের বরাদ্দ অর্থ কোথা থেকে সংগ্রহ হবে। এটা তিনি তাঁর বাজেট বক্তৃতায় প্রকাশ করেননি। উনি কতগুলি বিষয়ে বাজেটে বরাদ্দ করবেন বলে বলেছেন। আমি শুধু একটা কথা বলতে চাইছি, দারিদ্র্যসীমার নীচে বসবাসকারী পরিবারগুলির চালের সরবরাহ বৃদ্ধি উনি করবেন। এটা অত্যন্ত ভালো। দারিদ্র্যসীমার নীচে যাঁরা বসবাস করেন তাঁদের যদি বরাদ্দ বৃদ্ধি হয় এটা তো আনন্দের কথা। কাদের তিনি এই সাহায্যটা করবেন। দারিদ্র্যসীমার নীচে যাঁরা বাস করেন—আমরা দীর্ঘদিন ধরে এই কথা বলে আসছি, এই তালিকা যদি সঠিকভাবে সংশোধন না হয় তাহলে প্রকৃত দারিদ্র্যসীমার নীচে বসবাসকারী মানুষ উপকৃত হবে না। এই দারিদ্র্যসীমার নীচে বসবাসকারীদের তালিকায় এমন কিছু নাম আছে যেগুলি থাকা উচিত নয়। আবার এমন কিছু নাম বাদ আছে যারা প্রকৃত রূপে গরিব মানুষ। এই বিষয়ে আমরা অতীতে ২০০৮ সালে ফরওয়ার্ড ব্লকের পক্ষ থেকে এই বি পি এল তালিকা সংশোধনের দাবিতে আন্দোলন করেছি। গোটা রাজ্যে আইন অমান্য হয়েছে এবং এই সংশোধনের দাবি করতে

গিয়ে সি আই ডি এবং পুলিশের গুলিতে আমাদের লোকের প্রাণ গিয়েছে, রক্ত ঝরেছে। ২০ জন মানুষ পঙ্গু হয়েছে। প্রায় ৬৫ জন মানুষ মামলায় ভুগছে। .....(গোলমাল)..... এই বিষয়টা যদি সংশোধন না হয় যাদের আপনারা সাহায্য করতে চাইছেন বরাদ্দ বৃদ্ধি করতে চাইছেন সেটা সঠিকভাবে রূপায়িত করা যাবে না।

.....(গোলমাল).....

ম্যাডাম ডেপুটি স্পীকার : আপনারা একটু বসুন, ওনাকে বলতে দিন, প্লিজ।

[1.10—1.20 p.m.]

শ্রী অক্ষয় ঠাকুর : কমিটি আমরা করেছি, আমরাই দাবি করব। এই বিষয়টাকে আপনাকে ভেবে দেখতে হবে যাতে প্রকৃত মানুষ উপকৃত হয়। এখন কেন্দ্রেও আপনারা আছেন রাজ্যেও আপনারা আছেন। এই তালিকা সংশোধন করতে পারলে আপনাদের যে মহৎ উদ্দেশ্য, সেটা সার্থক হবে বলে আমি মনে করি। পাশাপাশি আরেকটা বিষয় আমার বলা দরকার—আপনি অনেকগুলো বিষয় বলেছেন বিশেষ করে জঙ্গলমহল-সহ পশ্চিমাঞ্চলের উন্নয়নের জন্য বরাদ্দ বৃদ্ধি করবেন। পার্বত্য এলাকা-সহ সমস্ত উত্তরবঙ্গের উন্নয়নের ক্ষেত্রে বরাদ্দ বৃদ্ধি করবেন। এই বিষয়ে আমার কোনো দ্বিমত নেই এবং এই ক্ষেত্রে বরাদ্দ বৃদ্ধি করতে পারলে আমরা ধন্যবাদ জানাবো আপনাকে এবং এটা যদি বাস্তবায়িত হয় তাহলে আপনি নিশ্চয় ধন্যবাদের যোগ্য হবেন। কিন্তু পাশাপাশি একটি বোধহয় উন্নয়নের সমস্যা, কি জ্বলন্ত সমস্যা তার বিষয়ে আমার বলা দরকার। এই বিষয়ে বলতে চাই যে, বিশেষ করে বিস্তীর্ণ সীমান্ত এলাকায় যারা বাস করছে তারা অত্যন্ত অনিশ্চয়তা এবং দুরাবস্থার মধ্যে বাস করছে। এই কাঁটাতারের বেড়া হওয়ার পর তাদের শিক্ষার সমস্যা, স্বাস্থ্যের সমস্যা, হাট-বাজারে যাতায়াতের সমস্যা, এমনকি যারা স্বাধীনভাবে রাস্তায় চলাফেরা করবে, স্বাধীন দেশের নাগরিক হয়েও সেই সমস্যায় তাঁরা ভুগছেন। এই বিষয়টার উপরে কেন্দ্রীয় সরকারের একটা প্রকল্প আছে—সীমান্ত এলাকা উন্নয়ন তহবিল বলে বি এ ডি পি একটা প্রকল্প আছে। আমি আপনার কাছে একটা প্রস্তাব রাখতে চাইছি যে, এইরকম সীমান্ত মানুষের যে সমস্যা আছে, সেখানে মাটি আছে, সেখানে হাজার হাজার দুখিনী মায়েরাও আছেন। যেটা আপনারা বলেন মা-মাটি-মানুষ—সবটাই সেখানে আছে। তাদের দুঃখ-দুর্দশা যদি দূর করতে হয় তাহলে আমার প্রস্তাব হচ্ছে সেই সীমান্ত এলাকায় কেন্দ্রের মতো রাজ্যের উদ্যোগে রাজ্যের সীমানা এলাকার জন্য উন্নয়ন তহবিল গঠন করা যায় কিনা তাদের উন্নয়নের পক্ষে সেটা দেখা দরকার। তাহলে সেই এলাকার লক্ষ লক্ষ মানুষ বিশেষ করে আমাদের দশটি জেলার যে সীমান্ত এলাকার মানুষ, তাঁরা উপকৃত হবেন। আমি এই বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। পাশাপাশি আরেকটি বিষয় আমার বলা দরকার, এখানে মাননীয় সদস্য আশিসবাবু প্রশ্ন তুলেছেন এবং আপনারও বাজেট বক্তৃতার একটা জায়গায় আছে যে এই রাজ্যের ঋণের বোঝা নাকি সবচেয়ে বেশি। এই বিষয় নিয়ে আপনাকে একটু দৃষ্টি আকর্ষণ করতে চাইছি যে, জাতীয় সমীক্ষা নমুনা কি বলছে। আপনারা বলছেন

শুধু পশ্চিমবঙ্গ নাকি ঋণে জর্জরিত। জাতীয় সমীক্ষা কি বলছে—উনি যে দুটি রাজ্যের কথা বলেছেন, সে দুটি রাজ্যের উদাহরণ দিয়ে বলতে চাইছি যেমন মহারাষ্ট্র। উনি মহারাষ্ট্রের কথা বলেছেন। মহারাষ্ট্রে ঋণের পরিমাণ এই মুহূর্তে ২ লক্ষ ৩০ হাজার কোটি টাকা, উত্তরপ্রদেশের কথা তিনি উল্লেখ করেছেন। উত্তরপ্রদেশে ২ লক্ষ ৬৫ হাজার কোটি টাকা। ভারত সরকারের ৪০ লক্ষ কোটি টাকার ঋণ আছে। তাহলে দেখা যাচ্ছে এই ঋণের ক্ষেত্রেও যদি এই পরিসংখ্যানে আসি তাহলে পশ্চিমবঙ্গে তার স্থান হচ্ছে ১১তম। সুতরাং একমাত্র রাজ্য পশ্চিমবঙ্গ নয় যেখানে শুধু ঋণে জর্জরিত আছে। আরেকটি কথা বলা হয়েছে কৃষি বিপ্লবের কথা বলা হয়েছে। কৃষি বিপ্লব এটা আজকের নতুন বিষয় নয়। কৃষি বিপ্লবের ক্ষেত্রে কৃষি প্রযুক্তিকে ব্যবহার করে বিশেষ করে বিগত সরকার আমূল ভূমিসংস্কারের মাধ্যমে এবং কৃষিতে প্রযুক্তি ব্যবহার করে সাফল্য লাভ করেছে এবং আপনি নিশ্চয় স্বীকার করবেন একমাত্র পশ্চিমবঙ্গ চালে, শাক-সবজিতে এবং উৎপাদনে আমরা দেশের মধ্যে প্রথম হয়েছি। এটা আপনি অস্বীকার করতে পারবেন না। আপনি উৎপাদন বৃদ্ধি করতে চাইছেন নতুন নতুন প্রযুক্তি ব্যবহার করে। আমাদের এই বাংলায় যদি আরো উৎপাদন বাড়ে তাহলে নিশ্চয় আপনি ধন্যবাদ পাওয়ার যোগ্য হবেন এবং একথা অস্বীকার করার কোনো উপায় নেই। ভারত সরকারের বিভিন্ন রিপোর্টে তারা কৃষি বিপ্লব, সবুজ বিপ্লবের কথা বলেছেন, সুতরাং এটা নতুন বিষয় নয়। আমি আপনাকে এ কথা বলতে চাই, পশ্চিমবাংলাতে দুই মাসের যে অন্তর্বর্তী বাজেট পেশ করেছেন, এই বাজেট আমি সমর্থন করছি না আবার বিরোধিতাও করছি না। কারণ এটা পূর্ণ বাজেট নয়। তাই বলার সময় এক্ষুণি আসেনি। যখন পূর্ণাঙ্গ বাজেট পেশ করবেন, তখন এই বিষয়ে বিস্তারিত বক্তব্য রাখব। আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী দুলাল মুর্মু : মাননীয়া উপাধ্যক্ষ মহোদয়া, মাননীয় ডঃ অমিত মিত্র মহাশয় যে Vote on account পেশ করেছেন সেটাকে আমি মনে করি অত্যন্ত বিজ্ঞানসম্মত এবং আমি ওনাকে আমার পক্ষ থেকে হার্দিক শ্রদ্ধা, সেলাম জানাই। বিরোধীরা যে কিছুক্ষণ আগেও এই বই সম্বন্ধে যে বক্তব্যগুলি রাখলেন, ওনারা বললেন ওই বইয়ের মধ্যে যদি কিছু সংখ্যাতত্ত্ব থাকত তাহলে নাকি বুঝতে সুবিধা হত। আমি বলব ম্যাডাম, ওনারা ৩৪ বছর যে খুন-খারাপি এবং মানুষকে গলা টিপে শেষ করে রাজনৈতিক জীবন চালিয়েছেন তাতে ওনাদের সংখ্যাতত্ত্ব বুঝতে অসুবিধা হত। শেষে আপনাকে বলত আমাদের জন্য একটা গণিতের শিক্ষক নিয়োগ করুন। ভাবা যায় ! আমি মনে করি, ইংরাজিতে পণ্ডিত বুঝে নতুন করে এই বই সম্বন্ধে পর্যালোচনা করা তাদের কাছে দরকার ছিল। আমার যে বিধানসভা কেন্দ্র ওড়িশা-ঝাড়খণ্ড বেঙ্গল বর্ডার। ঝাড়খণ্ডে পূর্ব সিংভূম, ওড়িশার ময়ূরভঞ্জ ডিস্ট্রিক্ট, বালেশ্বর ডিস্ট্রিক্ট এবং সেই সীমানায় আমার বিধানসভা কেন্দ্র অবস্থিত। আমি বলব ম্যাডাম, আমার বিধানসভা কেন্দ্রের নাম নয়াগ্রাম বিধানসভা কেন্দ্র। হাঁড়িসুদ্ধু ভাতকে বোঝার দরকার নেই, পুরো হাঁড়ির ভাত টেপার দরকার নেই। হাঁড়ির একটা ভাত টিপলে পরিষ্কার বোঝা যাবে হাঁড়ির ভাত সেদ্ধ হয়েছে কিনা। আমার নয়াগ্রাম বিধানসভা কেন্দ্রে আর্থ-সামাজিক

পরিকাঠামো ৩৪ বছরে যে জায়গায় গিয়ে দাঁড়িয়েছে মানুষ আজকে সেই নয়াগ্রামের মধ্যে একটা আমলাশোলে নয়, হাজার হাজার আমলাশোল আছে। আর্থ-সামাজিক পরিকাঠামোতে স্বচ্ছল আনতে প্ল্যানিং দরকার, যে প্ল্যানিং আমাদের মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র পেশ করছেন সেই প্ল্যানিংয়ের মধ্যে অবস্থিত। এখানে পরিষ্কার বলা আছে জঙ্গলমহলের কথা। জঙ্গলমহলের মধ্যে আলাদা করে কোনো সংখ্যাতত্ত্ব দেবার দরকার নেই। তার মধ্যে সমস্ত প্রজেক্ট, সমস্ত আর্থ-সামাজিক পরিকাঠামোর কথা কিন্তু পরিষ্কারভাবে বোঝানো আছে। বামফ্রন্ট ৩৪ বছরে সেখানকার মানুষের জীবনযাত্রা যে স্তব্ধ করে দিয়েছে আমি তো পাশের রাজ্য ওড়িশাতে দেখছি। ওড়িশার সুড়িয়াপাড়া রোডে তাতে যে কৃষি হয়েছে, সেখানে যে Mini deep tubewell, বিভিন্ন প্রজেক্টগুলির পাশে ঝাড়খণ্ড রাজ্য, সুবর্ণরেখা প্রজেক্ট, চান্ডিল প্রজেক্ট, সেটাকে নিয়ে এসে কীভাবে কৃষি বিপ্লব হয়েছে। তাদের উচিত ছিল ওড়িশাতে গিয়ে ঘুরে আসা। শুধু মুখে বড়ো বড়ো ভাষণ দিলেই শেষ কথা হবে না, বাস্তবকে বিচার করতে হবে, বাস্তবকে দেখতে হবে। সেই জন্য আমাদের সরকারের নাম মা-মাটি-মানুষ সরকার। এটাকে বুঝতে হবে। আপনাদের বন্দনা করার দরকার নেই, এ সি ঘরে বসলে—৩৪ বছর এ সি ঘরে আপনারা বসেছেন, তাই মানুষের সঙ্গে সংযোগ রাখেননি। শুধু অর্থনৈতিক কথা বলে মানুষের জীবনযাত্রাকে যদি পাল্টানো যায় বিভিন্ন প্রজেক্টে, আমাদের সরকার তা অবশ্যই বাস্তবায়িত করবে, অবশ্যই বাস্তবায়িত করবে, আপনারা শুধু কয়েক মাস অপেক্ষা করুন, ধৈর্য রাখুন, সময় বলবে দেশে উন্নয়ন হচ্ছে। এখানে উল্লেখ আছে যে, গ্রামীণ রাষ্ট্রীয় পানীয় জল প্রকল্প। অবশ্যই জঙ্গলমহলের মানুষগুলো পানীয় জলের জন্য হাহাকার করছে, তারা হাহাকার করছে। আমরা কোন রাজ্যে বসবাস করি আপনারা সেটা পরিষ্কার বলতে পারেন। পশ্চিমবঙ্গে বসবাসকারী জঙ্গলমহলে এমন গ্রাম আছে, যেখানে ওড়িশা থেকে জল আনতে হয়। এটা এতদিন আপনারা লক্ষ্য করেননি। এগুলো খোঁজ নেওয়ার দরকার ছিল। আমি সম্মান দিয়ে ম্যাডাম আপনাকে বলব, ৩৪ বছরের যে কলুষিত জীবন, এটা যাতে আমাদের মা-মাটি-মানুষ সরকার, আমাদের নেত্রী এবং পশ্চিমবাংলার যে জননেত্রী মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী যাতে এই সমস্ত বাজেটকে বাস্তবায়িত করেন এই বলে আমার বক্তব্য শেষ করলাম।

[1.20—1.27 p.m.]

শ্রী আনন্দময় মণ্ডল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়া, মাননীয় অর্থমন্ত্রী যে ভোট অন অ্যাকাউন্ট পেশ করেছেন, সেটা দিশাহীন এবং ধোঁয়াশাপূর্ণ বলে আমার মনে হয়েছে। কারণ এই বিবরণীতে তিনি কোনোরূপ আর্থিক বিবরণী পেশ করেননি, কোন খাতে কত টাকা বরাদ্দ হয়েছে এবং কোন খাতে কত আয় হবে—এই সব তার যে ভোট অন অ্যাকাউন্ট তার মধ্যে বলা নেই। তিনি সুন্দরবন উন্নয়নের কথা বলেছেন। আমি বলতে চাই যে, সেটা খুব ভালো। সুন্দরবন উন্নয়ন পর্ষদ আছে, কিন্তু সুন্দরবনের যে সমস্যা, সেই

সমস্যাকে জাতীয় সমস্যা হিসাবে গণ্য করতে হবে। অনেক বিষয়ে কেন্দ্রের সঙ্গে মাননীয়া মুখ্যমন্ত্রী কথা বলবেন—এরকম বলা হয়েছে এই ভোট অন অ্যাকাউন্টে। আমি বলতে চাই যে, সুন্দরবনের সমস্যাকে জাতীয় সমস্যা হিসাবে গণ্য করার ব্যাপারে তিনি আশা করি কেন্দ্রের সরকারের সঙ্গে কথা বলবেন। বলা হয়েছে যে, ৫৬ হাজার কল-কারখানা বন্ধ। এটা যে শিল্পনীতি আমাদের দেশে, শুধু পশ্চিমবঙ্গ সরকারের কারণে নয়, শিল্পনীতি এর জন্য অনেকাংশে দায়ী। কিন্তু একটা কথা বলা উচিত, এই কথা বলে বামফ্রন্ট সরকারের সমালোচনা করা হয়েছে। আমি যেটা বলতে চাই সেটা হচ্ছে, বামফ্রন্ট সরকারের আমলে রুগ্‌ণতা কাটিয়ে ২৭ হাজার শিল্প নতুন পথে এগিয়েছে—ছোট শিল্প এবং ২৭ লক্ষ ক্ষুদ্র শিল্পে ৫৫ লক্ষ মানুষ কাজ করছেন আর ক্ষুদ্র শিল্পের সংখ্যায় এই রাজ্যের স্থান প্রথম—সর্বশেষ জাতীয় নমুনা সমীক্ষায় এই রিপোর্ট বেরিয়েছে। ৩৮ লক্ষ অসংগঠিত শ্রমিক, তাঁরা ভবিষ্যনিধি প্রকল্পের আওতায় এসেছেন এবং ১৪ লক্ষ ৭০ হাজার স্বনির্ভর গোষ্ঠী গড়ে উঠেছে। এই প্রতিবেদনে কৃষি বিপ্লবের কথা বলা হয়েছে। আমি বলতে চাই, কৃষিতে পশ্চিমবাংলায় অনেক অগ্রগতি ঘটেছে। ১৯৭৭ সালে যেখানে ৩২ শতাংশ সেচসেবিত জমি ছিল, বর্তমানে সেচসেবিত জমির পরিমাণ ৭২ শতাংশ। খাদ্যের উৎপাদন বেড়েছে এবং আটা, ভুট্টা, মাইলো খাওয়ার দিন শেষ হয়ে গেছে। আমি চাই এর পরেও কৃষির উৎপাদন আরও বাড়ুক বলা হচ্ছে রাজ্য ঋণে ডুবে গিয়েছে। কিন্তু আমাদের রাজ্য পশ্চিমবঙ্গ শুধু নয়, দেখা যাবে উত্তরপ্রদেশ তাদের ঋণ রিজার্ভ ব্যাংকের তথ্য অনুসারে ২ লক্ষ ৩৯ হাজার কোটি টাকা। এমনকি কেন্দ্রীয় সরকারের ঋণ ৩৯ হাজার লক্ষ কোটি টাকা। সুতরাং এই কথা বলে পশ্চিমবঙ্গ সরকারের ঘাড়ে যে দোষ চাপানো হচ্ছে সেটা ঠিক নয়। বলা হচ্ছে প্রায় এক কোটি বেকার। এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের নথিভুক্ত যে বেকার, সেখানে রয়েছে প্রায় ৬৬ লক্ষের কাছাকাছি। আর জাতীয় নমুনা সমীক্ষায় বলা হচ্ছে, বেকারের সংখ্যা প্রায় ৪০ লক্ষের কাছাকাছি। সুতরাং এক কোটির যে হিসাবটা এসেছে সেটা মনে হয় ঠিক হিসেব আসেনি। আমি বলতে চাইছি, রাজ্যের আর্থিক অবস্থা অনেক ভালো হবে কেন্দ্রের কাছে যে ৫ হাজার কোটি টাকা পাওনা পড়ে রয়েছে, যদি সেই টাকা আদায় করা যায় তাহলে নিশ্চয়ই রাজ্যের উন্নয়নের খাতে সেই টাকা লাগবে। আশা করব, বর্তমান সরকার সেই টাকা আদায়ের ব্যাপারে উদ্যোগী হবে। কিছু স্কুলে মিডডে মিল চলছে না বা রান্নার ঘর নেই বলা হয়েছে এবং বলা হয়েছে স্যানিটেশন ব্যবস্থা নেই ও তার জন্য নাকি ড্রপ আউট বেড়েছে ! কিন্তু জাতীয় নমুনা সমীক্ষা বলছে যে, প্রাথমিক স্কুলে ৯৯ পার্সেন্ট বিদ্যালয়ে যায় এবং ৯৬ পার্সেন্ট দুপুরের খাওয়ার পায়। বর্তমানে স্কুলছুট ২ পার্সেন্টের কম এবং মাধ্যমিক স্তরে স্কুলছুট ৬ পার্সেন্টের কম। সুতরাং যে তথ্য হাজির করা হয়েছে সেটা অত্যন্ত একপেসে। আমি মনে করি, এই যে ভোট অন অ্যাকাউন্ট সেটা দিশাহীন এবং ধোঁয়াশাচ্ছন্ন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

(At this stage the House was adjourned till 2.15 p.pm.)

[2.15—2.30 p.m.]

After Recess

শ্রী অসিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, রাজ্যের অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র ২০১১-১২ সালের যে বাজেট বিবৃতি দিয়েছেন তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য রাখছি।

আমার আগে কিছু কিছু বক্তা পেট্রোল, ডিজেল, রান্নার গ্যাসের দাম বৃদ্ধির কথা বললেন। আমরা জানি এতে কনজিউমার বা ক্রেতাদের খুবই অসুবিধা হবে। কিন্তু এছাড়া কেন্দ্রীয় সরকারের কিছু করার উপায় ছিল না। হিসাব করলে দেখা যাবে ২৬-০৬-২০১০ পর্যন্ত পার ব্যারেলের দাম যেখানে ছিল ৯৮.৭০ মার্কিন ডলার, সেখানে ২৫-০৬-২০১১-তে ১১৩ মার্কিন ডলারে পৌঁছে গেছে। এমতাবস্থায় দাম বাড়ানো ছাড়া আর কোনো উপায় ছিল না। আপনাদের বলছি, আন্তর্জাতিক মন্দার সময়ও শ্রদ্ধেয় ডঃ মনমোহন সিং এবং প্রণবকুমার মুখোপাধ্যায়ের নেতৃত্বে যে অর্থনীতি ভারতকে সচল রেখেছিল এখনও সেই পথেই চলছে। স্যার, একটা কথা বলি, তা সত্ত্বেও পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায় একটা যুগান্তকারী অধ্যায় সৃষ্টি করেছেন যে, তিনি সেস তুলে দিয়েছেন, সেই জন্য তাঁকে আমি এবং আমার দলের পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ জানাই। আপনারা বলতেন সেস তুলে দেবেন, কিন্তু কোনোদিন সেস তোলেননি। আমি এই বিধানসভায় ১১ বছর আছি। উদাহরণস্বরূপ বলছি, প্রাক্তন অর্থমন্ত্রী বলতেন কয়লার রয়্যালটি আমাদের দিতে হবে। সেস-ও চলবে, রয়্যালটিও চলবে। কেন্দ্রীয় সরকার বারবার বলেছিল, হয় সেস নাও না হলে রয়্যালটি নাও। আর আপনারা বলেছেন সেস-ও চলতে দিতে হবে, রয়্যালটিও চলতে দিতে হবে। আর এখন 'সেস-ও চাই, রয়্যালটিও চাই' এ থেকে অনেক দূরে এসে এই সরকার ঘোষণা করেছে—যে সরকারের শরিক আমরাও, কংগ্রেস—No question of royalty, but cess—we are going to withdraw cess on any petroleum products. এর থেকে বড়ো আনন্দের কথা স্যার আর কিছু হতে পারে না। একজন বলেছিলেন, এই ১৬ টাকা কমিয়ে কি হবে ? আপনারা তো ২ টাকা কমিয়েও পথ দেখাতে পারেননি, সেখানে ১৬ টাকাও অনেক বেশি। স্যার, আমার একজন পোস্ট মাস্টারমশাইয়ের কথা মনে পড়ে, বাগনানের, তার নাম মহিম ঘোষাল। আগে যখন তার পোস্ট অফিসটা নতুন হয়েছিল তখন তার অনেক বিক্রি হত, পোস্টকার্ড, মানি অর্ডার ফর্ম ইত্যাদি, ইত্যাদি। পরবর্তীকালে একটা জোনাল পোস্ট অফিস হওয়ার পরে তার আর বিক্রি হত না। তিনি যখন সকালবেলায় আসতেন নিজের পয়সায় চা খেতেন, তারপরে যখন চলে যেতেন তখন অ্যাকাউন্টটা এইভাবে তৈরি করতেন ডেবিট নিল, ক্রেডিট নিল, ব্যালেন্স সীট নিল। স্যার, প্রাক্তন অর্থমন্ত্রী সম্পর্কে আমার কিছু বলার নেই। ওঁর ক্রেডিট আছে, ডেবিট নেই তবুও ব্যালেন্স সীট নিল। মিঃ জিরো ফিনান্স মিনিস্টার। অলওয়েজ তাঁর ব্যালেন্স সীট হচ্ছে জিরো। এর বাইরে আমার কিছু বলার নেই। আমি স্যার, খুব অল্প সময়ের মধ্যে আপনাদের কাছে একটা কথা বলব। যাঁরা বলেন আর্থিক দায়। বিভিন্ন সময়ে কত ছিল আর্থিক দায় ? আমি অন্য কোনো সালে

যাচ্ছি না। অন্ধ্রপ্রদেশ যার আর্থিক দায়িত্ব ছিল ২০১০ সালে ১ লক্ষ ২৭ হাজার ৫৮১ কোটি টাকা। গুজরাটের ছিল ১ লক্ষ ২০ হাজার, কেরালার ছিল ৭০ হাজার আর পশ্চিমবাংলার ছিল ! এখানকার যাঁরা সদস্য অনেকে মন্ত্রী ছিলেন পশ্চিমবাংলার ছিল যেখানে অন্ধ্র আর পশ্চিমবাংলাকে এক সঙ্গে তুলনা করা হয়, কারণটা কি ? জনসংখ্যা প্রায় এক, সিডিউলড কাস্ট পপুলেশন প্রায় এক এবং ট্রাইবাল পপুলেশন প্রায় এক। সেই জায়গায় দাঁড়িয়ে যেখানে অন্ধ্রে এক লক্ষ সাতাশ হাজার পাঁচশো একাশি কোটি টাকা, সেখানে পশ্চিমবাংলার দায় ১ লক্ষ ৬৮ হাজার ৬৮৪ কোটি টাকা। দায়টা কে নেবে ? মমতা ব্যানার্জী নেবে ? নিশ্চয় নেবে। অ্যান্ড দিস ইজ এ সিস্টেম অব এনি পার্লামেন্টারি ডেমোক্রেটিক গভর্নমেন্ট। নিশ্চয়ই নিতে হবে তাঁকে। অমিতবাবুদের তাই চলতে দিতে হবে। স্যার, আমি আপনাকে আর একটা কথা বলছি যে, এই জায়গায় দাঁড়িয়ে আমি আপনাদের জাস্ট দুটো-একটা উদাহরণ দেব। সেটা হল, দেখতে পাবেন যে মানসবাবুকে অনেকে প্রশ্ন করছিলেন যে মানসবাবু আপনি বাঁধ বাঁধুন ইত্যাদি করুন। একে ইকনমিক টার্মসে কি বলে ? এখানে ইকনমিক টার্মসে বলে অপারেশন অ্যান্ড মেনটেন্যান্স। সূর্যবাবুরা আছেন। অপারেশন অ্যান্ড মেনটেন্যান্সে আপনাদের অবস্থা, আপনি তো নিজেও জানেন, আপনি নারায়ণগড়ে প্রতিদ্বন্দ্বিতা করেন আপনাদের যাঁরা গ্রামে আছেন তাঁরা জানেন, সুভাষবাবু এখানে নেই, বারবার টাকা চেয়েও তিনি টাকা পাননি, যখনই বলতে গেছি। কি রকম খরচ ? যেখানে অন্ধ্রে অপারেশন অ্যান্ড মেনটেন্যান্সে খরচ হয়েছে ২০০৮-০৯-এ ৯ হাজার ৫২ কোটি টাকা সেখানে পশ্চিমবাংলায় খরচ হয়েছে ১ হাজার ১৬৩ কোটি টাকা। বাঁধ বাঁধা হবে ? পাখা চলবে ? আলো জ্বলবে ? স্কুল সারানো হবে ? কোনোটার কোনো উপায় ছিল না। তাই এই সরকার এই জায়গায় এসে দাঁড়িয়েছে। স্যার, উন্নয়ন খাতে ব্যয়। আপনি দেখুন পরিকল্পনা খাতে ব্যয়। সারা ভারতবর্ষের মধ্যে সবচেয়ে লোয়েস্ট জায়গায় হচ্ছি আমরা—পশ্চিমবাংলা। কোন জায়গায় দাঁড়িয়ে আছি ! পরিকল্পনা খাতে ব্যয় হচ্ছে অন্ধ্রপ্রদেশ—২০০৮-০৯ সালে ৩৬ হাজার ১৮৮ কোটি টাকা, সেখানে পরিকল্পনা খাতে আমাদের হচ্ছে ১১ হাজার ৬০২ কোটি টাকা। এই হচ্ছে আমাদের অবস্থা। স্যার, আমি আপনার কাছে শুধু এইটুকু বলতে চাই, অমিতবাবু পানীয় জল সরবরাহ থেকে শুরু করে, জঙ্গলমহলে খাবার দেওয়া থেকে শুরু করে যে সমস্ত আমাদের আগামীদিনের অ্যাজেন্ডা যেগুলো এনেছেন, আমি তাকে ভীষণভাবে সমর্থন করছি। অমিতবাবু শিক্ষা ব্যবস্থা সম্পর্কে আপনাকে সচেতন হতে হবে। অন্য কোনো কথা বলব না। শিক্ষাতে আমরা গ্রসে ৩০-এর উপরে চলে গেছি। শিক্ষাতে আমরা এগিয়েছি কোথায় জানেন ? প্রাইভেট টিউশনে। প্রাইভেট টিউশনে কত ? না, সারা ভারতবর্ষে আমরা প্রথম ৭১%। ৭১% স্টুডেন্ট। এইরকম অনেক আছে। আমি সেই কথা বলব না। আমি শুধু আপনাকে বলব আপনি শুধু একটা কাজ করুন। আমাদের নেত্রী অথবা মুখ্যমন্ত্রী তাঁর সাথে কথা বলে একটা জিনিস করুন, চারটে স্টেট যেভাবে এগোচ্ছে অর্থাৎ শুধু যাঁরা সরকারি আমলা তাঁরা নয়, শুধু যাঁরা সরকারি অনুমোদনপ্রাপ্ত ভাইস চ্যান্সেলর তাঁদের নয়, আমি বলছি বেসরকারি অনেক শিক্ষক আছেন, শিক্ষাবিদ আছেন যাঁরা সহযোগিতা করলে আপনারা এগিয়ে চলতে পারবেন। গুজরাট যেমন করে এগিয়েছে, পাঞ্জাব যেমন করে

এগিয়েছে, ওড়িশা যেমন করে এগিয়েছে। আপনি কবিতা দিয়ে শুরু করেছেন, কবিতা দিয়ে শেষ করেছেন। আমি শুধু এই কবিতাটুকু বলতে চাই, 'বিধি যেদিন ক্ষান্ত দিলেন সৃষ্টি করার কাজে, নতুন তারা উঠল ফুটে নীল আকাশের মাঝে'। স্যার, আজকে যদি রবীন্দ্রনাথ থাকতেন অথবা তাঁর সমসাময়িক কোনো ছেলে তাঁরা লিখতেন, স্যার, আমি বলছি, 'দানব যেদিন ক্ষান্ত দিলেন—বিধি নয়, দানব যেদিন ক্ষান্ত দিলেন সৃষ্টি করার কাজে, নতুন তারা উঠল ফুটে বিধানসভার মাঝে'। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী এস এম সাদি : সম্মানীয় স্পীকার স্যার, গত ২৪শে জুন আমাদের মাননীয় অর্থমন্ত্রী মহাশয় এই হাউসে ভোট অন অ্যাকাউন্টস যে বিবৃতি পেশ করেছেন, তার উপরে আমার কিছু আলোচনা, কিছু মতামত এই সভাতে রাখতে চাই। এখন ৩৪ বছর পরে নতুন পরিস্থিতিতে এই ধরনের আলোচনা হচ্ছে। বিগত দিনেও বাজেট অধিবেশনের উপরে আলোচনা হয়েছে। সরকার পক্ষ আলোচনা করেছেন এবং বিরোধী পক্ষরাও আলোচনা করেছেন। এটা গণতান্ত্রিক ব্যবস্থা। এবারের বৈশিষ্ট্যটা হচ্ছে যাঁরা বাজেট বিবৃতি এই সভাতে উত্থাপন করেছেন তাঁরা কেন্দ্রেও আছেন। এই ৩৪ বছর ধরে পশ্চিমবাংলার বামপন্থীরা একটা বিকল্প নীতি নিয়ে চলেছিল। এবারে যাঁরা সরকার পরিচালনা করছেন, তাঁদের সুবিধা যে দিল্লিতে যাঁরা সরকার পরিচালনা করছেন, রাজ্যে যাঁরা আছেন একমুখী। অসুবিধার কিছু নেই। আমাদের রাজ্যের উন্নয়নের ক্ষেত্রে, পরিকল্পনা গ্রহণের ক্ষেত্রে বাড়তি ব্যয়-বরাদ্দ করার ক্ষেত্রে, ঋণ আদায়ের ক্ষেত্রে একটা সুবিধা আছে। স্বভাবতই আমাদেরকে কি দিশার মধ্যে আমরা নিয়ে যাব। আগামীদিনে রাজ্যে দিশাটা কি হবে। মাননীয় অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্রের সাড়ে ৬ পাতার যে বিবৃতি এই হাউসে উপস্থাপিত হয়েছে, আমার অন্তত মনে হয়েছে যে সম্পূর্ণ দিশা, সেই দিশার ক্ষেত্রে কিছুটা খণ্ডিত ভাবনা আছে, কিছু অসম্পূর্ণতা আছে। একটা রাজ্য সরকারের বাজেট বিবৃতি নিয়ে আলোচনা হচ্ছে। স্বভাবতই সারা দেশের যে পরিপ্রেক্ষিত, সারা দেশের যে অর্থনৈতিক পরিপ্রেক্ষিত, সেই অর্থনৈতিক পরিপ্রেক্ষিতের বাইরে আমরা কখনও আলোচনা করতে পারি না। স্যার, আপনার মাধ্যমে এই মুহূর্তে গোটা দেশের যে গুরুত্বপূর্ণ বিষয়গুলি রয়েছে, সেই বিষয়গুলি সভার কাছে রাখতে চাই, মাননীয় অর্থমন্ত্রীর কাছে রাখতে চাই। শিল্প বিনিয়োগে বলা হচ্ছে খুচরা ব্যবসায় বিদেশি বিনিয়োগ হবে, ডাইরেক্ট ইনভেস্টমেন্ট হবে। অবস্থান কি ? রাজ্যের ক্ষেত্রে আমরা কি অবস্থান গ্রহণ করব, আমাদের পরিকল্পনা কি ? আমরা কি অবস্থান গ্রহণ করব। প্রায় মাল্টি ব্যাংক সব ক্ষেত্রেই তারা আসবে। আমাদের রাজ্যের কত মানুষ এর জন্য আক্রান্ত হবে ? প্রায় কোটির উপরে মানুষ আক্রান্ত হবে। এটা আলোচনায় থাকা দরকার। এটাও তো বিকল্প অর্থনীতিতে আমরা ৩৪ বছর ধরে বলেছিলাম। এগুলিকে এড়িয়ে গিয়ে রাজ্যের যে সীমাবদ্ধতা আছে, তার মধ্যে দাঁড়িয়ে আমরা যদি আলোকপাত করতে চাই, আমার মনে হয় আগামীদিনে আমরা ভুল করব। আপনারা ৯ দফার বাজেট বিবৃতি রেখেছেন। আমাদের সামাজিক জীবনের, অর্থনৈতিক জীবনের গুরুত্বপূর্ণ বিষয়গুলি রয়েছে, সেখানে আপনারা ব্যয়-বরাদ্দ ঘোষণা করেছেন। তা যদিও আলোচনাতে এসেছে। কোন ক্ষেত্রে কত বরাদ্দ হল, কত বৃদ্ধি হল, তার নীতিটা কি হবে, অভিমুখ কি

হবে, তা যদি একটা সিনোপসিস আকারে এই বইয়ের সঙ্গে যদি থাকত, তাহলে বোধহয় সম্মানীয় বিধায়কদের আগামীদিনে বুঝতে সুবিধা হত ডকুমেন্টস হিসাবে। সেটা আমাদের কাজে লাগত। আলোচনাতে এসেছে। মাননীয় স্পীকার স্যার, সামাজিক সুরক্ষা কি হবে আপনার রিপোর্টে আছে। অসংগঠিত ক্ষেত্রে ব্যবসায়ীদের কথা আছে। কিন্তু বিগত ৩৪ বছরের পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকার এর অসংগঠিত ক্ষেত্রে যে শ্রমজীবী মানুষ আমাদের রাজ্যের ক্ষেত্রে তাদের যে সামাজিক সুরক্ষার বিষয়গুলি আছে, বামফ্রন্টের সময়কালে প্রায় সাড়ে ৩৮ লক্ষ নির্মাণ শ্রমিক থেকে শুরু করে, পরিবহন শ্রমিক থেকে শুরু করে, গতরে খাটা শ্রমজীবী মানুষ তাদেরকে সামাজিক আওতাভুক্ত করার যে প্রকল্প, যে পরিকল্পনাগুলি ছিল, আশা করি নিশ্চয় যখন সম্পূর্ণ বাজেট অধিবেশন হবে তখন আলোচনা হবে। কিন্তু কোনো দিশা নেই।

[2.30—2.40 p.m.]

সেই জন্য আমরা বলতে চাইছি এগুলোকে নির্দিষ্টভাবে বলতে হবে। এ তো ঠিকই, অনেক তো সুবিধা। সেখানে বরাদ্দের ক্ষেত্রে ব্যয়-বরাদ্দ বাড়বে, আপনাদের কাছে 'আলাদীনের প্রদীপ' আছে। দিল্লি আচ্ছেন, টাকা নিয়ে আসছেন—অসুবিধার কেছু নেই। দিল্লিতে আছেন, রাজ্যে আছেন, অসুবিধার কি আছে ? এই যে পেট্রোল-ডিজেলের দাম বাড়ল, গ্যাসের দাম বাড়ল—হ্যাঁ, আপনারা ভর্তুকি দিয়েছেন। কখনো বলছেন বিক্রয়কর ছাড়, কখনো বলছেন সেস ভালো। কিন্তু কি হল ? আমরা যা দেখছি—এ তো চৈত্র মাসের সেল হচ্ছে। ঘরে বসে জিনিসপত্রের দাম বাড়াচ্ছেন, আর বাইরে এসে কিছু কমিয়ে দিচ্ছেন। যখন বাড়ানো হল, তখন কি ভূমিকা ? একসঙ্গে তো জোট সরকার পরিচালনা করছেন। সারের ক্ষেত্রে কি হবে ? ডিজেলের ক্ষেত্রে কি হবে ? মা-মাটি-মানুষের সরকার। কৃষকদের স্বার্থের কথা বলছেন। কৃষকের ওপর থেকে ভর্তুকি কমে যাচ্ছে। আমদানি নীতি করা হচ্ছে বিদেশ থেকে। আমাদের পাটচাষীরা আক্রান্ত। বিদেশ থেকে সিন্থেটিক সমস্ত ব্যাগ আমদানি করা হচ্ছে। আমাদের দেশের কৃষক আক্রান্ত। সারের দাম বাড়ছে। ডিজেলের দাম বেড়ে যাবে। এটা আমরা অস্বীকার করতে পারি ? মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীর কাছে জানতে চাই যে, ডিজেলের যে দাম বাড়ল, সেই ডিজেলের দাম বাড়ার ফলে আমাদের রাজ্যের অর্থনীতিতে কোনো প্রভাব পড়বে না ? আপনার মাধ্যমে মাননীয় স্পীকার স্যার জানতে চাই, যেভাবে জিনিসের দাম বাড়ছে, আমাদের দেশের অর্থবিদেরা বলছেন, এই যে ডিজেলের দাম বেড়ে গেল, এর মধ্যে দিয়ে শতকরা ১০ শতাংশ মূল্যবৃদ্ধি ঘটবে। কি আছে ? বাজেট বিবৃতিতে কোনো বিবৃতি আছে ? অর্থমন্ত্রী পরিষ্কার করে বলবেন। আমরা তো বলেছি শুরু থেকে যে, আপনারা করুন না কাজ। আমরা তো নীতিগতভাবে আপনাদেরকে সমর্থন করেছি বিভিন্ন বিষয়ে। বিলের সম্পর্কে সুস্পষ্ট দেখে, এই সংখ্যা সম্পর্কে সরকারের সুস্পষ্ট বক্তব্য কি ? আপনাদের সুস্পষ্ট বক্তব্য কি ? কারণ এটা আমাদের সম্মানীয় সভা। আমাদের কথা, আমাদের আলোচনা, আমাদের বিতর্ক, আমাদের তথ্য, আমাদের যুক্তি—আমাদের দেশের আমজনতা জানতে চায়। স্বভাবত এই বিষয়গুলোকে

আমি মনে করব মাননীয় স্পীকার স্যার, মাননীয় অর্থমন্ত্রী তাঁর সাড়ে ছ'পাতার যে বিবৃতি দিয়েছেন, তিনি অভিজ্ঞ, অর্থনীতির বিষয়ে পণ্ডিত ব্যক্তি তিনি। স্বভাবত এই বিষয়গুলোকে আমাদের মনে হয়েছে অস্পষ্টতা আছে। সেখানে সুস্পষ্ট, কংক্রিট একটা সাজেশন, নির্দিষ্ট একটা সাজেশন রাখা চাই। উনি বলেছেন এখানে, এই রিপোর্টের মধ্যে উল্লিখিত রয়েছে—সেখানে উনি বলেছেন ৯ দফা। সেই ৯ দফাতে যে কথা বলেছেন, সেখানে উল্লেখ আছে, আমরা বলেছি ভালো, আমরা দেখব। নিশ্চয়ই এই ক্ষেত্রে যে ব্যয়-বরাদ্দ, তার যে ফল, নিশ্চয়ই আমাদের রাজ্যবাসী পাবে। সেখানে একটা জায়গায় বলা হয়েছে দেখবেন, এখানে লেখা রয়েছে 'দারিদ্র্যসীমার নীচে'। এটা নীতিগত প্রশ্ন। এ পি এল, বি পি এল—গরিব মানুষের যে বিভাজন—কেন্দ্রীয় সরকারের যে নীতি—আমরা মানছি তো। হাউসে বসে হয়তো আমরা সবাই বলব, কিন্তু এলাকায় গিয়ে ? মানুষের মধ্যে দিয়ে গরিব মানুষ বিভাজিত। একটা টাকার পার্থক্যের মধ্যে দিয়ে কেউ এ পি এল, কেউ বি পি এল। আজকে মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে বলতে চাই যে, আমরা যে কথা বলেছি এ পি এল, বি পি এল নয়। সব গরিব মানুষের কাছে চাল, ডাল, আটা, ঔষধ, কেরোসিন তেল ভর্তুকি দিয়ে সরবরাহ করতে হবে। আপনারা আছেন। এই বিষয় নিয়ে গোটা রাজ্যের মানুষের কথা ....(গোলমাল).... ভারতবর্ষের পাবলিক গণবণ্টন ব্যবস্থা, ভারতবর্ষের ....(গোলমাল).... এটাই তো বিকল্প নীতি ....(গোলমাল).... সম্মানীয় বিগত অর্থমন্ত্রী এই বিকল্প নীতি ....(গোলমাল).... এই বিকল্প নীতি নিয়ে আমাদের চলতে হবে। অসুবিধা কি আছে ? আমরা যাঁরা নিজের নিজের বিধানসভা এলাকা থেকে নির্বাচিত প্রতিনিধি, এখানে সব গরিব মানুষ যদি পাবলিক ডিস্ট্রিবিউশন সিস্টেমের মধ্যে দিয়ে, রেশনিং ব্যবস্থার মধ্যে দিয়ে ভর্তুকি দেওয়ার মধ্যে দিয়ে যদি হয়, তারা যদি রেশন ব্যবস্থার মধ্যে দিয়ে চাল, গম, চিনি, কেরোসিন তেল পায়—কার অসুবিধা আছে ? এটা কোনো রাজনৈতিক বিভাজন নয়, এ তো নীতিগত প্রশ্ন। ....(হইচই).... মাননীয় স্পীকার স্যার, আমি বলতে চাই আমাদের রাজ্যের তাঁত শিল্প, আমাদের নবদ্বীপ, আমাদের শান্তিপুর, আমাদের ধনেখালি, আমাদের ফুলিয়া গোটা রাজ্য জুড়ে যে তাঁত চাষীরা, তাঁরা সঙ্কটের মুখে। কেন্দ্রীয় সরকার ১০% সেস বাড়িয়ে দিয়েছেন। সেই সেস বাড়ার ফলে আমাদের রাজ্যের তাঁত শিল্প আজকে আক্রান্ত। কি করে আমরা রক্ষা করব ? এ তো শুধু বামপন্থীদের নয়, এ তো শুধু তৃণমূল কংগ্রেসের ব্যাপার নয়, এ তো শুধু কংগ্রেসের ব্যাপার নয়। আমাদের রাজ্যের মানুষ, আমাদের তন্তুজীবীরা তাদের উপরে বর্ধিত ১০% যে সেস, সুতোর কোনো নীতি নেই, আবার আমদানির নীতির ফলে বিদেশ থেকে সমস্ত কাপড় আসছে। মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীর কাছে আবেদন করব, এই যে অবহেলিত, এই যে দুর্দশাগ্রস্ত এই তন্তুজীবীরা তাদের স্বার্থ রক্ষা করবার ক্ষেত্রে নিশ্চয়ই আমাদের বিবেচনা করতে হবে। কিন্তু সাড়ে ৬ পাতার যে বিবৃতি সেই বিবৃতির মধ্যে এই ব্যাপারে সুস্পষ্ট কোনো উল্লেখ নেই। আমাদের বার্ধক্য ভাতা, বিধবা ভাতা আরও বাড়িয়ে দিন। বরাদ্দ বাড়ান, আরও বাড়ানো দরকার। এটা আমাদের দাবি, এতে আমাদের অসুবিধার কিছু নেই। ভালো কাজে আমরা সমর্থন করব। অসহায় বিধবা তাদের জন্য বাড়ান এটা সমর্থন

করব। কিন্তু এগুলোকে নির্দিষ্টকরণ করতে হবে, এইগুলোকে স্পষ্টতার মধ্যে আনতে হবে, একটা কংক্রিট সাজেশনের আকারে আমরা এটা চাইছি, এগুলোকে বলতে হবে। বন্ধ কল-কারখানার—নির্বাচন আসার আগে কেউ বলছে বন্ধ কলকাতার কল-কারখানার চাবি খুলে দেব, কেউ বলে যে আমরা চাকরি করে দেব। আজকে সারা দেশের কি অবস্থা ? কেন কল-কারখানা বন্ধ ? আমাদের দেশের মাসুল সমীকরণ নীতি, কেন্দ্রীয় সরকারের নীতির ক্ষেত্রে যে পার্থক্য—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলব ১৯৭২ সালের পরিসংখ্যান, আমাদের রাজ্যে কত কল-কারখানা বন্ধ ছিল, সেই সময়কার কমিশনের রিপোর্ট কেন কল-কারখানাগুলো বন্ধ হয়েছিল। কেন্দ্রীয় সরকারের ভ্রান্ত নীতির মধ্যে দিয়ে গোটা ভারতবর্ষের কল-কারখানা—সেই জন্য আমি বলব খুলে দিন, খুলে দিন, কেউ আপত্তি করবে না। যাঁরা আজকে বলছেন কল-কারখানা খুলে দেব। একটা একটা করে কল-কারখানা খুলে দিন। কেউ আপত্তি করছে না। আমরা তো চাই আপনাদের যে প্রতিশ্রুতি ছিল সবার কাছে বলেছেন খুলে দেব। তাহলে খুলুন, আপত্তি তো কেউ করছে না। আমরা তো কোনো আপত্তি করছি না। ভালো কাজে সমর্থন পাবেন, মানুষের সমর্থন পাবেন, মানুষের আশীর্বাদ পাবেন। মাননীয় স্পীকার স্যার, আমি আর দু-একটি বিষয় একটু সময় নেব। ওষুধের দাম ভয়ঙ্করভাবে বেড়ে যাচ্ছে। মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন হাসপাতাল বাড়াবেন। কোথায় বাড়াবেন, বাড়ান। কোনো অসুবিধার কিছু নেই। আমি বলব এই বিষয়গুলি নির্দিষ্ট আকারে আনবেন এটাই হচ্ছে আমার বক্তব্য।

ডাঃ ওমর আলি : (নট প্রেজেন্ট)

Shri Ali Imran Ramz :

Hon'ble speaker and Hon'ble Finance Minister

سب سے پہلے میں کہنا چاہوں گا کہ ایک بات کہی جاتی ہے کہ لفافہ دیکھ کر
مضمون کا پتہ چلتا ہے۔ لیکن افسوس کہ ہمارے Finance Minister نے جو Vote-
on-Account پیش کیا ہے اسکو پورا پڑھنے کے بعد بھی لفافہ اور مضمون کی بات تو
دور رہی اس میں کچھ سمجھ میں نہیں آ رہا ہے کہ وہ کہنا کیا چاہتے ہیں۔ Noise
..... میں جو بولنا چاہ رہا تھا کہ Finance Minister صاحب کے Vote-on-
Account میں جو بات کہی گئی ہے۔ اس میں بولا گیا ہے ۲۲۰۰ کروڑ روپئے جو سٹر
گورنمنٹ سے اسٹیٹ گورنمنٹ کو مل رہا ہے اس سے وہ اسٹیٹ کی ترقی کے لئے وہ
کام کریں گے۔ اس کے لئے میں ان کا تہہ دل سے شکریہ ادا کرتا ہوں کہ اسٹیٹ گورنمنٹ
نے آج ۳۴ سالوں کے بعد پچھم بنگال کی طرف نظر کرم تو کی کہ آج ان کو یہ احساس

ہوا کہ پچھم بنگال بھی ہندوستان کا ایک حصہ ہے اس کو کچھ دینا چاہئے اس لئے
آج اتنی بڑی رقم سے مدد کر رہے ہیں - اس کے لئے میں شکریہ ادا کرنا چاہتا ہوں
اور میں یاد دلانا چاہوں گا کہ آج سے کچھ دن پہلے ہمارے Leader of opposition
صاحب نے اسی ہاؤس میں Hon'ble chief Minister ممتا بنرجی کے سامنے یہ
سوال رکھا تھا کہ ہمارے پچھم بنگال کا Royalty کا ۵۰۰۰ کروڑ روپئے سنٹرل
" " " اس آج بھی ہے جس پر سپریم کورٹ نے یہ رائے بھی دیا کہ ویسٹ بنگال
گورنمنٹ کو یہ ۵۰۰۰ کروڑ روپئے واپس کیا جائے - آج یہاں یہ ۲۲۰۰ کروڑ
روپئے رین Loan لیکر پچھم بنگال سرکار چلانے کی بات کی جا رہی ہے جب
ہماری سرکار کا اپنا Royalty ۵۰۰۰ کروڑ روپئے سنٹرل گورنمنٹ کے پاس
پڑا ہوا ہے تو اس کو لانے کی مانگ ہم لوگ کر رہے ہیں - اس وقت بھی کی تھی
اور اس کے بعد ہم لوگ سرکار پر رحم کرتے ہوئے یہ بھی کہا تھا کہ آپ اگر
ایک ساتھ ۵۰۰۰ کروڑ روپئے نہیں دے سکتے ہیں تو instalment کے طور پر
ہمیں ۲۰۰۰ روپئے کر کے دیجئے - یہ بات بھی ہم لوگوں نے کی تھی - میں Finance
Minister صاحب سے گزارش کروں گا کہ جو ہمارے سرکار کی Royalty ہے
یہاں کی Public Property سرکار کے پاس سنٹرل گورنمنٹ کے پاس پڑی
ہوئی ہے جو آپ کی حکومت کی سرکار ہے اس سرکار سے جا کر آپ بات کریں
اور ہمارے ۵۰۰۰ کروڑ روپئے کو واپس لانے کی آپ کوشش کریں - یہ
امید ہم آپ سے کرتے ہیں - ساتھ ہی ساتھ میں کہنا چاہوں گا کہ اس بجٹ میں
جو ساری باتیں آپ لوگوں نے کیں، اس میں ہر اس چیز کے بارے میں آپ نے
کہا ہے کہ پہلے زیادہ پیسہ بڑھا دیا گیا ہے - ہر چیز کے لئے لیکن کتنا
Allocation ہوا اس کے بارے تفصیل سے کوئی بیان نہیں دیا - اس میں یہ کہنا
مشکل ہے کہ آپ لوگ کتنا روپئے بڑھا رہے ہیں اور کتنا کم کر رہے ہیں اس
کے بارے میں کوئی بیان یہاں نہیں دیا ہوا ہے - اس کے بعد میں کہنا چاہوں گا کہ
اس میں ایک پیراگراف میں بولا گیا ہے کہ Minority community, tribal

[2.40—2.50 p.m.]

کو بھی اس کا فائدہ پہنچے گا۔ یہ Population and Backward classes
بولا گیا ہے۔ لیکن اس میں کہیں یہ بات نہیں کہی گئی ہے کہ
Minority community
health کے لئے education کے لئے، ان کی development
کے لئے یا ان کے اور بھی سیکٹر میں development کے لئے کتنا روپیہ دیا گیا
اس کے بارے میں کوئی بات نہیں بتائی گئی۔ میں بولنا چاہوں گا کہ یہاں پر
آج سے کارروائی آنے سے پہلے آپ لوگوں نے پورے بنگال کو یہ دکھایا ہے
ترنمول کانگریس کی Minority بہت بڑی ہمدرد ہے۔ مسلمانوں کے آپ
بہت بڑے ہمدرد ہیں لیکن ..... Noise — اسی کی بات کر رہے ہیں
کہ آپ لوگ مسلمانوں کا ہمدرد ہوتے ہیں لیکن افسوس کے ساتھ کہنا پڑ
رہا ہے کہ یہاں پر بیٹھے جو مسلم کمیونٹی سے delong کرنے والے جو
MLA بیٹھے ہوئے ہیں ترنمول اور کانگریس سے، ان سے میرا سوال ہے کہ
کیا ان کی زبان میں اتنی طاقت نہیں کہ سوال کریں محترمہ ممتا بنرجی سے جو
ہماری اسٹیٹ کی چیف منسٹر ہیں کہ ان سے کیوں نہیں پوچھا گیا کہ آج جو
اردو اکاڈمی آف ویسٹ بنگال بنایا گیا اس میں اسلام پور سب ڈویژن
کے ایک بھی آدمی کو کیوں نہیں رکھا گیا جب کہ بنگال میں سب سے زیادہ اردو بولنے
والے اسلام پور سب ڈویژن میں ہے۔ اس کے ایک بھی آدمی کو کیوں نہیں رکھا گیا
میں سوال کرنا چاہوں گا یہاں پر اسلام پور سب ڈویژن کے منسٹر ہم محترم
صاحب ہیں اور وہاں سے ہمارے فاضل بڑے بھائی غلام ربانی صاحب گوالپوکر
سے جیت کر یہاں پر بیٹھے ہوئے مسکرا رہے ہیں ان کی مسکراہٹ اس بات کا احساس
دلاتی ہے کہ ان کو مسلمانوں کے لئے کوئی درد نہیں ہے یا ان کی زبان میں اتنی طاقت

نہیں ہے کہ یہاں کھڑا ہو کر محترمہ ممتا بنرجی پر انگلی اٹھا کر سوال کریں کہ یہ جو مسلمانوں
کی بات کرتے ہیں آج جو یہ مسلمانوں کے ہمدرد بنتے ہیں تو میں پوچھنا چاہوں گا
کہ اردو اکاڈمی میں ایک بھی آدمی اسلام پور سب ڈویژن سے کیوں نہیں ہے۔
یہ سوال ہے میرا اور میں چاہوں گا اس کا جواب آپ لوگ ہاؤس میں دیں۔
ساتھ ہی ساتھ میں بولنا چاہوں گا بڑے افسوس کے ساتھ کہ آج کولکاتا ہائی کورٹ
میں گورنمنٹ Pleader بدلے گئے۔ آپ لوگوں نے ترنمول کی نئی گورنمنٹ نے
نئے Pleader کی تقرری کی اس میں ۲۸ لوگوں کو آپ لوگوں نے Government
Pleader بنایا ہے۔ لیکن بہت افسوس کی بات ہے ان میں ۲۸ لوگوں میں بھی قابل
مسلمان آپ کو نہیں دکھائی دیتے۔ ایک بھی مسلمان اس میں نہیں ہے۔ بیچارے
مسلمانوں کو ہائی کورٹ میں بھی آپ لوگوں نے جگہ نہیں دی۔ اردو اکاڈمی میں
بھی جگہ نہیں دی تو یہ آپ کا ریکارڈ بول رہا ہے۔ یہ جو میں کہہ رہا ہوں
یہ سوال میں آپ لوگوں کے سامنے رکھ رہا ہوں کہ آپ لوگ ووٹ کی
راج نیتی میں مسلمانوں کو اپنے حق میں لانے کے لئے مسلمانوں کی طرفداری کا
بہت کچھ بیان بازی کی میں صرف یہ امید کرتا ہوں کیونکہ آج آپ لوگ
حکومت میں ہیں آج ہم لوگ اپوزیشن میں ہیں۔ آپ لوگوں کو بنگال
کے لوگوں نے اپنا قیمتی ووٹ دیکر یہ موقع دیا ہے کہ آپ بنگال کے لئے کام کریں
مسلمانوں کو آپ سے امیدیں ہیں میں چاہوں گا ان امیدوں پر آپ
لوگ کھرے اتریں۔ یہ کوشش آپ لوگ کریں یہ میں بھی آپ لوگوں
سے گزارش کروں گا کیونکہ جو نتیجہ آپ لوگوں نے سامنے رکھا ہے میں اس
نتیجے پر آپ لوگوں سے یہ کہنا چاہوں گا کہ یہ Minority Community

(let me finish) ..... Noise ... development کی بات ہے

میں یہ کہنا چاہوں گا کہ ابھی ہمارے یہاں دیس میں پیٹرول کی ڈیزیل کی

کیس کی تمام چیزوں کی قیمت بڑھ گئی۔ تمام چیزوں کی قیمتوں میں اضافہ ہوا

(Noise) ..... بنگلہ ... Hon'ble Speaker صاحب

(Hon'ble Minister Shri Subrata Mukherjee rose to speak. (English)

Mr. Speaker: Hon'ble Minister please let him say.)

..... Noise

میں بولنا چاہوں گا ہمارے یہاں پیٹرول ڈیزیل کی قیمتیں بڑھنے کی

وجہ سے ... میں پوچھنا چاہوں گا ہمارے اسٹیٹ گورنمنٹ ... Noise

کا شکریہ ادا کرنا چاہتا ہوں۔ میں ممتا بنرجی کا شکریہ ادا کرنا چاہتا ہوں

کہ آج ہندوستان کی سرکار کانگریس کی یو پی اے کی سرکار تمام چیزوں

کی قیمتوں میں اضافہ کر رہی ہے۔ ہر چیز کی قیمت بڑھتی جا رہی ہے۔ اس حالت

میں بنگال میں ۱۶ روپئے کی سبسیڈی کا اعلان کر کے ... Noise

۱۶ روپئے کم کرنے کا جو announcement انھوں نے کیا ہے۔ اس پر میں

یہ کہنا چاہوں گا کہ یہاں پر ہمارے Hon'ble Finance Minister موجود ہیں

وہ Economics کے بارے میں مجھ سے بہتر جانتے ہیں۔ Economics

میں ایک theory ہے ایک فارمولا ہے جسے بولا جاتا ہے

"Two steps forward one step back" تو سنٹرل گورنمنٹ اور اسٹیٹ

گورنمنٹ اس فارمولا پر پوری طرح سے کام کر رہی ہیں۔ سنٹرل گورنمنٹ

۵۰ روپئے گیس میں بڑھاتی ہے اور یہ اس کے پیچھے آ کر ممتا بنرجی ۱۶ روپئے

دان کر دیتی ہے Ultimately ۳۴ روپئے کی یہاں کی سرکار ... Noise

یہاں کے لوگوں سے ..... Noise ..... Two steps forward one step

back کے فارمولا پر آپ لوگ چل رہے ہیں ... Noise

میں بولنا چاہوں گا کہ ہمارے یہاں پر جو بجٹ پیش ہوا اس میں

ہمارے Hon'ble Finance Minister ... Noise ---
ہمارے یہاں پولس - ہمارے اسٹیٹ کی جو پولس ہے - جو ہمارے
... Noise -- پر چل رہی ہے - تو ہمارے اسٹیٹ کی پولس کے بارے میں
یا ان کے بجٹ کے بارے میں Finance Minister نے کوئی بھی بیان
نہیں دیا ہے کہ ہمارے اسٹیٹ کی پولس کیسے چلے گی - اس کے لئے کیا فنڈ
دیا گیا ہے - اس کے بارے میں کوئی پیرا نہیں دیا گیا ہے - اسلئے میں کہنا
چاہوں گا - ہمارے اسٹیٹ کی پولس کے لئے کتنا بجٹ دیا گیا ہے
اس کو بھی آپ یہاں بتائیں اور میں بولنا چاہوں گا اپنی بات کو
ختم کرتے ہوئے بس صرف اتنا بولنا چاہوں گا کہ اس ہاؤس میں
آج ہمارے Senior ہیں ... Noise ... انہیں اس ہاؤس کے
discipline کے بارے ..... Noise .... !

(At this stage the mike was off)

[2.50—3.00 p.m.]

শ্রী সুব্রত মুখার্জী : মিঃ স্পীকার স্যার, আমার একটা পয়েন্ট অফ অর্ডার আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা একটা অভিনব ব্যাপার যে আমাদের এখানে অর্থমন্ত্রী তাঁর ভাষণে তিন-এর পাতায় উনি মেনশান করেছেন সংখ্যালঘু আদিবাসী ও অনুন্নত সম্প্রদায়ের জনগণের উন্নয়নের জন্য। কখনও কোথাও কি সি পি এম, কি তৃণমূল কংগ্রেস, কি কংগ্রেস, অথবা অন্য পার্টি থেকে জীবনে "হিন্দু", "মুসলমান" এই কথাগুলি পবিত্র হাউসে উচ্চারণ হয়নি, জীবনে হয়নি। উনি যদি বলতেন, সংখ্যালঘু সেইটাই বাস্তবসম্মত হত। আমার সঙ্গে—এখানে সূর্যবাবু রয়েছেন—একমত হবেন আশা করি, এই ব্যাপারে পার্টি পলিটিক্স নয়, আমরা "হিন্দু", "মুসলমান" এই ধরনের শব্দ ব্যবহার করি না। উনি নতুন হয়তো এসেছেন, জানেন না, আপনি "মুসলমান" শব্দটা এক্সপাঞ্জ করুন এবং ওখানে সংখ্যালঘু শব্দটা—ওনার অনুমতি নিয়ে—থাক।

Mr. Speaker : Hon'ble Finance Minister will speak in his speech on this.

This will not go on record.

Dr. Harka Bahadur Chhetri : Hon'ble Sir, there is lot of noise in this House. Despite that I stand before this august House in support of the budget that was presented by Hon'ble Finance Minister, Amit Mitra Sah'b.

Economics is a dry subject. I never thought it would get so much interest and juicy. All of you started getting involved which I think the most interesting thing in a vibrant democracy. So I do not have the competence like the Hon'ble Finance Minister, sir, but I would also like to derive few lines from Tagore, though not in original, I read many years back and I feel that this situation which has been created by the present Government with the boldness, the decisiveness with which the initial declaration by the Governor happened and now by another bold decision that was represented by the Hon'ble Finance Minister I would say "Where the mind is without fear, where the head is held high, where the country is not divided by narrow domestic walls where the spirit of free enquiry is celebrated to that country to that day my Lord let my country awake", and this is the time that this country has come to that. I sincerely feel this. We will indulge that in a different forum where I am going to take you. Hold on. But, as of now I would like to bring to your notice to the 34 years of misrule, because of which today if you go to Dooars you touch any department there is headline waiting for you. You look at the road—What British created in 1835. Your Government has failed even to maintain, forget about creating new infrastructure. You look at the water supply—in 1835 again when that lake was created it was created with an intention to feed 30,000 people. Now it is more than 3 lakh people. And if you add floating populations it will go beyond 4.5 lakhs. And you have not done anything so far as the water supply is concerned. I have come from the forgotten frontiers. This anger which I am expressing before this House is not without any reason because we have seen how our place which has been so beautiful and such a beautiful place has been devastated because your Government never paid any heed. You wanted one dada to rule us. You appointed Subas Ghising and gave him such a free hand. And you didn't go there ; at least Mamta didi had the courage to go. When she was not even in the Government she went there

and she had seen it with her own eyes. So, whenever I made this remark, though I may get angry, excited, but there is enough reason behind that because this budget talks about lot of things. The Hon'ble Finance Minister said that I will not indulge like my predecessor who went on reading 45 long pages. I am not going to do that. Rather I will short it. So, a few very knowledgeable friends pointed out that there is no statistics, nothing. And how come the report of Finance Minister is without statistics ? My dear friends you have studied the statistics for the last 34 years. Because of the statistics what had happened. Today, when she takes a bold decision like the Singur case, even in the Singur case Miss Banerjee was taken to task by our knowledgeable friends. But I would say it might be beyond law, but I would say that any law, any procedure is not beyond human interest. The human interest should be taken into priority so that I am sure this Government will definitely take because many of the issues which, some hints has been given. There is the question of minorities ; there is the question of improvement of the social health and educational infrastructure. When it comes to health and educational infrastructure I would like to remind you that everything that is there in Darjeeling today in which Darjeeling is thriving is creation of the colony. The schools are created by colony. Tea industry is created by colony, Cinchona is createad by colony. Now if you go back and see the status of these things you find out of 112 tea gardens only 74 tea gardens are working, even out of that I think, 14 of them are in lock-out stages. Look at the institutions, today at least Hon'ble Finance Minister has said that he is seriously interested to improve the human resources. You look at our place. In fact, when Darjeeling was taken in 1835 (At this stage red light was on) let me finish, Sir. Why the British took Darjeeling so interestingly ? Because it could be a hub for health and education. It precisely for Tourism Darjeeling was taken. Now if you go it is under the same government that even in District hospital there was not a C.T. scan and people beg for money to buy a C.T. scan. And that is how they (noise) Today, at least from this House, through your good office, Hon'ble Sir, I would like to request the Hon'ble Health Minister, who is also the Chief Minister of the State to take care of health status, to look at the infrastructure.

This demand has not come for nothing. It is because of a long period of neglect. This situation has come to this impasse. And now you are blaming the victim ? We are the victims, gentlemen, and victim is being blamed for raising their just and democratic demand. So I am certain we have variety of people now, not only those who have come from the political background,we have people who have come from different cultural background also. I salute this Government, my best wishes to this Government that this government continues to take such bold step so that in the next coming five years we will have a new Bengal where people from all shades and colours will remain in genuine harmony. There will be genuine unity in diversity. Thank you.

[3.00—3.10 p.m.]

ডঃ তরুণকান্তি নস্কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, অর্থ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী ডঃ অমিত মিত্র গত ২৪শে জুন, তাঁর বিবৃতিতে অনেক বিষয়ের সঙ্গে সংখ্যালঘু, আদিবাসী ও অনুন্নত সম্প্রদায়ের উন্নয়নের জন্য নানা পদক্ষেপের কথা তিনি যা বলেছেন তাকে স্বাগত জানিয়ে কয়েকটি মন্তব্য আমি এখানে করতে চাইছি আমার দলের তরফ থেকে।

প্রথমত, দারিদ্র্যসীমার নীচের মানুষদের যে সংজ্ঞা নির্ধারণ করা হয়েছে, কেন্দ্রীয় সরকার যেভাবে নির্ধারিত করতে বলেছেন তা যেমন ত্রুটিপূর্ণ বিভ্রান্তিকর, তেমনি বিগত রাজ্য সরকার তার ভিত্তিতে যে বি পি এল তালিকা প্রকাশ করেছিল তা আমাদের মনে হয়েছে অত্যন্ত রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত।

আমার পরবর্তী পয়েন্ট হচ্ছে, এখানে রাষ্ট্রীয় গ্রামীণ পানীয় জল প্রকল্পে বর্ধিত অর্থ বরাদ্দের কথা বলা হয়েছে সেটা ঠিকই আছে। কিন্তু আমি যে প্রত্যাশা করছি সরকারের কাছে, আর্সেনিকমুক্ত জল অত্যন্ত জরুরি বিভিন্ন জেলায় জেলায়। ফলে মাননীয় সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রী এই আর্সেনিকমুক্ত পানীয় জলের ব্যবস্থা করা এবং যে বর্ধিত অর্থ বরাদ্দ করা হয়েছে তার মধ্যে দিয়ে সেটা যেন করার চেষ্টা করেন। মিড ডে মিল প্রকল্পে যে অর্থ বরাদ্দ করা হয়েছে সেটাকেও আমি স্বাগত জানাচ্ছি। কিন্তু এখানে যে মন্তব্যটা আমি করতে চাইছি সেটা হল, এই মিড ডে মিল প্রকল্পে লাগামহীন দুর্নীতি চলছে। সেই দুর্নীতি এখনও পর্যন্ত অব্যাহত। ফলে এই ব্যাপারে আমি বর্তমান সরকারকে অত্যন্ত জরুরি ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করছি।

এখানে জঙ্গলমহল, পার্বত্য এলাকা ও সুন্দরবন এলাকার জন্য অর্থ বরাদ্দর কথা বলা হয়েছে, এটা ঠিকই আছে। কিন্তু যে কথাটা আমি বলতে চাইছি, এই জায়গাগুলো সব থেকে বেশি ব্যাকওয়ার্ড, সব থেকে ডিপ্রাইভড। ফলে এখানকার মানুষদের উন্নত করার জন্য,

তাদেরকে আরও এগিয়ে নিয়ে আসার জন্য, এই অঞ্চলগুলোতে শিল্প স্থাপন অত্যন্ত জরুরি হয়ে পড়েছে। ফলে এখানে শিল্প স্থাপন করার জন্য যা যা ব্যবস্থা নেওয়া দরকার সেটা যেন সরকারের তরফ থেকে করা হয়, এই অনুরোধ আমি করছি।

আমার পরের পয়েন্ট হচ্ছে, শিক্ষা ব্যবস্থার সংস্কারের যে প্রস্তাব করা হয়েছে এটা অত্যন্ত জরুরি বিষয়। এখানে আমি জানি, অনেক স্কুল আছে—স্কুল শিক্ষা দপ্তরের মন্ত্রীর সঙ্গেও আমি কথা বলছিলাম কিছুক্ষণ আগে—বহু স্কুল আছে যাদের ইনফ্রাসট্রাকচার থাকা সত্ত্বেও রাজনৈতিক কারণে দীর্ঘদিন ধরে তাদের আপগ্রেডেশান করার অনুমতি দেওয়া হয়নি। সেই অনুমোদন কিন্তু অত্যন্ত জরুরি। উপযুক্তভাবে স্কুল-কলেজ-বিশ্ববিদ্যালয়ের সংখ্যা বাড়ানো দরকার এবং কেবলমাত্র নামমাত্র বাড়ানো নয়, প্রপার ইনফ্রাসট্রাকচার দিয়ে এই স্কুল-কলেজ-বিশ্ববিদ্যালয় জেলায় তৈরি হওয়া দরকার। এমন কিছু বিশ্ববিদ্যালয় তৈরি হয়েছে আমি জানি, যেখানে উইদাউট এনি ইনফ্রাসট্রাকচার, একেবারে মাঠের মাঝখানে একটা বিশ্ববিদ্যালয় খুলে দেওয়া হয়েছে। এই উদাহরণও কিন্তু আমাদের কাছে রয়েছে। তার সঙ্গে যে কথাটা বলতে চাইছি, যে অ্যাক্ট এবং স্ট্যাটুট বিশ্ববিদ্যালয়গুলোতে আছে তার সংস্কারের দরকার। এখানে উচ্চশিক্ষা দপ্তরের মন্ত্রী আছেন, তাঁর সঙ্গেও আমি কথা বলেছি, ব্যক্তিগতভাবে সাজেশান দিয়েছি—এগুলো অত্যন্ত দ্রুত রিভাইসড করা দরকার। এর মধ্যে দিয়ে দলীয় অনুপ্রবেশের যে সুযোগ করে দেওয়া হয়েছে তাতে বিশ্ববিদ্যালয় এবং উচ্চশিক্ষা একেবারে নস্যাৎ হয়ে গিয়েছে। সেই দলীয় অনুপ্রবেশের সুযোগ বন্ধ করার জন্য ব্যবস্থা নেওয়া দরকার এবং এই স্বাধিকার সুনিশ্চিত করা দরকার। এখানে স্কুলছুটের কথা বলা হয়েছে এবং স্কুলছুটের কারণ হিসাবে একটা কারণ উল্লেখ করা হয়েছে। আমি যে কথাটা এখানে বলতে চাইছি, এর সঙ্গে দারিদ্র্য অত্যন্ত জরুরি একটা প্রশ্ন। দারিদ্র্যের কারণেই স্কুলছুট বাড়ছে এবং এ রাজ্যে যেমন বাড়ছে, তেমনি গোটা দেশে বাড়ছে। ফলে দারিদ্র্য দূরীকরণের সঙ্গে যুক্ত করে যদি এই বিষয়টা না ভাবি, তাহলে কিন্তু স্কুলছুট আমরা কখনো দূর করতে পারব না।

আমার পরের পয়েন্ট হচ্ছে, স্বাস্থ্য ব্যবস্থা পুনরুদ্ধারের জন্য মাননীয় মুখ্যমন্ত্রী যে ব্যবস্থা নিচ্ছেন তাকে নিশ্চয় আমরা স্বাগত জানাব। তিনি বিভিন্ন জায়গায় ঘুরছেন এবং ঘুরে গিয়ে বিষয়গুলোকে সামনে আনছেন। আজকে সকালে একজন মাননীয়া সদস্যা তিনি গার্ডেনরিচ স্টেট জেনারেল হাসপাতাল সম্বন্ধে যা বলেছেন সেটাও কিন্তু আমরা এখানে শুনেছি। কিন্তু আমি যে কথাটা বলতে চাইছি, মাননীয়া মুখ্যমন্ত্রীর পক্ষে কিন্তু রাজ্যের সমস্ত হাসপাতাল ভিজিট করা সম্ভব নয়, এটা কখনোই সম্ভবপর হতে পারে না। কেবলমাত্র শহরের কিছু টিচিং হাসপাতাল, তার নীচে জেলা, মহকুমা ও রুরাল হাসপাতাল যেগুলো আছে সেই হাসপাতালগুলোর অত্যন্ত অসুস্থ দশা। হাসপাতাল যদি অসুস্থ হয় তাহলে সেটা রোগীদের সুস্থ করতে পারে কি করে ? তাকে সুস্থ করা অত্যন্ত জরুরি, ইনফ্রাসট্রাকচার সেখানে জরুরি। সেখানে উপযুক্ত সংখ্যক ডাক্তার, যেগুলো টিচিং হাসপাতাল সেখানে উপযুক্ত সংখ্যক শিক্ষক দেওয়া অত্যন্ত জরুরি। সেগুলো ভাবার জন্য আমি সংশ্লিষ্ট দপ্তরের মন্ত্রীমহাশয়ের কাছে অনুরোধ করছি।

আরও একটা বিষয় আমি এখানে উল্লেখ করতে চাইছি, পঁচাশি লক্ষ প্লাস পনেরো লক্ষ বেকারের কথা বলা হয়েছে, এটা ঠিকই। কিন্তু আরেকটা জিনিস ভাবা দরকার, বহু যুবক তারা কিন্তু এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের খাতায় নাম নথিভুক্ত করতে আসে না। এই সংখ্যাটা কিন্তু আরও অনেক বেশি, এটা কিন্তু খেয়াল রাখা দরকার। পরিশেষে আমি যে কথাটা বলতে চাইছি, মাননীয় অর্থমন্ত্রী যে ডেট স্ট্রেসড্ স্টেটের কথা বলেছেন, সেটা একমাত্র এই কারণেই সম্ভব হয়েছে, গত ৩৪ বছরের দীর্ঘ মিসরুলড তার ফলেই কিন্তু এই জায়গায় আমাদের রাজ্য গিয়েছে। এই অবস্থা থেকে রাজ্যকে উন্নত করার জন্য মাননীয় অর্থমন্ত্রী অত্যন্ত কংক্রিটলি ব্যবস্থা নেবেন এবং আমাদের কাছে আনবেন, এই কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী আনিসুর রহমান : মাননীয় স্পীকার স্যার, পশ্চিমবাংলায় ৪৮ ভাগ মানুষ চেয়েছিলেন পরিবর্তন হোক। পরিবর্তন হয়েছে এবং আপনাদেরকে সরকারে চেয়েছিল আপনারা সরকারে এসে বসেছেন। ৪১ ভাগ মানুষ চেয়েছিল আমরা বিরোধী পক্ষে বসি, ৪১ ভাগ মানুষের রায় নিয়ে আমরা বিরোধী পক্ষে বসেছি। এক মাস সাত দিন হল ...(গোলমাল)... প্লিজ আমরা তো বিরক্ত করিনি। এই এক মাস সাত দিন হয়েছে এই সরকারের বয়স। এই সরকার সম্পর্কে আমাদের নীতি কি হবে, আমরা ঘোষণা করি আমরা গঠনমূলক দায়িত্ব পালন করব। যেটা ভালো কাজ তাকে সমর্থন করব, সাহায্য করব, খারাপ কাজ হলে বিরোধিতা করব, এই ঘোষণা করেছি, নতুন কোনো ব্যাপার নয়। আজকে এখানে যে হাজির করা হয়েছে, গতকাল বিশেষ করে ভোট অন অ্যাকাউন্ট যেটা পাস করা হয়েছে সবাই জানেন যে এটা মূলত একটা ফরমালিটির ব্যাপার। আমরা তো বলতে পারি না পাস করব না, পাস করতেই হবে। সরকার চালাতে হবে। তা নিয়ে আমার কোনো প্রশ্ন নেই। আমার প্রশ্ন হচ্ছে যে, এটা বলতে গিয়ে উনি কয়েকটা কথা বলেছেন, যেগুলি কিছুটা অসত্য, কিছুটা অর্ধ সত্য। আমি সেটা প্রথমে উল্লেখ করতে চাই। প্রথম হচ্ছে যে, বললেন রাজস্ব আদায়ের ব্যাপারে। রাজস্ব আদায়ের ব্যাপারে যেটা উনি বলেছেন, আমি ঠিক বুঝতে পারলাম না। আমি অর্থনীতির ছেলে নয়, বোঝার কথাও নয়। যেটুকু আমি বুঝলাম অমিতবাবু আর অসীমবাবু, দুই বাবুর হিসাবে সম্পর্কটা কি, তুলনাটা কি ? অমিতবাবুর হিসাব হচ্ছে যে ২০১০-১১ আমাদের বাজেট ছিল যেটা আদায় হবে রাজস্ব তা হচ্ছে ৪৭ হাজার কোটি টাকা। রিভাইস করে বলা হল ৫২ হাজার কোটি টাকা। তারপর বলা হল এবারের বাজেট হবে ৬৫ হাজার কোটি টাকা, সবটা মিলিয়ে। আমি একটা বলিনি সবটা মিলিয়ে বলেছি, যা দেখলাম। অমিতবাবুর ব্রেকআপটা আমি ঠিক বুঝতে পারলাম না। অমিতবাবু বললেন, আমার ছিল ৪৭, ২০১০-১১ রিভাইস ছিল ৫০, ওনার হয়েছে ৫২, আর অমিতবাবুর বাজেট ছিল ৬৪। ছিল ৬৪ হল ৬৫। বিরাট অস্বাভাবিক পরিবর্তন হওয়ার কথা উনি কি করে বললেন আমি ঠিক বুঝতে পারলাম না, উনি বুঝিয়ে দিলে খুশি হব। দুই নম্বর একটা মারাত্মক কথা বললেন, আমি তো অবাক হয়ে গেলাম যে, উনি এটা খোঁজ না নিয়ে বললেন কিনা আমি জানি না যে, স্কুলের ড্রপ আউটের সংখ্যা বহুলাংশে বেড়ে গেছে। ছিল, ভীষণ ড্রপ আউট ছিল, ১০ বছর আগেও প্রায় ৩০ ভাগের ওপর ড্রপ আউট ছিল এবং

গতবারের হিসাব দেওয়া আছে। আপনি জানেন ওয়ান থেকে ক্লাস ফোর সেটাকে প্রাইমারি বলে তার ড্রপ আউট ছিল ২০ শতাংশ ১০ বছর আগে। কমতে কমতে এখন হয়েছে 1.7 only। লিখে রাখুন যদি অসত্য হয় আমি স্বীকার করে নেব। এটা আমাদের স্টেট থেকে পাঠানো হয়েছে। দুই নম্বর হচ্ছে আপার প্রাইমারি, আপার প্রাইমারি হচ্ছে ফাইভ থেকে এইট। সেখানে ড্রপ আউট ছিল ৩০ ভাগ, দশ বছর আগে। এখন সেটা কমে হয়েছে মাত্র পাঁচ ভাগ। খারাপ হয়েছে না ভালো হয়েছে, আপনারা বিচার করবেন। আউট অফ স্কুল চিলড্রেন, যারা স্কুলে যেত না এই সংখ্যা ছিল ২০০০ সালে ৩৫ লক্ষ। ৩৫ লক্ষ ছেলে-মেয়েরা স্কুলে যেত না ২০০০ সালে। এখন সেটা কমে হয়েছে মাত্র দুই লাখ। খারাপ হয়েছে না ভালো হয়েছে আপনারা ঠিক করবেন। তৃতীয় একটা বিষয় হচ্ছে যে, এই টয়লেট-ফয়লেট নিয়ে যে আলোচনা করেছেন, আমি বিনীতভাবে বলব যে, হিসাবটা কিসের উপরে করেছেন ? ফরমাল প্রাইমারি স্কুল না সবটা মিলিয়ে ? আপনি ভালো করে জানেন যে, আমাদের রাজ্যে ফরমাল স্কুল যা আছে এর বাইরে কিছু নন-ফরমাল স্কুল আছে। আমাদের পশ্চিমবাংলায় ১৬ হাজার এস. এস. কে. আছে । যেগুলোকে এখন প্রাইমারি স্কুলের স্ট্যাটাস দেওয়া হয়েছে। এদের কোনো জমি-জমা অনেকের নেই। বিশেষ কারণে করতে হয়েছিল, কারও বাড়িতে, কারও বারান্দায়, কারও ক্লাবে সেখানে সব জায়গায় টয়লেট করা যায়নি।

[3.10—3.20 p.m.]

আমি যেটুকু জানি যেখানে ফরমাল স্কুল আছে সেখানে টয়লেট তো সব আছেই এমনকি গার্লসেরও টয়লেট আছে। কিন্তু যেখানে নন-ফরমাল স্কুল আছে সেখানে নেই। এর কারণ আপনি ভালো করে জানেন, আমি তা বলতে চাই না। ৪ নম্বর বিষয় হচ্ছে যে, শিল্প নিয়ে একটা আলোচনা করেছেন, ৫৭ হাজার কারখানা বন্ধ। কোথায় রিপোর্ট পেলেন আমি জানি না। আমি একটা হিসাব দেখলাম, এখন একটা নতুন নিয়ম হয়েছে, তাতে ১৯৮৫ সালের পরে যে সমস্ত শিল্প বি. আই. এফ. আর-এ যায় সেখান থেকে গভর্নমেন্ট অফ ইন্ডিয়াকে একটা রির্পোট দিতে হয়। সেই রিপোর্টটা হচ্ছে আসল রিপোর্ট। এর বাইরে আলাদা কোনো রিপোর্ট আছে কিনা জানি না। সেই রিপোর্ট আমি যেটুকু দেখলাম সারা ভারতবর্ষে কারখানা বন্ধ হয়েছে মিডিয়াম এবং লার্জ স্কেল, ৫৬৮৭টি। এটা সারা ভারতে। পশ্চিমবাংলায় ৪১১। তুলনা করে বলুন, খুব খারাপ ? সারা ভারতবর্ষে ৫৬৮৭টা বন্ধ, আমাদের পশ্চিমবাংলায় ৪১১টি বন্ধ আছে।

.....(গোলমাল).....

তারপর হচ্ছে নতুন শিল্প। আর একটা কথা, আপনারা নিশ্চয়ই ভালো করে জানেন, আমরা স্মল স্কেল ইন্ডাস্ট্রিতে, ক্ষুদ্র শিল্পে সারা ভারতবর্ষে প্রথম স্থানে আছি। তার জন্য আমরা পুরস্কারও পেয়েছি। আপনারা কষ্ট পেলে আমারও কষ্ট পাই। তারপর হচ্ছে নতুন শিল্প স্থাপন। আপনারা ভালো করে জানেন ১৯৯১ সালের আগে কি ছিল। শিল্প করতে

গেলে কেন্দ্রের পারমিশান লাগতো। এই হলদিয়া, আজকে যেই মালিক হন, ইতিহাস তো জানেন, কত বছর আটকে ছিল। বক্রেশ্বর, কত বছর আটকে ছিল ? আমরা তো বুকের রক্ত দিয়েছিলাম। কত বছর আটকে ছিল ?

.....(গোলমাল).....

তারপর আজকে, ১৯৯১ সাল থেকে আজ পর্যন্ত আমাদের পশ্চিমবাংলায় ২৫৩১টি নতুন শিল্প স্থাপিত হয়েছে, তাতে ইনভেস্ট হয়েছে

.....(গোলমাল).....

ম্যাডাম এই রকম হলে আমি বলতে পারব না। আমাদের পশ্চিমবাংলায় ২৫৩১টি নতুন শিল্প স্থাপিত হয়েছে, তাতে বিনিয়োগ হয়েছে ৬৫,৬৫৪ কোটি টাকা। কিছুই হয়নি ! কিছু হয়নি পশ্চিমবাংলায়। এমপ্লয়মেন্ট হয়েছে ৩ লক্ষ ১১ হাজার ৭৩৮। কিছুই হয়নি ! এটা একটু ভালো করে দেখে রাখা দরকার। আর একটা বলা হয়েছে এমপ্লয়মেন্টের ব্যাপারে যে, এক কোটির উপর বেকার। ঠিক বলেছেন। ভারতবর্ষের অবস্থাটা কি ? ভারতবর্ষে ২০ কোটি বেকার। আপনার ছদ্ম বেকার যোগ করলে ২০ কোটি বেকার। ভারতবর্ষে ২০ কোটি বেকার থাকবে আর পশ্চিমবাংলায় সব সাকার হয়ে যাবে ? বলুন ভারতবর্ষে কি হয়েছে। কখনও হতে পারে ? সেটা মনে রাখতে হবে। দ্বিতীয় একটা বিষয় আমি আলোচনা করতে চাই তা হচ্ছে এই যে, বিজয়ীরা ইতিহাস লেখে। আপনারা বিজয়ী, আপনারা ইতিহাস লিখবেন, এই কথা সবাই জানে। আপনারা লিখবেন ৩৪ বছরে কিছু হয়নি। আমি শুধু বিনীতভাবে বলব, কার সঙ্গে তুলনা করে বলব ? আরে আমি তো কালো, আমাদের এই যে সিনেমা আর্টিস্টরা এখানে আসেন দেখতে ফর্সা। আমরা কালো বলেই তো ফর্সা। সবাই কালো হলে ফর্সা হতে পারতো ? দক্ষিণ আফ্রিকায় সবাই কালো বলে তারা কাউকে কালো বলে না। এটা তুলনামূলক। কার সঙ্গে তুলনা করব ? তাহলে আমাদের সঙ্গে আমাদের তুলনা করতে হয়। আজকে কংগ্রেসের দল এখানে বসে আছেন, মনে হচ্ছে নতুন এসেছেন। স্বাধীনতার পর ২৪ বছর সরকার চালিয়েছেন, ভুলে গেছেন ? সুব্রতবাবু মন্ত্রী ছিলেন ১৯৭২ সালে। ভুলেই গেছেন। কি ছিল ২৪ বছরে ? শিক্ষার হার কোথায় ছিল ? প্রাইমারী স্কুলে পড়তে গেলে টাকা লাগত। হাই স্কুলে পড়তে গেলে টাকা লাগত। (গোলমাল) এতো সহজ না। তুলনা কার সঙ্গে করব ? আপনাদের কষ্ট হবে। আমরা এই জন্য বলি যে, তুলনা করে দেখুন পশ্চিমবাংলা কি অবস্থায় ছিল আর আজকে কি হয়েছে। খাবার ছিল না, পশ্চিমবাংলায় ১৪৩ লক্ষ মেট্রিক টন খাবার হয়েছে। সবারই খাবার ব্যবস্থা হয়েছে। খারাপ হয়ে গেছে ! আমাদের মৎস্যমন্ত্রী নেই, পর পর ১৬ বার পুরস্কার পেয়েছে মৎস্য দপ্তর। খারাপ হয়েছে ! বন সৃজনে প্রথম হয়েছি, খারাপ হয়েছে ! আলুতে প্রথম হয়েছি, খারাপ হয়েছে ! খাবারে প্রথম হয়েছি, খারাপ হয়েছে ! সব খারাপ, সব খারাপ। আর সব আপনারা ভালো করেছেন। আমি এই কথা বিনীতভাবে বলতে চাই, বিচার করুন তুলনামূলকভাবে। আমরা এই কথা কখনও বলিনি এবং বলবও না যে, যা করার ছিল সব করেছি। পশ্চিমবাংলাকে রাজা বানিয়ে দিয়েছি বলব না। কিছু করিনি ?

আমরা এই কথা কোনোদিন বলিনি। কিন্তু আমরা একটা কথা বলতে চাই আজকে অমিতবাবু যে রিপোর্ট রেখেছেন, সেই রিপোর্টে অসীমবাবু সম্পর্কে বলেছেন ভাবতত্ত্ব থেকে আরম্ভ করে দর্শন নানা বিষয়ের কথা। আমি বিনীতভাবে বলব অমিতবাবু, আপনাকে এখনও শুনতে হয়নি ৩৫৬ ধারা। শুনতে হয়নি। কারণ সেই সরকার দিল্লিতে নেই। আপনাকে শুনতে হয়নি যে বঙ্গোপসাগরে সরকার ডুবিয়ে দেব। এই কথা শুনতে হয়নি, আমাদের শুনতে হয়েছে। ভুলে গেছেন সেদিনের কথা ! এই ৩৪ বছরে কত চড়াই উতরাই পার হয়ে এসেছি আমরা। ভুলে গেছেন আপনারা ! কতবার ভয় দেখিয়েছে ৩৫৬, কতবার ভয় দেখিয়েছে ৩৫৫, কতবার বলেছে বঙ্গোপসাগরে ডুবিয়ে দেব। সেই কথা ভুলে গেছেন ? আমরা সেই অপেক্ষায় আছি। এইকথা মনে করবেন না যে চিরকাল দিল্লিতে এই রকমই সরকার থাকবে, যাবেন আর টাকা নিয়ে চলে আসবেন, অত সহজ নয়। মনে রাখবেন সেই কথা। আমরা তাই বিনীতভাবে বলতে চাই যে, আলোচনাই করুন, তুলনা করুন। আমাদের ত্রুটি নেই আমরা বলিনি, আমাদের ঘাটতি নেই আমরা বলিনি। কিন্তু কি অবস্থার মধ্যে হেঁটেছি, কি পরিস্থিতির মধ্যে এসেছি, আজকে তা বিচার না করলে হবে না। যদি এই বিচার না করেন, আপনারা না করতে পারেন। আমি তো আগেই বললাম যে, আপনারা বিজয়ী আপনারা ইতিহাস লিখবেন। আমাদের কথা লিখবেন না। কিন্তু ইতিহাস একদিন প্রমাণ করবে যে আমরা কি বলেছি। কি করতে চাই আমরা ? আজকে এসবের কোনো মূল্য নেই। আজকে কি হয়েছে ? সিঙ্গুরের জমি নিয়ে আমরা নাকি জমির শত্রু হয়ে গেলাম, আমরা নাকি কৃষকদের শত্রু হয়ে গেলাম, আমরা নাকি টাটার দালাল হয়ে গেলাম। কি চেয়েছিলাম ? ভুল হতে পারে, পদ্ধতিগত ভুল হতে পারে, মানুষের সঙ্গে আলোচনা হয়নি হলে ভালো হত, এই ক্ষোভ না হলে ভালো হত। সব ঠিক আছে। কিন্তু এই কথা ভাবুন যে, কার লক্ষ্যে চেয়েছিলাম ? কার জন্য চেয়েছিলাম আমরা ? পশ্চিমবঙ্গে লক্ষ লক্ষ বেকার। একটা দেশের নাম করুন। আমি অন্তত পনেরো-বিশটা দেশ দেখে এসেছি, উন্নত দেশ। একটা দেশের নাম করুন শুধু কৃষির উপর দাঁড়িয়ে বড়ো হয়েছে, একটা দেশের নাম করুন। আমরা তাই চেয়েছিলাম কৃষির বিকাশ হোক, শিল্পের বিকাশ হোক। যাবে কোথায় ? আজকে বলছেন গ্রামে কিছু হয়নি। গ্রামে চলে যান। আজকে আমাদের মাননীয় স্পীকার মহোদয়কে বলতে হয় দয়া করে মোবাইলটা বন্ধ করুন। আর গ্রামে আমরা এখন মিটিং করতে গেলে আমাদেরকে বলতে হয় দয়া করে আপনাদের মোবাইলটা বন্ধ করুন। মানে ক্ষেত-মজুরদের হাতে মোবাইল। চোখে এরা দেখতে পায় না ? তাই আমরা মিলিতভাবে বলতে চাই বিচার করুন নিরপেক্ষভাবে। এইভাবে মুখ বন্ধ করা যায় না। একটা কথা মনে রাখবেন, এই বিধানসভায় আমি ২০ বছর আছি। ২০ বার রাজ্যপাল এসেছেন, ওনাকে ২৫ বার বক্তৃতা করতে হয়েছে। এমন একটা রাজ্যপাল ছিলেন না যে বক্তৃতা সম্পূর্ণ করে গেছেন। এমন বহু ঘটনা ঘটেছে রাজ্যপাল প্রথম লাইন, শেষ লাইন পড়ে চলে গেছেন। আপনারা বক্তৃতা করতে দেননি। এমন অনেকবার হয়েছে। ২০ বছরে অসীমবাবুকে বক্তৃতা করতে দেননি। আজকে আপনারা বাধা দিচ্ছেন কেন ? আমরা তো কোনো বাধা দিই না ? মমতা ব্যানার্জী বক্তৃতা করেন, একবারও তো কথা বলি না। পার্থবাবু বক্তৃতা করেন একবারও তো কথা বলি না। এই রকম করছেন কেন ?

আপনারা বলছেন দলতন্ত্র উচ্ছেদ চাই, আপনারা বলছেন গণতন্ত্র চাই, আপনারা বলছেন বিরোধীদের মর্যাদা চাই, আপনারা বলছেন বিরোধীদের সুযোগ দেব। এর মানে সুযোগ দেওয়া ? এর মানে এই যে তারা বলতে পারবে না ? আজকে এই জিনিসটা তারা করার চেষ্টা করছেন। আমরা তাই মিলিতভাবে বলতে চাই, সমালোচনা করুন আপত্তি নেই। ভুল থাকতে পারে। আবার ইতিহাস তৈরি হবে। আপনাদেরকে এসে তার কৈফিয়ত দিতে হবে। সেই জন্য আমরা এটা বলতে চাই। আমি আরেকটা কথা বলতে চাই এই সুব্রতবাবুকে, আমি ওনাকে ছোট্ট একটা আবেদন জানাব। আমার খারাপ লাগছে সুব্রতবাবু এখানে প্রবীণতম মন্ত্রী, বয়সে প্রবীণতম নয়, কিন্তু মন্ত্রী হিসাবে প্রবীণতম। ১৯৭২ সালে মন্ত্রী ছিলেন। আর ওই গল্পটা ছোটবেলায় শিখেছি। প্রাইমারী স্কুলের মাস্টারমশাই গল্প করতেন— I don't know. তারপর দেখতাম ছেলেপুলেরা গল্প করতেন— I don't Know. সুব্রতবাবুর নাতি-নাতনি যদি সূর্যবাবুর নাতি-নাতনিকে জিজ্ঞাসা করে I don't know মানে কি ? তাহলে বুঝতাম ঠিক আছে। মানায় ? এই কথা মানায় ? সূর্যবাবু উত্তর দেবেন না। I don't know মানে কি সূর্যবাবু উত্তর দেবেন না, কিন্তু আমি দেব। I don't know মানে সুব্রত মুখার্জী নোজ নট, দ্যাট ইজ নোজ নট। এটা সুব্রতবাবুর জেনে রাখা উচিত। ছেলেখেলা পেয়েছেন ? মনে রাখবেন এই কথা অহমিকা নয়। আপনারা বলেছিলেন আমাদের অহমিকা বেড়ে গেছে। আপনারা আজকে কি করছেন ? অহমিকার জোরে আপনারা যা খুশি বলার চেষ্টা করছেন। আমরা তো বলছি কাজ করুন আপনারা, সাহায্য করব। কোনটাতে সাহায্য করিনি বলুন ? একটা কাজের নাম করুন সাহায্য করিনি ? একটা কাজের নাম করুন অসহযোগিতা করেছি ? চাই আমরা করতে। পশ্চিমবঙ্গের ভালো হোক এই জন্যই তো আমরা এসেছি। কি করতে পার্টি করতে এসেছি আমরা। রাজনীতি করার জন্য রাজনীতি করতে আসিনি। মানুষের ভালোর জন্য রাজনীতি করতে এসেছি। যদি আজকে তৃণমূল ভালো কাজ করে, তবে দু-হাত তুলে আশীর্বাদ জানাব। যদি কংগ্রেস ভালো কাজ করে দু-হাত তুলে আশীর্বাদ জানাব। কিন্তু এমন পথে নিয়ে যাবেন না আলোচনাকে, যাতে এই পবিত্র সভাঘরকে, যেটাকে মমতা ব্যানার্জী বলেছেন মন্দির, যেটাকে মমতা ব্যানার্জী বলেছেন মসজিদ, খুব খুশি হয়েছিলাম।

[3.20—3.30 p.m.]

তারপরে কি দেখলাম, সেদিন তো অবাক হয়ে গেলাম, বাজেটের বই পড়া হচ্ছে, হতে পারে অমিতবাবু ভালো ইংরাজি জানেন, বাংলায় অভ্যাস কম আছে আমরা শুনেছি, সেটা সবাই জানে না। পড়তে পড়তে কয়েকটা কথা ভুল বলেছিলেন, আপনারাও তো বলেছিলেন। তার জন্য মমতা বন্দ্যোপাধ্যায় উঠলেন, উঠে ([redacted] আমাদেরকে। তিনি ([redacted]) মুখ্যমন্ত্রী, মুখ্যমন্ত্রী ([redacted])? স্পীকার ([redacted]) পারেন। কেন ([redacted]) এর নাম হচ্ছে গণতন্ত্র। আর আমাদের দলতন্ত্র উচ্ছেদ করতে চাই।

ম্যাডাম ডেপুটি স্পীকার : আপনারা বসুন, আপনারা বসুন। ....(ভয়ঙ্কর গোলমাল)....

** have been expunged.

শ্রী আনিসুর রহমান : আপনারা চিৎকার করুন। আপনারা চিৎকার করতে পারেন, আপনারা যা খুশি বলতে পারেন। আপনারা জিতেছেন। কিন্তু ইতিহাস প্রমাণ করবে। পশ্চিমবাংলার মানুষ বুঝতে পারবেন। ইতিহাস প্রমাণ করবে। ....(গোলমাল).... একদিন আপনাদের ঔদ্ধত্যের বিচার হবে। আমি তাদের কাছে আবেদন জানাব। আমি অমিতবাবুর কাছে আবেদন জানাব—দু-হাত ভরে আশীর্বাদ করব যদি পশ্চিমবাংলার বেকার ছেলেরা চাকরি পেয়ে যায়, কাজ পেয়ে যায়। দু-হাত ভরে আশীর্বাদ জানাব অমিতবাবুকে। মাননীয়া মমতা বন্দ্যোপাধ্যায়কে আরও মালা দিয়ে যাব। আমার কৃষকের ভালো ব্যবস্থা যদি হয়ে যায় আমি আপত্তি করব না। কিন্তু কি চান ? অদ্ভুত দ্বিচারিতা। অদ্ভুত দ্বিচারিতা। দিল্লি কার সরকার ? এখানে যাঁরা সরকার বানিয়েছেন তাঁরা তো দিল্লি চালাচ্ছেন। তো দায়িত্ব নেবেন না ? আজকে কি বললেন না তো গ্যাসের দাম কমিয়ে দিলাম। মমতা বন্দ্যোপাধ্যায় নিজে বললেন যে, আমাদের সব থেকে গরীব মানুষেরা কেরোসিন ব্যবহার করে। কেরোসিনের দাম কমাতে হবে। কে কমাবে ? কার জন্য কেরোসিনের দাম বাড়ল ? ডিজেলের দাম বাড়া মানে জানেন—আমার জাতির রক্ত হচ্ছে ডিজেল, it is blood of the nation. সেই ডিজেলের দাম বাড়িয়েছেন। কৃষকের সর্বনাশ করেছেন। গরিব মানুষের সর্বনাশ করেছেন। তাও আমরা বক্তৃতা করে যাচ্ছি। কে দায়িত্ব নেবেন ? আমি বিরোধী, আমি বিরোধী মানে কে পক্ষে আছে ? কংগ্রেস বলুক কার পক্ষে আছে ? তৃণমূল বলুক কার পক্ষে আছে ? বলুক কেরোসিনের দাম বাড়ানো ঠিক হয়েছে। বলুক ডিজেলের দাম বাড়ানো ঠিক হয়েছে। বলুক আজকে গ্যাসের দাম বাড়ানো ঠিক হয়েছে—বলুক। আজকে আমার কৃষক—কৃষকেরা দুরবস্থায়। চাষীরা পাট তৈরি করে এসে ডিজেল কিনেছে বেশি টাকা দিয়ে, সার কিনেছে বেশি টাকা দিয়ে। আজকে বিক্রির কোনো ব্যবস্থা নেই। সে জিনিস তারা করার চেষ্টা করছে। আমি তো আপনাদের কাছে আবেদন জানাব। হইচই করার ব্যাপার নয়, আমরা তো বলছি, আলোচনায় বারেবারে বসতে চাই—আমরাই তো বলেছি। আপনাদেরকে বহুবার ডেকেছি। ওই যে পার্থবাবু, মনে আছে আমি যখন পঞ্চায়েতমন্ত্রী হওয়ার পরে তিনবার সর্বদলীয় সভা করেছিলাম। বারেবারে ডেকেছিলাম, যা আছে বলুন শুনব সব। সবে মিলে কাজ করতে চাই, জানবেন। আর আমরা ডাকার আগেই যাই। সবার সঙ্গে সহযোগিতা করতে চাই। আসুন, পশ্চিমবাংলা কারও ব্যক্তিগত সম্পত্তি না। তৃণমূলের সম্পত্তি না, সি পি এম-এর সম্পত্তি না, বামফ্রন্টের সম্পত্তি না—পশ্চিমবাংলার ৯ কোটি মানুষের সম্পত্তি। এর ভালো-মন্দ দেখার দায়িত্ব আপনাদেরও যেমন আছে, তেমনি আমাদেরও আছে। আপনারা যেমন আটচল্লিশ গড় মানুষের দায়িত্ব পেয়েছেন, আমরা তেমনি একচল্লিশ গড় মানুষের দায়িত্ব পেয়েছি। ছেলেখেলা করে উড়িয়ে দেওয়ার চেষ্টা করবেন না। সংখ্যাতত্ত্বে বেশি হতে পারেন, তাই বলে এই আঙুলটা দেখাবেন না যে আমরা যা খুশি করব। তা যদি করেন তবে তার জের একদিন নিতে হবে। পশ্চিমবাংলার মানুষ ছেড়ে দেবে না কখনো। বাজেটকে আমাদের সমর্থন করার বিষয় নয়। কিন্তু যে ভুল তত্ত্বগুলো দেওয়া হয়েছে, যে অসত্য তত্ত্ব দেওয়া হয়েছে, আমি আবেদন জানাব অমিতবাবুর কাছে, আমি ইতিহাস-বিজ্ঞান-অর্থনীতির ছেলে নয়, আমার জানার কথা নয়, কিন্তু যেটুকু আমি বুঝি সেটুকু আমি ডাইরেক্ট গরিব মানুষের কাছ থেকে বুঝি। এইটুকু জানি, কোন সাহিত্যিক, কোন দার্শনিক, কোন বৈজ্ঞানিক

কত বড়ো বই ছাপালেন, তা দিয়ে আমার ছেলে ভাত খেতে পায় কিনা, আমি দেখতে যাব না। আমার ছেলে ভাত খেতে পায় কিনা আমি রোজ দেখি। আমার পাশের গরিব মানুষ ভালো আছে না খারাপ আছে তা আমি রোজ দেখি। তথ্য দিয়ে দেখব না। পশ্চিমবাংলার উন্নতি হয়েছে না অবনতি হয়েছে তা আমি রোজ দেখতে পাই। এটা আমাদের তথ্য পড়ে শিখতে হবে না। আমি আশা করি আপনি সে কথার উত্তর দেবেন এবং আগামীদিনে পশ্চিমবাংলার উন্নতির চেষ্টা করুন। আমরা সব সহযোগিতা করব। কিন্তু এরকম যদি করেন তাহলে জানব যে আপনারা সহযোগিতা চান না। কেন করবেন এটা ? আসুন আমরা মিলিত হই, পশ্চিমবাংলার উন্নয়নের জন্য চেষ্টা করি। আমি সবাইকে আরেকবার ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয়া ডেপুটি স্পীকার মহাশয়া, আমার একটা পয়েন্ট অফ অর্ডার আছে।

ম্যাডাম ডেপুটি স্পীকার : বলুন, মিঃ পার্থ চ্যাটার্জী।

শ্রী পার্থ চ্যাটার্জী : বিরোধী দলের সম্মানীয় প্রাক্তন মন্ত্রী ও বর্তমান বিধায়ক আনিসুর রহমান সাহেব তিনি তাঁর বক্তব্য রাখতেই পারেন। কিন্তু তিনি মাননীয়া মুখ্যমন্ত্রী সম্পর্কে যে অসত্য ভাষণ দিয়েছেন, মুখ্যমন্ত্রী (**) এই কথাটা আমি মনে করি সম্পূর্ণ অসত্য, এ কথাটা বাদ দেওয়ার জন্য আমি উপাধ্যক্ষের কাছে আবেদন করছি।

ম্যাডাম ডেপুটি স্পীকার : এটা এক্সপাঞ্জ হবে।

শ্রী তাপস রায় : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, গত ২৪শে জুন এই মহতী সভায় আমাদের রাজ্যের অর্থ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী ডঃ অমিত মিত্র ২০১১-১২ আর্থিক বছরের জন্য বিবৃতি রেখেছেন, আর্থিক বিবরণী এবং সেপ্টেম্বর ২০১১, শেষ পর্যন্ত আরো দু মাসের ভোট-অন-অ্যাকাউন্ট উপস্থাপিত করেছেন। আমরা সকলে জানি এটা ম্যান্ডেটরি, সাংবিধানিক রীতি অনুযায়ী করা হয়। ঠিকই বলেছেন বিরোধী দলের অনেক মাননীয় সদস্য, এটাকে নিয়ে বিশেষ আলোচনার কোনো সুযোগ নেই, বিরোধিতারও কোনো সুযোগ নেই। তবুও অনেকে করেছেন। আপনারা জানিয়ে দেবেন এটা করা যায় না।

আমি গত বক্তৃতায়ও বলেছিলাম, সিনিয়র বক্তারা, এই আনিসুর রহমান সাহেব বক্তব্য রাখলেন, ২০ বছরের সদস্য এই হাউসের, এই বিবৃতিটুকু ম্যাডাম উনি পড়ার সময় পাননি। ৫৬ হাজার লেখা আছে উনি ৫৭ হাজার বলছেন। আসলে মানুষ অভ্যাসের দাস। ৩৪ বছর এদিকে থেকে আপনারা ভুলে গেছেন যে এগুলো পড়তে হয়। আমরা যখন ওদিকে ছিলাম তখন পড়তাম, এখনও পড়ি। কিন্তু আপনারা পড়েও দেখছেন না যে সংখ্যাটা কি, অমিত মিত্র মহাশয় কী বলতে চেয়েছেন। তার ফলে আপনারা ভুল বলছেন। এই যে আপনি বললেন ভুল। পদ্ধতিগত ভুলের কথা আপনি বললেন। পদ্ধতিগত ভুলটা হচ্ছে সেটাই ৩৪ বছর যে ভুল করে গেছেন, ভুলের পাহাড়। অতল জলের আহ্বানের গান আপনার মনে

(**) Have been expunged.

পড়ে ? 'ভুল সবই ভুল'। ৩৪ বছরের বামফ্রন্টের পাতায় পাতায় যা লেখা সে যে ভুল। কত ভুল করবেন ! ৩৪ বছরে যে ভুল আপনারা করেছেন সেগুলো শুনুন। আমার পরে ডাঃ ভুঞ্যা এবং ডাঃ মিশ্র, পর পর দুই ডাক্তার এবং দুজনের মেদিনীপুর থেকে বলবেন। মাননীয় অর্থমন্ত্রী তো উত্তর দেবেন, কিন্তু আমি ডাঃ মিশ্রকে অনুরোধ করব তিনি যদি দয়া করে উত্তর দেন।

মাননীয় সুভাষ নস্করকে দেখতে পাচ্ছি না, উনি বক্তৃতা করে বলেছেন 'দালমে কুছ কালা হ্যায়'। উনি অমিত মিত্রের বিবৃতিতে কি 'কালা' দেখলেন আমি জানি না। তবে ৩৪ বছর আপনারা যে কালা এবং বধির ছিলেন, মানুষের কথা শুনতে পাননি সেটা আপনাদের এই সংখ্যা বুঝিয়ে দিচ্ছে। আপনারা যদি কালা না হতেন মানুষের আর্তনাদ, চিৎকার, যন্ত্রণা, ব্যথা-বেদনা যদি সঠিকভাবে শুনতে পেতেন তাহলে আমরা এদিকে থাকতাম না আর আপনারাও ওদিকে থাকতেন না। মাননীয় সদস্য সুভাষ নস্কর কোথায় ? বলছেন 'দালমে কুছ কালা হ্যায়'। প্রবোধদাকেও দেখছি না। প্রবোধ সিন্‌হা। একজন senior Member of this august House, মন্ত্রী ছিলেন অনেক দিন, মূল্যবৃদ্ধি নিয়ে বললেন। আমি প্রথমেই বলব চিফ মিনিস্টারকে এই সভা থেকে, এই সদন থেকে আমাদের অভিনন্দন জানানো উচিত। দুটো কাজ উনি করেছেন। কাজ (১) তিনি এই প্রথম পশ্চিমবাংলার বুকে ২৪ শতাংশ বাজেট বরাদ্দ নিয়ে এসেছেন। তিন দিন দিল্লি সফর করে ২২,২১৪ কোটি টাকার যোজনা বরাদ্দ করে ফিরেছেন। তার জন্য আপনারা সবাই মিলে দাঁড়িয়ে অন্তত মাননীয় মুখ্যমন্ত্রীকে অভিনন্দন জানান।

মূল্যবৃদ্ধির ব্যাপারে আপনারা কি বলছেন ? যিনি মূল্যবৃদ্ধির কথা বললেন তিনি নেই। আমাদের দল, আমাদের নেত্রী, বর্তমান মুখ্যমন্ত্রী বাংলার মানুষের ক্রন্দন শুনতে পেয়েছিলেন। যখন যা বলেছিলেন মনে রেখেছেন এবং আমাদের ম্যানিফেস্টো অনুযায়ী প্রতিদিন আমরা এগোচ্ছি আর আপনারা আরো আরো পিছিয়ে আগামীদিনে স্কেলিটনে পরিণত হবেন সেটা ভেবে বক্তব্য রাখুন।

কী বলেছে full bench of the Planning Commission ? Full bench of the Planning Commission বলেছে যে, এর আগে বামফ্রন্ট সরকার যোজনায় যে নথি দিত সেই নথিতে কারচুপি, jugglery of statistics datas, ভুলে ভরা এবং অবাস্তব। আর আমাদের অর্থমন্ত্রী এবং আমাদের মুখ্যমন্ত্রী ফুল বেঞ্চকে স্যাটিসফাই শুধু করেননি, বলেছেন এটা একটি স্পষ্ট বাস্তবধর্মী, বাস্তবমুখী একটা যোজনা এবং একটা বাজেট। এবং আপনাদের ছিল, আপনারা তো কখনো বি জে পি সরকারের সঙ্গে, পায়ে হাত দিয়ে প্রণাম করে বুদ্ধদেববাবু টাকা নিয়ে এসে মাইনে দিতেন, এ কথা বলাবেন না, বিশ্বনাথপ্রতাপ সিং, বলাবেন না। সাড়ে চার বছর ওই কংগ্রেসীদের কটাক্ষ করলেন না। সাড়ে চার বছর হনিমুন করেছিলেন। ৬ মাসের হনিমুনটা সাড়ে চার বছর করেছিলেন। সে সব ভুলে যাবেন না, এগুলো বলাবেন না। আপনাদেরও স্মরণে আছে, আমারও স্মরণে আছে, আমাদেরও স্মরণে রয়েছে। আজকে অগ্রাধিকার আমরা দিয়েছি কোথায় ? হরকাবাহাদুর ছেত্রী বলবেন

আপনাদের দিকে তাকিয়ে, সুবাস ঘিসিংকে দিয়ে কি করিয়েছিলেন। টাকা দিয়েছেন, আর সমস্ত টাকা কোথায় গেছে। হরকাবাহাদুর ছেত্রী সঠিকভাবেই বলেছেন, মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নির্দেশমতো, তার নেতৃত্বে পাহাড় থেকে সুন্দরবন, উত্তরবঙ্গ থেকে দক্ষিণবঙ্গের জঙ্গলমহল, এই যে বরাদ্দ করা হয়, এই বরাদ্দের কথা বলা হবে না ? আপনাদের বরাদ্দ ছিল অত্যন্ত যন্ত্রণাক্লিষ্ট। টাকা কি আপনাদের ছিল ? কেন বরাদ্দ করেননি ? পার্টিকে খুশি করতে গিয়ে ম্যাসাচুসেটসের ডক্টরেট অর্থমন্ত্রী তিনি আয় বাড়াননি, ব্যয় বাড়িয়ে গেছেন, বলেছেন একবারও। ডঃ মিশ্র বা আনিসুর রহমান সাহেবরা একবারও। আজকে আমাদের টার্গেটটা কি ? আমাদের টার্গেটটা হচ্ছে, সামাজিক পরিকাঠামো, সোস্যাল স্ট্রাকচার, ইনফ্রাসট্রাকচার এবং তার জন্য আমরা কি করেছি। শুনলে, আপনারা লিখুন, ডঃ মিশ্র কাইন্ডলি লিখুন আপনি উত্তর দেবেন। কতটা বাড়িয়েছি, ভাবতে পারেননি আপনারা। আপনাদের ভাবনার মধ্যে, চিন্তার মধ্যেই ছিল না। ফুড অ্যান্ড সাপ্লাইতে ৬৩ পয়েন্ট ৭২ পার্সেন্ট। উইমেন অ্যান্ড চাইল্ড ডেভেলপমেন্ট অ্যান্ড সোস্যাল ওয়েলফেয়ারে ১৫৫ দশমিক ৭৪, আমি অভিনন্দন জানাই অর্থমন্ত্রীকে। আরো অভিনন্দন প্রাপ্য আছে। আপনি বলেছেন আপনি হতাশ করেছেন। আপনি হতাশ করেননি, হতাশ হয়েছে ওরা। তার কারণ জাগলারির জন্য, কারসাজির জন্য, কারচুপির জন্য, আপনার কাছে ২৬ হাজার ভোটে ম্যাসাচুসেটসের ডক্টরেট অর্থনীতিবিদ হেরে যায়, হতাশ তো ওরা, আপনি কেন হতাশ করবেন হাউসকে। পাবলিক হেল্‌থ ইঞ্জিনিয়ারিংয়ে ১৮৫ শতাংশ বর্ধিত বরাদ্দ, ভাবা যায়। ভাবতে পারছেন ডাঃ মিশ্র, সর্বশিক্ষা অভিযান, প্রায় একশো শতাংশ, ৯৮ পয়েন্ট ৬৭, ভাবা যায়, ভাবুন এটা। শুধু বলার জন্য বলা। মাত্র ৩৮ দিনের সরকার, ৩৪ বছরের নয়। ৩৮ দিনের সরকার, আর ৩৪ বছরের সরকার কি করে গেছেন, আমি আসছি আপনাদের কাছে। রাষ্ট্রীয় মাধ্যমিক শিক্ষা অভিযান লাফিয়ে উঠবেন। রাষ্ট্রীয় মাধ্যমিক শিক্ষা অভিযান, ম্যাডাম লাফিয়ে উঠবে ওরা। ৮৯২ দশমিক ৮৬, এই ব্যয়-বরাদ্দের ভাবনা-চিন্তা কখনো আপনারা করেছেন, করতে পেরেছেন। করার মতো আপনাদের চিন্তা, শক্তি, শিক্ষা, মানসিকতা এগুলো ছিল ? আমি আসছি এবার, আমি মাননীয় অর্থমন্ত্রীকে ধন্যবাদ দেব এই জন্য যে, আপনি অন্তত ঋণং কৃত্য, ঘৃতং পিবেত করেননি, এরা ঋণং কৃত্য, ঘৃতং পিবেত করে গেছেন। ঋণ করে, ঘি খেয়ে আজকে আমাদের কোথায় দাঁড় করিয়ে দিয়ে গেছে। আমরা সেটা করিনি। কি করেছে, আপনাদের ছিল এটা নীতি, এটা পলিসি, আপনারা কি করেছেন ? রাজ্যে মোট ঋণ কত ? আউটস্ট্যান্ডিং debt. Debt trap and death trap আপনারা যেটা করে গেছেন বাংলার জন্যে, সেটা শুধু ঋণের ভাগ নয়, বাংলার মৃত্যু ভাগ করে গেছেন। সেখান থেকে অন্তত মমতা ব্যানার্জী ৩৪ বছর পর উজ্জীবিত করার জন্য একটা চেষ্টা চালাচ্ছেন। কষ্ট করছেন, দৌড়চ্ছেন, টাকার ব্যবস্থা করার চেষ্টা করছেন। আপনারা আর্নিং বাড়াননি, রেভিনিউ বাড়াননি। আপনারা কি কি করে গেছেন, আমি সে সমস্ত কথাতে আসছি। আপনারা আউট স্ট্যান্ডিং ডেটটা কি ছিল, বাজেট অ্যাট এ গ্ল্যান্স আপনারা করেছেন, ম্যাডাম ওরা করেছে নিশ্চয় সেটা ২ লক্ষ ৩ হাজার কোটি টাকা। আউট স্ট্যান্ডিং ডেট—সেই ২ লক্ষ ৩ হাজার কোটি টাকা টাইমস অফ ইন্ডিয়ায় কোনো একজন সাংবাদিক লিখেছিলেন, যদি

১০০ টাকার নোট সুতোতে গাঁথা হয় সেটা চাঁদে পৌঁছে যাবে এবং ফিরে আসবে এই ঋণের ফাঁদে, আপনারা বাংলাকে ডুবিয়েছেন এটা আপনাদের মনে রাখতে হবে। ঋণটা এতখানি, ঋণের পরিমাণটা এতখানি, কী ভয়ঙ্কর ঋণের ফাঁদে ডাঃ মিশ্র আপনারা আমাদের ফেলে রেখে গেছেন, ফেলে দিয়ে গেছেন তার পরেও আপনারা বলেন। দুটো বছর একটু চুপ করে থাকুন না ? "বেহায়ার নাহি লাজ, নাহি অপমান। সুজনকে এক কথা মরণও সমান।" আপনারা বেহায়া, লাজ নেই, লজ্জা নেই। সুজনকে এক কথা মরণও সমান। আপনারা যদি সুজন হতেন তাহলে চুপ করে বসে অন্তত কয়েকটা মাস, কয়েকটা বছর দেখতেন যে এরা কী করছে। ৩৪ বছরে তো আপনারা যা করে গেছেন আসছি আমি। আপনারা স্লোগান দেন না আনিসুর সাহেব, "দুনিয়ার মজদুর এক হও।" দুনিয়ার নয়, ভারতের নয়, বাংলার মজদুর কে যেন বলছিলেন না অসংগঠিত শ্রমিকদের কথা। এই অসংগঠিত শ্রমিকদের জন্য আপনারা কী করেছেন শুনুন। এই অসংগঠিত শ্রমিকদের জন্য আপনারা পি এফ প্রথার কথা বললেন। ২০ টাকা শ্রমিক দেবে, ২০ টাকা সরকার দেবে। এখানে শ্রমমন্ত্রী রয়েছেন ভুল বললে উনি বলবেন। বলতেই পারেন যখন খুশি, মন্ত্রী যদি মনে করেন কোনো সদস্য ভুল বলছে উনি সেটাকে রেক্টিফাই করে দিতে পারেন। সেই ২০ টাকা এবং ২০ টাকা—১ কোটি ৭০ লক্ষ অসংগঠিত শ্রমিক। সেই ১ কোটি ৭০ লক্ষ অসংগঠিত শ্রমিকের মধ্যে ২০০১ থেকে ২০১১ প্রায় ১১ বছর ২২ লক্ষের জায়গায় ২৩ লক্ষ ১ লক্ষ বেশি। ২৩ লক্ষ অসংগঠিত শ্রমিককে আপনারা দিয়েছেন। তাহলে কত দেননি ? ১ কোটি ৪৭ লক্ষ। ১ কোটি ৪৭ লক্ষ অসংগঠিত শ্রমিককে আপনারা ২০ টাকা করে দিয়ে পি এফ করতে পারলেন না। আপনারা ঢক্কা নিনাদ একেবারে বাজনা-টাজনা, ঢাক-ঢোল পিটিয়ে সারা বাংলা গরম করে দিলেন "দুনিয়ার মজদুর এক হও।" কোথায় দুনিয়া ? কোথায় ভারত ? আমার বাংলার শ্রমিক কাঁদছে। ১ কোটি ৭০ লক্ষ শ্রমিক তার কী করেছেন বন্দোবস্ত বলবেন, ডাঃ মিশ্র বলবেন এবং আমাদের মাননীয় মন্ত্রী তিনি নিশ্চয় বলবেন। আশা করব, এই সমস্ত নিয়ে আরো ডিটেলস্-এ যাওয়া যাবে আগস্ট-সেপ্টেম্বরে। আগস্ট-সেপ্টেম্বরে আমরা স্ট্যাটিসটিক্সে, ডাটায় তুলনামূলকভাবে পরিসংখ্যানে আমরা ভালো করে যেতে পারব। জীবনযাত্রার মান উন্নয়ন এটাই তো আসল কাজ একটা সরকারের। গ্রাম, শহর, শহরতলি, নগরের মধ্যে যদি উন্নয়ন—পরিকাঠামোগত হোক, সামাজিক হোক, আর্থিক হোক, সার্বিক হোক—একটা টোটাল ডেভেলপমেন্ট, ইন্ট্রিগেটেড ডেভেলপমেন্ট। এই ডেভেলপমেন্ট করতে গেলে কী করতে হয় আপনাকে, মান উন্নয়ন করতে হয়। সেই মান উন্নয়ন আপনারা কিরকম করেছেন দেখুন। একটা অসহনীয় অবস্থা। বিকল্প কর্মদক্ষতা তৈরি করতে পারেননি, আদার দ্যান এগ্রিকালচার গ্রামে। এটা করে উঠতে পারেননি, ৩৪ বছর সময়টা বড়ো কম সময়। এই সময় তো করা যায় না। ন্যাশনাল হিউম্যান ডেভেলপমেন্ট রিপোর্ট—আমি কোট করছি গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার। সেখানে বলছে, মাথাপিছু কনজামশান মানে ভোগ গ্রামের থেকে শহরের বেশি। গ্রামের ভোট নিলেন—তারপরে তো যা করেছেন করেছেন। পেয়েছেন কিছু, ছাপ্পা কারবার তো আপনারা করেছেন। আমি সে সবে যাচ্ছি না। গ্রামের মানুষদের ভোগের সমতা আনলেন না শহরের সঙ্গে ৩৪ বছরে। তারপরে আপনারা কথা বলবেন শুনতে

হবে বসে বসে, এই প্রান্তে বসে বসে। এই অসাম্য আপনারা দূর করেননি। আবার কী করেছেন, আর একটা কোট করছি ম্যাডাম। ওয়েস্ট বেঙ্গল হিউম্যান ডেভেলপমেন্ট রিপোর্ট আপনাদের করা, আমাদের নয়। মাননীয়া মুখ্যমন্ত্রী আমাদের সুপ্রিমো শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায় করেননি, আপনারা করেছেন। কী করেছেন ? সেখানে সাবার্বন এবং অন্যান্য শহর যে অনুন্নত, ডিস্ট্রিক্ট যে পিছিয়ে গেছে '৮০-৮১ থেকে, আজ নয়—'৮০-৮১ থেকে ডিস্ট্রিক্ট পিছিয়ে গেছে। সেটা আরো প্রকট হয়েছে কবে, আরো ভয়ঙ্কর রূপ নিয়েছে কবে—২০০০-০১। সেখানে কী বলছে, সেখানে বলছে—২০০০ এবং ২০০১ আরো খারাপ হয়েছে। ভারত চেম্বার অফ কমার্স এই ২০শে মে মানে ১ মাস ৭ দিন আগে একটা বই বার করেছিল। সেই বইতে বলছে, ৫ বছরে তামিলনাড়ু, গুজরাট, পাঞ্জাব, কর্নাটকে এমপ্লয়মেন্ট গ্রোথ হচ্ছে ৮ থেকে ১০ শতাংশ। ওড়িশার আরো বেশি ১১.২৭ শতাংশ, বাংলার ১.৩১ শতাংশ। এই বইটা বার করেছে ভারত চেম্বার অফ কমার্স ২০-০৫-২০১১ সালে। এটা একটু দেখে নেবেন। ১৯৯৮-৯৯ থেকে ২০০৩-২০০৪ এই ৫ বছরে তামিলনাড়ু, পাঞ্জাব, ওড়িশা, গুজরাট, কর্নাটক, হরিয়ানা ৯ থেকে ১০ শতাংশ বাড়িয়েছে আর বাংলা কোথায় ছিল জানেন—বাংলা প্লাস নয়, বাংলা মাইনাস ৫.৫৪। এই গ্রোথ দিয়ে গেছেন আপনারা। তার পরেও আপনারা কথা বলবেন, আনিসুর সাহেব কথা বলবেন আর আমাদের শুনতে হবে। গণতন্ত্রে এটা তো শুনতেই হবে দিশা দিয়েছেন। আমাদের বর্তমান অর্থমন্ত্রী একটা দিশা দিয়েছেন, একটা স্পষ্ট বার্তা দিয়েছেন যে, আমরা এই খাতে খাতে এই এইভাবে এগোব। এই এইভাবে আমরা যাব এবং সেই জন্য আমাদের এই চিন্তা-ভাবনা এবং আপনার রেভিনিউ সারপ্লাসে ওয়েস্ট বেঙ্গলকে বলা হয় যে Highest revenue deficit amongst not only most indebted States but in all States in our country. ম্যাডাম আমি আর একটা মিনিট নেব, আমার বলা প্রায় শেষ হয়ে গেছে। ডেফিসিট স্টেটের মধ্যে আমরা সর্বপ্রথমে রয়েছি। আর অন্যদের মনে করুন ঋণ ফেরত দেওয়ার ক্ষমতা রয়েছে। তাদের আর্নিংস রয়েছে। রেভিনিউ আর্নিংস রয়েছে। এই সমস্ত কিছু রয়েছে। এই সমস্ত ব্যবস্থাগুলো আপনারা করে দিয়ে যাননি সেটাই অত্যন্ত দুঃখের এবং বেদনার। আমাদের যে আর্থিক বিবরণী এবং ভোট-অন-অ্যাকাউন্ট্স পেশ করেছেন আমাদের মাননীয় অর্থমন্ত্রী এবং নেত্রী আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রীর নেতৃত্বে এবং নির্দেশে, আমি সেই আর্থিক বিবরণী এবং ভোট-অন-অ্যাকাউন্টকে সমর্থন করে পশ্চিমবাংলাকে যে অতল জলের আহ্বানের দিকে আপনারা ডেকে নিয়ে গিয়েছিলেন, সেখান থেকে টেনে নিয়ে আগামীদিনে কত তাড়াতাড়ি আমরা এগোতে পারি অন্যান্য রাজ্যের সঙ্গে পাল্লা দিয়ে সেটাই হবে আগে আমাদের রাজ্যের পরীক্ষা। নমস্কার।

[3.40—3.50 p.m.]

ডাঃ মানস রঞ্জন ভুঞ্যা : মাননীয়া উপাধ্যক্ষ মহোদয়া এবং সম্মানীয় অর্থমন্ত্রী অমিত মিত্র মহোদয়, রাজ্য সরকারের যে ভোট-অন-অ্যাকাউন্ট ২৪শে জুন পেশ করেছেন তার উপরে আমি কিছু আলোকপাত করতে চাই এবং সম্মানীয় বিরোধী দলের সদস্যরা

শ্রীআনিসুর রহমান সমেত যাঁরা যাঁরা বক্তব্য রেখেছেন তাঁদের দু-চারটি বক্তব্যের উত্তর দিতে চাই। অনেক রক্তাক্ত ইতিহাস, অনেক চোখের জল, বিধ্বংসী আর্থ-সামাজিক প্রেক্ষাপট পেরিয়ে বাংলার মানুষ নতুন সরকার গড়ার রায় দিয়েছেন। একদিকে অর্থনৈতিক, একদিকে সামাজিক, একদিকে রাজনৈতিক যুক্তরাষ্ট্রীয় কাঠামোতে পশ্চিমবঙ্গ নামক অঙ্গরাজ্যে টানা ৩৪ বছর শাসন ব্যবস্থায় মার্ক্সবাদী কমিউনিস্ট পার্টির নেতৃত্ব বামফ্রন্ট করেছেন। এই নিয়ে তারা গর্ব করেন। আমরা চিন্তা করি, তাঁরা বুক ফুলিয়ে চলেন। আমরা উদ্বেগ প্রকাশ করি কারণ, এটা একটা বিসদৃশ গণতান্ত্রিক প্রক্রিয়ার প্রতিফলন। গণতান্ত্রিক প্রক্রিয়ায় পার্টিসিপেটারি ডেমোক্রেসিতে একটা রাজ্যে ৩৪ বছর একটানা অধিষ্ঠান অস্বাভাবিক পরিস্থিতি, কিন্তু সেটাই ছিল এবং সেটাই বাংলার অর্থনীতিকে ভেঙে চুরমার করে দিয়েছে। বাংলার সমাজ ব্যবস্থাকে ক্ষত-বিক্ষত করেছে। বাংলার আর্থ-সামাজিক ব্যবস্থাকে ছিন্নভিন্ন করে দিয়েছে। তারই প্রতিফলন আজকের ভোট-অন-অ্যাকাউন্ট্স। তারই প্রতিফলন আজকের অর্থনীতির যাত্রা। কেন বলছি—একবার ফিরে তাকান ১৯৮৭ সালের মে মাসে প্রাক্তন অর্থমন্ত্রী যখন বাজেট পেশ শুরু করেছিলেন সেই সময়ের দিকে। কী স্লোগান দিলেন, জিরো ডেফিসিট বাজেট বা শূন্য ঘাটতি বাজেট। সেদিন আমরাও আপনাদের জায়গায় বসে বলেছিলাম, একটা উন্নয়নশীল দেশের অঙ্গ রাজ্যে কখনো জিরো ডেফিসিট বাজেট হতে পারে ? উনি বলেছিলেন হতে পারে। কেন, আমরা একটা বৈপ্লবিক চেতনায় বিকল্প অর্থনীতির পথে, alternate economic approach-এ হেঁটে প্রমাণ করে দেব এটা করা যায়। আমরা সেদিন বারেবারে বলেছিলাম এই পথে হাঁটবেন না। উনি বলেছিলেন হাঁটব। উনি হাঁটলেন ১৯৮৭ সালের মে মাস আর ২০১১ Vote on account তিন মাস। নাম নেওয়া যায় না মাননীয়া উপাধ্যক্ষ মহোদয়া, তাই আমি প্রাক্তন অর্থমন্ত্রী মিঃ দাশগুপ্ত বলছি। সেদিন আমি বলেছিলাম এবং আমার বক্তব্য যদি পড়েন দেখবেন যে, market economic doctorate from MIT and fortunately or unfortunately the Finance Minister of Left Front Government has become sandwiched in between the two doctrine of policy of economics. এটাই বলেছিলাম। তাই হয়েছে বাংলার মাটিতে, বাংলার মাটিতে তাই হয়েছে বলে আজকে এক কোটি বেকারের যন্ত্রণা। বাংলার মাটিতে তাই হয়েছে বলে আজকে ভারতবর্ষ third highest debt burden state. আমাদের আগে উত্তরপ্রদেশ, মহারাষ্ট্র আছে। কিন্তু বাংলা হবে কেন। আমি কি উত্তরপ্রদেশের সঙ্গে কম্পিটিশান করে ফার্স্ট হতে যাব, না মহারাষ্ট্রের সঙ্গে কম্পিটিশান করে ফার্স্ট হতে যাব ? আমি কেন এত দেনা করব ? আমি কেন এত debt trap-এর মধ্যে পড়ব ? এটাই কি বিকল্প অর্থনীতি ! Is it the alternate economic approach ? যা ভারতবর্ষের মাটিতে শিক্ষায় দ্বিতীয় স্থানে থাকা বাংলাকে, কেরলের পরে যা ছিল, নামিয়ে দেবে ১৩তম স্থানে। এটাই কি বিকল্প অর্থনীতির অ্যাপ্রোচ ? যা ভারতবর্ষের স্বাস্থ্যের ক্ষেত্রে ভারতবর্ষ বিধানচন্দ্র রায়ের তৈরি করা বাংলাকে নামিয়ে দেবে সপ্তম স্থানে। এটাই কি বিকল্প অর্থনীতির অ্যাপ্রোচ ? যা শিল্পের ক্ষেত্রে মহারাষ্ট্রের পরে দ্বিতীয় স্থানে থাকা বাংলাকে সিক্সথ পজিশানে নামিয়ে দেবে। আমরা প্রতিবাদ করেছিলাম। আপনারা শোনেননি। ক্ষমতার দম্ভ,

২৩৫ আর ৩০। আঙুল তুলে বলেছিলেন, আপনাদের কথা শুনব না, আপনারা কিছু বোঝেন না। আমরা বসে থেকেছি। আপনারা গণতান্ত্রিক মূল্যবোধকে সম্মান দেননি এবং দেননি বলে অর্থনীতিকে পরীক্ষা-নিরীক্ষার মধ্যে এগিয়ে নিয়ে যেতে সাহায্য করেছেন। বাংলার অর্থমন্ত্রী, ভারতবর্ষের অর্থমন্ত্রীদের কমিটির চেয়ারম্যান হয়েছেন। আর বাংলা পিছিয়ে গেছে বিহারের চাইতেও অনেক জায়গায়। শিক্ষার জন্য আপনারা দাবি করেছেন বারেবারে যে, আমাদের নেতৃত্বে এগিয়ে চলেছে বাংলা। কোন জায়গায় ? কোন জায়গায় এগিয়েছেন দেখান। বলবেন আমরা খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হয়ে গেছি। ওই জায়গায় বসতেন কৃষিমন্ত্রী নরেন দে। এই জায়গাটায় বসতেন খাদ্যমন্ত্রী পরেশবাবু। আজকে ওখানে। ২০১০ কৃষিমন্ত্রী জবাব দিলেন পশ্চিমবঙ্গে খাদ্যে ১০ লক্ষ মেট্রিকটন ঘাটতি রয়েছে। এত দিন অসত্য কথা বলেছেন আপনারা। The Bengal was deficient in the tune of ten lac metric ton of food. ২০১০-এ। ২০১১-তে কী হবে জানি না। চেষ্টা করছেন, সেই জন্যই তো উনি স্লোগান দিয়েছেন green revolution in the second phase is needed. ভারতবর্ষের অর্থমন্ত্রী ৪০০ কোটি টাকা বরাদ্দ করেছেন in the second phase of green revolution in his budget speech—Hon'ble প্রণব মুখার্জী। আমাদের অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্র বলেছেন—yes, we need another green revolution in Bengal. অন্যায় করেছেন ? খাদ্যমন্ত্রী জ্যোতিপ্রিয় মল্লিক খাদ্য দপ্তরে ঘুরে ঘুরে, মাননীয়া মুখ্যমন্ত্রী খাদ্য দপ্তরে হানা দিলেন, এত বস্তা বস্তা কাগজ ! কী বেরিয়ে এল, এক কোটি ভুয়ো রেশন কার্ড। ভাবা যায় ! তাহলে এই এক কোটি ভুয়ো রেশন কার্ডের কারা মালিক, না ভূত। তাহলে পশ্চিমবঙ্গে ভূতের সংখ্যা কত না এক কোটি।

[3.50—4.00 p.m.]

তৈরি করেছে কারা ? না, বিগত বামফ্রন্ট সরকার। বলুন ? কেন আজকে মুখ্যমন্ত্রীকে বলতে হবে যে, যান খাদ্যমন্ত্রী, জঙ্গলমহলে বসে থেকে খাদ্য বিতরণের জন্য ব্যবস্থা নিন। কোন জায়গায় নিয়ে গেছেন ? পশ্চিমবঙ্গে ২৫ হাজার রেশন দোকান আছে ৩ হাজার স্ট্যাটিউটরি এলাকায়, ২২ হাজার মডিফায়েড রেশন এলাকায়। কটা রেশন দোকান জঙ্গলমহলে খোলা ছিল বিগত কয়েক বছরে—বলুন ? কটা রেশন দোকান উত্তরবঙ্গের জেলাগুলোতে খোলা ছিল ? কটা রেশন দোকান দার্জিলিংয়ের পার্বত্য এলাকায় খোলা ছিল ? কেন আদিবাসী, তফসিলি, সংখ্যালঘু মানুষদের জন্য আমরা কেন্দ্রে দেওয়া টার্গেটেড পি ডি সিস্টেমে চাল, গম, চিনি, কেরোসিন সঠিকভাবে বণ্টন করতে পারিনি ? এই প্রশ্ন আমরা বারেবারে তুলেছিলাম। আপনারা অবজ্ঞা করেছেন, ব্যঙ্গ করেছেন, মুচকি হেসে আমাদের অবজ্ঞা করেছেন, প্রশ্নের জবাব দেননি। মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া আমি বেশি বলব না। উনি সঠিকভাবে টার্গেট করেছেন, ইন্ডিকেট করেছেন, আইডেন্টিফাই করেছেন জঙ্গলমহল, উত্তরবঙ্গ, দার্জিলিংয়ের পাহাড়। আর চা-বাগানের দুঃখ, দারিদ্র্য, চোখের জল, বুকের যন্ত্রণা, কী হাহাকার—অস্বীকার করতে পারবেন ? চা-বাগানে ২২শত শ্রমিক মৃত্যুর কোলে ঢলে পড়েছিল বিনা খাদ্যে, বিনা চিকিৎসায়—অস্বীকার করতে পারবেন ? জঙ্গলমহলের

আগুন দাউ দাউ করে জ্বলে উঠেছিল খাদ্যের অভাবে, চিকিৎসার অভাবে, রাস্তার অভাবে, বিদ্যুতের অভাবে, যোগাযোগের অভাবে। শুধু বন্দুকের নল, শুধু গুলির আওয়াজ, শুধু বারুদের গন্ধ—অস্বীকার করতে পারবেন ? কেন আজকে সেখানে খেলায় মাতোয়ারা হয়ে ক্রীড়ামন্ত্রী একাদশ ভার্সেস জঙ্গলমহল একাদশ—ডক্টর সুকুমার হাঁসদা আমার পিছনে বসে আছেন, আমার জেলার লোক, সেখানে আজকে কেন উন্মাদনা ? কারণ ভালোবাসা ছিল না। শুধু কান্না ছিল, শুধু রক্ত ছিল, শুধু মানুষের জ্বলে পুড়ে খাক হয়ে যাওয়ার ইতিহাস ছিল। আপনারা শোনেননি, ক্ষমতার দম্ভে আপনারা নন্দীগ্রাম করেছিলেন, ক্ষমতার দম্ভে আপনারা জঙ্গলমহল করেছিলেন, নেতাই করেছিলেন। তাই সঠিকভাবে উনি টার্গেট করেছেন যে, না, জঙ্গলমহলকে এগিয়ে নিয়ে যেতে হবে। অন্যায় করেছেন ? কোনো অন্যায় করেননি তো। বলুন কোথায় নিয়ে গেছেন আপনারা ? বিকল্প অর্থনীতির পথ—আজকে ১৭ হাজার ১৬৬ কোটি টাকা রেভিনিউ ডেফিসিট। দি সেকেন্ড লার্জেস্ট রেভিনিউ ডেফিসিট স্টেট—সেকেন্ড লার্জেস্ট ! রাজস্ব ঘাটতির দ্বিতীয় রাজ্য ২৮টির মধ্যে কোনটি ? না পশ্চিমবঙ্গ। আর এখন উনি নামিয়ে আনছেন সেটাকে ৮ হাজার ২৯০ কোটি টাকায়। উনি কি খারাপ ছেলে, না খারাপ অধ্যাপক, না খারাপ অর্থমন্ত্রী ? সহযোগিতা করবেন না, সমর্থন করবেন না ? বলুন আনিসুর রহমান সাহেব, আপনাকে নমস্কার করে বলি, আপনি গ্রাম পঞ্চায়েতের প্রধান ছিলেন, পঞ্চায়েত সমিতিতে ছিলেন, পরবর্তী পর্যায়ে পঞ্চায়েত মন্ত্রী হয়েছিলেন। পাশে প্রাক্তন পঞ্চায়েত মন্ত্রী ডাঃ সূর্যকান্ত মিশ্র। সারা ভারতবর্ষে ২৮টি রাজ্য, ৭টা কেন্দ্রশাসিত অঞ্চল, ১০০ দিনের কাজ—মহাত্মা গান্ধী ন্যাশনাল রুরাল এমপ্লয়মেন্ট গ্যারান্টি প্রোগ্রাম—আমার কাছে সব রেকর্ড আছে, কদিন কাজ দিয়েছেন বিগত বছরে ? ২৭ দিন—টোয়েন্টি সেভেন ডেজ। হু প্রিভেন্টেড ইউ নট গিভ দি ওয়ার্ক ? আপনার বি ডি ও, আপনাদের পঞ্চায়েত সমিতি, আপনাদের ম্যাকসিমাম জেলা পরিষদ, আপনাদের গভর্নমেন্ট। হু প্রিভেন্টেড ইউ নট টু cover the jobs in হান্ড্রেড ডেজ ? কেন আমার সম্পদ নষ্ট হয়েছে—উত্তর কে দেবে ? কেন আমার সম্পদ তৈরি হল না বাংলার মাটিতে ? উত্তর কে দেবে ? আপনি দিতে পারবেন না। আপনারা বললেন দিল্লি নাকি টাকা আটকে দিয়েছিল। নো নট অ্যাট অল। আপনারা হিসেব দেননি। দিল্লি কী বলেছিল ? যা কাজ হবে কম্পিউটারে তুলে দিতে হবে। আপনারা বললেন কম্পিউটারে তুলব না। কেন ? না, গলদ আছে, ফাঁক আছে, ফোকর আছে, তাই তুললেন না। হ্যাঁ, আপনি আসার পরে কিছুটা গতি আনার চেষ্টা করেছিলেন, কিন্তু হল না। আপনার দল এবং পঞ্চায়েতগুলি আপনাদের নিয়ন্ত্রণে যারা তারা এমন কাণ্ডটি করে রেখেছে—গ্রাম বাংলায় ১ কোটি ৩০ লক্ষ ৯০ হাজার ২৭০টি গ্রামীণ পরিবার আছে পশ্চিমবঙ্গে। ৩৮ হাজার ৬০০ গ্রাম, ৩৪১টি ব্লক, ১৯টি জেলা, ১টি মহকুমা পরিষদ। কাজ দিয়েছেন ২৭ দিন। আর অন্ধ্রপ্রদেশ কাজ দিয়েছে ৯৬ দিন, গুজরাট কাজ দিয়েছে ৮১ দিন, কর্ণাটক কাজ দিয়েছে ৭২ দিন, আপনি কাজ দিয়েছেন ২৭ দিন। বলুন সত্য না অসত্য কোনটা ? কোন জায়গায় ? আজ এই জায়গায় দাঁড়িয়ে অর্থনীতিটাকে ভেঙে দিয়েছেন, ভেঙে দিয়েছেন অর্থনীতিটাকে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, তাই একদিকে ধারের বোঝা, একদিকে ইন্টারেস্ট পেমেন্ট। স্বাস্থ্য ধুঁকছে, শিক্ষা ধুঁকছে, অগ্রগতি

থমকে গেছে একেবারে। ভারত নির্মাণ প্রকল্প, কেন্দ্রীয় সরকারের দেওয়া টাকা, প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনা সবই থমকে দাঁড়িয়ে আছে। জঙ্গলের অধিকার আদিবাসীদের দেননি। মাননীয় অধ্যক্ষ মহোদয়, ১ লক্ষ ৭৪ হাজার আদিবাসী পরিবার জঙ্গলমহলে দরখাস্ত করেছিল বিগত সরকারের কাছে। ২০০৫ সালের আইন, ২.৫ হেক্টর জমি দিতে হবে আদিবাসীদের। আর গরিব-দরদী, তথাকথিত আদিবাসী-দরদী সরকার মাত্র ৩৪ হাজার পরিবারকে প্রথম খেপে, পরবর্তী পর্যায়ে ৭৪ হাজার পরিবারকে দিয়েছে, ১ লক্ষ ৭৪ হাজার দরখাস্তের মধ্যে। এই তো এদের ভূমিকা, এই তো এদের ভূমিকা ! আমি একটা ছোট্ট উদাহরণ দিচ্ছি। আমি বেশি বলব না। আমি একটা ছোট্ট উদাহরণ দেব এদের প্রেম-ভালোবাসার। পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদের মন্ত্রী ছিলেন, তাঁকে এখন হাউসে দেখা যাচ্ছে না, জানি না কী কারণ। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনি শুনুন খালি, আপনারও চোখে জল আসবে। ২০০৯-১০ আর্থিক বর্ষে পশ্চিমাঞ্চল উন্নয়ন পর্ষদকে এবং ওই দপ্তরকে টাকা দিয়েছিলেন বাজেটে ৪৮ কোটি ৫ লক্ষ ৪ হাজার টাকা আদিবাসী ভাই-বোনেদের কল্যাণের জন্য, সার্বিক উন্নয়নের জন্য। ডাঃ সুকুমার হাঁসদা আছেন, তিনি জানবেন। খরচ হল কত ? ১ কোটি ৯৫ লক্ষ টাকা। ভাবুন, ৪৬ কোটি টাকা খরচ হল না ২০০৯-১০। ২০০৮-০৯ সালে ১১ কোটি টাকা খরচ হয়নি। ২০০৭-০৮ সালে সাড়ে ৫ কোটি টাকা খরচ করতে পারেনি। আর যা খরচ হয়েছে, লুঠ হয়ে গেছে। মাননীয় সূর্যকান্ত মিশ্র মহোদয় তিনি উত্তর দেবেন, বলবেন। আমি শুধু একটাই কথা বলব, এই যে বিকল্প অর্থনীতির গপ্পো, আর জিরো ডেফিসিটের তত্ত্ব, সারা বাংলাকে একেবারে অন্ধকারের অতলে তলিয়ে দিয়েছে। I congratulate our Hon'ble Finance Minister, যা তিনি সঠিক জায়গায়, সঠিক জিনিসটা ধরেছেন। ধরে বলেছেন, এটা আমাদের কষ্ট, এটা আমাদের প্রবলেম। আমি এগোব এই পথে এবং মাননীয় মুখ্যমন্ত্রী শ্রীমতী মমতা বন্দ্যোপাধ্যায়, তিনি সুযোগ্য নেতৃত্ব দিয়ে নতুন বাংলা গড়তে ক্ষতবিক্ষত রক্তাক্ত বাংলাকে নতুন প্রাণ দিতে, নতুন অগ্রগতি দিতে, নতুন জীবন দিতে তার অর্থমন্ত্রী ডঃ অমিত মিত্রকে নিয়ে এগিয়ে চলেছেন। আপনাদের এত কষ্ট হওয়ায় আমার নিজেরই কষ্ট হচ্ছে। (এই সময় মাইক অফ হয়ে যায়)

ডাঃ সূর্যকান্ত মিশ্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি এই বিষয়ে খুব সচেতন, আমরা বিরোধী পক্ষ সচেতন সরকার পক্ষের মতোই যে, এটা ভোট-অন-অ্যাকাউন্ট নিয়ে আলোচনা হচ্ছে। এখানে যে আর্থিক বিবরণী পেশ করা হয়েছে এবং ভোট-অন-অ্যাকাউন্ট, সেটা নিয়ে আমাদের এখানে কোনো কাটমোশান, ডিভিশন এইসব করবার কোনো অবকাশ নেই, তা আমরা করছি না। ৪ মাসের ভোট-অন-অ্যাকাউন্ট বিগত সরকার করে গিয়েছে, আর বাকি দু মাসের জন্য এখানে পেশ করা হয়েছে। নিশ্চয়ই পরে পূর্ণাঙ্গ বাজেট হবে, তখন আমাদের বিশদ আলোচনা হবে। আমরা এই বিষয়ে সচেতন। কাজেই এখানে বিরোধিতার ব্যাপার নেই, কাটমোশানের ব্যাপার নেই, ভোট চাওয়ার ব্যাপার নেই। বিষয় হচ্ছে আলোচনা হোক। আলোচনা এই জন্য প্রয়োজন যে, কতগুলো বিষয়ে স্পষ্টিকরণ দরকার, ক্লারিফিকেশন দরকার।

[4.00—4.10 p.m.]

কতগুলো বিষয়, যেগুলো আমরা মেনে নিতে পারছি না, সত্যের অপলাপ মনে হয়েছে, অসত্য মনে হয়েছে, সেইগুলো আমাদের বলতে হচ্ছে। মাননীয় সদস্যরা বলেছেন। মাননীয় অর্থমন্ত্রী জবাব দেবেন। আমার কাছে কেন জবাব চাইছেন বুঝতে পারছি না। যত দিন ওদিকে বসেছিলাম আমার কাছে জবাব চেয়েছিলেন, আমি জবাব দিয়েছিলাম। এখন তো আমরা এদিকে আছি, আপনারা ওদিকে আছেন, সরকারে আছেন, এটা ভুলে যাবেন না। আপনারা মনে করছেন এখনও এদিকেই আছেন। যা হোক একটা ছোট্ট ভুলের কথা আপনাকে বলি, প্রিন্টিং মিস্টেক হবে হয়তো, আমি জানি না। কিন্তু এটা তো একটা রিটিন স্পিচ, লিখিত ভাষণ, এমনি আমি যেমন ভাষণ দিচ্ছি সেরকম তো নয়। আমি আশাবাদী এবং দৃঢ়ভাবে বিশ্বাস করি, আপনারা এটা সংশোধন করে দেবেন। বাংলাটায় ঠিক আছে। ইংরাজিতে দশম পৃষ্ঠায়, পেজ টেনে নীচের দিক থেকে ৩নং প্যারায় লিখেছেন, Keeping in view the CAG's preliminary reports we have attempted to bring some realism complimenting the optimistic drive given by the Leader of the House of this Government of 'Ma Mati Manush', Smt. Mamata Banerjee. শ্রীমতী মমতা ব্যানার্জী, যিনি অবশ্যই এই সরকারের নেত্রী এবং মাননীয়া মুখ্যমন্ত্রী, তিনি কিন্তু লিডার অফ দা হাউস নন। স্যার, আপনি হাউসের কাস্টোডিয়ান, আপনি দেখবেন। এটা নিশ্চয় সংশোধন করে নেবেন, এটা তো ছাপা স্পিচ। বাজেট বইতে যখন উঠবে তখন ঠিক করে নেবেন। আপনি ইংরাজি থেকে বাংলা করেছেন খুব কষ্ট করে। আমি আপনাকে অনুরোধ করতে চাই, খোলা মনে যখন বলবেন তখন অত সচেতন হয়ে বাংলায় বলবার দরকার নেই, বাংলা-ইংরাজি মিশিয়েই বলবেন যাতে আমরা বুঝতে পারি, যাতে আপনার ভাবনা-চিন্তা সম্বন্ধে আমরা ধারণা পাই, আপনার দিশাটা কি আমরা জানতে পারি। আপনার আপত্তি আছে কিনা আমি জানি না। ইতিহাস, দর্শন, অর্থনীতি, রাজনীতি এসব বাদ দিয়ে বাজেট হবে আমার তা মনে হয় না। মাননীয় শ্রীপার্থ চট্টোপাধ্যায় মহাশয়, আমি পাঁচ মিনিট অপেক্ষা করব, মাঝখানে আপনি যদি ওঁকে কিছু না বলেন। এইগুলো সব বাদ দিতে হবে নাকি বাজেট করতে হলে ? আমি জানি না রবীন্দ্রনাথ বেঁচে থাকলে খুশি হতেন কিনা—তাঁর জন্মের সার্ধশতবর্ষ চলছে—এই ভোট-অন-অ্যাকাউন্টে রবীন্দ্রনাথকে নিয়ে টানাটানি করাটা..... (নয়েজ) ঠিক আছে, টানতে পারেন। আমি বলছি যে, আমাদের তো অর্থনীতি জানতে হবে আপনার কাছ থেকে, আমরা আশা করি যে, আপনি আমাদের অর্থনীতি বোঝাবেন। আমি তো আপনার কাছে অর্থনীতির ব্যাপারে শিশু, কাজেই আমাদের বুঝতে হবে। সেই জন্য অর্থনীতি বাদ দিয়ে, রাজনীতি বাদ দিয়ে, রাজনৈতিক অর্থনীতি বাদ দিয়ে, দর্শন দিশা—দর্শন থেকে দিশা আলাদা করা যায় না—সামগ্রিক দর্শনটা কি, অর্থনৈতিক দর্শনটা কি, যেভাবে মানুষের রায় আপনাদের পক্ষে গেছে তাকে বাস্তবে রূপায়িত করবেন, তাদের আশা পূরণ করবেন, সেসব আপনাদের কাছে জানতে চাই। শেষে রবীন্দ্রনাথের যে কবিতাটা করেছেন সেটা বাংলা থেকে ইংরাজি, না ইংরাজি থেকে বাংলা

তা বুঝতে অসুবিধা হচ্ছে। কিন্তু যাই হোক আমি তাতে যাচ্ছি না। আমি বলছি যে, ওটাও একটা দর্শন। রবীন্দ্রনাথের কবিতা কি দর্শন নয় নাকি ? দর্শনকে আমাদের গালিগালাজ করার কি আছে ? রবীন্দ্রনাথ যদি দার্শনিক না ছিলেন তাহলে তাঁর চেয়ে বড়ো দার্শনিক আমি জানি না পশ্চিমবাংলাতে কতজন জন্মেছেন। আমি আপনাকে যেটা বলতে চাইছি সেটা হচ্ছে কেন দিশা চাইছি আমরা। দিশা কেন চাইছি। কোথায় আমরা দিশার অভাব দেখছি। কেন মাঝে মাঝে মনে হচ্ছে যে, একটা ডাইরেকশন নেই। কোথায় একটা দিশাহীনতা। কোথায় একটা অসম্পূর্ণতা। কেন মনে হচ্ছে এবং কেনই বা সব ব্যাপারে ৩৪ বছরকে টানতে হবে এবং একতরফাভাবে সব ৩৪ বছরের ভুল ? সবটা নস্যাৎ করে দিচ্ছেন ? তার থেকে আমাদের কিছু নেওয়ার নেই ? আমি বলছি যে একটা স্পষ্টিকরণ চাই। একটা হচ্ছে যে রাজস্ব আদায় কি হতে পারে। রাজস্ব আদায় কি ছিল। ২১ হাজার ৩শো কোটি টাকার মতো যেটা চার মাসের ভোট-অন-অ্যাকাউন্ট পেশ করা হয়েছিল। আগেকার অর্থমন্ত্রী করেছিলেন। তাতে ২৯ হাজার ৬২৩ কোটি টাকা ধরেছিলেন, যেটা ধরলে ৩৯ শতাংশ বৃদ্ধি হয়। আচ্ছা, আপনি মনে করছেন যে ২৯ হাজার ৬২৩ কোটি টাকা এটা বেশি। ঠিক আছে আপনি কমিয়ে ধরেছেন, ২৭ হাজার ৬৯০ কোটি। প্রায় ১৯০০ কোটি টাকা কম। দু হাজার কোটি টাকার একটু কম। আপনি মনে করছেন যেটা ৩৯ শতাংশ ছিল সেটা বেশি ধরা হয়েছিল। আপনি যেটা ধরেছেন সেটা প্রায় ৩০ শতাংশের মতো হয়। বাড়তি বৃদ্ধি। ৩০ আর ৩৯-এর মধ্যে যা পার্থক্য হয়। ২৭ হাজার ৬৯০ আর ২৯ হাজার ৬২৩ কোটি এর মধ্যে যা পার্থক্য হয়, পার্সেন্টেজ পয়েন্টসে হিসাব করলে ৯ শতাংশ। আর টাকার অঙ্কে ধরলে প্রায় ১ হাজার ৯শো কোটি টাকা। এইটাই তো একটা গোলমাল। আপনি যদি আমাকে আশ্বস্ত করেন তাহলে খুশি হব যে, আশঙ্কা হচ্ছে আপনি কি আমরা যেটা বারবার দাবি করেছি যে কয়লার রয়ালটি বাবদ পাঁচ হাজার কোটি টাকা সুপ্রীম কোর্টের রায় অনুসারে পাওনা। আমরা বলেছিলাম। এখানে কেউ বলেছেন যে সেস, রয়ালটি দুটো হবে না। আমরা তো বলেছিলাম যে, সেস তো আমরা কমাতে রাজি আছি। আলোচনা করতে হবে। আপনি কি দাবিটা ছেড়ে দেবেন ? আসলে পাঁচ হাজার কোটি টাকা তো আর এক লপ্তে দেবে না। কয়েকটা ইনস্টলমেন্টে দেবে। তাই পাঁচ হাজার কোটি টাকার দু হাজার কোটি টাকা ধরলে আপনার এই ১৯০০ কোটি টাকার চেয়ে বেশি হয়। এটা হচ্ছে সহজ অঙ্ক, আমি যা বুঝেছি। ঠিক আছে আপনি ধরুন না ধরুন তাতে কিছু আসে যায় না। আমি শুধু বিনীতভাবে আপনাকে জিজ্ঞেস করছি, আপনি যদি আমাকে বলে আশ্বস্ত করেন, হাউসকে আশ্বস্ত করেন, আপনি কি ওই দাবিটা ছেড়ে দেবেন নাকি চেষ্টা করবেন সেই দাবিটা আদায়ের জন্যে। এইটাই শুধু আপনার কাছে আমার জিজ্ঞাস্য। আমি তার সঙ্গে আপনার কাছে জিজ্ঞাসা করছি যে, ভোট অন অ্যাকাউন্ট যেটা পাশ হয়েছিল এর আগে বিগত সরকারের আমলে সেটা ছিল ৮৬ হাজার ২৩২ কোটি টাকা। এটা আপনি এখানে যেটা পেশ করেছেন তাতে আমি দেখছি ৮৭ হাজার ৬৪৬ কোটি টাকার মতো।

[4.10—4.20 p.m.]

৪১৪ কোটি টাকা আপনি বাড়াবেন ওখানে ১৯০০ কোটি টাকা আপনি ছাড় দেবেন—কমাবেন। কমালে ৩৩১৪ কোটি টাকার মতো এইরকম কিছু টাকা ঘাটতি দাঁড়াচ্ছে। আপনি পূরণ করবেন কি করে ? আপনি দিল্লিতে গেছেন, মাননীয়া মুখ্যমন্ত্রী গেছেন, কাগজে দেখেছি। কিন্তু আপনার কাছ থেকে আমরা আশ্বস্ত হতে চাই সত্যিকারের কি আপনারা প্রতিশ্রুতি পেয়েছেন যে আপনারা সাহায্য পাবেন ? যা কাগজে বেরিয়েছে। আপনি কি এই হাউসে বলবেন, আত্মবিশ্বাস নিয়ে বলবেন যাতে আমরা সবাই মিলে এইরকম করে তালি দিতে পারি, টেবিল চাপড়ে সবাই মিলে, আমরা সংবর্ধনা জানাতে পারি যে সত্যি সত্যি আমাদের কেন্দ্র এই পরিমাণ সাহায্য দেবে বলেছেন, বাড়তি আমাদের বরাদ্দ দেবে বলেছেন, এটা অনুমোদিত। কোনো সংশয় নেই তাতে। তাহলে এই যে এত শতাংশ বৃদ্ধি অত শতাংশ বৃদ্ধি ইত্যাদি ইত্যাদি যা বলেছেন সেগুলি নিশ্চয় রক্ষা করা সম্ভব হবে এবং যদি আপনি তা পেয়ে থাকেন তাহলে আর একটু কি খোলসা করে বলবেন যে, তার মধ্যে সেন্ট্রাল অ্যাসিস্ট্যান্স সেটা কত ? কত শতাংশ ? স্পেশাল সেন্ট্রাল অ্যাসিস্ট্যান্স সেটার অংশ কত ? ডেট রিলিফ সেটার অংশ কত ? ইত্যাদি এবং আমি যেটা আগে বললাম যে আরও কিছু বিষয়, যেটা আমরা বলছি রয়ালটি ইত্যাদি সেই রকম কিছু বিষয় এবং আরও দীর্ঘমেয়াদী বিষয় যেগুলি সমস্ত রাজ্যের অর্থমন্ত্রীরা একত্রিত হয়ে যে সিদ্ধান্ত করেছিলেন এবং সর্বসম্মিলিতভাবে মতৈক্যের ভিত্তিতে যে প্রস্তাব নিয়েছিলেন এবং সর্বভারতীয় তৃণমূল কংগ্রেসের লোকসভা নির্বাচনের ইস্তাহারে যে কথা লেখা আছে যা দাবি আপনারা উত্থাপন করবেন কেন্দ্রের কাছে যে, এখান থেকে যে রাজস্ব সংগৃহীত হয় রাজ্যগুলি থেকে পশ্চিমবাংলা-সহ, তার ৫০ শতাংশ কি আপনারা দাবি করবেন ? যে দাবিকে আমরা পুরোপুরি সমর্থন করি। খালি পশ্চিমবাংলার নয়, সারা দেশের সব রাজ্যগুলির সুসংহত বিকাশের জন্য। এই সব বিষয় ঠিক আলোচনার মধ্যে এসেছে কি ? আপনি কি এসবের পক্ষে দাঁড়াবেন ? দিশা তো এটাই। দর্শন তো এটাই—আমরা জানতে চাচ্ছি যে, এই দিশা এখান থেকে পরিষ্কার হচ্ছে না। বুঝতে পারছি না সেই জন্য। আপনি একটু অনুগ্রহ করে যদি বলেন। আপনি সত্যি সত্যি রাজ্যের ঋণ সম্পর্কে কি ভাবেন ? আপনি কি মনে করেন যে, আমাদের রাজ্যের ঋণ, ঋণভার সত্যি এতই সঙ্কটজনক ? আমরা কি দিয়ে মাপব ? একটা রাজ্যের মোট উৎপাদন। স্টেট গ্রস ডোমেস্টিক প্রোডাক্টস, এস ডি পি তার শতাংশ হারে রাজ্যের ঋণ কত, তা দিয়ে যদি মাপি, এটাই তো একমাত্র মাপকাঠি হতে পারে। একটা এস ডি পি কত, একটা রাজ্যের মোট আভ্যন্তরীণ উৎপাদন তার শতাংশ হারে পার্সেন্টেজ থাকলে ঋণ কত, সেটা দিয়ে তুলনামূলক বিচার হতে পারে। খালি অঙ্কে বিচার হতে পারে না। দুটো রাজ্য আমার উপরে আর তিনটে রাজ্য আমার কাছাকাছি তা দিয়ে তো সত্যিকারের বিচার হয় না এবং সেটা আমরা জানি যে, পার্সেন্টেজ টার্মসে আমাদের উপরে ১০টি রাজ্য আছে। ১০টি আছে দুটো নয়। ১০টি রাজ্য আছে যাদের ঋণের ভার অনেক বেশি, আমরা একাদশতম। আর বি আই-এর শেষ যে হিসাব ৩১শে মার্চের, আপনি যদি হিসাব করে দেখেন দ্বিমত হলে আপনি বলবেন ? আমাদের অবস্থান কি ছিল ? মোট যে স্টেট গ্রস

ডোমেস্টিক প্রোডাক্টস তার ৫০% হচ্ছে ঋণ। আমরা কোথায় শেষ করেছিলাম ? ৪০% -এ। ৫০% থেকে ৪০% -এ আমরা নামিয়ে এনেছি। সারা দেশের অবস্থা কি ? আমরা সবাই জানি ৩০ লক্ষ কোটি টাকা, এটা আমাদের দেশের যে জি ডি পি ইন্ডিয়ার জি ডি পি আমি বলছি। তার ৫০%। কোথায় ছিলেন ? ৬০% থেকে ওরা ৫০% -এ নেমেছে। দেশের মোট আভ্যন্তরীণ উৎপাদন যা তার অর্ধেক হচ্ছে দেশের ঋণের বোঝা। আমরা ৪০%। আপনি কি বলবেন। আপনার বিচার কি, দৃষ্টিভঙ্গী কি, দর্শন কি, আমি জানতে চাইছি। আমরা বিনীতভাবে আপনার কাছে জানতে চাই যেটা মানসবাবু বলেছেন ঠিকই বলেছেন। কিন্তু জবাবটা আমাদের ঠিক করে বলেননি। সেটা হচ্ছে যে উনি বলেছেন যে, জিরো ডেফিসিট বাজেট যখন হয়, তখন উনি প্রতিবাদ করেছিলেন যে একটা ডেভেলপিং ইকোনমি উন্নয়নশীল বিশ্বে জিরো ডেফিসিট হবে কি করে ? ঠিক, আমি একশো ভাগ আপনার সঙ্গে একমত। কিন্তু রাজ্যের ব্যাপারে—রাজ্যে ডেফিসিট করে কি করবে ? মাননীয় অর্থমন্ত্রী আপনি অনুগ্রহ করে আমাদের আলোকিত করবেন। আচ্ছা রাজ্য ডেফিসিট করে কি করবে ? ডেফিসিট করে ওরা কি নোট ছাপাতে পারে ? রাজ্যের ডেফিসিট দেখান এক কোটি দেখান, না দেখান, জিরো করুন সত্যিকারের, কিন্তু দিল্লিতে ধরুন কেন্দ্রে এই যেটা বললাম ৩৯ লক্ষ কোটি টাকা আপনি কি বলবেন—ভালো না খারাপ ? আপনি কি মনে করেন ? কে না জানে, আপনি কি কম জানেন ? আমার এটা বলা ধৃষ্টতা হবে, পৃথিবীর সব চাইতে ঋণগ্রস্ত দেশটার নাম হচ্ছে আমেরিকা যুক্তরাষ্ট্র। যা সবাই জানে এখানে, কেউ জানি না এরকম না। কিন্তু ঋণ তারা করে কেন ? কিসে তারা খরচা করে ? আবার উন্নয়নশীল বিশ্বে ঋণ করবে কিনা, ঋণ করে সেই ঋণ ঘাটতি করবে কিনা, ডেভেলপমেন্টাল ইকোনমিস্ট যাঁরা আছেন তাঁরা বলছেন যে, ওই ধারণা পুরনো যে আমি ঘাটতি করব না, আর আজকে স্টেট ইন্টারভেনশন, যেখানে রাজ্যকে, রাষ্ট্রকে, সরকারকে হস্তক্ষেপ করতে হবে দুর্বলতর অংশের মানুষের জন্য, সেটাকে উইথড্র করব, সেটার থেকে সরে আসব—এটা কোনো দর্শন হতে পারে না, এটা কোনো অর্থনীতি হতে পারে না। আপনার দৃষ্টিভঙ্গী কি ? দিশা কি ? আমরা জানতে চাইছি, এসবগুলো তো হচ্ছে মৌলিক বিষয়। কেন না আপনি যেহেতু বলছেন, এইসব কয়েকটা কথা এখানে বলছেন—সেগুলো বাস্তবায়িত হবে কিনা আমার সংশয় থাকছে। সেগুলো নির্ভর করছে যে, এইসব বিষয়গুলি সম্পর্কে আপনার দৃষ্টিভঙ্গী কি এবং কোন পথে সরকার চলতে চাইছে ? যদি আপনি ঠিক করে থাকেন বলবেন, যদি না ঠিক করে থাকেন আমরা হোয়াইট পেপারের জন্য অপেক্ষা করব। আমরা জানতে চাই, আলোচনা করতে চাই। আমি এই কথার মধ্যে না গিয়ে আপনাকে বলতে পারি—কতগুলো অস্পষ্টতা থাকছে, সেই জন্য আপনাকে কষ্ট দিতে হচ্ছে, এগুলোর জবাব চাইতে হচ্ছে। আপনি যে লিখেছেন, ৫৬ হাজার ক্লোজ ফ্যাক্টরিজ। ফ্যাক্টরিজ মানে কি ধরেছেন আপনি ? ৫৬ হাজার ক্লোজ ফ্যাক্টরিজ মানে কি ? অর্গানাইজ ইন্ডাস্ট্রি, মিডিয়াম, স্মল, লার্জ—সব ধরে আপনি বলছেন ৫৬ হাজার ? যদি হয় তো তাই বলবেন যে সব ধরে আপনি বলছেন। স্মল, মিডিয়াম ধরে। কিন্তু আপনি যদি কাকে ফ্যাক্টরি বলে, মানে ক্ষুদ্র শিল্পে যেটা আছে, সেটাকে ফ্যাক্টরি বলেন, সেটা ফ্যাক্টরি বলা সঙ্গত হবে কিনা আপনি একবার ভেবে দেখবেন। যদি মনে করেন ফ্যাক্টরি বলবেন, তাহলে আমরা বুঝে

নেব, সেই ডিক্শনারি মেনে চলব। আর না হলে আপনি বলবেন যে অন্যভাবে আমরা নেব। কিন্তু আমি আপনাকে একটা হিসাব দিচ্ছি, যেটা ১৯৮৭ সাল—যেটা মানসবাবু কোট করলেন—'৮৭ সাল থেকে ২০১০ সাল পর্যন্ত, বি আই এফ আর-এর রিপোর্ট। বি আই এফ আর-এর রিপোর্ট—এই সময়কালে, এই দীর্ঘ সময় জুড়ে যেটা, মহারাষ্ট্রে বি আই এফ আর-এ ইত্যাদি ইত্যাদি যা বলে—গেছেন ১১৫৭, তামিলনাড়ু ৫০৪,৫৫১ হচ্ছে গুজরাটে, অন্ধ্রপ্রদেশে ৫২৮, পশ্চিমবাংলায় ৪১১। ৪১১টা মাত্র। এই এতগুলো তুলনীয় রাজ্যের সঙ্গে আমি তুলনা দিলাম। এটা বি আই এফ আর-এর হিসাব। কোনো একটা কথা বলতে হলে উৎস বলতে হয়। তাহলে আপনি কি বলতে চাইছেন ? এটা অর্গানাইজ ইন্ডাস্ট্রি যদি না হয়, যদি আপনি তিনটেই ধরেন, তাহলে খালি ক্ষুদ্র শিল্পই তো হচ্ছে—এটাও কেন্দ্রীয় সরকারের হিসাব, আমার হিসাব না— ২৭ লক্ষ। ২৭ লক্ষের যদি ৫৬ হাজার ক্লোজ হয়, তাহলে ২ শতাংশ হয়। কতগুলো চালু আছে সেটা গুরুত্বপূর্ণ, নাকি কতগুলো বন্ধ আছে সেটা গুরুত্বপূর্ণ ? এই ২৭ লক্ষ ক্ষুদ্র, এটা সারা দেশের মধ্যে সর্বোচ্চ, যেখানে প্রায় ৫৬ লক্ষ মানুষ কাজ করে। আমি সেটা বুঝতে পারলাম না, সেই জন্য আপনার কাছে স্পষ্টিকরণ চাইছি। আপনি যা মনে করেন বলবেন। কিংবা আপনি যেটা ধরেছেন বেকারদের সংখ্যা, আমাদের জানা চাই। একটা সহমত থাকলে বুঝতে সুবিধা হয় সমস্যাটার কীভাবে সমাধান হবে। এক কোটি ? আপনি তাই মনে করেন বেকার, আধা-বেকার নিয়ে ? হতেও পারে আমি জানি না। কিন্তু তার ভিত্তি কি ? এক কোটি যে বলছেন, আপনি কোন ভিত্তিতে বলছেন ? উৎস কি ? যেটা আমাদের সদস্যরা কেউ কেউ বলেছেন। এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে যাঁরা নাম লিখিয়েছেন, তাঁদের নাম ধরা যেতে পারে, না ধরতেও পারেন আপনি। আপনি বলতে পারেন যে ওটা ঠিক নয়। ওটাতে সবটা আসেনি। তাহলে কিসের ভিত্তিতে ? যদি আপনি ন্যাশনাল স্যাম্পেল সার্ভে ২০০৪-০৫ ধরেন যেটা লার্জ স্যাম্পেল, সেটা বলছি। আপনাকে আমার এই ভাষা বোঝানোর কোনো দরকার নেই, এটা আমার স্পর্ধা হবে, যদি আমি আপনাকে এসব কথা বোঝাতে যাই। লাস্ট সার্ভে এবং কারেন্ট মান্থলি স্ট্যাটাস ধরে যেটা হিসেব করেছি, সেটাই—এটাতে ৩৯ লাখ আছে। প্রায় ৪০ লক্ষের কাছাকাছি। তাহলে আপনি ৪০ লক্ষটাকে না ধরে এক কোটি ধরছেন কেন ? আপনি কেনই বা এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জটাকে ভিত্তি ধরছেন না ? কি ভিত্তিতে আসছেন ? তার ভিত্তি কি ? এটা আমরা জানতে চাইছি, আর কিছু না।

[4.20—4.30 p.m.]

এটা নিয়ে যদি বিতর্ক হয় বিতর্ক হবে, তাতে কি যায় আসে। কিন্তু আপনাদের ধারণা আমাদের ধারণা, এই ধারণা দুয়ের মধ্যে দিয়ে যেটা মিলছে না, সেটা জানতে চাইছি। সত্যিই কি আপনি মনে করেন যে—এটা অবশ্যই ভোট অন অ্যাকাউন্টের ব্যাপার নয়, এটা দর্শন, দিশার কথা এসেছে বলেই আমি বলছি যে, কেন্দ্রীয় সরকার পেট্রলের দাম বাড়িয়েছে ৯ মাসে ৯ বার। ডিজেল এই দুবার করে লিটার পিছু ৫ টাকা বাড়লো এক বছরে। কেরোসিন ৫ টাকা, ২ টাকা, ৩ টাকা, এটা ৩ টাকা, ২ টাকা, দুবার করে ৫ টাকা বাড়লো। গ্যাসের দাম

বেড়েছে। ঠিক আছে ? নীতিগতভাবে আমরা বিরোধিতা করছি এর, আমি সেই বিতর্কে যাচ্ছি না। সেটা পার্লামেন্টে হবে। আপনারা আমাদের অবস্থান জানেন, আমরা আপনাদের অবস্থান জানি। কিন্তু এটা ঠিকই, এটা ভালো যে আপনারা যেটা করেছেন এটা খুব দ্রুততার সঙ্গে মুখ্যমন্ত্রী নিশ্চয় আপনার সাথে পরামর্শ করে করেছেন যে এল পি জি-র এটা ছাড় দেওয়া হবে এবং এর জন্য ৭৫ কোটি টাকা আপনার যে রাজস্ব পাওনা সেটা কমে যাবে। কিন্তু এটা বলতে কেন আপত্তি হবে যে—সত্যকে কি মুছে দেওয়া যায় কখনও। যখন আমরা ছিলাম ২০০৯ সালে আমরা ডিজেলে ২২.৫ শতাংশ থেকে ১৯.৫ শতাংশে কমিয়ে ছিলাম। রাজ্যে আমাদের পাওনা সেস, সেল ট্যাক্স, ডিজেলে সেস আর সেল ট্যাক্স পাওয়া যায়। পেট্রলে ২৭ শতাংশ থেকে ২২ শতাংশে নামিয়ে ছিলাম। এল পি জি সাড়ে ১২ শতাংশ থেকে ৪ শতাংশে নামিয়ে ছিলাম। যে ৪ শতাংশটা আপনি এখন ছাড় দিচ্ছেন। যে সাড়ে ১২ শতাংশ ছিল, তাকে আমরা ৪ শতাংশে নামিয়ে ছিলাম। এই ২০০৯, যেটা পেরিয়ে এসেছি। কেরোসিন ৪ শতাংশে ছিল, শূন্যতে নিয়ে এসেছিলাম। যার জন্য আপনি এখন আর নামাতে পারবেন না। আপনাকে কেরোসিনে যদি কিছু করতে হয় তাহলে আপনাকে সাবসিডাইজ করতে হবে। যেটা আপনি পারবেন না। কিন্তু করেছি তো আমরা, যদি আপনি এটা যোগ করেন ১০ মাসে আমাদের রাজস্ব ক্ষতি হয়েছিল ৩৭৪ কোটি টাকা। ১০ মাসে আমাদের রাজস্ব ক্ষতি হয়েছিল ৩৭৪ কোটি টাকা, যদি ১ বছরের হিসাব হত তাহলে ৪৫০ কোটি টাকা দাঁড়াতো। এসব আমরা মুছে দিতে পারি ? সত্যকে কি আমরা মুছে দিতে পারি ? কিন্তু আমি বলছি আপনাকে ৩৭৪ কোটি টাকা যখন আমরা রাজস্ব ক্ষতি করেছিলাম, আমরা মন থেকে মেনে নিতে পারছিলাম না। ৭৫ কোটি টাকা আজকে আপনি যদি রাজস্ব ক্ষতি করেন, আপনি কি মন থেকে মেনে নিতে পারছেন ? আপনি কষ্ট করে গেলেন, দিল্লি থেকে কটা বরাদ্দ নিয়ে এলেন, আর আসতে আসতেই আপনার ৭৫ কোটি টাকা পকেট কেটে নিয়ে গেল। ওস্তাদ পকেটমার, আমাদের দেশের যে নীতি চলছে। এ আপনি নীতি হিসাবে কি মেনে নেবেন ? কেন্দ্রের দায়িত্ব তারা রাজ্যের ঘাড়ে চাপিয়ে দেবে, আর সেই সব মেনে নিতে হবে ? আপনি এই রাজস্ব ছেড়ে দেবেন ? আপনার নীতি কি হবে ? এটা মেনে নেওয়া ? আমি ঠিক জানি না যে মোট যা হল তাতে ad valorem মূল্যমান হিসাবে হিসাব করতে হবে তো যে আপনার লাভ হয়েছে কিছু, প্রফিট হয়েছে। যদি প্রফিট হয়ে থাকে, তাহলে কত হতে যাচ্ছে। আপনার ৭৫ কোটি টাকা লস আর ad valorem ওটা করলে প্রায় কত হয় আমি জানি না, হিসাব করে বলতে হবে। যদি সম্ভব হয় তাহলে আমরা ডিজেলে ছাড় দিয়েছিলাম তখন এই জন্য যে, ডিজেল এমন একটা জিনিস যেটা পরিবহণ খরচ, সাধারণ বাস ভাড়া ইত্যাদি ইত্যাদির সঙ্গে এত মানুষ যুক্ত যে সেটা একটা গুরুত্বপূর্ণ বিষয়। আপনি আমার মতোই with grudge, with difference, with pain আপনি কি বিবেচনা করে দেখবেন যে ওটা কিছু করা সম্ভব, না সম্ভব না। আপনার দৃষ্টিভঙ্গী কি ? এই রকম কয়েকটা কথা—লালবাতি জ্বলে গেছে, আমি তার শৃঙ্খলা কখনও ভঙ্গ করতে চাই না, যদিও আমার অনেক কথা বলার ছিল, হয়তো অনেক কথা বলার থাকবে, ভবিষ্যতে সে সব হবে। আমি কয়েকটা স্পষ্টিকরণ চাইছি আপনার কাছে এবং আপনার জবাব উদ্‌গ্রীব হয়ে

শোনবার জন্য অপেক্ষা করছি। আমাদের মাননীয় সদস্যরা সবাই সহযোগিতা করবেন কোনো ইন্টারাপশান ছাড়া। আপনি মন খুলে বলুন, যে কোনো ভাষায় বলুন, মিলিয়ে বলুন। এত পরিবর্তন হয়েছে, আমার খালি মনে হচ্ছে এই লালবাতিটা দেখে স্যার, সব লাল পরিবর্তন হয়ে গ্রীন হয়েছে, এটার পরিবর্তন করে গ্রীনের পরে লাল না হয়ে লালের পরে গ্রীন হয় না ? ধন্যবাদ।

ডঃ অমিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি খুব নিষ্ঠার সঙ্গে আমাদের মাননীয় সদস্যদের বক্তব্য শুনলাম। তার কারণ আমাদের মা-মাটি-মানুষের পার্টি এবং জোট গণতন্ত্রে বিশ্বাস করে এবং আমরা শুনতে চাই আপনাদের বক্তব্য, আপনাদের কি দিশা সেটাও আমরা শুনতে চাই। তার জন্য আপনি দেখলেন পুরো সময় দিয়ে এবং মন দিয়ে আমি আপনাদের কথা শুনলাম, শিখলাম, জানলাম আর কিছু প্রশ্ন এলো। আপনারা কিছু প্রশ্ন করলেন। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি ৬-৭টি পয়েন্ট বলতে চাই। যে রকমভাবে আমি ছোট্ট করে বক্তব্য রেখেছিলাম, সেইভাবেই ছোট্ট করে উত্তরটা রাখতে চাই এবং আমি আশা করি আরও আলোচনা হবে। আমাদের সদস্যবৃন্দের থেকে আরও শেখবার সুযোগ আমি পাব। কেন না আপনি দেখেছেন আমার বক্তব্যে আমি বলেছি যে, লম্বা স্পিচে না গিয়ে আমাদের গ্রাসরুটের যে এক্সপিরিয়েন্স আছে, যে জ্ঞান আমাদের এই হাউসের মধ্যে আছে, সেই জ্ঞান থেকে আমি শিক্ষা অর্জন করব। আমি চাই না যে আমার বক্তৃতায় তাদের ঘুমিয়ে পড়তে হবে। প্রথম কথাটা বলি একটা খুব গুরুত্বপূর্ণ কথা এসেছে। যখন আমি বক্তব্যটা রাখি তার সঙ্গে কাগজ ছিল না। যেটা একটা কনভেনশান বলে আমাদের শ্রী সুভাষ নস্কর মহাশয় বলেছিলেন। কিন্তু আমি একটু থমকে গেলাম যে, মাননীয় শ্রী সুভাষ নস্কর মহাশয় বাজেট অ্যাট এ গ্লান্স দেখেই ওনার বক্তব্য রাখছিলেন। তার মানে আমার বক্তব্যের সঙ্গে যে বাজেট অ্যাট এ গ্লান্স পেশ হয়েছে, যার থেকে আপনি খুব সুন্দর করে বললেন। তার মানে আপনি এটাই জিজ্ঞাসা করছেন যে, আমার স্পিচের সঙ্গে জুড়ে না দিয়ে সঙ্গে একটা বই কেন দিয়েছি। যার থেকে আপনি বলছিলেন। মাননীয় অধ্যক্ষ মহোদয়, তার থেকে আমি বুঝতে পারছি, আপনি বুঝতে পারছেন—আমি চাই, আমাদের সরকার চায় যে, মানুষ যেন সবটুকু পড়ে, শুধু জাগলারি করে কিছু দিয়ে দিলে সেটুকু পড়বে আর বাকিটা পড়বে না। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনি জানেন, আমরা ২৬টা বই টেবিল করেছি এই হাউসে একই সঙ্গে এবং আপনাদের মধ্যে অনেকে দেখলাম কিছু কিছু বই পড়েছেন এবং আমি তার জন্যে অত্যন্ত বাধিত। সেই প্রার্থী বলেছেন ঠিকই, কনভেনশানটা যদি বলা যায় তাহলে দেখতে হবে কেন্দ্রীয় সরকারের কি কনভেনশান আছে। স্টেট সরকারের এবং বিভিন্ন প্রদেশের কি কনভেনশান আছে। সেটা খুঁজে দেখলে, খুঁটিয়ে দেখলে দেখবেন যে, কনভেনশান কিন্তু নয়, সেটা বাজেট স্পিচের সঙ্গে এই ধরনের জিনিস দেওয়া, সঙ্গে বই দেওয়া, যাতে মানুষ বসে চিন্তা করে, সে সম্বন্ধে আলোচনা করে পুরোপুরিভাবে আপনার বক্তব্যটা বুঝতে পারে। আপনার যদি সেটা ঠিক না লেগে থাকে যে, আমি ওটা দিইনি, তাতে আমি খুশি নয়, কিন্তু যে বইগুলো আপনি দেখছেন, নিজেই সুন্দর করে বাজেট অ্যাট এ গ্লান্স দেখে বলেছেন তার জন্য আমি বাধিত। দ্বিতীয় নম্বর প্রশ্নতে যেতে চাই। মাননীয় অধ্যক্ষ মহোদয়, একজন আমাদের মাননীয় সদস্য এ প্রশ্ন

তুলেছিলেন যে, মূল্যবৃদ্ধির কথা কেন আপনার বক্তব্যে নেই। এর জন্য আমি বলতে চাই যে, তাঁর বক্তব্যের আগে আপনাদের যে পার্টির বক্তব্য তিনি রাখছিলেন সেই পার্টির আর একজন মাননীয় সদস্য, মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে অভিনন্দন জানিয়ে বলেন, এল পি জি-র দাম আপনি কমিয়ে দিয়েছেন, ট্যাক্স হাটিয়ে দিয়েছেন তার জন্য আমরা বাধিত। তার মানে আপনারা বললেন আমরা করি। এটা হচ্ছে আমাদের কালচার। আপনারাও এ নিয়ে আলোচনা করেছিলেন। আপনারা কিন্তু করতে পারেননি।

[4.30—4.40 p.m.]

Leader of the Opposition সে সম্বন্ধে আমাকে soul searching করতে বলেছেন যে, আমি কি একটু uncomfortable ছিলাম যখন আমরা এটা করেছি ? কিন্তু আপনাকে বলব, এটা দূরদর্শিতার একটা উদাহরণ, তার কারণ আজ হরিয়ানা তাদের LPG tax হটিয়ে দিয়েছে। What Bengal thinks today, India will think tomorrow. সেই জন্য আমি আমাদের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে বলব যে, তাঁর instinct এবং সাধারণ মানুষের সঙ্গে তাঁর যে connection সেটা অভূতপূর্ব, আপনারাও সেটা হয়তো মানবেন। সেইহেতু এই প্রশ্নের জবাব আমি এইটুকুই দেব যে, মূল্যবৃদ্ধি সম্বন্ধে আমরা অত্যন্ত sensitive. ৭৫ কোটি টাকা, আমাদের এই state-এর রোজগার থেকে চলে যাবে, কিন্তু এমনভাবে আমরা কাজ করব যে ৭৫ নয়, ১০০ কোটি টাকা আমরা অন্য জায়গা থেকে তুলে আনবো সাধারণ মানুষের সহায়তার মাধ্যমে। তৃতীয় বিষয়, আমাদের একজন হিন্দি ভাষাভাষী ভদ্রলোক, আমাদের মাননীয় সদস্য Hon'ble Speaker, তিনি তিনটে কথা বলেছেন, আমি সেই তিনটির জবাব হিন্দিতে দিতে চাই। पहले मै ये कहना चाहुंगा माननीय अध्यक्ष महोदय उनहोने जो 2 हजार दो सौ रुपये की बात की, उनको शायद ये समझ में नही आया कि वो दो सो दो हजार रुपया लाके भारत सरकार से हजारो रुपया हम लेगें क्योकि वो हमारे शेयर है। आपने ये matching grant नही किया जो हमने किया है, और किस क्षेत्र मे किया है ? सामाजिक काठामो के उपर सामाजिक infrastructure के उपर हमने किया। आपने शायद ये समझा नही कि हमने क्यो किया। Hon'ble Leader of the Opposition said to me—What is in our mind ? What's in our mind is, যে আমরা আমাদের পয়সা দিয়ে তার সঙ্গে ভারতবর্ষে আমাদের অধিকার, যে share প্রাপ্য যেটা আপনাদের নেওয়া উচিত ছিল, যা আপনারা নেননি। আর কিসের জন্যে নেননি ? (voice—পাইনি) আজ্ঞে না, পাইনি নয়। আপনারা হয়তো জানতেন না বা করতে পারেননি। দ্বিতীয় ইস্যুর উপর আসতে চাই, हमारे हिन्दी भाषाभाषी के जो माननीय सदस्यों ने जो कहे है उसपर मै जाना चाहुंगा cess or royalty कि बारे मे हमारे Leader of the Opposition इस मामले मे टिप्पनी की है, हाँ बंगाल एक प्रदेश है जो दोनो चीज लेती है cess is ad valorem इसका मतलव कोयला का दाम बढता है तो सेस का भी पैसा बढ़ जाता है। साथ मे हम रायल्टी भी हम ले रहे है थोड़ा बहुत और Central Government का ये कहता था कि आप दोनो चीज नही

ले सकते। क्योकि कोई भी प्रदेश जैसे झारखण्ड है, बिहार है वो एक ही लेते है। रायल्टी लेते है, सेस नही लेते है। तो हम कहना चाहुंगा कि हम छोड़ने बाले नही है। 1981 से इस बात को चर्चा चल रही है और जो 5 हजार 5 हजार की एक झलक दिखाया जा रहा है वो क्या है आज तक मेरे समझ मे नही आया है। 1981 से आज तक ये झलक पहुच रहा है ये एक जादुगरी है जिसके बारे मे हम वास्तव रुप मे देखेगें, लेगें जरुर जो हमारी जरुरी है वह छीनके लेगें। मै तीसरी चीज पे आउंगा हमारे हिन्दी भाषाभाषी के विशेष सम्माननीय संसद के बहुत ही important व्यक्ति है उन्होने एक बात कही कि दो कदम सामने जाओ जैसे कभी कभी एक कदम पीछे होना होता है। मेरा सुन के थोड़ा लज्जा हुया कि शायद वो कम्युनिस्ट पार्टी की तरफ से बोल रहे थे। माननीय सदस्य जी उनको ये पता नही कि लेनिन के एसे से ये आया है तो हो सकता है कि आज हमलोग को आपको लेनिन पढ़ाना पड़े। आमि आसव एवारे फिरे, आशा है कि आपस मे दोस्ती रहेगी और ओने बाले दिनों मे और बातें होगी। क्षमा करबेन, हिन्दिते कथा बललाम, केउ यदि बुझते ना पेरे थाकेन, एवारे आमि बांलाते फिरे आसछि। चतुर्थ पयेन्ट येटा आमि आपनादेर सामने राखव, एकटा खुब गुरुत्वपूर्ण प्रश्न एसेछे, येटा आमादेर एकजन बिशेष माननीय सदस्य तुलेछेन। उनि इन्डिकेटार्सटा देखे बलछेन यে, আপনাদের যে রেভিনিউ মোটামুটি আমাদের একই রেভিনিউ ছিল। এই ৩৯ শতাংশটা এল কোথা থেকে ? এটা কি রকম—তিনি ঘাবড়ে যাচ্ছেন বলে বলেছেন। আমি এটা থেকে একদম প্রিসাইজ নম্বরগুলো দিতে চাই। ২০১০-১১-তে যে রিভাইসড এস্টিমেট আসে, যেটা সি এ জি আমাদের এখন একটা প্রজেকশান দিয়েছে, এস্টিমেট দিয়েছে, সেই অনুপাতে ২০১০-১১-তে ২১ হাজার ৩০০ কোটি টাকা হয় রেভিনিউ এস্টিমেট। এটা আমাদের প্রদেশের নিজের রেভিনিউ, স্টেটস ওন রেভিনিউ। সেইটার সঙ্গে যদি তুলনা করেন যে, বাজেটে উনি যেটা ভোট অন অ্যাকাউন্টসে পেশ করেছিলেন আমাদের আগের অর্থমন্ত্রী, উনি পেশ করেছিলেন, টোয়েন্টি নাইন থাউজেন্ড সিক্স হান্ড্রেড অ্যান্ড টোয়েন্টি থ্রি—স্টেটস ওন রেভিনিউ। এখন বুঝতে পারছেন, কোথা থেকে থার্টি নাইন পার্সেন্ট, ৩৯ শতাংশটা এল। এটা একটু আপনার বুঝতে ভুল হয়েছে। স্টেটস ওন রেভিনিউ সম্বন্ধে আমি বলেছি। যার কোনো বিবাদ নেই—পরিষ্কার এবং শেষে বলব যে, আমি ৩৯ শতাংশ যেটা বলেছি, আমি আবার বলব, অভূতপূর্বভাবে অতিরঞ্জিত যা আমার বক্তব্যে বলেছিলাম, আই স্ট্যান্ড বাই ইট। এটা আপনাকে বলি, ওই জবাবেই যে তথ্যটা আপনি দিয়েছেন, সেটা একটু পুরনো। ওই ৬৪/৬৫-র কাছে যেটা আনিসুর রহমান সাহেব বলেছেন, প্রাক্তন মন্ত্রী, এটা একটু আপনাকে বলে দিই, এখানে এটা আপনার হয়তো একটু বুঝতে সুবিধা হবে, ওই যে ৬৪/৬৫-র কথা আপনি বলেছেন, ওইটা রিভাইসড এস্টিমেটে ক্যাগের এস্টিমেট অনুযায়ী ওইটা ৫০-এ নেমে এসেছে। তার মানে, রিসিট, রিভাইসড এস্টিমেট ফর রেভিনিউ রিসিট ফর টু থাউজেন্ড টেন অ্যান্ড ইলেভেন নট সিক্সটি ফোর, নট এনি মোর। ইট হ্যাজ কাম ডাউন টু ফিফটি ওয়ান ওয়ান সিক্স—কেন না, সেই পয়সাগুলো পাওয়া যায়নি। আমাদের প্রজেকশান ইজ নাউ সিক্সটি ফাইভ এইট ফোর সেভেন, যেটাকে আপনি কোট করেছেন। সেইহেতু সেই কাগজটা আমি দিতে খুবই খুশি হব।

অনারেবল স্পীকার সাহেব, আপনার থ্রু দিয়ে, অনারেবল ফার্মার মিনিস্টারের কাছে যে, এখন কেন ৫০,১১৬ হয়ে গেছে ওই ৬৪টা এবং কেন আমরা ৬৫, ৮৪৭ বলছি। এটা আমি ক্ল্যারিফিকেশান হিসাবে বলছি। এটা হয়তো আপনাদের সবাইকার জানা নেই। কেননা, এটা কম্পট্রোলার অ্যান্ড অডিটর জেনারেলের লেটেস্ট এস্টিমেট এসেছে। আমি খুবই খুশি হব অনারেবল স্পীকারের কাছে এই কাগজগুলি প্রদান করতে, যাতে আমাদের মধ্যে কোনো ভুল বোঝাবুঝি না হয়। একটা দুঃখের কথা বলি, প্রাক্তন অর্থমন্ত্রী ৬৫ পাতা ইংরাজিতে আর ৪৫ পাতা বাংলায় বিরাট বক্তব্য রেখেছিলেন। আমার পড়তে খুবই ভালো লাগে, তাই সেটা পড়তে খুব ভালো লেগেছিল। মাঝে মাঝে অবশ্য একটু ঘুম পেয়ে যাচ্ছিল, এত লম্বা যে সব সময় পড়ার অভ্যাস নেই। এই বক্তব্য থেকে কিন্তু উনি উল্লেখ করেননি, একটা বড়ো কথা যেটা আপনারা তুলেছেন, এই বক্তব্যে কিন্তু উনি বলেননি যে, ২০১০ সালেতে কমিটি ফর্ম হয়ে গিয়েছিল। মার্চে উনি বলছেন, মার্চ ২০১১-তে উনি ভোট অন অ্যাকাউন্টসে লিখেছেন, বাজেটে লিখেছেন, কিন্তু ২০১০-তে এই কমিটি তৈরি হয়ে গিয়েছিল, যাতে পশ্চিমবাংলাকে ডেট স্ট্রেসড স্টেট বলা হয়। আমি আশা করেছিলাম সেই কথা উনি আমাদের হাউসের সঙ্গে শেয়ার করবেন, সেটা উনি করেননি।

[4.40—4.50 p.m.]

এবং আপনারা যেটা বলেছেন যে, মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী যে কথা বলছেন কেন্দ্রের সঙ্গে, সেই কেন্দ্রের আলোচনার একটা খুব বড়ো কথা হচ্ছে যে কেরালা, পশ্চিমবঙ্গ, পাঞ্জাবকে ডেট স্ট্রেসড স্টেট বলে বলা হয়েছে, যার আধারে যার মাধ্যমে আলোচনা এগিয়ে নিয়ে যাওয়া যেতে পারে। আমি আশা করেছিলাম—যখন সেই লম্বা স্পিচটা পড়ছিলাম—সেটা হয়তো প্রাক্তন অর্থমন্ত্রী বলবেন—কিন্তু উনি বলেননি। তার জন্য আমি একটু ক্ষোভ প্রকাশ করছি।

এবারে ৬নং পয়েন্টে আসছি। উনি ডেফিসিট দেখিয়েছিলেন দু হাজার কোটি টাকা। তা যদি হয় তাহলে নভেম্বর মাস থেকে embargo কেন লাগানো হল ? ডেফিসিট যদি দু হাজার কোটি টাকা হয় আর আজকে তিন হাজার পাঁচশো কোটি টাকা অনারেবল স্পীকার স্যার বিল পড়ে আছে আগের সরকারের—যেগুলো সভরেন স্টেট—তারা বিলটা করল না ? সেটা আমাদের ঘাড়ের উপর এসে গেছে ! বাট দ্য ডেফিসিট ছিল খালি two thousand crores—সেহেতু আমি সত্যি লজ্জিত যে, দু হাজার কোটি টাকা ডেফিসিট দেখিয়ে নভেম্বর মাস থেকে পেমেন্ট সমস্ত বন্ধ করে দিয়ে ছোট মাঝারি সব রকমের কাজ যা হয়েছে অ্যাজ এ সভরেন স্টেট, ইট সেজ, আই উইল নট পে। এটা বোধহয় ভারতের ইতিহাসে কোনো গভর্নমেন্ট এ পর্যন্ত করেননি।

এবারে অনারেবল লিডার অফ দ্য অপোজিশান কতগুলি কথা তুলেছেন যেগুলো খুবই সুন্দর কথা এবং সত্যি সে সম্বন্ধে কিছু বক্তব্য রাখা উচিত। ৫৬ হাজার ফ্যাক্টরির কথা আপনি বলেছেন। অনারেবল স্পীকার স্যার, উনি বলেছেন, ফ্যাক্টরির ডেফিনেশান আপনি আমি

সবাই জানি। ১০ জন মানুষ কাজ করেন এবং ইলেকট্রিসিটি ব্যবহৃত হয়। সেই হিসেব নিয়ে যদি আপনি যান তাহলে আপনার কোনো দ্বিধা নেই এইটা দেখতে যে, ইট উইল বি ফিফটি সিক্স থাউজেন্ড। তাও আমি বলি আজকে বে-রোজগার যারা আছে আপনি তাদের সম্বন্ধে বলেছেন। ৪০ লক্ষ মানুষর কথা বলেছেন। তাতেই আমার লজ্জা করছে যে, একটা স্টেটে ৪০ লক্ষ মানুষ বেকার বসে আছে আপনার হিসাব অনুযায়ী। আমাদের হিসাব অনুযায়ী ৮৫ লক্ষ এবং তার সঙ্গে ডিসগাইসেবলি আনএমপ্লয়েড, যে টার্মটা আমরা ব্যবহার করেছি বাংলাতে এবং ইংরাজিতে, যেখানে গ্রামের মানুষ হয়তো আধদিন বা একদিন বা দুদিন মাসে কাজ পায়, তার মানে ইন ফ্যাক্ট অনারেবল স্পীকার স্যার, দ্যাট পার্সন ইজ রিয়েলি আনএমপ্লয়েড। ডিসগাইসড আনএমপ্লয়েডকে ধরে আমরা এক কোটি বেকারের কথা বলছি। এটা আমি আবার রিপিট করি। আমার বলতে কোনো দ্বিধা নেই এবং আই চ্যালেঞ্জ উইথ এনিবডি টু দ্যাট ফিগার উইথ রিলেভেন্ট ডিটেলস।

পার ক্যাপিটা ডেটের কথা আপনি বলেছেন, ঋণের কথাও আপনি বলেছেন। দু লাখের বেশি ২-১ কোটি টাকা ঋণ আমাদের মাননীয় সদস্য বলেছেন, এখান থেকে চাঁদ অবধি পৌঁছে যেতে পারে ১০০ টাকার নোট নিয়ে। যেটা আমার কাছে একটু আশ্চর্য লাগল। আপনি কি আমেরিকার কথা বলে আমেরিকাকে মডেল করতে চান ? এটা তো লজ্জার বিষয়। আমেরিকার ডেটটা খুব বড়ো বলবেন আপনি। আমরা কিন্তু আমেরিকাকে মডেল করতে চাই না। আমরা চাই আমাদের ডেট ছোট হোক। আমি একটু স্তম্ভিত হয়েছি সি পি এম-এর নেতৃত্বের মধ্যে থেকে আমেরিকা সম্বন্ধে তুলনা করার চেষ্টা হচ্ছে। আমেরিকার এক সময় অনেক বড়ো ডেট ছিল যখন সে পরিবর্তনের মধ্য দিয়ে যাচ্ছিল, এখন আমেরিকার ডেট সম্বন্ধে আমি তুলনা করতে চাই না—তার কারণ আমেরিকার অনেক ফাইনান্সিয়াল ইনস্ট্রুমেন্টস আছে যেগুলো ভারতবর্ষে নেই। আপনাকে আমি দশটা ফাইনান্সিয়াল ইনস্ট্রুমেন্টের কথা বলতে পারি যেগুলো আমেরিকায় ডেট ক্রিয়েট করে, যেগুলো ভারতবর্ষে এখনো নেই। আমি তুলনা করব নিজেকে অন্য ডেভেলপিং দেশের সঙ্গে।

মিঃ স্পীকার : হাউসে সবার অনুমতি নিয়ে সময় আরো আধ ঘণ্টা বাড়ানো হল।

ডঃ অমিত মিত্র : আমি খুব অল্প সময় নেব। আমার বক্তব্য হচ্ছে, এই সম্পর্কে আমরা আরো আলোচনা করার সুযোগ পাব। আপনি একটা গুরুত্বপূর্ণ কথা বলেছেন যে, ডেভেলপমেন্ট যখন হয় তখন ডেট বাড়ে বা ফিসকাল ডেফিসিট বাড়ে এটাকে ইঙ্গিত করেছেন। আর্লি নাইনটিনথ্ সেঞ্চুরিতে যখন তাদের ইকোনমি বাড়ছিল, তাদের ডেটও ছিল, তাদের ফিসকাল ডেফিসিটও ছিল, সে বক্তব্য আপনার ঠিক। কিন্তু আজ সেই জগৎ ছেড়ে আমরা নতুন ঐতিহাসিক জগতে এসে গেছি, due to information technology revolution, due to financial models—যেগুলো ছিল না, turn of the century—সেইহেতু আমি বলব, দয়া করে আমেরিকার সঙ্গে তুলনা করার আগে ঐতিহাসিক পরিপ্রেক্ষিতটা দেখে নেওয়া দরকার। আমরা কি নাইনটিনথ্ সেঞ্চুরির আমেরিকার কথা বলছি, না টু থাউজেন্ড ইলেভেনের আমেরিকার কথা বলছি ? আপনি

জানেন অনারেবল স্পীকার স্যার, আমেরিকায় যে ফিনান্সিয়াল ক্রাইসিস হয়েছিল, সেটা হয়েছিল এক একটা স্পেশাল ইনস্ট্রুমেন্টের ব্যবহার করার জন্য ক্যাপটাল মার্কেটে। আপনারা অনেকে হয়তো জানেন, সেই ইনস্ট্রুমেন্ট নেই এই ভারতবর্ষে, ডেট ক্রিয়েট করে না। সেইহেতু আমি আবার বলব, আমরা নিশ্চয় এই সম্বন্ধে আরো আলোচনা করব, with full respect to the Hon'ble Leader of the Opposition and I will bring it to the table in an informal discussion with you, what are the instruments that United States has যেগুলো ভারতবর্ষে আমরা এখনো করিনি। ভগবানের দয়ায় আমরা করিনি, আল্লার দয়ায় আমরা করিনি, ব্যাঙ্কিং-এর উপরে আমাদের অন্য রকমের রেগুলেশান আছে, যার জন্য সেই আমেরিকার melt down-এ আমরা যাইনি। সেইহেতু আমি আশা করব। এই নিয়ে পরে আরো বিস্তারিত আলোচনা হবে।

ডাঃ সূর্যকান্ত মিশ্র : আমি কিন্তু তা বলিনি যে, আমেরিকা আমাদের মডেল হতে পারে। আপনি রেকর্ডটা দেখে নেবেন।

ডঃ অমিত মিত্র : এটা নিয়ে পরে আমরা আরো আলোচনা করব। আপনি বলেননি শুনে আমি বাধিত। হয়তো কিছু বলেছেন, আমেরিকার ডেটটা খুব বড়ো, এই নিয়ে পরে আরো আলাপ-আলোচনা হবে। আমি অত্যন্ত বাধিত, আপনি এই কথা বললেন এবং গ্রহণ করব আপনার বক্তব্য যেটা সঠিক হবে, লজিকাল হবে। একটা কথা বলতে আমি বাধ্য হচ্ছি, রবীন্দ্রনাথের কবিতা দিয়ে আমি শুরু করেছিলাম এবং রবীন্দ্রনাথের কবিতা দিয়ে আমি শেষ করেছিলাম—সেই সম্বন্ধে লিডার অফ দি অপোজিশান প্রশ্ন তুলেছেন। আমার কোথাও যেন একটা মনে হচ্ছে, আমি শুনেছি রবীন্দ্রনাথকে—কে বলেছেন আমি বলতে পারব না—আপনারা বুর্জোয়া কবি বলে বলেছেন। তার জন্যই আপনাদের জ্বলন হচ্ছে না তো ! আমি তাকে দিয়ে শুরু করেছি, আর তাকে দিয়েই আমার বক্তব্য শেষ করেছি। আমার বক্তব্য শেষ করার আগে কয়েকটি তথ্য আপনাদের দিয়ে যেতে চাই। অনারেবল লিডার অফ দি অপোজিশান জিজ্ঞাসা করেছেন—আমরা কি প্রচেষ্টা করছি, আপনাদের ফিলোজফিটা কি, আপনাদের পার্সপেক্টিভটা কি—এটা খুবই গুরুত্বপূর্ণ কথা। তার জন্য কয়েকটি তথ্য আপনাদের সামনে দিয়ে আমি শেষ করব। Revenue deficit as a percentage of revenue receipt ২০১০-২০১১ সালে সেটা ৩৪% ছিল, আমরা সেটা নীচে নিয়ে যাব ১২.৫৯% that is a philosophy। আরো বলি, revenue deficit as a percentage of GSDP, এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ তথ্য। এটা ২০১০-২০১১ সালে ছিল ৩.৭৩%, সেটাকে আমরা নিয়ে যাব ১.৫৮%, এটাই হচ্ছে আমাদের টার্গেট। Revenue deficit as a percentage of revenue receipt যে পয়সাটা আমরা পাই এবং যেটা আমরা খরচ করি, আপনাদের সময়ে ২০১০-২০১১ সালে ১০০ থেকে বেড়ে এটা ১৩৪ হয়েছিল। আপনারা শুনে খুশি হবেন, আমরা সেটা ১১২-তে নিয়ে যাব এই বছরে। এটা একটা বিগ চ্যালেঞ্জ, আমরা সেটাই প্রোজেক্ট করেছি এবং সেটাই আমরা করে দেখাব।

Interest rate growth এটা খুব গুরুত্বপূর্ণ বিষয়, Interest rate growth যেটা ২০১০-২০১১ সালে ছিল ৯.৭৬%, এটাকে আমরা ৯.৭৬ থেকে ৩.৩৫-এ নিয়ে যাব। তারপরে আসছি State plan expenditure as a percentage of total expenditure এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ State plan-এর expenditure কি হওয়া উচিত, ২০১০-২০১১ ছিল ১৮.০৬% আমরা ওটাকে বাড়িয়ে ২৩.৯০%-এ নিয়ে যাব যাতে development হয় এই পশ্চিমবঙ্গে। Plan expenditure as a percentage of total expenditure ২০১০-২০১১ ছিল ২২.০৮%, আমরা ওটাকে বাড়িয়ে নিয়ে যাব ২৮.৬২%-এ যাতে development হয়। Finally social services under development expenditure, social services as a percentage of total expenditure ২০১০-২০১১-এ ৩৬.৮৬% ছিল আমরা সেটাকে বাড়িয়ে প্রায় ৪০%-এ নিয়ে যাব, because we believe in social services. মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি জানি অনেকটা লম্বা বলেছি, অনেক প্রশ্ন তুলেছি, লেনিনের সম্বন্ধে বলেছি, রবীন্দ্রনাথের সম্বন্ধেও বলেছি, হিন্দিতে বলার চেষ্টা করেছি, হয়তো বাধা পেয়েছি আটকে গেছে, ক্ষমা করবেন, ধন্যবাদ। অনারেবল স্পীকার, আমি আশা করব যদিও কিছু কিছু জিনিস এখনও বাকি রয়ে গেল আলোচনা করতে যেটা অনারেবল Leader of the Opposition করতে চান informally আমি আশা করব যে, এই House এই Vote on account সম্পূর্ণভাবে সহায়তা করে তাদের তালি বাজিয়ে বিট দ্য table অ্যান্ড support the vote on account today. অনেক ধন্যবাদ।

Mr. Speaker : We had a very valuable discussion and debate on Vote on Account. Thanks Dr. Amit Mitra, The Hon'ble Finance Minister.

The motion of Dr. Amit Mitra that a sum not exceeding Rs. 11165,62,22,000 only be granted to the Governor, on account, for or towards defraying the charges for the following services and purposes during the year ending on the 31st day of March, 2012 was then put and agreed.

Adjournment

The House was then adjourned at 4-54 P.M. till 11-00 A.M. on tuesday, the 28th June, 2011 at the Assembly House, Kolkata.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Kolkata, on Tuesday, the 28th June, 2011 at 11.00 a.m.

PRESENT

Mr. Speaker (SHRI BIMAN BANERJEE) in the Chair, 33 Ministers, 08 Ministers of State and 240 Members.

[11.00–11.10 a.m.]

OBITUARY REFERENCE

Mr. Speaker: Hon'ble Members, I rise to perform a melancholy duty to refer to the sad demise of Shri Mrinal Chakraborty, eminent Bengali singer of the yesteryears, who breathed his last on the 22nd June, 2011 at a private nursing home in Kolkata following multiorgan failure. He was 80.

Born in Rajpur in the district of South 24-Parganas, Shri Chakraborty had initial lessons in music from his mother. He was later trained by well-known classical vocalist Tarapada Chakraborty. Under the influence of eminent composer Salil Chowdhury, Shri Chakraborty joined Gananatya Sangha in the forties. Later, he was introduced to music circles in Kolkata by Dhananjoy Bhattacharya.

Shri Chakraborty's first record 'Jamuna Kinare Sajahaner' became an instant hit and there was no turning back then on. Most of his other melodies also became very popular. He also lent his voice in a number of films. For nearly three decades since the fifties his songs featured regularly in popular programmes of the All India Radio.

With the demise of Shri Chakraborty, the State has lost a veteran singer of modern Bengali songs.

Now I would request the Hon'ble Members to rise in their seats for 2 minutes as a mark of respect to the deceased.

(After 2 minutes)

Thank you Ladies and Gentlemen.

Secretary will send the message of condolence to the Members of their bereaved family.

Mr. Speaker: Hon'ble Members, I am very sorry to say that in spite of my repeated requests to the Learned Members to keep their mobile phones in switched off mode on several occasions the sounds are heard inside the Assembly Hall causing inconvenience to the other members. Therefore, I would once again request you either to keep it on switched off mode or in silent mode so that no annoyance or disturbance is created in course of debate or continuance of the House.

MESSAGE FROM THE GOVERNOR

Hon'ble Members I have received the following message from the Governor of West Bengal.

This message is dated 24th June, 2011.

"Dear and esteemed Speaker,

I am in receipt of your letter of June 20, 2011 enclosing the Motion of Thanks adopted by the West Bengal Legislative Assembly in reply to my Address in the West Bengal Legislative Asembly on June 13, 2011.

I extend by warm appreciation to you, and would request you to convey the same to other Members of the Legislative Assembly, West Bengal.

With my personal regards,

Yours sincerely,

M. K. Narayanan"

CALLING ATTENTION

Mr. Speaker: Today I have received three notices of Calling Attention on the following subjects, namely:

Subject	Name
(i) Reported killing of Sitaram Kundu, a C.P.I.(M) worker, at Janta Village in Bankura on 25.06.2011	: Shri Upen Kisku and Shri Manoranjan Patra

(ii) Number of construction workers benefited from Cess collection : Shri Dilip Mondal

(iii) Reported damage of valuable files and documents from a devastating fire at Bankshal Court on 26.06.2011 : Shri Kashinath Mishra and Shri Kallol Khan

I have selected the notice of Shri Kashinath Mishra and Shri Kallol Khan on the subject of reported damage of valuable files and documents from a devastating fire at Bankshal Court on 26.06.2011.

The Minister-in-Charge may please make a statement to day, if possible or give a date.

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, গতকাল এ বিষয়ে মাননীয় সদস্যরা বিশেষ করে শ্রী কাশীনাথ মিশ্র এবং বিরোধীদলের কয়েকজন সদস্য উদ্বেগ প্রকাশ করেছিলেন এবং গতকালই এ বিষয়ে আমরা মাননীয়া মুখ্যমন্ত্রীর সাথেও কথা বলি। ডিজাস্টার ম্যানেজমেন্ট মন্ত্রীকে বলা হয়েছে যে যত শীঘ্র সম্ভব হয়, যদি আজকে হয় আজকে না হলে এবং আজকে যেহেতু কর্মসূচি যা আছে যদি আপনি অ্যালাউ করেন, সেকেন্ড হাফে আরম্ভের আগে যদি বলতে পারে তখনও বলতে পারে, না হলে ফার্স্ট হাফেই তাকে বলা হয়েছে আজকেই যেন উত্তর দেয়।

Mr. Speaker: Mr. Kashinath Mishra, You want to put an additional question because I find there is a chit where you have submitted that you want to put an additional question on it. It is not necessary.

(At this stage Shri Kashinath Mishra rose to speak)

Mr. Speaker: I beg to interrupt. Just one minute. I think the Hon'ble Minister has not given his reply and he has sought for time for giving reply. In course of this day probably the reply will be given and during that period you may raise your question. I am sorry. I was under the impression that full fledged reply has been given. I am sorry for that. Please take your seat. When the full fledged reply will come you can mention this matter. Thank you.

[11.10–11.20 a.m.]

LAYING OF REPORT AND ACCOUNTS

The 28th Annual Report and Accounts along with Audit Report and Audit Certificate thereon, of the Calcutta Tramways Company (1978) Limited for the year 2009-2010

Shri Subrata Bakshi : Sir, I beg to lay the 28th Annual Report and Accounts along with Audit Report and Audit Certificate thereon, of the Calcutta Tramways Company (1978) Limited for the year 2009-2010.

MENTION CASES

Mr. Speaker : I have received 20 Mention Cases each from the opposition party and from the rulling party.

শ্রী তজমূল হোসেন : মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, আমার বিধানসভার অন্তর্গত ভালুকা বাঁধ থেকে ভায়া খিদিরপুর তেলজান্যা পর্যন্ত বাঁধের যে রাস্তাটি বেহাল অবস্থায় পড়ে আছে। দৌলতনগর, ভালুকা, ইসলামপুর—এই তিনটি অঞ্চলের এই রাস্তাটি হচ্ছে একমাত্র যোগাযোগের ব্যবস্থা। বর্তমানে রাস্তাটি হাঁটবার যোগ্য নেই। সংশ্লিষ্ট দপ্তরের উদাসীনতার ফলে ওই বিস্তীর্ণ এলাকার জনসাধারণ আজকে বন্ধ ডেকেছে। শিক্ষা প্রতিষ্ঠান, সরকারী অফিস, যান চলাচলও এই বন্ধের আওতায় আনা হয়েছে। এই রাস্তাটি মেরামত করার জন্য এর আগেও বন্ধ ডাকা হয়েছিল স্যার। এখন এলাকার পরিস্থিতি এত উত্তপ্ত যে আমরা, জনপ্রতিনিধি তথা প্রশাসনের কর্তারা সেখানে হেনস্থার স্বীকার হচ্ছে। অবিলম্বে এই রাস্তার সংস্কার না হলে পরিস্থিতি আরও জটিল আকার ধারণ করবে। তাই আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি অবিলম্বে যেন ব্যবস্থা গ্রহণ করা হয়। ধন্যবাদ স্যার।

শ্রী ভূষণচন্দ্র দলাই : অনারেব্‌ল স্পীকার স্যার আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার ব্লকে যে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র আছে সেখানে রোগীর সংখ্যা খুব বেশি। বিভিন্ন রোগে আক্রান্ত মানুষ সেখানে চিকিৎসার জন্য আসেন। কিন্তু যথোপযুক্ত পরিষেবা তাঁরা পান না। আমার প্রস্তাব 'ময়না ব্লক স্বাস্থ্যকেন্দ্র'কে স্টেট জেনারেল হাসপাতালে রূপান্তরিত করা হোক এবং ময়নার অপর প্রান্তে যেখানে কোনো হাসপাতাল নেই, বলাইপন্ডা এলাকা, সেখানে একটা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র করা হোক এবং আমার চার নম্বর অঞ্চলে, গোকুলনগর অঞ্চলে, জাহাঙ্গীরচকে যে উপস্বাস্থ্য কেন্দ্র আছে সেখানে রোগীর সংখ্যা প্রচুর, পরিষেবা পাচ্ছে না। সেটাকে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে উন্নীত করা হোক। ধন্যবাদ।

শ্রী অসিত মজুমদার : মাননীয় অধ্যক্ষ মহোদয় আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মহোদয়, হুগলি জেলার অন্তর্গত সাহাগঞ্জের ডানলপ কারখানা আমার বিধানসভার একটা অংশ। তার অস্থাবর সম্পত্তি, বিল্ডিং, হাসপাতাল বিল্ডিং ভেঙে সমস্ত আসবাবপত্র বেআইনিভাবে নিয়ে চলে যাচ্ছে অথচ শ্রমিকদের বকেয়া ও চাকরির নিরাপত্তা আজ পর্যন্ত দিতে পারেনি। যারা মা-মাটি-মানুষের নেত্রী মমতা ব্যানার্জীর আদর্শে লড়াই করেছেন তাঁদের ৫ জনকে সাসপেন্ড করেছে। ২০ জন শ্রমিককে ভেতরে ঢুকতে দিচ্ছে না। ৩৩৬ জনকে ই.এস.আই. দেয়নি, ২২৫ জন ১৯৯৭ সাল থেকে পি.এফ. ও গ্র্যাচুইটি পাচ্ছে না। ২০০৬ সালে লাস্ট এগ্রিমেন্ট অনুযায়ী ২৫ হাজার টাকা কর্মচারীদের দেওয়ার কথা ছিল, সেটাও তাদের দেওয়া হচ্ছে না। ওই ফ্যাক্টরির মধ্যে বড় বড় গাছ সেগুলো কেটে নেওয়া হচ্ছে। আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী চাঁদ মহম্মদ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মুর্শিদাবাদ জেলার ভগবানগোলা পিছিয়ে-পড়া এলাকা। মুর্শিদাবাদ এবং ভারতের শেষ প্রান্তে ভগবানগোলা বিধানসভা। চর থেকে সাধারণ রোগীরা ভগবানগোলা ২নং ব্লক নসিপুর হেল্‌থ সেন্টারে আসেন। সেখানে রোগীরা আসে স্বল্প খরচের জন্য, পরিষেবা পাওয়ার জন্য। ডাক্তারেরা নিজের দায় এড়িয়ে, কাজ না করার উপক্রমে সাব-ডিভিশনে তাদের রেফার করা হয়। সাব-ডিভিশনে গেলে দেখা যায় সেখানে রোগীর কিছু হয়নি, আবার রেফার করা হয়। তাতে গরিব মানুষের পরিষেবা ব্যাহত হচ্ছে। স্যার, আমি স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, নসিপুর ব্লকে যে হেল্‌থ সেন্টার, তার ডাক্তার সমর ঘোষ বিশেষ করে তিনি এ কাজটা করছেন এবং ভগবানগোলা ২নং ব্লকের ফুলপুর এবং কোলান সাব-সেন্টার—সেখানে ডাক্তার নেই। আশা করব সেখানে যদি ডাক্তার দেওয়া হয়, এলাকার মানুষের উন্নতি হবে। এই কয়েকটি কথা বলে আমার সংক্ষিপ্ত বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী সুনীল কুমার মণ্ডল : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে ভূমি ও রাজস্ব দফতরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমার বর্ধমান জেলার গলসী বিধানসভার অধীনে অজয় নদীর তীরে প্রচুর ইটের ভাটা গজিয়ে উঠেছে। এই ইটের ভাটাগুলো অধিকাংশই বেআইনি। সেই নদীর পাড়ের মাটিগুলো কেটে এত গর্ত করা হচ্ছে যে বাঁধটা ভেঙে যাওয়ার উপক্রম। সেটা নিয়ে আমি ওখানকার বি.এল.আর.ও.-র সঙ্গে কথা বলেছি। বি.এল.আর.ও. বলেছেন তাদের কোনো নির্দেশ মানছে না। না মানার ফলে এইভাবে যদি বাঁধের পাশের মাটিগুলো কেটে নিয়ে নেওয়া হয় তাহলে অজয় নদীর প্রবল বন্যায় আবার কিন্তু ২০০০, ১৯৭৮ সালের মতো গ্রামগুলো আবার ভেসে যাবে। তার জন্য আপনার মাধ্যমে আমি অনুরোধ করছি যাতে ওই ভাটাগুলো অতি সত্বর বন্ধ করা হয়। কারণ সরকারি নিয়ম আছে, অজয় নদীর পাড়ের পাশাপাশি ২০০ মিটারের মধ্যে কোনো খননকার্য করা চলবে না। কিন্তু সেসব কিছু তোয়াক্কা না করে, এইভাবে দিনের পর দিন ভাটাগুলো গজিয়ে উঠছে এবং মানুষের বিপদকে ঘনিয়ে নিয়ে আসছে। এজন্য অতি সত্বর যদি ভাটাগুলো বন্ধ না করা হয় তাহলে কিন্তু বন্যায় আবার বাঁধ ভেঙে যাবার উপক্রম হবে,

মানুষ ক্ষতিগ্রস্ত হবে। এই বলে আমি আপনাকে ধন্যবাদ জানিয়ে এখানে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমতী কস্তুরী দাস : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি মহেশতলা থেকে বলছি। আমার ডাকঘর থেকে চারখানা বাস চলত। বাসের নাম্বার হল যেমন ৭৭, ১৮এ, এবং এস.ডি.টু। এই বাসগুলি হাওড়া, শিয়ালদা এবং মিল্ক কলোনিতে আসত ডাকঘর হয়ে পূজালী পর্যন্ত। কিন্তু আজকে ৫ বছর এই বাসগুলি সব বন্ধ হয়ে গেছে। ওই এলাকার লোকের খুব সমস্যা এবং যাতায়াতের খুব অসুবিধা। আমি আপনার মাধ্যমে পরিবহন মন্ত্রীকে অনুরোধ করছি ওই বাসগুলি যাতে একটু তাড়াতাড়ি চালু করার ব্যবস্থা করা হয়। ধন্যবাদ।

[11.20–11.30 a.m.]

শ্রী রামশংকর হালদার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় সেচ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার কুলতলি বিধানসভা এলাকায় নদী বাঁধের ১৭টি স্থানে আয়লার সময়ে কয়েকশো ফুট করে ভেঙে যায়। যদিও এই ক্ষতিগ্রস্ত অংশগুলি কোনোরকমে মেরামত করা হয়েছে কিন্তু খুবই দুর্বল অবস্থায় আছে, ফাটল দেখা দিয়েছে। এখনই একটা নিম্নচাপ বা অতি বৃষ্টি কাটিয়ে ওঠা যদিও গেছে। ভরা কোটাল আর পুবে হাওয়া শুরু হলে বাঁধ ভাঙবে। কুলতলির কয়েক হাজার মানুষ ক্ষতিগ্রস্ত হবেন। এখানকার প্রশাসনিক উদ্যোগ গ্রহণ করা দরকার। আর সেই সাথে সুন্দরবনের নদী ভাঙন সহকারে সুন্দরবনের যে সমস্যাগুলি আছে সেগুলিকে জাতীয় সমস্যা হিসাবে ঘোষণা করা উচিত এবং ঘোষণা করার দাবি আমি জানাচ্ছি।

শ্রী শীতল কুমার সর্দার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার কেন্দ্র সাঁকরাইল। হাওড়া জেলার হুগলি নদীর উত্তর দিকের এদিকে সারেঙ্গা, অন্যদিকে মানিকপুর, এদিকে রাজগড়—বিভিন্ন জায়গাতে যেভাবে ফাটল দেখা দিয়েছে তাতে যে কোনো মুহূর্তে মানুষ ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হয়ে যাবেন। ৮-১০টি গ্রামের মানুষ বানভাসি হয়ে যাবে। ঘর-বাড়ি থেকে আরম্ভ করে পশুপাখি সবাই মারা যাবে সেই অবস্থায় এসে দাঁড়িয়েছে। তাই যুদ্ধকালীন ভিত্তিতে ওই বাঁধ যাতে রিপেয়ার করা যায় তার ব্যবস্থা করার জন্য অনুরোধ করছি, ধন্যবাদ।

শ্রী ঈদ মহম্মদ: মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে পূর্ত দপ্তরের মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্রের ভরতপুর ২নং ব্লকের দত্তবনরিয়া মোড় হইতে বনারিবাঁধ পর্যন্ত এই রাস্তাটি মুর্শিদাবাদ সীমানার মধ্যে হলেও এই রাস্তার দেখভাল করে বর্ধমান জেলার ভাতারের এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার। যার ফলে এই রাস্তাটি ঠিক সময়মতো মেরামতি করা হয় না। যেহেতু এই সীমানাটা মুর্শিদাবাদ কিন্তু দেখভাল করছে বর্ধমান। এই দুটো জেলার টানাপোড়েনে রাস্তাটি অবহেলিত অবস্থায় আছে। অথচ এই রাস্তাটি খুবই গুরুত্বপূর্ণ রাস্তা। এই রাস্তার উপর দিয়ে বর্ধমান, বীরভূম, বোলপুর,

আসানসোল, দুর্গাপুর এই জাতীয় বাস এই রাস্তার উপর দিয়ে যাতায়াত করে। যার জন্য যে কোনো সময় অঘটন বা দুর্ঘটনা ঘটার সম্ভাবনা আছে। তাই আমি মাননীয় পূর্তমন্ত্রীর কাছে আবেদন করছি এই রাস্তাটি অবিলম্বে মেরামতি করার ব্যবস্থা করা হোক এবং এই রাস্তার সীমানা যেহেতু মুর্শিদাবাদ সীমানার মধ্যে পড়ে বর্ধমান থেকে হস্তান্তরিত করে মুর্শিদাবাদের হাতে দিয়ে দেওয়া হোক যাতে এই রাস্তাটি মেরামতি করার ক্ষেত্রে কোনো টালবাহানা না হয়, কোনো অসুবিধা না হয় সেই দিক লক্ষ্য রাখার জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন রাখছি।

ডা: এম. নুরুজ্জামান : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার দেগঙ্গা বিধানসভা কেন্দ্রের রাস্তাঘাটের বেহাল অবস্থা। তারমধ্যে কয়েকটি রাস্তা অত্যন্ত বেহাল যেমন—দেগঙ্গা ব্লকের মাটিকমড়া থেকে চাকলা মন্দির পর্যন্ত রাস্তাটি চলাচলের অনুপযুক্ত হয়ে গেছে। এছাড়া বেলেঘাট থেকে বদর ভায়া সহাই, সহাই কুমারপুর থেকে সেদপুর কালীবাড়ি হয়ে বরা বিশেশ্বরপুর পর্যন্ত এবং বারাসাত ১নং ব্লকের জাফরপুর ঢোলার মোড় থেকে বারাসাত ১নং বি.ডি.ও. অফিস পর্যন্ত রাস্তাটির অত্যন্ত খারাপ অবস্থা। এই রাস্তাটি অবিলম্বে সংস্কারের জন্য মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী বিজয় বাগদী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয়া স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমার বিধানসভা কেন্দ্র দুবরাজপুরে গত ২৬/৬ তারিখে কিছু সমাজবিরোধী তারা জজপুর অঞ্চলের সালিঞ্চি গ্রামে ঢুকে তান্ডব চালায়, গুলি চালায়। এই ঘটনায় রঞ্জন বাগদী নামে একজনের চোয়ালে গুলি লাগে। সে এখন বর্ধমান মেডিকেল কলেজে চিকিৎসাধীন। অপরাধীরা এলাকায় ঘুরে বেড়াচ্ছে। পুলিশকে জানানো সত্ত্বেও পুলিশ কোনো ব্যবস্থা গ্রহণ করছে না। তারা এলাকায় আতঙ্কের পরিবেশ সৃষ্টি করছে। আমি আপনার মাধ্যমে মাননীয়া স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে অতি সত্বর এই সমাজ-বিরোধীদের গ্রেফতার করে এলাকার শান্তি ফেরানো যায়, ধন্যবাদ।

শ্রী অশোক ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনি জানেন হাওড়ার টাউন হল একটি ঐতিহ্যশালী হল। ওই টাউন হলটি ভেঙে পড়ে মাথার ছাদ সমেত ২০০৬ সালের ৪ঠা জানুয়ারি। তারপর থেকে ওটা মেরামতির কোনো ব্যবস্থা হয়নি, সংস্কারের কোনো ব্যবস্থা হয়নি। এই হলটিতে রবীন্দ্রনাথ ঠাকুর, নেতাজী সুভাষচন্দ্র বসু, শরৎচন্দ্র চট্টোপাধ্যায় সবার পদধূলি পড়েছে। এখানে হাওড়ার সংস্কৃতির একটি মূলকেন্দ্র। যে সমস্ত সংস্কৃতি প্রতিষ্ঠান আছে তারা কম পয়সায় এই টাউন হলটিকে ব্যবহার করতে পারত। এখন পয়সা বেশি দিয়ে তাদের শরৎ সদনে যেতে হচ্ছে। এই টাউন হলটি সারানো হয়নি শুধু নয়, মেরাক এবং ত্রিপল দিয়ে কোনোরকমে চালানো হচ্ছে, রেকর্ড সম্পূর্ণ ধ্বংসস্তূপে পরিণত হয়েছে। হাওড়ার মানুষ যদি পুরনো কোনো রেকর্ড দেখতে চায় তার কোনো হদিশ এই হলে পাওয়া যাবে না। স্যার, আমি আপনার মাধ্যমে নগরোন্নয়ন মন্ত্রীর কাছে অনুরোধ করছি অবিলম্বে হাওড়ার টাউন হলটিকে সারিয়ে কলকাতার মতো না হোক, অন্তত মানুষকে বলার মতো এইরকম

একটা অবস্থায় আসতে পারে, মানুষ ব্যবহার করতে পারে। সংস্কৃতিবান মানুষরা সেখানে তাদের নাটক ইত্যাদি গান পরিবেশন করতে পারে। স্যার, আমি অবিলম্বে নগরোন্নয়ন মন্ত্রীর হস্তক্ষেপ দাবি করছি।

শ্রী আব্দুর রহিম বক্সী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে জনস্বাস্থ্য ও কারিগরি বিভাগের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার বিধানসভা কেন্দ্র মালতীপুর। বর্তমানে সেখানে পানীয় জলের লেভেল নেমে যাওয়ার কারণে সেখানকার মানুষ অতি কষ্টে আছেন। পানীয় জলের সেখানে খুব অভাব। বিগত সরকার সেখানে ৬টি গভীর নলকূপ বসানোর ব্যবস্থা করেছিলেন পি এইচ ই-র মাধ্যমে। তার মধ্যে ৩টি এখনো সেখানে চালু হয়নি ইলেকট্রিফিকেশান কানেকশান না দেওয়ার কারণে। আমি আপনার মধ্যেমে সংশ্লিষ্ট মন্ত্রীর কাছে আবেদন করব অনতিবিলম্বে যাতে ওখানে ইলেকট্রিফিকেশান দিয়ে তাড়াতাড়ি জলের ব্যবস্থা করা যায়। কাজটা যাতে দ্রুত গতিতে হয় এবং ওখানকার মানুষরা যাতে জলকষ্ট থেকে মুক্তি পেতে পারেন। পাশাপাশি বলব মালদা জেলার বহু জায়গায় আর্সেনিক যুক্ত পানীয় জল পাওয়া গেছে এবং সেইজন্য বিগত সরকার ৩টি জায়গায় বড় ৩টি প্রজেক্টের মাধ্যমে আর্সেনিক মুক্ত জলের ব্যবস্থা করেছিলেন। আমাদের ওখানকার মানুষ আতঙ্কগ্রস্ত ওখানকার জলে আর্সেনিক আছে কিনা জানার জন্য। আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্টমন্ত্রীর কাছে আবেদন করব যে, অতি দ্রুত গতিতে সেখানে আর্সেনিক পরীক্ষা করে সেখানকার মানুষকে কষ্টের হাত থেকে মুক্তি দেওয়া হয় এই আবেদন করছি ধন্যবাদ।

শ্রী আবু তাহের খান : স্যার, আপনার মাধ্যমে মাননীয়া মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, বাংলার পাটচাষিরা সাংঘাতিকভাবে ক্ষতিগ্রস্ত। যে পাটের দাম সাড়ে ৩ হাজার টাকা কুইন্টাল ছিল, সেই পাটের দাম আজকে দেড় হাজার টাকা কুইন্টাল হয়েছে। সামনে পুজোর মরশুম এবং ঈদের মরশুম এই কারণে পাটচাষিরা সাংঘাতিকভাবে অসহায়বোধ করছেন। তাই আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি যে, ওই পাটচাষিদের দুরবস্থার হাত থেকে বাঁচানোর জন্য রাজ্য সরকার এবং ভারত সরকারের মাধ্যম দিয়ে এই গরিব কৃষক এবং পাটচাষিদের থেকে পাট কেনার প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হোক। ধন্যবাদ স্যার।

শ্রী নগেন্দ্র নাথ রায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চ শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি যে, আমার কোচবিহার উত্তর বিধানসভা কেন্দ্রের পুন্ডিবাড়ি যে ব্লক, সেই পুন্ডিবাড়ি বর্ধিষ্ণু বন্দর এলাকায় একটি মহিলা কলেজ অত্যন্ত জরুরি। বিশেষ করে ওখানে উত্তরবঙ্গ কৃষি বিশ্ববিদ্যালয় অবস্থিত, বি ডি ও অফিস, হেল্‌থ সেন্টার এবং যোগাযোগ ব্যবস্থা অত্যন্ত ভাল। বিশেষ করে ৩১নং জাতীয় সড়ক এবং রেল স্টেশন কাছেই আর বিশেষ করে ওই এলাকায় গরিব মেয়েরা সুদূর কোচবিহারে গিয়ে পড়াশুনা করতে পারছে না। আমি অনুরোধ করব যে পুন্ডিবাড়িতে যাতে একটা মহিলা কলেজ প্রতিষ্ঠিত হয় এই আবেদন রাখছি। নমস্কার।

[11.30–11.40 a.m.]

শ্রী মইনূল হক : স্যার আমি আপনার মাধ্যমে বিভাগীয়-মন্ত্রী, পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। আমার বিধানসভা কেন্দ্র ফারাক্কায়—বিহার এবং ঝাড়খন্ড থেকে যে রাস্তা ২০০০ সালে তৎকালীন কেন্দ্রীয় সরকার, NDA সরকার ঘোষণা করেছিল বিহার এবং ঝাড়খন্ড সরকার। কারণ সেন্ট্রাল টাকা দিলেও কাজটা করতে হবে রাজ্য সরকারকে। বিহার এবং ঝাড়খন্ড সরকার কাজ শুরু করলেও বিগত সরকার আমি বারবার এই হাউসে দাঁড়িয়ে এই রাস্তাটি চালু করার জন্য বারবার আবেদন করা সত্ত্বেও তৎকালীন পূর্তমন্ত্রী ক্ষিতি গোস্বামী, তিনি ফারাক্কায় নিজে প্রণববাবুর একটা সভায় উপস্থিত থেকে নিজে কমিটমেন্ট করে এসেছিলেন আজ থেকে চার বছর আগে ২০০৭ সালে যে, রাস্তাটি শুরু হবে আপনার মাধ্যমে আপনাকে দিয়ে কাজের সূচনা করব। দুর্ভাগ্যবশত এত বড় একটা গুরুত্বপূর্ণ বিষয়ে বিশেষ করে বাংলার যে অংশটি মাত্র ১২ কিলোমিটার রাস্তা। বারবার সার্ভে করা হয়েছে, প্ল্যান এস্টিমেট করা হয়েছে। এমনকি নতুন করে আমাদের কোনও জমি অধিগ্রহণ করতে হবে না। ফারাক্কা বাঁধ প্রকল্পে যে রাস্তাটি রয়েছে আমরা সমস্ত কিছু সার্ভে করিয়ে ফারাক্কা বাঁধ প্রকল্পকে দিয়ে নো অবজেকশান দেওয়া সত্ত্বেও সেই রাস্তাটি এখনো চালু করা যায়নি। এই যে বর্ষা আসছে, এই অতিরিক্ত বর্ষার ফলে যেহেতু পাহাড়ী জল ঝাড়খন্ড থেকে জল নামবে দুটি জায়গায় আবার কাটবে টোটাল ঝাড়খন্ড, বিহার থেকে বাংলা বিচ্ছিন্ন হয়ে যাবে। তাই আমি আপনার মাধ্যমে পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে NH80 অত্যন্ত গুরুত্বপূর্ণ রাস্তা। বিশেষ করে একদিকে রাজমহল, একদিকে সাহেবগঞ্জ, বারাডোয়া এলাকায় যেহেতু বন্যা এবং পাথরের একটা বিরাট অংশের মানুষ সেই কাজের সঙ্গে যুক্ত, ব্যবসার সঙ্গে যুক্ত। বাংলাদেশ বলুন, নর্থবেঙ্গল বলুন গোটা মুর্শিদাবাদ সেই এলাকা থেকে যোগাযোগের একমাত্র রাস্তা। আমি চাই স্যার যে, রাস্তার কাজ অবিলম্বে চালু করে আমাদের স্বস্তি দেওয়ার চেষ্টা করবেন। ধন্যবাদ স্যার।

শ্রী নর্মদা চন্দ্র রায় : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পূর্ত সড়ক বিভাগের মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই আমার বিধানসভা কেন্দ্র কুসমুন্ডি। কুসমুন্ডি, মহিপাল এই ১১ কিলোমিটার রাস্তা গত পূর্বতন সরকার widening & strengthening করবার জন্য ৩ কোটি ৫৩ লক্ষ টাকা বরাদ্দ করে এবং যথারীতি সাড়ে ৫ কিলোমিটার রাস্তার কাজ প্রায় সম্পন্ন হয়েছে। বাকি সাড়ে ৫ কিলোমিটার যে রাস্তা এই রাস্তা widening & strengthening করবার জন্য এখানে মাননীয় পূর্ত ও পূর্ত সড়ক বিভাগের মন্ত্রী আছেন—আগে বামফ্রন্ট সরকারের পূর্ত ও পূর্ত সড়ক বিভাগের মন্ত্রী তার টাকার সংস্থান করে গিয়েছেন কিন্তু সেই কাজ এখনো শুরু করা যায়নি। স্যার মহিপাল একটি ইতিহাস প্রসিদ্ধ দিঘি এবং ওই এলাকা পাল্লাদেবের এবং নীলকুঠী চাষের ইতিহাস প্রসিদ্ধ জায়গা এবং কুসমুন্ডী হেড কোয়ার্টোরের সঙ্গে ব্লকের অধিকাংশ এলাকা জুড়ে এই ব্যস্ততম রাস্তার উপর দিয়ে যোগাযোগ। সুতরাং এই রাস্তাটির বাকি সাড়ে পাঁচ কিলোমিটার রাস্তার ওয়াইডেনিং এবং স্ট্রেনদেনিং করবার জন্য পূর্ত ও পূর্ত সড়ক বিভাগের পক্ষ থেকে আজ পর্যন্ত উদ্যোগ

গ্রহণ করা হচ্ছে না। তাই আমি সংশ্লিষ্ট বিভাগের মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, অসম্ভব ব্যস্ততম এই রাস্তায় যে কোনো সময়ে মানুষের প্রাণহানি হতে পারে, বড় ধরনের দুর্ঘটনা ঘটতে পারে। তাই যাতে বাকি রাস্তাকে চওড়া এবং মজবুতিকরণের কাজ দ্রুত শুরু করা যায় তারজন্য আমি বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ধন্যবাদ স্যার।

শ্রী তোয়াব আলি : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে শ্রম দপ্তরের মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন মুর্শিদাবাদ জেলার জঙ্গিপুর সাবডিভিশান যার মধ্যে আমার বিধানসভা পড়ে, এখানে প্রায় ৭ লক্ষাধিক বিড়ি শ্রমিকের বসবাস। জেলাতে আরও বেশি প্রায় ১০ লক্ষাধিক। দুটি সমস্যা বড় সমস্যা। একটা হচ্ছে বিড়ি শ্রমিকদের জন্য রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকারের যে ওয়েলফেয়ারের সুযোগ আছে, এই ওয়েলফেয়ারের সুযোগ গ্রহণ করতে পারছে না বিড়ি শ্রমিকদের পরিচয়পত্র না থাকার ফলে। মানে অর্ধেকেরও কম, অনেক বেশি বিড়ি শ্রমিক আজও পরিচয়পত্র পায়নি। রাজ্য সরকারের ওয়েলফেয়ার দপ্তর থেকে যে বিড়ি শ্রমিকদের পরিচয়পত্র দেওয়া চালু করেছিল—কোন রহস্যজনক কারণে আমি জানি না রাজ্য সরকারের এই অধিকার কেড়ে নিয়ে দিল্লি ওয়েলফেয়ার বোর্ড দায়িত্ব নিয়েছিল। কিন্তু খুবই দুর্ভাগ্য যে, এই বোর্ডের কোথাও কোনো পরিকাঠামো নেই। বিড়ি শ্রমিকরা এই কার্ড থেকে বঞ্চিত হচ্ছে। বিড়ি শ্রমিকদের টাকায় যে ওয়েলফেয়ারের ফান্ড তৈরি হয়েছে, সেই ওয়েলফেয়ার ফান্ডের সুযোগ থেকে বিড়ি শ্রমিকরা বঞ্চিত হচ্ছে। আমার আবেদন হচ্ছে যে, সমস্ত বিড়ি শ্রমিকরা যাতে এই কার্ড পেতে পারে তারজন্য আপনার দপ্তর থেকে উদ্যোগ নেওয়া হোক। এখন তো দিল্লি-রাজ্য বন্ধুত্বপূর্ণ সরকার। তাই আমার অনুরোধ এই যে বিড়ি শ্রমিকরা আজকে জিনিসপত্রের মূল্যবৃদ্ধির ফলে জর্জরিত তাই তাদের মজুরি বাড়ানো দরকার। ডান, বাম সমস্ত ইউনিয়নের পক্ষ থেকে এই দাবিপত্র পেশ করা হয়েছে কিন্তু মালিকেরা বিড়ি শ্রমিকদের মজুরি বাড়াতে রাজি হচ্ছে না, তারা টালবাহানা করছে। বিগত সরকারের পক্ষ থেকে উদ্যোগ নেওয়া হত এই বিড়ি শ্রমিকদের মজুরি বাড়ানোর ক্ষেত্রে। তাতে তাদের আড়াই টাকা থেকে ৫৬ টাকা মজুরি হয়েছে। আমি আপনার কাছে অনুরোধ করছি—(এই সময় মাইক অফ হয়ে যায়)

শ্রী এমানী বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রী এবং মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি যে, সুতি টু লিংক রাস্তা বহুদিন ধরে বেহাল অবস্থায় পড়ে আছে, প্রায় ২৫ কিলোমিটার রাস্তা বিড়ি ইন্ডাস্ট্রিয়াল এলাকায়। সেখানে বিগত কয়েক বছর ধরে কোনো নির্মাণ কাজ হচ্ছে না, প্রায় কোথাও-কোথাও দেড় ফুট, দু ফুট এমনকি ৩ ফুট পর্যন্ত গভীর গর্ত। অতএব আমি সেই রাস্তা মেরামতির জন্য মাননীয় মুখ্যমন্ত্রী ও পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

[11.40–11.50 a.m.]

শ্রী অপূর্ব সরকার : সম্মানীয় অধ্যক্ষ মহোদয়, আমরা সকলে জানি মুর্শিদাবাদ জেলার কৃষ্ণনাথ কলেজ স্থাপিত হয় ১৮৫৩ সালে। এই কলেজ অবিভক্ত বাংলা যখন ছিল,

তখন শিক্ষার প্রাণ কেন্দ্র হিসেবে গণ্য হত। আজকে মুর্শিদাবাদ জেলায় জনসংখ্যা বেড়েছে। মুর্শিদাবাদ জেলা পিছিয়ে পড়া জেলা। এই জেলার ছাত্রছাত্রীরা—যেহেতু কৃষ্ণনাথ কলেজ কল্যাণী বিশ্ববিদ্যালয়ের অধীন, ১৫০ থেকে ২৫০ কিলোমিটার ছাত্রছাত্রীদের যেতে হচ্ছে। বিগত দিনে ডঃ ভবতোষ দত্ত কমিশন একটা রিপোর্ট দিয়েছেন। সেই রিপোর্টে উল্লেখ করেছেন যে, কৃষ্ণনাথ কলেজকে বিভিন্ন কলেজের কেন্দ্র হিসেবে গণ্য করা হোক। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রীর কাছে আবেদন রাখছি কৃষ্ণনাথ কলেজকে ইউনিভার্সিটিতে আগামীদিনে রূপান্তরিত করা হোক। ধন্যবাদ।

শ্রী অনন্ত দেব অধিকারী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে কনস্টিটিউয়েন্সির, সেই কনস্টিটিউয়েন্সির ভৌগোলিক বিবরণ একটু প্রথমে বলতে চাই। সেটা হচ্ছে জলপাইগুড়ি জেলার ময়নাগুড়ি কেন্দ্রের পশ্চিমাংশে হচ্ছে তিস্তা নদী, সেখানে প্রতিবার বন্যায় ক্ষতিগ্রস্ত হয়। পূর্বাংশে রয়েছে জলঢাকা নদী, সেখানেও প্রতিবার বন্যায় কিছুটা ক্ষতিগ্রস্ত হয়। উত্তরাংশে রয়েছে ঘন বনভূমি, অর্থাৎ যাকে বলে গরুমারা ফরেস্ট। যেখানে শুধু পশ্চিমবাংলার নয়, ভারতবর্ষের বিভিন্ন প্রান্ত থেকে গরুমারার যে ন্যাশনাল পার্ক রয়েছে, সেই ন্যাশনাল পার্কে মানুষ বেড়াতে যান। সেখানে যে জীবজন্তু আছে, সেই জীবজন্তু আজকে ঠিকভাবে ফরেস্ট সংরক্ষণ না হওয়ার ফলে সেই বনভূমি থেকে লেপার্ড, হাতি, বাইসন ইত্যাদি জন্তু লোকালয়ে বেরিয়ে এসে কৃষি ফসল ক্ষতি করে। আমি মাননীয়া ডি.এফ.ও. এনিমেল মহাশয়া সুস্মিতা ঘটক, ওনার সঙ্গে কথা বলেছি। উনি বলেছেন আমাদের এত বেশি স্টাফ সর্ট, কাজেই আমাদের পক্ষে সেটাকে প্রোটেকশন দেওয়া সম্ভব হচ্ছে না। পাশাপাশি সেই ফরেস্টের পাশ দিয়ে রয়েছে চা বাগান। আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী বলেছেন যে উত্তরবঙ্গকে তিনি সুইজারল্যান্ড তৈরি করবেন। যদি সুইজারল্যান্ড করতে হয় তাহলে উত্তরবঙ্গের গেটওয়ে অফ ডুয়ার্স হচ্ছে ময়নাগুড়ি। ময়নাগুড়ির উপর দিয়ে প্রায় প্রতিদিন ৪০-৪২টি দূরপাল্লার বাস, যেগুলো ভুটান থেকে শুরু করে, ত্রিপুরা থেকে শুরু করে, অসম থেকে শুরু করে, কলকাতা থেকে শুরু করে, হলদিয়া থেকে শুরু করে ভারতবর্ষের বিভিন্ন জায়গায় যায়।

মিঃ স্পীকার : মিঃ দেব অধিকারী আপনি অনেক কিছু বাড়িয়ে টাড়িয়ে বলছেন। Please confine within the subject. I cannot allow it.

শ্রী অনন্ত দেব অধিকারী : সেখানে প্রাচীন প্রত্নতাত্ত্বিক, কিছু ঐতিহাসিক নিদর্শন আছে। যে নিদর্শনের তৈলচিত্র আমি নিয়ে এসেছি মাননীয় মুখ্যমন্ত্রীর হাতে তুলে দেওয়ার জন্য। উত্তরবঙ্গকে যদি আজকে সুইজারল্যান্ডে পরিণত করতে হয়, আমি যে তথ্য নিয়ে এসেছি মাননীয়া মুখ্যমন্ত্রীর হাতে তুলে দেওয়ার জন্য, তিনি যদি সেটা লক্ষ্য করেন এবং সেটাকে যদি বাস্তবে কার্যকরী করার চেষ্টা করেন তাহলে ওনার যে উদ্দেশ্য, সেই উদ্দেশ্য আমি আশা করি আগামীদিনে সফল হবে।

মিঃ স্পীকার : মাননীয় সদস্য, আপনি বলতে চাইলেন একটা সাবজেক্টে, আপনি অনেক বলছেন। সময় এক মিনিট। সরি। আমি একটা অনুরোধ করছি মাননীয় সদস্যদের,

দেখুন আপনারা যে সাবজেক্টটা দিচ্ছেন, তার বাইরে গিয়ে অনেকে বলছেন। সময় সংক্ষেপ। আমি অনুরোধ করছি নিজেরা যে সাবজেক্ট দিয়েছেন তার ওপর confine করুন। একটা বিষয় তুললেন কিন্তু তার সঙ্গে আপনারা অনেক কিছু এমন আনছেন, যেগুলো আপনার বিষয়ভুক্ত নয়। সুতরাং মাননীয় সদস্য, সবার কাছে আমার আবেদন যেটা আপনারা বলতে চাইছেন তার মধ্যে confine করে দয়া করে বলুন। তাহলে সুষ্ঠভাবে চলবে এবং সময়ও সংক্ষেপ হবে।

শ্রী সৌমিত্র খান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয়া স্বাস্থ্যমন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে কিছু আবেদন রাখছি। বিগত ৩৪ বছর ধরে বাঁকুড়া জেলায় অনুন্নয়নের মডেল বিগত বামফ্রন্ট সরকার বানিয়েছিল। আমার কোতুলপুর বিধানসভা কেন্দ্রে যে সমস্ত স্বাস্থ্যকেন্দ্র আছে সেইগুলো ভগ্নদশায় পড়ে আছে। সেখানকার জয়পুর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রকে গ্রামীণ স্বাস্থ্যকেন্দ্রে উন্নীত করা, কোতুলপুর গ্রামীণ হাসপাতালের বেড সংখ্যা বাড়ানো, সাথে সাথে কোতুলপুর বিধানসভা কেন্দ্রে যে ১২টি উপ-স্বাস্থ্যকেন্দ্র রয়েছে সেইগুলোর উন্নতিসাধনের জন্য মাননীয়া মন্ত্রীর কাছে আবেদন রাখছি। আপনারা জানেন পশ্চিমবঙ্গের সন্ত্রাস কবলিত এলাকাগুলোর মধ্যে কোতুলপুর বিধানসভা কেন্দ্র ছিল। ৩৪ বছর পর মানুষ সেখানে স্বাধীনতা পেয়েছে। কিন্তু সেখানকার স্বাস্থ্যকেন্দ্রগুলির শোচনীয় অবস্থার কারণে সেখানকার গরিব মানুষদের চিকিৎসার জন্য ২০০ কিলোমিটার দূরে কলকাতায় বা ১০০ কিলোমিটার দূরে বাঁকুড়া শহরে যেতে হচ্ছে। যথা শীঘ্র সেখানকার স্বাস্থ্যকেন্দ্রগুলোর উন্নতিসাধন করার জন্য আবেদন রাখছি।

শ্রী এস. এম. সাদি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয়া স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমার নদীয়া জেলার রাণাঘাট সাব-ডিভিসনে, রাণাঘাট ২নং ব্লকের অনন্তপুর গ্রামে জরিমানা আদায়ের নামে তোলাবাজি হচ্ছে। সেখানে ৭৫ বছরের এক বৃদ্ধ যদুনাথ মণ্ডল নৃসংশভাবে খুন হয়েছেন। গোটা গ্রামীণ এলাকায় এবং গ্রাম পঞ্চায়েত এলাকায় ভয় ও সন্ত্রাসের পরিবেশ সৃষ্টি হয়েছে। এই সমাজবিরোধীরা তৃণমূল দলের আশ্রিত। মাননীয়া মন্ত্রীর কাছে আমার আবেদন রাজ্যে এই সন্ত্রাসের পরিবেশকে প্রতিহত করুন। স্যার আপনি জানেন যে, ইতিমধ্যে কলেজগুলোতে কাউন্সেলিং চলছে। রাণাঘাট কলেজে ভালো ছাত্ররা আসছে কাউন্সেলিং চলছে, বাইরে মারামারি হচ্ছে। সেখানে তৃণমূল কংগ্রেসের ছাত্র সংগঠন গণ্ডগোল করছে। এই বিষয়ে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী শেখ আমজাদ হোসেন : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয়া স্বরাষ্ট্রমন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমরা সকলেই মনে করি যে, সমাজের সবচেয়ে সংবেদনশীল অংশের মধ্যে একটা অংশ হচ্ছে আমাদের ছাত্রসমাজ। আমাদের সৌভাগ্য হুগলী জেলার যে, আমরা হুগলী জেলা থেকে একজন প্রাক্তন আই.পি.এস. অফিসারকে মন্ত্রী হিসাবে পেয়েছি, আবার শিক্ষামন্ত্রীও পেয়েছি। তাদের মধ্যে দিয়েও আমার বক্তব্য বলতে চাই। হুগলী জেলার সমস্ত কলেজগুলোতে সন্ত্রাস চলছে। আমার কাছে

স্পেসিফিক নাম আছে। সর্বশ্রী সামন্ত, তার পরীক্ষার অ্যাডমিট কার্ড ছিঁড়ে দেওয়া হয়েছে তারকেশ্বর কলেজে। সংখ্যালঘু সম্প্রদায়ের পরিবারের একজন ছাত্রী সিদ্দিকা খাতুন, খানাকুল কলেজে পরীক্ষা দিতে গেছে, সেখানে আক্রান্ত হয়েছে। ভুয়ো মামলায় ছাত্রছাত্রীদের অভিযুক্ত করা হচ্ছে। সংখ্যালঘু পরিবারের ছেলে মহম্মদ সফিক, অনিল দলুই তফশিলি জাতি পরিবারের ছেলে, প্রবীর হাজরা এদের নামে তিন-চারটি করে কেস। পরীক্ষা দিতে যাবে অ্যাডমিট কার্ড পায়নি। আপনি খবর নিয়ে জানুন স্যার, মন্ত্রীরা আছেন, ৪০ জন ছাত্রছাত্রী আরামবাগ রামমোহন কলেজে ঢুকতে পারছে না। তাদের ২রা জুলাই পরীক্ষা। আপনার কাছে বিশেষ আবেদন রাখছি ২রা জুলাই পরীক্ষা আছে। এই রকম ৬ জন ছাত্রছাত্রী অ্যাডমিট কার্ড তুলতে পারেনি। ছাত্রীরা কলেজে ঢুকলে তাদেরকে আটকে রাখা হচ্ছে। আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীসহ মাননীয়ার কাছে আবেদন রাখছি যে এই ব্যবস্থা নিরসন করে ছাত্রছাত্রীদের বাঁচান।

[11.50–12.00 noon]

শ্রী জোসেফ মুণ্ডা : মাননীয়া অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমি নিজে জিরন্তি চা বাগানের বাসিন্দা এবং বাম জমানায় দেখে আসছি যে চা বাগানের বসবাসকারী শ্রমিকরা কিভাবে শোষিত হয়ে আসছেন। আমরা জানি পশ্চিমবঙ্গে তথা ভারতবর্ষে কোথাও ইণ্ডাস্ট্রি নেই যেখানে ৬৬ টাকা ৭০ পয়সা ওয়েজেস রয়েছে। সেটা কিন্তু চা বাগানে আমরা আজও দেখতে পাচ্ছি। স্যার, শ্রমিকদের জন্য যে গৃহ আবাসন রয়েছে, সেগুলি অধিকাংশই পাকা কুঁড়েঘরের মতো। সেগুলি আজও রয়েছে। সেখানে অধিকাংশ কোয়ার্টারের মেরামতের কোনো ব্যবস্থা হয়নি। বর্ষাতে শ্রমিকদের সারাদিনে চা বাগানে ভেজার পরে রাত্রিতেও ভিজে থাকতে হয়। স্যার দেখা যাচ্ছে হাসপাতালের অবস্থা খুবই করুণ। অধিকাংশ চা বাগানে ডাক্তার এবং উপযুক্ত নার্স না থাকার জন্য এই সব হাসপাতালে শ্রমিকদের ভালোমতো চিকিৎসা ব্যবস্থা হয় না। স্যার, দীর্ঘদিন কাজ করার পরে এবং কাজে অবসর গ্রহণের পরে অধিকাংশ শ্রমিক তাদের গ্র্যাচুয়িটি এবং পি.এফের টাকা এখনও পাননি। এবং এও দেখা যায় চা বাগানের শ্রমিকরা মারা যাওয়ার আগে পর্যন্ত টাকা পান না। স্যার আপনার কাছে তথা শ্রমমন্ত্রীর কাছে অনুরোধ চা বাগানের উপর সঠিক নজর দেওয়া হোক এবং পর্যবেক্ষণ করা হোক।

শ্রীমতী ফিরোজা বেগম : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমার মুর্শিদাবাদ জেলার রানিনগর বিধানসভা হচ্ছে অত্যন্ত পিছিয়ে পড়া অঞ্চল। এই অঞ্চলের মানুষ মূলত কৃষিজীবী মানুষ। চাষবাসই এদের প্রধান জীবিকা। এই অঞ্চলে মুর্শিদাবাদের সু-সন্তান প্রয়াত মন্ত্রী আবদুস সাত্তার সাহেব এই অঞ্চলের সেচের জন্য যখন কৃষিতে সবুজ বিপ্লব এসেছিল, এই অঞ্চলের জন্য রিভার লিফট এবং ডিপ মিনিকিটের মাধ্যমে গুচ্ছ সেচপ্রকল্পের মাধ্যমে এই অঞ্চলের মানুষের যাতে কৃষিতে সুব্যবস্থা হয় তার ব্যবস্থা করেছিলেন। কিন্তু বিগত দিনের সরকার এই গুচ্ছ প্রকল্পগুলি ঠিকমতো না দেখার জন্য কোথাও পাঁচ বছর কোথাও সাত বছর ক্লাস্টারগুলি নষ্ট হয়ে পড়ে আছে। তাই

আপনার মাধ্যমে কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই যে, এই অঞ্চলের মানুষের যে ক্লাস্টার প্রকল্প এবং সেচের যে ব্যবস্থাগুলি আছে, সেগুলির যাতে সুব্যবস্থা হয়।

শ্রী ইনসার আলি বিশ্বাস : মাননীয়া অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে মুর্শিদাবাদের বহরমপুর হচ্ছে একটি সদর মহকুমা। বহরমপুর থেকে নওদা এবং করিমপুরে যাতায়াত করার জন্য পি.ডবলু.ডি.-র রাস্তা আছে। রাস্তার পরিধি বৃদ্ধি পেয়েছে। কিন্তু হরিহরপাড়া ব্লকের হরিহরপাড়া ভৈরবনদী ও শাখানদীর উপরে যে সেতুটি আছে এবং নওদা যাওয়ার ক্ষেত্রে পিঁপড়াখালিতে যে সেতু আছে, সেই সেতুর উপর দিয়ে গাড়ি চলাচল করার বিপজ্জনক এবং করিমপুরের সঙ্গে যোগাযোগের রাস্তাটাও বিচ্ছিন্ন হবার উপক্রম। সেইজন্য মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, আমতলা, নওদা এবং করিমপুরের সঙ্গে বহরমপুরের যোগাযোগ করার জন্য এই দুটো সেতু অতিসত্বর নির্মাণ করার জন্য, ধন্যবাদ।

শ্রী বুলু চিক বারাইক : মাননীয় স্পীকার স্যার, আমি মাল বিধানসভা কেন্দ্র থেকে বলছি। আমাদের ডুয়ার্স-তরাই এলাকা, চা বাগান এলাকাতে অনেক জমি আছে। যেখানে দীর্ঘদিন ধরে চা গাছ রোপন হয় না। সেখানকার জমিতে কৃষকরা চাষ করে, কিন্তু দীর্ঘদিন ধরে তারা সেই জমিতে চাষ করতে পারছে না। সেই জমিতে যাতে পাট্টা দেওয়া হয়, তারজন্য দৃষ্টি আকর্ষণ করছি।

সাথে সাথে ডুয়ার্স-তরাই এলাকার যেখানে চা বাগান আছে, সেখানে ছাত্রছাত্রীরা হিন্দি মিডিয়ামে পড়াশুনা করে। সেই ব্যাপারে আমি দৃষ্টি আকর্ষণ করতে চাই যাতে মালবাজারে হিন্দি কলেজ হয়। এটা হলে তারা পড়াশুনা করতে পারে।

চা-বাগানে যে শ্রমিকরা আছে—প্ল্যান্টেশন অ্যাক্ট অনুযায়ী ১২ টাকা করে প্রভিডেন্ট ফান্ডের জন্য মালিকরা কেটে নিচ্ছে। কিন্তু মালিকরা যেটা কেটে নিচ্ছে সেটা জমা দিচ্ছে না। সেইজন্য আমি লেবার মিনিস্টারকে অনুরোধ করব এই ব্যাপারে দৃষ্টি দেওয়ার জন্য।

বাগানের শ্রমিকরা নাম কেটে যাওয়ার পরে গ্র্যাচুইটির টাকা পায়। অনেক বাগান আছে, যারা গ্র্যাচুইটির টাকা পাচ্ছে না। সেইজন্য আমি লেবার মিনিস্টারের কাছে নিবেদন করব যাতে এই ব্যাপারে নজর দিয়ে তাদের গ্র্যাচুইটির টাকা দেওয়ার ব্যবস্থা হয়।

২০০০ সালের অক্টোবর মাসের মধ্যে চা-শ্রমিকদের বাড়িতে ইলেকট্রিক লাইন হওয়ার কথা, কিন্তু বহু বাগানে ইলেকট্রিক লাইন হয়নি। এটা যাতে জরুরি ভিত্তিতে হয়, তারজন্য আমি দৃষ্টি আকর্ষণ করছি।

চা-শ্রমিকদের জন্য শতকরা ৮ ভাগ পাকা কোয়ার্টার প্রতি বছর হওয়ার কথা, কিন্তু মালিকরা তা বানাচ্ছেন না। বহু স্থায়ী শ্রমিকের কোয়ার্টার নেই, যাতে সেই কোয়ার্টার হয় এবং ইলেকট্রিকের ব্যবস্থা হয়, তারজন্য আমি অনুরোধ করছি।

বহু চা-বাগানে এইরকম নন্ ওয়ার্কাররা আছে, যেখানে পঞ্চায়েত কাজ করতে গিয়ে মালিক এন.ও.সি. দিচ্ছে না। ফলে সেইসব বাগানে—এস.এস.কে. বলুন, এম.এস.কে.

বলুন—তারা কোনো সুযোগ-সুবিধা পাচ্ছে না। সেইজন্য আমি মাননীয়া মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই, যাতে ওখানে এন.ও.সি. পাওয়া যায়। ধন্যবাদ।

শ্রী নেপাল মাহাত : অনারেব্‌ল্ স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় পি.ডব্লু.ডি. মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পুরুলিয়ার রাঁচী রোড চাষমুড় পর্যন্ত খুব ভাল আছে, কিন্তু চাষমুড় থেকে তুলিন—ঝাড়খণ্ডের বর্ডার—এই রাস্তাটা দীর্ঘদিন থেকে খারাপ। এর আগে আমি বার বার মেনশন করেছি এবং বলেওছি। কিন্তু সেই রাস্তার ডিটেইল প্রোজেক্ট রিপোর্টও তৈরি হয়েছে বলে খবর দিয়েছিল তৎকালীন মন্ত্রী। আমি স্যার আপনার মাধ্যমে বলতে চাই, এই ন্যাশনাল হাইওয়ে রাস্তাটা খুবই গুরুত্বপূর্ণ এবং এটা ঝাড়খণ্ড রাজ্যের যে রাজধানী—রাঁচীর সঙ্গে একমাত্র যোগাযোগের রাস্তা। মাননীয় পি.ডব্লু.ডি. মিনিস্টার আছেন সুব্রতবাবু, তাঁকে আমি বিশেষভাবে অনুরোধ করতে চাই যে, এই রাস্তাটা অবিলম্বে রিকনস্ট্রাকশন করার যেন ব্যবস্থা করা হয় এবং এই মর্মে তিনি তাঁর যে কাজ, সেই কাজ যেন শুরু করেন। আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, ধন্যবাদ স্যার।

মিঃ স্পীকার : মিঃ বাসুদেব খান আমি আপনাকে একটা কথা বলি আপনি বলবার আগে, আপনি যে সাবজেক্টটা দিয়েছেন, এটা খুব ইনডেফিনিট। ইটস্ নট্ স্পেসিফিক। আপনি একটা ইনডেফিনিট সাবজেক্ট এখানে দিয়ে দিলেন—"এলাকায় শান্তি রক্ষা"। প্লিজ ছোটো করে বলুন।

[12.00 noon–12.10 p.m.]

শ্রী বাসুদেব খান : মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমাদের রায়না বিধানসভা এলাকায় ১৫টি গ্রামপঞ্চায়েত এবং দুটি পঞ্চায়েত সমিতি আছে। প্রতিদিন হিসাব দেখার নাম করে গ্রামপঞ্চায়েতগুলিতে এবং পঞ্চায়েত সমিতিতে তৃণমূলের পক্ষ থেকে বিভিন্নভাবে অশান্তি সৃষ্টি করা হচ্ছে। পঞ্চায়েতের প্রধানদের এবং পঞ্চায়েত সমিতির সভাপতিদের সেই জায়গায় ঢুকতে দেওয়া হচ্ছে না এবং জোর করে পদত্যাগ লিখিয়ে নেওয়ার মতো অবস্থা কোথাও কোথাও সৃষ্টি করছে। আমি বলতে চাই যেখানে শান্তির কথা বারে বারে বলা হচ্ছে, উন্নয়নের কথা বারে বারে বলা হচ্ছে, দলতন্ত্র নয় গণতন্ত্রের কথা বলা হচ্ছে, কিন্তু এই কথার কথা কি হাউজের মধ্যেই থেকে যাচ্ছে। তাই আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে এই আলোচনা এবং শান্তির পরিবেশ যাতে নিচু পর্যন্ত নামে এবং সেই পরিবেশ রক্ষা করা যায় সে কথাই আমি বলতে চাইছি। ধন্যবাদ।

শ্রী উমাপদ বাউরী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, আমি পুরুলিয়া জেলার পারা বিধানসভার বিধায়ক, এই বিধানসভা কেন্দ্রে একটিমাত্র কলেজ আছে, তাই এখানে ছাত্রছাত্রীদের ভর্তির একটা সমস্যা দেখা দিচ্ছে। অতএব মাননীয় উচ্চশিক্ষা মন্ত্রীর কাছে আমার অনুরোধ যাতে পারা

বিধানসভার পারা ব্লকে একটা নতুন কলেজ করা হয়, তার জন্য আমি ওঁনার দৃষ্টি আকর্ষণ করছি। ধন্যবাদ।

শ্রী উপেন কিস্কু : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমাদের স্বরাষ্ট্র বিভাগের মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের বাঁকুড়া জেলার জয়কৃষ্ণপুর গ্রাম, সেখানে আমাদের বাঁকুড়া জেলা গণতান্ত্রিক যুব ফেডারেশনের যুগ্ম সম্পাদক সুধীর ওরফে কাজল বিশ্বাসকে একদল তৃণমূলী মেরে খুন করে ছাদ থেকে ফেলে দিয়েছে। আমি বলতে চাই ওই একই দিনে সেখানে আমাদের পার্টির নেতা সীতারাম কুণ্ডুকে তারা খুন করেছে। এবং আমাদের একটি মন্ত্রীর বিধানসভা নির্বাচনী এলাকা, সেই এলাকায় আজকে দুজন খুন হয়েছে এবং একের পর এক আক্রমণের ঘটনা ঘটছে বামপন্থী কর্মীদের উপরে। আমি স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে দাবি করছি এই মন্ত্রীর পরোক্ষ মদতে যে খুন-খারাপীর আক্রমণের ঘটনাগুলো ঘটছে, অবিলম্বে তা বন্ধ করা হোক এবং দোষীদের শাস্তি দেওয়া হোক এই দাবি আমি আপনার মাধ্যমে করছি।

শ্রী পার্থ চ্যাটার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয়, বিরোধীদলের সদস্য যেভাবে একটি আইনগত বিষয়, বিচারাধীন বিষয়ে তিনি যখন সিদ্ধান্তেই পৌঁছেছেন, তাঁকে অনুরোধ করবো ডিটেলসটা আমার কাছে দিতে, বা আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রীর কাছে, স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে পাঠিয়ে দিতে। আমাদের যা খবর আছে, আমরা আসছি, আমাদের তদন্ত শেষ হলেই বেরিয়ে পড়বে যে এটা অন্তর্দ্বন্দ্বে মারা গেছে, না ব্যবসা সংক্রান্ত বিষয়ে মারা গেছে তখন জানা যাবে। আমরা এখনই তদন্ত শেষ না হওয়া পর্যন্ত কিছু বলছি না। কিন্তু প্রতিবাদ করছি এইভাবে একটি তদন্ত সাপেক্ষ বিষয়কে রাজনৈতিক দৃষ্টিকোণ থেকে এনে যে সদস্য এখানে বলেছেন তাঁর দায়িত্ব থাকল এটা প্রমাণ করার।

শ্রী অজয় দে : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি একটি বিষয়ে আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীর এবং রাজ্যসভার দৃষ্টি আকর্ষণ করার চেষ্টা করছি। বাংলার তাঁত শিল্প অত্যন্ত প্রতিষ্ঠিত এবং প্রাচীন, এটা আমরা সবাই জানি। এই শিল্পকে ঘিরে রাজ্যে প্রায় ১০, ১২ জেলায় প্রায় ৩০ লক্ষের উপর মানুষ জীবিকা নির্বাহ করে। কিন্তু বিগত দীর্ঘদিন একটা সরকার এই রাজ্যে আসীন থাকা সত্ত্বেও এই শিল্পের প্রতি নজর দেননি। অনেক বৃহৎ শিল্প নিয়ে অনেক আশারবাণী শুনিয়েছে। রাজ্যের মানুষ বিগত নির্বাচনের রায়ের মধ্যে দিয়ে এটা প্রমাণিত হয়েছে যে তাঁরা শিল্পকে কি চোখে দেখতেন। বিশেষ করে এই ধরনের ছোটো ছোটো গ্রামীণ শিল্পগুলোকে নিয়ে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন প্রকল্প থাকা সত্ত্বেও এই রাজ্য সরকারের অনীহায়, অবহেলায় এই শিল্প আজকে ধুঁকছে। আজ পর্যন্ত আমরা জানি যদি প্রতিযোগিতার বাজারে দাঁড়াতে হয় শিল্পকে, তাহলে এই শিল্পের মধ্যে মর্ডানাইজেশান আনতে হবে। এবং এই কথা চিন্তা করে সেন্ট্রাল গভর্নমেন্ট আজ থেকে প্রায় ২ বছর আগে একটি প্রকল্প নেয়। যে বিভিন্ন রাজ্যে রাজ্যে এক একটা ইন্সটিটিউট অফ হ্যান্ডলুম টেকনোলজি করার। এবং তার পরিপ্রেক্ষিতে আমি দেখলাম, আপনি জানবেন স্যার, ইউ.পি.-তে বেনারসে আছে।

তামিলনাড়ুর সালেমে আছে, অসমের দিসপুরে আছে, ওড়িশায়, সব রাজ্য করেছে। কিন্তু এ রাজ্য আজ পর্যন্ত করল না। যে ক্ষেত্রে ৭৫% সেন্ট্রাল গভর্নমেন্টের শেয়ার রয়েছে। স্টেট গভর্নমেন্টের ২৫% শেয়ার রয়েছে, তা সত্ত্বেও (স্যার, এক মিনিট) ইন্সটিটিউট অফ হ্যান্ডলুম টেকনোলজি হল না, প্রতিযোগিতার বাজারে দাঁড়াতে পারছে না, উন্নতমানের শাড়ির প্রোডাকশান হচ্ছে না, বিদেশের বাজার তৈরি করতে পারছে না। এই ক্ষেত্রে স্যার, আমার আবেদন নতুন সরকার এসেছে, অত্যন্ত দ্রুততার সঙ্গে বেশ কিছু জ্বলন্ত সমস্যা ইতিমধ্যেই সমাধানের মধ্য দিয়ে গোটা রাজ্যের মানুষের কাছে একটা আশা জাগিয়েছে। আমি এখানে বলবো, এখানে দায়িত্বশীল অনেক মন্ত্রী আছেন বিশেষ করে আমাদের....

মিঃ স্পীকার : আপনার যেটা বক্তব্য সেটাই বলুন। আপনি যে সাবজেক্ট রেজ করেছেন, প্লিজ তার উপর বলুন।

শ্রী অজয় দে : বলেছি তো স্যার, ইন্সটিটিউট অফ হ্যান্ডলুম টেকনোলজি। আপনি স্যার কাউন্ডলি শুনুন। ইন্সটিটিউট অফ হ্যান্ডলুম টেকনোলজি ইমিডিয়েটলি এখানে করা হোক। এবং বাংলার তাঁত শিল্প যে ধুঁকছে সেই জায়গায়, প্রতিযোগিতার বাজারে দাঁড়াতে পারে, উন্নতমানের শাড়ি উৎপাদন করতে পারে, মর্ডানাইজেশান আনতে পারে সেই ব্যাপারে ইন্সটিটিউট অফ হ্যান্ডলুম টেকনোলজি করার আমি আবেদন জানাচ্ছি রাজ্য সরকারের কাছে। ধন্যবাদ।

শ্রী দীবাকর হাঁসদা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রক, বিভাগীয় দপ্তর এবং মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি। দৃষ্টি আকর্ষণ করছি এটাই ঝাড়গ্রাম মহকুমা এলাকার বেলপাহাড়ি বান্দোয়ান পাহাড়-জঙ্গল এলাকায় ঝাড়খণ্ড রাজ্যের সীমান্ত দিয়ে মাওবাদীদের আনাগোনা করার ফলে এলাকার শান্তি বিঘ্নিত হচ্ছে। এলাকার শান্তি বিঘ্নিত হচ্ছে, জনগণ সন্ত্রস্ত হচ্ছেন। এবং জীবনহানি ও উন্নয়ন ব্যাহত হবার আশঙ্কা বোধ করছি। শুধু তাই নয় প্রধানমন্ত্রীর সড়ক যোজনার, তৎকালীন মাওবাদীদের আক্রমণে চাকাডোবা থেকে ৭ কিলোমিটার কাঁকড়াঝল সেটার কাজটাও অসম্পূর্ণ হয়ে আছে। এবং বেলপাহাড়ি হাসপাতালের যে বিল্ডিং তৎকালীন শুরু হয়েছিল সেটাও কিন্তু অসম্পূর্ণ রয়েছে। আজকে ওই এলাকায় উন্নয়ন ব্যাহত হওয়ার ফলে পরিষেবা বিভিন্নভাবে ব্যাহত হয়। আজকে ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়ের প্রতি আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি। ধন্যবাদ।

শ্রীমতি প্রতিমা রজক : মাননীয় স্পীকার সাহেব, আমার বাড়োয়াঁ বিধানসভা কেন্দ্র মূলত কৃষি প্রধান এলাকা। সেখানে চাষিরা সরকারি ন্যায্য দামে কৃষি মূল্য বিক্রয় করতে না পারার জন্য আত্মহত্যা করছে। গত ১৬/০৬/২০১১ তারিখে দুই ভাই—জয়দেব মণ্ডল এবং বাসুদেব মণ্ডল তারা দুজনেই আত্মহত্যা করেছে। স্যার, আমি মাননীয় কৃষিমন্ত্রী এবং সমস্ত মন্ত্রীর কাছে দৃষ্টি আকর্ষণ করছি যে, আগামীদিনে চাষিদের আত্মহত্যা বন্ধ করার জন্য অতিসত্বর সরকারি মূল্যে ধান ক্রয় করার ব্যবস্থা করা হোক। ধন্যবাদ।

শ্রী রামেশ্বর দলুই : স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয়া মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং উচ্চশিক্ষা মন্ত্রীরও দৃষ্টি আকর্ষণ করছি। মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিল, এই ত্রাণ তহবিলের টাকা থেকে চিকিৎসা এবং উচ্চশিক্ষায় পুয়োর অ্যান্ড মেরিটোরিয়াস, দুস্থ এবং মেধাবী ছাত্রছাত্রীদের দেওয়ার প্রথা বহুদিন ধরে চালু আছে। আপনারা জানেন আমাদের রাজ্যে বামফ্রন্ট সরকারের সময় এইরকম বহু দুস্থ, মেধাবী ছাত্রছাত্রীদের উচ্চশিক্ষা লাভের জন্য দেওয়া হয়েছে। ২০০৬ সাল থেকে ২০১০ সাল পর্যন্ত মোট ৪ হাজার ৫৮৮ জন ছাত্রছাত্রীকে মোট ৩ কোটি ৪৩ লক্ষ ৮৮ হাজার ৪৯৭ টাকা আর্থিক সহায়তা দেওয়া হয়েছে। মেরিট কাম মিনস প্রকল্প চালু আছে। এটা দুর্ভাগ্যজনক, আমি যা খবর পাচ্ছি, আমার বিধানসভা এলাকা কেশপুর, সেখানে ছেলেমেয়েরা রাইটার্স থেকে, সচিবালয় থেকে ফিরে যাচ্ছেন। তাদের চিঠি করা হয়েছে, ২ মাস পরে তাদের বলছেন, তাদের চেক অনুমোদিত। পূর্বের সরকারের এরকম প্রায় ১০০০ ছাত্রছাত্রী। আমি দলমত নির্বিশেষে সকলের কাছে এই আবেদন করব, বিশেষ করে এখানে অর্থমন্ত্রী আছেন, মাননীয়া মুখ্যমন্ত্রী, বিশেষ করে আমাদের হাউসের লিডার, Leader of the House তিনিও বলেছেন, এটা আমি মিডিয়াতে দেখেছি, তিনি বলেছেন যে, অর্থাভাবে যেন মেধা নষ্ট না হয়। আমি অভিনন্দন জানাচ্ছি, আমি ধন্যবাদ জানাচ্ছি ওনাকেও যে, বিষয়টি যেন সহানুভূতির সঙ্গে দেখা হয়, যাতে উচ্চশিক্ষা তফসিলি জাতি, তফসিলি উপজাতি, সংখ্যালঘু অংশ, পিছিয়ে পড়া অংশ। পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকারের যে সাফল্য, ভূমিসংস্কার এবং ভালো পঞ্চায়েত (নয়েজ) তার ভেতর দিয়েই পিছিয়ে এলাকার ছেলেমেয়েরা উচ্চশিক্ষায় আসার সুযোগ পেয়েছেন। একথা যদি আপনারা গলার জোরেও যদি বন্ধ করে দেন আমার—ইতিহাস বলবে এটা ঐতিহাসিক ঘটনা। এটা হচ্ছে প্রকৃত সত্য, আমি তাই অধ্যক্ষ মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করবো যে, মাননীয়া মুখ্যমন্ত্রী তিনি সেখানেতে যাতে সহানুভূতির সঙ্গে দ্রুত, এই শিক্ষাবর্ষ শুরু হয়েছে, বহু জায়গায় ছেলেমেয়েরা কলেজে পড়াশুনা করার জন্য ভর্তি হচ্ছেন, সেই ব্যাপারে যাতে এই চেক, তাদের মঞ্জুরি হওয়া চেক, আর যারা আবেদন করছেন, তার নিয়মাবলী এই হাউসে যাতে পেয়ে যাই, যে কি পদ্ধতিতে মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলে অর্থ পাওয়া যাবে, মেরিট কাম মিন্স এই প্রকল্পে কিভাবে পাওয়া যাবে ? এটা যদি বহুল প্রচারের ব্যবস্থা করেন, তার আবেদন আমি করছি। ধন্যবাদ স্যার।

[12.10–12.20 p.m.]

শ্রী মহম্মদ গোলাম রব্বানী : Hon'ble Speaker Sir

آپ کے ذریعے ہم MIC, Health Affair کی توجہ عنایت چاہیں گے

ہمارا ضلع اتر دیناج پور آج کے Date میں سب سے Backward ضلع مانا جاتا ہے

اس میں اسلام پور سب ڈویژن اور زیادہ Backward ہے اور جہاں سے ہم جیت کر

آئے ہیں گوال پوکھر بدھان سبھا ۱۹۷۰ میں ایک Primary Health Centre

قائم ہوا تھا۔ ایک Block Primary Health Centre (BPHC) جہاں ہوا تھا۔
کی آبادی ساڑھے ۳ لاکھ ہے ساڑھے ۳ لاکھ کی آبادی میں Fifteen Bed –
ہے اور وہاں Hospital –| اگر Bed = Patient پکڑے تو ۲۳ ہزار مریض کا
Norms کا Govt. of India جہاں ایک Bed میں Treatment ہوتا ہے اسلئے
ہے کہ Primary Health Care Facilities میں ہر ۳۰ ہزار Backward
دیہی میں ایک PHC ہونا چاہئے اور ایک لاکھ بیس ہزار پر ایک Community –
ایک BPSC ہونا چاہئے لیکن وہاں ہمارا Health Centre — ایک ہی ہے اور
ہے اسلئے میں Hon'ble MIC, Zero Beded یا Non-Beded PHC
سے گزارش کریں گے کہ وہاں ہمارا ایک Hospital چاہئے اور وہ Health Affair
کے نام سے یا PHC کے نام سے وہاں Community Health Centre
ہو۔ Setup

শ্রী নিরাপদ সর্দার : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আপনার মাধ্যমে কৃষি, সেচ এবং সুন্দরবন উন্নয়ন দপ্তরের মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আপনারা অনেকেই জানেন হয়তো এখানে যে আমাদের উত্তর ২৪-পরগনা জেলায়, সন্দেশখালি একটা প্রত্যন্ত এলাকা, যেখানে ৯টা দ্বীপ ১৩টা নদী বিভক্ত করেছে। এই নদীবহুল এলাকাতে সবসময় নদীর জল প্রচণ্ড বাড়ছে, কয়েকদিন আগে অতিবর্ষণ হয়েছে, আমাদের জেলাতে ২১৫টা vulnerable point-এ চিহ্নিত হয়েছে, তার মধ্যে আমার সন্দেশখালি বিধানসভাতে ৬০টা পয়েন্ট আছে, তার মধ্যে অত্যন্ত গুরুত্বপূর্ণ যা এক্ষুণি না করলে নয়, আতাপুর, বেড়মজুত এবং টংতলা, শীতুলিয়া, খুলনা এবং কালীনগর মসজিদ বাড়ি এই কয়েকটা পয়েন্টে এক্ষুণি কাজ করা দরকার। বসিরহাটে গত ২২ তারিখে মাননীয় মন্ত্রী সুন্দরবন উন্নয়ন দপ্তরের, উপস্থিত ছিলেন সেখানে, দীর্ঘ আলোচনা হয়েছে এবং কথা হয়েছিল দ্রুততার সঙ্গে কাজ হবে। কিন্তু আজও পর্যন্ত যা খবর সেখানে কাজ শুরু করা যায়নি। আমি আপনার মাধ্যমে স্যার, এটা জানাতে চাই, যাতে অতি দ্রুত এই কাজ শুরু করা যায়, তা না হলে সেখানকার চাষিরা ধান ফেলতে পারছে না, water logging হয়ে আছে, জল সরছে না। এরকম একটা অবস্থায় চাষিরা হতাশাগ্রস্ত। নদী ভেঙে আবারও হয়তো জল ঢুকবে। আগামীদিনে আবার জোয়ার আসছে, এই জোয়ারে ভেঙে যেতে পারে। সেইজন্য দ্রুততার সঙ্গে যাতে এই কাজটা করা যায়, সেই দৃষ্টি আকর্ষণ করছি। ধন্যবাদ স্যার।

শ্রী রবীন্দ্র নাথ ঘোষ : মাননীয় স্পীকার মহোদয়, কোচবিহারে একটা ছাপাখানা আছে, সরকারি ছাপাখানা, কিন্তু গত ২০ বছর হল এই ছাপাখানাকে প্রায় মৃতাবস্থায় করে

রাখা হয়েছে, কোনো একটা অজ্ঞাত কারণে। সি.পি.এম. পরিচালিত জেলা পরিষদের প্রেস থেকে সমস্ত সরকারি কাজ হচ্ছে, ছাপাখানাকে বন্ধ রেখে। ৭২ জন স্টাফ এখানে রয়েছে। রাজ আমলের এই ছাপাখানা, ১৮৭৫ সালে মহারাজ সাহেব এই ছাপাখানা স্থাপন করেছিলেন। সেখানে যে স্টাফরা রয়েছেন, তাঁরাও কাজ করতে চাইছেন। কিন্তু তাঁরা কাজ পাচ্ছেন না। বসে বসে মাহিনা নিচ্ছেন, বসিয়ে বসিয়ে মাহিনা দিতে হচ্ছে। আমার আবেদন এই ছাপাখানায় সরকারি সমস্ত কাজকর্ম করার ব্যবস্থা করা হোক এবং কোটি কোটি টাকা দুর্নীতি হচ্ছে জেলা পরিষদের ছাপাখানায়, এই সরকারি কাজ করতে গিয়ে ; এটা বন্ধ করে রাখার ব্যবস্থা করা হোক। ১৯৮৪ সালের একটা নির্দেশে—যিনি সুপারিনটেনডেন্ট এই ছাপাখানার তাঁর কোচবিহার অফিসে থাকার কথা, কিন্তু তিনি কলকাতায় থাকছেন। একজন ডেপুটি সুপারিনটেনডেন্ট আছেন, তিনিও অকেজো হয়ে রয়েছেন, কোন নির্দেশ দেওয়ার ক্ষমতা নেই, বিডিও বসিয়ে রাখা হয়েছে। সুতরাং এমতাবস্থায় রাজ আমলের স্মৃতি বিজড়িত এই ছাপাখানাটা চালু করা হোক আবার, সরকারি কাজকর্ম এখান থেকে শুরু করা হোক এবং কোটি কোটি টাকার যে নয়ছয় হচ্ছে জেলা পরিষদের ছাপাখানায় সেটা বন্ধ করার ব্যবস্থা করা হোক। আপনার মাধ্যমে মাননীয় শিল্পমন্ত্রীর কাছে এই আবেদন জানিয়ে আমার কথা শেষ করছি, ধন্যবাদ।

মিঃ স্পীকার : মিঃ দেব, আপনি একটু দেরি করে এসেছেন, আপনি কারণটা বলেছেন, সেইজন্য আমি আপনাকে পারমিট করলাম বলার জন্য।

শ্রী অশোক কুমার দেব : মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেকেন্ড টাইম দেওয়ার জন্য ধন্যবাদ। উপায় ছিল না। মলয় ঘটক আইনমন্ত্রীকে নিয়ে ব্যাঙ্কশাল কোর্টে হাজির হয়েছিলাম, গতকাল আগুন লেগেছিল বলে। সেখানে যাওয়ার জন্য দেরি হয়ে গেল, দুঃখিত আমি। স্যার, স্বাভাবিকভাবে আমি দেখতে পাচ্ছি, যারা এদিকে ছিলেন, বর্তমানে ওদিকে গেছেন, এখানে থাকতে অসত্য বলতেন, ওইখানে গিয়ে একই কায়দায় আমাদের বিরুদ্ধে বলার চেষ্টা করছেন। যাই হোক, এখানে বিভাগীয় মন্ত্রী আছেন, আমার বজবজ বিধানসভা কেন্দ্রের অন্তর্গত, বজবজ পৌরসভার আন্ডারে একটা দীর্ঘদিনের চড়িয়াল বাজার আছে। বাজারের পাশ দিয়ে বজবজ ট্রাঙ্ক রোড গেছে, এবং এত ন্যারো রাস্তা যার ফলে মানুষ প্রায় চলাফেরা করতে পারে না, প্রায়ই অ্যাকসিডেন্ট হয়। দীর্ঘ ৩৪ বছর ধরে বলেও এই সরকার কিছু করেনি। আমি আশাবাদী, অন্ততঃপক্ষে আমাদের মন্ত্রী যিনি আছেন তাঁর সাথে আমি আলোচনা চালিয়ে যাচ্ছি, দয়া করে যদি এই রাস্তাটা করা যায় তাহলে এখানে বিড়লাপুর, সাতগাছিয়া, ডায়মণ্ডহারবার, আমতলা বাজার এবং পূজালীর বিভিন্ন জায়গা উপকৃত হবে। আমি আশা করবো, আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীকে বলবো, তিনি যদি অ্যাকশান নেন তাহলে এলাকার বহু মানুষের উপকার হবে।

CALLING ATTENTION

মিঃ স্পীকার : গতকাল শ্রী কাশীনাথ মিশ্র এবং আশুতোষ মুখার্জী মাননীয় সদস্যরা একটা কলিং অ্যাটেনশান দিয়েছিলেন, দৃষ্টি আকর্ষণমূলক এবং আজকে মাননীয় মন্ত্রী উপস্থিত

রয়েছেন, আমি শ্রী কাশীনাথ মিশ্রকে এটা মুভ করার জন্য বলব। যেহেতু মাননীয় মন্ত্রী রয়েছেন, উনি উত্তরটা দেবেন।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে অশেষ ধন্যবাদ। এই যে পেপারস আমরা পাই, সেটাতে না থাকার ফলেও আপনি যে আমাদের মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করেছেন, তার জন্য আমি কৃতজ্ঞ। আমি এটা বলতে চাই স্যার, দামোদরের যে ভয়ঙ্কর অবস্থা, হয়তো বর্ধমানকে বেশি ক্ষতি করেনি, কিন্তু বাঁকুড়া জেলার প্রায় সর্বত্রই যেখানে বড়জোড়া থেকে আরম্ভ করে মেজিয়া এধার থেকে আরম্ভ করে চলে যাচ্ছে টুয়ার্ডস দামোদর....

মিঃ স্পীকার : আপনি গতকাল বলেছেন, আপনি তো অ্যাটেনশান ড্র করেছেন, আজকে মন্ত্রীকে বলতে দিন। মাননীয় মন্ত্রী আছেন, উনি বলবেন। উনি সাবজেক্টটা জানেন, রেফার করার দরকার নেই। আপনি বসুন।

[12.20–12.30 p.m.]

শ্রী জাভেদ আহমেদ খান : মাননীয় স্পীকার স্যার, আমি কাশীনাথ মিশ্রের কলিং অ্যাটেনশানের উত্তর দিচ্ছি। প্রায় দশটি ডিস্ট্রিক্ট—বাঁকুড়া, বর্ধমান শুধু নয়, তার সঙ্গে হাওড়া, হুগলি, পুরুলিয়া, পশ্চিম মেদিনীপুর, পূর্ব মেদিনীপুর, দক্ষিণ ২৪-পরগনা, উত্তর ২৪-পরগনা, মুর্শিদাবাদ, দার্জিলিং—ন্যাচারাল ক্যালামিটিজের ফলে যে বৃষ্টি ও ঝড় হয়েছিল তার মধ্যে ক্ষতি হয়েছে এইসব ডিস্ট্রিক্টে। তারমধ্যে যে জলের ব্যাপার আছে সেটাও আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রীর নির্দেশে এবং রিকোয়েস্টে দামোদর ডি ভি সি এবং আদার যারা আছে তারা নিয়ন্ত্রণ করে জল ছেড়েছে। তার ফলে খুব বেশি ক্ষয়ক্ষতি হয়নি। কিন্তু বৃষ্টির জন্য এবং ঝড়ের জন্য ক্ষয়ক্ষতি হয়েছে। প্রায় সব মিলিয়ে নয় লক্ষের কাছাকাছি মানুষ ক্ষতিগ্রস্ত হয়েছিল এবং ১৭ জন মারা গেছে আমাদের কাছে যা খবর আছে। ২৫,৭৪৪টি কাঁচাঘর ভেঙে পড়েছে পুরোপরি এবং ১,৩২,৩৩৫টি কাঁচাঘর পার্টলি ড্যামেজড হয়েছে। আমরা প্রায় ৪৩টি রিলিফ ক্যাম্প খুলেছিলাম—২টি দার্জিলিংয়ে এবং বাকি ৪১টি সব মিলিয়ে। আপনি যদি চান আমার কাছে আসবেন। আপনাকে ডিটেলে আমি দিয়ে দেব কোথায় কি আছে। ১ লক্ষ ৩৭ হাজারের কাছাকাছি টার্পোলিন আমরা বিতরণ করেছি এর মধ্যে। বাঁকুড়ায় প্রায় ৪ লক্ষ ৫ হাজারের কাছাকাছি মানুষ ক্ষতিগ্রস্ত হয়েছিল। বাঁকুড়া সম্বন্ধে আলাদা করে বলছি—উনি তুলেছেন সেইজন্য। ২২টি ব্লক এর মধ্যে এসেছিল এবং ৩টি মিউনিসিপ্যালিটি এরিয়া অ্যাফেক্টেড হয়েছিল। নয়জন বাঁকুড়ায় মারা গেছে। ড্রাউনিং হয়েছে, লাইটেনিঙ, হাউস কোলাপসড, স্নেক বাইটিং-এ নয়জন মারা গেছে। আমরা ১০ হাজার টার্পোলিন বাঁকুড়ায় দিয়েছি। দশ হাজার পাঁচশো কাপড় অর্থাৎ গার্মেন্টস দিয়েছি। ৯.৪ মেট্রিক টন চাল দিয়েছি। তারপরে জি আর দিয়েছি আমরা প্রায় ৫৭৭০ টাকার। ৮,৪০০ ঘর পুরোপুরি ভেঙে গেছে এবং ৩৪৭টি ঘর পারশিয়ালি ভেঙেছে। এখন সিচুয়েশান কন্ট্রোলে আছে। কোনো অসুবিধা নেই। পশ্চিম মেদিনীপুরে অনেক ক্ষতি হয়েছে। সেখানে প্রায় ২২টি ব্লক এবং ৪টি

মিউনিসিপ্যালিটি এরিয়া। সেখানেও ১৬,২৭৯টি হাউস ফুললি ড্যামেজ হয়েছে এবং ৪৭,৯৯৬টি ঘর পার্টলি ড্যামেজ হয়েছে। এর মধ্যে ডিস্ট্রিক্ট অথরিটিজ ১৩,১০০ টার্পোলিয়ন দিয়েছে এবং ৬৮ হাজার গার্মেন্টস দিয়েছে। দুটি রিলিফ ক্যাম্প এখনো চলছে। আমরা এখান থেকে আবার ২৫ হাজার টার্পোলিন পাঠিয়েছি—ইন অ্যাডিশান—যেটা ১৩ হাজার দিয়েছি। ১০০ মেট্রিক টন চালও দেওয়া হয়েছে, অ্যালোট করা হয়েছে। পূর্ব মেদিনীপুরেও সেইরকম প্রায় ১৯টি ব্লক, ৪টি মিউনিসিপ্যালিটি—১ লক্ষ ৭৫ হাজার পপুলেশান অ্যাফেক্টেড হয়েছে। তার মধ্যে ১৩৭১টি ঘর ফুললি ড্যামেজ হয়েছে, ১৪,৭৭৯ পার্টলি ড্যামেজ হয়েছে। ৭,৬৬০টি টার্পোলিন দেওয়া হয়েছে। ১৪৫ মেট্রিক টন চাল দেওয়া হয়েছে। ৯টি রিলিফ ক্যাম্প এখনো চলছে। এখান থেকে আরো আট হাজার টার্পোলিন আমরা পাঠিয়েছি। ২০০ মেট্রিক টন চালও পাঠিয়েছি। হাওড়াতেও পাঠিয়েছি। আপনি যদি চান টোটাল ডিস্ট্রিক্টের খবর তাহলে আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়ের কাছে রিপোর্ট দিয়ে দেব। আপনি আমার কাছ থেকে নিতে পারেন, অধ্যক্ষের মাধ্যমেও নিতে পারেন। আমি প্লেস করে দিয়েছি হাউসে।

শ্রী কাশীনাথ মিশ্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন যে বামফ্রন্ট সরকারের ৩৪ বছরের অপশাসনের ফলেই কি এই প্রচণ্ড প্রাকৃতিক দুর্যোগ হয়ে গেল ? তারা দামোদরের পলিটাকে সরাবার ব্যবস্থা না করার জন্যই কি এই প্রচণ্ডভাবে বন্যাটা ওখানে হল ? এটা মাননীয় মন্ত্রীমহাশয় দয়া করে জানাবেন কি ?

শ্রী জাভেদ আহমেদ খান : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় সদস্যকে আমি জানাই বিগত ৩৪ বছরে পশ্চিমবাংলায় ডিজাস্টার ম্যানেজমেন্ট বলে কিছু ছিল না। এটা আমাদের মাননীয় মুখ্যমন্ত্রীও বলেছেন, আমরাও বলছি। শুধু তাই-ই নয়, কোনো জায়গায় বাঁধ মেরামতিও হয়নি। ডি-সিল্টিঙের কথা ছেড়ে দিন, নদীগুলো থেকে পলি সরানোর কথা ছেড়ে দিন, ওল্ডেজ পেনশান দেওয়া যারা মানুষকে বন্ধ করে দিয়েছিল, তারা কোনও কাজই তাদের সময়ে করতে পারেননি। আমরা এক মাসের কিছু বেশি সময়ের মধ্যে যে রকম ভাঙাচোরা অবস্থায় ক্ষমতায় এসেছিলাম, তার থেকে চেষ্টা করেছি মানুষের জন্য কিছুটা করবার এবং মানুষের পাশে দাঁড়াবার। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী আমাদের নির্দেশ দিয়েছিলেন আগাম সব ব্যবস্থা করে রাখতে হবে। সেইজন্য এতবড় দুর্যোগ হওয়ার পরেও আপনারা দেখেছেন ত্রাণ বিতরণ নিয়ে কোনো প্রশ্ন ওঠেনি। আমরা দলবাজি করে মানুষকে ত্রাণ দিইনা, যেটা বিগত দিনে হয়েছে। আমরা কিন্তু সব মানুষকে ত্রাণ দিয়েছি, পশ্চিমবঙ্গের সব মানুষই আমাদের রাজ্যের জনগণ। ইরিগেশান ডিপার্টমেন্ট এবং সব ডিপার্টমেন্ট মিলে আমরা একসঙ্গে কাজ করছি। আশা করছি সেটা কিছু সময় লাগবে, তার মধ্যেই আমরা সব ব্যবস্থা করতে পারব।

শ্রী সুব্রত মুখোপাধ্যায় : [****]

(নয়েজ)

**** অধ্যক্ষের আদেশক্রমে বাতিল

Mr. Speaker: This will not go on record. Mr. Mukherjee, please. This will not go on record. Mr. Mukherjee, please stop now. This will not go on record. I have told you. Please take your seat, Hon'ble Member.

....(Noise)....

....(Dr. Surjya Kanta Mishra rose to speak)....

Mr. Mishra, I have already told that this will not go on record. Now please take your seats, Hon'ble Members.

[12.30–12.40 p.m.]

LEGISLATION

The West Bengal Appropriation (Vote on Account) (No.2) Bill, 2011

Dr. Amit Mitra: Mr. Speaker, Sir, I beg to introduce the West Bengal Appropriation (Vote on Account) (No.2) Bill, 2011.

(Secretary then read the title of the Bill)

Dr. Amit Mitra: Mr. Speaker, Sir, I beg to move that the West Bengal Appropriation (Vote on Account) (No.2) Bill, 2011 be taken into consideration.

Sir, under the Article 266(3) of the Constitution of India, no monies out of the consolidated fund of the state can be appropriated except in accordance with law and for the purposes and in the manner provided in the Constitution. During the present session, the Assembly goes to the consolidated grants in advance in respect of the estimated expenditure for a part of the financial year 2011-12 under the provision of Article 206 of the Constitution of India. The present Bill is accordingly being introduced under Article 204 of the Constitution of India read with Article 206 thereof to provide for the appropriation out of the Consolidated Fund of West Bengal of the monies required to meet the expenditure charged on the Consolidated Fund and the Grants made in advance by the Assembly in respect of the estimated expenditure by the West Bengal Government for a part of the financial year 2011-12. The amount

included in the Bill on account of the charged expenditure does not in any case exceeds the amount showed in the statement previously made before the House. The Constitution provides that no amendment shall be proposed to this Bill having the effect of varying the amount any expenditure or altering the amount of any expenditure charged on the Consolidated Fund of the State. The total amount proposed to be appropriated by this Bill with the expenditure during a part of the financial year 2011-12 is Rupees Sixteen thousand five hundred thirty seven crores fifty nine lakh and nine thousand. The amount includes. Hon'ble Speaker, Sir, Rupees Five thousand three hundred seventy one crores ninety six lakhs and eighty seven thousand on account of charged expenditure. The details of the proposed Appropriation Bill will appear from the Schedule to the Bill. Sir, with these words I comments my motion for acceptance by this House.

Mr. Speaker: Now, I begin discussion on The West Bengal Appropriation (Vote on Account) (No.2) Bill, 2011.

শ্রী মনোরঞ্জন পাত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, দি ওয়েস্ট বেঙ্গল অ্যাপ্রোপ্রিয়েশন (ভোট অন অ্যাকাউন্ট) (নাম্বার টু) বিল, ২০১১ মাননীয় অর্থমন্ত্রী এই সভায় যা পেশ করেছেন, এটা বিরোধিতা করার কোনো প্রশ্ন নেই। কারণ যা ভোট অন অ্যাকাউন্ট, যা ব্যয় মঞ্জুরি পাশ হয়েছে, এই অ্যাপ্রোপ্রিয়েশানের মাধ্যমে সেটাকে খরচের অনুমতি দেওয়া। এটা একটা নৈতিক কর্তব্য। সেইজন্য এই বিলের বিরোধিতা করার কোনো প্রশ্ন নেই। উনি যেটা বলেছেন যে, ১৬ হাজার ৫৩৭ কোটি ৫৯ লক্ষ ৯ হাজার টাকা টোটাল কনসোলিডেটেড ফান্ড। আমরা এটা মনে করি যে, এই যে নতুন সরকার এসেছেন, নতুন সরকার আসার পরে আমাদের রাজ্যে অতিবৃষ্টি এবং প্রাকৃতিক দুর্যোগ তারপরে বহু মানুষ তাদের ঘরবাড়ি ক্ষয়ক্ষতি হয়েছে, জেলার, রাজ্যে কোথায় কোথায় নদী ভাঙনের ফলে বহু মানুষ তাঁরা ঘরছাড়া হয়েছেন। সেই জন্য আমার মনে হয় যে এই সময়ে এই সব মানুষ যারা বিপন্ন হয়েছেন তাঁদের সরকারের পাশে দাঁড়ানো উচিত। এটা ঠিক যে মাননীয় ত্রাণমন্ত্রী যে একটা উত্তর দিলেন, খানিকক্ষণ আগে মাননীয় কাশীদা, তিনি যে calling attention এনেছিলেন। আমার অভিজ্ঞতা হচ্ছে এই যে আমাদের বাঁকুড়া জেলাতে ডি.এম. আমাদের বিধায়কদের নিয়ে একটা সভা করছিলেন। যা ক্ষয়-ক্ষতি হয়েছে, যেভাবে মানুষ ঘরছাড়া হয়েছেন, আর সরকারের তরফ থেকে সে সমস্ত ত্রাণ পাঠানো হয়েছে সেটা খুব অপ্রতুল। সেইজন্য আমার মনে হয়েছে—এটা আমাদের খুবই গুরুত্ব দিয়ে ভাবনা-চিন্তা করা উচিত। আর একটা বিষয় এখানে আমাদের পরিষদীয় মন্ত্রী, শ্রদ্ধেয় মন্ত্রী পার্থবাবু আছেন, উনি দলেরও মহাসচিব। একটা বিষয় হচ্ছে যে যখন আমরা বিরোধীরা বিশেষ করে এই যে রাজনৈতিক একটা উদ্ভূত

পরিস্থিতি নির্বাচনে ফল ঘোষণা করে হয়েছে আমি শুধু বিনীতভাবে এটা বলতে চাই যে, সরকার খুব নিরপেক্ষভাবে, একটা স্বচ্ছতার দৃষ্টিভঙ্গি নিয়ে ঘটনাগুলো যা ঘটছে তার পরিস্থিতি, তার পরিপ্রেক্ষিতে এটা একটু বিচার বিশ্লেষণ করুন। আমরা এটা মনে করি যদি সত্যিকারের Left Front party এবং আমাদের কোনো জায়গায় ত্রুটি থেকে থাকে আপনারা পয়েন্ট আউট করুন। কিন্তু একটা যুক্তরাষ্ট্রীয় কাঠামোর মধ্যে, একটা সংসদীয় ব্যবস্থার মধ্যে মানুষের যে নাগরিক অধিকার, মানুষের যে গণতান্ত্রিক অধিকার এটা লুণ্ঠিত হচ্ছে কিনা আমরা খুব .....(গোলমাল).....আমি সেই জন্য বলছি যে উনি খুব দায়িত্ব নিয়ে কথা বলেছেন যে আপনারা উল্লেখিতভাবে দিন। আমরা এই প্রত্যাশা সরকারের কাছে করি, মাননীয়া মুখ্যমন্ত্রী যে দ্ব্যর্থহীন ভাষায় এই বিষয়গুলোকে দেখবার জন্য উনি বলেছেন, এবং আমরা শুনেছি বিভিন্ন সংবাদপত্রে এই কথাগুলো বেরিয়েছে। আমি শুধু মেনশন করছি কার জন্য কাজ হবে, মাননীয় অর্থমন্ত্রী এই যে ভোট অন অ্যাকাউন্ট পেশ করেছেন তার মাধ্যমে যে টাকা খরচ করবেন, আপনারা মানুষের জন্যই তো করবেন। আমি খুব বিনীতভাবে আপনার কাছে আবেদন করছি যে বাঁকুড়া জেলার ছয়-সাতটি ব্লকে বহু মানুষ তারা ঘরছাড়া হয়ে আছেন। এইভাবে আমরা বলতে চাইছি না, আমাদের রাজ্যের মন্ত্রী, আমাদের জেলার মন্ত্রীকেও বলেছি, খুব সিনিয়ার মেম্বার কাশীদা আমরা খুব শ্রদ্ধা করি, আমরা তাঁকেও দুই-তিন বার বলেছি যে, আপনারা চিন্তা-ভাবনা করে দেখুন, আরও আমাদের অনারেবল মেম্বার আছেন তাঁদেরকেও এটা বলেছি। যে সব মানুষ যাতে শান্তিতে বসবাস করতে পারে, তার পরিবেশটা এমন হতে পারে যে, আমাদের রাজ্যে, আমাদের জেলার মন্ত্রী তিনি ডি.এম.-দের দিয়ে একটা মিটিং ডেকে আমরা নির্বাচনীতে যা আছি সত্যিকারের একটা intervention হোক আমাদের অসুবিধা কি আছে। এবং সত্যিই উদ্বেগ এবং দুঃখের বিষয় হচ্ছে যে, বহু মানুষ তাঁরা জমিতে চাষবাস করতে পারছেন না, বহু মানুষ তাঁরা বীজতলা ফেলতে পারছেন না এটা আমাদের মাননীয় অর্থমন্ত্রী, মাননীয়া মুখ্যমন্ত্রী এবং আমাদের পরিষদীয় মন্ত্রী পার্থবাবুর কাছে আবেদনটা রাখছি। আমি এই প্রসঙ্গে যে বিষয়টি উল্লেখ করতে চাই সেটি হল এই যে, এটা আমাদের কথা নয় প্রয়াত অর্থনীতিবিদ মাননীয় অর্জুন সেনগুপ্ত তাঁর যে রিপোর্ট, এই রিপোর্ট সব জায়গায় প্রকাশিত হয়েছে, হাউসেও আমরা পেয়েছি এইগুলো। সেখানে যে বিষয়টি উল্লেখ করা ছিল তা হচ্ছে যে, এই আমাদের দেশে ৭৭ ভাগ মানুষ যাদের দৈনিক আয় ২০ টাকার নিচে নেমে গেছে। কি কারণে নেমে গেছে, তার অর্থনীতির ভিত্তিটা কি, তার পরিপ্রেক্ষিতটা কি আমি এই বিষয়ের মধ্যে যেতে চাইছি না। আমি যেটা উল্লেখ করতে চাই সেই বিষয়টা হচ্ছে এই যে কেন্দ্রীয় সরকার পেট্রোল, ডিজেলের দাম বৃদ্ধি, কেরোসিনের দাম বৃদ্ধির ফলে—আমাদের রাজ্যে মাননীয়া মুখ্যমন্ত্রী তিনি এটা ঘোষণা করেছেন যে সেসটা তাঁরা প্রত্যাহার করেছেন ১৬ টাকা রান্নার গ্যাসের দাম কমেছে। এটা খুবই সাধু উদ্যোগ আমরা সবাই এটা মনে করেছি। আমি শুধু এটা উল্লেখ করতে চাই এই কারণের জন্য যে বিগত বামফ্রন্ট সরকার—পার্থবাবুকে আমি অনুরোধ করছি বিষয়টা একটু চিন্তা-ভাবনা করবার জন্যে, বিগত বামফ্রন্ট সরকার পেট্রোল, ডিজেল, কেরোসিন, রান্নার গ্যাস।

[12.40–12.50 p.m.]

সেখানে কালকে আমাদের দুই দলের মাননীয় নেতা ডা: সূর্য্যকান্ত মিশ্র বিষয়টা বলেছেন। আমি উল্লেখ করছি এই কারণের জন্য যে পেট্রোলের ২৭% থেকে কমিয়ে ২২% করা হয়েছে, ডিজেলের ক্ষেত্রে ২২.৫% থেকে কমিয়ে ১৯.৫% করা হয়েছিল। কেরোসিনের ক্ষেত্রে ৪% থেকে কমিয়ে একেবারে শূণ্য করে দেওয়া হয়েছিল। গ্যাসের ১২.৫% থেকে কমিয়ে ৪.১% করা হয়েছে। আমি এই প্রসঙ্গে এটা উল্লেখ করতে চাই যে, যেহেতু আপনারা রান্নার গ্যাসের ক্ষেত্রে এটা করলেন, তাহলে সমাজে সবচেয়ে যারা পিছিয়ে পড়া মানুষ, গরীব মানুষ, গ্রামের দিকের ১০% লোকেরাও রান্নার গ্যাস ব্যবহার করে না, বেশিরভাগ মানুষই তাঁরা জ্বালানিতে কেরোসিনটাকে ব্যবহার করে, সেইজন্য আমি এই প্রসঙ্গে যেটা বলতে চাই সেটা হচ্ছে এই, এই যে আপনাদের একটা সদিচ্ছা, তার যে বহিঃপ্রকাশ আপনারা ঘটিয়েছেন এবং আমাদের মাননীয় অর্থমন্ত্রী তাঁর যে ভোট অন অ্যাকাউন্ট এবং তাঁর যে স্পিচ, সেখানে তিনি এটা উল্লেখ করেছেন, ৬ পাতায় তিনি এটা উল্লেখ করেছেন ডেট স্ট্রেস স্টেট অফ ওয়েস্ট বেঙ্গল এটার যে সুযোগ আপনারা পাবেন, আমার খুব বিনীতভাবে প্রশ্নটা হচ্ছে, এই যে সুযোগটা আপনারা পাবেন, রান্নার গ্যাসের ক্ষেত্রে আপনারা যে সুযোগটা দিলেন, এখানে ডিজেলের ক্ষেত্রে কেরোসিনের ক্ষেত্রে এবং পেট্রোলের ক্ষেত্রে এটা করা কেন যাবে না ? বাড়তি টাকা পাওয়ার ক্ষেত্রে আপনারা যে সুযোগটা পাবেন, আমার মনে হয় এটা করা সম্ভব। মাননীয় অর্থমন্ত্রীকে বলব যেহেতু এটা মা-মাটি-মানুষের সরকার, সবাইকার জন্য কথাবার্তা বলছেন, এই বিষয়টা একটু ভেবে দেখা দরকার। এই বিষয়ে আমি আর একটা বিষয় উল্লেখ করতে চাই সেটা হচ্ছে এই, এটা কিন্তু আমাদের কথা নয়, এই কথাটা হচ্ছে আমাদের দিল্লিতে সেন্ট্রাল যে ক্রাইম ব্যুরো আছে সেই ক্রাইম ব্যুরোর রিপোর্টে এটা উল্লিখিত হয়েছে, গত ১১ বছরে আমাদের দেশে ২ লক্ষ কৃষক আত্মহত্যা করেছেন। কেন কৃষক আত্মহত্যা করেছেন ? কিভাবে আমাদের দেশটাকে উদারীকরণের পথে নিয়ে যাওয়া হচ্ছে, বিদেশ থেকে কি ধরনের কৃষি এবং শিল্প পণ্য আমদানী করা হচ্ছে ? আমাদের দেশের যারা কৃষক, সেখানে আমরা গতবারের বাজেটে দেখেছি, সেন্ট্রাল গভর্নমেন্টের যে বাজেট সেখানে আপনারা ২০ হাজার কোটি টাকা খাদ্যশস্যে, জ্বালানিতে এবং সারে ভর্তুকি প্রত্যাহার করে নেওয়া হয়েছে। আমি মাননীয় সদস্যদের বিবেকের কাছে প্রশ্ন করতে চাই, এবারে এই যে চাষের মরসুম আসছে সেখানে একবস্তা ডি.এ.পি.-র দাম হচ্ছে ৬১৫ টাকা, একবস্তা ১০-২৬-এর দাম হচ্ছে ৫১৫ টাকা। এই সরকার যখন বলছে এটা মা-মাটি-মানুষের সরকার, তারা কৃষকের পাশে থাকতে চায়, কৃষকের জন্য যাদের দরদ আছে, সেই প্রশ্নে আমি মাননীয় অর্থমন্ত্রীকে বলতে চাই, এই যে স্পেশাল আপনারা সুযোগটা পাবেন, এই কৃষকদের আপনারা কি ২৫০ টাকায় ১০-২৬, ৩০০ টাকাতে ডি.এ.পি., ১০০ টাকাতে ইউরিয়া আর কম দামে কীটনাশক সরবরাহ করতে পারেন না ? এই দু-তিনটি বিষয় আপনার কাছে উল্লেখ করছি। আর শেষ যে কথা আবারও বলতে চাই, বিরোধী বন্ধুরা চিৎকার করছেন, গোটা রাজ্যে কয়েকটা জেলাতে মানুষের নিরাপত্তা নেই, মানুষের নাগরিক অধিকার কেড়ে নেওয়া হচ্ছে,

বহু মা-বোন চোখের জল ফেলছেন, যন্ত্রণায় তাঁরা কাতরাচ্ছেন। তার জন্য সরকারের যেভাবে ভূমিকা পালন করা উচিত সেটা পালন করবেন এই প্রত্যাশা রেখে এবং এই বিলের বিরোধিতা না করে এবং মানুষের জন্য আপনারা কাজ করুন এই প্রত্যাশা রেখে আমার আলোচনা আমি এখানেই শেষ করছি।

শ্রী পরশ দত্ত : মাননীয়া ডেপুটি স্পীকার মহোদয়া, আমার পূর্ববর্তী বক্তা শ্রী মনোরঞ্জন পাত্র ঠিকই বলেছেন, এই বিলের বিরোধিতা করা যায় না, বিশেষ করে কালকে যখন ভোট অন অ্যাকাউন্ট পাশ হয়ে গেছে। তবে আমার একটা মজার জিনিস লাগছিল, কাল ভোট অন অ্যাকাউন্টে যখন মাননীয় স্পীকার সাহেব জিজ্ঞাসা করছিলেন দোজ হু আর ফেবার ইন ভোট, সে আই, স্বাভাবিকভাবেই বহু পুরনো রাজনৈতিক অভ্যাসের জন্য ওই দিক থেকে আই শব্দটা এল না। আর 'নো' তো বললেনই না, 'নো' বলা যায় না, কারণ বাইরে পাবলিক আছে। তাহলে আজকে এর উপরে আলোচনা করার বিশেষ কিছু নেই। কেননা, when the vote on account has been passed এবং কেউ তার অপোজ করেনি এবং কিন্তু এই বিল এক কথায়, করে দেওয়া উচিত। এই বিলে কনসলিডেটেড ফান্ড থেকে ১৬৫৩৭ কোটি ৫৯ লক্ষ ৯ হাজার টাকা তোলার অধিকার এই সরকারকে দেওয়া হচ্ছে। আমি বিলটি সম্পূর্ণরূপে সমর্থন করছি। আর এটা বলার থাকত যদি না কালকে ভোট অন অ্যাকাউন্ট পাশ করার সঙ্গে সঙ্গে অনেক কথা এদিক ওদিক থেকে না আসত তাহলে এই কথাগুলো ভোট অন অ্যাকাউন্ট-এ আসার প্রয়োজন ছিল না। আজকে বর্তমান সরকারের আর্থিক নীতি, বর্তমান সরকারের আর্থিক পরিকল্পনা তার উপর যা বক্তব্য, পূর্ণ বাজেট যখন হবে তখন নিশ্চয় করবেন। ভোট অন অ্যাকাউন্ট-এ করার কোনো প্রয়োজন ছিল না। কিন্তু তবু করলেন। কেননা, রাজনীতিতে বিরোধিতা না করলে রাজনৈতিক মূল্য থাকে না। বিরোধিতার জন্য, অথচ তার উপর কিন্তু 'নো' বলতে পারলেন না। আমার কালকে একটা জিনিস শুনে ভালো লেগেছে এবং আমি সমস্ত আলোচনার ভেতরে একটা জিনিসকে আমার মনে হয়েছে একবারে সেন্ট্রাল পয়েন্ট সেটা হচ্ছে, যে পূর্বতন অর্থমন্ত্রী যে এক বছরের আর্থিক বৃদ্ধির একটি অলীক ৩৯ শতাংশ বৃদ্ধির গল্প শুনিয়েছিলেন সেটা হচ্ছে, গত ৩৪ বছরে পশ্চিমবঙ্গের সমস্ত বাজেট, সমস্ত অর্থনৈতিক আলোচনার কেন্দ্রবিন্দু এবং সেটা হচ্ছে সংখ্যা তত্ত্বের একটি জালিয়াতি। এটা চিরকাল হয়ে এসেছে। আর এর ফলেই, গত বছরে মাত্র দুই কোটি টাকা ডেফিসিট দেখানো হয়েছিল যেখানে ডেফিসিট দুই কোটি টাকা ছিল না। তার জন্যেই ভেরি রাইটলি মাননীয় অর্থমন্ত্রী কালকে পয়েন্টেড আউট করেছেন অক্টোবর থেকে সব এস্থারগো করা হয়েছিল। তাই পেমেন্টের উপরে ৩০০ কোটি টাকার বিল, তার বোঝা পরের সরকারের উপরে চাপিয়ে দেওয়ার যে অনৈতিক প্রচেষ্টা হয়েছিল উনি কালকের বলেছেন যে একটি soverign country-র government এরকম কাজ করতে পারে ? আর এরকম ইতিহাস ভারতবর্ষে আগে পাওয়া যায়নি। এরকম কাজ একমাত্র যাঁরা ডেমোক্রেসিতে বিশ্বাস করেন না তারাই এরকম কাজ করতে পারেন। ডেমোক্রেসিতে বিশ্বাস করলে ডেমোক্রেসির যে নিয়মাবলি সেই নিয়মাবলিতে বিশ্বাস থাকলে এইভাবে দুই কোটি

টাকা বাজেট ঘাটতি দেখিয়ে আর তারপরে বছরের মাঝখান থেকে payment উপর embergo করে নিজেদের পালাবার পথ, মুখ রক্ষার পথ তৈরি করতেন না। সেই পথটা তৈরি হয়নি কেননা, সবাই ধরে ফেলেছিল। মাননীয়া ডেপুটি স্পীকার মহোদয় গত ৩৪ বছরে পশ্চিমবঙ্গের অর্থনীতি একটা ধ্বংস স্তূপে তৈরি হয়েছে। এতে কারও মনে কোনো সন্দেহ নেই। বহু জায়গায় কেন্দ্রীয় প্রকল্পগুলি হয় রূপায়িত হয়নি অথবা আংশিক রূপায়িত হয়েছে। যেখানে এগুলো হয়েছে তার একমাত্র কারণ হচ্ছে, ম্যাচিং গ্র্যান্ট দেবার ক্ষমতা রাজ্য সরকারের ছিল না। বর্তমান অর্থমন্ত্রী এই অবস্থা থেকে বেরিয়ে যাওয়ার জন্যে এই আনুপাতিক বরাদ্দ বৃদ্ধি করেছেন দু' হাজার দুশো কোটি টাকা। আমি এই হাউসের পক্ষ থেকে মাননীয় অর্থমন্ত্রীকে সাধুবাদ জানাই।

[12.50–1.00 p.m.]

যেন কেন্দ্রীয় প্রকল্পের টাকা আর ফেরত চলে না যায়, এই অবস্থার মধ্যে আর না পড়তে হয়। এই প্রসঙ্গে আমি আরেকটা কথা বলব। আমার কাছে একটি রিপোর্ট আছে। Indian Statistical Institute এই রিপোর্ট-টা তৈরি করেছে। অনেকগুলো ফিগার আছে তবে আমি সব জায়গায় যাব না। আমি শুধু একটা ছোট্ট প্যারাগ্রাফ পড়ব। Most indebted states যে ৫টা আছে—উত্তরপ্রদেশ, মহারাষ্ট্র, ওয়েস্ট বেঙ্গল, অন্ধ্র এবং গুজরাট। এ সম্পর্কে এই রিপোর্টে বলা আছে 'Compared to the four other States the revenue deficit is disproportionately high in West Bengal which implies that either the expenditures on salary, pension and interest payments are high or tax and non-tax revenue collections are low or a bit of both এবং এটা নেওয়া হয়েছে রিজার্ভ ব্যাঙ্কের handbook of Finance of India, February, 2010 থেকে। এ প্রসঙ্গে আমি একটা উদাহরণ দিচ্ছি। এখানে লাস্টে কনক্লুশনে বলছে, 'If West Bengal has to come out of nagging financial difficulties it has to (a) increase its own revenue collections (b) reduce its dependence on loans coming from small savings. ওয়েস্ট বেঙ্গলে স্মল সেভিংস বেশি। সরকার স্মল সেভিংস থেকে অনেক লোন করেছে এবং সেটা ফেরত কী করে দেবে তার দিশা দেখাতে পারেনি ফলে স্মল সেভিংস যারা করে সেই মধ্যবিত্ত, নিম্ন-মধ্যবিত্ত মানুষ, তাদের টাকার কী হবে,তার কোনো দিশা ছিল না। একটা বীভৎস অবস্থা পশ্চিমবাংলায় তৈরি করা হয়েছিল।

আমি রিসোর্স কালেকশনের ওপরে মাননীয়া ডেপুটি স্পীকার মহোদয়া বলব। আমার নিজের অভিজ্ঞতা থেকে বলব। মাননীয় অর্থমন্ত্রী বোধহয় আমার সঙ্গে একমত হবেন। পশ্চিমবাংলায় '৮৩-'৮৪ সালে মহারাষ্ট্রকে অনুকরণ করে প্রফেশন ট্যাক্স ইনট্রোডিউস করা হয়। কালেকশনটা কী করে হয় ? প্রফেশন ট্যাক্স দুভাবে নেওয়া হয়। একটা হচ্ছে, যারা এমপ্লয়েড তাদের প্রফেশন ট্যাক্স ২৫০ টাকা বছরে। একেবারে পরিষ্কার নিয়ে নেওয়া হয় তাতে কোনো অসুবিধা নেই এবং তার থেকে প্রায় ৪০ কোটি টাকা আসে। কিন্তু যারা সেল্ফ

এমপ্লয়েড ? অ্যামাউন্টটা খুব কম, ২৫০ টাকা বছরে কিন্তু নেটটা অনেক বড়। এই প্রায় দু কোটি সেল্ফ এমপ্লয়েড মানুষের ভেতরে এখনও অবধি অর্ধেকের বেশি মানুষকে এই নেটের ভেতরে আনাই যায়নি। ফলে কালেকশন যেখানে ৫০০ কোটি টাকা হতে পারত সেখানে মাত্র ৬০ থেকে ৭০ কোটি টাকা বছরে কালেকশন হয়। এত বছর ধরে পশ্চিমবঙ্গ সরকার এগুলো করে উঠতে পারেনি আর প্রতি বছর বাজেটে গল্প শুনিয়েছেন যে পশ্চিমবঙ্গের আর্থিক অবস্থা খুব ভালো। একটি অলীক কল্পনাপ্রসূত গল্প পশ্চিমবঙ্গবাসীকে গত ৩৪ বছর ধরে শোনানো হয়েছে। কিন্তু যাঁরা সরকারে ছিলেন তাঁরা যদি স্বপ্ন দেখে থাকেন, তাঁরা যদি কল্পনার জগতে বাস করে থাকেন তাহলেও বাস্তবতার পরিবর্তন হয় না। কবি সুধীন্দ্রনাথ দত্তের ভাষায় 'অন্ধ হলে কী প্রলয় বন্ধ থাকে' ? প্রলয় বন্ধ থাকেনি তার প্রমাণ যাঁরা এখানে বিরাট সংখ্যায় ছিলেন তাঁরা নগণ্য সংখ্যা হয়ে ওখানে চলে গেছেন। এই প্রলয়টা ঘটে গেছে কেননা অর্থনীতি নিয়ে ছেলেখেলা করা হয়েছে। সেই কারণে নতুন অর্থনীতির যে দিশা আমাদের মাননীয় অর্থমন্ত্রী দিয়েছেন এবং যে দিশা মাননীয়া মুখ্যমন্ত্রীর নেতৃত্বে এই সরকার সামগ্রিকভাবে দিচ্ছে সেই দিশার-ই একটি অঙ্গ এই বিলের ভেতরে দেখতে পাচ্ছি, যাতে vote-on-account-কে authorise করা হবে। এই বিলকে সম্পূর্ণ সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী ঈদ মহম্মদ : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়া, আমাদের রাজ্যের মাননীয় অর্থমন্ত্রী দি ওয়েস্ট বেঙ্গল এ্যাপ্রোপ্রিয়েশন (ভোট অন অ্যাকাউন্ট) (নাম্বার টু) বিল, ২০১১ এই সভায় পেশ করেছেন। এটা একটা নীতিগত ব্যাপার। শতকাল ভোট অন অ্যাকাউন্ট পাশ হয়ে গিয়েছে। এই বিলে বেশি কিছু বাড়ানোর নেই। দু'মাসের জন্য তিনি চেয়েছেন। অতএব নীতিগতভাবে এর বিরোধিতা করার কোনো জায়গা নেই। আমাদের মূল বক্তব্য যখন মূল বাজেট পেশ হবে তখন আমাদের বক্তব্য আমরা বলব। আমাদের পশ্চিমবাংলা একটা যুক্তরাষ্ট্রীয় কাঠামো, সমস্ত ক্ষমতা দিল্লির হাতে, কেন্দ্রের হাতে সীমাবদ্ধ থাকে। এই রকম একটা আর্থিক সীমাবদ্ধতার মধ্যে থেকে পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার দীর্ঘ ৩৪ বছর ধরে এলাকার সাধারণ মানুষের জন্য কাজ করে গেছেন। একটু আগে আমাদের ডিজাস্টার ম্যানেজমেন্ট দফতরের মাননীয় মন্ত্রী বলেছিলেন মাননীয় সদস্য কাশীনাথ মিশ্রের একটা প্রশ্নের উত্তরে যে পশ্চিমবাংলাতে নাকি ডিজাস্টার ম্যানেজমেন্ট নামে কোনো দফতরই ছিল না, তার ভূমিকা ছিল না। আমরা ভুলে যাইনি শুধু এবারেই না পশ্চিমবাংলা বারবার বিপর্যস্ত হয়েছে। আমরা দেখেছি ২০০০ সালের বন্যায় গোটা পশ্চিমবাংলা ভেসে গিয়েছিল। আমরা কেন্দ্রের সরকারের কাছে ১৪০০ কোটি টাকা চেয়েছিলাম রাজ্যের মানুষকে বাঁচাবার জন্য। কেন্দ্রীয় সরকার মাত্র ১০০ কোটি টাকা দিয়েছিল, বাদবাকি টাকা দেননি। পশ্চিমবাংলার সরকার সেই সময় সেই বন্যার্ত মানুষের পাশে দাঁড়িয়েছিলেন ঘর বাড়ি থেকে আরম্ভ করে সমস্ত রকম ত্রাণসামগ্রী নিয়ে। মানুষকে রক্ষা করা হয়েছিল। এক বছর, দু বছর আগে আয়লায় যখন বিপর্যস্ত হল উত্তর দক্ষিণ সুন্দরবন এলাকার, বলা হল ম্যান মেড। আমরা চাইলাম কেন্দ্রের সরকারের কাছে, আমার যে প্রাপ্য, আমার যে পাওনা, আমরা যা

চেয়েছিলাম তা দেয়নি। পশ্চিমবাংলার সরকার দায়িত্বতার সঙ্গে সেই সুন্দরবন এলাকার মানুষের জন্য সেই বাঁধ নির্মাণ থেকে আরম্ভ করে, তাদের ত্রাণসামগ্রী, তাদের রক্ষা করার। সেই দায়িত্ব পশ্চিমবাংলার মানুষকে রক্ষা করার জন্য বামফ্রন্ট সরকার পালন করেছিলেন। আমরা জানি সমস্ত ক্ষমতা কেন্দ্রের হাতে। আমাদের দেশের যে ট্যাক্স কালেকশন হয়, দিল্লিতে গিয়ে জমা হয়। আমরা বার বার বলেছি, রাজ্যের হাতে অধিক ক্ষমতা দিতে হবে। আমরা বার বার বলেছি আমাদের যে পাওনার টাকা, সেই টাকা দিতে হবে। আমরা বার বার বলেছি যে দাবি আপনারা করেছেন, আমরাও করছি, যে ৫০ ভাগ টাকা যেখান থেকে যায় তার ৫০ ভাগ আমাদের পশ্চিমবাংলাকে দিতে হবে। মহামান্য সুপ্রিম কোর্টের অর্ডার থাকা সত্ত্বেও ৫ হাজার কোটি টাকা এবং রাজ্য সরকারের পাওনা টাকা, সে টাকা পায়নি। বারে বারে দাবি করা সত্ত্বেও, সেই টাকা তারা দেয়নি। আমরা কয়েকদিন আগে আলোচনায় এই সভায় শুনছিলাম গত ৩৫ বছরে পশ্চিমবাংলার সরকার দেউলিয়াপনা হয়ে গেছে। যুক্তরাষ্ট্রীয় কাঠামোয় যখন কেন্দ্রীয় সরকার বেতন বৃদ্ধি করে, আমাদের রাজ্য সরকারি কর্মচারীদের বেতন বৃদ্ধি করতে হয়, শিক্ষকদের বেতন বৃদ্ধি করতে হয়। তার জন্য কেন্দ্রের কাছে আমাদের যে পাওনা টাকা সেই টাকা তারা দেয়নি। আমাদের রাজ্য সরকারের পক্ষ থেকে সেই টাকা পেমেন্ট করতে হয়েছে। দেউলিয়া তো কেন্দ্রের সরকার। বিশ্ব ব্যাঙ্কের কাছে কত টাকা দেনা আছে, সুইস ব্যাঙ্কে কত [***] জমা আছে—আপনারা জানেন না সে সব নিয়ে। গোটা ভারতবর্ষের মানুষের মাথা বিক্রি হয়ে গেছে বিশ্ব ব্যাঙ্কের কাছে।

ডেপুটি চেয়ারপার্সন : (*** ***) কথাটা এক্সপানজড্ হবে।

[1.00–1.10 p.m.]

শ্রী ঈদ মহম্মদ : ১৯৭৭ সালে পশ্চিমবাংলার ক্ষমতা বামফ্রন্ট পায়। তখন পশ্চিমবাংলার মানুষের প্রায় ৫২ শতাংশ মানুষ দারিদ্র্যসীমার নীচে বসবাস করত। যাদের মাথায় কোনো ছাউনি ছিল না, থাকার সংস্থান ছিল না, খাবারের সংস্থান ছিল না, বামফ্রন্ট সরকার তার সীমিত ক্ষমতার মধ্যে থেকে সেই দারিদ্র্যসীমার নীচে মানুষকে নামিয়ে প্রায় ২৫ শতাংশের কাছাকাছি চলে এসেছে। কেন্দ্রীয় সরকারের এখনও প্রায় ৩৩ শতাংশ মানুষ দারিদ্র্যসীমার নীচে বসবাস করে। আমাদের বামফ্রন্ট সরকার যখন এসেছিল তখন কৃষিতে কি অবস্থা ছিল ? গ্রাম বাংলার কি অবস্থা ছিল ? গ্রাম বাংলার মানুষের আর্থিক অবস্থা কোথায় দাঁড়িয়েছিল ? আমরা সেই সব দেখেছি। আমরা আসার পর বললাম, গ্রামীণ অর্থনীতির পরিবর্তন ঘটাতে হবে। কৃষির অবস্থার উন্নতি করতে হবে। সেই সব করতে গেলে সেচ ব্যবস্থার সম্প্রসারণ করতে হবে। আমরা যখন আসলাম তখন ২৭ ভাগ ছিল সেচ ব্যবস্থা। সেই সেচ ধাপে ধাপে এখন প্রায় ৭২% কৃষি জমি সেচ এলাকাভুক্ত হয়েছে। খাদ্যের উৎপাদন বেড়েছে। পশ্চিমবাংলা খাদ্যে সর্বপ্রথম বার বার আমরা বলেছি এবং রিপোর্টে সেটা বেরিয়ে এসেছে। মৎস্য চাষে আমরা এগিয়ে গিয়েছি। সবজি চাষে আমরা এগিয়ে গিয়েছি।

***উপাধ্যক্ষার আদেশক্রমে বাতিল

পঞ্চায়েতী ব্যবস্থার মাধ্যমে গ্রাম বাংলার মানুষের যে আর্থিক অবস্থার পরিবর্তন সেই পরিবর্তন আমরা করেছি। আর আপনারা বার বার বলছেন দেউলিয়াপনা। শিক্ষার অবস্থা কি ছিল ? আগে কোনোদিন স্কুলের মাস্টার মশাইরা বেতন পেতেন না। শিক্ষার কোনো পরিবেশ ছিল না, পরিকাঠামো ছিল না। প্রাইমারি স্কুলে বসার জায়গা ছিল না। এই অবস্থা ছিল ৭৭ সাল পর্যন্ত। আমরা আসার পরে শিক্ষার আমূল পরিবর্তন এসেছে। আজ সমস্ত প্রাইমারি স্কুলগুলোতে বিল্ডিং তৈরি হচ্ছে। প্রতিটি প্রাইমারি স্কুলে শৌচাগার তৈরি হয়েছে। মহিলা থেকে সমস্ত ছেলেমেয়েদের জন্য আলাদা পরিকাঠামো তৈরি হয়েছে। হাইস্কুলগুলিতে সেইভাবে বসার জায়গা ছিল না। স্কুলে গেলে ছেলেরা বসতে পারত না। মাস্টারমশাইদের বেতন না দিতে পারলে তাদেরকে তাড়িয়ে দেওয়া হত। আমরা বামফ্রন্ট আসার পরে সেই সব শিক্ষকদের মর্যাদা দিয়েছি। আপনি বলছেন পেনশন দেওয়া হবে। বেতন পরিকাঠামো ছিল না। পেনশন দেওয়ার সিস্টেমও ছিল না। বামফ্রন্ট সরকার আসার পরে সেই শিক্ষকদের বেতন, পেনশন আমরা দিয়েছি। আমি মাননীয় অর্থমন্ত্রীর কাছে বলব কেন্দ্রের সরকার আপনাদের বন্ধু সরকার। যে সরকার আমাদের সাথে বৈমাতৃসুলভ ব্যবহার করেছে, আমাদের প্রাপ্যগুলো দেয়নি। আপনার কাছে আমরা অনুরোধ করব আপনারা কেন্দ্রের সরকারের কাছে আপনাদের বন্ধু সরকার আমাদের রাজ্যের পাওয়ার ক্ষেত্রে যে পাওনা সেই পাওনাগুলিকে আদায় করে নিয়ে আসতে হবে। পশ্চিমবাংলাকে দাঁড় করানোর জন্য আপনি সেই উদ্যোগ গ্রহণ করবেন। কিছুদিন আগে কেন্দ্রের সরকার ধাপে ধাপে পেট্রোল, ডিজেলের দাম বাড়িয়ে দিয়েছে। আপনারা গর্ব করে বলছেন আপনারা নাকি ১৬ টাকা কমিয়েছেন। এর আগে ২০০৯ সালে বামফ্রন্ট সরকার পেট্রোল, ডিজেল, কেরোসিনের উপরে যে দাম বাড়িয়েছিল তার উপর শুল্ক কমিয়ে দিয়েছিলাম। আজকে কাগজে দেখবেন—পশ্চিমবাংলার মানুষের প্রতি যদি এতই দরদ থাকে তাহলে বামফ্রন্ট সরকার যে দাম কমিয়েছিল তার চেয়ে আপনারা দাম কমাবেন। দিল্লির সরকার, শীলা দীক্ষিত মহাশয়া আজ কাগজে দেখলাম তারা সিলিন্ডার প্রতি ৪০ টাকা ছাড় দিয়েছে। আপনারা কেন দেবেন না ৪০ টাকা ছাড় ? আপনারা কেন ডিজেল, পেট্রোলের উপর ছাড় দেবেন না ? আপনি পেট্রোল, ডিজেলের উপর আরো দাম কমাবেন, গ্যাসের উপর আরো দাম কমাবেন।

(এই সময় মাইক অফ হয়ে যায়।)

ম্যাডাম ডেপুটি স্পীকার : এটা কিন্তু অ্যাপ্রোপ্রিয়েশান বিলের উপর আলোচনা। আপনারা প্লিজ অ্যাপ্রোপ্রিয়েশান বিলের উপর আলোচনা করবেন, অপ্রাসঙ্গিক আলোচনা করবেন না।

শ্রীমতী চন্দ্রিমা ভট্টাচার্য : মাননীয় উপাধ্যক্ষা মহোদয়, গত ২৪শে জুন মাননীয় অর্থমন্ত্রী তাঁর বিবৃতির মাধ্যমে বার্ষিক আর্থিক বিবরণী পেশ করেছিলেন এবং সেপ্টেম্বর মাসের শেষ পর্যন্ত তার ভোট অন অ্যাকাউন্টও পেশ করেছিলেন। গতকাল আলোচনা হয়েছে চার ঘণ্টার উপর এই বিধানসভায়—তার বিবরণী, তার বিবৃতি এবং ভোট অন অ্যাকাউন্ট

নিয়ে। সারাদিন বিরোধীরা এই আর্থিক বার্ষিক বিবরণীর এবং ভোট অন অ্যাকাউন্টের বিরোধিতা করেছিলেন। আমার আগে মাননীয় সদস্য পরশ দত্ত মহাশয় বলেছেন যখন গ্রহণ করার সময় এল তখন শুধু 'Ayes' শোনা গেল, একটিও 'Noes' শোনা যায়নি। মাননীয় অর্থমন্ত্রী তাঁর অকাট্য যুক্তি দিয়ে প্রমাণ করে দিয়েছেন অর্থনীতিতে তাঁর দক্ষতা। এই সরকার দৃঢ় সংকল্প তার আগামীদিনের কর্মসূচিগুলো সফল করতে। তাই নো শব্দটি শোনা যায়নি। স্যার, ভোট অন অ্যাকাউন্টের সাথে অত্যন্ত সঙ্গতিপূর্ণভাবে দি ওয়েস্ট বেঙ্গল অ্যাপ্রোপ্রিয়েশন বিল ২০১১ আনা হয়েছে। এই বিলটি আমি সম্পূর্ণভাবে সমর্থন করি। এর স্টেটমেন্ট অফ অবজেক্ট অ্যান্ড রিজিন্সে বলা রয়েছে কেন এই বিলটি আনা হয়েছে। ভারতের সংবিধানে ২০৩ ধারায় এস্টিমেটেড যে অংশগুলিতে কনসোলিডেটেড ফান্ডের উপরে চার্জ হবে তার উপর ভোট গ্রহণ করা যায় না। সামগ্রিকভাবে আলোচনার বিষয়বস্তু করা যায়, কিন্তু গ্রান্ট এবং এড্, ডিমান্ড এইগুলি নিয়ে ভোট হয়। কনসোলিডেটেড ফান্ডের চার্জের উপর ভোট করা যায় না। তাই আজকে এই অ্যাপ্রোপ্রিয়েশান বিলের মাধ্যমে কনসোলিডেটেড ফান্ডের উপরে যে চার্জ মাননীয় অর্থমন্ত্রী দেখিয়েছেন ৫ হাজার ৩৭১ কোটি ৯৬ লক্ষ ৮৭ হাজার টাকার, সেই টাকার চার্জের উপর এই অ্যাপ্রোপ্রিয়েশান বিল আনা হয়েছে এবং সামগ্রিকভাবে ১৬ হাজার ৫৩৭ কোটি ৫৯ লক্ষ ৯ হাজার টাকার সামগ্রিক যে প্রয়োজন, যে অর্থের বরাদ্দ দরকার গ্রান্ট ডিমান্ড এবং চার্জ অন কনসোলিডেটেড ফান্ড থেকে তার জন্য এই বিল। কেউ করতে পারবেন না এই বিলের বিরোধিতা কারণ সম্ভবপর নয়। তাই বিরোধিতা করেননি। প্রত্যেকটি খাত, যে খাতগুলোয় এই বরাদ্দ দেখানো হয়েছে সমগ্র সমাজকে নিয়ে দেখানো হয়েছে। সমস্ত জাতি নির্বিশেষে দেখানো হয়েছে এই বাংলার বুকে। সংখ্যালঘু, আদিবাসী, অনগ্রসর শ্রেণি—সমস্ত মানুষের জন্য ভাবা হয়েছে। গতকাল এক তরুণ বন্ধু বলছিলেন, আজকে তাকে দেখছি না এখানে। মাননীয় সদস্য আলি, তাকে দেখছি না। এই প্রসঙ্গে আমার উল্লেখ করার প্রয়োজন কারণ তিনি কালকে বলছিলেন সংখ্যালঘু মানুষের জন্য বড় ব্যাকুল আমাদের সরকার। কিন্তু হাইকোর্টের ২৮ জন গভর্নমেন্ট প্লীডারের মধ্যে একজনও সংখ্যালঘু নেই। আমি তাকে ঠিক করিয়ে দিয়ে বলতে চাই হাইকোর্টে ২৮ জন গভর্নমেন্ট প্লীডার হয় না। হাইকোর্টে গভর্নমেন্ট প্লীডার একজন হন। একজন গভর্নমেন্ট প্লীডার, ৩ জন অ্যাডিশনাল জি.পি., জুনিয়ার স্ট্যান্ডিং কাউন্সিলার ১ জন, সিনিয়র স্ট্যান্ডিং কাউন্সিলার ১ জন, অ্যাডিশনাল অ্যাডভোকেট অন রেকর্ড যাকে রাখতে হয় হাইকোর্টে অরিজিন্যাল সাইড বিভাগে তার জন্য ১ জন, সিনিয়র গভর্নমেন্ট অ্যাডভোকেট ১১ জন, জুনিয়ার গভর্নমেন্ট অ্যাডভোকেট ১২ জন, অর্থাৎ জি.পি.-কে নিয়ে ২৯ জনের নোটিফিকেশান গত ৬ই জুন প্রকাশিত হয়েছে। তাতে কারুর নাম নেই বলে তিনি যে বলেছিলেন কিন্তু তিনি এখানে উপস্থিত নেই বলে আমি বলতে চাই না। তবে আমি এই প্রসঙ্গে বলি যে, অনেকে বিবাহসূত্রে ইসলাম ধর্ম অবলম্বন করেছেন, তার নামও এই লিস্টে আছে। আমার সরকার সেটা দেখেছে এবং আমার সরকারই সেটা পারে। বড্ড ব্যাকুল মহিলাদের জন্য। হ্যাঁ, গরু রচনার মতো, মহিলাদের দিকেই আমি ফিরে আসব। কি করেছেন মহিলাদের জন্য ? অনেক করেছেন নাকি। ২০০৬-০৭ আপনারা যে আর্থিক বার্ষিক বিবরণী

গত মার্চ মাসে প্রকাশ করেছিলেন তাতে বলেছিলেন ICDS প্রকল্প, সেই প্রকল্প নাকি ২০০৬-০৭ সালে ৩৯৬টি থেকে ৪১৪ হয়ে গিয়েছিল ২০১০-১১। অঙ্গনওয়াড়ি সেন্টার নাকি ৯১ হাজার ৩৭২ থেকে ১ লক্ষ ১১ হাজার ৫৪ হয়ে গিয়েছিল। এতই যদি মহিলাদের জন্য করে থাকেন তাহলে আজ আমরা এদিকে ২৪ আর ৪ অর্থাৎ ২৮ জন হতাম না আর আপনারা ওইদিকে সংকোচিত হয়ে মহিলা প্রতিনিধি ৬ জন হতেন না। মহিলাদের বঞ্চিত করেছেন, মহিলাদের আজকে এই বাংলার বুকে তাদের প্রাপ্য অধিকার থেকে বঞ্চিত করেছে নির্লজ্জভাবে। এই ভাবতে লজ্জা হয় মহিলা প্রতিনিধি হিসাবে এবং মাতৃ সমাজের প্রতিনিধি হিসাবে ভাবতে লজ্জা হয় স্কুলছুট ছাত্রীদের সংখ্যা ২০ হাজার, শৌচাগার তৈরি হয় না। ৫৭ হাজার জায়গায় রান্নাঘর তৈরি হয়নি মিড-ডে মিলের জন্য। আপনারা নাকি মেয়েদের দেখছেন ! কন্যা ভ্রূণ হত্যা—১৯৯১ census ৯৬৭ ছিল ১ হাজার পুরুষে, সেটি কমে অর্থাৎ descending form ৯৬৪ হয়েছে ২০০১-এর census। এবারের census এখনো আমরা পায়নি। তাই কন্যাদের রক্ষা করুন। ধ্বংস করবেন না, আর বিভ্রান্তি সৃষ্টি করবেন না মহিলা সমাজে। আজকে তাই এই বিলকে সম্পূর্ণভাবে সমর্থন জানাই।

(এই সময় মাইক বন্ধ হয়ে যায়)

[1.10–1.20 p.m.]

ম্যাডাম ডেপুটি স্পীকার : আমি লক্ষ করলাম এই হাউসে অনেকে মোবাইল ব্যবহার করছেন। মাননীয় সদস্যরা মোবাইল ব্যবহার করবেন না। মোবাইলের সুইচ অফ করে রাখুন। মিউট করে রাখুন, কথা বলার দরকার হলে বাইরে গিয়ে কথা বলুন। আদার ওয়াইজ মোবাইল কিন্তু বাজেয়াপ্ত করে নেওয়া হবে।

শ্রী বিজয় বাগদী : মাননীয়া উপাধ্যক্ষ মহোদয়া, মাননীয় অর্থমন্ত্রী The West Bengal Appropriation (Vote on Account) অনুমোদনের জন্য রেখেছেন, আমি সেই বিষয়ে কিছু বক্তব্য রাখতে চাই। আমরা জানি যে ভোট অন অ্যাকাউন্ট পরে আমরা এর উপর আমাদের যে ব্যয়বরাদ্দ যে দুই মাস বিভিন্ন খাতে যেটা ধরা আছে পরে যখন পূর্ণাঙ্গ বাজেট হবে নিশ্চয়ই আমরা সেই বাজেটের মধ্যে আলোচনা করার চেষ্টা করব। কারণ আমরা সেই বাজেটের মধ্যে উন্নয়নের গতি কি রূপ এবং সামাজিক প্রেক্ষাপটে দাঁড়িয়ে অর্থনৈতিক অবস্থার উন্নয়নের গতি কি রূপ সেগুলি নিয়ে আমরা পরবর্তী ক্ষেত্রে আলোচনা করার সুযোগ থাকবে আমরা নিশ্চয়ই আলোচনা করব। আমি যে কথাটা বলতে চাই যে, আমরা সবাই জানি আমাদের পশ্চিমবাংলায় নদী ভাঙন সমস্যা একটা বিরাট সমস্যা এবং জাতীয় সমস্যা। আমাদের বিভিন্ন এলাকাগুলিতে নদী ভাঙনের কবলে বহু মানুষ প্রায় প্রতি বছরই তাদের বহু সম্পদ হানি হচ্ছে এবং বহু গবাদি পশু নষ্ট হয়ে যায়। আজকে এই জাতীয় সমস্যার কথা আমরা যখন বামপন্থীরা বারেবারে এই সভায় আলোচনা করেছিলাম এবং কেন্দ্রীয় সরকারের কাছে আমাদের রাজ্যের এই সমস্যার সমাধান করার ক্ষেত্রে তাদের যে দায়-দায়িত্ব সেই দায়িত্ব পালন করার ক্ষেত্রে আমরা কেন্দ্রীয় সরকারের সেই ভূমিকা দেখিনি।

আজকে আপনারা কেন্দ্র এবং রাজ্য উভয় সরকারে রয়েছেন। অতএব আপনারা নিশ্চয়ই আমাদের রাজ্যের উন্নয়নের স্বার্থে কাজ করবেন। আমরা চাই সামাজিক উন্নয়ন ঘটুক, সাধারণ খেটেখাওয়া মানুষ—তাদের অর্থনৈতিক অবস্থার পরিবর্তন হোক। আজকে আমরা সকলেই জানি যে, কেন্দ্রীয় সরকারের যে অর্থনৈতিক নীতি, আজকে তার ফলে আমাদের বাজারের কি অবস্থা। মাননীয় অর্থমন্ত্রী আছেন, তিনি বলবেন যে, আমরা যেটা দেখছি যে আমাদের রাজ্যের এই যে খেটেখাওয়া মানুষদের সংখ্যা, দৈনন্দিন তাদের কাজকর্ম করার পরে এই যে বাজার এবং বাজারের এই যে ঊর্ধ্বগতি এবং তাদের যে আয় সেই আয়ের সঙ্গে সামঞ্জস্য রেখে ক্ষেতমজুর, দরিদ্র মানুষ—তাদের জীবনধারণ করার যে অবস্থা, এই অবস্থার মধ্য থেকে তাদেরকে যদি আমরা কিছুটা রিলিফ দিতে পারি—আজকে আমরা নিশ্চয়ই একথাটা অস্বীকার করতে পারি না যে তারাও আমাদের ভারতবর্ষের নাগরিক, পশ্চিমবঙ্গের নাগরিক। আজকে এই যে বিভিন্ন জিনিসপত্রের দাম যেভাবে বাড়ছে—আমরা বারেবারে বলেছি যে, এই দায়িত্ব কেন্দ্রীয় সরকার এবং রাজ্য সরকারের মধ্যে সেই বোঝাপড়ার মধ্যে দিয়ে আমাদের দৈনন্দিন চাহিদা পূরণ করার ক্ষেত্রে ন্যূনতম বেঁচে থাকার জন্য মানুষের চাহিদা পূরণ করার জন্য যে সমস্ত সামগ্রী দরকার, আজকে সেগুলো যদি আমরা র‍্যাশনিং ব্যবস্থার মাধ্যমে না দিতে পারি তাহলে আমরা যতই বলি না কেন সেটা সত্যের অপলাপ করা হবে। তাই এই কথাগুলো আমাদের আগে ভাবা উচিত। আমি আরও বলতে চাই, আজকে এই বিলের বিরোধিতা আমরা করছি না। কারণ আমাদের সামনে যে সমস্ত কাজগুলো পড়ে রয়েছে—আর অল্প কিছুদিনের মধ্যে বিভিন্ন এলাকায় বন্যা পরিস্থিতি তৈরি হবে, সেখানে ত্রাণসামগ্রী, মানুষের আচ্ছাদনের ব্যবস্থা—এগুলো নিশ্চয়ই প্রয়োজন আছে এবং আমি যে কথাটা বলতে চাই, আপনারা সকলেই জানেন যে, আমাদের পশ্চিমবঙ্গে ১১টি জেলায় খরা পরিস্থিতিতে সেইসমস্ত এলাকায় চাষ না হওয়ার জন্য যারা গরীব কৃষক, মাঝারি কৃষক, আমাদের এই যে ধানের চারা তৈরি করার জন্য আজকে বীজ ধানের জন্য বাজারের বিভিন্ন দোকান থেকে প্রচুর টাকা দিয়ে সেগুলো কিনতে হচ্ছে। তাই আমরা যদি কৃষি দপ্তরের মাধ্যমে এই সমস্ত চাষীদের কাছে কিছু বীজ সস্তায় পৌঁছে দিতে পারি এই যে আমাদের যে সমস্ত সরকারি বীজ সরবরাহের দোকানগুলো রয়েছে তার মাধ্যমে, তাহলে নিশ্চয়ই এই সমস্ত চাষীরা উপকৃত হবেন এবং তাদের বেশি টাকা যেটা বীজ ধান কেনার জন্য লাগছিল সেটা লাগবে না। আমাদের আরও একটা কথা ভাবা দরকার যে, গ্রামেগঞ্জে এখনো এমন জায়গা রয়েছে, সেখানে যারা চাষী, আমাদের প্রায় অনেক জায়গাতে আমার জানা আছে যে, দু বছর ধরে চাষবাস হয়নি। সেখানে কিন্তু তাদের এই যে গবাদী পশু, তাদের রাখা সেটা যদি না করা যায়, তাহলে কিন্তু গ্রামীণ কৃষক তারা সবাই ট্রাক্টার বা অত্যাধুনিক কোনো যন্ত্র দিয়ে চাষ করে না। গ্রামগঞ্জের কৃষক, তারা এখনও পর্যন্ত গবাদি পশুর দ্বারা কৃষিকাজ করেন। সেখানে কিন্তু এই অনাবৃষ্টির জন্য পশুখাদ্যের অভাব দেখা দিয়েছে। তাছাড়াও গ্রামের মানুষ, এখনও যারা কাঁচা বাড়ি, খড়ের ছাউনীতে বসবাস করছে, সেই সমস্ত জায়গাগুলোতে আজকে তাদের ঘর ছাউনী করার মতো অবস্থায় নেই এই বর্ষায়। এই ব্যবস্থাগুলো নিশ্চয়ই অর্থমন্ত্রী এই ভোট অন অ্যাকাউন্টের মধ্যে ভাবনা-চিন্তা করবেন এবং এই সমস্ত বিষয়গুলো—এই যে যারা

গরীব মানুষ, তাদেরকে কিভাবে এই সমস্ত উপকরণগুলো পৌঁছে দিয়ে অন্ততঃপক্ষে এই মানুষগুলোর আচ্ছাদনের ব্যবস্থা করা যায় সেটা দেখবেন। আরো যেটা আমি বলতে চাই যে বার্ধক্য পেনশন, বিধবা পেনশন-এর পরিমাণ আরো কিছু বাড়ানো যায় কিনা দেখবেন। কারণ এখন বাজারের যে অবস্থা এবং যে টাকা তাদের দেওয়া হয়, সময়মতো সেই টাকা যদি তারা না পায়, সেটা বিবেচনা করার জন্য আপনার কাছে আমি অনুরোধ রাখব। আশা রাখব, এই বিষয়গুলো উপলব্ধি করে যথাযথ ব্যবস্থা নেওয়ার একটা চেষ্টা আপনি করবেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[1.30–1.40 p.m.]

শ্রী অরুণ মহাপাত্র : মাননীয়া ডেপুটি স্পীকার মহোদয়া, আপনার মাধ্যমে আমি কয়েকটা কথা বলতে চাই। তার মধ্যে প্রথম কথা হচ্ছে ভোট অন অ্যাকাউন্ট যে পেশ হয়েছে দু-মাসের জন্য, ওর তো বিরোধিতা করা যায় না, এটা আমি সমর্থন করছি। খুব ভালো কথা আমাদের মাননীয় অর্থমন্ত্রী কৃষি বিপ্লবের কথা বলেছেন। খুব ভালো কথা কৃষি বিপ্লব হোক আমরা চাই। পশ্চিমবঙ্গে অধিকাংশ লোক কৃষক। কিন্তু একটা কথা আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি চাষিরা এই বছর বোরো ধান বিক্রি করতে পারছে না। সেই ধান লোকের ঘরে পড়ে আছে। দাম পাচ্ছে না। মিলগুলো কাঁটা বন্ধ করেছে। এই ব্যাপারে মাননীয় সরকার বাহাদুরকে হস্তক্ষেপ করতে অনুরোধ করছি। বিশেষ করে অর্থমন্ত্রীকে এই ব্যাপারে একটু খোঁজখবর নিয়ে দেখতে অনুরোধ করছি। দুই নম্বর কথা হচ্ছে কৃষি বিপ্লব কী করে হবে ? কৃষির যে সরঞ্জাম সার, pesticide এগুলোর দাম যদি ক্রমাগত বাড়ে এবং কৃষকের ফসলের দাম যদি ক্রমাগত কমে তাহলে কী করে এই জিনিসটা হতে পারে ? তাই ভর্তুকি দিয়ে হোক বা যেভাবেই হোক কৃষককে সার এবং pesticide দেওয়ার ব্যবস্থা করা হোক। এই কথা বলে ডেপুটি স্পীকার মহোদয়াকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

ডঃ সুখবিলাস বর্মা : মাননীয়া উপাধ্যক্ষা মহোদয়া, অ্যাপ্রোপ্রিয়েশন বিল যেটা এই হাউসে প্লেস করা হয়েছে ভোট অন অ্যাকাউন্ট মোশন পাশ করার পরে, তাকে সমর্থন জানিয়ে আমি আপনার মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীকে কয়েকটি বিষয়ের উপর দৃষ্টি আকর্ষণ করতে চাই এবং বিরোধীদেরও দৃষ্টি আকর্ষণ করতে চাই। একটু আগে এবং বেশ কয়েকদিন ধরেই প্রাপ্য টাকা প্রাপ্য টাকা নিয়েই চলছিল। এটা এমন অবস্থায় এসে গিয়েছে যে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে যেন কত প্রাপ্য টাকা আছে, বিশেষ করে কোল রয়েলিটি নিয়ে।

বিষয়টির ব্যাপারে যেহেতু আমার কাছে কিছু কাগজ আছে, আর এই বিষয়টির সঙ্গে আমি বেশ কিছু বছর একটু জড়িতও ছিলাম। কাজেই আমার মনে হয় আমার দায়িত্ব বিষয়টিকে একটু পরিষ্কার করা। মাননীয় অর্থমন্ত্রী গতকাল কিছুটা আভাস দিয়েছিলেন যে সব স্টেটে কোথাও সেস আছে, কোথাও রয়েলিটি আছে কোলের উপর। আমাদের স্টেটে রয়েলিটি সামান্যই আছে। কিন্তু তারপরে ওই রয়েলিটিটাকে Enhance করার প্রশ্ন যখন এল, অন্যান্য স্টেটে যখন Enhance করা হল বা বৃদ্ধি করা হল, তখন আমাদের স্টেটকে

বলা হল যে আপনারা রয়েলিটি বৃদ্ধি করতে পারেন provided আপনারা সেসটাকে কমান। কেননা তা যদি না কমান তাহলে কয়লার দাম এমন বেড়ে যাবে সে ক্ষেত্রে un-competitive হয়ে যাবে। এটা আমাদের মাননীয় পূর্বতন অর্থমন্ত্রী খুব ভালোভাবে জানতেন। Eleventh Finance Comission-এর কাছে State Finance Department থেকে যেটা বক্তব্য রাখা হয়েছিল আপনার অনুমতিক্রমে একটু পড়ছি।

It is worth mentioning here that the State Government has decided to reduce the rate of cess on coal bearing land from 45% to 25% with effect from 1st December, 1998. This has been done on a representation received from the Coal India Ltd. which stated that marketability of coal produced in the Eastern Coalfields Ltd. was being seriously affected as a result of high rate of cess which was affecting the economy. এবং তার পরেও ৪৫ শতাংশ থেকে ২৫ শতাংশ করা হল সেস। কিসের জন্য করা হল ? না, ইকনমিক ভায়াবিলিটি রাখার জন্য এখানকার এলাকার। সেখানে আবার রয়্যালটি কি করে আসতে পারে ? যার জন্য রয়্যালটি আসেনি। এবং সবচেয়ে বড় কথা তিনি একজন অর্থনীতিবিদ—অর্থমন্ত্রীর পরেও—যে ট্যাক্সটা চাপানো হয়নি, যে ট্যাক্সটা কালেকশনের দায়িত্ব স্টেট গভর্নমেন্টের অর্থাৎ যদি চাপানো হত, যদি কালেকশন হত, স্টেট গভর্নমেন্টই কালেকশন করত। তাহলে সেন্ট্রাল গভর্নমেন্টের কাছ থেকে প্রাপ্যের বিষয় কেন আসছে ? সেন্ট্রাল গভর্নমেন্টের তো কালেকশন করার কথা নয়। এই যে বিভ্রান্তি তিনি সৃষ্টি করেছিলেন, আমার মনে হয়েছিল এটা বোধহয় সবার কাছে একটু ব্যাখ্যা করা প্রয়োজন, আমি সেই কাজটা করলাম। আশা করি বিরোধী দলের পক্ষ থেকে আবার ওই ৫ হাজার, ৫ হাজার, ৫ হাজারের গানের ভাঙা রেকর্ড বাজবে না। ৫ হাজার কেন, একটাও বাজবে না। কেননা এই ট্যাক্সটা ইমপোজ হয়নি। সেটা যদি কালেকশন করা হত তো স্টেট গভর্নমেন্টই কালেকশন করত।

মাননীয় অর্থমন্ত্রীর নজরে আমি আরও দু-একটা জিনিস আনতে চাই। মাননীয় অর্থমন্ত্রী একটা দারুণ সাহসের কাজ করেছেন, তিনি অনেক ট্যাক্সকে, রেভিনিউ রিসিপ্টকে বাড়িয়েছেন। অবশ্য এটা ঠিক যে, পূর্বতন অর্থমন্ত্রী যেটা ৩৯ পার্সেন্ট করেছিলেন, সেটা উনি একটু কমিয়ে এনেছেন। আমার দীর্ঘ ৮ বছরের ফিনান্স ডিপার্টমেন্টের বাজেট প্রিপারেশনের অভিজ্ঞতা থেকে একটা বিষয় মাননীয় অর্থমন্ত্রীকে বলতে চাই। আপনি যদি দেখেন, আশির দশক থেকে আজ পর্যন্ত রেভিনিউ রিসিপ্ট অফ ইনকাম কখনও ১৬ পার্সেন্টের উপরে যায়নি। সাধারণত ১৩ পার্সেন্ট, ১৪ পার্সেন্ট থাকে, কখনও ১৫ বা ১৬ পার্সেন্ট হয়। সেই জায়গায় ২০ পার্সেন্ট, ২৫ পার্সেন্ট, ২৬ পার্সেন্ট যাই বাড়াই না কেন, সেই বাড়ানোটা আমরা অ্যাচিভ করতে পারব যদি বর্তমানের যে কালেকশনের কাঠামো আছে সেটা তছনছ করে দিতে পারি। মাননীয় অর্থমন্ত্রীর জানা আছে যে, আমাদের রাজ্যে বিভিন্ন জায়গাতে ট্যাক্স কালেকশন হয়—সেল্‌স ট্যাক্স, এক্সাইজ ইত্যাদি। আমাদের পূর্বতন সরকারের এক্সাইজ

মিনিস্টার মাননীয় সিন্‌হা মহাশয় আছেন, তিনিও জানেন যে সর্বত্র দালাল চক্র আছে, ঘুঘুর বাসা আছে। সেই দালাল চক্র, ঘুঘুর বাসা যদি আমরা না ভাঙতে পারি তাহলে অ্যাচিভমেন্ট সম্ভব নয়। আমি আপনার কাছে সনির্বন্ধ অনুরোধ রাখব, সেদিকে যদি আপনি পদক্ষেপ নেন তাহলে সেটা সম্ভব। আমি আশা করব আমাদের মা-মাটি-মানুষের সরকার সেই কাজটা করবেন এবং অহেতুক কতগুলো ব্যয় আছে যেগুলোর কোনো প্রয়োজন নেই, সেইগুলো কমিয়ে আমাদের যে উদ্দেশ্য সেটা সাধন করবেন।

আর একটা কথা আমি বলতে চাই আমাদের উত্তরবঙ্গের মানুষের পক্ষ থেকে। আমি খুব বাধিত যে, জলপাইগুড়ির সার্কিট বেঞ্চের জন্য এখানে ৬ কোটি টাকা কনস্ট্রাকশনের জন্য রাখা হয়েছে। আমি অনুরোধ করব মাননীয় অর্থমন্ত্রীর কাছে, আপনি দয়া করে ইমিডিয়েটলি পূর্ত দপ্তরের কাছে সেই টাকাটা রিলিজ করে দিন এবং পূর্ত বিভাগের মন্ত্রীকে অনুরোধ করব ইমিডিয়েটলি সেখানে কনস্ট্রাকশান শুরু করে দিন। তার কারণ মাননীয় প্রধান বিচারপতি বলে এসেছেন লাস্ট টাইমে যখন কনস্ট্রাকশন শুরু হবে, সার্কিট বেঞ্চ হবে না। তাই কনস্ট্রাকশানের কাজ যাতে শুরু হয়, তার জন্য আপনার কাছে অনুরোধ রাখব এবং আমার আরো কিছু বক্তব্য অবশ্যই ছিল যে চাইল্ড ডেভেলপমেন্টের জন্য অর্থ বাড়ানো হয়েছে। আমার দৃঢ় বিশ্বাস এটা যেমন বাড়ানো হয়েছে, তেমনি অঙ্গনওয়াড়ি ওয়ার্কারদের অনারারিয়ামও বাড়ানো হবে। এটার বিশেষ প্রয়োজনীয়তা আছে। আর একটা কথা না বলে পারছি না এটা এখন হয়তো কিছু করার নেই, কিন্তু আগামীদিনে যখন পুরো বাজেট নিয়ে আলোচনা হবে, তখন একটা ব্যাপারে আলোচনা করতে হবে যে, আমাদের এস.সি., এস.টি-দের যে অ্যালোকেশনের বিষয় ছিল, সেই অ্যালোকেশানটা দুর্ভাগ্যবশত দেখছি ২০১০-১১-তে যা ছিল, ২০১১-১২-তেও তাই আছে। এই কয়েকটি কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

(এরপরে ম্যাডাম ডেপুটি স্পীকার মহাশয়া সভার কাজ দুটো পর্যন্ত মুলতুবি রাখেন।)

(At this stage the House was adjourned till 2.00 p.m.)

[2.00–2.10 p.m.]

(After Recess)

শ্রী তজমূল হোসেন : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের অর্থমন্ত্রী যে ভোট অন অ্যাকাউন্ট্‌স উপস্থাপনা করেছেন, তার বিবৃতির উপর আমি দু-একটি কথা বলতে চাই। তিনি খুব ছোটো আকারেই সেটা বিস্তারিত করেছেন। এটা খুবই সুন্দর বিষয়। স্যার, তাঁর ভাষাতে লেখা হয়েছে যে, "সংখ্যালঘু, আদিবাসী, অনুন্নত সম্প্রদায়ের জনগণের উন্নয়নের জন্য পদক্ষেপ নেওয়া হবে।" সংখ্যালঘু, আদিবাসী, অনুন্নত—এই সব সম্প্রদায়ের মানুষের যে সার্টিফিকেট পাওয়ার কথা, তা পাওয়া যায় না, বি.ডি.ও. অফিস, এস.ডি.ও. অফিস মারফৎ তারা যে হয়রানির শিকার হয়, সেক্ষেত্রে এই সার্টিফিকেট তারা যেন অবিলম্বে পায়, তার

জন্য আমি মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। তিনি আরো অনেক কথা সুন্দরভাবে লিখেছেন। সেগুলো যদি বাস্তবায়িত হয়, তাহলে আমাদের এলাকার—বিশেষ করে গ্রামীণ এলাকায়—গ্রামে বসবাসকারী পরিবারগুলোকে চালের সরবরাহের ক্ষেত্রে অনুদানের বরাদ্দ বৃদ্ধি করেছেন। এখানে দারিদ্র্যসীমার নীচে এ.পি.এল. কিংবা বি.পি.এল.—এইরকম বৈষম্য যেন না হয়, তার দিকে নজর দেওয়ার জন্য আমি অনুরোধ রাখছি। এখানে গ্রামীণ স্বাস্থ্য প্রকল্পের কথা লেখা আছে। তাতে অর্থ বরাদ্দ করা হবে। এই দু-মাসের যে বাজেট, আমরা আগামীতে নিশ্চয়ই আশা করব এই নতুন সরকার যে প্রকল্প হাতে নিয়েছে—এটা খুবই প্রশংসার বিষয়। ক্ষুদ্র-মাঝারি শহরের উন্নয়নের কথা বলেছেন। আমাদের গ্রামে যে পানীয় জলের সমস্যা—আমরা গ্রাম থেকে নির্বাচিত হয়ে আসি। আমাদের জলস্তর এত নীচে নেমে গেছে, বিশেষ করে মালদা জেলার বিভিন্ন জায়গায়, বিশেষ করে আমার বিধানসভা হরিশ্চন্দ্রপুরের এমন কিছু গ্রাম আছে, যেখানে একদম জলস্তর নেই। মানুষকে এখনও নদী থেকে জল আনতে হয়। এটা একটা খুবই খারাপ ব্যাপার। এই ব্যাপারে ভাবার জন্য অনুরোধ করছি এবং গ্রামের জন্য যে বরাদ্দ করা হয়েছে, তার দিকে লক্ষ্য করার জন্য আমি দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, এখানে একটা সুন্দর কথা লেখা আছে, "সারা বাংলায় কৃষি বিপ্লব ঘটানো হবে।" কৃষি বিপ্লব কী স্যার ? আজকে যখন সার কিনতে যাই, সারের যা আকাশ ছোঁয়া দাম, চাষীরা এখন ধান বিক্রি করতে পারছে না। পাটের ক্ষেত্রে যেগুলো পুরাতন পাট, এখনো পর্যন্ত চাষীর ঘরে পড়ে আছে। সামনে আবার পাট আসছে। তার দিকে লক্ষ্য করার জন্য আমি অনুরোধ করছি। তামাকের বিষয়েও ভাবার জন্য বলছি। বিশেষ করে স্যার, এই পান চাষীদের কথা আপনি হয়তো ভুলে গেছেন, এই পান চাষীদের দিকে একটু খেয়াল রাখবেন কারণ, কিছুদিন আগে পান চাষ ধসা রোগে পড়েছিল। সবশেষে গ্রামীণ রাস্তার পরিকাঠামো উন্নয়নের কথা বলেছেন, এটা সুন্দর বিষয়। আমরা গ্রামীণ এলাকা থেকে যে সমস্ত বিধায়করা এসেছি তাঁরা সবাই জানেন যে গ্রামীণ রাস্তার কী বেহাল অবস্থা। যাঁরা শহরে থাকেন তাঁরা হয়তো গ্রামীণ রাস্তা সম্বন্ধে জানেন না। গ্রামীণ রাস্তা উন্নয়নের জন্য আমি আবেদন করছি, বিশেষ করে আমার পিছিয়ে-পড়া এলাকা হরিশ্চন্দ্রপুর বিধানসভার রাস্তাগুলোর জন্য আপনি একটু নজর দেবেন। আর একটা সমস্যা বন্যা। বন্যা প্রতি বছর হয়, এই বন্যায় যারা আক্রান্ত হয়, যাদের ঘরবাড়ি জলে তলিয়ে যায় তাদের দিকে লক্ষ্য রাখার বিষয়টা আমি মাননীয় অর্থমন্ত্রীর নজরে রাখছি। যাই হোক এই বিলের সমর্থন করে আমি আমার বক্তব্য এখানেই শেষ করছি।

[2.10–2.20 p.m.]

শ্রী জটু লাহিড়ী : মাননীয় স্পীকার স্যার, ২০১১-১২ সালের জন্য মাননীয় অর্থমন্ত্রী যে ভোট অন অ্যাকাউন্টস এনেছেন, আমি আপনার মাধ্যমে দু-চার কথা বলতে চাই। প্রায় ২ লক্ষ কোটি টাকার উপর ঋণ এই সরকারের উপরে রেখে গিয়েছে। বিগত বামফ্রন্ট সরকার এবং তার ভূতপূর্ব অর্থমন্ত্রী এই বিধানসভায় বিগত দিনে নানানভাবে কথার জাগলারি করে, অসত্য কথা বলে বিভিন্নভাবে দেখাতে চেয়েছেন যে এঁরা নাকি বাংলার

উন্নয়নকে ত্বরান্বিত করেছেন সর্বক্ষেত্রে। কিন্তু স্যার, একটা করে ভোট অন অ্যাকাউন্ট্স হোক বা পূর্ণাঙ্গ বাজেট হোক, আমরা কী দেখতাম ? এক ঘন্টার, সোয়া ঘন্টার ভূতপূর্ব অর্থমন্ত্রী বাজেট বক্তৃতা পাঠ করতেন। যেখানে অসত্য কথা বলা হত। আপত্তি করলে, প্রতিবাদ করলে, ওনারা তখন সরকার পক্ষে ছিলেন, শুধু ২৩৫ এই দেখিয়ে সেদিন আমাদের প্রতিবাদের ভাষা স্তব্ধ করে দিতেন। আজকে বিগত ফেব্রুয়ারি-মার্চ মাসে একটা ভোট অন অ্যাকাউন্ট্স হয়ে গেছে, বামফ্রন্ট সরকার করেছেন চার মাসের ব্যয় বরাদ্দ। আর এই সময়ের মধ্যে অতিরিক্ত আরও কয়েক হাজার কোটি টাকা এঁরা ঋণ নিয়ে নিলেন। যে ঋণের বোঝা বর্তমান সরকারের ঘাড়ে এসে পড়েছে। এঁরা বলছিলেন যে অর্থমন্ত্রীর ভোট অন অ্যাকাউন্টসের বাজেট বক্তৃতা মাত্র ৬ পাতা কেন ? কেন সংখ্যাতত্ত্বের হিসাব নেই ? কারণ দীর্ঘদিন বাদে ভূতপূর্ব অর্থমন্ত্রী যিনি শুধু কথার জাগলারি করে সভাকে বিভ্রান্ত করেছিলেন এবং রাজ্যকে অর্থনৈতিক দিক থেকে পিছিয়ে নিয়ে গেছেন। এটা বারবার প্রমাণ হয়েছে। যখন তিনি সারা রাজ্যে কৃষিক্ষেত্রে যে উন্নয়নের কথাগুলি বলতেন, তিনি যখন বলতেন যে কৃষিপণ্যে বিশেষ করে চাল উৎপাদনে আমরা এক নম্বরে। অথচ আমাদের রেশন ব্যবস্থায় এমনকি এই রাজ্যে ফুড কর্পোরেশনের মাধ্যমে প্রতি বছরে কোটি কোটি টাকার খাদ্যশস্য আমদানি করতে হত। অসত্য কথা বলে কৃষিপণ্যে প্রতিবছর উৎপাদন বৃদ্ধি দেখাতেন। তার পাশাপাশি দেখাতেন কৃষিপণ্যের উৎপাদনের সঙ্গে সঙ্গে কৃষকের ক্রয় ক্ষমতা বাড়ছে। তার সঙ্গে স্বাভাবিকভাবে ভোগ্যপণ্যের চাহিদা বেড়ে যাচ্ছে। এবং ভোগ্যপণ্যের চাহিদা বাড়ার সঙ্গে উৎপাদনের লক্ষ্যে অনেক মানুষের কর্মসংস্থান এই পথে আসছে এবং হিসেব দিতেন যে প্রায় প্রতি বছরই দুই লক্ষ, আড়াই লক্ষ, তিন লক্ষ মানুষের কর্মসংস্থান, কৃষি উৎপাদন বৃদ্ধিতে রাজ্যের মানুষের আর্থিক উন্নতি হওয়ার ফলে ভোগ্যপণ্যের চাহিদা আরও বাড়ার ফলে আমাদের আর্থিক উন্নতি ঘটছে। প্রতি বছর আমাদের রাজ্যে বিনিয়োগ নাকি বাড়ছে। এ কথা বুদ্ধবাবুর অর্থমন্ত্রী বলতেন। প্রতি বছর এই রাজ্যে যদি শিল্পপতিরা বিনিয়োগ করতেন তাহলে ছোটো বড়ো ৫৬ হাজার কলকারখানা বন্ধ হয়ে গেল কেন ? যদি বিনিয়োগ হল, কলকারখানা তৈরি হল, তাহলে কর্মসংস্থান কেন পূর্ণ হল না ? '৭৭ সালে এই রাজ্যে ১১ লক্ষ বেকার ছিল। আর ২০১১ সালে সেই বেকারের সংখ্যা কেন কোটিকে ছাড়িয়ে গেল ? যদি নতুন শিল্প স্থাপন হল, যদি বিনিয়োগ বাড়ল, অন্যদিকে কৃষি উৎপাদনের বৃদ্ধির ফলে আর্থিক ক্ষমতা যদি বৃদ্ধি পায় এবং তার ফলে ভোগ্যপণ্যের চাহিদা এবং কর্মসংস্থানের লক্ষ্যে প্রতি বছরই হিসেব দিতেন ২ থেকে ৩ লক্ষ কর্মসংস্থান আমাদের রাজ্যে হচ্ছে। কর্মসংস্থান যদি ২ থেকে ৩ লক্ষ প্রতি বছর হয়ে থাকে, ৩৪ বছর একটা সরকার ক্ষমতায় ছিল। ৩৪ বছরে যদি আড়াই লক্ষ, তিন লক্ষ করে কর্মসংস্থান হয় তাহলে ১ কোটি বেকার থাকার তো কথা নয়। অর্থাৎ সবটাই কথার জাগলারি এবং অসত্য কথা বলে সভাকে বিভ্রান্ত করেছেন ভূতপূর্ব অর্থমন্ত্রী। স্যার, এই সভায় মাননীয় একজন সদস্য বললেন, যে মহারাষ্ট্রের আর্থিক উন্নতি হয়েছে। তাদের নাকি দেশ ভাগের যন্ত্রণা সহ্য করতে হয়নি। এটা ঠিক কথা। কিন্তু যাঁরা ক্ষমতায় ছিলেন বামফ্রন্ট সরকার, দেশ ভাগের পর তাদের ভূমিকাটা কী ছিল ? সেই সময় কংগ্রেস সরকার দেশ ভাগের পর উদ্বাস্তুদের পুনর্বাসনের জন্যে আন্দামান থেকে

শুরু করে দণ্ডকারণ্যে উদ্বাস্তুদের সুষ্ঠু পুনর্বাসনের ব্যবস্থা করার চেষ্টা করেছিলেন। এরা তখন কী করেছিল ? বিরোধিতা করেছিল। উদ্বাস্তুদের ভুল বোঝানো হয়েছিল যে, আন্দামান নয়, এই রাজ্যেই পুনর্বাসন দিতে হবে। ফলে এই রাজ্যের ক্ষতি তখন থেকেই এরা শুরু করেছে। এরা কখনওই দেশের জন্য বামফ্রন্ট সরকার নয়, মার্কসিস্ট কমিউনিস্ট পার্টি চিরকাল দলের জন্যে। তাই ক্ষমতায় আসতে সেই সময় রাজ্যের শিল্প ব্যবস্থাকে সর্বনাশ করেছেন। উদ্বাস্তুদের পুনর্বাসন আন্দামানে হলে ওটা দ্বিতীয় বাংলা হতে পারত। তারা করতে দেননি। আর ক্ষমতায় আসর পর ৩৪ বছরে বাংলাকে এরা দেউলিয়া করে দিয়েছে।

(এই সময় মাননীয় স্পীকার মাইক অফ করে দেন।)

শ্রী প্রবোধ চন্দ্র সিনহা : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় অর্থমন্ত্রী যে Appropriation Bill এখানে উত্থাপন করেছেন, আমি সেই সম্পর্কে কয়েকটি কথা বলতে চাই। মাননীয় অধ্যক্ষ মহোদয়, গতকালই Vote on Account বাজেট পাশ হয়েছে। আমরা এর কোনো বিরোধিতা করিনি, কারণ নতুন সরকারের এটা একটা ন্যায্য অধিকার যে তারা কাজ করবে, প্রাথমিক সুযোগ সুবিধা তাদের দিতে হবে এবং আমরা সেটা সমর্থন করব, এটাই হচ্ছে আমাদের দৃষ্টিভঙ্গি। Appropriation Bill যে টাকাটা গতকাল আমরা বাজেটে পাশ করেছি সেই টাকাটা খরচ করার একটা অধিকার দেওয়া Appropriation Bill-এর মাধ্যমে। এখানে এখন কাজের সমালোচনার কোনো সুযোগ নেই। শুধু কিছু বিষয়ে স্মরণ করিয়ে দেওয়ার ব্যাপার আছে। অর্থাৎ যে টাকাটা নেওয়া হয়েছে, বিভিন্ন খাতে উন্নয়নমূলক কাজকর্মের জন্য সেই টাকাটা যাতে সেই খাতে সঠিকভাবে খরচা হয়, স্বচ্ছতার সাথে এবং নির্দিষ্ট সময়ের মধ্যে সেইটা সরকারের পক্ষে দেখা দরকার। সেইটা সরকারের পক্ষে দেখা দরকার। এবং আরেকটা জিনিস দেখা দরকার এক খাতের টাকা আমরা অনেক সময় করি কি অন্য খাতে administrative power টাকে exercise করে inter-department, department-এর মধ্যে কয়েকটা head-এ উন্নয়নমূলক কাজে টাকা দেওয়া আছে, সরকারের ক্ষমতা আছে department-এর ক্ষমতা আছে, টাকাটা diversion করার। এইটা যাতে কম করা হয়, সেইদিকে লক্ষ্য রাখা দরকার।

মিঃ স্পীকার : যারা সাংবাদিকরা রয়েছেন, অনুরোধ করব আপনারা আমাদের বিধায়কদের সঙ্গে কথা বলবেন না গ্যালারি থেকে। প্লিজ, আপনি ওখানে কথা বলবেন না সাংবাদিকদের সঙ্গে, মাননীয় চিফ হুইপ। Please go on.

শ্রী প্রবোধ চন্দ্র সিনহা : বিষয়টা হচ্ছে কি, না বিধানসভার অধিকারের উপরে যদি ব্যাপকভাবে diversion হয়, তাহলে সেটা বিধানসভার অধিকারের উপরে একটু হস্তক্ষেপ এসে যায়, ঘুরিয়ে। কারণ বিধানসভায় একরকম বাজেট পাশ করল, আর খরচ হল আর এক রকমের। আমি দীর্ঘদিন Public Accounts Committee-র Chairman ছিলাম এবং সেখানে কাজ করতে গিয়ে দেখেছি, যে এই ধরনের ঘটনা বহু ঘটেছে। এবং তখন থেকে আমরা Public Accounts Committee-তে বলেছিলাম যে, কতটা পর্যন্ত সীমা করা

যেতে পারে diversion-এর বা কী করা যেতে পারে সেই সম্পর্কে একটা ব্যাপার ছিল। তবে এই দু-মাসের মধ্যে এই ব্যয় বরাদ্দের মধ্যে এই ধরনের ঘটনা ঘটবে এটা কিন্তু নয়, কিন্তু যেটা দরকার সেটা হল,

(নয়েজ)

মাননীয় অধ্যক্ষ মহোদয়, যেটা বলতে চাইছি, সেটা হচ্ছে এই কাজগুলো সঠিকভাবে করতে গেলে—আপনি কাকে দিয়ে করাবেন ? আপনারা বারে বারে বলছেন যে, প্রশাসন, বামফ্রন্ট সরকারের আমলে যে প্রশাসন সেই প্রশাসন সঠিকভাবে রাজ্যকে তার সুফল দেওয়ার কথা যতটা কার্যকারিতা দেওয়ার কথা সেটা দিতে পারেনি। অর্থাৎ সেখানে work culture-এর দিকে আপনারা ইঙ্গিত করেছেন। তা এখন কর্মচারী সংগঠন, বা প্রশাসনিক যে বিধি ব্যবস্থা বা সংগঠন, সেটা কিন্তু চলছে। এবং সেই administration-এর ভেতর দিয়ে আপনাদের কাজটা করতে হবে। এবং সেই administration-এর ভেতর দিয়ে কাজটা করতে গেলে, administration-এর মধ্যে গতিশীলতা বা administration-কে জনমুখী করা, গণমুখী করা। অ্যাডমিনিস্ট্রেশানের মধ্যে একটা জনসেবামূলক মানসিকতা অর্থাৎ কমিটমেন্ট টু দি পিপল, সার্ভিস টু দি পিপল এইসব মানসিকতাগুলিকে যদি তৈরি করতে না পারা যায় তাহলে কিন্তু আপনারা যে প্রত্যাশা করছেন, সেই প্রত্যাশা হয়তো আপনারা পূরণ করতে পারবেন না। প্রত্যেকটি সরকার—গণতন্ত্রে সরকারের পরিবর্তন হয়, বিভিন্ন সরকারের দৃষ্টিভঙ্গি ভিন্ন ভিন্ন থাকে, এই নিয়ে কোনো বিতর্ক হতে পারে, বিবাদ বিসংবাদ এর কোনো ব্যাপার নেই, এটা কিন্তু স্বাভাবিক ব্যাপার। কিন্তু যিনিই সরকারের ক্ষমতায় আসুন না কেন, তাকে কাজটা করতে গেলে এই কাজটা করতে হবে। আমি আপনাদের স্মরণ করিয়ে দিতে চাই, আমাদের প্রাক্তন প্রধানমন্ত্রী প্রয়াত রাজীব গান্ধীর কথা, তিনি একবার বলেছিলেন যে দিল্লিতে যদি একটা টাকা উন্নয়নের জন্য বরাদ্দ করা হয়, গ্রামে যখন সেই টাকাটা পৌঁছাচ্ছে তখন কিন্তু একটা টাকা পৌঁছচ্ছে না, ভার্চুয়ালি ১৬ নয়া পয়সা সেখানে গিয়ে পৌঁছাচ্ছে। অর্থাৎ এক টাকার মাঝখানে অনেক জায়গা আছে। (গোলমাল) আমি কিন্তু খুবই অবাক হয়ে যাচ্ছি, কয়েকদিন ধরে মাননীয় সদস্যদের দেখছি, আপনারা কি বুঝছেন না, গোটা ভারতবর্ষটার যে চেহারা, চরিত্র হয়েছে, সেটা কিন্তু এ পক্ষের লোকেদের জন্য নয়। আজকে 2G স্পেকট্রাম, কমনওয়েল্থ গেম্স, অমুক তমুক এইসব কথা উচ্চারণ করতে গেলে কাদের দিকে যায় ! সুতরাং সংশোধন করার দরকার আছে। প্রত্যেকের সতর্ক হওয়ার দরকার আছে, আত্মসমীক্ষা করার দরকার আছে, আত্ম-সমালোচনা করার দরকার আছে। আমি যে কথাটা বলতে চাইছি যে প্রশাসনকে যদি আমরা মনে করি যে প্রশাসনিক মূল্যটা অনেকখানি নেমে গেছে, সেই প্রশাসনের মূল্যবোধটা তোলার জন্য উন্নত করার জন্য ব্যবস্থা গ্রহণ করা দরকার। মূলত অ্যাপ্রোপ্রিয়েশানের মাধ্যমে আমরা যেটা বলতে চাই, সেটা হচ্ছে কি, না যেটা দেখতে চাই, পার্লামেন্ট হিসাবে বা বিধানসভা হিসাবে যেটা বিধানসভার কর্তব্য যেটা দেখতে চাই যে যেটুকু টাকা আমরা বরাদ্দ করেছিলাম সেটা যথাযথ খরচ হল কিনা,

সময়মতো খরচ হল কিনা, যে কাজের জন্য বরাদ্দ হয়েছিল, সেই কাজে খরচ হল কিনা এবং এই টাকাগুলি খরচ করতে গিয়ে যাতে কোনো ধরনের দুর্নীতি বা কোনোরকম এর অপব্যয় না হয় এটা দেখা দরকার। আমি শুধু এই কয়েকটি কথা বর্তমান সরকারকে এবং মাননীয় অর্থমন্ত্রীর দৃষ্টিতে এনে আমার বক্তব্য শেষ করছি, ধন্যবাদ।

[2.20–2.30 p.m.]

শ্রীমতী অসীমা পাত্র : মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ২৪/০৬/২০১১ তারিখে মা-মাটি-মানুষের অর্থমন্ত্রী ২০১১-১২ আর্থিক বছরের আর্থিক বিবরণী ও সেপ্টেম্বর ২০১১ পর্যন্ত যে ভোট অন অ্যাকাউন্ট উপস্থাপনা করেছিলেন গতকাল সেটা পাস হয়েছে। যিনি উপস্থাপনা করেছেন অ্যাপ্রোপ্রিয়েশান বিল ২, এটা আমি সম্পূর্ণভাবে একমত এবং সম্পূর্ণভাবে তাকে ধন্যবাদ জানাচ্ছি এবং সমর্থন করছি। কারণ ২০১০-১১-র বার্ষিক আর্থিক বিবরণী শুধু বিগত বামফ্রন্ট সরকারের নয়, তার অর্থমন্ত্রী পশ্চিমবাংলার মানুষকে ধোঁকা দিয়ে যে ঘাটতিপূর্ণ বাজেট বারবার এই মহান সভায় পেশ করে এসেছেন, তাতে বাংলার মানুষকে সম্পূর্ণভাবে প্রতারিত করা হয়েছে এবং মহান ঐতিহ্যকে কলুষিত করেছেন এবং আমরা দেখছি এই হাজার হাজার কোটি টাকার ঋণ আমাদের মা-মাটি-মানুষের ঘাড়ে চেপেছে। কিন্তু তা সত্ত্বেও আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের উদ্যোগে সার্থক রূপায়ণের লক্ষ্যে আমাদের মাননীয় অর্থমন্ত্রী বার্ষিক আর্থিক বিবরণীতে সর্বস্তরের মানুষকে সামাজিক ও অর্থনৈতিক পরিকাঠামো উন্নয়নে বিশেষত মানব সম্পদের উন্নয়নে যে দিশা দেখিয়েছেন, আমার মনে হয় এই পবিত্র সভায় যে সকল সদস্য আছেন তাদের ইতিবাচক সমর্থন করা উচিত। আমাদের মা-মাটি-মানুষের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের লক্ষ্য কৃষি বিপ্লব ঘটানো। আমি সকাল থেকে শুনছিলাম, আমাদের বিরোধীপক্ষ থেকে অনেকে বলেছেন যে কৃষি বিপ্লব ঘটাতে গিয়ে অনেকে আত্মহত্যা করছেন, অনেকে পাট চাষের দাম পাচ্ছেন না। সেই মহামান্য সদস্যদের আমি একটা কথাই বলতে চাই, ৩৪ বছরে কৃষিতে, পাট শিল্পে, জুট মিলগুলো বন্ধ হয়ে আছে। তাই আজকে পাটের দাম তিন হাজার থেকে দেড় হাজার দাঁড়িয়েছে। তার জন্য আপনারা দায়ী। এই মা-মাটি-মানুষের সরকার দায়ী নয়। আপনাদের কাছে আবার বলতে চাই, কৃষি উন্নয়ন—আপনারা যে কৃষি উন্নয়নের কথা বলছেন—সেই কৃষি উন্নয়নে আমরা দেখেছি যখন—এখানে বলছিলেন এক সদস্য যে সারের দাম, কীটনাশক ওষুধের দাম বেড়ে যাচ্ছে। আমরা দেখেছি, আমাদের সরকার ৩৯ দিন ক্ষমতায় আছে। আমরা দেখেছি, আমি একটা কৃষক পরিবারের মেয়ে, একশো থেকে দেড়শো থেকে দুশো টাকা বেশি দাম দিয়ে কৃষককে সার কিনতে হত এবং সেদিন আলুর দাম পায়নি, সেদিন সরকার ছিল নীরব। কোনো কথা বলেনি। সেইজন্য আমি প্রতিবাদ করছি। আমি দেখেছি, গত বছর যখন আলুর ফলন বেশি হল তখন এই রাজকোষ থেকে, সরকারি ত্রাণ তহবিল থেকে চারশো কোটি টাকা—আজকে সেই রাজকোষ থেকে, চাষীদের কাছ থেকে—ভর্তুকি দিয়ে আলু কেনা হবে বলে সেই টাকা নিয়েছিল। কিন্তু আমরা কী দেখলাম ? সমবায় থানা মার্কেটিং যেগুলো আছে, চাষীদের কাছ থেকে আলু না কিনে ব্যবসাদারদের কাছ থেকে আলু কিনল। তার ফলে

দুশো কোটি টাকা যে তছরূপ করা হল আমি মহামান্য অধ্যক্ষ মহোদয়ের কাছে আবেদন করছি তার তদন্ত করা হোক কারা ওই দুর্নীতির সঙ্গে যুক্ত। আজকে মা-মাটি-মানুষের সরকার যে পরিকল্পনাগুলো দিয়েছেন, মা-মাটি-মানুষের সরকার মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের অনুপ্রেরণায় মাননীয় অর্থমন্ত্রী মানব সম্পদকে উপযুক্তভাবে গড়ে তোলার উদ্দেশ্যে অপর যে সকল ক্ষেত্রে বরাদ্দ বৃদ্ধি করেছেন সেগুলি হল, গ্রামীণ স্বাস্থ্য প্রকল্প, ক্ষুদ্র মাঝারি শহরে উন্নয়ন প্রকল্প, গ্রামীণ পানীয় জল প্রকল্প, শিক্ষা প্রকল্প, মহিলা ও শিশুদের পুষ্টি প্রকল্প। এছাড়া তাৎপর্যপূর্ণভাবে জঙ্গলমহল-সহ পশ্চিমবাংলা, সমগ্র উত্তরবঙ্গ, সুন্দরবন এলাকার জন্য অর্থ বরাদ্দ বৃদ্ধি করেছেন। দীর্ঘকাল ধরে বঞ্চিত, অবহেলিত মানুষগুলো আজকে এই মা-মাটি-মানুষের জন্য বাঁচবে—এই কথা আজকে হাউসে বলতে চাই। আমি আনন্দের সঙ্গে আরো একটা কথা বলছি, এখানে আমাদের মা-মাটি-মানুষের অর্থমন্ত্রী যে যুব সম্প্রদায়ের কর্মসংস্থানের কথা বলেছেন তাকে আমি ধন্যবাদ জানাচ্ছি। কারণ আজকে যুব সম্প্রদায় চাকরির জন্য হাহাকার করে ঘুরছে। অনেক যুবক আছে যারা চাকরি না পেয়ে তাদের আত্মহত্যা করতে হয়েছে এই ৩৪ বছরে। তার জবাব আজকে বিরোধীরা দিন। আজকে শুধু আমি একটা কথা বলতে চাই, ভবিষ্যতে বহুমুখী লক্ষ্যে বহুতর নতুন বরাদ্দ এবং অধিকতর বাস্তবসম্মতভাবে মা-মাটি-মানুষের কল্যাণে মা-মাটি-মানুষের সরকারের মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের হাত ধরে বাংলা আবার ভারত সভায় শ্রেষ্ঠ আসন লবে। সকলকে আমার ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[2.30–2.40 p.m.]

শ্রী ইনসার আলি বিশ্বাস : মাননীয় অধ্যক্ষ মহোদয়, পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় অর্থমন্ত্রী অদ্যকার সভায় দ্য ওয়েস্ট বেঙ্গল অ্যাপ্রোপ্রিয়েশান (ভোট অন অ্যাকাউন্ট) (নং ২) বিল, ২০১১ যে পেশ করেছেন সেই বিষয় সম্পর্কে দু-চার কথা বলতে চাই। কারণ যে সমস্ত ডিমান্ড আছে, সেই সমস্ত ডিমান্ডের ওপর যে সমস্ত টাকা তিনি ধার্য করেছেন, আশা করি কোনো শর্ট টাইম ভোট অন অ্যাকাউন্ট, শর্ট টাইম বাজেট—এই বাজেটে তিনি সেই টাকা সঠিকভাবে ব্যয় করবেন এটা আশা করি। কিন্তু খুব দুঃখের বিষয়, আমরা আগে যখন ছাত্র ছিলাম তখন শিক্ষক মশাইরা বলতেন গুণীজনের গুণ রক্ষা করা দায়িত্ব। প্রাক্তন অর্থমন্ত্রী অসীম দাশগুপ্ত আমাদের পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার থাকাকালীন তিনি বাজেট প্লেস করেছেন। তিনি নানা বিষয় নিয়ে, নানা চিন্তা-ভাবনা নিয়ে বাজেট তৈরি করতেন। তার সেই বাজেট করার মধ্যে দিয়ে ৩৪ বছর বামফ্রন্ট সরকার ক্ষমতায় থেকে পশ্চিমবাংলার উন্নয়ন ঘটিয়েছেন। এখন যারা সরকার পক্ষে আছেন তারা এটা ভুলে যান। মুর্শিদাবাদের বিধায়ক যিনি আপনাদের সঙ্গে আমাদের বামদিকে বসে আছেন, আমার সৌভাগ্য হয়েছিল মাননীয় প্রাক্তন অর্থমন্ত্রী ডঃ অসীমকুমার দাশগুপ্ত এবং ওখানকার সাংসদ অধীররঞ্জন চৌধুরির সঙ্গে একটি সভায় উপস্থিত হওয়ার। তিনি সেদিন সেই সভায় মাননীয় অসীম দাশগুপ্তর ভূয়সী প্রশংসা করলেন, তিনি বললেন ভারতবর্ষের এক নম্বর অর্থনীতিবিদ আপনি, আপনি

ভারতবর্ষকে পথ দেখান, গোটা ভারতবর্ষের মানুষ আপনাকে মান্য করেন, আপনি আমার মুর্শিদাবাদ জেলার এই বিষয়গুলো দেখবেন।

(নয়েজ)

আমি কারোর বিরুদ্ধে কিছু বলতে চাই না। আজকে আমরা বিধানসভার ভেতরে দেখছি গণতন্ত্র কাকে বলে। আমরা ছিলাম ওইদিকে, আপনারা ছিলেন এইদিকে। সেদিন বিধানসভায় বিরোধী পক্ষকে বলার সুযোগ দেওয়া হত। নন্দীগ্রামের মাননীয়া সদস্য ফিরোজা বিবি নির্বাচিত হয়ে যেদিন বিধানসভায় এলেন, সেদিন তিনি তার এলাকার বিষয় নিয়ে হাউসে বলার চেষ্টা করেছেন। আমরা ওইদিকে ছিলাম, কিন্তু সেদিন আমরা তাকে বাধা দিইনি।

মিঃ স্পীকার : মাননীয় সদস্যকে বলছি, আপনি সাবজেক্টের উপরে বলুন।

শ্রী ইনসার আলি বিশ্বাস : সেদিন কিন্তু তাকে বলার সুযোগ করে দেওয়া হয়েছিল। সেদিন মাননীয় মুখ্যমন্ত্রী বুদ্ধবাবু সভায় ছিলেন, তাকে যাতে বাধা না দেওয়া হয় তার জন্য তিনি সরকারি দলের সদস্যদের বলেছিলেন। আজকে আমরা বিরোধী দলে বসেছি, কিন্তু আমরা সরকারের কাজের কোনো বিরোধিতা করছি না। আমরা বলেছি পদ্ধতিগতভাবে যে বিষয়গুলো নিয়ে আলোচনা করা যায় সেইগুলো নিয়ে আমরা আলোচনা করতে চাই। কিন্তু আমরা লক্ষ্য করলাম, আজকে যিনি অর্থমন্ত্রী হয়ে হাউসে ভোট অন অ্যাকাউন্ট প্লেস করছিলেন, তিনি শিক্ষক হলেও সেদিন তার বক্তব্য পড়তে গিয়ে উচ্চারণের দু-একটা ভুল করেছিলেন, তাতে আমরা কিছু মনে করি না। কিন্তু সেদিন তিনি যে ভাষায় কথা বললেন তা এই বিধানসভাকে কলুষিত করেছে, তা এই বিধানসভার ইতিহাসে লেখা থাকবে। ১৯৭২-৭৩ সালে আমরা যখন ছাত্র ছিলাম তখন আমরা কয়েকজনের নাম শুনতাম, তার মধ্যে সুব্রতবাবু অন্যতম, তিনি আজকে মন্ত্রী হয়ে এখানে বসে আছেন।

মিঃ স্পীকার : আপনি বিষয়ের উপরে বলুন। আপনি বিষয়ের বাইরে বলবেন না। আপনি অ্যাপ্রোপ্রিয়েশান বিলের উপরে বলুন, এগুলো প্রাসঙ্গিক হচ্ছে না।

শ্রী ইনসার আলি বিশ্বাস : আমি অবাক হয়ে যাচ্ছি, আজকে তার কাছে শিখতে হবে I don't know এই কথার মানে কি। তিনি যদি এই কথার মানে না জানেন, তাহলে তার মতো একজন সদস্যকে কি হিসাবে মন্ত্রী রাখা হয়েছে আমি জানতে চাই। কিছুক্ষণ আগে একজন মাননীয় সদস্যা বলছিলেন, বামফ্রন্ট মহিলাদের জন্য কোনো উন্নয়ন করেনি। আজকে আমি করজোড়ে বলি, বামফ্রন্টের ৩৪ বছরের ফসল হিসাবে আজকে আপনারা স্বীকৃত হতে পেরেছেন এই বিধানসভায়। ২০১১ সালে মাধ্যমিক পরীক্ষা দিল প্রায় দশ লক্ষ ছাত্রছাত্রী, তার মধ্যে পাঁচ লক্ষেরও বেশি হচ্ছে ছাত্রী। আজকে আমরা গর্ব অনুভব করি, কেন্দ্রীয় সরকারের কাছে আমরা বামপন্থীরা মহিলাদের জন্য আসন সংরক্ষণ করার জন্য দাবি জানিয়েছি। কই তা এখনো পর্যন্ত করতে পারছেন না। আপনারাই আছেন কেন্দ্রে, আপনারাই সেখানে আছেন। আজকে জোটে আপনারা সেখানে আছেন কেন পারছেন না ? বলছেন না কেন ? ভয়টা কোথায় ? ভয়টা কোথায় আপনাদের ? কোথায় আপনারা কি করছেন এই

বিষয়গুলো নিয়ে ? ....(নয়েজ).... আপনাদেরকে বলব না। কারণ আমরা জানি ১৯৭৭ সালের আগে কজন ছাত্রী বিদ্যালয়ে যেত, আর আজকে চারদিকে তাকিয়ে দেখুন....(নয়েজ) .... ছাত্রীরা সারিবদ্ধভাবে চটি পায়ে দিয়ে স্কুল ইউনিফর্ম পরে পেছনে ব্যাগ নিয়ে সাইকেল করে স্কুলে যাচ্ছে। এটাই হচ্ছে বামফ্রন্টের সফলতা এটা মাথায় রাখতে হবে। ....(নয়েজ).... এটা মনে রাখবেন যে বামফ্রন্ট এই কাজ করেছে। আজকে এই কথা মনে রাখবেন না ? ভূমিসংস্কার আইনকে বাস্তবায়িত করার মধ্যে,

মি: স্পীকার : আপনি অ্যাপ্রোপ্রিয়েশান বিলের ওপরে বলুন।

শ্রী ইনসার আলি বিশ্বাস : আজকে গ্রাম বাংলার যে সমস্ত, ...(নয়েজ)... আমাদের সময়ে আমরা মাছ উৎপাদনে হয়েছি প্রথম, সবজি উৎপাদনে প্রথম হয়েছি আপনারা তো তার ওপর ভিত করে এসে কৃষি বিপ্লব ঘটাবেন। কৃষি বিপ্লব তো আমরাই ঘটিয়েছি। গোটা ভারতবর্ষের মানুষ জানে ওয়েস্ট বেঙ্গলে গ্রিন রেভোলিউশান হয়েছে পাঞ্জাবের পর ...(নয়েজ)... আপনারা সে কথা মাথায় রাখবেন না। ফলে স্বাভাবিক নিয়মে আপনারা এ কাজগুলো দেখতে পারেন না। আমি যে কথা বলতে চাই যে আজকে চারিদিকে গণতন্ত্রের নাম করে গণতন্ত্রের কণ্ঠ রোধ করতে চাইছেন। চারিদিকে আজকে নৈরাজ্য, আজকে বেছে বেছে বামপন্থী কর্মীদের খুন করছেন। ...(নয়েজ)... আমি সেই কথাই বলি, আমি ওই কথাই বলব ...(নয়েজ)... আজকে সেই জায়গায় দাঁড়িয়ে আমাদের আলোচনা করার সুযোগ দিতে হবে। আমি জানি যে এর আগে দেখেছি, আপনাদের বিগত দিনের প্রসিডিংস দেখবেন কি বলেছেন। এর আগের বক্তারা কি বললেন, কিসের ওপর আলোচনা করলেন। ফলে স্বাভাবিক নিয়মে এ বিষয় আমাদের জানা আছে। রেকর্ড কথা বলবে আপনারা কি বলেছেন। ফলে স্বাভাবিক নিয়মে এ বিষয়ে দেখতে হবে, আজকে স্যার, কিছুক্ষণ আগে আমার মাননীয় সদস্য একটা মেনশান করেছেন, পাটের দাম কমে যাচ্ছে। আজকে গোটা বাংলার যা অবস্থা পাটের দাম যেভাবে কমে যাচ্ছে। আমরা জানি আজকে এঁরা বলছেন, এঁরা কেন্দ্রীয় সরকারে আছেন, ওঁরাও আছেন। পাটের দাম যাতে কৃষকরা পায় আমি তার ব্যবস্থা করার জন্য মাননীয় অর্থমন্ত্রীর মাধ্যমে কেন্দ্রীয় সরকারের কাছে অনুরোধ করছি। আমরা একথা বলতে চাইছি, পেট্রোল, ডিজেল, গ্যাসের দাম যেভাবে বৃদ্ধি হচ্ছে যেভাবে বৃদ্ধি করা হল, অবাক হয়ে যাই, আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী বলছেন যে আমরা জনগণের কাছে আছি, জনগণের সঙ্গে আছি। আবার তারা কেন্দ্রেও আছে। কি দ্বিচারিতা, জনগণের সঙ্গে আছে, কেন্দ্রেও আছে। ডিজেলের দাম বলল আমি জানি না। তিনি সেখানে থাকলে, চলে এলেন আগের দিন। স্যার, তাই আমি মনে করি এই পেট্রোল, ডিজেলের দামকে রোধ করার জন্য এই বিষয়ে আমি মাননীয় কেন্দ্রীয় অর্থমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমি এই কথা বলে এই আলোচনা এখানেই শেষ করছি। ধন্যবাদ স্যার।

মি: স্পীকার : মাননীয় সদস্য আমাদের ডেপুটি স্পীকার সম্বন্ধে যে বক্তব্য রেখেছেন এখানে, সে প্রসঙ্গে বলি, সি ইজ নাউ ডেপুটি স্পীকার। ওই অংশটা বাদ যাবে। দয়া করে আপনি এটা করবেন না। সংসদীয় রীতির পরিপন্থী এটা।

[2.40–2.50 p.m.]

শ্রী জ্যোতির্ময় কর : মাননীয় স্পীকার স্যার, ওয়েস্ট বেঙ্গল অ্যাপ্রোপ্রিয়েশান (ভোট অন অ্যাকাউন্ট) (নাম্বার ২) বিল, ২০১১-র সমর্থনে বক্তব্য রাখতে গিয়ে আমি অত্যন্ত বিনয়ের সঙ্গে আর্থসামাজিক যে প্রেক্ষাপট, যে প্রেক্ষাপটের পর রাজ্যের বিত্ত মন্ত্রীকে ভোট অন অ্যাকাউন্ট এবং অ্যাপ্রোপ্রিয়েশান বিল আজকে উপস্থাপিত করতে হয়েছে সে প্রসঙ্গে অত্যন্ত সংক্ষেপে আমি কিছু উল্লেখ করছি। মাননীয় স্পীকার স্যার, আর্থিক অবস্থা ফিনান্সিয়াল ডেফিসিট, রেভিনিউ ডেফিসিট, ফিসকাল ডেফিসিট, বাজেট ডেফিসিট, increasing outstanding debt এই হচ্ছে আর্থিক পরিমণ্ডল, সামাজিক পরিমণ্ডল। মাননীয় স্পীকার স্যার, বিরোধীপক্ষে শ্রদ্ধেয় বিধায়ক প্রবোধবাবু অধ্যাপক, যিনি বয়সেও জ্যেষ্ঠ, জ্ঞানেও জ্যেষ্ঠ, তিনি গণতন্ত্রের কথা উল্লেখ করলেন, মাননীয় স্পীকার স্যার, আমি শুধু ছোট্ট একটা অংশ পড়েছি এবং অধ্যাপক সিনহা মহাশয় বাজেট ভাষণে বলেছিলেন তাদের কৃতিত্ব হল রিপ্রেজেনটেটিভ ক্যারেক্টার থেকে participating ক্যারেক্টারে নিয়ে গেছেন তারা ডেমোক্র্যাসিকে। যেন ব্রিটিশ সাম্রাজ্যবাদের বিরুদ্ধে লড়াই করে জাতীয়তা আন্দোলনের আউটকাম স্বাধীনতা তেমনি বামফ্রন্ট এসে যে ডেমোক্র্যাসি রিপ্রেজেনটেটিভ ক্যারেক্টারে ছিল সেটাকে তারা participating অর্থাৎ decentralization of power এবং participation of people সম্ভবত তিনি করতে চেয়েছিলেন। মাননীয় স্পীকার স্যার, আমি শুধু একটি চিত্র আপনাদের সামনে তুলে ধরছি Assembly record থেকে, যে কেশপুরে ৯টা বুথে election-এ participation of people, মিস্টার স্পীকার, কেশপুরে ৯টা বুথে ওরা ভোট পেলেন অর্থাৎ বামফ্রন্ট ভোট পেলেন ৫২২০ পক্ষান্তরে তৃণমূল প্রার্থী ভোট পেলেন ১৯টি। Is it participation in democracy? Is it example of participation in democracy? গণতন্ত্রের কথা বললেন, মাননীয় স্পীকার স্যার, আজকে এই সভাই অ্যাপ্রোপ্রিয়েশন বিল নিয়ে বলতে গিয়ে কেউ কেউ বলেছেন যে আমাদের কর্মী লুঠ হয়েছে, খুন হয়েছে। আমাদের নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়, মুখ্যমন্ত্রী, আমাদের দলের সিদ্ধান্তই হল পশ্চিমবাংলায় শান্তিশৃঙ্খলা রক্ষা করা, তাতে অহেতুক বিতর্ক না করা। ডিফারেন্সটা এই আমরা অস্বীকার করি না। কোথাও কোথাও বেস লেবেলে সামান্য গণ্ডগোল হচ্ছে না এই কথা কেউ বলতে পারবে না। কিন্তু বিগত সরকারের আমলে সেটা state sponsored ছিল এখনকার state sponsored নয়, এটা আমরা দ্ব্যর্থহীন ভাষায় ঘোষণা করতে পারি। মাননীয় স্পীকার স্যার, আর এক প্রবীণ বিধায়ক দাবি করেছিলেন, উনি মন্ত্রীও ছিলেন ২০ বছরের বিধায়ক। আমি জানি না সত্য-নিষ্ঠার নামে শপথ নিয়ে নস্কর সাহেব সত্যের সঙ্গে তস্কর বৃত্তি করতে গেলেন কেন। মাননীয় স্পীকার স্যার, উনি সেচমন্ত্রী থাকাকালীন আমি বলেছি, মাননীয় সেচমন্ত্রী পূর্ব মেদিনীপুর বন্যায় ভাসে, উনি বলেছেন টাকা নেই, আমি বললাম অর্থমন্ত্রী যে বাজেটে টাকা দিয়েছেন। তিনি বললেন ওটা বাজেটে আছে আমার কাছে আসেনি, 'আছে গোরু না বয় হাল, তার দুঃখ চিরকাল' স্যার। সুতরাং বাজেটে সত্য-নিষ্ঠার সঙ্গে বলুন বাজেটে বরাদ্দ টাকা কোন দিন মন্ত্রীরা পেতেন

না খরচ করার জন্য। এই ছিল পশ্চিমবাংলার অর্থনৈতিক হাল। তাই অ্যাপ্রোপ্রিয়েশন বিল তাঁদের কাছে গুরুত্ব নেই। তাঁরা জানেন তাঁদের অভিজ্ঞতা হচ্ছে মন্ত্রী বাজেটে টাকা অ্যাপ্রোপ্রিয়েট করতেন কিন্তু ডিপার্টমেন্টাল মিনিস্টাররা কোনোদিনই খরচা করার টাকা পেতেন না। এই ছিল বাজেট অ্যাপ্রোপ্রিয়েশনের নিষ্ঠুর নিয়তি স্যার। মাননীয় স্পীকার স্যার, আমি অত্যন্ত ধন্যবাদ জানাচ্ছি আপনাকে, বাজেট বক্তৃতায় আপনি যে commitment করেছেন যে দিনগুলির উপরে। যে দিনগুলিকে আপনি অ্যাপ্রোপ্রিয়েশন দিয়ে যথাযথ মর্যাদা দিয়েছেন। দারিদ্র্যসীমার নীচে বসবাসকারী মানুষের চাল বৃদ্ধি। একজন মন্ত্রী বলছিলেন যে, BPL লিস্ট এটা আমরা করেছি উদোর পিন্ডি বুধোর ঘাড়ে চাপিয়েছে, ওরা কি করছিলেন স্যার ? তাই আজকে রাষ্ট্রীয় স্বাস্থ্য, অখণ্ড নগর উন্নয়ন, গ্রামীণ পানীয় জল, সর্বশিক্ষা অভিযান, মাধ্যমিক শিক্ষা, মিড-ডে মিল, মহিলা-শিশু পুষ্টি, ইস্ট ওয়েস্ট মেট্রো রেল আপনি যা যা বক্তৃতায় দিয়েছিলেন অ্যাপ্রোপ্রিয়েশনের প্রত্যেকটি কথা অক্ষরে অক্ষরে রক্ষা করেছেন সেই জন্য আপনাকে ধন্যবাদ। আপনাকে ধন্যবাদ এই জন্যই কারণ একটা কথা স্পষ্ট করে বলেছেন মাননীয় স্পীকার স্যার, আমাদের নেত্রী রাজ্যের মুখ্যমন্ত্রী তিনি প্রথম সাংবাদিক সম্মেলনে বলেছিলেন যে আজকে আর্থ-সামাজিক দুরবস্থার মধ্যে পশ্চিমবাংলায় রাজনৈতিক চ্যালেঞ্জ আমরা গ্রহণ করলাম। তিনি কখনও বলেননি আমি সব কিছু করে দেব। তিনি বলেন কাজটা কঠিন, কিন্তু আমি এই চ্যালেঞ্জ গ্রহণ করলাম। কার্যত নেত্রীর সারা জীবনটাই একটা চ্যালেঞ্জ, তিনি চ্যালেঞ্জ গ্রহণ করেছিলেন নো আইডেন্টিটি কার্ড, নো ভোট। সেই চ্যালেঞ্জ তিনি রক্ষা করেছিলেন। তিনি চ্যালেঞ্জ গ্রহণ করেছিলেন নো ভোট লুঠ, সেই চ্যালেঞ্জ তিনি রক্ষা করেছেন। তিনি বললেন, কাজটা কঠিন কিন্তু আমি এই চ্যালেঞ্জ গ্রহণ করলাম। কার্যত নেত্রীর সারা জীবনটাই একটা চ্যালেঞ্জ। তিন চ্যালেঞ্জ গ্রহণ করেছিলেন নো আইডেন্টিটি কার্ড নো ভোট। সেই চ্যালেঞ্জ তিনি রক্ষা করেছিলেন। তিনি চ্যালেঞ্জ গ্রহণ করেছিলেন নো ভোট লুট, সেই চ্যালেঞ্জ তিনি রক্ষা করেছিলেন। তিনি চ্যালেঞ্জ গ্রহণ করেছিলেন নো হেল্প লুট। পশ্চিমবাংলায় প্রথম বিধানসভায় তিনি তাঁর সেই শর্তকে অক্ষরে অক্ষরে পালন করেছেন। মাননীয় স্পীকার স্যার, আপনি বিত্তমন্ত্রী হিসাবে যে হিসাব আপনি পেশ করেছিলেন বাজেট বক্তৃতায়, রেভিনিউ এক্সপেন্ডিচার ১৩৪ শতাংশ থেকে কমিয়ে আপনি ১১২ শতাংশে আনবেন, ইন্টারেস্ট রেট গ্রোথ যেটা খুব হাই, ধরা ছোঁয়ার বাইরে, সেটাকে আপনি ৯.৭৬ থেকে কমিয়ে ৩.৩৫-এ আনবেন। স্টেট প্লান এক্সপেন্ডিচার ১৮.৩ থেকে বাড়িয়ে আপনি ২৩.৯ করবেন। প্লান এক্সপেন্ডিচার আপনি ২২% থেকে বাড়িয়ে ২৮.৬২ করবেন। সোসাল সার্ভিস আপনি ৩৬% থেকে বাড়িয়ে ৪০% করবেন। প্রত্যেকটা ক্ষেত্রে নির্দিষ্ট লক্ষ্য নিয়ে অর্থনীতিকে কঠিন স্তম্ভের উপর দাঁড় করাবেন। মাননীয় স্পীকার স্যার, আগের অর্থমন্ত্রী গোটা অর্থনীতিটাকে অবজেকটিভ বেস না করে সাবজেকটিভ বেস করে একটা ইমাজিনারি, অর্থনীতিটাকে অ্যাবস্ট্রাক্ট থেকে একটা ইমাজিনারি, একটা কল্পনার মধ্যে তৈরি করে নিয়েছেন। যার ফলশ্রুতি আজকে আপনাকে ভোট অন অ্যাকাউন্টের মাধ্যমে অর্থ বরাদ্দ করতে হচ্ছে। মাননীয় স্পীকার স্যার। আজকে তাই এই অ্যাপ্রোপ্রিয়েশান বিলে আমি বলতে গিয়ে বলতে পারি বাজেট যদি ইনফ্লেটেড হয়, অ্যাপ্রোপ্রিয়েশান ইনফ্লেটেড হয়,

অ্যালোকেশান ইনফ্লেটেড হয়, তার দ্বারা কোনো কর্ম সুবিধা হয় না। আমাদের ঋষিরা বলতেন মাননীয় বিত্তমন্ত্রী স্যার, 'পুস্তকহ তু যা বিদ্যা, পরহস্ত গতম ধনম, কার্যকালে সমুৎপন্নে ন সা বিদ্যাস্থন তদ্ ধনম' পুস্তক বিদ্যা আর পরের হাতে টাকা, পরের কাছে যে টাকা, কাজের সময় সেই বিদ্যারও দাম নেই, আর সেই অর্থেরও দাম নেই। তাই তদানীন্তন অর্থমন্ত্রীর বাজেটে টাকা ছিল পুস্তকের মধ্যে, নস্কর সাহেবের কাজের মধ্যে নয়, সেচের মধ্যে নয়, শিক্ষার মধ্যে নয়, এই টাকা প্রবাহিত হয়নি। আজকে এই অ্যাপ্রোপ্রিয়েশান বিল আলোচনা করতে গিয়ে তাই অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে হচ্ছে, এটা আমার ডকুমেন্ট নয়, মিঃ স্পীকার স্যার, এটা বাজেটের মধ্যে দিয়ে, এটা স্টেট ফাইনান্স যেটা স্টেটের ডকুমেন্ট তাতে কি বলা হচ্ছে ? As per recommendation of Twelfth Finance Commission, loans from National Small Savings Fund (NSSF) were excluded from the scope of debt relief. As National Small Savings Fund loans amount was the major part of total outstanding debt in 2004-05, Fiscal Responsibility and Budget Management Act was not enacted by the State Government and consequently, the State Government could not avail of the debt relief recommended by Finance Commission. যার জন্য পরবর্তীকালে ভুগতে হয়েছে এই রাজ্যকে। গত অর্থমন্ত্রী সব সময় বলতেন, সেস আর রয়্যালটি ৫ হাজার কোটি টাকার লোভ দেখাতেন। গাছে কাঁঠাল আর গোঁফে তেল। টাকা আসবে, ৫ হাজার কোটি টাকা, বাজেটে ঢুকে গেল ২ হাজার কোটি টাকা। গাছে কাঁঠাল গোঁফে তেলের মতো। আর একটা কথা বলতেন লোনের উপর ইন্টারেস্ট কমাচ্ছে না দিল্লি, কেন্দ্র, তার জন্য আমাদের এই দুরবস্থা। আমি রেলিভেন্ট পার্টটা মাননীয় স্পীকার স্যার শুনিয়ে দিচ্ছি। The Thirteenth Finance Commission has considered to certain extent, the demand for inclusion of NSSF Loans in the debt relief package and has recommended that NSSF Loans contracted till 2006-07 and outstanding at the end of 2009-10. স্যার, সেটাও চলে গেছে। দ্যাট হ্যাব বিন ডান বাই দি সেন্ট্রাল। এইটুকু বলে অ্যাপ্রোপ্রিয়েশান বিলকে সমর্থন জানিয়ে আমি শেষ করছি ধন্যবাদ স্যার।

[2.50–3.00 p.m.]

ডঃ অমিত মিত্র : মাননীয় অধ্যক্ষ মহোদয়, কালকে অনেক আলোচনা হয়েছে, আপনার মাধ্যমে আমি কিছু রিপ্লাইও দিয়েছি। আজ আমি আরো সংক্ষিপ্তভাবে দু-একটা কথা বলে আজকের এই বিলটা আমি মুভ করব। প্রথমে একটা ক্ল্যারিফিকেশান করতে চাই। আমি দেখছি যে লিডার অফ্ দি অপোজিশান উনি নেই। উনি একটা প্রশ্ন তুলেছিলেন। ওনারা নাকি পেট্রোল, ডিজেল ইত্যাদির দাম কমিয়েছেন বলে উনি বলেছিলেন। আমি তার অন্ রেকর্ড কি করেছিলেন সেটা রাখতে চাই ওর প্রশ্নের জবাবে। জুন মাসে ২০০৮-এ ওরা সেলস ট্যাক্স

অন পেট্রোলকে ২৫% থেকে ২০% করেছিলেন। কিন্তু ২৬ দিনের মধ্যে সেটাকে আবার ২৫%-এ নিয়ে চলে যান। ফর দি রেকর্ড, তার সঙ্গে একটা রিবেট দিয়েছিলেন যখন ওটাকে ২৫%-এ ফিরিয়ে নিয়ে যান। সেই রিবেটটি আবার ২৯শে জানুয়ারিতে ছ' মাসের মধ্যে সেই রিবেটটাও হাটিয়ে দিলেন। শেষ পর্যন্ত ২৫%-এ ফিরে এলেন। এটার নাম হচ্ছে জাগলারি। আপনাদের সামনে আমি দ্বিতীয় বক্তব্য রাখতে চাই। এফ.আর.বি.এম. সম্বন্ধে কেউ এক্ষুনি আমাদের বক্তা মাননীয় সদস্য রেইজ করেছিলেন। আমি অন রেকর্ড বলতে চাই এই মা-মাটি-মানুষের সরকারের তরফ থেকে মাননীয়া মুখ্যমন্ত্রীর সামনে। এফ.আর.বি.এম. এই সরকার ২০০৫-এ করতে পারত। তারা ৫ বছর সেই এফ.আর.বি.এম. আনেনি। তার দরুন ৩ হাজার ১৫৭ কোটি টাকা এই পশ্চিমবঙ্গের মানুষের কাছ থেকে ছিনিয়ে নিয়েছেন তারা। আন্ডার প্রভিসান করেছেন, যেটা আলোচনায় এসেছিল, সেটা হয়তো ৩ হাজার কোটিরও বেশি বিল। যা আন্ডার প্রভিসান আছে। সেইজন্য আমরা লাফিয়ে পড়েছি যাতে সামাজিক পরিকাঠামোকে পয়সা দিয়ে ওই যে আন্ডার প্রভিসান করে গেছেন সেগুলো মেক-আপ হতে পারে। ডিজাস্টার ম্যানেজমেন্ট সম্বন্ধে একটা প্রশ্ন উঠেছিল। আমি জানাতে চাই যে, লেফট ফ্রন্ট সরকারে ত্রাণের মন্ত্রী ছিলেন। কিন্তু ডিজাস্টার ম্যানেজমেন্টে কোনো বৈজ্ঞানিক ও সঠিক ব্যবস্থা ছিল না। আমি আজকে মাননীয়া মুখ্যমন্ত্রীকে কনগ্র্যাচুলেট করতে চাই যে তিনি ডিজাস্টার ম্যানেজমেন্টে আলাদা মিনিস্ট্রি করে বৈজ্ঞানিক প্রথায় কেন্দ্রীয় সরকারের যে ডিজাস্টার ম্যানেজমেন্ট বডি আছে, তার সঙ্গে তিনি মিলিয়ে একটা নতুন দিশা দেখিয়েছেন। আমরা আশা করেছিলাম হয়তো লেফট ফ্রন্ট গভর্নমেন্ট সেইভাবে করবেন। কিন্তু তারা ত্রাণটুকু রেখে যে বৈজ্ঞানিক প্রথায় করা উচিত, বড় করে বিস্তারিতভাবে করা উচিত তারা করেননি। এই প্রশ্নটা উঠেছিল বলে আমি তার জবাব দিলাম। হ্যাঁ, আমরা অনেক প্রস্তাবও শুনছি, অনেক উপদেশও শুনছি। তবে প্রশ্ন খুব কম ছিল। একজন মাননীয় সদস্য আমাদের অত্যন্ত রেসপেক্টেড সদস্য—শ্রী প্রবোধ চন্দ্র সিনহা মশাই উপদেশ দিয়েছেন যে একটা হেড থেকে অন্য হেডে পয়সা সরিয়ে নেবেন না। আমি বলতে বাধ্য হচ্ছি পাস্ট রেকর্ডটা খুলে দেখবেন কোথাকার হেড থেকে কোথায় সরানো হয়েছিল। যখন হোয়াইট পেপার, যেটা মাননীয়া মুখ্যমন্ত্রী অ্যানাউন্স করেছেন যখন আসবে, আশা করি তখন আপনার প্রশ্নের জবাব আপনি পেয়ে যাবেন। আজ আমি আমার বিল মুভ করার আগে স্মরণ করতে চাই—রবীন্দ্রনাথ দিয়ে শুরু করেছিলাম তাঁর কথা স্মরণ করতে চাই। যাকে কমিউনিস্টরা কুইজলিং বলেছিলেন, দেশদ্রোহী বলেছিলেন, তাঁর বক্তব্য দিয়ে আমি শেষ করতে চাই। হয়তো তাঁর নাম শুনতে খুব খারাপ লাগে আপনাদের। সুভাষ চন্দ্র বোসের নামে আমি বলতে চাই—'কদম কদম বাড়ায়ে যা, খুশিকে গীত গায়ে যা।' আর উর্দু প্রয়োগ করব—'ইয়ে জিন্দেগি হ্যায় কম কি, তু কম পর লুটায়ে যা।' এইটুকু বলে আমি বিলটা মুভ করতে চাই।

(Shri Anisur Rahman rose to speak)

Mr. Speaker: We have concluded our discussion I cannot permit you please be seated.

The motion of Dr. Amit Mitra that the West Bengal Appropriation (Vote on Account) (No.2) Bill, 2011 be taken into consideration was then put and agreed to.

Clauses 2 and 3

The question that Clauses 2 and 3 do stand part of the Bill was then put and agreed to.

Schedule

The question that Schedule do stand part of the Bill was then put and agreed to.

Clause 1, Enacting Formula, Preamble and Title

The question that Clause 1, Enacting Formula Preamble and Title of the Bill do stand part of the Bill was then put and agreed to.

Dr. Amit Mitra : Hon'ble Speaker Sir, I beg to move that the West Bengal Appropriation (Vote on Account) (No.2) Bill, 2011, as settled in the Assembly, be passed.

The motion was then put and agreed to.

GOVERNMENT RESOLUTION UNDER ARTICLE 169

Mr. Speaker : I call upon Shri Partha Chatterjee to move his resolution.

Shri Partha Chatterjee : Hon'ble Speaker Sir, I beg to move that this House resolves that the Legislative Council be created for the State of West Bengal under Article 169 of the Constitution of India. অনারেবল স্পীকার স্যার, আমি এই রেজিলিউশন মুভ করলাম। সকলকে অনুরোধ করছি যাতে এই সভায় এটা অনুমোদিত হয়। আমার মূল বক্তব্য আমি সবার শেষে রাখব।

[3.00–3.10 p.m.]

শ্রী সুভাষ নস্কর : মাননীয় অধ্যক্ষ মহোদয় আজকে আমরা যাঁরা এই হাউসের সদস্য, আমরা সবাই একটা ঐতিহাসিক মুহূর্তের সাক্ষী। আর এই দিনটা, আমাদের বিরোধী দলের আরো একজন মাননীয় সদস্য হয়তো বলতে চাইছিলেন, বিষয়টা এত গুরুত্বপূর্ণ। '৬৯ সালে এই হাউসে বিধান পরিষদটা বাতিল করা হয়েছিল ঐকমত্য সিদ্ধান্তের ভিত্তিতে। আমাদের একটু জানতে ইচ্ছা হচ্ছে কী কার্যকারণে আবার এতগুলো বছর পরে নতুন করে এই রাজ্যে

তার পুনরাবির্ভাব ঘটছে ? সুতরাং এটা একটা ঐতিহাসিক মুহূর্ত। মাননীয়া মুখ্যমন্ত্রী আছেন এবং আমরা নিঃসন্দেহে খুশিহব যদি সুনির্দিষ্টভাবে সেই ব্যাখ্যাগুলো এখানে উপস্থাপিত করা হয়। আমরা জানি এই হাউসে বিপুল সংখ্যাগরিষ্ঠতা নিয়ে এই সরকার বহু বছর পরে এখানে অবতীর্ণ হয়েছে। অনেক আশা, অনেক প্রত্যাশা, অনেক প্রতিশ্রুতি এগুলো আছে। আমরা যতটা পারব সহযোগিতা করব আমাদের পক্ষ থেকে, বামফ্রন্টের পক্ষ থেকে। এ ব্যাপারে এই হাউসে বলেছি, বাইরেও বলেছি। সুতরাং সংখ্যাগরিষ্ঠতার দিক থেকে সরকার মোটেই বিপন্ন নয়, ওভার মেজরিটি। সেইদিক থেকে এমন তো কোনো কথা নয় যেখানে এই বিধানসভায় কোনো একটা বিশেষ বিষয়ে আলোচিত হওয়ার সংখ্যাগরিষ্ঠতা হারাবে সেই কারণে অন্য আরেকটা স্থলে, বিধানপরিষদে আলোচনা করে, আরেকটা কক্ষে আলোচনা করে, সেখান থেকে কিছুটা জনমত তৈরি করে নেওয়া, অনুমোদন করিয়ে নেওয়া—এটা বোঝায় না।

দ্বিতীয়ত, অতীতের অভিজ্ঞতা আমাদের নেই। যাঁরা সেই সময়ের সদস্য ছিলেন তাঁদের বক্তব্য আমরা দেখেছি, পড়েছি। এই বিধানসভার পুরনো রেকর্ড দেখে আমরা, সদস্যরা জানতে পারছি যে কী আলোচনা হয়েছিল, কী কারণে বিধানপরিষদ তৈরি হয়েছিল আর কী কারণে অ্যাবোলিশ হয়েছিল। খুব পরিষ্কারভাবে যে কথাটা সর্বজনবিদিত তা হচ্ছে, প্রতিভাবান কিছু ব্যক্তিত্বের এই বিধানপরিষদে আসা দরকার যাঁরা বিধানসভায় আসতে পারেননি, সক্ষম হননি। যাঁরা প্রত্যক্ষ রাজনীতিতে আসতে ইচ্ছুক নন অথচ তাঁদের প্রতিভা এই রাজ্যের ক্ষেত্রে, এই প্রশাসনের কাছে খুবই অপরিহার্য। সেইরকম মানুষের সংখ্যা তো এখানে বহু বহু আছে। আমি আগেও উল্লেখ করেছি, রিপিট না করাই ভালো। এখানে আই.পি.এস. মহাশয়রা আছেন, আই.এ.এস মহাশয়রা আছেন, সুদক্ষ আমলা, দীর্ঘকাল ধরে যাঁরা এই রাজ্যের প্রশাসনের দায়িত্বে ছিলেন, কাজের অভিজ্ঞতালব্ধ মানুষরা আছেন। কবি আছেন, সাহিত্যিক আছেন, নাট্যকার আছেন, শিক্ষক-অধ্যাপক, অভিনেতা-অভিনেত্রী, শিল্পী-শিল্পপতি—কে নেই ? সুদক্ষ রাজনীতিবিদ আছেন। এখানে আছেন সুদক্ষ অর্থনীতিবিদ। এখানে আছেন ডাক্তার, ইঞ্জিনিয়ার। আর আছে দল ও ধর্মমত নির্বিশেষে সকল শ্রেণির প্রতিনিধিত্ব। কে নেই ? কোথায় নেই ? তাহলে আর কী প্রয়োজন আছে ? ক্রিম অফ দ্য সোসাইটি এই হাউসে বিলংস করছে। আমরা আপনাদের খারাপ কথা বলছি না। কারণটা কী জানতে ইচ্ছা করে। কী কারণে একটা শ্বেত-হস্তী প্রসব করতে চাইছেন। সুনির্দিষ্টভাবে এইটুকু বললে আমরা খুশি হব।

আরেকটা বিষয় হল, এই রকম একটা বিধানপরিষদ আমাদের রাজ্যে নতুন করে আসার সময় বা তাৎক্ষণিক প্রয়োজনটা কখন দেখা দিচ্ছে ? যখন আমরা দেখছি যে রাজ্য সরকার বিপন্ন বোধ করছে আর্থিক পরিকাঠামো ভেঙে গেছে বলে। বিশেষ প্যাকেজের জন্য মাননীয়া মুখ্যমন্ত্রী, মাননীয় শিল্পমন্ত্রী এবং অন্যান্য মন্ত্রীরা রাজ্যের কাজ রেখে দিল্লিতে ছুটছেন বিশেষ প্যাকেজের জন্য এই রাজ্যের অর্থনৈতিক পরিকাঠামোকে তুলতে। ধন্যবাদের বিষয়। তাঁরা চেষ্টা করছেন। এই রকম একটা মুহূর্ত, রাজ্য যখন বিপন্ন এবং নিজেদের ঘোষিত,

বলছেন, 'বিপন্নতা এসেছে রাজ্যের মানুষের স্বার্থে দাঁড়াতে গেলে একটা বিশেষ প্যাকেজ দরকার।' আমরা জানি না, সেইরকম সময়ে এটা কি সম্পূর্ণ অপ্রয়োজনীয় নয়, সম্পূর্ণ অযৌক্তিক নয়, সম্পূর্ণ ব্যয়বহুল নয়, আরো বলতে পারি সম্পূর্ণ বিলাসিতা নয় কি ? কেন, কেন এই শ্বেত-হস্তী প্রসব ? প্রয়োজনটা কোথায় ? মাননীয় অধ্যক্ষ মহোদয় আমি আপনাকে বলতে পারি যে, এইরকম আর একটা হাউস তৈরি হবে, সংখ্যায় কম। সমস্ত রকম সুযোগ সুবিধা সেই কক্ষের, সেই হাউসের সদস্যেরা তাঁরা পাবেন। তাঁদের জন্য আলাদা অ্যাকোমোডেশান, অ্যারেঞ্জমেন্ট সবটাই করতে হবে। সমস্ত পরিকাঠামো করতে হবে, চেয়ারম্যান করবেন, ভাইস চেয়ারম্যান করবেন, মন্ত্রী করবেন। সেখান থেকে ৮ জন, ১০ জনকে এখানে নিয়ে আসবেন, মন্ত্রিসভার পরিধি বাড়াবেন। সবটা মিলিয়ে কত খরচ হতে পারে ? শুধু তো নতুন করে পরিকাঠামো বাদ দিলে ১০০ কোটি টাকা আর্থিক ব্যয় বরাদ্দ বাড়াতে হবে প্রতি বছর। নট লেস দেন দ্যাট। আর আজকে যদি আর একটা এই রকম কক্ষ তৈরি করেন, এরকম ঐতিহ্যপূর্ণ বিল্ডিং, ঐতিহাসিক বিল্ডিং, এখানে যদি জয়েন্ট সভা, যৌথ সভা করতে হয়, কোথায় এর স্থান, কোথায় এর পরিধি, কোথায় এর পরিকাঠামো, আগে থেকে আমরা ভাবিনি, আলোচনা করিনি, এমনকি তাদের বসার জায়গাটা কোথায় আছে, জানি না। ওখানে যে পুরনো দিনের কাউন্সিল হাউসটা আছে, কত তার সিট সংখ্যা, ৬০ বা ৬২ এইরকম হবে, তার বেশি নয়। সুতরাং সবটা মিলিয়ে একেবারে পরিকাঠামোর অভাব। কি উদ্দেশ্য এর ? মহৎ উদ্দেশ্যটা কোথায় ? এর পিছনে কি লুকিয়ে আছে ? আমরা জানি, যাঁরা নির্বাচনে পরাজয় বরণ করেছেন, হয়তো এমন কিছু নিজের মানুষ, মনের মানুষ তাঁদেরকে নিয়ে আসতে হবে। এখানে এস্টাব্লিস করতে হবে। একটা পদ দিতে হবে। যেটা প্রকাশ্যে না হলেও পরোক্ষে প্রতিশ্রুতি ছিল, দায়বদ্ধতা ছিল। বিধানসভার কাছে দায়বদ্ধ মন্ত্রিসভা। বিধান পরিষদের কাছে দায়বদ্ধতা নেই। সুতরাং আরও কিছু মানুষকে এনে দেওয়া। পদ সৃষ্টি করা। মন্ত্রী করতে পারা যায়নি এমন কিছু মানুষ এই হাউসের বাইরে রয়ে গেছেন। অজস্র প্রতিশ্রুতি তো, এক মাস আগে যাঁরা দলে এসেছেন একটা দল ছেড়ে, তাঁদের স্থান কারোর বা হয়েছে, কারোর বা হয়নি। অতীতে যাঁরা বামফ্রন্ট ছেড়ে চলে গেছেন, বামফ্রন্টের বিরুদ্ধে চলে গেছেন, দল ছেড়ে এ দলে চলে এসেছেন, তাঁদেরও হয়তো একটা প্রতিশ্রুতি দেওয়া আছে, এখন পারলাম না, পরবর্তীকালে দেব। মহামান্য রাজ্যপালকে শ্রদ্ধা জানিয়ে বলছি, তিনি ঘোষণা করেছেন এখন শপথ নেবেন মাননীয় সদস্য, তাঁর নামটা বলার পরে আর দেখা গেল মাননীয় সদস্য মাথাটা নিচু করে চলে এলেন, শপথ বাক্য পাঠ করানো হল না। এত হয়েছে, আমি নিচ্ছি না, আপনাদের নিতে হবে। সুতরাং উদ্দেশ্যটা কি ? উদ্দেশ্যটা কত মহৎ। আর যাঁরা জেতেননি তাঁদের কথা বললাম। কি কাজ হবে ? বিধান পরিষদে কি কাজ হবে ? আমরা এইটুকু বলতে পারি বিধানসভার কাজকর্ম পর্যালোচনা....

...(গোলমাল)...

এই কক্ষের সদস্যরা, আমরা যা কাজ করেছি তারই পর্যালোচনা এখানকার কোনো বিল নিয়ে আলোচনা, সমালোচনা। আজকের সময়টা কম, এই দু ঘণ্টার আলোচনাতে বলা

যাবে না। এইজন্য শুধু একটা বিষয় স্মরণ করে দিতে চাই। শেষ কথা, আপনাদেরই নেতা, যাঁরা এদিকে এবং এদিকে সকলের নেতা। এই রাজ্যের এককালের মুখ্যমন্ত্রী, বিরোধী দলের নেতা সিদ্ধার্থশঙ্কর রায় মহাশয়, তিনিও ১৯৬৯ সালে এই মহতী সভায় তাঁর বক্তব্যটা শুধু পড়ে দেবেন। সময়ের অভাবে আমি পড়তে পারলাম না। তিনি অকপটে স্বীকার করেছেন, আমাদের মতো পশ্চিমবঙ্গ রাজ্যে শ্বেত-হস্তী পোষা উচিত নয়। (এই সময়ে মাইক অফ হয়ে যায়)

[3.10–3.20 p.m.]

শ্রী মহঃ সোহরাব : মাননীয় স্পীকার স্যার, মাননীয় সংসদীয় মন্ত্রী আমাদের পশ্চিমবাংলায় বিধান পরিষদ আবার ফিরিয়ে আনার জন্য যে প্রস্তাব নিয়ে এসেছেন আমি তাকে সমর্থন করে দু-একটি কথা বলছি। সুভাষ নস্কর মহাশয় বললেন, আজ থেকে ৪২ বছর আগেকার কথা। ১৯৬৯ সালের ১লা আগস্ট এই সভাতে বিধান পরিষদ অবলুপ্ত হয়েছিল আমি তখন সেই সভার একজন সদস্য। ১৯৬৯ সালের ১লা আগস্ট আমরা তখন সেই সময় যে রাজনৈতিক পরিস্থিতি সেই পরিস্থিতি অনুযায়ী সিদ্ধার্থশঙ্কর রায় বিশ্লেষণ করে আমরা বলেছিলাম যে হ্যাঁ, আমরাও মত দিলাম। আপনাদের বক্তব্য রেখেছিলেন যতীন চক্রবর্তী মহাশয়। আমরা জনগণের মত নিয়ে এসেছি, আমাদের নির্বাচনী ইস্তাহারে ছিল যে বিধান পরিষদ তুলে দেব। আমরা মেজরিটি হয়েছি অতএব সেই নির্বাচনী ইস্তাহার অনুসারে আমরা বিধান পরিষদ তুলে দিচ্ছি। আর আজকেও সেই একই কথা। আমাদের জোট সঙ্গী তৃণমূল কংগ্রেসের যে ইস্তাহার তাতে বলেছে আমরা জয়লাভ করলে আমরা বিধান পরিষদ নিয়ে আসব। সুতরাং তারা সেই নির্বাচনী ইস্তেহার অনুসারে তারা করতে আসছেন আমরা সেই প্রস্তাব সম্পূর্ণরূপে সমর্থন করছি। মাননীয় স্পীকার স্যার, গণতন্ত্রে আপার হাউস থাকবে কি থাকবে না এই নিয়ে যাঁরা বিশেষজ্ঞ বিভিন্নভাবে বিভিন্ন মত দিয়েছেন এবং এটাই নিয়ম যে Experts always differ. আজকে গোটা পৃথিবীতে যতগুলি গণতান্ত্রিক দেশ আছে তার মধ্যে ৭৫ ভাগ দেশে বাই-ক্যামেরা, দুটো করে কক্ষ আছে। ইংল্যান্ডে আছে, আমেরিকায় আছে, আয়ারল্যান্ডে আছে, সুইজারল্যান্ডে আছে এমনকি ইউ.এস.এস.এ.-তে আছে যেটা ছিল সোভিয়েত রাশিয়া সেখানেও দুটো হাউস ছিল এবং এখনও আছে। সুতরাং এটা একটা বিশেষজ্ঞদের মত। আমাদের দেশে যদি আমরা ইতিহাস দেখি দেখব ১৯৩৫ সালে যে ইন্ডিয়া অ্যাক্ট পাশ হয়েছিল তার মূল ভিত্তি অনুসারে আমাদের ভারতবর্ষের মধ্যে বিশেষ করে বাংলাদেশে দুটো হাউস সৃষ্টি হয় ১৯৩৭ সালে। সেখানে সিদ্ধান্ত হয়েছিল ৬০নং ধারায় কতগুলি স্টেটে তার মধ্যে বাংলাদেশ, অসম, ইউ.পি., মাদ্রাজ—এগুলোতে দুটো করে হাউস থাকবে। সেই অনুসারে ১৯৩৭ সাল থেকে আমাদের বাংলাদেশে দুটো হাউস চালু হয়। ভারতবর্ষ স্বাধীন হল constituent assembly এই নিয়ে অনেক আলোচনা হয়েছিল দুটো কক্ষ থাকবে কি থাকবে না। আমি একটু আগে বললাম, Experts always differ. শেষ পর্যন্ত সিদ্ধান্ত হয়েছিল constituent assembly-তে যে কয়েকটি প্রদেশে দু কক্ষ থাকবে এবং সঙ্গে সঙ্গে একটা ফ্লেক্সিবেল রেজিলিউশান হয়েছিল যে রাজ্যে দু কক্ষ থাকবে না সেই

অ্যাসেম্বলিতে যদি টু-থার্ড মেজরিটি নিয়ে একটা রেজিলিউশান করে যদি বলে যে আমাদের বিধান পরিষদ হবে সেটা পার্লামেন্টে যাবে, সেটা আইন পাশ করে হবে। আবার যদি কোনো অ্যাসেম্বলি মনে করে না আমাদের আছে আমরা উঠিয়ে দেব সেই প্রভিশানও থাকল This flexible section was adopted in the constituent assembly. আমাদের বাংলাদেশে সেখানে সিদ্ধান্ত হল বাংলা, মহারাষ্ট্র, মাদ্রাজ এইগুলোতে দু কক্ষ থাকবে। ১৯৬৯ সালে অন দি বেসিস অফ দ্যাট সেকশান ১৬৯ আমাদের এই পশ্চিমবাংলায় তৎকালীন যুক্তফ্রন্ট সরকার যে অবস্থার সৃষ্টি করে এসেছিল, যেভাবে তারা করেছিল আর আজকে তারা বলছে এখানে আমাদের সঙ্গে আলোচনা করার কথা। ওরাও তখন কোনো আলোচনা করেনি, কিছু আলোচনা করেননি যতীন চক্রবর্তী মহাশয়। তিনি সঙ্গে সঙ্গে সেই মোশানটা হাউসে প্রেস করেছিলেন, কংগ্রেস সেটাকে সাপোর্ট করেছিল সেই পরিস্থিতি অনুযায়ী। আজকে গোটা ভারতবর্ষের সঙ্গে পশ্চিমবঙ্গেও অনেক রাজনৈতিক পরিবর্তন হয়েছে। আমরা যে এসেছি এই অ্যাসেম্বলিতে আমরাই কিন্তু শেষ কথা নয়। আমাদের এর আগেও যে বিধান পরিষদ ছিল, সেখানে সুনীতি চ্যাটার্জির মতো লোক ছিলেন বিধান পরিষদে। আমাদের শিক্ষা আন্দোলনে সত্যপ্রিয় রায়, অনিলা দেবী তাঁরা ছিলেন। সেখানে প্রমথনাথ বিশীও ছিলেন, সুতরাং সেই সমস্ত মানুষের তাঁদের মতামতের একটা দাম ছিল। সেই মতগুলো কাজে লাগানো হয়েছিল। তাই আজকে বিভিন্ন সেকশানের যাঁরা মানুষ, যাঁরা ডাইরেক্ট এই পলিটিক্সে আসছেন না, ডাইরেক্ট ভোটে আসতে চাইছেন না, তাঁদেরকে আমরা যদি বিধান পরিষদের মাধ্যমে, সেখানে তো আরও অন্য কনস্টিটিউয়েন্সি থাকবে। সেখানো তো টিচার্স কনস্টিটিউয়েন্সি থাকবে, আমাদের এম.এল.এ.-দের মধ্যেও থাকবে আরও জেলা পরিষদের দিক থেকেও বোধহয় থাকবে। সুতরাং সেখান থেকে বিভিন্ন স্তরের মানুষ তাঁরা এসে একটা হাউস তৈরি করে দেবেন, সেখান থেকে সেই সমস্ত মানুষের আমরা যদি মতামত পাই, তাঁদের সাজেশান পাই তাহলে গণতন্ত্র শক্তিশালী হবে। এই পদ্ধতিতে সারা পৃথিবীতে আজকে ৭৫ ভাগ দেশে যেখানে গণতন্ত্র আছে, সেখানে বাই ক্যামেরাল হাউস হয়েছে। সুতরাং এই পদ্ধতি ধরে আমাদের পশ্চিমবঙ্গে বর্তমানে অনেক বুদ্ধিজীবী মানুষ বাইরে আছেন, অনেক বিদ্বজ্জন আছেন তাঁদেরকে দিয়ে আমরা যদি পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে বিধান পরিষদ তৈরি করতে পারি তাহলে নিশ্চয় আমরা উপকৃত হব। সুতরাং সেই কারণে আমাদের মাননীয় মন্ত্রী যে মোশান নিয়ে এসেছেন সেটা আমি সাপোর্ট করে আমার বক্তব্য শেষ করছি। ধন্যবাদ।

শ্রী উদয়ন গুহ : মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে যে মোশান পেশ করা হয়েছে তার কোনো কাগজ আমরা হাতে পাইনি। স্বাভাবিকভাবেই কি কারণে বিধান পরিষদ নতুন করে তৈরি হচ্ছে সেখানে সরকারের দৃষ্টিভঙ্গি কি সেটা বিশদভাবে আলোচনা করা যাবে না। মাননীয় সোহরাব সাহেব উচ্চকক্ষ থাকবে কি থাকবে না এই গণতন্ত্রে, আমি এই ব্যাপারে ফরাসি বিশিষ্ট চিন্তাবিদ এবং সংবিধান বিশেষজ্ঞ অ্যাঁভিয়েযের মতামত তুলে ধরছি। তিনি বলেছেন উচ্চকক্ষ যদি নিম্নকক্ষের সঙ্গে সহমত পোষণ করে তাহলে সেটা হাস্যকর এবং অপ্রাসঙ্গিক, অনাবশ্যক। আর যদি সহমত পোষণ না করে তাহলে সেটা ক্ষতিকর। ওই একটি

মতামতের মধ্যে দিয়ে বোঝা যায় উচ্চকক্ষের প্রয়োজন আছে কি নেই। পশ্চিমবাংলায় নতুন সরকার হয়েছে, সেই সরকার কাজ শুরু করেছে। সেই সরকারের একটা দৃষ্টিভঙ্গি আছে। আমরা তার সমালোচনা করছি না, যদি কেউ সমালোচনা করেন সেটা শুনবেন না। মাননীয়া মুখ্যমন্ত্রীর নেতৃত্বে সরকার কাজ শুরু করেছেন। তাঁরা একটা গতি চাইছেন। মাননীয়া মুখ্যমন্ত্রী বারবার বলছেন কাজ অবিলম্বে করতে হবে, ৩৪ বছরে পশ্চিমবাংলা পিছিয়ে গেছে। সেই কাজ এখনই শেষ করতে হবে। আমরা দেখেছি সিঙ্গুরের জমি অনিচ্ছুক কৃষকদের দেবার জন্য বিল হল, বিল পেশ করা হল, বিল পাশ করা হল। রাজ্যপালের সই হল, আইন হল, এবং সাতদিনের মধ্যে প্রাথমিকভাবে অনিচ্ছুক কৃষককে জমি ফেরত দেওয়ার কাজও শুরু হয়ে গেছে। কাজ শুরু হয়েছে। এই যে এতটা প্রক্রিয়ার মধ্যে দিয়ে গেছেন কোথাও কি মনে হয়েছে বিধান পরিষদের প্রয়োজন ছিল এবং যদি বিধান পরিষদ থাকত তাহলে এই বিলটি বিধানসভায় পাশ করে বিধান পরিষদে পাঠাতে হত, সেখানে আলোচনা হত। তারপরে রাজ্যপালের কাছে যেত। দুই দিন সময় আরো বেশি লাগত। এই সময়ের অপচয়ের থেকে রক্ষা পেয়েছে যেহেতু আমাদের রাজ্যে বিধান পরিদে নেই। মাননীয়া মুখ্যমন্ত্রী তাঁর বক্তব্যে বারবার বলেছেন, মাননীয় অর্থমন্ত্রী Vote on account-এ বলেছেন যে আমাদের রাজ্যের অর্থনৈতিক পরিস্থিতি শোচনীয়। কেউ কেউ বলেন একটা নবজাতক নাকি ২১ হাজার টাকা ঋণ নিয়ে জন্মায়। আর একটা বাড়তি খরচ। কেন্দ্রের সরকার পেট্রো পণ্যের দাম বাড়িয়ে দিলেন। মধ্যবিত্তের ভার কিছুটা লাঘব করবার জন্য গ্যাসের সিলিন্ডার থেকে ১৬ টাকা দাম আমাদের কমাতে হল। মাননীয়া মুখ্যমন্ত্রী সেটাও খুব তাড়াতাড়ি করলেন। ভাল কাজ করেছেন। সেটা সমর্থন করেছি। তার জন্য ৭৫ কোটি টাকা বাড়তি খরচ। এত অর্থনৈতিক সংকট, এত বাড়তি দায় তারপরেও আজকে এই যে সুভাষবাবু বলেছেন শ্বেতহস্তী পোষার ব্যবস্থা হচ্ছে। আমি আর তার মধ্যে যাচ্ছি না। এই কারণটা কি ? কিসের জন্য এটা করা হচ্ছে ? আমি মনে করি যে আমাদের এই দেশে যে গণতান্ত্রিক বিধি ব্যবস্থা এটা ব্রিটিশ আমল থেকে চলছে। পুরো ব্যাপারটাই হয়েছে ব্রিটিশ পার্লামেন্টের ধাঁচে—লোয়ার হাউস, আপার হাউস। রাজ্যে রাজ্যে বিধান পরিষদ তৈরি করা হয়েছিল। ব্রিটিশ শাসককুল তাদের বশংবদ সাম্রাজ্যবাদের তাবেদার, তাদেরকে পুরস্কৃত করবার জন্য বিভিন্ন আপার হাউসে তাদের মনোনীত করা হত। আমার আশংকা কোথাও কি এই ধরনের মানসিকতা কাজ করছে এই প্রস্তাবটা আনবার ক্ষেত্রে। না হলেই ভাল। কিন্তু এটা যদি হয় তাহলে সময় এবং অর্থ এই দুটোরই অপচয় হবে। আমরা পিছিয়ে পড়ব। আমি স্যার, আপনার মাধ্যমে মাননীয়া মুখ্যমন্ত্রীকে বলব উনি ভাল শুরু করেছেন। কাজ তো করছেন, গতি আনতে চাইছেন, স্বচ্ছতা আনতে চাইছেন, অর্থের অপচয় বন্ধ করতে চাইছেন। পাশাপাশি আজকের এই যে মোশান, এই যে গতি, স্বচ্ছতা, অপচয় এইগুলিতে গতি আনতে হবে, স্বচ্ছতা রাখতে হবে, অপচয় বন্ধ করতে হবে, আবার পাশাপাশি বিধান পরিষদ চালু করতে হবে। আমার মনে হয় মাননীয়া মুখ্যমন্ত্রীর কর্মপদ্ধতি এবং তাঁর জীবন ধারা এর সাথে আজকের প্রস্তাবটি মানানসই নয়। আমি আপনার মাধ্যমে মাননীয়া মুখ্যমন্ত্রীকে আবেদন করব শিল্পমন্ত্রী, পরিষদীয় মন্ত্রীর সঙ্গে কথা বলে এই প্রস্তাবটা যাতে পুনর্বিবেচনা করা হয় তারজন্য ব্যবস্থা গ্রহণ করবেন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি, ধন্যবাদ।

[3.20–3.30 p.m.]

শ্রী সুব্রত মুখার্জী : মাননীয় অধ্যক্ষ মহোদয় আজকে আরো একটা রাজনৈতিক যুগসন্ধিক্ষণে আমরা এসে দাঁড়িয়েছি। এটা ঠিক যে সংসদীয় গণতন্ত্রের এই পদ্ধতি এবং প্রক্রিয়া নিয়ে সারা পৃথিবীতেই আলোচিত হচ্ছে এবং ভবিষ্যতে হবেও। একদল পক্ষে থাকবেন এবং একদল হয়তো বিরোধিতাও করবেন কিন্তু আমি কয়েকটা গুরুত্বপূর্ণ কথা—বিশেষ করে বিরোধী দল, তাদেরকে স্মরণ করিয়ে দিতে চাই, সময় অনেক কিছু বদলে দেয় চিন্তার রূপরেখাকে—আপনাদেরকেও দিয়েছে। আপনারা শুনলে চেঁচাবেন, একটু আগে অর্থমন্ত্রী বললেন—নেতাজিকে আপনারা 'তোজোর কুকুর' বলেছিলেন, কিন্তু পরে সময় আপনাদের বলে দিয়েছিল ওটা ভুল করা হয়েছে। আপনারা রবীন্দ্রনাথকে 'বুর্জোয়া কবি' বলেছিলেন, পরে সময়ই আপনাদেরকে বুঝিয়ে দিয়েছিল এবং আপনারা স্বীকার করেছেন যে, না, উনি বুর্জোয়া কবি নন। স্বামী বিবেকানন্দকেও আপনারা 'প্রতিক্রিয়াশীল' বলেছিলেন কিন্তু পরবর্তীকালে ইতিহাস আপনাদের দিয়েই বলিয়ে দিয়েছিল যে উনি প্রতিক্রিয়াশীল ছিলেন না। একটা সময় ছিল যখন এই ধরনের কথা প্রসঙ্গে উঠেছিল যে, কাউন্সিল বা পরিষদ থাকার দরকার নেই এবং বিক্ষিপ্তভাবে অনেকগুলো রাজ্যে উঠেও গিয়েছিল। সুভাষবাবু একটু উল্লেখ করবার চেষ্টা করলেন শ্রদ্ধেয় সিদ্ধার্থশংকর রায়ের কথা, সেটা সময়ের কথা। সিদ্ধার্থবাবুকে আমরা সিদ্ধার্থদা বলতাম, উনি একটা কথা বলেছিলেন পরিষ্কার করে যে, বিচ্ছিন্নভাবে সংসদীয় গণতন্ত্রের যদি একটা ফান্ডামেন্টাল—মৌলিক পরিবর্তন করতে হয়, তাহলে দু-একটি রাজ্যে পরিষদ তোলা অথবা রাখা—এটা নতুন কোনো আলো দেখাবে না, যদি তুলে দিতে হয়, তাহলে রাজ্যসভা থেকে আরম্ভ করে আর একেবারে তলা পর্যন্ত তুলে দিতে হবে। আমি উল্লেখ করতে চাই, কোন বিপদের সামনে দাঁড়িয়ে আছি—বিশেষ করে বামপন্থীরা। বিপদটা এই সময়ে কেন ? দেখছেন না আজকে বহু সাম্রাজ্যবাদী বিদেশি শক্তি, তারা ভারতবর্ষকে আবার একবার ধাক্কা দেওয়ার জন্য কখনও লিবিয়ায় সেনা নামাচ্ছে আবার কখনও ভারতবর্ষের বুকে সিভিল সোসাইটির নাম করে লেলিয়ে দিয়ে প্যারালাল গভর্নমেন্ট—ইলেকটেড গভর্নমেন্টের প্যারালাল গভর্নমেন্ট দাঁড় করাচ্ছে। আমি শুধু এটুকু বলছি বিপদটা কত তীব্র। আমি বামপন্থীদের কাছে আরও বেশি করে আশা করব উপলব্ধির। আপনারা কথায়-কথায় যাদের সাম্রাজ্যবাদী শক্তি বলেন—ভারতবাসীর একটা দুর্বলতম জায়গা হল তাদের নিজ-নিজ ধর্ম, সংস্কৃতি, তাদের ঐতিহ্য, তাদের মৌলিকত্ব, আজকে সেই মূল জায়গায়টায় ওই অন্য দেশে অন্য কায়দায় আঘাত, আর ভারতবর্ষের ক্ষেত্রে প্রথমে এইভাবে আঘাত করা হচ্ছে। সেই আঘাতকে আজকে আপনারা কি সরিয়ে আনবার একটা প্রক্রিয়া সংসদীয় গণতন্ত্রের সাথে যুক্ত যারা তারা ভাবব না ? আজকে সময়ের সেই পরিবর্তন কি হবে না ? আজকে কি একথা বলবেন না যে, সিভিল সোসাইটি যদি মনে করেন অনেক কিছু অন্যায় হচ্ছে, তাহলে সংসদীয় গণতন্ত্রে আঙুল দিয়ে দেখিয়ে দিয়ে গেছে—যাও চলে যাও, টু থার্ড মেজরিটি নিয়ে যদি জনপ্রিয়তাই থাকে নির্বাচিত বিধানসভা লোকসভা দখল কর, তারপর সংবিধান পরিবর্তন করে যা ইচ্ছে সিদ্ধান্ত গ্রহণ করা হোক। কিন্তু সংসদীয় গণতন্ত্রে প্যারালাল গভর্নমেন্ট দাঁড় করার কোনো প্রক্রিয়া হয় না। আমি মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীকে

প্রশংসা এবং তাঁকে ধন্যবাদ দেব শুধু তাই নয়, কৃতজ্ঞতাও জানাব। এই কৃতজ্ঞতা রাজনীতি বা দলীয় স্বার্থে নয়, সে আমরা বহুবার আমাদের দলের মধ্যে জানাতে পারি। আমি কিন্তু মনে করিয়ে দিতে চাই, নির্বাচনের অনেক আগে থাকতেই বহু সমাজের মানুষকে—যেটা সুভাষবাবু মেনশানও করেছেন, হয়তো ব্যঙ্গ করেই—শিল্পী, সাহিত্যিক, নাট্যকার, আই.এ.এস. অফিসার, প্রশাসক, আই.পি.এস.—তাদের নিয়ে এসেছেন। এই নিয়ে অনেকে ব্যঙ্গ করেছেন, অনেকে করার চেষ্টা করেছেন। কিন্তু একবারও ভাববেন না আমাদের ক্রেডিবিলিটি কোন জায়গায় গিয়েছে সোসাইটিতে ? আমরা যারা রাজনীতি করি বলি, আমি কোনো পার্টি বলছি না, আমাদের ক্রেডিবিলিটি ক্রমশ তলার দিকে যাচ্ছে।

[3.30–3.40 p.m.]

সেই credibility যদি উঁচুতে নিয়ে যেতে হয় তাহলে সমাজের সব স্তরের মানুষকে আমাদের মধ্যে নিয়ে আসুন এবং নিয়ে আসার প্রক্রিয়াটা মমতা ব্যানার্জী দেখিয়েছেন। অনেক সময় এই পেশায় যুক্ত মানুষেরা, তারা সরাসরি আমাদের অনেকের মতো পোস্টার মেরে ওঠেন না বা মিছিল করে হয় না। তাদের একটা এভিনিউজ দিতে হয় এই মূল স্রোতে আসার জন্য। যার জন্য উনি অনেককে নিয়ে এসেছেন সদস্য করে আপনাদের হারিয়ে দিয়ে। এটাতে শুধু মমতা ব্যানার্জী উপকৃত হননি, জেনারেল পলিটিক্সে একদিন ইতিহাস কৃতজ্ঞচিত্তে স্বীকার করবে, তারই জন্য আজকে জেনারেল পলিটিক্সটা আবার অচ্ছুত অবস্থা থেকে স্বীকৃতির অবস্থার দিকে যাবে। আজকে আপনারা ভাববেন না ? আপনারা যখন যুক্তফ্রন্ট করেছিলেন, আপনারাও পরিবর্তনের ডাক দিলেন। কি পরিবর্তন করলেন ? রেগে যাবেন না। এসে পরিবর্তন করলেন শহিদ মিনারের ডগাটা লাল করে দিলেন। তারপরে পরিবর্তন কি করলেন ? কলকাতায় যত ঐতিহ্য সম্পন্ন স্ট্যাচু ছিল, বিপ্লব করবার জন্য সেগুলো রাতারাতি ভেঙে-চুরে, সমস্ত বড় বড় এক একটা স্ট্যাচু মাইকেল অ্যাঞ্জেলোর মতো মূল্যবান সামগ্রী, সেইসবগুলোকে নিয়ে ডাম্পারে গিয়ে ড্যাম্প করে ফেলে দিয়ে চলে এলেন। বিপ্লব শেষ। বিপ্লব দীর্ঘজীবী হও। আপনারা এই পরিবর্তন করলেন। আর পরিবর্তন কাকে বলে, আর সামগ্রিক রাজনীতি কি করে বাঁচিয়ে রাখতে হয় তার চিহ্ন রেখে গেলেন তৃণমূল কংগ্রেস এবং কংগ্রেস জোট সরকার। এর সামনে দাঁড়িয়ে একটা কথা বলতে পারেন সুভাষবাবু আপনার হৃদয় রাজ্যে টাকা খরচ হবে। আপনি কি এটাতে অহঙ্কার করেন না ? আপনি দীর্ঘদিনের মন্ত্রী এবং এম.এল.এ.। এটা কি আপনার অহঙ্কারের বস্তু নয় ? সারা ভারতবর্ষে যত জায়গায় এম.এল.এ. বা বিধায়ক আছেন, পশ্চিমবঙ্গে এখনও—আমি মন্ত্রী হিসেবে মাইনে পাই ৭৫০০, আমার ডি গ্রুপের যে জল দেয় সে পায় ৭১০০। That is the beauty of the West Bengal Legislative System. আমি কাউকে ক্রেডিট, ডিস ক্রেডিট দিচ্ছি না, এখনও আমরা মাথা উঁচু করে বলতে পারি আমাদের এম.এল.এ.-রা যা পায়, আজ হায়দ্রাবাদে যান, ত্রিপুরা যান এইরকম কষ্টের মধ্যে দিয়ে কোনো এম.এল.এ. আজকের দিনে থাকে না। মিনিমাম প্রাইস নিয়ে সব দলের বিধায়করা মানুষের সেবা করতে আসে। আজকে প্রাক্তন স্পীকার ফতোয়া দিয়েছেন ১০০ কোটি টাকা না কি খরচ হবে। আমি তো জানতাম

অর্থমন্ত্রী ড: অমিত মিত্র, উনি আবার বাইরে অর্থমন্ত্রী হয়ে গেছেন ? ১০০ কোটি টাকা ! কোন হিসেবে বললেন ১০০ কোটি টাকা ? কে বলল নৌসর আলি কক্ষে বসার জায়গা নেই ! আমরা জানি না, ওখানে একদিন পরিষদ ছিল ! দু-চারটি চেয়ার এদিক ওদিক করলে জায়গা হয়ে যাবে। আর জয়েন্ট সেশান না করলেও পরিষদ চালানো যায়। আমরা তো চাই, এটা আমাদের দলের এবং মুখ্যমন্ত্রীর ঘোষিত কমিটমেন্ট। আপনাদের এখানে যাচাই করতে আসার আগে ভোটের ইস্তাহারে লিখে যাচাই করে তারপর আমরা এই হাউসে এসেছি। পার্লামেন্টারি ডেমোক্রেসিতে বলুন তো কোন যাচাইটা বড় ? আপনাদের মতো ওই ৪৫টা লোকের কাছে যাচাই, না ৯ কোটি মানুষের কাছে যাচাই ? আমরা সেই যাচাই করে তারপর এখানে এসেছি। আমাদের মুখ্যমন্ত্রী নো কম্প্রোমাইজ, হাজার রকম বিরোধিতা যদি করেন, ওনার যে কমিটমেন্ট সিঙ্গুর থেকে আরম্ভ করে উত্তরবঙ্গের পাহাড় পর্যন্ত, যেখানে যা কমিটমেন্ট, কমিটমেন্টের সাথে কোনো কম্প্রোমাইজ কোনো আপস-রাজনৈতিক, অর্থনৈতিক অথবা সামাজিক করেননি, ভবিষ্যতেও করবেন না শুনে রাখুন। What may come—this is the attitude. কিচ্ছু পাচ্ছেন না, তখন বলছেন হ্যাঁ সবই ঠিক হয়েছে কিন্তু মুখ্যমন্ত্রী এত তাড়াতাড়ি করছেন কেন। বেতো ঘোড়ারা, তারা মুখ থুবড়ে পড়ে থাকে। টাট্টু ঘোড়ারা ছুটেই যায়। আমরা সেই সরকার যেখানে টাট্টু ঘোড়া, আমরা আরবি ঘোড়া, আমরা ছুটে যাই, আপনারা বেতো ঘোড়া, তাই ৩৫ বছরে মুখ থুবড়ে পড়ে আছেন। পরিষদ হলে চর্চা হবে। আমরা অনেক কিছুই জানি না। আমরা অনেকে মন্ত্রী হয়েছি, অনেকে এম.এল.এ. আছি, সবদিকে আমরা পণ্ডিত, কারো একথা ভাববার কারণ নেই। আমি আমার দপ্তরে দেখেছি একমাস ধরে শুধু ছাত্রদের মতো পড়তে হয়েছে—কোথায় আর্সেনিক, কি তার হয়, কোথায় জলে ফ্লোরাইড, তার কি হয়, কোথায় iron থেকে কি হয়। কোথায় জলের সোর্সকে কি বলে। পড়তে হয়, শিখতে হয়। তেমনি বহু ডিপার্টমেন্ট আছে, যেখানে অনেক পণ্ডিত মানুষ আছেন, বিজ্ঞ মানুষ আছেন যাঁরা সব কিছুর ঊর্ধ্বে গিয়ে আমাদের সহযোগিতা করতে পারেন, তাঁরা এই হাউসকে আরো বলিষ্ঠ করতে পারেন, অনেক সহযোগিতা করতে পারেন। ওটা একটা সহযোগী হাউস। টাকার দিক দিয়ে ওকে মাপলে চলবে না, এর ব্যবহারিক এবং গুণগত উৎকর্ষের দিকটা আপনাকে বিচার করতে হবে। আমি উদাহরণ দিয়ে বলি, আমাদের কিছু কিছু জায়গায় দুর্বলতা আছে। আমরা যারা নির্বাচিত হই, যেহেতু আমরা ভোটে আসি, আমরা অনেক জায়গায় না বলতে পারি না, অনেক বাধ্য-বাধকতা থাকে, অনেক জায়গায় সমর্থন করি বা করি না ভোটের অঙ্কে। কিন্তু ওই হাউসের লোকেরা নির্ভেজাল সাজেশন এবং বিতর্ক নিয়ে আসতে পারেন, হয়তো সেই বিতর্ক আপনাদের এখানে পাশ করা আটকাতে পারবে না, হয়তো সেই বিতর্ক আপনাদের অর্থনৈতিক শর্তে ফেলে দিতে পারবে না, কিন্তু তাদের মূল্যবান সাজেশন আমাদের সমৃদ্ধ করতে পারে। ১০০ টাকার বিনিময়ে আপনি যদি সমৃদ্ধ হন, তাহলে কত টাকা আর্ন হতে পারে। আমাদের একটা ভুলের জন্য যদি কোথাও ৫০০ কোটি টাকা নষ্ট হয়, ওদের শোধরানোর ফলে আমরা সেটা শুধরে দেব, কত টাকা বেঁচে যাবে। টাকা সংসদীয় গণতন্ত্রের পীঠস্থান নয়, গুণগত মান, উৎকর্ষই সবচেয়ে বেশি, সবচেয়ে বড়। আমি জানতাম না এটা

নিয়ে বিতর্ক হবে। কি করে বিতর্ক হচ্ছে আমি জানি না। তবে আমি আশা করব, বিশেষ করে বিরোধী দল এটা উপলব্ধি করবেন যে, সামনে অসম্ভব বিপদ শুধু পশ্চিমবঙ্গের নয়, সারা ভারতবর্ষের। যারা প্যারালাল গভর্নমেন্ট, সাম্রাজ্যবাদী চক্রান্ত করতে চায়, তাদেরই মমতা ব্যানার্জী নিয়ে এসে পরিষদে, তারা বাইরের নয়। সমাজের সব মানুষ আমাদের সংসদীয় গণতন্ত্রে একই জায়গার মানুষ এবং একই ভাবের মানুষ। সুতরাং ভাবের, মতের বিনিময় করে, আলোচনার বিনিময়ে, বিতর্কের বিনিময়ে যদি আরও শক্তিশালী করতে পারি। দেখুন তো আজকে, বোকা লোক ব্রিটিশরা ? যখন ম্যাড পার্লামেন্ট ছিল তখন থেকেই ওদের হাউস অফ লর্ডস ছিল। ১২০০ সালের সময়। তখন এটাকে দেখে বিশ্বের লোকেরা হাসত। তারপর ১৯০৯ সালে এখানে পর্যন্ত ব্রিটিশরা করেছে। তারপর এখনও আপনারা কি রেফারেন্স দেন ? মেস প্র্যাকটিস। আজকে মেস প্র্যাকটিস কাদের ? দ্যাট ইজ দ্য টেম্পল অফ দি পার্লামেন্টারি ডেমোক্রেসি। আজও ব্রিটিশদের রায়, তাদের কনস্টিটিউশনে লিখিত রায়। ইভেন দেন মেস প্র্যাকটিসকে ফলো আপ আমরা পর্যন্ত করি। আজকে সেখানে হাউস অফ লর্ডস নেই ? তারা গাধা ? তারা সংসদীয় গণতন্ত্রের কিছু বোঝে না ? আজকে এখানে যারা অপোজিশনে আছেন, তাঁরা কই প্রতিবাদ করে বলছে না তো—ইয়েচুরির দল এবং কারাত যাইতেও কাটে, আসতেও কাটে—তারা তো বলছে না আমরা রাজ্যসভায় যাব না, পদত্যাগ করলাম, রাজ্যসভাকে ভেঙে দাও। রাজ্যসভা থাকবে, আর পরিষদ গঠন করলেই ১০০ কোটি টাকা খরচ হয়ে যাবে, সর্বনাশ হয়ে যাবে ? আমি তাই এই প্রস্তাবকে পূর্ণ সমর্থন করছি এবং মনে করছি এটা একটা ঐতিহাসিক এবং রাজনৈতিক যুগ-সন্ধিক্ষণে এই ইতিহাসের জন্ম যিনি দিলেন সেই মমতা ব্যানার্জীকে ধন্যবাদ জানাই। নমস্কার।

শ্রী নাজমুল হক : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার অনুমতি নিয়ে এই যে রেজোলিউশন আজকে হাউসে আনা হয়েছে আমাদের রাজ্যের বিধান পরিষদ পুনর্গঠন করার জন্য, সেই সম্পর্কে সংক্ষেপে কয়েকটা কথা বলছি। আপনি তো সময় আমাদের বরাদ্দ করেছেন দু ঘণ্টা, কিন্তু বিষয়টি খুবই বিতর্কিত। এছাড়া আমাদের এই হাউসের প্রবীণ পার্লামেন্টারিয়ান মাননীয় মন্ত্রী সুব্রতদা কিছু বাড়তি কথা বলে ফেলেছেন বাড়তি সময় পেয়ে। এটা ঠিক আমাদের ৪৫ জনের সঙ্গে আলোচনায় বাড়তি গুরুত্ব নেই সংখ্যার বিচারে, কিন্তু রাজ্যের যে ৪১% মানুষ তাদের রাজনৈতিক সমর্থন দান করেছেন বিগত নির্বাচনে, তা যদি পদে পদে পদদলিত হয়, এই গণতন্ত্রের মর্যাদা বাড়ে না। আর দ্বিতীয় কথা স্যার, উনি এখনই সুনাম করছিলেন আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী। ওঁনাকে তো বিভিন্ন জায়গায় এই হাউসে বসতে দেখেছি আমি নিজে গত ২৫ বছরে। উনি মিউনিসিপ্যাল কর্পোরেশন চালাতেন টি.এম.সি.-র মেয়র হিসাবে, আর বিকেলবেলাতে কংগ্রেসের এম.এল.এ. হিসাবে ওখানে বসতেন। (গোলমাল) উনি কখনো বলতেন মাননীয়া মুখ্যমন্ত্রীকে [***], আর উনি বলতেন ওঁনাকে 'তরমুজ'। (গোলমাল)

*** অধ্যক্ষের আদেশক্রমে বাতিল

[3.40–3.50 p.m.]

মিঃ স্পীকার : এই কথাটা বাদ যাবে। যে শব্দটা উনি বললেন (***) বাদ যাবে। দ্যাট উইল বি এক্সপাঞ্জ।

শ্রী নাজমুল হক : স্যার, ব্যাপারটি হল যে এই ভারতের সংবিধানের আর্টিকল ১৬৯, ভারতীয় সংবিধানের এই অনুচ্ছেদ শুরু হয়েছে এবারে। The Parliament may, by law for the abolition or creation of the second chamber এইভাবে বলছে ফর অ্যাবলিশন অর ক্রিয়েশন। আমার কাছে এটা মিস্টিরিয়াস যে কেন আমাদের দেশের সংবিধান এইভাবে রাখা হল প্রথমে ফর অ্যাবলিশন, তারপরে বলা হচ্ছে অর ক্রিয়েশন এই কথা। এই যে স্যার ২৯ রাজ্যের ২২-২৩টিতে নেই, ১৯৫২ সালে এখানে শুরু হওয়ার পরে ১৭ বছরের মধ্যেই তুলে নিতে হয়। কেন ? কি কন্ট্রিবিউশন ছিল এই হাউসের ? সেদিনের প্রসিডিংসগুলি খুলে দেখা উচিত। কোন রেজোলিউশনের মূলে ৭০ সালে ছুটি হয়ে গিয়েছিল ওই দ্বিতীয় কক্ষের। বাংলার অত্যন্ত কৃতি সন্তানেরা সেদিন প্রেজেন্ট ছিলেন এই হাউসে। মাননীয় সিদ্ধার্থ শংকর রায়, মাননীয় অজয় মুখার্জী আরও অনেকে ছিলেন। সেই রেজোলিউশন আমাদের পড়া উচিত ছিল, পড়তে সুযোগ দেওয়া উচিত ছিল। গত ১৭ বছরে তাদের পারফরম্যান্স কি ছিল এই হাউসে, তা আমাদের জানা উচিত ছিল। কেন ভারতবর্ষের ২২-২৩ রাজ্যে নেই, তা যুক্তি দিয়ে ব্যাখ্যা দেওয়া উচিত ছিল। সুযোগ নেই স্যার, যে বিষয়টিকে নিয়ে সারা দেশে রাষ্ট্রবিজ্ঞানীরা, সংসদবিদরা, রাষ্ট্রবিজ্ঞানের অধ্যাপকরা, সংসদীয় কার্যপরিচালন কমিটির গবেষকরা রাজনীতিবিদরা দ্বিধাবিভক্ত হয়ে আছেন। সেই বিষয় বিতর্কিত বিষয়, তাকে আনা হচ্ছে। এটা যদি স্যার, দেশের হত গর্বের সঙ্গে সবাই দু হাত তুলে সমর্থন করত। কেননা অনেকগুলি রাজ্য নিয়ে বিচিত্র দেশ। সমস্ত রাজ্যগুলির সংহতি, আঞ্চলিক স্বার্থ, ব্যক্তি স্বাধীনতা রক্ষা, সরকারি স্বেচ্ছাচারিতাকে প্রতিরোধ করার প্রশ্নে সেকেন্ড চেম্বারের যে গুরুত্ব আছে, রাজ্যের প্রশ্নে তা কি হবে ? তার ক্ষমতা কতটুকু ? এখানকার পাঠানো রেজোলিউশন, এখানকার পাঠানো বিল, দ্বিতীয়বার তাঁরা পড়বেন আরো কিছুটা সময় নিয়ে। সময় নষ্ট হবে। আর যদি বাধা দেন ও যদি আটকে দেন, অবাঞ্ছিত পরিবেশ তৈরি হবে। এই হাউসের সঙ্গে সম্পর্কের একটা তিক্ততা সৃষ্টি হবে। ভুল বোঝাপড়া হবে। কাজ আটকে পড়ে থাকবে। আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী উনি প্রায়ই বলেন আমি সব কাজ তাড়াতাড়ি করতে চাই। আমরাও একসময় বলেছিলাম ডু ইট নাউ। সব তাড়াতাড়ি করতে পারিনি। উনি যদিও এখনও বলছেন আমি সব করব [***]। ভালো, এটা করা ভালো। কিন্তু লণ্ডন বানানো বাকি, গোয়া বানানো বাকি। সুইজারল্যান্ড বানানো বাকি।

মাননীয়া ডেপুটি স্পীকার : এই (***) কথাটা এক্সপাঞ্জ হবে।

শ্রী নাজমুল হক : ....(নয়েজ)... ২০১১-এর ফেব্রুয়ারি পর্যন্ত ....(নয়েজ)... এই পাথরগুলো উঁকি মারছে, জ্যান্ত হতে চাইছে। কারখানা হবে, হসপিটাল হবে, সুইমিং পুল

*** উপাধ্যক্ষার আদেশক্রমে বাতিল

*** Have been expunged

হবে, খেলার মাঠ হবে—এসব জরুরি কাজ ছেড়ে কারা ভাঁড়ার থেকে তুলে আনলেন, টাইম ক্যাপসুল থেকে তুলে আনলেন—এই একটা কাজ, এটা খুব জরুরি। আবার নিজেই বলছেন অর্থের প্রচণ্ড অভাব, প্রচণ্ড সঙ্কটে আছে রাজ্য। মাননীয় অর্থমন্ত্রী অ্যাপ্রোপ্রিয়েশন পাশ করালেন। আমি তাই অনুরোধ করছি স্যার, যেগুলো জরুরি কাজ, যে কাজগুলো করা দরকার, সেই কাজগুলো দয়া করে করুন। আমি দুঃখের সঙ্গে স্মরণ করিয়ে দিই, মহম্মদ বিন তুঘলক নামে আমাদের কপালে, আমাদের দেশে এক বাদশা জুটেছিলেন দিল্লিতে। ওনার জীবনকাল আর ওনার কার্য পদ্ধতি—এইসব দেখে সম্মানীয় ব্রিটিশ ঐতিহাসিক এলফ্রিনস্টোন—উনি লিখে গেছেন, "With the best intensions but no sense of proportion, so Md. Bin Tughlaq was transcendently failure." আমি চাই না যে এই ধরনের কাজ করে গণতন্ত্রকে অসম্মান করা হয়। গণতন্ত্রের যে আত্মা, সেই আত্মাতে জনমতের কথা বলা হয়। একটা সরকারের কার্যক্ষমতা, একটা সরকারের কর্তৃত্ব জনগণ স্বেচ্ছায় মেনে নেবে। জনগণ ঠিক করে যে গণতন্ত্রে তার প্রভু কে হবে। জনগণের প্রভু কে হবে ? এটা গণতন্ত্রে ঠিক হয় নির্বাচনের মাধ্যমে। কিন্তু যেখানে সেখানে কমিটি বানানো, যাকে-তাকে ঢুকিয়ে দেওয়া মূলত গণতন্ত্রের স্পিরিটকে, গণতন্ত্রের আত্মাকে কলুষিত করে, অপদস্ত করে। সেই জন্য এই রেজোলিউশন প্রত্যাহার করার আবেদন মাননীয় সংসদীয় মন্ত্রীর কাছে রেখে আমি আমার সংক্ষিপ্ত বক্তব্য শেষ করছি, ধন্যবাদ।

ডঃ হরকা বাহাদুর ছেত্রী : Hon'ble madam Deputy Speaker, though I am very new to this House I don't know all the background behind article 169. Nevertheless, it is very interesting disucssion that is going on. I am not going to address the technicalities of it. I would express my incompetence in that. But nevertheless, one thing about the essence of this Legislative Council of what I have understood. I would like to address that, rather I should confine myself to that. I don't intend to slander anybody but just by way of example let me put one. After hearing all this debate, I thought, if we look at honeybee and when we look at House fly from a distance both in appearance are same, the housefly and the honeybee they look same. But whenever the House flies sit even in good things like flowers it spreads disease. Whereas the honeybee even it sits on something dirty it has the ability to extract elements of honey. So for those who understand the need to bring in more people, those who understand that we are not enough. But there are better minds who can contribute to this entire process of democracy and could make it more vibrant. I think, they will invite this resolution, they will support this resolution hence I am here to support this resolution. But one reason when we think that we

know everything, when we feel like what Hon'ble Member has said that there are artists here, there are writers, poets, engineers, professors, IAS officers—everybody is there. Why do it need more ? It is in one way of saying that we know everything, we don't need anybody.

[3.50–4.00 p.m.]

But whereas there are better people outside and those founding fathers who conceived this idea of two Houses. They must have thought it. They were social thinkers, they were philosophers. It is not without reason that they evolved this concept. So I would like to give an example from my own discipline which is science. With that I would conclude.

650 million years ago, the world was ruled by dinosaurs. There was a mosquito also at that time. The dinosaur vanished, the mosquito still thrives. The dinosaur thought that I am so physically strong that I don't need any mutation, any change, any evolution. But it had the size, the brain of the dinosaur was that of a peanut. The body was 9 ft. long but the brain was just that of a peanut. Whereas the mosquito survived so even today when somebody thinks that we know everything, we don't need anybody from outside it is becoming like dinosaur. You are heading towards your own extinction. Please do not do that because we have to learn a lot from science. There was a time when ameba first came into being, the first life on earth. The Nature was very happy that 'I have created life'. Later on since the surrounding was very toxic it thought that no, the soft part must be saved. So, a skeleton concept developed. Now the skeleton was developed and the Nature was happy, there is a skeleton and the softer parts are now saved. But later on Nature realized that by putting the hard part outside it had made the movement of the body very difficult. If you look at an insect how it moves ? Look at a crab. It moves with much difficulty. Whenever you put your hard part outside you decide that everything is done. We are here arrived. No new change needs to be taken place here. You become an insect. You don't permit change to yourself. When the Nature realized that no, the hard part should not be kept outside what it did ? It withdrew the hard part and the Skeleton entered inside and the soft body part came out and look at the movement of the body ! Look at the thought process. Everything became flexible.

Now, these writers, intellectuals, poets they will contribute in their own way, because they have reason, they can think beyond, but we as politicians we will think in terms of our party, we will think in terms of the interest of the party. We cannot think beyond. We need to think beyond. Hence the need of this new body, the Legislative Council, where we will invite all those people. We need someone, better thinking people from all sections of the society. Let us invite them. Let us invite their input. Let us make this democracy more vibrant. The beginning has already been made by the dynamic Chief Minister Miss Mamata Banerjee. Let us contribute in the process. So, I request all of you—I stand by this and I request all my friends, let us think beyond politics,at least for a moment. Let us think of the State so that we will move together and we will make a meaningful contribution to the society.

Thank you very much.

শ্রী তরুণকান্তি নস্কর : মাননীয়া উপাধ্যক্ষ মহাশয়া, আমি প্রথমে যে কথাটা বলতে চাইছি তা হল এই বিধান পরিষদ যদি থাকত তাহলে যে সিঙ্গুর বিলকে আমরা এত ওয়েলকাম জানিয়েছিলাম, সেটা এত সহজে আমাদের মাননীয়া মুখ্যমন্ত্রী কি চালু করতে পারতেন, আইনে পরিণত করতে পারতেন ? এখানে বিতর্ক হয়েছে হাউস অফ কমনস্ এবং হাউস অফ লর্ডস নিয়ে। আমি যে কথাটা এখানে বলতে চাইছি তা যদিও আমি পলিটিক্যাল সাইন্সের স্টুডেন্ট নই, সাধারণ মানুষের প্রতিনিধিত্ব নিয়ে যখন হাউস অফ কমনস্ তৈরি হয়েছিল, ইন্ডাস্ট্রিয়াল রেভুলিউশান এবং রেনেশাঁ আন্দোলনের পরবর্তী যুগে সামন্ততান্ত্রিক ব্যবস্থাকে উচ্ছেদ করে, তখন সেই প্রতিনিধিদের অভিজাত সম্প্রদায় পছন্দ করতে পারেনি বলেই তাদের উপরে হাউস অফ লর্ডস চাপিয়ে দেওয়া হয়েছিল। এই ইতিহাসটা কিন্তু আমাদের খেয়াল রাখা দরকার। যাঁরা গণতান্ত্রিক শাসনব্যবস্থার প্রবক্তা তাঁরাও এই অপ্রত্যক্ষ নির্বাচনের মধ্য দিয়ে দ্বিতীয় চেম্বার গঠনের প্রতিবাদ করেছিলেন। আপনারা জন স্টুয়াট মিলের কথা স্মরণ করতে পারেন, আমি একটু উদ্ধৃত করছি। তাঁর কথায় 'The main reliance for tampering the ascendancy of the majority cannot be placed in a second Chamber of any kind. The character of representative government is fixed by the constitution of the popular House. Compared with this all other questions relating to the form of government are insignificant.' ফলে সেকেন্ড হাউসকে তিনি বিরোধিতাই করেছিলেন। আমরা এমন বক্তব্য পাব প্রখ্যাত রাষ্ট্রবিজ্ঞানী হ্যারল্ড ল্যাস্কির বক্তব্যেও। আপনারা এখানে শুনেছেন ১৯৬৯ সালে এই হাউসে সর্বসম্মতভাবে বিধান পরিষদ অবলুপ্ত করার প্রস্তাব গ্রহণ করা হয়েছিল। সেখানে প্রবীণ গান্ধীবাদী নেতা অজয়

মুখোপাধ্যায় এবং সদ্য প্রয়াত নেতা সিদ্ধার্থ শঙ্কর রায়ের যে ভূমিকা ছিল সে কথাও আপনারা এখানে শুনেছেন। আমি যে কথাটা বলতে চাইছি, ১৯৬৯ সালে পশ্চিমবঙ্গ বিধানসভা যে সিদ্ধান্ত নিয়েছিল সেটা যদি ঐতিহাসিক সিদ্ধান্ত হয়, তাহলে আমি মনে করব যে আজকে যদি এই প্রস্তাব গৃহীত হয় এবং বিধান পরিষদ তৈরি হয় তাহলে সেটা একটা ঐতিহাসিক ভুল হবে। আমি এটা স্বীকার করি যে সিভিল সোসাইটির মানুষদের মতামত নেওয়া দরকার। সরকার পরিচালনার ক্ষেত্রে তাদের ভূমিকা, তাদের মতামত, পরামর্শ নেওয়া দরকার। সেটা নেওয়া উচিত এবং যে পরিবর্তনের আন্দোলন হয়েছে, সেই পরিবর্তনের আন্দোলনে তাঁরা দীর্ঘ ভূমিকা পালন করেছেন। তা আমরা জানি। কিন্তু তা করার জন্য তাঁদেরকে বিধান পরিষদে সদস্য করে নিয়ে আসতে হবে কেন এটা কিন্তু আমার কাছে বোধগম্য হচ্ছে না। এই সরকার ক্ষমতায় আসার পর অনেক কমিটি করেছে। শিক্ষার ক্ষেত্রে করেছে, বন্দীমুক্তির ক্ষেত্রে করেছে। আমরা সেগুলিকে ওয়েলকাম জানিয়েছি। আবারও ভবিষ্যতে যদি এ রকম কমিটি হয় আমরা তাকেও ওয়েলকাম জানাব। আর একটি কথা বলতে চাইছি, অতিরিক্ত খরচের কথা বলা হয়েছে। সরকারের ভাঁড়ার যে শূন্য মাননীয়া মুখ্যমন্ত্রী সেটা বারবার স্বীকার করেছেন। ভোট অন অ্যাকাউন্টে রাজ্যপালও এই রাজ্যকে বলেছেন debt stressed state হিসেবে। মাননীয়া মুখ্যমন্ত্রী নিজে বেতন নেবেন না বলেছেন। রাইটার্স-এর নিজের রুম সংস্কারের জন্য তার লোকসভা সদস্যের বেতনের জমানো টাকা তিনি মুখ্য সচিবকে দান করেছেন। এ সব আমার মতন নতুন সদস্যদের কাছে অনুকরণীয় বলে মনে হয়েছে। তাই এই পরিপ্রেক্ষিতে বলছি, যে আজকের যে প্রস্তাব এখানে গ্রহণ করা হচ্ছে, সেই বিল কিন্তু মাননীয়া মুখ্যমন্ত্রীর ওই পদক্ষেপের সঙ্গে আমার একেবারে সামঞ্জস্যপূর্ণ বলে মনে হচ্ছে না। আমার দল ইতিমধ্যেই সরকারের কাছে এই প্রস্তাব প্রত্যাহারের জন্য দাবি করেছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়রে মধ্য দিয়ে আমি নিজে এখানে বসে সরকারকে এই প্রস্তাব পুনর্বিবেচনা করবার জন্য অনুরোধ করছি। ধন্যবাদ।

[4.00–4.10 p.m.]

শ্রী আনন্দময় মণ্ডল : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়া, বিধান পরিষদ গঠনের একটা প্রস্তাব পেশ হয়েছে। এটা রাজ্যের ব্যাপার সংবিধানের কোনো বাধ্য বাধকতা নেই। কিন্তু আমাদের মনে রাখতে হবে, আজ থেকে ৪২ বছর আগে অজয় মুখোপাধ্যায় যখন পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী, সেই সময় বিরোধী দলের নেতা ছিলেন সিদ্ধার্থ শঙ্কর রায় মহাশয়। তখন এটা সর্বসম্মতভাবেই বিধান পরিষদকে উঠিয়ে দেওয়া হয় এবং সেই সময় সিদ্ধার্থ শঙ্কর রায় মহাশয় এটাকে ঐতিহাসিক বলে আখ্যায়িত করেছিলেন। বিষয়টা এখানেই যে এখন কিছু বিদ্বজন, কিছু গুণী ব্যক্তিকে নিয়ে এটা করার, বিভিন্ন সংস্থা থেকে, বিভিন্ন সংগঠন থেকে করার কথা উঠেছে। কিন্তু আসলে এর কার্যকারিতা কি ? বিধানসভার উপর তো বিধান পরিষদ নয়। কারণ বিধান পরিষদ কোনো মতামত ব্যক্ত করতে পারে, বিধানসভা সেটা গ্রহণ নাও করতে পারে। দ্বিতীয় বিষয় হচ্ছে যে, মন্ত্রিসভা বিধানসভার কাছে দায়বদ্ধ কিন্তু বিধান পরিষদের কাছে নয়। এখন বিষয়টা হচ্ছে এখানে, যা দেখলাম খবরের কাগজে,

যে বিধান পরিষদে প্রায় ১০০ মানে ৯৪ জন থেকে ৯৬ জন, ৯৮ জন এ রকম নিয়ে গঠিত হবে বিধান পরিষদ। এবং বিধানসভার যারা সদস্য আছেন, তাঁদের সমান সুযোগ-সুবিধা তাঁরা ভোগ করবেন, তাদের accomodation-এর ব্যবস্থা করতে হবে, সব মিলিয়ে বছরে ১০০ কোটি টাকার মতো খরচ হবে। এখন আমরা রাজ্যের আর্থিক সঙ্কটের কথা বলছি, আর এই যে ১০০ কোটি টাকা খরচ হবে, সে টাকা আসবে কিন্তু জনগণের কাছ থেকেই। একদিকে মূল্যবৃদ্ধির আঘাতে সাধারণ মানুষ জর্জরিত, পেট্রোলের দাম বাড়ছে, ডিজেলের দাম বাড়ছে, নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্রের দাম ক্রমাগত বাড়ছে। এইরকম একটা পরিস্থিতিতে এই টাকা বিধান পরিষদে যে খরচ, তা জোগাতে হবে জনগণকে। আর বিধান পরিষদ হলে, সরকার কিছু দ্রুত পদক্ষেপ বিল টিল ইত্যাদি ব্যাপারে যে গ্রহণ করছেন, তাড়াহুড়ো—কাজ বিলম্বিত করে দেয়, কারণ তারা মতামত ৪/৫ মাস—তাদের মতামত যদিও বিধানসভা গুরুত্ব দেয় না, কিন্তু ৪/৫ মাস ফেলে রাখতে পারে। সুতরাং আমি বলতে চাই, এইরকম একটা অর্থনৈতিক সঙ্কটের মুখে এবং মূল্যবৃদ্ধির আঘাতে মানুষ যেখানে জর্জরিত এবং ৪২ বছর আগে যে বিধান পরিষদ বিলোপ করা হয়েছিল তাকে ফিরিয়ে আনার যৌক্তিকতা নেই। ফলে আমি এই বিধান পরিষদের ব্যাপারে বিরোধিতা করছি, এবং সরকারকে চিন্তাভাবনা করতে বলব এই ব্যাপারে যে, এই ধরনের পদক্ষেপ গ্রহণ না করাই ভালো। সুতরাং যেটা বলতে চাই, সেটা হচ্ছে যে, প্রতি বছর এই ধরনের খরচ বিধান পরিষদের পেছনে না করে, সেই টাকা উন্নয়নের খাতে খরচ করা যায়, এবং সাধারণ মানুষের স্বার্থে ব্যয় করা যায়। সুতরাং আমি যেটা বলতে চাই যে, বিধান পরিষদ গঠন না করা হোক, এ কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী শোভনদেব চট্টোপাধ্যায় : মাননীয়া উপাধ্যক্ষ মহোদয়া, আজকে পরিষদীয় মন্ত্রী শ্রী পার্থ চট্টোপাধ্যায় সংবিধানের ১৬৯ ধারা অনুযায়ী Legislative Council সম্পর্কিত একটি resolution এই সভায় পেশ করেছেন, তার পক্ষে আমি আমার দু'একটি কথা আপনার সামনে রাখব। আজকে আমার সবার আগে যেটা বলতে ইচ্ছে করছে, সেটা হল এই যে, বিরোধীদল আজ থেকে, যারা আজকে বিরোধীদল, সরকার পক্ষ ছিলেন, ১৯৬৯ সালে এই বিধান পরিষদকে ভেঙে দেন এবং উঠিয়ে দেন। কি উদ্দেশ্য নিয়ে ? আজকে আমার মনে হচ্ছে, এখানে দু'জন—সুভাষবাবু বক্তব্য রেখেছেন যে, তিনি জানতে চেয়েছেন কি উদ্দেশ্য নিয়ে, আজকে আবার নতুন করে এই বিধান পরিষদটি introduction করা হবে ? আমিও আজকে আপনার কাছে সময় পেলে আগে জানতে চাইতাম যে, আপনি কেন ? কি কারণে ? ১৯৬৯ সালে বিধান পরিষদ ভেঙে দিয়েছিলেন ? আজকে যে কথাটা আপনারা বলছেন, অর্থের কথা বলছেন আর সময়ের কথা বলছেন। সেদিন কিন্তু এই দুটোর কোনোটাই প্রধান বিষয় ছিল না। সেদিন যেহেতু বিধান পরিষদে যাওয়া কংগ্রেস দলের মেজোরিটি ছিল এবং বিধানসভায় আপনাদের মেজোরিটি ছিল only on political ground সম্পূর্ণ রাজনৈতিক উদ্দেশ্যকে সামনে রেখে সেদিন আপনারা বিধান পরিষদকে ভেঙে দিয়েছিলেন, এছাড়া আর কোনো কারণ ছিল না—আর কোনো কারণ ছিল না। শুধু

এই কারণের জন্যে। আজকে আমরা কেন আবার বিধান পরিষদ নিয়ে আসার চেষ্টা করছি, আপনি বোধহয় জানেন না, যে সর্বভারতীয় ক্ষেত্রে প্রশাসনিক সংস্কার কমিটি যেটা recommend করেছে, তারা মনে করছে যে ভারতবর্ষের প্রত্যেকটি রাজ্যে আবার নতুন করে দ্বিতীয় কক্ষ করা উচিত। প্রশাসনিক সংস্কার কমিটি তার report-এ এই কথা বলেছেন যে, দ্বিতীয় কক্ষ হওয়া উচিত ভারতবর্ষের প্রতিটি রাজ্যে। ভারতবর্ষে কেন সারা পৃথিবীর বিভিন্ন গণতান্ত্রিক দেশে এই দ্বিতীয় কক্ষ system চালু আছে। আমাদের রাজ্যে কেন আমরা করছি এ কথায় পরে আমি আসছি। কিন্তু যেহেতু—আপনি জানেন যে, ১৯৬৯ সালে আপনারা প্রায় সিদ্ধার্থ শঙ্কর রায়ের বক্তব্য তুলে ধরার চেষ্টা করছেন। সেদিন সিদ্ধার্থ শঙ্কর রায় আপনাদের কথায় সহমত হয়েছিলেন হয়তো বা কিন্তু একটু আগে সুব্রত মুখোপাধ্যায় আপনাদের সামনে বলেছেন যে সময়ের সাথে সাথে আজকে মানুষের কাছে আপনার সেদিনকার কমিটমেন্ট ছিল বিফোর ইলেকশান আর আজকে আমাদের কমিটমেন্ট ছিল বিফোর ইলেকশান যে আমরা বিধান পরিষদ তৈরি করব, আর তাই সেই কমিটমেন্ট রক্ষা করা আমাদের একটা দায়িত্ব, কর্তব্যের মধ্যে পড়ে। সেই কারণের জন্যই কমিটমেন্ট এর মধ্যে পড়ে। সেই কারণের জন্যই আমরা আজকে বিধান পরিষদের প্রস্তাব সভায় এনেছি। আপনারা অর্থের কথা বলেছেন, আমার তো অবাক লাগছে, এই সেদিনও কয়েক মাস আগে, এখানে দাঁড়িয়ে আপনাদের অর্থমন্ত্রী তিনি যখন বক্তৃতা করতেন পায়ের উপর লাফিয়ে লাফিয়ে বক্তৃতা করতেন। তিনি কত আড়ম্বর করে বলেছিলেন যে আমাদের রাজ্যের আর্থিক অবস্থাটা কি দারুণ ভাল। এবং তিনি বলতেন প্রায় বেশিরভাগ ক্ষেত্রে আমরা প্রথম স্থানে আছি। বেশিরভাগ ক্ষেত্রে আমরা প্রথম স্থানে আছি। আজকে আপনারা কেন বলছেন যে আমাদের আর্থিক অবস্থা খারাপ। আর্থিক অবস্থা খারাপ কি ভাল সে তো শাসক দল বলছে। কিন্তু আপনাদের তো সাপোর্ট করা উচিত যে আজ থেকে ছয় সাত আট মাস আগে যে বাজেট আপনারা পেশ করেছেন, যে বাজেটের প্রতিটি বাজেটে অসীমবাবু এখানে দাঁড়িয়ে বলতেন যে আমাদের অর্থনৈতিক অবস্থা দারুণ ভাল। আপনারা কি করে বলছেন, সেইখানে দাঁড়িয়ে যে আমাদের আর্থিক অবস্থা খারাপ। আমরা বলছি আপনাকে যে অর্থ এখানে ব্যয় হবে, যে কারণের জন্য ব্যয় হবে, উই হ্যাভ গট দ্যাট কনফিডেন্স যে আমরা সেই সম্পদ পশ্চিমবাংলায় তৈরি করব এবং তৈরি করেই বিধান পরিষদের খরচ চালাব। আপনাদের মতো ভিক্ষা করতে হবে না। আপনাদের মতো দেউলিয়াপনা করতে হবে না। আপনাদের মতো অর্থনৈতিক ক্ষেত্রে জাগলারি অফ স্ট্যাটিসটিক্স করতে হবে না। সরাসরি মানুষের কাছে যাব যে আমরা সম্পদ তৈরি করে, সম্পদ আহরণ করেই আমরা এই বিধান পরিষদ চালাব। বিষয়টা কি এই বিধান পরিষদের। একটু আগে কেউ কেউ আলোচনায় আশগ্রহণ করে বলেছেন, যে বিভিন্ন ক্ষেত্র থেকে এখানে কোনো পলিটিক্যাল ব্যাপার নেই, খুব একটা রাজনীতির জায়গা কম। কি ছিল, গ্র্যাজুয়েট কন্সটিটিউয়েশান ছিল, আমার মনে আছে গ্র্যাজুয়েট কন্সটিটিউয়েন্সি ছিল, টিচারদের রিপ্রেজেনটেটিভ ছিল, লোকাল বডি'স রিপ্রেজেনটেটিভ ছিল, নমিনেটেড বাই গভর্নর ছিল, নমিনেটেড বাই এম এল এ'স ছিল। এমন এমন মানুষ, আপনি এদের কথা অস্বীকার করবেন কিভাবে। যে সুনীতি চট্টোপাধ্যায়ের মতন মানুষ বিধান পরিষদের সদস্য

ছিলেন, এবং আপার হাউসে দিল্লিতেও যারা গেছেন বিভিন্ন সময়ে, আপনি বলুন প্রমথনাথ বিশির মতন মানুষ এই সভার সদস্য ছিলেন, বিশিষ্ট ভাষাবিদ। আপনারা দেখুন, নির্মলচন্দ্র ভট্টাচার্যের মতন মানুষ এই সভার সদস্য ছিলেন, প্রতাপচন্দ্র গুহের মতন বিপ্লবী এই সভার সদস্য ছিলেন। এরা অনেকেই, নির্বাচনে আমরা যেভাবে লড়ে আসি বা ইলেকশান লড়ে আসি এদের সেই মানসিকতা নেই। কিন্তু আমরা জানি এই কথাটা যে বিধান পরিষদের ফিনান্স বিল পাস করার কোনো অধিকার থাকে না। মূলত আইন, যে আইন এখানে তৈরি হয়, আপনাদের মনে পড়ছে, আপনারা যখন এদিকটায় ছিলেন, সালিশি বিল এনেছিলেন, এই সালিশি বিল আটকাতে গিয়ে আমাদের কি প্রচণ্ড লড়াই করতে হয়েছিল। যদি বিধান পরিষদ থাকত তাহলে এই সালিসী বিল এই সভা থেকে বিধান পরিষদে যেতে পারত। এবং বিধান পরিষদে কারা থাকছেন, আগেই আপনাদের অনেক সদস্য বলেছেন বিশিষ্ট গুণীজনরা থাকবেন। এক্সপার্টস, বিভিন্ন বিষয়ে যাঁরা দিকপাল তাঁরা থাকবেন। আমরা কোথাও যদি ভুল করি, আমরা যদি কোথাও আইন প্রণয়ন করতে ভুল করি সেই ভুল প্রণয়ন করা আইনটা বিধান পরিষদে গেলে আরো বিস্তারিত আলোচনা হতে পারে। এখানে সদস্য সংখ্যা বেশি, সেখানে সদস্য সংখ্যা হল ওয়ান থার্ড অফ দি অ্যাসেম্বলী। এই বিধানসভার তিন ভাগের এক ভাগ সদস্য থাকবে। সেখানে থাকবে এক্সপার্টসরা। তারা আলোচনা করতে পারবে। এবং আলোচনা করার পরে যে সিদ্ধান্ত হবে সেই সিদ্ধান্ত বিধানসভায় ফেরত আসবে। এছাড়াও একটি প্রভিশন আছে, যে সেখানেও যদি কোনো পলিটিক্স করার চেষ্টা হয়, সেখানে চার মাসের জন্য তাঁরা আটকে রাখতে পারবেন। তারপরে আর তাঁরা আটকে রাখতে পারবে না। সেই হাউসে আবার সেই বিলটা পাশ হয়ে যাবে। ফলে টেকনিক্যালিটির দিক থেকে আপনারা যে প্রসঙ্গটা উত্থাপন করছেন, সেই প্রসঙ্গটা আমার মনে হয় খুব একটা কাজের বিষয় নয়। আমি মনে করি এটা, যে একটু আগে এই কথা আর একজন মাননীয় সদস্য বলেছেন, যে আপনারা ওখানে যখন বিরোধিতা করছেন তখন বিভিন্ন রাজ্যের আবার নতুন করে আমাদের ভারতবর্ষে এখন ৭টি রাজ্যে বিধান পরিষদ আছে, ৭টি বড় বড় রাজ্যে বিধান পরিষদ আছে। সাতটি বড় বড় রাজ্য আছে—মহারাষ্ট্র আছে, গুজরাট আছে, উত্তরপ্রদেশ আছে, বিহার আছে—এই রকম সাতটি বড় বড় রাজ্যে বিধান পরিষদ আছে। কোনো কোনো রাজ্যে প্রাথমিকভাবে বিধান পরিষদ তুলে নেওয়ার পরে আবার বিধান পরিষদের ইন্ট্রোডাকশান হয়েছে। এটা আমি আপনাদের শুরুতেই বলেছি যে প্রশাসনিক সংস্কার কমিটি যখন সারা ভারতবর্ষে আবার নতুন করে প্রতিটি বিধানসভায় এই দ্বিতীয় কক্ষ রাখার প্রস্তাব করছে সেখানেও নিশ্চয়ই যাঁরা আছেন, অল এক্সপার্টস আর দেয়ার, তাঁরা সেখানে বিস্তারিতভাবে আলোচনা করেছেন এবং আলোচনা করার পরেই তাঁরা সিদ্ধান্ত নিয়েছেন যে ভারতবর্ষের মতো গণতান্ত্রিক রাষ্ট্রে এই ধরনের জায়গা থাকা দরকার। আপনি জানেন যে, শাবানা আজমি, তিনি তো বামপন্থী মানুষ, তিনি আছেন সেখানে। জাভেদ আখতারের মতো মানুষ সেখানে আছেন। আজকে ভারতবর্ষের প্রধানমন্ত্রী তিনিও রাজ্যসভা থেকে এসেছেন। রাজ্যসভার সদস্য তিনি প্রধানমন্ত্রী হয়েছেন। ডঃ দেবীপ্রসাদ চট্টোপাধ্যায়ের মতো মানুষ, ইতিহাসবিদ, সারা ভারতবর্ষের নয়, ভারতবর্ষের প্রিমিটিভ যুগ থেকে ইতিহাস লিখছেন যিনি,

সেই ডঃ দেবীপ্রসাদ চট্টোপাধ্যায় তিনিও সেই রাজ্যসভার সদস্য ছিলেন। আজকে প্রিন্সিপল যদি হয়, তাহলে ভারতবর্ষের সব বারেই বিরোধিতা করতে হবে আপনাদের। বলুন, রাজ্যসভা থেকে শুরু করে বিধান পরিষদ পর্যন্ত সবটাই তুলে দেওয়ার কথা বলুন। আপনারা সেখানে প্রতিনিধিত্ব করছেন, সেখানে মেম্বার হিসেবে যাচ্ছেন, আর এখানে দাঁড়িয়ে বিরোধিতা করছেন। এটাকে বলা হয় কি জানেন সুভাষবাবু—এটাকে বলা হয় পলিটিক্যাল হিপোক্রেসি বা রাজনৈতিক ভণ্ডামো। যে রাজনৈতিক ভণ্ডামো দিয়ে মার্কসিস্টরা বা আপনারা চিরকাল চালিয়ে এসেছেন। সেই রাজনৈতিক ভণ্ডামোর আর একটা বহিঃপ্রকাশ আজকে বিধানসভায় আমরা যে প্রস্তাব নিয়ে এসেছি তার বিরোধিতা করা। তাই আমরা আজকে যে প্রস্তাব এনেছি সেই প্রস্তাবের পক্ষে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করলাম।

[4.10–4.20 p.m.]

ডাঃ সূর্য্যকান্ত মিশ্র : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়া, আজকে যে প্রস্তাব এনেছেন মাননীয় পরিষদীয় মন্ত্রী আমাদের দেশের সংবিধানের ১৬৯নং ধারা অনুযায়ী, এখানে নতুন করে আবার বিধান পরিষদ তৈরি করার পক্ষে, সেই প্রস্তাবের আমি বিরোধিতা করছি এবং আমার এই বিরোধিতার সমর্থনে কয়েকটি কথা সংক্ষেপে নিবেদন করার চেষ্টা করব। এখানে আমি প্রথমে বলতে চাই, এটা বিতর্কের বিষয় নয় যে আইনসভায় একটা কক্ষ থাকবে বা দুটো কক্ষ থাকবে জাতীয় স্তরে, দেশের স্তরে। আমাদের দেশের বা পৃথিবীর বেশিরভাগ দেশেই bi-cameral legislature, যাকে বলা হয় দুই কক্ষ বিশিষ্ট আইনসভা আছে এবং আমরা মনে করি তা থাকা দরকার আছে দেশে। কিন্তু রাজ্যগুলিতে কি হবে। সে নিয়ে অনেক বিতর্ক হয়েছে। আমাদের দেশের সুনির্দিষ্ট পরিস্থিতিতে কি হবে। আমাদের রাজ্যে কি হবে তা আমাদের ঠিক করতে হবে এবং এই বিতর্কের শুরু। আমি বিনীতভাবে মনে করিয়ে দিচ্ছি যে সংবিধান সভা বা constituent assembly যখন Draft constitution অর্থাৎ খসড়া সংবিধান নিয়ে আলোচনা করছিল সেই সময় বিশদভাবে হয়েছে। আর সেই বিতর্কের পরিসরটি হয়েছিল পশ্চিমবঙ্গ বিধানসভা। আর একটা সর্বসম্মত প্রস্তাবের মধ্য দিয়ে যার কথা এখানে অনেক বক্তারাই সরকারপক্ষের এবং বিরোধীপক্ষের সদস্যরা উল্লেখ করেছেন। সেই সভায় ঠিক হয়েছিল যে আমাদের এখানে বিধান পরিষদ থাকার দরকার নেই, তুলে দেওয়া উচিত। সেখানেকার একটা বক্তব্য দিয়ে আমি শুরু করতে পারি, আমি যেটা দিয়ে বলা শুরু করলাম তার সমর্থনে, সেই বক্তব্যটা হচ্ছে এই—'আমরা যদি সমস্ত দেশের সংবিধানগুলো পরীক্ষা করে দেখি তাহলে দেখতে পাই শতকরা ৭৫ ভাগ দেশে দুটো করে আইনসভা আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের দেশে কি ব্যবস্থা হওয়া উচিত সেটা অবশ্য আমাদের চিন্তাধারার দ্বারা আমরা স্থির করব। বিশেষ করে বাংলাদেশে। বাংলাদেশে একটা আইনসভা থাকবে না দুটো থাকবে সেটা বাংলাদেশের প্রত্যেক বর্গমাইলের প্রতিনিধি আমরা ২৮০ জন উপস্থিত আছি, আমরা বিচার করব যে বাংলাদেশে একটা আইনসভা থাকবে কিনা। যুক্তরাষ্ট্র, মানে আমেরিকা যুক্তরাষ্ট্র বা সোভিয়েত রাশিয়া' 'সেখানে দুটো আইনসভা আছে বলেই আমাদের থাকতে হবে এর কোনো মানে নেই। তাই বাংলাদেশের

সমস্যা সম্বন্ধে আমরা নিশ্চয় সচেতন থাকব এবং তার ভিত্তিতে স্থির করব যে একটা আইনসভা থাকবে না দুটো থাকবে। সমস্ত কিছু বিবেচনা করে আমরা এই সিদ্ধান্তে এসেছি যে বাংলাদেশে বিধান পরিষদের দরকার নেই' ...আমি মাননীয় শ্রী সিদ্ধার্থ শঙ্কর রায়ের বক্তৃতাটা এখানে পাঠ করলাম। কাজেই এই বিতর্ক তখন হয়েছে এবং তার ভিত্তিতে সর্বশেষ যে কথা সিদ্ধার্থবাবু বলেছিলেন, আমি আবার তাঁর বক্তৃতায় ফিরে আসব। কিন্তু আমি তার আগে ফিরে যাচ্ছি যখন সংবিধান সভায় এই বিতর্ক হয়েছিল সেই প্রসঙ্গে। সংবিধান সভায় অনেকে অনেক কথা বলেছেন, এই বিশদ কথায় যাওয়ার এখানে অবকাশ নেই। কিন্তু আমি দু-একটা বলতে পারি, যেমন প্রফেসার কে.টি. সাহা যিনি পরে কেন্দ্রীয় মন্ত্রী হয়েছিলেন, ড্রাফট কনস্টিটিউশান নিয়ে যখন বিতর্ক হয়েছে তখন তিনি বলেছেন, তাঁর ভাষণ থেকে আমি পড়ছি—'Sir, I do not believe in a bicameral Legislature at least for the States. I think a Second Chamber is not only representative of the people as such, but even if and where it is representative of the people, even if and where it has been made in such a way as to represent some aspect of the country other than the pure popular vote, even then it is there more as a dilatory engine. যে ইঞ্জিনটা বিলম্ব করবে, আপনার ট্রেন যাত্রাস্থলে পৌঁছতে বিলম্ব করবে, 'rather than a help in reflecting popular opinion on crucial questions of legislation. They involve considerable outlay from the public exchequer on account of the salaries and allowances of Members and incidental charges এটা কে.টি. সাহা বলছেন তখনকার দিনে, আমি বলছি না। 'They only and party bosses to distribute more patronage, and only help in obstructing or delaying the necessary legislation which the people have given their votes for আমার মনে হয় যত বিষয়ে বিতর্ক হয়েছে, সেই বিষয়ে জবাব তখনই দেওয়া হয়েছে। আরও একটা অংশ আমি পড়তে পারি, Those who like to defend the Second Chamber are more often than not, champions of vested interests, which find a place in these bodies and as such find an occasion rather to defend their own special, sectarian or class interests than to help the popular cause, এগুলো সব পুরোনো বিতর্ক, আমি ডাঃ বি.আর. আম্বেদকরের বক্তৃতা পড়তে পারি, হুকুম সিং কি বলেছেন বলতে পারি, সেই বিষয়ে আমি যাচ্ছি না। কিন্তু পশ্চিমবাংলার যিনি প্রতিনিধিত্ব করেছিলেন রেণুকা রায়, তিনি কংগ্রেসের নেত্রী ও মন্ত্রী ছিলেন, তাঁর বক্তৃতায় আমি আসতে পারি। শ্রী সিদ্ধার্থ শঙ্কর রায় যে বক্তৃতা দিয়েছেন তাঁর বক্তৃতার উদ্ধৃতিও সেখানেও দেওয়া হয়েছে।

[4.20–4.30 p.m.]

কিন্তু আমি কনস্টিটিউয়েন্ট অ্যাসেম্বলির ডিবেট থেকে, তাঁর বক্তৃতা থেকেই পড়ছি।

"Mr. Vice-President, I am one of those who hold the opinion that bicameral legislature in present context of thing is unnecessary, if not retrograde. Sir, in India particularly at the present moment when we need to go through a good deal of legislation in economic and social field which has been long overdue during the years of foreign rule I do feel that the second chamber particularly in the provinces will be very dilatory. Lower House alone which shall decide whether second chamber would continue or not. I do not think that bringing in second chamber is going to be helpful at the present moment. It will be very much better if we have just one chamber" etc.

তখন তিনি বলেছিলেন। যুক্তি অনেক দিয়েছেন, আমি সেইসব যুক্তিতে যাচ্ছি না। কিন্তু এটা প্রশ্ন উঠতে পারে এখন যে, ঠিকই এক সময় হয়েছিল, মানে কি এত বছর পরে এটা পুনর্বিবেচনার কোনো কারণ নেই ? কিন্তু পুনর্বিবেচনার কারণ হিসাবে যেগুলো বলা হচ্ছে সেগুলোর জবাব তখনই দেওয়া হয়েছে এবং যা বিতর্ক হয়েছে সে সময়ে, যেটা বললেন যে একটা বিল এখানে আলোচনা হল আর ওখানে পাঠানো হল। একথা, বিশিষ্টজনেরা ওখানে থাকবেন আর বাকি আমরা যারা এখানে আছি সব নিকৃষ্ট ধরনের এটা মনে করার কোনো কারণ নেই। বিশিষ্টজনেদের নিশ্চয় খুব গুরুত্ব আছে, তাদের আপনি একটা অ্যাডভাইসারি কাউন্সিল করতে পারেন। যে রকম কেন্দ্রে আছে, প্রধানমন্ত্রীকে অ্যাডভাইস করার জন্য একটা কাউন্সিল তাঁরা অনেক গুরুত্বপূর্ণ পরামর্শ দিয়ে থাকেন এবং সে আপনি নিশ্চয় করতে পারেন বা তাঁদের করার কোনো অসুবিধা নেই। কিন্তু এটা ঠিক নয় যে, অনেকগুলো ওখানে গেলে খুব ভালো করে পরীক্ষা হয়। যখন ছিল তার অভিজ্ঞতা কি ? ১৯৫২ সাল থেকে ৬৫ সাল, ১৯৫২ সাল থেকে ৬৫ সালের ৩০শে নভেম্বর পর্যন্ত মোট ৪৩৬টি বিল আমরা বিধানসভায় পাস করেছি। তার মধ্যে মাত্র ২টি বিল বিধান পরিষদ সংশোধন করেছে। ৪৩৬টি বিলের মধ্যে ২টি বাদে বাকি বিলগুলো ৪৩৪টি তার কোনো কমা, সেমিকোলন, ফুলস্টপ পর্যন্ত পরিবর্তিত হয়নি। যেমন সেখানে পাঠানো হয়েছিল সেটা তেমনি ওখান থেকে ফিরে এসেছে। তার মানে অভিজ্ঞতা কি বলে যে ওখানে পাঠালে অনেক বিরাট সংশোধন হয় ? আরো অনেক অনেক নতুন নতুন কথা আমরা ওখানে জানতে পারি ? আর একটা যুক্তি প্রায় দেওয়া হয়ে থাকে যে উচ্চ পরিষদ রাখলে ডিভিশান অফ লেবার হয়। অর্থাৎ এখানে কিছু বিল হল, ওখানে কিছু বিল ইন্ট্রোডিউস হল, ডিবেট হল ইত্যাদি ইত্যাদি। কিন্তু ওই ১৯৫২ থেকে ৬৫ সালে ওই ৪৩৬টা বিলের অভিজ্ঞতা হচ্ছে মাত্র ৮টা বিলের ক্ষেত্রে এটা ঘটেছিল এই ৪৩৬টা বিলের মধ্যে। তার মানে ওই যুক্তিও দাঁড়ায়নি। এসব আগেই আলোচনা হয়েছে এবং তখন এ কথাটাও এখানে প্রস্তাবে ছিল, যে কথা এখানে বলা হয়েছে যে শ্বেত হস্তী এবং শ্বেত হস্তী কথাটা আমাদের এখনকার নয়, তখনকার ডিবেটেই ছিল সেই সময়ে এই উচ্চ পরিষদ এই শ্বেত হস্তী পোষণ করার জন্য আমাদের যে খরচ হয়, তার দু-তিন বছরের একটা হিসাব আমি এখানে দিচ্ছি। এখানে হিসাব কার্ড

দেওয়া আছে, আমি পড়ছি না। কারণ তখনকার হিসাব আর এখনকার হিসাব আমি যাচ্ছি না। ....(নয়েজ).... এইসবের পর, শ্রী সিদ্ধার্থ শঙ্কর রায় বক্তৃতা শুরু করেছেন এই বলে 'মাননীয় অধ্যক্ষ মহাশয়, দক্ষ সার্জেন হিসাবে মাননীয় মন্ত্রী যতীনবাবু যে অ্যাপেনডিক্স অপারেশান শুরু করলেন, অ্যাপেনডিক্স, তখন শ্রী যতীন চক্রবর্তী বলেছিলেন যে পেটে একটা অ্যাপেনডিক্স আছে, সেই অ্যাপেনডিক্সটা এক সময়ে প্রয়োজন ছিল আর এখন দরকার হয় না। এখন যত বিপত্তির কারণ। এই অ্যাপেনডিক্সটা প্রথমেই, প্রায় সার্জেনরা অন্য কোনো অপারেশানের সময় পেলেও কেটে বাদ দিয়ে দেয়। এখন অ্যাপেনডিক্স থেকে অনেক প্রবলেম হয় সেইজন্য। সেইটার রেফারেন্স দিয়ে তিনি বলছেন 'দক্ষ সার্জেন হিসাবে মাননীয় মন্ত্রী শ্রী যতীনবাবু যে অ্যাপেনডিক্স অপারেশান শুরু করলেন সেটাতে সাহায্য করার জন্য দক্ষ সার্জেনের সহকারী হিসাবে আমি তাঁর প্রস্তাব সমর্থন করছি।' এটা বিতর্কের ব্যাপার নয়, সিদ্ধার্থবাবু বিশেষ বড় আইনজ্ঞ ছিলেন তিনি সংবিধান বিশেষজ্ঞ ছিলেন। অনেক দেশের ....(গোলমাল).... আপনাকে উঠে দাঁড়াতে হচ্ছে ? যাই হোক। উনি যা বক্তৃতা করেছেন এবং বিশেষজ্ঞদের উদ্ধৃতি দিয়েছেন যাঁরা সারা দুনিয়াকে নিয়ে এই সব চর্চা করেছেন, যেসব এখানে আছে যে কোনো সদস্য এখানে পড়তে পারেন আমি তার মধ্যে যাচ্ছি না। সেখানে এই সব কথা বলা হয়েছে "There is more danger now-a-days that a meritorious Bill will perish on the long and tortuous road to enactment than an unworthy measure will get through with proper scrutiny." তারপরে একথাও এসেছে মাননীয় চিফ হুইপ, গভর্নমেন্ট চিফ হুইপ একথা বলছিলেন যে, যখন এটা আনা হয়েছিল তখন যেহেতু বিধান পরিষদে কংগ্রেসের সংখ্যাগরিষ্ঠতা ছিল সেহেতু আমরা নাকি এটা এনেছিলাম, যুক্তফ্রন্ট থেকে এটা আনা হয়েছে। যদি দুটো পার্টি দুই জায়গায় কন্ট্রোলে থাকে তাহলে কি হবে ? আর যদি একই পার্টি দুই জায়গায় কন্ট্রোলে থাকে ? উনি যে বিশেষজ্ঞর উদ্ধৃতি দিয়েছেন সেটাও বলা হচ্ছে, সেই সম্পর্কে মতামত এখানে আছে—"If the same political party controls a majority in both, the check imposed by one House upon the other is rarely of much value ;–is rarely of much value–whereas if different political parties control the two chambers, the checking often becomes so persistent that deadlock ensures and progress is blocked." যেদিকে আপনি যান দুটো পার্টি করুন আর একটা পার্টি করুক "It has been found that under normal conditions most of the measures which pass one chamber are accepted by the others. Rarely under such circumstances, does one chamber reject as many as ten per cent of the Bills passed by the other." এটা কোন যুক্তিতে আপনি বলবেন এবং এই জন্যেই এই সব কথা ঠিক করেই ঠিক হয়েছিল যে, আমাদের এখানে বিধান পরিষদ থাকার কোনো দরকার নেই। আমাদের মাননীয় চিফ হুইপ বলেছেন সরকার পক্ষের যে এটা সাতটা রাজ্যে আছে সে সব তো আমরা সবাই জানি কটা রাজ্যে আছে নতুন করে কেউ করছে ?

কোথাও আছে ? এখন যা সাম্প্রতিককালে অভিজ্ঞতা এটাই যাদের ছিল, যারা করবার চেষ্টা করছিল তারাও তুলে দিচ্ছে, তামিলনাড়ু সর্বশেষ অভিজ্ঞতা। কাজে এটা নয় যে, এটা দুটো কক্ষ থাকবে কি থাকবে না এটা এই বিতর্কের বিষয় নয়। দেশে থাকতে হবে। আমাদের এই হাউসে House of Common, House of Lords' নিয়ে বিতর্ক এ ক্ষেত্রে খাটে না। ভারতে আমাদের যেটা বিতর্ক হয়েছিল সেটা ঠিকই হয়েছিল যে ১৯৪২ সালে ভারত ছাড়ো প্রস্তাব যেটা গান্ধীজির নেতৃত্বে এসেছিল কুইট ইন্ডিয়া রেজুলেশন সেখানে খুব পরিষ্কার করে বলা হয়েছে, ছোট্ট প্রস্তাব, আমি জানি না সবাই পড়েছেন কিনা। এখানে বলা হয়েছিল দেশ স্বাধীন হলে ...(নয়েজ)... দেশ স্বাধীন হলে রাজ্যগুলি স্বাধিকার পাবে। এবং সেই জন্যে রাজ্যগুলি স্বাধিকার পাবে। যেগুলো আপনারা লঙঘন করেছেন সেগুলোই বলেছি। রাজ্যগুলি স্বাধিকার পাবে। আমাদের দেশ সেই জন্য গর্বিত এই জন্যে। আমরা সবাই গর্বিত এই জন্যে যে আমাদের মতো এত বৈচিত্র্যমণ্ডিত বহু ভাষাভাষি, বহু সংস্কৃতির তার একটা ঐক্য এই বিবিধের মাঝে যে মহান মিলনের একটা ক্ষেত্র এরকম আর একটা দেশও এখন আর পৃথিবীতে নেই।

[4.30–4.40 p.m.]

তার জন্য রাজ্যসভা। আমাদের রাজ্যসভার অর্থটা ওই হাউস অফ লর্ডস আর হাউস অফ কমন'সের বিতর্কে, ১৯১১ সালের বিতর্কের সঙ্গে আমাদের যে সংবিধান সভার বিতর্ক এবং আলোচনা বা সিদ্ধান্ত এর সঙ্গে গুলিয়ে ফেলা উচিত নয়। ওটা একটা আলাদা ব্যাপার। কিন্তু রাজ্যগুলিতে থাকবে কি থাকবে না, এই বিতর্কে তখনই সেইসব বিষয়ে নিষ্পত্তি হয়েছে এবং তারপরে সর্বশেষ বক্তৃতায় সিদ্ধার্থবাবু বলেছিলেন "আমরা এই প্রস্তাব সমর্থন করি"। তার কারণ ইউনানিমাসলি খালি বললেই হবে না। রেকর্ড নিতে হবে যে ১৬৬ জনের বেশি সমর্থন করছি। ১৬৬ জনই হোক, আর দুই-তৃতীয়াংশ মেজোরিটির উপর আমরা সমর্থন করছি, সেটা দেখাতে হবে। সেটা আমরা দেব এটা আমরা চাই। আপনি প্রসিডিংসে দেখবেন যে ১৬৬ জনের সমর্থন দরকার ছিল কিন্তু ভোট দিয়েছিলেন ২২২ জন। মানে যত জন সদস্য উপস্থিত ছিলেন দলমত নির্বিশেষে সবাই ভোট দিয়েছিলেন। আইজের পক্ষে ছিল ২২২ জন, আর নোজ-এর পক্ষে নিল। এটা হচ্ছে যা তখনকার অভিজ্ঞতা। এখানেই মাননীয় সদস্যরা বলেছেন এটাকে ....

(ভয়েজ : দেখুন তো, আমার নাম আছে কিনা ?)

আপনার নাম আছে এখানে। যারা আইজ ভোট দিয়েছেন এখানে নাম আছে আপনার। আরও কার কার নাম আছে আমি পড়ে দিতে পারি। দীর্ঘ তালিকা আমি পড়ে দিতে পারি। ২২২ জনের মধ্যে আপনার নাম আছে, কাশীবাবুর নাম আছে। আপনি তো ছিলেন। যাই হোক, আরও অনেকের নাম আছে এবং যেটা বলছেন এখানে অনেক গুণীজন তাঁরা বিধান পরিষদে ছিলেন অনেকের নাম এখানে বলা হয়েছে। আমি এখানে পড়তে পারি যারা আইজের পক্ষে ভোট দিয়েছিল সেইসব গুণীজনদের নাম। এই ২২২ জনের মধ্যে আছে। ২২২ জন থেকে খুঁজে খুঁজে এই তালিকা পড়া, এটার কোনো প্রয়োজন আছে বলে আমি মনে

